২৮. **'বাঙ্গলা ভাষার ইতিবৃত্ত' গ্রন্থটি কার রচনা? / 'বাংলা ভাষার ইতিবৃত্ত' গ্রন্থটি কে রচনা করেন?** [২৪তম বিসিএস]
ক. সুনীতিকুমার চট্টোপাধ্যায় খ. সুকুমার সেন গ. ড. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. মুহম্মদ এনামুল হক **উত্তর: গ**

২৯. **ড. মুহম্মদ শহীদুল্লাহ রচিত গ্রন্থ -** [ডাক বিভাগের পরিদর্শক: ১৬]
ক. বাংলা ভাষার ইতিহাস খ. বাঙ্গালা ভাষার পুরাবৃত্ত গ. বাংলা ভাষার ইতিবৃত্ত ঘ. বাঙ্গালা ভাষার কথা **উত্তর: গ**

৩০. **'ভাষার ইতিবৃত্ত' বইটি রচনা করেন?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১৯]
ক. রাজা রামমোহন রায় খ. মুরারীমোহন সেন গ. সুকুমার সেন ঘ. নরেন বিশ্বাস **উত্তর: গ**

৩১. **'বাংলা ভাষার পরিচয়' গ্রন্থের লেখক কে?** [জনতা ব্যাংকের অফিসার: ১৯]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. ড. মুহম্মদ শহীদুল্লাহ গ. সুকুমার সেন ঘ. ড. এনামুল হক **উত্তর: ক**

৩২. **মুহম্মদ আবদুল হাই রচিত ধ্বনিবিজ্ঞান বিষয়ক গ্রন্থের নাম কী?** [৩৭তম বিসিএস]
ক. বাংলা ধ্বনি বিজ্ঞান খ. আধুনিক বাংলা ধ্বনিবিজ্ঞান গ. ধ্বনিবিজ্ঞানের কথা ঘ. ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব **উত্তর: ঘ**

৩৩. **'The Origin and Development of Bengali Language (ODBL)' রচনা করেছেন -** [৩৩তম বিসিএস]
ক. মুহাম্মদ শহীদুল্লাহ খ. জর্জ গ্রিয়ারসন গ. হরপ্রসাদ শাস্ত্রী ঘ. সুনীতি কুমার চট্টোপাধ্যায় **উত্তর: ঘ**

৩৪. **'বাংলা ভাষার উদ্ভব ও বিকাশ' গ্রন্থের রচয়িতার নাম -** [১২তম প্রভাষক নিবন্ধন]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর গ. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. সুনীতিকুমার চট্টোপাধ্যায় **উত্তর: ঘ**

৩৫. **'ভাষা প্রকাশ বাঙালা ব্যাকরণ' গ্রন্থের রচয়িতা কে?** [২২তম বিসিএস]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর গ. মুহম্মদ শহীদুল্লাহ ঘ. সুনীতিকুমার চট্টোপাধ্যায় **উত্তর: ঘ**

৩৬. **'ব্যাকরণ মঞ্জুরী' কার রচনা?** [দুদকের সহকারী পরিচালক: ২০]
ক. ড. মুহম্মদ শহীদুল্লাহ খ. ড. মুহাম্মদ এনামুল হক গ. মুহম্মদ আব্দুল হাই ঘ. ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় **উত্তর: খ**

৩৭. **ড. মুহাম্মদ এনামুল হক রচিত ব্যাকরণের নাম কী?** [ডেসকোর সাব-স্টেশন অ্যাটেন্ডেন্ট: ১৯]
ক. ব্যাকরণ মঞ্জরী খ. আধুনিক বাংলা ব্যাকরণ গ. সহজ বাংলা ব্যাকরণ ঘ. ভাষা প্রকাশ বাংলা ব্যাকরণ **উত্তর: ক**

৩৮. **'কত নদী সরোবর' বা 'বাঙলা ভাষার জীবনী' কার লেখা?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. জ্যোতিভূষণ চাকী খ. ড. হায়াৎ মামুদ গ. ড. হুমায়ুন আজাদ ঘ. আবুল কালাম মনজুর মোর্শেদ **উত্তর: গ**

৩৯. **'বঙ্গীয় শব্দকোষ' এর প্রণেতা** - [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. জ্ঞানেন্দ্রমোহন দাস খ. মুহম্মদ এনামুল হক গ. হরিচরণ বন্দ্যোপাধ্যায় ঘ. মুহম্মদ শহীদুল্লাহ **উত্তর: গ**

ব্যাকরণ ও এর আলোচ্য বিষয়

০১. **ব্যাকরণ শব্দের ব্যুৎপত্তি কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. বি+আ+√কৃ+অন খ. ব্য+আ+কৃ+√অন গ. বৃ+কৃ+অন ঘ. ব্যা+ক+রন **উত্তর: ক**

০২. **'ব্যাকরণ' শব্দের সঠিক অর্থ কী? / 'ব্যাকরণ' শব্দের বুৎপত্তিগত অর্থ কী?** [৪৪তম বিসিএস]
ক. বিশেষভাবে বিশ্লেষণ খ. বিশেষভাবে বিভাজন গ. বিশেষভাবে সংযোজন ঘ. বিশেষভাবে বিয়োজন **উত্তর: ক**

০৩. **ব্যাকরণ চর্চার আদিভূমি কোনটি?** [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের হিসাবরক্ষক: ১০
ক. রোম খ. গ্রিস গ. ভারত ঘ. বাংলাদেশ **উত্তর: খ**

০৪. **বাংলা ব্যাকরণ কত বছরের পুরাতন?** [পিকেবি'র সিনিয়র অফিসার: ১৯]
ক. ১৫০ খ. ২৫০ গ. ৩০০ ঘ. ৩৫০ **উত্তর: খ**

০৫. **ভাষার অভ্যন্তরীণ নিয়ম শৃঙ্খলার আবিষ্কারের নামই** - [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. সন্ধি খ. সমাস গ. উক্তি ঘ. ব্যাকরণ **উত্তর: ঘ**

০৬. **'যে শাস্ত্র জানিলে বাঙ্গালা ভাষা শুদ্ধরূপে লিখিতে, পড়িতে ও বলিতে পারা যায়, তাহার নাম বাঙ্গালা ব্যাকরণ' এই সংজ্ঞাটি কার?** [যোগাযোগ মন্ত্রনালয়ের প্রশাসনিক কর্মকতা: ০৬]
ক. সুনীতিকুমার চট্টোপাধ্যায় খ. ড. মুহম্মদ শহীদুল্লাহ গ. ড. এনামুল হক ঘ. ড. সুকুমার সেন **উত্তর: খ**

০৭. **ব্যাকরণের কাজ কী?** [সমাসেবা অধিদপ্তরে সমাজসেবা অফিসার: ০৮]
ক. শুদ্ধ লিখন শিখানো খ. পণ্ডিত ব্যক্তি তৈরি করা
গ. ভালো বক্তা তৈরি করা ঘ. ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা আবিষ্কার করা **উত্তর: ঘ**

০৮. **ব্যাকরণের প্রধান কাজ হচ্ছে** - [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. ভাষার নিয়ম প্রতিষ্ঠা খ. ভাষার শৃঙ্খলা গ. ভাষার বিশ্লেষণ ঘ. ভাষার উন্নতি **উত্তর: গ**

০৯. **ব্যাকরণ ও ভাষার মধ্যে কোনটি আগে সৃষ্টি হয়েছে?** [১০ম শিক্ষক নিবন্ধন]
ক. ব্যাকরণ খ. ভাষা গ. ব্যাকরণ ও ভাষা ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

১০. **কোনটি ঠিক?** [পেট্রোবাংলার সহকারী ব্যবস্থাপক: ১১]
ক. ব্যাকরণ ভাষার অনুগামী খ. ভাষা ব্যাকরণের অনুগামী গ. ব্যাকরণ শিক্ষার অনুগামী ঘ. ব্যাকরণ শব্দযন্ত্রের অনুগামী **উত্তর: ক**

১১. **ব্যাকরণ ভাষাকে কী নির্দেশ করে?** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ক. ভাষাকে চলিতে খ. ভাষাকে শাসন করে গ. ভাষাকে বলিতে ঘ. ভাষাকে বর্ণনা করে **উত্তর: ঘ**

১২. **ব্যাকরণের মূল উদ্দেশ্য হলো** - [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৬]
ক. ভাষাবোধ সৃষ্টি করা খ. ভাষাকে জানা ও বুঝা গ. ভাষার মাধুর্য তুলে ধরা ঘ. ভাষার ইতিহাস বর্ণনা করা **উত্তর: ঘ**

১৩. **ব্যাকরণের মূল ভিত্তি কী?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৮]
ক. ধ্বনি খ. ভাষা গ. ভাব ঘ. বাক্য **উত্তর: খ**

১৪. **সাহিত্যের রস আস্বাদনে সহায়ক ভূমিকা পালন করে কোনটি?** [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের হিসাবরক্ষক: ১০]
ক. ছন্দ খ. অলঙ্কার গ. ছন্দ-অলঙ্কার ঘ. ব্যাকরণ **উত্তর: ঘ**

১৫. **দার্শনিক বিচারমূলক ব্যাকরণকে ব্যাকরণের একটি শ্রেণি বলে মনে করেন** - [এনএসআই'র জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]
ক. ড. মুহম্মদ এনামুল হক খ. ড. মুহম্মদ শহীদুল্লাহ গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. সুনীতিকুমার চট্টোপাধ্যায় **উত্তর: ঘ**

১৬. **সব ভাষার ব্যাকরণে কয়টি মৌলিক অংশ থাকে? / বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয় কয়টি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ২৩]
ক. ৪টি খ. ৫টি গ. ৬টি ঘ. ১০টি **উত্তর: ক**
ব্যাখ্যা: বাংলা ব্যাকরণ তথা সব ভাষার ব্যাকরণের মৌলিক অংশ বা মূল আলোচ্য বিষয় ৪ টি। যথা- ধ্বনিতত্ত্ব, শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব ও অর্থতত্ত্ব। তবে মূল আলোচ্য বিষয় ছাড়াও ব্যাকরণের উচ্চপর্যায়ে ছন্দ ও অলঙ্কারতত্ত্ব, অভিধানতত্ত্ব আলোচিত হয়।

১৭. **বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয়** - [বিএসসি'র সিনিয়র অফিসার: ২৩]
ক. ধ্বনি খ. শব্দ গ. বাক্য ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

১৮. **কোনটি বাংলা ব্যাকরণের শাখা নয়? / কোনটি বাংলা ব্যাকরণের আলোচ্য বিষয় নয়?** [পিকেবি'র সিনিয়র অফিসার: ১৯]
ক. রূপতত্ত্ব খ. ধ্বনিতত্ত্ব গ. ভাষাতত্ত্ব ঘ. বাক্যতত্ত্ব **উত্তর: গ**

১৯. **'সন্ধি' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?** [বিএসসি'র অফিসার: ২৩]
ক. রূপতত্ত্ব খ. ধ্বনিতত্ত্ব গ. পদক্রম ঘ. বাক্য প্রকরণ **উত্তর: খ**

ব্যাখ্যা: ধ্বনিতত্ত্বে বাগযন্ত্র, বাগযন্ত্রের উচ্চারণ প্রক্রিয়া, ধ্বনি, ধ্বনি বিন্যাস, ধ্বনি পরিবর্তন, বর্ণ প্রকরণ, বর্ণ বিন্যাস, বর্ণমালা, যুক্তবর্ণ, লিপি, অক্ষর, ণ-ত্ব ও ষ-ত্ব বিধান, সন্ধি, বানান, বানানের নিয়ম ইত্যাদি আলোচিত হয়।

২০. **'ণ-ত্ব ও ষ-ত্ব বিধান' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?** [সোনালী ব্যাংকের অফিসার: ১৯]

ক. বাক্যতত্ত্ব খ. ধ্বনিতত্ত্ব গ. অভিধানতত্ত্ব ঘ. রূপতত্ত্ব **উত্তর: খ**

২১. **কোনটি ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয় নয়?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ২৩]

ক. উপসর্গ খ. সন্ধি গ. ধ্বনি পরিবর্তন ঘ. ণ-ত্ব ও ষ-ত্ব বিধান **উত্তর: ক**

২২. **শব্দতত্ত্বের অপর নাম কী?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]

ক. রূপতত্ত্ব খ. ধ্বনিতত্ত্ব গ. পদক্রম ঘ. বাক্যতত্ত্ব **উত্তর: ক**

ব্যাখ্যা: শব্দতত্ত্বে শব্দ, শব্দভান্ডার, শব্দের শ্রেণিবিভাগ, শব্দের রূপ পরিবর্তন, শব্দ প্রকরণ, সংখ্যাবাচক শব্দ, দ্বিরুক্ত শব্দ, লিঙ্গ বা পুরষ ও স্ত্রীবাচক শব্দ, উপসর্গ, অনুসর্গ, বচন, পুরুষ, সমাস, পদাশ্রিত নির্দেশক, পদ প্রকরণ, ক্রিয়ামুল, ক্রিয়ার কাল ও ভাব, ধাতু, ধাতুর গণ, ধাতুর রূপ, প্রকৃতি ও প্রত্যয় ইত্যাদি আলোচিত হয়।

২৩. **শব্দের রূপ পরিবর্তন --- আলোচ্য বিষয়।** [বিকেবি'র অফিসার: ১৭]

ক. রূপতত্ত্বের খ. ধ্বনিতত্ত্বের গ. বাক্যতত্ত্বের ঘ. ছন্দতত্ত্বের **উত্তর: ক**

২৪. **'শব্দ' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়? / 'শব্দ প্রকরণ' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]

ক. রূপতত্ত্বে খ. ধ্বনিতত্ত্বে গ. বাক্যতত্ত্বে ঘ. ছন্দতত্ত্বে **উত্তর: ক**

২৫. **'ধাতুরূপ' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]

ক. রূপতত্ত্বে খ. ধ্বনিতত্ত্বে গ. বাক্যতত্ত্বে ঘ. ছন্দতত্ত্বে **উত্তর: ক**

২৬. **'প্রকৃতি ও প্রত্যয়' বাংলা ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী পরিচালক: ২০]

ক. বাক্যতত্ত্ব খ. রূপতত্ত্ব গ. অর্থতত্ত্ব ঘ. ধ্বনিতত্ত্ব **উত্তর: খ**

২৭. **'সমাস', 'উপসর্গ', 'অনুসর্গ', 'বচন' ও 'লিঙ্গ' ইত্যাদি আলোচিত হয়** - [মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী: ২১]

ক. বাক্যতত্ত্বে খ. রূপতত্ত্বে গ. অর্থতত্ত্বে ঘ. ধ্বনিতত্ত্বে **উত্তর: খ**

২৮. **ধ্বনিতত্ত্ব ও শব্দতত্ত্বকে বাক্যে যথাযথভাবে ব্যবহার করার বিধানের নামই** - [৪১তম বিসিএস]

ক. রসতত্ত্ব খ. রূপতত্ত্ব গ. বাক্যতত্ত্ব ঘ. ক্রিয়ার কাল **উত্তর: গ**

ব্যাখ্যা: বাক্যতত্ত্বে বাক্য, বাক্য প্রকরণ, বাক্যের যোগ্যতা, বাক্য রূপান্তর, পদক্রম, বাচ্য, উক্তি, বাংলা অনুজ্ঞা, বাক্য সংকোচন বা এক কথায় প্রকাশ, যতি চিহ্ন বা ছেদ চিহ্ন বা বিরাম চিহ্ন, পদ পরিবর্তন, কারক ইত্যাদি আলোচিত হয়।

২৯. **বাক্যতত্ত্বের অপর নাম কী?** [মিলিটারী ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১৮]

ক. ভাষা খ. প্রাতিপদিক গ. পদক্রম ঘ. সাধিত শব্দ **উত্তর: গ**

৩০. **ব্যাকরণের কোন অংশে 'কারক' সম্বন্ধে আলোচনা করা হয়? / 'এক কথায় প্রকাশ', 'বিরাম চিহ্ন', 'প্রবাদ প্রবচন', 'বাক্য' ও 'পদ পরিবর্তন' ইত্যাদি কোন অংশে আলোচিত হয়?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]

ক. ধ্বনিতত্ত্ব খ. অর্থতত্ত্ব গ. শব্দতত্ত্ব ঘ. বাক্যতত্ত্ব **উত্তর: ঘ**

৩১. **ব্যাকরণের যে অংশে শব্দ, বর্গ ও বাক্যের অর্থ নিয়ে আলোচনা করা হয় সেই অংশের নাম কী?** [ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]

ক. ধ্বনিতত্ত্ব খ. রূপতত্ত্ব গ. অর্থতত্ত্ব ঘ. বাক্যতত্ত্ব **উত্তর: গ**

৩২. **ব্যাকরণের উচ্চতর পর্যায়ে আলোচিত হয় কোনটি?** [সিএজি কার্যালয়ের অডিটর: ১১]

ক. বাক্যতত্ত্ব খ. রূপতত্ত্ব গ. অর্থতত্ত্ব ঘ. ধ্বনিতত্ত্ব **উত্তর: গ**

ব্যাখ্যা: অর্থতত্ত্বে শব্দার্থ, শব্দজোড়, সমার্থক শব্দ বা প্রতিশব্দ, বিপরীত শব্দ বা বিপরীতার্থক শব্দ, প্রায় সমোচ্চারিত শব্দ, ভিন্নার্থক শব্দ, পারিভাষিক শব্দ, বাগধারা বা বাগর্থ, মুখ্যার্থ, গৌণার্থ, লক্ষ্যার্থ, বাচ্যার্থ ইত্যাদি আলোচিত হয়।

৩৩. **'বাগধারা' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?** [এনএসআই'র কম্পিউটার অপারেটর: ২১]

ক. ধ্বনিতত্ত্ব খ. রূপতত্ত্ব গ. বাক্যতত্ত্ব ঘ. অর্থতত্ত্ব **উত্তর: ঘ**

৩৪. **'সমার্থক শব্দ বা প্রতিশব্দ', 'বিপরীত শব্দ', 'পারিভাষিক শব্দ', 'শব্দার্থ' আলোচিত হয়** - [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]

ক. বাক্যতত্ত্বে খ. রূপতত্ত্বে গ. অর্থতত্ত্বে ঘ. ধ্বনিতত্ত্বে **উত্তর: গ**

ধ্বনি ও বর্ণ

০১. **মানুষের মুখের ভাষা কিসের সাহায্যে সৃষ্টি হয়?** [১৪তম শিক্ষক নিবন্ধন]

ক. ইঙ্গিতের সাহায্যে খ. ঠোঁটের সাহায্যে গ. কণ্ঠের সাহায্যে ঘ. বাগযন্ত্রের সাহায্যে **উত্তর: ঘ**

০২. **ধ্বনি উচ্চারণে মানব শরীরের যেসব প্রত্যঙ্গ জড়িত সেগুলোকে একত্রে কী বলে? / গলনালি, মুখবিবর, কণ্ঠ, জিহ্বা, তালু, দাঁত, নাক ইত্যাদি বাক প্রত্যঙ্গকে এককথায় বলে - / মানুষের দেশের যে সব অঙ্গ-প্রত্যঙ্গ ধ্বনি তৈরিতে সহায়তা করে তাকে বলে** - [৪২তম বিসিএস]

ক. শ্বাসনালী খ. গলনালি গ. বাগযন্ত্র / বাক প্রত্যঙ্গ ঘ. স্বরযন্ত্র **উত্তর: গ**

ব্যাখ্যা: বাগযন্ত্রগুলো হলো মুখ, মুখ গহবর, নাক, নাসারন্ধ্র, নাসিকা গহবর, দাঁত, দন্তমূল, জিহবা, অধিজিহবা, তালু, ওষ্ঠ, ঠোঁট, স্বরতন্ত্র, স্বরযন্ত্র, ফুসফুল, শ্বাসনালী, খাদ্যনালী, গলনালী, চোয়াল, চিবুক, মধ্যচ্ছদা ইত্যাদি।

০৩. **বাগযন্ত্রের অংশ কোনটি? / কোনটি বাগযন্ত্রের অংশ?** [৪৩তম বিসিএস]

ক. স্বরযন্ত্র খ. ফুসফুস গ. দাঁত ঘ. উপরের সবকটি **উত্তর: ঘ**

০৪. **বাগযন্ত্রের মধ্যে সবচেয়ে সচল অঙ্গ কোনটি?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০১]
ক. দাঁত খ. মূর্ধা গ. দন্তমূল ঘ. জিভ **উত্তর: ঘ**

০৫. **বাগযন্ত্রের অংশ নয় কোনটি?** [১২তম প্রভাষক নিবন্ধন]
ক. দাঁত খ. তালু গ. কান ঘ. নাক **উত্তর: গ**

০৬. **ধ্বনি প্রত্যঙ্গ নয় - / কোনটি বাগযন্ত্রের অংশ নয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. মুখ খ. ঠোঁট গ. দাঁত ঘ. চোখ **উত্তর: ঘ**

০৭. **ধ্বনিতত্ত্বভেদে কোন শব্দটি অন্যগুলো থেকে আলাদা?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার: ১৭]
ক. জিহ্বা খ. ঠোঁট গ. হাত ঘ. তালু **উত্তর: গ**

০৮. **ধ্বনি হলো -** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. অর্থবোধক শব্দসমষ্টি খ. ভাষার লিখিত রূপ গ. দুইটি শব্দের মিলন ঘ. ভাষার ক্ষুদ্রতম অংশ **উত্তর: ঘ**

০৯. **মূলত শ্বাস ত্যাগের মাধ্যমে --- উৎপন্ন হয়।** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. বাক্য খ. ধ্বনি গ. শব্দ ঘ. বর্ণ **উত্তর: খ**

১০. **ধ্বনি সম্পর্কে নিচের কোন বাক্যটি সঠিক নয়?** [৪৫তম বিসিএস]
ক. ধ্বনি দৃশ্যমান খ. মানুষের ভাষার মূলে আছে কতকগুলো ধ্বনি
গ. ধ্বনি উচ্চারণীয় ও শ্রবণীয় ঘ. অর্থবোধক ধ্বনিগুলোই মানুষের বিভিন্ন ভাষার বাগধ্বনি **উত্তর: ক**

১১. **একটি ধ্বনিতে কয়টি প্রতীক ব্যবহৃত হয়?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. দুইটি খ. একটি গ. চারটি ঘ. পাঁচটি **উত্তর: খ**

১২. **ধ্বনি নির্দেশক চিহ্নকে কী বলা হয়? / ধ্বনির প্রতীক বা সংকেত কোনটি? / ধ্বনির লিখিত রূপ কিংবা সাংকেতিক চিহ্নকে কী বলা হয়?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. শব্দ খ. বর্ণ গ. ধ্বনি ঘ. চিহ্ন **উত্তর: খ**

১৩. **বর্ণ হচ্ছে - / বর্ণ কিসের প্রতীক?** [১০ম বিসিএস]
ক. শব্দের ক্ষুদ্রতম অংশ খ. ধ্বনির বাহ্য রূপ গ. ধ্বনি নির্দেশক প্রতীক ঘ. একসঙ্গে উচ্চারিত ধ্বনিগুচ্ছ **উত্তর: গ**

১৪. **'ধ্বনি দিয়ে আঁট বাধা শব্দই ভাষার ইট' এই 'ইট' কে বাংলা ভাষায় কী বলে?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৪]
ক. বর্ণ খ. কথা গ. বাক্য ঘ. ব্যাকরণ **উত্তর: খ**
ব্যাখ্যা: রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর বাংলা ভাষা পরিচয় গ্রন্থে ভাষার কাঠামোকে কোঠাবাড়ির সাথে তুলনা করেছেন। তিনি বলেছেন, কোঠাবাড়ির প্রধান মসলা ইঁট, তারপর চুন-সুরকির নানা বাঁধন। ধ্বনি দিয়ে আঁট বাঁধা শব্দই ভাষার ইঁট, বাংলায় তাকে বলি কথা।

১৫. **বাংলা ভাষায় ব্যবহৃত ধ্বনির সংখ্যা কয়টি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২১]
ক. ৩৭ খ. ৩৯ গ. ৪২ ঘ. ৪৩ **উত্তর: ক**
ব্যাখ্যা: ধ্বনি ২ প্রকার। যথা- স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনি। বাংলা একাডেমি প্রকাশিত প্রমিত বাংলা ভাষার ব্যাকরণে ৩০ টি ব্যঞ্জন ধ্বনির কথা বলা হয়েছে। আর স্বরধ্বনির ক্ষেত্রে ৭ টি মৌলিক স্বরধ্বনিকেই (অ, আ, ই, উ, এ, অ্যা, ও) মূল স্বরধ্বনি বলে উল্লেখ করা হয়েছে। সুতরাং বাংলা ভাষায় ব্যবহৃত ধ্বনির সংখ্যা ৩৭ টি। কিন্তু অপশনে যদি ৩৭ টি না থাকে তাহলে ৪১ টি উত্তর করবেন। কারণ যেহেতু প্রমিত বাংলা ভাষার ব্যাকরণে মূল স্বরধ্বনির সংখ্যা সরাসরি উল্লেখ করা নেই, তাই অনেকেই ১১ টি স্বরবর্ণকেই ১১ টি ধ্বনি হিসেবে গ্রহণ করেন। সুতরাং বাংলা ভাষায় ব্যবহৃত ধ্বনির সংখ্যা ৪১ টি।

১৬. **বাংলা ভাষায় ব্যবহৃত ধ্বনির সংখ্যা কয়টি?** [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৪]
ক. ৪১ খ. ৩৯ গ. ৪৩ ঘ. ৪২ **উত্তর: ক**

১৭. **বাংলা ভাষায় ব্যবহৃত ধ্বনি কত প্রকার? / বাংলা ভাষার মৌলিক ধ্বনিগুলো কত প্রকার?** [সমবায় অধিদপ্তরের সহকারী ফিল্ড অপারেটর: ২৩]
ক. ২ প্রকার খ. ৩ প্রকার গ. ৪ প্রকার ঘ. ৫ প্রকার **উত্তর: ক**

১৮. **বাংলা স্বরধ্বনি কয়টি? / উচ্চারণ স্থান অনুযায়ী বাংলা শুদ্ধ স্বরধ্বনির সংখ্যা কতটি?** [২৯তম বিসিএস]
ক. ৫ টি খ. ৯ টি গ. ১০ টি ঘ. ৭ টি **উত্তর: ঘ**

১৯. **বাংলা ভাষার মৌলিক স্বরধ্বনি সংখ্যা কত? / বাংলা স্বরবর্ণে স্বরধ্বনি মূল কতটি?** [৩৮তম বিসিএস]
ক. ৪ খ. ৫ গ. ৬ ঘ. ৭ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: গঠন অনুসারে স্বরধ্বনিগুলো দুই ভাগে বিভক্ত। যথা- মৌলিক স্বরধ্বনি ও যৌগিক স্বরধ্বনি। মৌলিক স্বরধ্বনি ৭ টি। যথা- অ, আ, ই, উ, এ, অ্যা, ও। মৌলিক স্বরধ্বনিগুলোর মধ্যে লিখিত মৌলিক স্বরধ্বনি ৬ টি (অ, আ, ই, উ, এ, ও) এবং অলিখিত মৌলিক স্বরধ্বনি ১ টি (অ্যা)। যৌগিক স্বরধ্বনির অপর নাম দ্বিস্বর, যুগ্মস্বর, যৌগিক স্বর, সন্ধিস্বর, সান্ধ্যক্ষর। যৌগিক স্বরধ্বনির সংখ্যা ২৫ টি। ২৫ টি যৌগিক স্বরধ্বনির মধ্যে অলিখিত যৌগিক স্বরধ্বনি ২৩ টি (অয়, অও, আই, আউ, আয়, আও, ইই, ইউ, ইয়ে, ইও, উয়া, উই, উউ, এয়া, এই, এউ, এয়, এও, ওয়, ওও, অ্যায়, অ্যাও, অ্যাই) এবং লিখিত যৌগিক স্বরধ্বনি ২ টি (ঐ [অই বা ওই], ঔ [ওউ])। দুইটি যৌগিক স্বরধ্বনির লিখিত রূপ আছে বিধায় এই দুইটি যৌগিক স্বরধ্বনি (ঐ, ঔ) যৌগিক স্বরজ্ঞাপক বর্ণ বা যৌগিক স্বরবর্ণ নামে পরিচিত।

২০. **কোনটি মৌলিক স্বরধ্বনি?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]
ক. ঔ খ. ঈ গ. ঐ ঘ. ই **উত্তর: ঘ**

২১. **ধ্বনিবিদ মুহাম্মদ আবদুল হাই বাংলা মূল স্বরধ্বনির তালিকায় যে নতুন মূলধ্বনিটি প্রতিষ্ঠা করেছেন সেটি -** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৩]
ক. অ্যা ধ্বনি খ. ই ধ্বনি গ. য় ধ্বনি ঘ. উ ধ্বনি **উত্তর: ক**

২২. **কোনটি মূল ধ্বনি নয়?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৬]
ক. উ খ. অ গ. এ ঘ. ঔ **উত্তর: ঘ**

২৩. **কোন দুইটি মূল স্বরধ্বনি নয়?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. ঐ, অ খ. আ, ঔ গ. ই, ঔ ঘ. ঐ, ঔ **উত্তর: ঘ**

২৪. **পাশাপাশি দুইটি স্বরধ্বনি একাক্ষর হিসেবে উচ্চারিত হলে তাকে কী বলে? / একই সঙ্গে উচ্চারিত দুইটি মিলিত স্বরধ্বনিকে কী বলে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. মৌলিক স্বরধ্বনি খ. সমধ্বনি গ. মূলধ্বনি ঘ. যৌগিক স্বরধ্বনি **উত্তর: ঘ**

২৫. **বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনির সংখ্যা কয়টি?** [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. ১১ খ. ২৫ গ. ৪০ ঘ. ৫০ **উত্তর: খ**

২৬. **নিচের কোনটি দ্বিস্বর ধ্বনি?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০১]
ক. আয় খ. আম গ. ঝুপ ঘ. লিলি **উত্তর: ক**

২৭. **বাংলা বর্ণমালায় স্বরবর্ণের লিখিত রূপ কয়টি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৫ **উত্তর: ক**

২৮. **বাংলা বর্ণমালায় লিখিত যৌগিক স্বরধ্বনি কয়টি? / বাংলা বর্ণমালায় যৌগিক স্বরবর্ণ কয়টি?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০১]
ক. ২ টি খ. ৩ টি গ. ৪ টি ঘ. ৬ টি **উত্তর: ক**

২৯. **নিচের কোনটি যৌগিক স্বরধ্বনি? / কোনটি যুগ্ম স্বরধ্বনি?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৯]
ক. অ খ. আ গ. ঐ ঘ. ঈ **উত্তর: গ**

৩০. **কোন দুইটি স্বরের মিলিত ধ্বনিতে 'ঐ' ধ্বনির সৃষ্টি হয়?** [বেবিচকের এরোড্রাম কর্মকর্তা: ২৩]
ক. অ এবং ই খ. এ এবং ই গ. অ এবং ঈ ঘ. উ এবং ই **উত্তর: ক**

৩১. **নিচের কোনটি যৌগিক স্বরধ্বনির চিহ্ন? / কোনটি মূল স্বরধ্বনি নয়?** [৩৭তম বিসিএস]
ক. উ খ. ঊ গ. আ ঘ. ঔ **উত্তর: ঘ**

৩২. **কোন দুইটি স্বরের মিলিত ধ্বনিতে 'ঔ' ধ্বনির সৃষ্টি হয়? / 'ঔ' বর্ণের উচ্চারণ কোনটি?** [গ্রন্থাগার অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. ও + ই খ. ও + উ গ. এ + ই ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৩৩. **নিচের কোনটি যৌগিক স্বরধ্বনি? / কোনটি দ্বিসর বা যৌগিক স্বরধ্বনি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিপাই: ২১]
ক. অ, আ খ. আ, ই গ. ঐ, ঔ ঘ. ই, ঈ **উত্তর: গ**

৩৪ **বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজাপক বর্ণ দুইটি কী কী?** [এলজিইডি'র অফিস সহায়ক: ২৩]
ক. ই এবং উ খ. অ এবং এ গ. ঐ এবং ঔ ঘ. আ এবং ও **উত্তর: গ**

৩৫. **বাংলা ভাষায় কয়টি অর্ধস্বরধ্বনি রয়েছে?** [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ১৬]
ক. ৪টি খ. ৫টি গ. ৬টি ঘ. ৭টি **উত্তর: ক**
ব্যাখ্যা: যেসব স্বরধ্বনি স্পষ্টভাবে পুরোপুরি উচ্চারিত হয় না তাকে অর্ধস্বর বা অর্ধস্বরধ্বনি বলে। বাংলা ভাষায় অর্ধস্বর বা অর্ধস্বরধ্বনির সংখ্যা ৪ টি। যথা- ই, উ, এ, ও।

৩৬. **মই কথাটির 'ই' কে কী বলে? / বই শব্দটির 'ই' কে কী বলে? / চাই শব্দটির 'ই' কে কী বলে? / লাউ শব্দটির 'উ' কে কী বলে?** [এলজিইডি'র সহকারী প্রকৌশলী: ০২]
ক. হ্রস্বস্বর খ. অর্ধস্বর গ. দ্বিস্বর ঘ. ভগ্নস্বর **উত্তর: খ**

৩৭. **বাংলা স্বরধ্বনিতে কয়টি হ্রস্বস্বর আছে?** [স্বাস্থ্য অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. ৪টি খ. ৫টি গ. ৬টি ঘ. ৭টি **উত্তর: ক**
ব্যাখ্যা: উচ্চারণ অনুসারে ১১ টি স্বরধ্বনি দুই ভাগে বিভক্ত। যথা- হ্রস্বস্বর ও দীর্ঘস্বর। হ্রস্বস্বর ৪ টি। যথা- অ, ই, উ, ঋ। দীর্ঘস্বর ৭ টি। যথা- আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ।

৩৮. **বাংলা স্বরধ্বনিতে মোট কয়টি দীর্ঘস্বর আছে?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. ৭টি খ. ৯টি গ. ৬টি ঘ. ৫টি **উত্তর: ক**

৩৯. **জিভের সামনের অংশের সাহায্যে উচ্চারিত স্বরধ্বনিগুলোকে কী বলে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. নিম্ন-স্বরধ্বনি খ. অগ্র-স্বরধ্বনি গ. জিভ-স্বরধ্বনি ঘ. সম্মুখ-স্বরধ্বনি **উত্তর: ঘ**
ব্যাখ্যা: উচ্চারণের সময় জিভের উচ্চতা, জিভের অবস্থান ও ঠোঁটের উন্মুক্তি অনুসারে স্বরধ্বনিকে নিম্নরূপে বিভক্ত।

জিভের উচ্চতা	জিভের অবস্থান			ঠোঁটের উন্মুক্তি
	সম্মুখ স্বরধ্বনি	মধ্য স্বরধ্বনি	পশ্চাৎ স্বরধ্বনি	
উচ্চ স্বরধ্বনি	ই	-	উ	সংবৃত স্বরধ্বনি
উচ্চ-মধ্য স্বরধ্বনি	এ	-	ও	অর্ধ-সংবৃত স্বরধ্বনি
নিম্ন-মধ্য স্বরধ্বনি	অ্যা	-	অ	অর্ধ-বিবৃত স্বরধ্বনি
নিম্ন স্বরধ্বনি	-	আ	-	বিবৃত স্বরধ্বনি

৪০. **নিচের কোনটি উচ্চ সম্মুখ স্বরধ্বনি?** [পেট্রোবাংলার উচ্চমান সহকারী: ১৭]
ক. এ খ. আ গ. ই ঘ. উ **উত্তর: গ**

৪১. **উচ্চারণের রীতি অনুযায়ী নিচের কোনটি উচ্চ-মধ্য সম্মুখ স্বরধ্বনি?** [৪৫তম বিসিএস]
ক. এ খ. আ গ. ও ঘ. অ **উত্তর: ক**

৪২. **উচ্চারণের সময় মুখবিবর উন্মুক্ত থাকে বলে 'আ' কে কী ধ্বনি বলে?** [দুদকের সহকারী পরিচালক: ১৩]
ক. হ্রস্বধ্বনি খ. বিবৃত স্বরধ্বনি গ. সম্মুখ স্বরধ্বনি ঘ. পশ্চাৎ স্বরধ্বনি **উত্তর: খ**

৪৩. **পরবর্তী স্বর সংবৃত হলে আদি 'অ' কী হয়?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ০৫]
ক. বিকৃত খ. স্বাভাবিক গ. অবিবৃত ঘ. সংবৃত **উত্তর: ঘ**

৪৪. **কোনটি সম্মুখ সংবৃত স্বরধ্বনি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. উ খ. এ গ. ও ঘ. ই **উত্তর: ঘ**

৪৫. **নিম্নবিবৃত স্বরধ্বনি কোনটি? / কেন্দ্রীয় নিম্নাবস্থিত স্বরধ্বনি কোনটি? / কেন্দ্রীয় ওষ্ঠাধর বিবৃত বর্ণ** - [৪৩তম বিসিএস]
ক. আ খ. ই গ. এ ঘ. অ্যা **উত্তর: ক**

৪৬. **বাংলা ব্যঞ্জনধ্বনি কতটি? / মৌলিক ব্যঞ্জনধ্বনি কতটি?** [ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]
ক. ৩০টি খ. ৩৭টি গ. ৩৯টি ঘ. ৪১টি **উত্তর: ক**

ব্যাখ্যা: বাংলা একাডেমি প্রকাশিত প্রমিত বাংলা ভাষার ব্যাকরণে ৩০ টি ব্যঞ্জন ধ্বনির কথা বলা হয়েছে। তবে প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ অভিধানের সম্পাদক পবিত্র সরকারের মতে ৩০ টি ব্যঞ্জন ও ৪ টি অর্ধস্বরধ্বনি মূল নিয়ে ব্যঞ্জন ধ্বনিমূল মোট ৩৪ টি।

৪৭. **বাংলা ভাষায় ব্যঞ্জনমূলের সংখ্যা** - [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২০]
ক. ২৪টি খ. ৩৪টি গ. ৫০টি ঘ. ৫২টি **উত্তর: খ**

৪৮. **বাংলা বর্ণমালায় পর্বের সংখ্যা কত? / বাংলা ব্যঞ্জনবর্ণ কতটি বর্গে ভাগ করা হয়েছে?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ১২]
ক. তিন খ. চার গ. পাঁচ ঘ. ছয় **উত্তর: গ**

ব্যাখ্যা: বাংলা বর্ণমালায় পর্বের সংখ্যা ৫ টি। যথা- ক, চ, ট, ত ও প বর্গ। বাংলা ভাষায় ৫ টি বর্গে মোট ২৫ টি বর্গীয় ধ্বনি বা বর্ণ রয়েছে। যথা- ক বর্গ (ক, খ, গ, ঘ, ঙ), চ বর্গ (চ, ছ, জ, ঝ, ঞ), ট বর্গ (ট, ঠ, ড, ঢ, ণ), ত বর্গ (ত, থ, দ, ধ, ন), প বর্গ (প, ফ, ব, ভ, ম)।

৪৯. **বাংলায় বর্গীয় ধ্বনি কতটি? / বাংলা ভাষায় বর্গীয় বর্ণ কয়টি?** [আইসিটি মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার: ১৭]
ক. ২৫ টি খ. ৩৭ টি গ. ৩৯ টি ঘ. ৪১ টি **উত্তর: ক**

৫০. **উচ্চারণ স্থানের নামানুসারে ব্যঞ্জন ধ্বনিগুলো কত ভাগে বিভক্ত?** [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৮]
ক. ৫ ভাগে খ. ৬ ভাগে গ. ৭ ভাগে ঘ. ৮ ভাগে **উত্তর: গ**

ব্যাখ্যা: নতুন বাংলা ব্যাকরণ অনুযায়ী উচ্চারণ স্থানের নামানুসারে ব্যঞ্জন ধ্বনি বা বর্ণগুলো ৭ ভাগে বিভক্ত। যথা- ওষ্ঠ্য ব্যঞ্জন, দন্ত্য ব্যঞ্জন, দন্তমূলীয় ব্যঞ্জন, মূর্ধন্য ব্যঞ্জন, তালব্য ব্যঞ্জন, কণ্ঠ্য ব্যঞ্জন ও কণ্ঠনালীয় ব্যঞ্জন।

উচ্চারণ স্থান	অঘোষ ধ্বনি		ঘোষ ধ্বনি			অবর্গীয় বর্ণ	স্বরবর্ণ
	অল্পপ্রাণ	মহাপ্রাণ	অল্পপ্রাণ	মহাপ্রাণ	নাসিক্য		
কণ্ঠ্য ব্যঞ্জন / জিহবামূলীয়	ক	খ	গ	ঘ	ঙ		অ, আ
কণ্ঠনালীয়	-	-	-	-	-	হ	-
তালব্য ব্যঞ্জন	চ	ছ	জ	ঝ	ঞ	শ, য, য়	ই, ঈ
কণ্ঠতালব্য	-	-	-	-	-	-	এ, ঐ
মূর্ধন্য / পশ্চাৎ দন্তমূলীয়	ট	ঠ	ড	ঢ	ণ	ষ, ড়, ঢ়	ঋ
দন্ত্য / অগ্র দন্তমূলীয়	ত	থ	দ	ধ	ন	ৎ	-
দন্তমূলীয়	-	-	-	-	-	স, র, ল	-
ওষ্ঠ্য	প	ফ	ব	ভ	ম	-	উ, ঊ
কণ্ঠৌষ্ঠ্য	-	-	-	-	-	-	ও, ঔ

৫১. **'ক' বর্গের ধ্বনিসমূহের উচ্চারণস্থান কোনটি? / কোন উচ্চারণ স্থান হতে 'ক' বর্গের ধ্বনিসমূহ উচ্চারিত হয়? / 'ক' বর্গের ধ্বনিসমূহের উচ্চারণস্থান** - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ১৮]
ক. জিহ্বামূল / কণ্ঠ্য খ. অগ্রতালু গ. পশ্চাদন্তমূল ঘ. অগ্রদন্তমূল **উত্তর: ক**

৫২. **নিচের কোনগুলো কণ্ঠ্যধ্বনি?** [এএসআই'র জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]
ক. ক, খ, গ, ঘ, ঙ খ. চ, ছ, জ, ঝ, ঞ গ. ট, ঠ, ড, ঢ, ণ ঘ. প, ফ, ব, ভ, ম **উত্তর: ক**

৫৩. **নিচের কোনটি কণ্ঠ্যধ্বনি নয়?** [এএসআই'র জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]
ক. ক খ. খ গ. গ ঘ. প **উত্তর: ঘ**

৫৪. **কণ্ঠ থেকে উচ্চারিত ধ্বনি নয়** - [সিএজি কার্যালয়ের সিনিয়র একাউন্টস ক্লার্ক: ২২]
ক. ক খ. ঙ গ. হ ঘ. ঝ **উত্তর: ঘ**

৫৫. **কোনটি নিলীন বর্ণ** - [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ২৩]
ক. ই খ. উ গ. এ ঘ. অ **উত্তর: ঘ**

৫৬. **'অ' এর উচ্চারণ স্থান হলো -** [পিকেবি'র অফিসার (ক্যাশ): ১৪]
ক. দন্ত্য খ. তালব্য গ. কণ্ঠ্য ঘ. নাসিক্য **উত্তর: গ**

৫৭. **উচ্চারণ স্থানের নামানুসারে 'চ' বর্গের বর্ণগুলো কী নামে পরিচিত?** [জীবন বীমা কর্পোরেশনের অফিসার: ১৮]
ক. কণ্ঠ বর্ণ খ. দন্ত্য বর্ণ গ. তালব্য বর্ণ ঘ. ওষ্ঠ্য বর্ণ **উত্তর: গ**

৫৮. **'চ' বর্গীয় ধ্বনির আগে কোনটি ব্যবহৃত হয়?** [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার: ০৫]
ক. ঙ খ. ঞ গ. ন ঘ. ণ **উত্তর: খ**

৫৯. **'ট' বর্গীয় ধ্বনির আগে কোনটি ব্যবহৃত হয়?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. ন খ. প্ল গ. ণ্য ঘ. ণ **উত্তর: ঘ**

৬০. **'জ' হলো -** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৮] [দুদকের পরিদর্শক: ০৪]
ক. জিহ্বামূলীয় বর্ণ খ. তালব্য বর্ণ গ. দন্ত্য বর্ণ ঘ. ওষ্ঠ্য বর্ণ **উত্তর: খ**

৬১. **তালব্য বর্ণ কোনগুলো?** [গ্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. এ, ঐ খ. ই, ঈ গ. উ, ঊ ঘ. ও, ঔ **উত্তর: খ**

৬২. **তালব্য বর্ণ কোনগুলো?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. স, ও, ঘ, ত খ. ই, জ, ঞ, য় গ. খ, উ, ম, ল ঘ. র, ড়, ঢ়, ভ, **উত্তর: খ**

৬৩. **'য' এর উচ্চারণ স্থানগত অবস্থান কী? / উচ্চারণ স্থান অনুযায়ী 'শ' কেমন ধ্বনি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. কণ্ঠ খ. তালব্য গ. মূর্ধন্য ঘ. দন্ত্য **উত্তর: খ**

৬৪. **'ট' বর্ণের বর্ণ হিসেবে নাম কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. মূর্ধন্য বর্ণ খ. দন্ত্য বর্ণ গ. তালব্য বর্ণ ঘ. জিহ্বামূলীয় বর্ণ **উত্তর: ক**

৬৫. **কোনগুলো মূর্ধন্য ধ্বনি?** [ডেসকো'র সুপারভাইজার: ১৯]
ক. ট, ঠ, ড খ. ত, থ, দ গ. চ, ছ, জ ঘ. প, ফ, ব **উত্তর: ক**

৬৬. **উচ্চারন অনুযায়ী নিচের কোনটি মূর্ধন্য বর্ণ?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]
ক. ঋ খ. ঈ গ. উ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

৬৭. **কোন বর্ণের নিজস্ব কোনো ধ্বনি নেই?** [বেবিচকের নিরাপত্তা অপারেটর: ২১]
ক. চ খ. উ গ. ঞ ঘ. ণ **উত্তর: গ, ঘ**

৬৮. **কোনগুলো দন্ত্য ধ্বনি?** [১৩তম প্রভাষক নিবন্ধন]
ক. ত, থ, দ, ধ, ন খ. প, ফ, ব, ভ, ম গ. ক, খ, গ, ঘ, ঙ ঘ. চ, ছ, জ, ঝ, ঞ **উত্তর: ক**

৬৯. **দন্ত্য বর্ণ কোনগুলো?** [বিআরইবি'র মিটার রিডার: ২৩]
ক. ক, খ, গ, ঘ খ. প, ফ, ব, ভ গ. ট, ঠ, ড, ঢ ঘ. ত, থ, দ, ধ **উত্তর: ঘ**

৭০. **ন, স -** [রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]
ক. ওষ্ঠ্য ব্যঞ্জনবর্ণ খ. দন্ত্য ব্যঞ্জনবর্ণ গ. কণ্ঠনালীয় ব্যঞ্জনবর্ণ ঘ. দন্ত্যমূলীয় ব্যঞ্জনবর্ণ **উত্তর: খ**

৭১. **'স' এর উচ্চারণ হলো - / আসমান শব্দের 'স' এর উচ্চারণ হলো -** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের উচ্চমান সহকারী: ২৩]
ক. ওষ্ঠ্য খ. দন্তমূলীয় গ. দন্ত্য ঘ. দন্তৌষ্ঠ্য **উত্তর: খ**

৭২. **কোনটি দন্ত্য ধ্বনি নয়?** [আবাআখা প্রকল্পের জেলা সমন্বয়কারী: ১৭]
ক. ণ খ. দ গ. ৎ ঘ. ন **উত্তর: ক**

৭৩. **উচ্চারণের দিক থেকে 'ল' কোন ধরনের বর্ণ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক:০৩]
ক. দন্ত্য বর্ণ খ. তালব্য বর্ণ গ. স্বর বর্ণ ঘ. ব্যঞ্জন বর্ণ **উত্তর: ক**

৭৪. **বাংলা ভাষায় ওষ্ঠ্যব্যঞ্জন ধ্বনির সংখ্যা কত?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. ২টি খ. ৭টি গ. ৭টি ঘ. ৫টি **উত্তর: ঘ**

৭৫. **কোনগুলো ওষ্ঠ্যধ্বনি? / ওষ্ঠ্য বর্ণ কোনগুলো?** [স্বাস্থ্য অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]
ক. চ, ছ, জ, ঝ, ঞ খ. ত, থ, দ, ধ, ণ গ. প, ফ, ব, ভ, ম ঘ. য, র, ল, ৰ, হ **উত্তর: গ**

৭৬. **'ম' বর্ণ উচ্চারিত হয় -** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. তালু থেকে খ. দন্ত থেকে গ. মূর্ধা থেকে ঘ. ওষ্ঠ্য থেকে **উত্তর: ঘ**

৭৭. **কোনটি ওষ্ঠ্য ধ্বনি? / কোন ধ্বনিটি ঠোঁট ও নাকের ছিদ্রের সাহায্যে উচ্চারিত হয়?** [১৩তম প্রভাষক নিবন্ধন]
ক. ম খ. ঙ গ. চ ঘ. ও **উত্তর: ক**

৭৮. **নিচের কোন ধ্বনি বাংলায় নেই?** [আমদানি-রপ্তানি দপ্তরের অফিস সহায়ক: ২০]
ক. ওষ্ঠ্য খ. দন্তৌষ্ঠ্য গ. তালব্য ঘ. মূর্ধন্য **উত্তর: খ**

৭৯. **ক থেকে ম পর্যন্ত ধ্বনিগুলো - / ক থেকে ম পর্যন্ত ২০ টি ধ্বনি হলো -** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]
ক. স্পর্শ / স্পৃষ্ট ধ্বনি খ. উষ্ম ধ্বনি গ. জিহ্বামূলীয় ধ্বনি ঘ. পরাশ্রয়ী ধ্বনি **উত্তর: ক**
ব্যাখ্যা: উচ্চারণের প্রকৃতি অনুযায়ী ব্যঞ্জন ধ্বনি কয়েকটি ভাগে বিভক্ত। যথা- স্পর্শ ব্যঞ্জন, নাসিক্য ব্যঞ্জন, তাড়নজাত ব্যঞ্জন, কম্পিত ব্যঞ্জন, পার্শ্বিক ব্যঞ্জন, উষ্ম ব্যঞ্জন ইত্যাদি। পুরাতন বাংলা ব্যাকরণ অনুযায়ী ক থেকে ম পর্যন্ত ২৫ টি বর্গীয় ধ্বনিকে স্পর্শ বা স্পৃষ্ট ব্যঞ্জন ধ্বনি বলে।

যথা- ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ, ট, ঠ, ড, ঢ, ণ, ত, থ, দ, ধ, ন, প, ফ, ব, ভ, ম। কিন্তু নতুন বাংলা ব্যাকরণ অনুযায়ী ক থেকে ম পর্যন্ত ২০ টি বর্গীয় ধ্বনিকে স্পর্শ বা স্পৃষ্ট ব্যঞ্জন ধ্বনি বলে। যেমন- ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ট, ঠ, ড, ঢ, ত, থ, দ, ধ, প, ফ, ব, ভ।

৮০. **বাংলা ভাষায় স্পর্শ ব্যঞ্জন ধ্বনির সংখ্যা** - [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ২২]

ক. ১০ খ. ১৫ গ. ২০ ঘ. ২৫ **উত্তর: গ**

৮১. **বাংলা ভাষায় স্পর্শ বর্ণের সংখ্যা কয়টি? / স্পর্শ ব্যঞ্জন বর্ণ কতটি? / স্পৃষ্ট ব্যঞ্জন বর্ণ কতটি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]

ক. ২৪ টি খ. ২৫ টি গ. ২৬ টি ঘ. ২৭ টি **উত্তর: খ**

৮২. **কোনটি স্পৃষ্ট ব্যঞ্জন?** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ১০]

ক. ম খ. ল গ. শ ঘ. হ **উত্তর: ক**

৮৩. **বাংলায় নাসিক্য ধ্বনি কয়টি? / বর্গীয় নাসিক্য ধ্বনি কতটি? / অনুনাসিক ধ্বনি কতটি? / বাংলা ভাষায় অনুনাসিক স্বরধ্বনির সংখ্যা কতটি?** [বিসিকের প্রমোশন অফিসার: ২৩]

ক. দুইটি খ. তিনটি গ. চারটি ঘ. পাঁচটি **উত্তর: খ**

ব্যাখ্যা: পুরাতন বাংলা ব্যাকরণ অনুযায়ী বাংলা ব্যঞ্জন বর্ণের প্রতিটি বর্গের পঞ্চম বর্ণের ধ্বনিটি নাসিক্য ধ্বনি হলেও নতুন বাংলা ব্যাকরণ অনুযায়ী নাসিক্য ধ্বনি তিনটি। যথা- ম, ন, ঙ। তবে নাসিক্য বা অনুনাসিক বর্ণ ৭ টি। যথা- ঙ, ঞ, ণ, ন, ম, ং, ঁ।

৮৪. **বাংলা ব্যঞ্জনবর্ণের প্রতিবর্গের পঞ্চম বর্ণের ধ্বনিটি** - [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১২]

ক. ঘোষ ধ্বনি খ. অঘোষ ধ্বনি গ. মহাপ্রাণ ধ্বনি ঘ. নাসিক্য ধ্বনি **উত্তর: ঘ**

৮৫. **কোনটি নাসিক্য ধ্বনি?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ১৭]

ক. জ খ. ম গ. ল ঘ. প **উত্তর: খ**

৮৬. **নাসিক্য বর্ণ কোনগুলো?** [মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী: ২১]

ক. ত, থ, দ খ. ঙ, ঞ, ণ গ. উ, ঊ, য় ঘ. শ, স, ষ **উত্তর: খ**

৮৭. **তাড়নজাত ধ্বনি কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]

ক. শ খ. ও গ. ড় ঘ. স **উত্তর: গ**

ব্যাখ্যা: তাড়নজাত তা তাড়িত ব্যঞ্জন ধ্বনি দুইটি। যথা- ড়, ঢ়। ড় হলো অঘোষ অল্পপ্রাণ এবং ঢ় হলো অঘোষ মহাপ্রাণ ধ্বনি।

৮৮. **তাড়নজাত ব্যঞ্জনধ্বনি কোনটি?** [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুটেন্ট: ১০]

ক. ক, খ খ. চ, ছ গ. ড়, ঢ় ঘ. প, ফ **উত্তর: গ**

৮৯. **তাড়নজাত মহাপ্রাণ ধ্বনি কোনটি?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১২]

ক. ড় খ. ঢ় গ. ল ঘ. র **উত্তর: খ**

৯০. **'র' কোন জাতীয় ধ্বনি?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ২৩]

ক. পার্শ্বিক ধ্বনি খ. তাড়নজাত ধ্বনি গ. কম্পনজাত ধ্বনি ঘ. স্পর্শ ধ্বনি **উত্তর: গ**

ব্যাখ্যা: কম্পনজাত ধ্বনি একটি। যথা- র। র হলো অঘোষ মহাপ্রাণ ধ্বনি। কম্পনজাত ধ্বনির উদাহরণ হলো কর, ভার, হার, চানাচুর ইত্যাদি।

৯১. **'স' ধ্বনিটির পরিচয় কোনটি? / 'হ' একটি** - [এলজিআরডি মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ১৭]

ক. উষ্ম খ. স্পৃষ্ট গ. পার্শ্বিক ঘ. নাসিকা **উত্তর: ক**

ব্যাখ্যা: উষ্ম ধ্বনি ৩ টি। যথা- শ, স, হ। শ, স, হ এই তিনটি ধ্বনিকে ঘর্ষণজাত ধ্বনিও বলে। শিশ ধ্বনি ২ টি। যথা- শ, স। মনে রাখবেন, সকল শিশধ্বনিই উষ্ম ধ্বনি কিন্তু সকল উষ্ম ধ্বনিই শিশধ্বনি নয়।

৯২. **'ঃ' এক প্রকার** - [বিএসইসি'র কম্পিউটার অপারেটর: ২১]

ক. নিঃশব্দ ধ্বনি খ. 'য়' শ্রেণির ধ্বনি গ. 'ং' জাতীয় ধ্বনি ঘ. 'হ' এর ধ্বনি **উত্তর: ঘ**

৯৩. **কোনগুলো শিশ ধ্বনি?** [বিকেবি'র অফিসার: ১৬]

ক. ঙ, ঞ খ. শ, স গ. প, ফ ঘ. য, র **উত্তর: খ**

৯৪. **শিশধ্বনি ও উষ্মধ্বনির মধ্যে পার্থক্য কী?** [এনবিআরের উচ্চমান সহকারী: ১৩]

ক. বাতাসের তারতম্য খ. জিহ্বার অগ্রভাগের অবস্থান গ. জিহ্বার কম্পন ঘ. কোনো পার্থক্য নেই **উত্তর: ঘ**

৯৫. **নিচের যে গুচ্ছে একটিও ঘর্ষণজাত ধ্বনি নেই** - [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৯]

ক. চ, ব, হ খ. ল, স, ছ গ. র, শ, জ ঘ. ফ, ড়, চ **উত্তর: ঘ**

৯৬. **বাংলা বর্ণমালায় পরাশ্রয়ী বর্ণের সংখ্যা কয়টি?** [এনএসআই'র জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]

ক. ছয়টি খ. চারটি গ. তিনটি (পরাশ্রয়ী ধ্বনি: ২ টি) ঘ. পাঁচটি **উত্তর: গ**

৯৭. **পরাশ্রয়ী বর্ণ কোনটি?** [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ১৬]

ক. ম, ঙ, ঞ খ. ন, ম, র গ. ং, ঃ, ঁ (ধ্বনি: ং, ঃ) ঘ. ঞ, ঠ, ণ **উত্তর: গ**

৯৮. **বাংলা ব্যাকরণে পরাশ্রয়ী বর্ণযুক্ত শব্দ কোনগুলো?** [গণপূর্ত অধিদপ্তরের সহকারী প্রকৌশলী: ০৫]

ক. আম্র, বৃহৎ, মিঞা খ. আয়না, হরিণ, খন গ. রং, চাঁদ, দুঃখ ঘ. শিউলি, উচিত, বৃষ **উত্তর: গ**

৯৯. **কোন চারটি বর্ণকে উষ্মবর্ণ বলা হয়?** [ডেসকো'র জুনিয়র সহকারী ব্যবস্থাপক: ১৯]

ক. ক, চ, ট, ত খ. খ, ছ, ঠ, থ গ. শ, ষ, স, হ ঘ. গ, জ, গু, চ **উত্তর: গ**

১০০. কোনটি উষ্ম বর্ণ? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. হ খ. ঙ গ. ঞ ঘ. ণ **উত্তর: ক**

১০১. কোনটি অনুনাসিক বর্ণ? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ঢ খ. ম গ. চ ঘ. শ **উত্তর: খ**

১০২. কোন দুইটিকে অন্তঃস্থ বর্ণ বলা হয়? [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]
ক. ষ ও স খ. শ ও হ গ. প ও ম ঘ. য ও ব **উত্তর: ঘ**

১০৩. অন্তঃস্থ বর্ণ কোনটি? [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের পাইলট: ১৯]
ক. ন, ণ, ঞ এবং ম খ. স, ষ, শ এবং হ গ. ই, এ, ষ এবং র ঘ. য, ব, র এবং ল **উত্তর: ঘ**

১০৪. পার্শ্বিক ব্যঞ্জনের উদাহরণ কোনটি? [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরী অ্যাটেনডেন্ট: ২০]
ক. হ খ. শ গ. ও ঘ. ল **উত্তর: ঘ**

১০৫. খন্ডত (ৎ) প্রকৃত প্রস্তাবে কোন বর্ণের খন্ড রূপ? [বিডিবিএল'র সিনিয়র অফিসার: ১৭]
ক. খ খ. ত গ. দ ঘ. ধ **উত্তর: খ**

১০৬. 'চন্দ্রবিন্দু' মূলত কিসের পরিবর্তিত রূপ? [ঢাবি: ১৫-১৬]
ক. ঘর্ষণ বর্ণের খ. বর্গীয় বর্ণের গ. অনুনাসিক বর্ণের ঘ. সর্বনামের **উত্তর: গ**

১০৭. 'নাওয়া' কী ধরনের ধ্বনি? [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. যৌগিক স্বরধ্বনি খ. অর্ধ্ব স্বরধ্বনি গ. অর্ধ-বিবৃত স্বরধ্বনি ঘ. শ্রুতি ধ্বনি **উত্তর: ঘ**

১০৮. বিসর্গের ধ্বনি কখন শোনা যায়? [ঢাবি: ১৩-১৪]
ক. সংযোজক অব্যয়ে খ. বিয়োজক অব্যয়ে গ. বিস্ময়সূচক অব্যয়ে ঘ. পদের মধ্যে বিসর্গ থাকলে **উত্তর: গ**

১০৯. যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় না তাকে কী বলে? [শিল্প মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১৯]
ক. উষ্ম ধ্বনি খ. পার্শ্ব ধ্বনি গ. অঘোষ ধ্বনি ঘ. ঘোষ ধ্বনি **উত্তর: গ**

ব্যাখ্যা: ধ্বনির কম্পনমাত্রা কম-বেশি হওয়ার ভিত্তিতে ব্যঞ্জন ধ্বনি দুই ভাগে বিভক্ত। যথা- ঘোষ ও অঘোষ। যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় তাকে ঘোষ ধ্বনি বলে। যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় না তাকে অঘোষ ধ্বনি বলে। আবার ধ্বনি উচ্চারণের সময় বায়ুপ্রবাহের বেগ কম-বেশি হওয়ার ভিত্তিতে ব্যঞ্জন ধ্বনি দুই ভাগে বিভক্ত। যথা- অল্পপ্রাণ ও মহাপ্রাণ। যে ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপ অল্প থাকে তাকে অল্পপ্রাণ ধ্বনি বলে। বর্গের প্রথম, তৃতীয় ও পঞ্চম বর্ণ হলো অল্পপ্রাণ। যে ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপের আধিক্য থাকে তাকে মহাপ্রাণ ধ্বনি বলে। বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ হলো মহাপ্রাণ।

অঘোষ ধ্বনি (বর্গের প্রথম দুইটি বর্ণ)		ঘোষ ধ্বনি (বর্গের শেষ তিনটি বর্ণ)		
অল্পপ্রাণ	মহাপ্রাণ	অল্পপ্রাণ	মহাপ্রাণ	নাসিক্য
ক	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ
ট	ঠ	ড	ঢ	ণ
ত	থ	দ	ধ	ন
প	ফ	ব	ভ	ম
বর্গীয় ১০ টি এবং অবর্গীয় ৯ টি (য, শ, ষ, স, য়, ৎ, s, t, u) বর্ণসহ মোট অঘোষ ধ্বনি বা বর্ণ ১৯ টি। বর্গীয় ১৫ টি এবং অবর্গীয় ৫ টি (র, ল, হ, ড়, ঢ়) বর্ণসহ মোট ঘোষ ধ্বনি বা বর্ণ ২০ টি।				
বর্গীয় ১৫ টি এবং অবর্গীয় ১২ টি (য, র, ল, শ, ষ, স, ড়, য়, s, t, u) বর্ণসহ মোট অল্পপ্রাণ ধ্বনি বা বর্ণ ২৭ টি। বর্গীয় ১০ টি এবং অবর্গীয় ২ টি (হ, ঢ়) বর্ণসহ মোট মহাপ্রাণ ধ্বনি বা বর্ণ ১২ টি।				

১১০. ধ্বনির ঘোষত্ব ও অঘোষত্ব নির্ভর করে - [আইন মন্ত্রণালয়ের সহকারী সচিব: ০৫]
ক. বাতাসের পরিমাণের উপর খ. স্বরতন্ত্রীর কম্পনের উপর গ. কণ্ঠ্যনালীর ওঠানামার উপর ঘ. জিভের উচ্চতার উপর **উত্তর: খ**

১১১. যে ব্যঞ্জনধ্বনি উচ্চারণে মুখ দিয়ে অধিক বাতাস বের হয় ও নিচের চোয়ালের মাংসপেশীতে বেশি চাপ পড়ে সে ব্যঞ্জনগুলোকে বলে? / কোন ধ্বনি উচ্চারণের সময় বাতাসের চাপের আধিক্য থাকে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. অল্পপ্রাণ ধ্বনি খ. অধিপ্রাণ ধ্বনি গ. স্বল্পপ্রাণ ধ্বনি ঘ. মহাপ্রাণ ধ্বনি **উত্তর: ঘ**

১১২. নিচের কোন ধ্বনিটি ঘোষ? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৭]
ক. চ খ. খ গ. প ঘ. দ **উত্তর: ঘ**

১১৩. নিচের কোন ধ্বনিটি ঘোষ ধ্বনি নয়? [আমদানি রপ্তানি অধিপ্তরের নির্বাহী অফিসার: ০৭]
ক. গ খ. ঘ গ. ঝ ঘ. শ **উত্তর: ঘ**

১১৪. কোনটি অঘোষ ধ্বনি? [এলজিইডি'র সার্ভেয়ার: ২৩]
ক. ক খ. গ গ. ঘ ঘ. জ **উত্তর: ক**

১১৫. কোন দুইটি অঘোষ ধ্বনি? [১৩তম বিসিএস]
ক. চ, ছ খ. ড, ঢ গ. ব, ভ ঘ. দ, ধ **উত্তর: ক**

১১৬. **বর্গের কোন বর্ণসমূহের ধ্বনি মহাপ্রাণ ধ্বনি?** [৩৭তম বিসিএস]
ক. তৃতীয় বর্ণ খ. দ্বিতীয় ও চতুর্থ বর্ণ গ. প্রথম ও দ্বিতীয় বর্ণ ঘ. দ্বিতীয় ও তৃতীয় বর্ণ **উত্তর: খ**

১১৭. **'হ' এর সাথে 'ঋ-কার' যুক্ত হলে যে ধ্বনিটি মহাপ্রাণ হয় -** [বিডিবিএল'র সিনিয়র অফিসার: ১৭]
ক. ঘ খ. এ গ. ণ ঘ. র **উত্তর: ঘ**

১১৮. **কোন দুইটি মহাপ্রাণ ধ্বনি?** [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক. খ, ঝ খ. ক, খ গ. ত, দ ঘ. চ, জ **উত্তর: ক**

১১৯. **মহাপ্রাণ ঘোষধ্বনি কোনটি? / কোনটি ঘোষ মহাপ্রাণ ধ্বনি?** [আইসিটি মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার: ১৭]
ক. খ খ. চ গ. ঘ ঘ. গ **উত্তর: গ**

১২০. **ঙ, ঞ, ণ, ন, ম এই পাঁচটি বর্ণের ধ্বনি বৈশিষ্ট্য হলো -** [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ২০]
ক. অঘোষ অল্পপ্রাণ খ. অঘোষ মহাপ্রাণ গ. ঘোষ অল্পপ্রাণ ঘ. ঘোষ মহাপ্রাণ **উত্তর: গ**

১২১. **নিচের কোনটি ঘোষ অল্পপ্রাণ বর্ণ?** [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. ট খ. থ গ. ড ঘ. ভ **উত্তর: গ**

১২২. **শ, ষ, স এই তিনটি বর্ণে দ্যোতিত ধ্বনি কী?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১০]
ক. অঘোষ অল্পপ্রাণ খ. অঘোষ মহাপ্রাণ গ. ঘোষ অল্পপ্রাণ ঘ. ঘোষ মহাপ্রাণ **উত্তর: ক**

১২৩. **নিচের অল্পপ্রাণ ধ্বনি?** [থানা বা উপজেলা শিক্ষা অফিসার: ০৪]
ক. ঘ খ. ঠ গ. প ঘ. থ **উত্তর: গ**

১২৪. **নিচের কোনটি অঘোষ অল্পপ্রাণ ধ্বনি?** [৩০তম বিসিএস]
ক. ভ খ. ঠ গ. ফ ঘ. চ **উত্তর: ঘ**

১২৫. **বাংলা ব্যাকরণ অনুযায়ী বর্ণ কয় প্রকার ও কী কী?** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ড্রাফটসম্যান: ১৬]
ক. স্বরবর্ণ ও ব্যঞ্জন বর্ণ খ. ব্যঞ্জন বর্ণ ও অসংযুক্ত বর্ণ গ. পূর্ববর্তী বর্ণ ও উত্তর বর্ণ ঘ. প্রতীকী বর্ণ ও সাংকেতিক বর্ণ **উত্তর: ক**

বাংলা বর্ণ	পূর্ণমাত্রা	অর্ধমাত্রা	মাত্রাহীন
স্বরবর্ণ (১১ টি)	০৬ টি (অ, আ, ই, ঈ, উ, ঊ)	০১ টি (ঋ)	০৪ টি (এ, ঐ, ও, ঔ)
ব্যঞ্জন বর্ণ (৩৯ টি)	২৬ টি (ক, ঘ, চ, ছ, জ, ঝ, ট, ঠ, ড, ঢ, ত, দ, ন, ফ, ব, ভ, ম, য, র, ল, স, ষ, হ, য়, ড়, ঢ়)	০৭ টি (খ, গ, ণ, থ, ধ, প, শ)	০৬ টি (ঙ, ঞ, ৎ ং, ঃ, ঁ u)
মোট বর্ণ = ৫০ টি	মোট পূর্ণমাত্রা = ৩২ টি	মোট অর্ধমাত্রা = ০৮ টি	মোট মাত্রাহীন = ১০ টি

স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কার বলে। ১১ টি স্বরবর্ণের মধ্যে 'অ' এর কোনো কার নেই। সে জন্য কার বর্ণ ১০ টি। যথা- v, w, x, z, ., ..., †, ˆ, †v, †Š। ব্যঞ্জনবর্ণের বিকল্প রূপের নাম অনুবর্ণ। ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে ফলা বলে। ৩৯ টি ব্যঞ্জন বর্ণের মধ্যে ফলা আছে ৬ টি। যথা- য, ব, ম, র, ল, ন ফলা।

১২৬. **বাংলা বর্ণমালায় কতটি বর্ণ আছে? / বাংলা বর্ণমালায় মোট বর্ণ কতটি? / বাংলা বর্ণমালায় কয়টি অসংযুক্ত বর্ণ আছে?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. ৪৭টি খ. ৪৮টি গ. ৪৯টি ঘ. ৫০টি **উত্তর: ঘ**

১২৭. **আধুনিক বাংলা ভাষায় মোট কয়টি বর্ণ পূর্ণ ব্যবহৃত হয়?** [বিদ্যুৎ মন্ত্রণালয়ের সহকারী বিস্ফোরক পরিদর্শক: ০৮]
ক. ৫২ টি খ. ৪৫ টি গ. ৫৪ টি ঘ. ৩৮ টি **উত্তর: খ**

১২৮. **বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রার বর্ণ কয়টি?** [ডাক অধিদপ্তরের পোস্টাল অপারেটর: ২৩]
ক. ১০ খ. ৮ গ. ১১ ঘ. ৩২ **উত্তর: ঘ**

১২৯. **বাংলা বর্ণমালায় অর্ধমাত্রার বর্ণ কয়টি?** [৩৬তম বিসিএস]
ক. ৭ খ. ৯ গ. ৮ ঘ. ১০ **উত্তর: গ**

১৩০. **বাংলা ভাষায় কয়টি বর্ণে মাত্রা নেই? / বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণের সংখ্যা কতটি?** [১৮তম বিসিএস]
ক. ১১ খ. ৯ গ. ১০ ঘ. ৮ **উত্তর: গ**

১৩১. **বাংলা বর্ণমালায় স্বরবর্ণ কয়টি?** [২৯তম বিসিএস]
ক. নয়টি খ. দশটি গ. এগারোটি ঘ. বারোটি **উত্তর: গ**

১৩২. **সংস্কৃত প্রয়োগ অনুসারে বাংলা বর্ণমালায় 'ঋ' কোন বর্ণের মধ্যে রক্ষিত?** [কর্মসংস্থান ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৫]
ক. উষ্ম বর্ণ খ. স্বরবর্ণ গ. ব্যঞ্জন বর্ণ ঘ. ঘোষ **উত্তর: খ**

১৩৩. **অর্ধমাত্রার স্বরবর্ণ কয়টি?** [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২৩]
ক. ১০টি খ. ৮টি গ. ৬টি ঘ. ১টি **উত্তর: ঘ**

১৩৪. **কোন বর্ণগুলোতে মাত্রা হবে না?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ০১]
ক. ক ও খ খ. খ এবং ল গ. ট এবং ঠ ঘ. এ এবং ঐ **উত্তর: ঘ**

১৩৫. **স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলা হয়? / স্বরবর্ণ সংক্ষিপ্ত আকারে ব্যঞ্জনবর্ণের সাথে যুক্ত হলে তাকে কী বলে? / স্বরধ্বনির সংক্ষিপ্ত রূপকে কী বলে?** [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. ফলা খ. ধ্বনি গ. কার ঘ. স্বর **উত্তর: গ**

১৩৬. **বাংলা ভাষায় কার কয়টি? / বাংলা কার বর্ণের সংখ্যা কতটি?** [বাণিজ্য মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]
ক. ৮ খ. ১০ গ. ২০ ঘ. ২৫ **উত্তর: খ**

১৩৭. **কোন স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপ নেই?** [বাংলাদেশ বিমানের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্ট: ২৩]
ক. ঈ খ. অ গ. উ ঘ. ঐ **উত্তর: খ**

১৩৮. **বাংলা ব্যঞ্জনে কয়টি বর্ণ? / বাংলা বর্ণমালায় ব্যঞ্জন বর্ণের সংখ্যা কয়টি? / বাংলা ব্যঞ্জন বর্ণ কয়টি? / বাংলা বর্ণমালায় অনুবর্ণ কতটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ৩৫ খ. ৩৭ গ. ৩৯ ঘ. ৪১ **উত্তর: গ**

১৩৯. **ক থেকে ল পর্যন্ত ব্যঞ্জন বর্ণের সংখ্যা কয়টি?** [সিএজি কার্যালয়ের সিনিয়র একাউন্টস ক্লার্ক: ২২]
ক. ২৮ খ. ৩৭ গ. ৩৯ ঘ. ৪১ **উত্তর: ক**

১৪০. **যেটিতে বাংলা বর্ণের যথাযথ ক্রম অনুসৃত হয়নি** - [বিএসসি'র অফিসার: ১৮]
ক. ঈ, উ, ঊ, ঋ খ. র, ল, ব, ষ গ. ফ, ব, ভ, ম ঘ. ঙ, চ, ছ, জ **উত্তর: খ**

১৪১. **বাংলা ব্যঞ্জনবর্ণে মাত্রাহীন বর্ণ কয়টি?** [তিতাস গ্যাস ফিল্ডের অফিসার: ১৮]
ক. ৬ খ. ৭ গ. ৯ ঘ. ১০ **উত্তর: ক**

১৪২. **ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে? / ব্যঞ্জন ধ্বনির সংক্ষিপ্ত রূপকে বলে** - [৪১তম বিসিএস]
ক. ফল খ. ফলা গ. কার ঘ. অক্ষর **উত্তর: খ**

১৪৩. **বাংলা ফলা বর্ণের সংখ্যা কতটি?** [বাণিজ্য মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]
ক. ৫ খ. ৬ গ. ৭ ঘ. ৮ **উত্তর: খ**

১৪৪. **ফলাযুক্ত শব্দ কোনটি?** [বিবিএস'র পরিসংখ্যান কর্মকর্তা: ১২]
ক. পল্বল খ. শক্ত গ. লিপ্সা ঘ. কর্জ **উত্তর: ক**

১৪৫. **নিচের কোনটি অনুবর্ণের অন্তর্ভুক্ত?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]
ক. রেফ খ. ফলা গ. বর্ণসংক্ষেপ ঘ. সবকটি **উত্তর: ঘ**

১৪৬. **কোন বর্ণটির পৃথক উচ্চারণ নেই?** [তিতাস গ্যাস ফিল্ডের সহকারী কর্মকর্তা: ১৮]
ক. ঙ খ. এ গ. ই ঘ. ও **উত্তর: ক**

১৪৭. **'স্ত্রী' শব্দটিতে কয়টি বর্ণ আছে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী: ২১]
ক. ১ খ. ২ গ. ৩ ঘ. ৪ **উত্তর: ঘ**

১৪৮. **কোন বর্ণটির পৃথক উচ্চারণ নেই?** [তিতাস গ্যাস ফিল্ডের সহকারী কর্মকর্তা: ১৮]
ক. ঙ খ. এ গ. ই ঘ. ও **উত্তর: ক**

১৪৯. **বাংলা ভাষায় সংখ্যা নির্দেশের জন্য কয়টি সংখ্যা বর্ণ আছে?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২৩]
ক. ৫ খ. ৮ গ. ৯ ঘ. ১০ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: বাংলা ভাষায় সংখ্যা নির্দেশের জন্য ১০ টি সংখ্যা বর্ণ আছে। যথা- ০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯।

ধ্বনি উচ্চারণ

০১. **অক্ষর হচ্ছে** - [পিটিআই'র ইন্সট্রাক্টর: ১৯]
ক. শব্দের অংশ খ. পদের অংশ গ. বাক্যের অংশ ঘ. ধ্বনির অংশ **উত্তর: ক**

০২. **এক প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনি সমষ্টিকে বলে - / উচ্চারণের একককে কী বলা হয়? / নিঃশ্বাসের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিগুচ্ছকে কী বলে?** [৪১তম বিসিএস]
ক. শব্দ খ. বর্ণ গ. বাক্য ঘ. অক্ষর **উত্তর: ঘ**

০৩. **কোনটি একাক্ষর শব্দ?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ৯৯]
ক. কাকা খ. চাচা গ. ভাই ঘ. বোনাই **উত্তর: গ**

০৪. **বন্ধন শব্দের সঠিক অক্ষর বিন্যাস কোনটি?** [৩৬তম বিসিএস]
ক. ব+ন+ধ+ন খ. বন+ধন গ. ব+ন্ধ+ন ঘ. বান+ধন **উত্তর: খ**

০৫. **'চিতল' শব্দে কয়টি অক্ষর আছে?** [বিটিভির সহকারী প্রকৌশলী: ১৭]
ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৫ **উত্তর: ক**
ব্যাখ্যা: অক্ষর নির্ণয়ের জন্য প্রদত্ত শব্দটিকে অভ্রতে ইংরেজিতে লিখুন। তারপর শব্দটিতে থাকা Vowel গণনা করুন। যতটি Vowel পাবেন, প্রদত্ত শব্দটিতে অক্ষর ততটি। যেমন- চিতল বানান Citol. Citol শব্দে দুইটি Vowel আছে। সুতরাং চিতল শব্দে অক্ষর দুইটি।

০৬. **'পদ্মা সেতু' বানানে কয়টি অক্ষর আছে?** [পূবালী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. ৪ খ. ৫ গ. ৬ ঘ. ৭ **উত্তর: ক**

০৭. **'বিশ্ববিদ্যালয়' শব্দে কয়টি অক্ষর আছে?** [ঢাবি: ২০-২১]
ক. ৪ খ. ৫ গ. ৬ ঘ. ৮ **উত্তর: খ**

০৭. **'বাংলাদেশ' শব্দে কয়টি অক্ষর আছে?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ২৩]
ক. ৩ খ. ৪ গ. ৫ ঘ. ৬ **উত্তর: ক**

০৮. **'সমাবর্তন' শব্দে কয়টি অক্ষর আছে?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. ৪ খ. ৫ গ. ৬ ঘ. ৭ **উত্তর: ক**

০৯. **অক্ষর উচ্চারণের কাল পরিমাণকে কী বলে?** [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা: ১৬]
ক. ধ্বনি খ. যতি গ. মাত্রা ঘ. ছেদ **উত্তর: গ**

১০. **যে অক্ষরের শেষে স্বরধ্বনি উচ্চারিত হয় তাকে কী বলে? / স্বরান্ত অক্ষরকে কী বলে?** [৪৫তম বিসিএস]
ক. মুক্তাক্ষর খ. বদ্ধাক্ষর গ. স্বরতন্ত্রী ঘ. দীর্ঘস্বর **উত্তর: ক**

১১. **'অ' ধ্বনির উচ্চারণ কত রকম?** [ফায়ার সার্ভিসের ফায়ার ফাইটার: ২৩]
ক. ২ (অ, ও) খ. ৩ গ. ৪ ঘ. ৫ **উত্তর: ক**

১২. **আদ্য অ এর পরে ই বা উ থাকলে সেই অ এর উচ্চারণ** - [জাবি: ১৯-২০]
ক. ও এর মতো হয় খ. অ এর মতো হয় গ. ই এর মতো হয় ঘ. উ এর মতো হয় **উত্তর: ক**

১৩. **কোনটিতে 'অ' ধ্বনির সংবৃত উচ্চারণ হয়েছে? / 'অ' ধ্বনির সংবৃত উচ্চারণ কোনটি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]
ক. অটল খ. অতি গ. অনাচার ঘ. অমানিশা **উত্তর: খ**

১৪. **নিচের কোন উদাহরণে 'এ' এর উচ্চারণ স্বাভাবিক?** [রাকাব'র সুপারভাইজার: ১৭]
ক. এমন, বেলা খ. বেহায়া, এলো গ. একা, খেলা ঘ. খেলা, একটা **উত্তর: খ**

১৫. **'এ' এর বিকৃত উচ্চারণ কোনটি?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ২৩]
ক. এ্যা খ. অ্যা গ. এ ঘ. এঁ **উত্তর: খ**

১৬. **কোন শব্দে 'এ' ধ্বনির বিকৃত উচ্চারণ পাওয়া যায়?** [ঢাবি: ১৮-১৯]
ক. হেথা, শেষ খ. হেন, তেলাপোকা গ. শেষ, দেহ ঘ. বেলুন, হেথা **উত্তর: খ**

১৭. **'ঙ' ধ্বনিটির সঠিক উচ্চারণ** - [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]
ক. উম্যো খ. উমা গ. উয়ো ঘ. ইয়ো **উত্তর: গ**

১৮. **বাংলা ভাষায় 'ঞ' হরফটির উচ্চারণ কত প্রকারের হয়?** [পিএসসি'র সহকারী পরিচালক: ০৪]
ক. এক খ. দুই গ. তিন ঘ. চার **উত্তর: গ**

১৯. **কোন দুইটি বর্ণের উচ্চারণ একই?** [ঢাবি: ২০-২১]
ক. স, শ খ. ঞ, ন গ. হ, ত ঘ. ত, ৎ **উত্তর: ঘ**

২০. **শব্দের মধ্য ও অন্ত্য য ফলা ব্যঞ্জনকে** - [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]
ক. দ্বিত্ব করে খ. সানুনাসিক করে গ. বিকৃত করে ঘ. পার্শ্বিক করে **উত্তর: ক**

২১. **শব্দের মধ্য ও অন্ত্য ল ফলা ব্যঞ্জনকে** - [জাবি: ১৯-২০]
ক. পার্শ্বিক করে খ. সানুনাসিক করে গ. বিকৃত করে ঘ. দ্বিত্ব করে **উত্তর: ঘ**

২২. **পদের আদ্য ব ফলা** - [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ইন্সট্রাক্টর: ০৩]
ক. বিকৃতভাবে উচ্চারিত হয় খ. দ্বিত্ব উচ্চারিত হয় গ. অনুচ্চারিত থাকে ঘ. অবিকৃতভাবে উচ্চারিত হয় **উত্তর: গ**

২৩. **সন্ধি ও সমাসবদ্ধ পদের ব ফলা** - [জাবি: ১৯-২০]
ক. বিকৃতভাবে উচ্চারিত হয় খ. দ্বিত্ব উচ্চারিত হয় গ. অনুচ্চারিত থাকে ঘ. অবিকৃতভাবে উচ্চারিত হয় **উত্তর: গ**

২৪. **যুক্ত ব্যঞ্জনের সাথে সংযুক্ত ম ফলা** - [শ্রম অধিদপ্তরের সহকারী শ্রম অফিসার: ০৩]
ক. বিকৃতভাবে উচ্চারিত হয় খ. দ্বিত্ব উচ্চারিত হয় গ. অনুচ্চারিত থাকে ঘ. অবিকৃতভাবে উচ্চারিত হয় **উত্তর: গ**

২৫. **কোন ধ্বনির উপরে চন্দ্রবিন্দু বসলে উচ্চারণ আনুনাসিক হয়?** [ঢাবি: ১৮-১৯]
ক. স্বরধ্বনি খ. ব্যঞ্জন ধ্বনি গ. বিসর্গযুক্ত অ-ধ্বনি ঘ. দন্ত্য-ন **উত্তর: ক**

২৬. **'অজর' শব্দের 'অ' এর উচ্চারণ বিবৃত হওয়ার কারণ কোনটি?** [ঢাবি: ২০-২১]
ক. না বোধকতা খ. অভিশ্রুতি গ. স্বরসঙ্গতি ঘ. অপিনিহিতি **উত্তর: ক**

২৭. **'অক্ষর' এর সঠিক উচ্চারণ** - [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৪]
ক. ওক্‌খোর খ. অক্‌খোর্‌ গ. ওক্‌খর ঘ. অক্‌খর **উত্তর: খ**

২৮. **'অজ্ঞাত' এর সঠিক উচ্চারণ** - [পিএসসি'র সহকারী পরিচালক: ০৬]
ক. আগ্‌গাত খ. ওগ্‌গাত গ. অগ্‌গ্যাঁতো ঘ. ওগ্যাত **উত্তর: গ**

২৯. **'অর্ঘ' বা 'অর্ঘ্য' এর সঠিক উচ্চারণ** - [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ১২]
ক. অর্‌ঘো খ. অর্‌ঘ্য গ. অর্‌গো ঘ. ওর্‌ঘো **উত্তর: ক**

৩০. **'অনুশাসন' এর প্রকৃত উচ্চারণ কোনটি?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. ওনুশাশোন্‌ খ. অনুশাশন গ. ওনুশাসন ঘ. অনুশাশোন **উত্তর: ক**

৩১. **'অধ্যাপক' এর সঠিক উচ্চারণ কোনটি?** [পূবালী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. অদ্‌ধাপক খ. অদ্‌ধাপোক গ. ওদ্‌ধাপোক্‌ ঘ. ওধ্‌ধাপোক্‌ **উত্তর: গ**

৩২. **'অপরাহ্ণ' এর সঠিক উচ্চারণ কোনটি?** [ঢাবি: ১১-১২]
ক. অপোরান্‌হো খ. অপরান্‌হো গ. অপরান্‌হ ঘ. অপরাহ্ন **উত্তর: ক**

৩৩. **'অপ্রতুল' এর প্রকৃত উচ্চারণ কোনটি?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৯]
ক. ওপ্প্রোতুল্ খ. অপ্রোতুল্ গ. অপ্প্রোতুল্ ঘ. অপোপরতুল **উত্তর: গ**

৩৪. **'অভিনব' এর প্রকৃত উচ্চারণ কোনটি?** [ঢাবি: ১৮-১৯]
ক. ওভিনবো খ. অভিনবো গ. ওভিনব ঘ. অভিনব **উত্তর: ক**

৩৫. **'অভিব্যাপ্তি' এর সঠিক উচ্চারণ কোনটি?** [রাকাব'র অফিসার: ১৪]
ক. ওভিব্ব্যাপ্তি খ. অভিব্ব্যাপ্তি গ. অভিব্যপ্তি ঘ. অভিব্যাপ্তি **উত্তর: ক**

৩৬. **'অভিধান' এর সঠিক উচ্চারণ কোনটি?** [ঢাবি: ২২-২৩]
ক. ওভিদধান খ. অভিধান গ. ওভিধান ঘ. অভীধান **উত্তর: গ**

৩৭. **'অভিপ্রেত' এর সঠিক উচ্চারণ কোনটি?** [ঢাবি: ২২-২৩]
ক. অভিপ্রেত খ. ওভিপ্রেত গ. ওভিপ্রেতো ঘ. ওভিপপ্রেতো **উত্তর: ঘ**

৩৮. **'আবৃত্তি' এর সঠিক উচ্চারণ কোনটি?** [ঢাবি: ২২-২৩]
ক. আবৃততি খ. আববৃত্তি গ. আবরিত্তি ঘ. আবরিততি **উত্তর: ক**

৩৯. **'আহ্বান' এর প্রকৃত উচ্চারণ কোনটি?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. আহ্বান খ. আহ্ বান গ. আওভান ঘ. আব্হান **উত্তর: গ**

৪০. **'আহ্লাদ' এর সঠিক উচ্চারণ কোনটি?** [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২০]
ক. আল্লাদ খ. আল্হাদ্ গ. আহ্লাদ্ ঘ. আল্লাহদ্ **উত্তর: খ**

৪১. **'উহ্য' এর সঠিক উচ্চারণ কোনটি?** [ঢাবি: ২২-২৩]
ক. উজঝো খ. উজজো গ. উঝজো ঘ. উজজ্ঞো **উত্তর: ক**

৪২. **'উদ্বুদ্ধ' এর সঠিক উচ্চারণ কোনটি?** [ঢাবি: ২২-২৩]
ক. উদবুদধো খ. উদবুধধো গ. উধবুদধো ঘ. উদবুদদো **উত্তর: ক**

৪৩. **'ঐতিহ্য' এর সঠিক উচ্চারণ কোনটি?** [ঢাবি: ২২-২৩]
ক. ওইতিজজো খ. ওইতিজঝো গ. ঔতিজঝো ঘ. ঔতিজজো **উত্তর: খ**

৪৪. **'কিংবদন্তী' এর সঠিক উচ্চারণ কোনটি?** [টেলিযোগাযোগ অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার: ১৩]
ক. কিঙ্বদন্তি খ. কিঙ্বদোন্তি গ. কিংবদোন্তি ঘ. কিংবদনতি **উত্তর: খ**

৪৫. **'গ্রাহ্য' শব্দের সঠিক উচ্চারণগত বানান হলো –** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ২০]
ক. গ্রাজ্হো খ. গ্রাজ্জো গ. গ্রাজ্ঝো ঘ. গ্রাঝ্ঝো **উত্তর: গ**

৪৬. **'গ্রীষ্ম' শব্দের সঠিক উচ্চারণগত বানান হলো –** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৮]
ক. গ্রিশ্শোঁ খ. গ্রিশ্সো গ. গ্রিসশো ঘ. গ্রিষশোঁ **উত্তর: ক**

৪৭. **'জয়ধ্বনি' এর প্রকৃত উচ্চারণ কোনটি?** [সিজিএ'র জুনিয়র অডিটর: ১৯]
ক. জয়দ্ধ্বোনি খ. জয়োদ্ধোনি গ. যয়োদ্ধোনি ঘ. যয়োদ্ধ্বনি **উত্তর: খ**

৪৮. **'জিহ্বা' এর সঠিক উচ্চারণ কোনটি?** [স্বাস্থ্য অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. জিওবা খ. জিব্বা গ. জিবহা ঘ. জিউভা **উত্তর: ঘ**

৪৯. **'তীব্র' এর সঠিক উচ্চারণ কোনটি?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]
ক. তীব্ব্রো খ. তিব্ব্রো গ. তিব্রো ঘ. তীব্রো **উত্তর: খ**

৫০. **'তত্ত্বাবধান' এর সঠিক উচ্চারণ কোনটি?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]
ক. তত্যাবধান্ খ. তত্তাবধান্ গ. তৎতাবধান্ ঘ. তৎতাবদান্ **উত্তর: খ**

৫১. **সঠিক উচ্চারণ কোনটি? / 'তিতিক্ষা' এর সঠিক উচ্চারণ কোনটি?** [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৯]
ক. তিতিখ্খা খ. তিথিক্খা গ. তিতিক্খা ঘ. তিথিখ্খা **উত্তর: গ**

৫২. **'নিঃশঙ্ক' এর সঠিক উচ্চারণ কোনটি?** [গুচ্ছ ভর্তি: ২২-২৩]
ক. নিশশঙকো খ. নিশশংকো গ. নিসশঙকো ঘ. নিশশঙক **উত্তর: ক**

৫৩. **'পরিতুষ্ট' এর সঠিক উচ্চারণ কোনটি?** [আইন মন্ত্রণালয়ের সহকারী সচিব: ১২]
ক. পরিতুশ্টো খ. পরিতুশ্ট গ. পোরিতুশ্টো ঘ. পরিতুস্টো **উত্তর: গ**

৫৪. **'প্রতীক্ষা' শব্দটির বিশুদ্ধ উচ্চারণ কোনটি?** [মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. প্রতিখ্খা খ. ফ্রতিখ্খা গ. প্রোতিক্খা ঘ. প্রোথিখ্খা **উত্তর: গ**

৫৫. **'প্রত্যঙ্গ' শব্দটির বিশুদ্ধ উচ্চারণ কোনটি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবারকল্যাণ সহকারী: ১১]
ক. প্রোত্তঙ্গো খ. প্রত্তোঙ্গো গ. প্রত্তঙ্গ ঘ. প্রাত্তাঙ্গো **উত্তর: ক**

৫৬. **'প্রায়শ্চিত্ত' এর সঠিক উচ্চারণ কোনটি?** [সোনালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. প্রায়োশ্চিত্তো খ. প্রয়োচ্চিত্তো গ. প্রাশ্চিত্তো ঘ. প্রায়চিত্তো **উত্তর: ক**

৫৭. **'বাহ্য' এর সঠিক উচ্চারণ কোনটি?** [ঢাবি: ১৭-১৮]
ক. বাজ্জো খ. বাজ্ঝো গ. বাজ্ঝ ঘ. বাইঝ্ঝো **উত্তর: খ**

৫৮. **'বিহ্বল' শব্দের সঠিক উচ্চারণ** - [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. বিহ্‌ব্‌বল্‌ খ. বিউভল্‌ গ. বিহ্‌ভ্‌ভল ঘ. বিওভবল **উত্তর: খ**

৫৯. **'বিস্ময়' এর সঠিক উচ্চারণ** - [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক: ১৭]
ক. বিস্‌শয় খ. বিস্‌ময় গ. বিশ্‌শয় ঘ. বিশময় **উত্তর: গ**

৬০. **'বিস্মিত' এর সঠিক উচ্চারণ কোনটি?** [ঢাবি: ২২-২৩]
ক. বিসমিতো খ. বিশমিতো গ. বিশঁশিতো ঘ. বিশসিতো **উত্তর: গ**

৬১. **'বিশ্বাস' এর সঠিক উচ্চারণ** - [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. বিশশাস্‌ খ. বিশ্‌শাশ্‌ গ. বিশ্‌শ্বাস্‌ ঘ. বিসশাস্‌ **উত্তর: খ**

৬২. **'ব্রহ্ম' এর সঠিক উচ্চারণ** - [বিজেএমসি'র অফিসার: ১৭]
ক. ব্রামমো খ. ব্রাম্‌ভো গ. ব্রোম্‌হো ঘ. ব্রাম্ম **উত্তর: গ**

৬৩. **'ব্রহ্মাণ্ড' এর সঠিক উচ্চারণ** - [শ্রম অধিদপ্তরের সহকারী প্রধান পরিদর্শক: ০৯]
ক. ব্রোম্‌হান্‌ডো খ. ব্রম্‌হান্‌ডো গ. ব্রম্‌হান্‌ড ঘ. ব্রমহন্ড **উত্তর: ক**

৬৪. **'ব্রাহ্ম' এর সঠিক উচ্চারণ** - [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]
ক. ব্রামমো খ. ব্রাম্‌ভো গ. ব্রাম্‌হো ঘ. ব্রাম্ম **উত্তর: গ**

৬৫. **'ব্রহ্মপুত্র' এর সঠিক উচ্চারণ** - [এলজিইডি'র কার্য সহকারী: ২৩]
ক. ব্রোম্‌হোপুত্‌রো খ. ব্রোম্‌মোপুত্‌রো গ. ব্রম্‌হোপুত্‌রো ঘ. ব্রোম্‌হোপুত্‌ত্রো **উত্তর: ঘ**

৬৬. **'ভবিষ্যৎ' এর সঠিক উচ্চারণ** - [বাংলাদেশ বাংকের অফিসার (ক্যাশ): ২৩
ক. ভোবিশ্‌শত্‌ খ. ভবিশ্‌শতো গ. ভোবিষত ঘ. ভোবিষ্‌শ্‌ত **উত্তর: ক**

৬৭. **'মণিমঞ্জুষা' শব্দটির প্রমিত উচ্চারণ হলো** - [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৯]
ক. মণীমোঞজুশা খ. মণিমোনজুসা গ. মোণিমোনজুষা ঘ. মোনিমোন্‌জুশা **উত্তর: ঘ**

৬৮. **'মনীষা' শব্দের শুদ্ধ উচ্চারণ কোনটি?** [সমবায় অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. মোনিশা খ. মোনিষা গ. মোনীশা ঘ. মনিসা **উত্তর: ক**

৬৯. **'মগজ' শব্দের উচ্চারণ** - [বিবিএস'র পরিসংখ্যান কর্মকর্তা: ১০]
ক. মোগজ খ. মগোজ গ. মগজ ঘ. মোগোজ **উত্তর: খ**

৭০. **'রাষ্ট্রপতি' শব্দের উচ্চারণ** - [বিবিএস'র সহকারী অফিসার: ০৯]
ক. রাশ্‌ট্রপোতি খ. রাশ্‌ট্রপতি গ. রাষ্‌ট্রোপতি ঘ. রাশ্‌ট্রোপোতি **উত্তর: ঘ**

৭১. **'লক্ষণ' শব্দের প্রমিত উচ্চারণ** - [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৮]
ক. লোক্‌খন্‌ খ. লক্‌খোন্‌ গ. লোক্‌খোন্‌ খ. লক্‌খন্‌ **উত্তর: গ**

৭২. **'সত্য' শব্দটির শুদ্ধ উচ্চারণ কোনটি?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৯]
ক. শোত্যত খ. শত্য গ. সোততো ঘ. শোত্‌তো **উত্তর: ঘ**

৭৩. **'সম্মান' শব্দের প্রমিত উচ্চারণ** - [পূবালী ব্যাংকের সহকারী অফিসার (ক্যাশ): ১৯]
ক. শম্‌মান্‌ খ. শন্‌মান্‌ গ. শোন্‌মান ঘ. সোন্‌মান্‌ **উত্তর: ক**

৭৪. **'সুন্দর' শব্দের প্রমিত উচ্চারণ কোনটি?** [দুদকের পরিদর্শক: ০৪]
ক. শুনদোর খ. শুনদর গ. সুন্‌দর্‌ ঘ. শোনদর **উত্তর: খ**

৭৫. **'সুদৃষ্টি' শব্দের প্রমিত উচ্চারণ কোনটি?** [ঢাবি: ১৮-১৯]
ক. সুদৃশ্‌টি খ. শুদৃস্‌টি গ. শোদৃশ্‌টি ঘ. শুদৃশ্‌টি **উত্তর: ঘ**

৭৬. **'স্বজন' শব্দের সঠিক উচ্চারণ কোনটি?** [বিএইচবিএসসি'র সিনিয়র অফিসার: ১৮]
ক. সজন খ. সজোন গ. শজন ঘ. শজোন্‌ **উত্তর: ঘ**

৭৭. **'সৌধ' শব্দের প্রমিত উচ্চারণ** - [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৮]
ক. সোউধ্‌ খ. শোউধ্‌ গ. সোউধো ঘ. শোউ্‌ধো **উত্তর: ঘ**

৭৮. **'স্মৃতিসৌধ' শব্দের প্রমিত উচ্চারণ** - [ঢাবি: ১৫-১৬]
ক. সৃতিশোউধ্‌ খ. সৃতিসোউধো গ. সৃঁতিশোউ্‌ধো ঘ. সৃঁতিশোউধ্‌ **উত্তর: গ**

৭৯. **নিচের কোন বানানটি প্রমিত?** [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৮]
ক. শিরঃচ্ছেদ খ. শিরশ্‌ছেদ গ. শিরোশ্‌ছেদ্‌ ঘ. শিরচ্ছেদ **উত্তর: গ**

৮০. **প্রমিত বানানরূপ কোনটি?** [গুচ্ছ ভর্তি: ২২-২৩]
ক. দিকনির্ণয় খ. দিঙনির্ণয় গ. দিগনির্ণয় ঘ. দিগ্নির্ণয় **উত্তর: খ**

৮১. **কোনটি সঠিক উচ্চারণ নয়?** [ঢাবি: ১৭-১৮]
ক. তীব্র = তিবব্রো খ. শূন্য = শুন্ন গ. দুঃসাহস = দুশ্‌শাহোশ্‌ ঘ. লক্ষ্য = লোক্‌খো **উত্তর: খ**

৮২. **কোন উচ্চারণটি প্রমিত নয়?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]
ক. সমুদ্র = শোমুদ্‌দ্রো খ. শ্রাবণ = স্রাবোন্‌ গ. বাগ্মী = বাগ্‌মি ঘ. আহবান = আহোবান্‌ **উত্তর: ঘ**

ধ্বনি পরিবর্তন

০১. **ধ্বনি পরিবর্তন কত প্রকার?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. দুই খ. তিন গ. চার ঘ. পাঁচ **উত্তর: ক**
ব্যাখ্যা: ড. রমজান আলী তাঁর ভাষার ইতিহাস ও আধুনিক ভাষাতত্ত্ব গ্রন্থে বলেছেন, ধ্বনি পরিবর্তন ২ প্রকার। যথা- সাধারণ ও ব্যাকরণগত ধ্বনি পরিবর্তন। তবে ধ্বনি পরিবর্তনের রীতিভেদ বা উপায় ৪ টি। ধ্বনি পরিবর্তনের উদাহরণ হলো লোপ সংক্রান্ত (স্বরলোপ, ব্যঞ্জনচ্যুতি, অন্তর্হতি, হ-কার লোপ, র-কার লোপ), বৃদ্ধি সংক্রান্ত (স্বরাগম, অপিনিহিতি, অসমীকরণ), দ্বিত্ব সংক্রান্ত (দ্বিত্ব ব্যঞ্জন, সমীভবন), পরিবর্তন সংক্রান্ত (ধ্বনি বিপর্যয়, স্বরসঙ্গতি, বিষমীভবন, ব্যঞ্জন বিকৃতি), অন্যান্য (অভিশ্রুতি, ক্ষীনায়ণ, পীনায়ন, সমীকরণ)।

০২. **নিচের কোনটি ধ্বনি পরিবর্তনের উদাহরণ নয়?** [৩৫তম বিসিএস]
ক. প্রাতিপদিক খ. অভিশ্রুতি গ. অপিনিহিতি ঘ. ধ্বনি বিপর্যয় **উত্তর: ক**

০৩. **দ্রুত উচ্চারনের জন্য শব্দের আদি, অন্ত বা মধ্যবর্তী কোন স্বরধ্বনি লোপ পেলে তাকে কী বলে?** [দুদকের পরিদর্শক: ১৩]
ক. সমীভবন খ. সম্প্রকর্ষ গ. স্বরাগম ঘ. সবগুলোই **উত্তর: খ**
ব্যাখ্যা: স্বরলোপ হলো স্বরাগমের বিপরীত। স্বরলোপের অপর নাম সম্প্রকর্ষ। স্বরলোপ তিন প্রকার। যথা- আদি স্বরলোপ, মধ্য স্বরলোপ ও অন্ত্য স্বরলোপ। আদি ইত্যাদি। আদি স্বরলোপের উদাহরণ হলো অলাবু > লাবু, উধার > ধার ইত্যাদি। মধ্য স্বরলোপের উদাহরণ হলো সুবর্ণ > স্বর্ণ, অগুরু > অগ্রু, বসিল > বসল, ফাইন্যান্স > ফিন্যান্স, গামোছা > গামছা ইত্যাদি। অন্ত্য স্বরলোপের উদাহরণ হলো আজি > আজ, চারি > চার, আশা > আশ ইত্যাদি।

০৪. **'ধার' শব্দটি যে ধ্বনি পরিবর্তন প্রক্রিয়ার দৃষ্টান্ত -** [ঢাবি: ১৭-১৮]
ক. বিপ্রকর্ষ খ. স্বরভক্তি গ. সম্প্রকর্ষ / স্বরলোপ ঘ. অন্তর্হতি **উত্তর: গ**

০৫. **কোনটিতে মধ্যস্বরলোপ ঘটেছে?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৯]
ক. গামছা খ. মশারি গ. লুঙ্গি ঘ. চাদর **উত্তর: ক**

০৬. **'চারি > চার' এটি কোন ধরনের ধ্বনিলোপ?** [ইবি: ১৯-২০]
ক. অন্ত্যস্বর খ. মধ্যস্বর গ. আদিস্বর ঘ. র-কার **উত্তর: ক**

০৭. **'বড় দাদা > বড়দা' কোন ধরনের ধ্বনি পরিবর্তন?** [উত্তরা ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২১]
ক. সমাক্ষর লোপ খ. সমীকরণ গ. ব্যঞ্জনচ্যুতি ঘ. ধ্বনি বিপর্যয় **উত্তর: গ**
ব্যাখ্যা: ব্যঞ্জনচ্যুতির উদাহরণ হলো দাদা > দা, বড় দাদা > বড় দা, ঠাকুরদাদা > ঠাকুরদা, মেজদাদা > মেজদা, ছোটকাকা > ছোটকা, বউদিদি > বউদি, মেজদিদি > মেজদি ইত্যাদি।

০৮. **অপিনিহিতি'র মাধ্যমে প্রাপ্ত শব্দে কোন পরিবর্তনের জন্য অভিশ্রুতি ঘটে?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]
ক. অন্তর্হতি খ. ব-শ্রুতি গ. দ্বিত্ব ব্যঞ্জন ঘ. সন্ধি **উত্তর: ক**
ব্যাখ্যা: অন্তর্হতির উদাহরণ হলো ফাল্গুন > ফাগুন, বাপজান > বাজান, ফলাহার > ফলার, ইন্দুর > ইদুর, আলাহিদা > আলাদা ইত্যাদি।

০৯. **'ফলহার > ফলার' হয়েছে, তাকে বলে - / 'ফলাহার' থেকে 'ফলার' শব্দটি হওয়ার কারণ -** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. ধ্বনি বিপর্যয় খ. বর্ণদ্বিত্ব গ. বর্ণাগম ঘ. বর্ণলোপ / অন্তর্হতি **উত্তর: ঘ**

১০. **'ফাল্গুন > ফাগুন' ধ্বনি পরিবর্তনের কোন প্রক্রিয়া এখানে কার্যকর হয়েছে?** [বিকেবি'র অফিসার: ১৭]
ক. ধ্বনিবিকার খ. শ্রুতিধ্বনি গ. অন্তর্হতি ঘ. ধ্বনি বিপর্যয় **উত্তর: গ**

১১. **কোনটি স্বরাগমের উদাহরণ?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]
ক. পিরীতি খ. বিলিতি গ. বসতি ঘ. উড়নি **উত্তর: ক**
ব্যাখ্যা: স্বরাগম বলতে বুঝায় স্বরবর্ণের আগমন। স্বরাগম তিন প্রকার। যথা- আদি স্বরাগম, মধ্য স্বরাগম ও অন্ত্য স্বরাগম। আদি স্বরাগমের উদাহরণ হলো স্কুল > ইস্কুল, স্পর্ধা > আস্পর্ধা, স্টেশন > ইস্টিশন, বসু > বোসু ইত্যাদি। মধ্য স্বরাগমের উদাহরণ হলো রত্ন > রতন, প্রীতি > পিরীতি, মুক্তা > মুকুতা, গ্লাস > গেলাস, ক্লিপ > কিলিপ, শ্লোক > শোলোক, ভ্রু > ভুরু, স্নান > সিনান, ক্লাস > কিলেশ, ফিল্ম > ফিলিম, ধর্ম > ধরম, স্বপ্ন > স্বপন, মিত্র > মিত্তির, নয়ন > নয়ান, বয়ন > বয়ান, চাকরি > চাকুরি, শুক্রবার > শুক্কুরবার ইত্যাদি। অন্ত্য স্বরাগমের উদাহরণ হলো সত্য > সত্যি, বেঞ্চ > বেঞ্চি, আজ > আজি, ট্যাক্স > ট্যাকসো ইত্যাদি।

১২. **'গ্রাম > গেরাম' এখানে কোন ধরনের পরিবর্তন ঘটেছে? / 'স্কুল > ইসকুল', 'প্রীতি > পিরীতি' এ ধরনের পরিবর্তনকে বলে -** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]
ক. স্বরাগম খ. ব্যঞ্জনবিকৃতি গ. অসমীকরণ ঘ. পরাগত **উত্তর: ক**

১৩. **কোনটি আদি স্বরাগম?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৬]
ক. রত্ন > রতন খ. স্ত্রী > ইস্ত্রী গ. গ্রাম > গেরাম ঘ. স্নেহ > সিনেহ **উত্তর: খ**

১৪. **'স্কুল > ইস্কুল' এখানে কোন ধরনের পরিবর্তন ঘটেছে?** [জাতীয় সংসদ সচিবালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ২৩]
ক. আদি স্বরাগম খ. মধ্য স্বরাগম গ. বিপ্রকর্ষ ঘ. অন্ত্য স্বরাগম **উত্তর: ক**

১৫. **মধ্য স্বরাগমের সমার্থক কোনটি? / নিচের কোনটিকে মধ্য স্বরাগমের বিকল্প বলা যায়?** [দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক: ১৩]
ক. স্বর সংগতি খ. অভিশ্রুতি গ. সম্প্রকর্ষ ঘ. বিপ্রকর্ষ / স্বরভক্তি **উত্তর: ঘ**

১৬. **সংযুক্ত ব্যঞ্জন ধ্বনির মধ্যে স্বরের আগমনকে কী বলে?** [পিটিআই'র ইন্সট্রাক্টর: ১৯]
ক. বিপ্রকর্ষ / স্বরভক্তি খ. অভিশ্রুতি গ. সম্প্রকর্ষ ঘ. স্বর সংগতি **উত্তর: ক**

১৭. **কোনটি স্বরভক্তি বা বিপ্রকর্ষ এর উদাহরণ?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]
ক. শুক্রবার > শুক্কুরবার খ. আহলা > আহলাদ গ. স্পর্ধা > আস্পর্ধা ঘ. মুকদ্দমা > মোকর্দমা **উত্তর: ক**

১৮. **কোনটি স্বরভক্তির উদাহরণ? / কোনটি মধ্য স্বরাগমের উদাহরণ?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. বিলিতি খ. পিরীতি গ. বসতি ঘ. জানালা **উত্তর: খ**

১৯. **'মিত্তির' শব্দ সৃষ্টির কারণ -** [ডেসকো'র সুপারভাইজার: ১৯]
ক. স্বরভক্তি খ. স্বরসঙ্গতি গ. ধ্বনি বিপর্যয় ঘ. স্বরলোপ **উত্তর: ক**

২০. **'স্নান > সিনান' কোন ধরনের ধ্বনি পরিবর্তন প্রক্রিয়া? / যে রীতিতে 'স্নান' শব্দটি সিনান শব্দে পরিণত হয়, তার নাম -** [পরিবেশ অধিদপ্তরের মন্ত্রণালয়ের রিসার্চ অফিসার: ০৯]
ক. অভিশ্রুতি খ. স্বরাগম গ. বিপ্রকর্ষ ঘ. অভিকর্ষ **উত্তর: গ**

২১. **'ক্লাশ > কিলেশ', 'প্রীতি > পিরীতি', 'গ্লাস > গেলাস' এগুলো কিসের উদাহরন? / 'রত্ন > রতন' হওয়ার ধ্বনিসূত্র -** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]
ক. অপিনিহিতি খ. আদি স্বরাগম গ. স্বরভক্তি / মধ্য স্বরাগম ঘ. অন্ত্য স্বরাগম **উত্তর: গ**

২২. **'রত্ন > রতন', 'ধর্ম > ধরম', 'স্বপ্ন > স্বপন' প্রভৃতি কী জাতীয় ধ্বনি পরিবর্তনের উদাহরণ?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ০৮]
ক. স্বরভক্তি / মধ্য স্বরাগম খ. স্বরসংগতি গ. অপিনিহিতি ঘ. অভিশ্রুতি **উত্তর: ক**

২৩. **'ট্যাক্স > ট্যাক্সো' এটি কোন ধরনের ধ্বনি পরিবর্তন?** [ঢাবি: ১৭-১৮]
ক. অন্ত্যস্বরাগম খ. অভিশ্রুতি গ. ধ্বনি বিপর্যয় ঘ. মধ্য স্বরাগম **উত্তর: ক**

২৪. **পরের 'ই' কার ও 'উ' কার আগেই উচ্চারিত হওয়ার রীতিকে কী বলে?** [তুলা উন্নয়ন বোর্ডের তুলা উন্নয়ন কর্মকর্তা: ০৬]
ক. স্বরাগম খ. বিপ্রকর্ষ গ. অপিনিহিতি ঘ. অভিশ্রুতি **উত্তর: গ**
ব্যাখ্যা: অপনিহিতি শব্দের অর্থ হলো পূর্বে স্থাপন বা পূর্বে বসা। যেমন- আজি > আইজ, সভ্য > সইভ্য, বক্ষ > বইক্ষ, জজ্ঞ > জইজ্ঞ, আজ্ঞা > আইজ্ঞা, মান্য > মাইন্য, ভাগ্য > ভাইগ্য, কাব্য > কাইব্য, কন্যা > কইন্যা, করিয়া > কইর‍্যা, রাখিয়া > রাখিয়্যা, আশু > আউশ, সাধু > সাউধ, রাতি > রাইত, কালি > কাইল, চারি > চাইর, কলিকাতা > কইলকাতা, জলুয়া > জউলুয়া, ভাতুয়া > ভাউতুয়া, নারিকেল > নাইরকল, চক্ষু > চউখ, জ্বালিয়া > জ্বাইল্যা, বানিয়া > বাইন্যা, মাটি > মাইট্যা ইত্যাদি।

২৫. **কোনটি অপিনিহিতির উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]
ক. রাইত খ. জলো গ. চলতি ঘ. শুনিয়া **উত্তর: ক**

২৬. **কোনটি অপিনিহিতির উদাহরণ?** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী ভূতত্ত্ববিদ: ০৬]
ক. স্ত্রী > ইস্ত্রী খ. স্বপ্ন > স্বপন গ. ভাগ্য > ভাইগ্য ঘ. পূজো > পুজো **উত্তর: গ**

২৭. **কোনটি অপিনিহিতির উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০২]
ক. জন্ম > জম্ম খ. আজি > আইজ গ. ডেস্ক > ডেসক ঘ. অলাবু > লাবু > লাউ **উত্তর: খ**

২৮. **'আশু > আউশ' এটি ধ্বনি পরিবর্তনের কোন নিয়মের উদাহরণ? / 'কন্যা > কইন্যা' কোন ধরনের ধ্বনি পরিবর্তন? / 'বক্ষ > বইক্ষ' কোন ধরনের ধ্বনি পরিবর্তন?** [এলজিইডি'র কার্য সহকারী: ২৩]
ক. অপিনিহিতি খ. সমীভবন গ. বিপ্রকর্ষ ঘ. বর্ণ বিপর্যয় **উত্তর: ক**

২৯. **একই স্বরের পুনরাবৃত্তি না করে মাঝখানে স্বরধ্বনি যুক্ত হলে তাকে কী বলে?** [বাংলাদেশ রেলওয়ের সহকারী সার্জন: ০৫]
ক. সম্প্রকর্ষ খ. পরাগত গ. স্বরসঙ্গতি ঘ. অসমীকরণ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: অসমীকরণের উদাহরণ হলো ধপ+ধপ > ধপাধপ, টপ+টপ > টপাটপ, গপ+গপ > গপাগপ, পট+পট > পটাপট, ফট+ফট > ফটাফট, ফল+ফল > ফলাফল, চল+চল > চলাচল ইত্যাদি।

৩০. **'বড় > বড্ড' এটি কোন ধরনের পরিবর্তন?** [৪৩তম বিসিএস]
ক. বিষমীভবন খ. সমীভবন গ. ব্যঞ্জনদ্বিত্ব ঘ. ব্যঞ্জন-বিকৃতি **উত্তর: গ**
ব্যাখ্যা: ব্যঞ্জনদ্বিত্ব বা বর্ণদ্বিত্বের উদাহরণ হলো পাকা > পাক্কা, সকাল > সক্কাল, ছোট > ছোট্ট, ছুটি > ছুট্টি, বড় > বড্ড, কিছু > কিচ্ছু, সবাই > সব্বাই, মুলুক > মুল্লুক, হদ > হদ্দ ইত্যাদি।

৩১. **সমীভবন কী?** [পবিপ্রবি: ১৯-২০]
ক. ষ-ত্ব বিধান খ. বিদেশি শব্দ গ. স্বর আলাদা ঘ. দুটো ব্যঞ্জনের একরকম হওয়া **উত্তর: ঘ**
ব্যাখ্যা: সমীভবনের অর্থ হলো দুটো ব্যঞ্জনের সমান হওয়া। সমীভবনের প্রতিশব্দ হলো ব্যঞ্জনসঙ্গতি, সমীকরণ ও সমবর্ণতা। সমীভবন তিন প্রকার। প্রগত, পরাগত ও অন্যোন্য সমীভবন। প্রগত সমীভবনের উদাহরণ হলো পদ্ম > পদ্দ, বিল্ব > বিল্ল, চন্দন > চন্নন, গলদা > গল্লা, পক্ক > পক্ক, চক্র > চক্ক, রাজ্য > রাজ্জ, লগ্ন > লগ্গ ইত্যাদি। পরাগত সমীভবনের উদাহরণ হলো গল্প > গপ্প, জন্ম > জম্ম, ধর্ম > ধম্ম, দূর্বা > দূব্বা, ধর্না > ধন্না, রাধ্না > রান্না, অরণ্য > অন্না, কাঁদনা > কান্না, কর্তা > কত্তা, সর্প > সপ্প, মূর্খ > মুখ্খু, দুর্গা > দুগ্গা, স্বর্গ > স্বগ্গ, পাঁচজন > পাজ্জন, যতদূর > যদ্দুর, বদজাত > বজ্জাত ইত্যাদি। অন্যোন্য সমীভবনের উদাহরণ হলো সত্য > সচ্চ, বিদ্যা > বিজ্জা, উৎশ্বাস > উচ্ছ্বাস, কুৎসিত > কুচ্ছিত, বৎসর > বচ্ছর, মহোৎসব > মোচ্ছব, তৎ+হিত > তদ্ধিত, উৎহার > উদ্ধার, কুৎসা > কেচ্ছা, চিকিৎসা > চিকিচ্ছা, মৎস্য > মচ্ছ, কুৎসিত > কুচ্ছিত ইত্যাদি।

৩২. **শব্দমধ্যস্থ দুইটি ভিন্ন ধ্বনি একে অপরের প্রভাবে অল্প বিস্তর সমতা লাভ করলে তাকে বলে -** [সমবায় বিভাগের সহকারী প্রশিক্ষক: ১৮]
ক. সমীভবন খ. অপিনিহিতি গ. বিষমীভবন ঘ. অভিশ্রুতি **উত্তর: ক**

৩৩. **কোনটি সমীভবনের উদাহরণ?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ২৩]
ক. করতে > কত্তে খ. লেবু > নেবু গ. শাক > শাগ ঘ. বসু > বোসু **উত্তর: ক**

৩৪. **'অরণ্য > অন্না' কোন ধরনের ধ্বনি পরিবর্তন? / 'কাঁদনা > কান্না' কোন ধরনের ধ্বনি পরিবর্তনের উদাহরণ?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]
ক. সমীভবন খ. অপিনিহিতি গ. বিষমীভবন ঘ. অভিশ্রুতি **উত্তর: ক**

৩৫. **'গল্প > গপ্প' কোন ধরনের ধ্বনি পরিবর্তন? / 'তৎ+হিত = তদ্ধিত' কোন ধরনের ধ্বনি পরিবর্তন?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]
ক. অভিশ্রুতি খ. অপিনিহিতি গ. সমীভবন ঘ. বিষমীভবন **উত্তর: গ**

৩৬. **রান্না শব্দটি ব্যাকরণের কোন নিয়মে তৈরি?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]
ক. স্বরসঙ্গতি খ. বিষমীভবন গ. অসমীকরণ ঘ. সমীভবন **উত্তর: ঘ**

৩৭. **পরবর্তী ধ্বনির প্রভাবে পূর্ববর্তী ধ্বনির পরিবর্তনকে বলে -** [নিপোর্টের অফিস সহায়ক: ১৯]
ক. পরাগত সমীভবন খ. প্রগত সমীভবন গ. বিষমীভবন ঘ. অন্যোন্য সমীভবন **উত্তর: ক**

৩৮. **পরস্পরের প্রভাবে দুটো ধ্বনি পরিবর্তিত হলে তাকে কী বলে?** [ঢাবি: ১৯-২০]
ক. অন্যোন্য সমীভবন খ. প্রগত সমীভবন গ. বিষমীভবন ঘ. পরাগত সমীভবন **উত্তর: ক**

৩৯. **'বিদ্যা > বিজ্ঞা' এই ধ্বনি পরিবর্তনকে কী বলা হয়?** [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ০৯]
ক. পরাগত সমীভবন খ. প্রগত সমীভবন গ. বিষমীভবন ঘ. অন্যোন্য সমীভবন **উত্তর: ঘ**

৪০. **দুইটি ব্যঞ্জন ধ্বনির মধ্যে পরস্পরের স্থান পরিবর্তনকে কী বলে? / শব্দের মধ্যে দুইটি ব্যঞ্জনের স্থান পরিবর্তন ঘটলে তাকে বলে - / শব্দের মধ্যবর্তী স্বরবর্ণের বা ব্যঞ্জনবর্ণের স্থান পরিবর্তন ঘটলে তাকে বলে -** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ২০]
ক. ধ্বনি বিপর্যয় / বর্ণ বিপর্যয় খ. ব্যঞ্জন বিকৃতি গ. অপিনিহিতি ঘ. বিপ্রকর্ষ **উত্তর: ক**
ব্যাখ্যা: ধ্বনি বিপর্যয়ের উদাহরণ হলো রিকসা > রিসকা, বাকস > বাসক, লাফ > ফাল, পিশাচ > পিচাশ, ডেস্ক > ডেস্ক, তলোয়ার > তরোয়াল, লোকসান > লোসকান, তুলতুলা > লুতলুতা, জানালা > জালনা, কলমি > কমলি, নকশা > নশকা, চাকরি > চারকি ইত্যাদি।

৪১. **ধ্বনি বিপর্যয়ের উদাহরণ কোনটি? / ধ্বনি পরিবর্তনের নিয়মে কোনটি বর্ণ বিপর্যয়ের দৃষ্টান্ত?** [৪৪তম বিসিএস]
ক. আগুন খ. আলমারি গ. পিচাশ ঘ. ইচ্ছে **উত্তর: গ**

৪২. **ধ্বনি বিপর্যয়ের উদাহরণ কোনটি?** [দুদকের সহকারী পরিচালক: ১০]
ক. আজি > আইজ খ. পিশাচ > পিচাশ গ. পাকা > পাক্কা ঘ. স্কুল > ইস্কুল **উত্তর: খ**

৪৩. **কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ?** [১৩তম প্রভাষক নিবন্ধন]
ক. শরীর > শরীল খ. হংস > হাস গ. লাফ > ফাল ঘ. দুর্গা > দুগ্গা **উত্তর: গ**

৪৪. **'তুলতুলা > লুতলুতা' কোন ধরনের ধ্বনি পরিবর্তন?** [জবি: ১২-১৩]
ক. সমাক্ষর লোপ খ. সমীকরণ গ. ব্যঞ্জনচ্যুতি ঘ. ধ্বনি বিপর্যয় **উত্তর: ঘ**

৪৫. **কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ নয়?** [স্ট্যান্ডার্ড ব্যাংকের এমটিও: ১২]
ক. পিশাচ > পিচাশ খ. বাক্স > বাস্ক গ. রিক্সা > রিস্কা ঘ. স্কুল > ইস্কুল **উত্তর: ঘ**

৪৬. **স্বরসঙ্গতির উদাহরণ কোনটি?** [সোনালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৮]
ক. হইবে > হবে খ. রাত্রি > রাইত গ. দেশি > দিশি ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**
ব্যাখ্যা: স্বরসঙ্গতি পাঁচ প্রকার। যথা- প্রগত, পরাগত, মধ্যগত, অন্যোন্য এবং চলতি বাংলা স্বরসঙ্গতি। প্রগত স্বরসঙ্গতির উদাহরণ হলো ইচ্ছা > ইচ্ছে, মিথ্যা > মিথ্যে, মিছা > মিছে, মিঠা > মিঠে, ফিতা > ফিতে, শিকা > শিকে, পিঠা > পিঠে, বিয়া > বিয়ে, বিকাল > বিকেল, পূজা > পুজো, তুলা > তুলো, মুলা > মুলো, ধুলা > ধুলো, জুতা > জুতো, হুঁকা > হুঁকো, ফুটা > ফুটো, কুঁজা > কুঁজো, মুড়া > মুড়ো, মুঠা > মুঠো, নৌকা > নৌকো, কৌটা > কৌটো, কুমার > কুমোর ইত্যাদি। পরাগত স্বরসঙ্গতির উদাহরণ হলো শুন > শোন, শুনা > শোনা, বুঝা > বোঝা, শিখা > শেখা, লিখা > লেখা, শিয়াল > শেয়াল, কিতাব > কেতাব, দেশি > দিশি, নাই > নেই, মিশা > মেশা ইত্যাদি। মধ্যগত স্বরসঙ্গতির উদাহরণ হলো জিলাপি > জিলিপি, বিলাতি > বিলিতি, বিলাত > বিলেত, বিদেশি > বিদিশি, কুড়াল > কুড়োল বা কুড়ুল, ভিখারি > ভিখিরি, নিকাশ > নিকেশ, শুয়ার > শুয়োর ইত্যাদি। অন্যোন্য স্বরসঙ্গতির উদাহরণ হলো মোজা > মুজো, ধোঁকা > ধুঁকা, ডুবো > ডোবা, যদু > যোদো, মধু > মোধো ইত্যাদি।

৪৭. **'মিঠা > মিঠে' এরূপ পরিবর্তনকে কী বলা হয়? / 'মুলা > মুলো' কোন ধরনের ধ্বনি পরিবর্তন?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অডিটর: ১৯]
ক. স্বরসঙ্গতি খ. স্বরভক্তি গ. ধ্বনি বিপর্যয় ঘ. স্বরলোপ **উত্তর: ক**

৪৮. **আদিস্বর অনুযায়ী অন্ত্যস্বর পরিবর্তিত হলে কোন ধরনের স্বরসঙ্গতি হয়?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ১২]
ক. পরাগত খ. মধ্যগত গ. প্রগত ঘ. অন্যান্য **উত্তর: গ**

৪৯. **মধ্যগত স্বরসঙ্গতির উদাহরণ কোনটি?** [উত্তরা ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২১]
ক. জিলিপি খ. মুজো গ. মেলামেশা ঘ. তুলো **উত্তর: ক**

৫০. **'বিলাতি > বিলিতি' কিসের উদাহরণ?** [রূপালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. মধ্য স্বরাগম খ. অপিনিহিত গ. প্রগত ঘ. মধ্যগত **উত্তর: ঘ**

৫১. **দুইটি সমবর্ণের একটির পরিবর্তনকে বলা হয় - / শব্দ মধ্যস্থিত দুইটি সমধ্বনির একটির পরিবর্তনকে বলে -** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ২৩]
ক. অপগত খ. পরাগত গ. অসমীভবন ঘ. বিষমীভবন **উত্তর: ঘ**

ব্যাখ্যা: বিষমীভবনের উদাহরণ হলো লাল > নাল, শরীর > শরীল, মুরারি > মুরালি, মর্মর > মার্বেল, আরমারি > আলমারি, লাঙ্গল > নাঙ্গল, তরোয়ার > তলোয়ার, আনানস > আনারাস, জরুরি > জরুলি, নুকসান > লোকসান, অভিভাবক > অবিভাবক ইত্যাদি।

৫২. **কোনটি বিষমীভবন এর উদাহরণ?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. অঙ্ক > আঁক খ. লাল > নাল গ. কাচ > কাঁচ ঘ. পুথি > পুথি **উত্তর: খ**

৫৩. **পর্তুগিজ 'আনানস' বাংলায় 'আনারস' কী ধরনের পরিবর্তন?** [পিকেবি'র সিনিয়র অফিসার: ১৪]
ক. সাদৃশ্য খ. বৈসাদৃশ্য গ. অর্থগত ঘ. ধ্বনিতাত্ত্বিক **উত্তর: ঘ**

৫৪. **'মর্মর > মার্বেল' কোন ধরনের ধ্বনি পরিবর্তন প্রক্রিয়া? / 'শরীর > শরীল' কোন ধরনের ধ্বনি পরিবর্তনের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৭]
ক. স্বরলোপ খ. বিষমীভবন গ. অভিশ্রুতি ঘ. বর্ণ বিকৃতি **উত্তর: খ**

৫৫. **ব্যঞ্জন বিকৃতির দৃষ্টান্ত** - [ঢাবি: ০৭-০৮]
ক. ফাল্গুন > ফাগুন খ. বউদিদি > বউদি গ. ধোবা > ধোপা ঘ. ধরিতে > ধরতে **উত্তর: গ**
ব্যাখ্যা: ব্যঞ্জন বিকৃতির উদাহরণ হলো কবাট > কপাট, ধোবা > ধোপা, ধাইমা > দাইমা, শাক > শাগ, লেবু > নেবু, আপা > আফা, ডাকঘর > ডাগঘর, নাড়ু > লাড়ু, গোলাপ > গুলাব, বাকযন্ত্র > বাগযন্ত্র ইত্যাদি।

৫৬. **ধ্বনি বিকারের উদাহরণ কোনটি? / ব্যঞ্জন বিকৃতির উদাহরণ কোনটি?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অডিটর: ১৯]
ক. লেবু > নেবু খ. গাহিল > গাইল গ. বন্যা > বান ঘ. মারল > মল্ল **উত্তর: ক**

৫৭. **'কবাট > কপাট', 'ধোবা > ধোপা' কিসের উদাহরণ?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. ধ্বনি বিপর্যয় খ. অভিশ্রুতি গ. ব্যঞ্জন চ্যুতি ঘ. ব্যঞ্জন বিকৃতি **উত্তর: ঘ**

৫৮. **অভিশ্রুতির উদাহরণ হলো** - [ঢাবি: ১৮-১৯]
ক. হাউট্যা খ. মেছো গ. মাছুয়া ঘ. আইসা **উত্তর: খ**
ব্যাখ্যা: অভিশ্রুতির উদাহরণ হলো রাখিয়া > রেখে, করিয়া > করে, শুনিয়া > শুনে, বলিয়া > বলে, আসিয়া > এসে, মানিয়া > মেনে, মাছুয়া > মেছো, হাটুয়া > হেটো, মাঠুয়া > মেঠো ইত্যাদি।

৫৯. **অভিশ্রুতির ক্ষেত্রে কোন স্বরধ্বনি পরিবর্তিত হয়?** [কুবি: ১৯-২০]
ক. এ , ঐ খ. ই, এ গ. ই, উ ঘ. ই, ঔ **উত্তর: গ**

৬০. **'করিয়া > কইরা > করে' কী জাতীয় ধ্বনির পরিবর্তন? / 'ধরিয়া > ধরে' কোন ধ্বনি পরিবর্তন? 'ধরিয়া' থেকে 'ধরে' ধ্বনি পরিবর্তনের কোন নিয়মে হয়েছে? / 'শুনিয়া > শুনে' কোন ধ্বনি পরিবর্তন?** [বিএমইটি'র অফিস সহায়ক: ২২]
ক. অন্তর্হতি খ. অভিশ্রুতি গ. সমীভবন ঘ. স্বরসঙ্গতি **উত্তর: খ**

৬১. **স্বরধনি পরিবর্তন সংক্রান্ত গুণ, বৃদ্ধি ও সম্প্রসারণকে একত্রে বলে** - [ঢাবি: ১৬-১৭]
ক. অপশ্রুতি খ. অপঋদ্ধি গ. ত্রিশ্রুতি ঘ. ত্রিগুণা **উত্তর: ক**

৬২. **মহাপ্রাণ ধ্বনি অল্পপ্রাণ ধ্বনির মতো উচ্চারিত হলে তাকে বলে** - [পূবালী ব্যাংকের অফিসার: ১১]
ক. অভিকর্ষ খ. অভিশ্রুতি গ. ক্ষীণায়ন ঘ. বিপ্রকর্ষ **উত্তর: গ**

৬৩. **দ্বিতীয়বার ব্যবহারের সময় ব্যঞ্জনধ্বনির পরিবর্তন দ্বারা কোন শব্দটি গঠিত হয়েছে?** [জনতা ব্যাংকের অফিসার: ১৯]
ক. ফিটফাট খ. সরাসরি গ. ছটফট ঘ. খটাখট **উত্তর: গ**

৬৪. **কোনটি ঘোষীভবনের উদাহরণ?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২৩]
ক. শাক > শাগ খ. পুকুর > পুখুর গ. কাঠ > কাট ঘ. বাবু > বাপু **উত্তর: ক**
ব্যাখ্যা: অঘোষ বর্ণ ঘোষ বর্ণে পরিণত হলে তাকে ঘোষীভবন বলে। যথা- কাক > কাগ, লোক > লোগ, ছাত > ছাদ, শাক > শাগ ইত্যাদি।

৬৫. **'কাক > কাগ' কোন প্রকার পরিবর্তন? / 'লোক > লোগ' কোন ধরনের পরিবর্তন?** [রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]
ক. অভিশ্রুতি খ. সমীভবন গ. ঘোষীভবন ঘ. দ্বন্দ্বীভবন **উত্তর: গ**

যুক্তবর্ণ ও বর্ণানুক্রম

০১. **কোনটি যুক্তবর্ণ নয়?** [বিএসএমএমইউ'র সিনিয়র স্টাফ নার্স: ০৬]
ক. কৃ খ. ষ্ট গ. ক্ত ঘ. ত্র **উত্তর: ক**

০২. **'হ্ম' যুক্তবর্ণটি কিভাবে গঠিত হয়েছে?** [৩৮তম বিসিএস]
ক. হ্+ম খ. ক্+ষ গ. ষ+ম ঘ. ম্+হ **উত্তর: ক**

০৩. **'ক্ষ' সংযুক্ত বর্ণটি কোন কোন বর্ণ নিয়ে গঠিত? / 'ক্ষ' যুক্তাক্ষরটি কোন দুইটি বর্ণের সংযোগে জাত? / 'পক্ষী' শব্দের সংযুক্ত বর্ণ কোন কোন বর্ণ নিয়ে গঠিত? / 'রক্ষা' শব্দের সংযুক্ত বর্ণ কোন কোন বর্ণ নিয়ে গঠিত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ক+ষ খ. ক+খ গ. ষ+ঞ ঘ. ষ+ক **উত্তর: ক**

০৪. **'হ্ম' এর বিশ্লিষ্ট রূপ - / 'তীক্ষ্ম' শব্দের যুক্তব্যঞ্জনের সঠিক বিশ্লেষণ কোনটি?** [এনএসআই'র সহকারী পরিচালক: ২১]
ক. হ্ম+ম খ. খ+হ্+ম গ. ক+ষ+ণ ঘ. ক্+ষ+ম **উত্তর: ঘ**

০৫. **'উষ্ণ' শব্দের যুক্তাক্ষরটি কোন কোন বর্ণের সমন্বয়ে গঠিত? / 'ষ্ণ' যুক্তবর্ণটি ভাঙলে কোন দুইটি বর্ণ পাওয়া যায়? / 'ষ্ণ' যুক্তবর্ণটি কোন বর্ণোগুলোর সমষ্টি?** [পূবালী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. ষ্+ণ খ. ষ+ঞ গ. ষ+ন ঘ. ষ+ঙ **উত্তর: ক**

০৬. **যথাক্রমে 'ক্ষ' এবং 'হ্ন' এর বিশিষ্ট রূপ দেখান।** [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]

ক. ষ+ঞ, হ্+ণ খ. য+ন, হ্+ণ গ. ষ্+ণ, হ্+ন ঘ. ষ+ন, হ্+ন **উত্তর: গ**

০৭. **'তৃষ্ণা' শব্দে কোন কোন বর্ণ আছে?** [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৬]

ক. ত+র+ষ+ঞ+আ খ. ত+র+ষ+ন+আ গ. ত+র+ক+ষ+আ ঘ. ত+ঋ+ষ্+ণ+আ **উত্তর: ঘ**

০৮. **'ষ্ণু' শব্দে কোন কোন বর্ণ আছে?** [শ্রম পরিদপ্তরের হিসাবরক্ষক: ১০]

ক. ষ্+ণ+উ খ. ষ্+ঙ+আ গ. ষ্+ঞ+উ ঘ. ষ+ন+উ **উত্তর: ক**

০৯. **'জ্ঞ' যুক্তবর্ণটি কোন কোন বর্ণের মিলনে গঠিত হয়? / 'বিজ্ঞান' শব্দের যুক্তবর্ণের সঠিক রূপ কোনটি? / 'জ্ঞান' শব্দের যুক্তবর্ণ কোন কোন বর্ণের মিলনে গঠিত হয়েছে?** [৩৬তম বিসিএস]

ক. জ্+ঞ খ. ঞ+গ গ. ঞ+জ ঘ. প+ঞ **উত্তর: ক**

১০. **'থ্য' সংযুক্ত বর্ণটিতে কোন কোন বর্ণ রয়েছে?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী শিক্ষক: ০৫]

ক. ল+ত খ. ল+থ গ. ত্+থ ঘ. থ+ত **উত্তর: গ**

১১. **'সুস্পষ্টরূপে' শব্দটির কোন বিশ্লেষণ ঠিক?** [পিএসসি'র সহকারী পরিচালক: ১৪]

ক. সুস্পষ্ট+স্বরূপে খ. সু+স্পষ্ট+র+পে গ. সু+স্পষ্ট+রূপ+এ ঘ. সুস্পষ্ট+রূপ+এ **উত্তর: গ**

১২. **'দ্ধ' যুক্তাক্ষরে কোন দুইটি বর্ণ রয়েছে?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ১৬]

ক. দ+ব খ. দ+দ গ. দ+ত ঘ. দ্+ধ **উত্তর: ঘ**

১৩. **'ঞ্জ' যুক্তবর্ণটি কীভাবে গঠিত হয়েছে?** [পিটিআই'র ইন্সট্রাক্টর: ১১]

ক. ঞ+ঞ খ. জ+ণ গ. ঞ্+জ ঘ. ন+জ **উত্তর: গ**

১৪. **'কুজ্ঝটিকা' শব্দের যুক্তবর্ণটি কোন দুইটি বর্ণের সংযোগে গঠিত হয়েছে?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ২০]

ক. জ্+ঝ খ. ঝ+ঝ গ. ঝ+জ ঘ. ঝ+ব **উত্তর: ক**

১৫. **'বাঞ্ছনীয়' শব্দের যুক্তবর্ণের সঠিক রূপ কোনটি?** [পিএসসি'র সহকারী পরিচালক: ১৪]

ক. চ+ঞ খ. ছ+ঞ গ. ঞ+চ ঘ. ঞ+ছ **উত্তর: ঘ**

১৬. **'স্থ' যুক্তবর্ণে কী কী যুক্তবর্ণ আছে?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী পরিচালক: ২০]

ক. ষ+থ খ. হ্+থ গ. স+থ ঘ. স+ত **উত্তর: গ**

১৭. **'হ্ন' এই যুক্ত ব্যঞ্জনে কোন কোন বর্ণ আছে?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]

ক. হ্+ম খ. হ্+ণ গ. হ্+ন ঘ. হ্+ত **উত্তর: গ**

১৮. **'হ্ম' যুক্তব্যঞ্জনের বিশিষ্ট রূপ কোনটি?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী: ২৩]

ক. হ্+ম খ. হ্+ণ গ. হ্+ন ঘ. থ্+ন **উত্তর: খ**

১৯. **নিচের কোন যুক্তবর্ণে চারটি বর্ণের সংযোগ ঘটেছে?** [ঢাবি: ১৩-১৪]

ক. ক্ত্র্য খ. ভ্রূ গ. ক্ষ্ম্য ঘ. ঞ্জু **উত্তর: ক, গ**

২০. **নিচে বাংলা ব্যঞ্জন ভুলভাবে যুক্ত হয়েছে -** [ঢাবি: ১৮-১৯]

ক. ক্ষ = ক্ + ষ খ. হ্ম = হ্ + ম গ. ত্ন = ত্ + ন ঘ. জ্ঞ = জ্ + ঞ **উত্তর: গ**

২১. **বাংলা অভিধানে 'ক্ষ' এর অবস্থান কোথায়?** [ডাক অধিদপ্তরের উপজেলা পোস্টমাস্টার: ১৬]

ক. খ এর পরে খ. হ এর পরে গ. ষ এর পরে ঘ. ক এর পরে **উত্তর: ঘ**

ব্যাখ্যা: স্বরবর্ণ ও ব্যঞ্জন বর্ণের সাধারণ বর্ণানুক্রম হলো অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, এ, ঐ, ও, ঔ, ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ, ট, ঠ, ড, ঢ, ণ, ত, থ, দ, ধ, ন, প, ফ, ব, ভ, ম, য, র, ল, শ, ষ, স, হ, ড়, ঢ়, য়, ৎ, s, t, u। কিন্তু অভিধানে ব্যবহৃত বর্ণানুক্রম হলো অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, এ, ঐ, ও, ঔ, s, t, u, ক, ক্ষ, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ, ট, ঠ, ড, ঢ়, ণ, ত, ৎ, থ, দ, ধ, ন, প, ফ, ব, ভ, ম, য, য়, র, ল, শ, ষ, স, হ।

২২. **অভিধানে ব্যবহৃত 'য' এর পর বর্ণানুক্রমে কোনটি আসে?** [রাকাব'র ক্যাশিয়ার: ১৭]

ক. ও খ. ল গ. র ঘ. শ **উত্তর: গ**

২৩. **অভিধান অনুযায়ি যুক্তাক্ষরের বর্ণানুক্রম কোনটি সঠিক?** [জাবি: ১৯-২০]

ক. ল্ক, ল্ম, ল্প, ল্ল খ. ল্ক, ল্প, ল্ম, ল্ল গ. ল্ল, ল্ক, ল্প, ল্ম ঘ. ল্প, ল্ম, ল্ল, ল্ক **উত্তর: খ**

২৪. **অভিধানে কোন শব্দটি আগে আসবে?** [বিকেবি'র ডাটা এন্ট্রি অপারেটর: ১২]

ক. চাঁপা খ. চানা গ. চালা ঘ. চাঁটি **উত্তর: ঘ**

২৫. **আভিধানিকভাবে সাজানো শব্দত্রয় -** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের পাইলট: ১৯]

ক. অমেয়, অমৃত, অম্বল খ. নরম, নারিকেল, নালা গ. চলতি, চর্চা, চাকু ঘ. পাঁচ, পঁচিশ, পঁচাশি **উত্তর: খ**

২৬. **অভিধানে অনুসৃত বর্ণানুক্রমে সাজানো হয়েছে যে গুচ্ছটি -** [বিএইচবিএফসি'র সিনিয়র অফিসার: ১৭]

ক. খদ্দর, ক্ষতি, খবর খ. বাঁশ, বিবর্ণ, বনলতা গ. তেল, তৈয়ার, তোশা ঘ. মহিম, মনা, মাতৃ **উত্তর: গ**

২৭. **কোন গুচ্ছের শব্দগুলো অভিধানক্রম অনুযায়ী বিন্যস্ত?** [রাবি: ১৬-১৭]

ক. নির্দোষ, নির্দ্বন্দ্ব, নির্দ্বিধা খ. নির্দ্বন্দ্ব, নির্দোষ, নির্দ্বিধা গ. নির্দ্বিধা, নির্দোষ, নির্দ্বন্দ্ব ঘ. নির্দোষ, নির্দ্বিধা, নির্দ্বন্দ্ব **উত্তর: ক**

২৮. **বাংলা একাডেমির অভিধান অনুযায়ী নিচের কোন বর্ণনাক্রমটি সঠিক?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. পাওয়া, গাং, গাঁ, গাঙ্গ খ. গাং, পাওয়া, গাঁ, গাঙ্গ গ. গাং, গাঁ, গাঙ্গ, পাওয়া ঘ. গাং, গাঁ, পাওয়া, গাঙ্গ **উত্তর: ক**

২৯. **আভিধানিক ক্রম অনুসারে সাজানো শব্দগুচ্ছ কোনটি?** [বিসিকের প্রকাশনা কর্মকর্তা: ২৩]
ক. ফল, মূল, হরিদ্রা খ. সৈয়দ, খান, চৌধুরী গ. অল্প, সামান্য, ক্ষণিক, ঘ. আমলকি, আনারস, আপেল **উত্তর: ক**

ণ-ত্ব ও ষ-ত্ব বিধান

০১. **ণ-ত্ব বিধান কী?** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-সহকারী পরিচালক: ০১]
ক. তৎসম শব্দের রীতি খ. বেদ নির্দেশিত রীতি
গ. দেশীয় শব্দের ঐতিহ্য সংশ্লিষ্ট নিয়ম ঘ. বিদেশি শব্দের অভিজ্ঞতাজাত বিধান **উত্তর: ক**

০২. **ণ-ত্ব বিধান বাংলা বানানে কোন শব্দের ক্ষেত্রে প্রযোজ্য? / ণ-ত্ব বিধি সাধারণত কোন শব্দে প্রযোজ্য? / বাংলা বানানে কোন শব্দে ণ-ত্ব বিধি প্রযোজ্য হয়? / কোন জাতীয় শব্দে 'ণ' থাকলে তা অবিকৃত রাখতে হয়?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৯]
ক. দেশি শব্দ খ. বিদেশি শব্দ গ. তৎসম / সংস্কৃত শব্দ ঘ. তদ্ভব শব্দ **উত্তর: গ**

০৩. **কোথায় 'ণ' হবে না? / কোন ধরনের শব্দে কখনোই মূর্ধন্য 'ণ' হবে না?** [৯ম শিক্ষক নিবন্ধন]
ক. তৎসম শব্দ খ. বিদেশি শব্দ গ. তদ্ভব শব্দ ঘ. আঞ্চলিক শব্দ **উত্তর: খ**

০৪. **খাঁটি বাংলা শব্দে নিচের কোনটি যুক্ত হয় না?** [দুদকের সহকারী পরিচালক: ১৩]
ক. স খ. ষ গ. ণ ঘ. ন **উত্তর: গ**
ব্যাখ্যা: খাঁটি বাংলা ও তদ্ভব শব্দে সাধারণত 'ণ' ও 'ষ' উভয়ই যুক্ত হয় না। সে হিসেবে খ ও গ দুইটিই উত্তর হওয়ার কথা। তবে বাংলা একাডেমির আধুনিক বাংলা অভিধানে অনুযায়ী কিছু কিছু তদ্ভব শব্দে 'ষ' বসে। কিন্তু খাঁটি বাংলা ও তদ্ভব উভয় শব্দে কখনই 'ণ' বসে না। তাই এখানে সঠিক উত্তর 'ণ' করা ভালো হবে।

০৫. **কখন 'ন' হয় না? / কোন বর্গের ধ্বনির আগে 'ন' 'ণ' হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৭]
ক. ক বর্গের আগে খ. ট বর্গের আগে গ. ত বর্গের আগে ঘ. ব বর্গের আগে **উত্তর: খ**
ব্যাখ্যা: তৎসম শব্দে 'ট' বর্গীয় (ট, ঠ, ড, ঢ) ধ্বনির আগে বা যুক্ত ব্যঞ্জনে সর্বদা 'ণ' হয়। যেমন- কণ্ঠ, কুণ্ঠা, কণ্টক, কাণ্ড, খণ্ড, গুণ্ডা, ঘণ্টা, নির্ঘণ্ট, পণ্ডিত, পাণ্ডব, ভণ্ড, বণ্টন, বণ্টিত, লুণ্ঠন, ষণ্ড ইত্যাদি।

০৬. **তৎসম শব্দের নিম্নের তিনটি বর্ণের পূর্বে যুক্ত 'ন' সবসময় 'ণ' হয়?** [৯ম শিক্ষক নিবন্ধন]
ক. ঠ, ফ, ৎ খ. ট, ঠ, ড গ. প, ট, স ঘ. ড, ষ, ন **উত্তর: খ**

০৭. **কোন নিয়মে 'কণ্টক' বানান হয়েছে?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]
ক. ণ-ত্ব বিধান খ. বর্ণ বিধান গ. ষ-ত্ব বিধান ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

০৮. **কোন বর্গীয় বর্ণের সঙ্গে যুক্ত 'ন' কখনও 'ণ' হয় না?** [সামরিক ভূমি অধিদপ্তরের সহকারী শিক্ষক: ২৩]
ক. ক বর্গ খ. চ বর্গ গ. প বর্গ ঘ. ত বর্গ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: 'ত' বর্গীয় বর্ণের সঙ্গে যুক্ত ব্যঞ্জনে 'ন' কখনও 'ণ' হয় না। যেমন- অন্ত, উঠন্ত, ক্রন্দন, গন্ধ, গ্রন্থ, ঘুমন্ত, চলন্ত, ঝুলন্ত, ডুবন্ত, তদন্ত, দন্ত, নামন্ত, পড়ন্ত, বৃন্ত, মন্থর, মন্দ, সন্ধ্যা, সন্ধান ইত্যাদি।

০৯. **কোন ক্ষেত্রে সাধারণত 'ণ' না হয়ে 'ন' হয়?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. সমাসবদ্ধ পদে খ. অব্যয়যুক্ত পদে গ. সন্ধিযুক্ত পদে ঘ. প্রত্যয়যুক্ত পদে **উত্তর: ক**
ব্যাখ্যা: সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না। যেমন- অগ্রনায়ক, অগ্রনেতা, ছাত্রনিবাস, ত্রিনেত্র, ত্রিনয়ন, দুর্নিবার, দুর্নীতি, দুর্নাম, নির্নিমেষ, সর্বনাম, পরনিন্দা, হরিনাম ইত্যাদি। তবে সমাসবদ্ধ হওয়া সত্ত্বেও ত্রিহায়ণ, প্রাহ্ণ, পরাহ্ণ, পূর্বাহ্ণ, অপরাহ্ণ ইত্যাদিতে 'ণ' হয়।

১০. **'সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না' এর উদাহরণ কোনটি?** [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. ক্রন্দন খ. গ্রন্থ গ. স্টেশন ঘ. ত্রিনয়ন **উত্তর: ঘ**

১১. **'সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না' এর উদাহরণ কোনটি?** [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. অগ্রনায়ক খ. রতন গ. আপন ঘ. অনুষ্ঠান **উত্তর: ক**

১২. **কোন দুইটি বর্ণের পর 'ণ' ও 'ষ' হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ত, থ খ. ঋ, র গ. ট, ঠ ঘ. ই, উ **উত্তর: খ**
ব্যাখ্যা: ঋ, র, ষ এর পরে সাধারণত মূর্ধন্য 'ণ' হয়। তাছাড়া ঋ, র, ষ এর পরে যদি স্বরধ্বনি, 'ক' বর্গীয় বর্ণ, 'প' বর্গীয় বর্ণ, য়, হ, য, ং বর্ণ থাকে, তাহলেও 'ণ' হয়। যেমন- অরুণ, অরণ্য, অগ্রণী, অগ্রগণ্য, অকর্মণ্য, অর্পণ, অপরাহ্ণ, অপেক্ষমাণ, অগ্রহায়ণ, আরোহণ, আকর্ষণ, আক্রমণ, উষ্ণ, উচ্চারণ, উত্তরায়ণ, উৎক্ষেপণ, ঋণ, করণ, কারণ, করুণ, কিরণ, কৃপণ, কৃপাণ, কার্পণ্য, ক্ষেপণাস্ত্র, ক্ষীয়মাণ, গ্রহণ, গৃহিণী, গ্রামীণ, ঘর্ষণ, ঘৃণা, চরণ, চারণ, চর্বণ, চন্দ্রায়ণ, চতুর্হায়ণ, জীর্ণ, তৃণ, তরুণ, তরণী, তৃষ্ণা, ত্রিহায়ণ, ত্রিকোণ, দূষণ, দারুণ, দ্রবণ, দ্রাবণ, দর্পণ, ধারণ, ধারণা, নির্ণয়, নির্মাণ, নির্বিঘ্ন, নির্বাণ, নিরুপণ, নারায়ণ, নেত্রকোণ, পরিমাণ, পরায়ণ, পরিবহণ, পরিত্রাণ, পরাহ্ণ, পূর্বাহ্ণ, পূর্ণ, পুরাণ, পিতৃঋণ, প্রণয়, প্রণয়ন, প্রয়াণ, প্রবণ, প্রমাণ, প্রণীত, প্রণাম, প্রণোদ, প্রণোদন, প্রণব, প্রাঙ্গণ, প্রাণ, প্রাণী, প্রাহ্ণ, প্রাপণীয়, প্রেরণা, বর্ণ, বর্ণনা, বরণ, বর্ষণ, বক্ষ্যমাণ, বৃংহণ, বিতরণ, বিষাণ, বিষ্ণু, ব্যাকরণ, ব্রাহ্মণ, ভাষণ, ভীষণ, ভূষণ, ভক্ষণ, ভ্রমণ, ভ্রাম্যমাণ, মরণ, মসৃণ, ম্রিয়মাণ, যন্ত্রণা, রণ, রেণু, রবীন্দ্রায়ণ, রক্ষিণী, রমণী, রাবণ, রামায়ণ, রূপায়ণ, রোপণ, রোহিণী, লক্ষণ, শীর্ণ, শ্রবণ, শ্রাবণ, শ্রাবণী, শূর্পণখা, সর্বাঙ্গীণ, স্মরণ, সরণ, সারণ, সারণি, সাধারণ, সংক্ষেপণ, সমর্পণ, স্বর্ণ, হরিণ ইত্যাদি।

১৩. **নিচের কোন শব্দে ণ-ত্ব বিধি অনুসারে 'ণ' এর ব্যবহার হয়েছে?** [৩৬তম বিসিএস]
ক. কল্যাণ খ. প্রবণ গ. নিক্কণ ঘ. বিপণি **উত্তর: খ**

১৪. **নিচের কোন বানানে মূর্ধন্য 'ণ' এর ব্যবহার হয়েছে?** [জনতা ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৫]
ক. মধ্যাহ্ন খ. বিপন্ন গ. তৃষ্ণা ঘ. রত্ন **উত্তর: গ**

১৫. **নিচের কোন শব্দে ণ-ত্ব বিধি অনুসরণ করে 'ণ' হয়েছে?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. কোণ খ. কৃপণ গ. লাবণ্য ঘ. বাণ **উত্তর: খ**

১৬. **ণ-ত্ব বিধানের নিয়ম অনুসারে কোনটি শুদ্ধ বানান?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ১৫]
ক. পুরোণো খ. পরগণা গ. ধরণ ঘ. প্রণয়ন **উত্তর: ঘ**

১৭. **নিচের কোন শব্দে ণ-ত্ব বিধি অনুসরণ করে 'ণ' হয়েছে?** [বিদ্যুৎ মন্ত্রণালয়ের নিরাপত্তা কর্মকর্তা: ১৯]
ক. নিক্কণ খ. ব্যাকরণ গ. লবণ ঘ. কল্যাণ **উত্তর: ক**

১৮. **কোন নিয়মে 'কণিকা' শব্দের 'ণ' বসেছে?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]
ক. ক এর পর ণ বসে খ. ক এর পুর্বে ন বসে গ. স্বভাবতই ণ বসেছে ঘ. ক এবং ক এর মাঝে ণ বসে **উত্তর: গ**
ব্যাখ্যা: যে সকল শব্দে কোনো নিয়মানুযায়ী মূর্ধন্য (ণ) হয় না এমনিতেই বসে তাকে স্বভাবতই মূর্ধন্য (ণ) বা নিত্য মূর্ধন্য (ণ) বাচক শব্দ বলে। যেমন- অণু, অণিমা, আপণ, আণবিক, কিঙ্কিণী, কণাদ, কঙ্কণ, কণা, কণিকা, কোণ, কফণি, কল্যাণ, গণ, গুণ, গুণী, গণিকা, গণেশ, গৌণ, গণিত, গণনা, গণ্য, ঘুণ, চাণক্য, চিক্কণ, তূণ, নগণ্য, নিপুণ, নিক্কণ, পুণ্য, পণ, পাণি, পাণিনি, পণ্য, ফণী, বণিক, বাণিজ্য, বাণ, বাণী, বেণু, বেণী, বীণা, বিপণী, ভাণ, ভণিতা, মণ, মণি, মাণিক্য, লবণ, লাবণ্য, শাণ, শোণ, শাণিত, শোণিত, স্থাণু ইত্যাদি।

১৯. **'মাণিক্য' শব্দে 'ণ' বসেছে ণ-ত্ব বিধানের কোন নিয়মে?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ১২]
ক. ম বর্ণের পরে ণ হয় খ. স্বভাবতই ণ হয় গ. ক বর্ণের পূর্বে ণ হয় ঘ. ক ও ম বর্ণের মাঝে ণ হয় **উত্তর: খ**

২০. **নিচের কোন শব্দে স্বভাবতই 'ণ' হয়?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. তূণ খ. লক্ষণ গ. অর্পণ ঘ. ভীষণ **উত্তর: ক**

২১. **নিত্য মূর্ধন্য 'ণ' বাচক শব্দ কোনটি? / নিচের কোন শব্দে স্বভাবতই 'ণ' হয়?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]
ক. তৃণ খ. গ্রহণ গ. লক্ষণ ঘ. লবণ **উত্তর: ঘ**

২২. **নিচের কোন শব্দে স্বভাবতই 'ণ' হয়? / নিত্য মূর্ধন্য 'ণ' বাচক শব্দ -** [বিএডিসি'র অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর: ১৮]
ক. গৃহিণী খ. উষ্ণ গ. সমর্পণ ঘ. পুণ্য **উত্তর: ঘ**

২৩. **নিচের কোন শব্দে নিত্য মূর্ধন্য 'ণ' হয়?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহকারী: ১৯]
ক. বর্ণনা খ. শাণিত গ. হরিণ ঘ. বণ্টন **উত্তর: খ**

২৪. **কোন শব্দে ণ-ত্ব বিধির বাইরে স্বতঃসিদ্ধভাবে 'ণ' বসেছে?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৯]
ক. অর্পণ খ. রাবণ গ. কঙ্কণ ঘ. বরণ **উত্তর: গ**

২৫. **নিচের কোন বানানে স্বভাবতই মূর্ধন্য 'ণ' হয়?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]
ক. হরিণ খ. কারণ গ. অর্পণ ঘ. বাণ **উত্তর: ঘ**

২৬. **কোন শব্দে স্বতঃসিদ্ধভাবে 'ণ' বসেছে?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার: ১৯]
ক. কারণ খ. বারণ গ. আপণ ঘ. রাবণ **উত্তর: গ**

২৭. **নিচের কোন বানানে স্বভাবতই মূর্ধন্য 'ণ' বসেছে?** [এনএসআই'র ফিল্ড অফিসার: ২৩]
ক. বণিক খ. রোপণ গ. পরিমাণ ঘ. ঘণ্টা **উত্তর: ক**

২৮. **নিচের কোন শব্দে স্বভাবতই 'ণ' হয়েছে?** [পিকেবি'র সিনিয়র অফিসার: ১৪]
ক. বক্ষ্যমাণ খ. স্থাণু গ. পরিবহণ ঘ. উত্তরায়ন **উত্তর: খ**

২৯. **নিচের কোন বানানে স্বভাবতই মূর্ধন্য 'ণ' হয়?** [বিএইচবিএফসি'র অফিসার: ১৭]
ক. বিপণি খ. রুক্ষ্মিণী গ. ব্রাহ্মণী ঘ. হরিণী **উত্তর: ক**

৩০. **নিচের কোন শব্দে 'ণ' বিধির নিয়ম ব্যবহৃত হয়নি?** [তিতাস গ্যাস ফিল্ডের অফিসার: ১৮]
ক. হরিণ খ. পূর্বাহ্ণ গ. অণু ঘ. কর্ণ **উত্তর: গ**

৩১. **কোন শব্দে ণ-ত্ব বিধান পালিত হয়নি?** [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক: ০৬]
ক. কোরান খ. শ্রবণ গ. বেণু ঘ. গণ **উত্তর: ক**
ব্যাখ্যা: অ-তৎসম (অর্ধ-তৎসম, তদ্ভব বা বাংলা, দেশি ও বিদেশি) শব্দে 'ণ' ও 'ষ' এর পরিবর্তে 'ন' ও 'স' হবে। যেমন- অঘ্রান, আগষ্ট, ইরান, কেরানি, কর্নেল, কান, কর্নার, কৃষান, কোরবানি, কোরান বা কোরআন, কাস্টম, গৃহায়ন, গভর্নর, চিরুনি, জিনিস, জার্মান, জার্মানি, ঝরনা বা ঝর্না, ট্রেন, ডাস্টার, ডাস্টবিন, ডায়গনস্টিক তুরান, দরুন, নরুন, পরান, পরগনা, পোস্ট, ফার্নিচার, ফটোস্ট্যাট, বামুন, ব্রেন, ভুভুল, ভান্ডার, মৃন্ময়, মাস্টার, ম্যাজিস্ট্রেট, মিস্টার, ব্যারিস্টার, রেস্টুরেন্ট, রেজিস্টার, রেজিস্ট্রেশন, রেজিস্ট্রার, রানি, শিহরন, সোনা, স্টেশন, স্টেডিয়াম, স্টিমার, স্টুডিও, স্ট্যান্ড, স্টিল, স্টার, স্টোর, হর্ন, হোস্টেল ইত্যাদি।

৩২. **ণ-ত্ব বিধানের নিয়ম অনুসারে অশুদ্ধ বানান কোনটি?** [পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ১৫]
ক. পুরোনো খ. ধরন গ. ঝরনা ঘ. বর্ননা **উত্তর: ঘ**

৩৩. **ণ-ত্ব বিধানের নিয়ম অনুসারে কোনটি অশুদ্ধ বানান?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১২]
ক. পুরোনো খ. পরগণা গ. ধরন ঘ. রূপায়ণ **উত্তর: খ**

৩৪. **ণ-ত্ব বিধানের নিয়ম অনুসারে অশুদ্ধ বানান কোনটি?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী পরিচালক: ২০]
ক. কর্ণ খ. প্রণাম গ. দূষণ ঘ. দুর্ণাম **উত্তর: ঘ**

৩৫. **ণ-ত্ব বিধানের নিয়ম অনুসারে কোনটি অশুদ্ধ বানান?** [বিবিএস'র ডাটা এন্ট্রি অপারেটর: ১৬]
ক. ধরন খ. মূল্যায়ণ গ. গৃহকোণ ঘ. পরিবহন **উত্তর: খ**

৩৬. **ণ-ত্ব বিধান অনুসারে নিচের কোন বানানটি অশুদ্ধ?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৩]
ক. পুরণো খ. নিরূপণ গ. গ্রহণ ঘ. রূপায়ণ **উত্তর: ক**

৩৭. **নিচের কোন শব্দে 'ণ' এর ভুল প্রয়োগ রয়েছে?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ১৯]
ক. ক্রন্দণ খ. চাণক্য গ. মাণিক্য ঘ. গণ **উত্তর: ক**

৩৮. **নিচের যে শব্দে ভুলভাবে ণ-ত্ব বিধান প্রয়োগ করা হয়েছে?** [বিএসসি'র অফিসার: ১৮]
ক. বক্ষ্যমাণ খ. আবর্তণ গ. প্রণয় ঘ. আপণ **উত্তর: খ**

৩৯. **নিচের কোন শব্দে 'ণ' এর ভুল প্রয়োগ রয়েছে? / ণ-ত্ব বিধান অনুযায়ী কোনটি অশুদ্ধ?** [এবি ব্যাংকের অফিসার: ১৪]
ক. দুর্ণীতি খ. দারুণ গ. মূল্যায়ন ঘ. বর্ণ **উত্তর: ক**

৪০. **নিচের কোন শব্দে 'ণ' এর ভুল প্রয়োগ রয়েছে?** [বিএসসি'র অফিসার: ১৮]
ক. গণনা খ. বানিজ্য গ. পণ্য ঘ. বিপণি **উত্তর: খ**

৪১. **নিচের কোন শব্দে 'ণ' এর ভুল প্রয়োগ রয়েছে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. মাণিক্য খ. গণ গ. ক্রন্দণ ঘ. চাণক্য **উত্তর: গ**

৪২. **নিচের কোন শব্দজোড়ে 'ণ' এর ভুল প্রয়োগ রয়েছে?** [জীবন বীমা কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ১৭]
ক. ত্রিকোণ, পুরোনো খ. নেত্রকোনা, নিরূপণ গ. ধরণ, ঝর্ণা ঘ. হরিণ, রূপায়ণ **উত্তর: গ**

৪৩. **ণ-ত্ব বিধানের নিয়ম অনুসারে কোনটি অশুদ্ধ বানান?** [জবি: ১৬-১৭]
ক. পুরোণো, ধরণ খ. ধারণা, ঝর্না গ. বরণীয়, মানবীয় ঘ. রূপায়ণ, প্রণয়ন **উত্তর: ক**

৪৪. **ণ-ত্ব বিধানের নিয়ম অনুসারে অশুদ্ধ বানান কোনটি?** [পিকেবি'র সিনিয়র অফিসার: ১৪]
ক. ধরন, বরণ খ. বর্ননা, পুরোনো গ. নেত্রকোনা, পরগনা ঘ. রূপায়ণ, প্রণয়ন **উত্তর: খ**

৪৫. **ণ-ত্ব বিধানের নিয়ম অনুসারে কোন শব্দজোড় অশুদ্ধ বানান?** [পিকেবি'র অফিসার (ক্যাশ): ১৪]
ক. দুর্নিবার, নবারুণ খ. হরিণ, মূল্যায়ন গ. কেরাণি, পরগণা ঘ. পণ, প্রণয়ন **উত্তর: গ**

৪৬. **ষ-ত্ব বিধি সাধারণত কোন শ্রেণির শব্দের ক্ষেত্রে প্রযোজ্য হয়? / ণ-ত্ব ও ষ-ত্ব বিধি সাধারণত কোন শ্রেণির শব্দে অনুসৃত হয়?** [ডাক বিভাগের বিল্ডিং ওভারশিয়ার: ১৮]
ক. দেশি খ. বিদেশি গ. তৎসম / সংস্কৃত ঘ. তদ্ভব **উত্তর: গ**

৪৭. **কোন জাতীয় শব্দে 'ষ' এর ব্যবহার হয় না?** [পিকেবি'র অফিসার: ১৭]
ক. তৎসম খ. বিদেশি / তদ্ভব গ. সংস্কৃত ঘ. বৈদিক **উত্তর: খ**

৪৮. **কোনটি শুদ্ধ?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৭]
ক. বিদেশি শব্দে ষ হয় না খ. খাঁটি বাংলা শব্দে ষ হয় না গ. সংস্কৃত সাৎ পদে ষ হয় না ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

৪৯. **শ, ষ, স এই তিনটির মধ্যে খাঁটি বাংলা শব্দে কোনটির ব্যবহার নেই?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের পাইলট: ১৯]
ক. শ খ. ষ গ. স ঘ. সবগুলোই **উত্তর: খ**

৫০. **অ, আ ভিন্ন অন্য স্বরধ্বনি এবং ক এর পর ষ এর প্রয়োগ হলে তা কী হয়?** [ডেসকোর সাব-স্টেশন অ্যাটেন্ডেন্ট: ১৯]
ক. স হয় খ. অবিকৃত থাকে গ. শ হয় ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৫১. **সুষমা শব্দে যে নিয়মে 'ষ' বসে** - [রূপালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৮]
ক. 'স' এর পূর্বে বসেছে বলে খ. স্বভাবত 'ষ' বসে
গ. 'উ' কারান্ত উপসর্গ পূর্বে আছে বলে ঘ. 'ষম' মূলরূপ থেকে উৎসারিত হওয়ায় **উত্তর: গ**
ব্যাখ্যা: 'অ' এবং 'আ' এই দুইটি স্বরধ্বনির পর 'স' বসে। যেমন- আস্পদ, আস্ফালন, আস্কারা, কল্যাণীয়াসু, কল্যাণবরাসু, তেজস্কর, তিরস্কার, নমস্কার, পরস্পর, পুরস্কার, পূজনীয়াসু, বৃহস্পতি, ভাস্কর, মাননীয়াসু, মান্যবরাসু, শ্রদ্ধাস্পদ, শ্রদ্ধাস্পদাসু, শ্রীচরণাসু, স্নেহাস্পদ ইত্যাদি। তবে 'অ' এবং 'আ' বাদে বাকি ৯ টি স্বরধ্বনি (ই, ঈ, উ, ঊ, ঋ, এ, ঐ, ও, ঔ) এর পর মূর্ধন্য 'ষ' বসে। যেমন- অভিষেক, অভিষিক্ত, অনুষ্ঠান, অনুষঙ্গ, অনিষ্ট, আয়ুষ্মান, আয়ুষ্কাল, আবিষ্কার, আবিষ্কৃত, কল্যাণীয়েষু, কল্যাণবরেষু, গোষ্পদ, ঘোষ, চতুষ্পদ, চতুষ্কোণ, চক্ষুষ্মান, দুষ্কর, দুষ্কৃত, নিষ্কলুষ, নিষ্ক্রিয়, নিষ্কৃতি, নিষ্কলঙ্ক, নিষ্কাম, নিষ্পত্তি, নিষ্প্রাণ, নিষ্প্রয়োজন, নিষ্ফল, নিষ্ফলা, নিষ্পাপ, নিকৃষ্ট, নিষ্পন্ন, নিষুপ্ত, নির্বিষ, নির্নিমেষ, পরিষ্কার, পরিষ্কৃত, পৃষ্ঠা, প্রতিষ্ঠান, প্রতিষেধক, পূজনীয়েষু, প্রিয়বরেষু, প্রীতিভাজনেষু, বহিষ্কার, বহিষ্কৃত, বিষ, বিষয়, বিষম, বিষাদ, বিষণ্ণ, ভবিষ্যৎ, ভ্রাতুষ্পুত্র, ভূমিষ্ঠ, মাননীয়েষু, মান্যবরেষু, শিষ্য, শ্রদ্ধাস্পদেষু, শ্রীচরণেষু, সুষম, সুষমা, সুষুপ্ত, সুষ্ঠু, সুচরিতেষু ইত্যাদি।

৫২. **কোন শব্দটি বিসর্গযুক্ত 'ই' ধ্বনি সন্ধির ফলে মূর্ধন্য 'ষ' হয়েছে?** [পিকেবি'র অফিসার: ১৪]
ক. পুষ্কক খ পরিষ্কার গ. পুষ্ট ঘ. বর্ষীয়সী **উত্তর: খ**

৫৩. **'পুরস্কার বিতরণী অনুষ্ঠানের পরিবেশ এত অপরিস্কার' বাক্যটিতে নিম্নরেখ পদে ষ / স ব্যবহারে** - [৩৫তম বিসিএস]
ক. প্রথমটি অশুদ্ধ, দ্বিতীয়টি শুদ্ধ খ. প্রথমটি শুদ্ধ, দ্বিতীয়টি অশুদ্ধ গ. দুটোই অশুদ্ধ ঘ. দুটোই শুদ্ধ **উত্তর: খ**

৫৪. **কোনটিতে ষ-ত্ব বিধান লঙ্ঘিত হয়েছে?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার অফিসার: ১৭]
ক. পরিস্কার খ. কল্যাণীয়েষু গ. নিষ্ফল ঘ. বিষণ্ণ **উত্তর: ক**

৫৫. **নিত্য মূর্ধন্য 'ষ' কোন শব্দে বর্তমান?** [২৪তম বিসিএস]
ক. কষ্ট খ. উপনিষৎ গ. কল্যাণীয়েষু ঘ. আষাঢ় **উত্তর: ঘ**
ব্যাখ্যা: যে সকল শব্দে কোনো নিয়মানুযায়ী মূর্ধন্য (ষ) হয় না এমনিতেই বসে তাকে স্বভাবতই মূর্ধন্য (ষ) বা নিত্য মূর্ধন্য (ষ) বাচক শব্দ বলে। যেমন- অভিলাষ, আষাঢ়, আভাষ, ঊষা, ঊষর, উষ্ম, ঈষা, ঈষৎ, ওষধি, ঔষধ, কলুষ, কোষ, গণ্ডুষ, গ্রীষ্ম, তুষ, তোষণ, দোষ, দ্বেষ, দূষণ, নিকষ, পুষ্প, পুরুষ, পোষ্য, পাষাণ, পোষণ, পূষা, পাষণ্ড, পৌষ, প্রদোষ, প্রত্যুষ, বাষ্প, বিষাণ, বিশেষ, বিষ, বিশেষণ, ভাষণ, ভাষা, ভাষ্য, ভূষণ, ভূষা, মানুষ, মহিষ, মেষ, মূষিক, রোষ, শেষ, শোষণ, শষ্প, ষণ্ড, ষটচক্র, ষড়ঋতু, ষড়যন্ত্র, ষোড়শ, সরিষা ইত্যাদি।

৫৬. **স্বভাবতই মূর্ধন্য 'ষ' হয় এমন উদাহরণ কোনটি?** [দুদকের সহকারী পরিচালক: ১৩]
ক. কৃষক খ. বর্ষা গ. ঔষধ ঘ. কাষ্ট **উত্তর: গ**

৫৭. **নিচের কোন শব্দে স্বভাবতই মূর্ধন্য 'ষ' হয়? / কোনটি নিত্য মূর্ধন্য 'ষ' বাচক শব্দ?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী পরিচালক: ২০]
ক. মুমূর্ষু খ. ভাষা গ. প্রতিষ্ঠান ঘ. কষ্ট **উত্তর: খ**

৫৮. **কোন শব্দে সবসময় 'ষ' হয়?** [সমাজসেবা অধিদপ্তরের উপ-তত্ত্বাবধায়ক: ০৫]
ক. মূষিক খ. নিষ্পৃহ গ. বৃষভ ঘ. কাষ্ঠ **উত্তর: ক**

৫৯. **নিচের কোন বানানে স্বভাবতই মূর্ধন্য 'ষ' হয়?** [বেপজা'র সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. কৃষক খ. অভিষেক গ. ষড়ঋতু ঘ. কাষ্ঠ **উত্তর: গ**

৬০. **কোন শব্দে সবসময় 'ষ' হয়?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৯]
ক. মানুষ খ. সুষমা গ. বর্ষা ঘ. ঋষি **উত্তর: ক**

৬১. **নিচের কোন শব্দে স্বভাবতই 'ষ' হয়েছে? / নিত্য মূর্ধন্য 'ষ' নিচের কোন শব্দে বিদ্যমান?** [জনতা ব্যাংকের অফিসার (ক্যাশ): ২০]
ক. মহর্ষি খ. মুমূর্ষু গ. আষাঢ় ঘ. বৃষ্টি **উত্তর: গ**

৬২. **নিচের কোন শব্দে স্বভাবতই মূর্ধন্য 'ষ' হয়েছে?** [পিকেবি'র অফিসার (ক্যাশ): ১৪]
ক. কৃষ্ণ খ. কল্যাণীয়েষু গ. ভাষ্য ঘ. অভিষেক **উত্তর: গ**

৬৩. **কোনটিতে নিপাতনে সিদ্ধ 'ষ' এর ব্যবহার হয়েছে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]
ক. মুমূর্ষু খ. অনুষঙ্গ গ. বর্ষণ ঘ. ভূষণ **উত্তর: ঘ**

৬৪. **কোন শব্দে সবসময় 'ষ' হয়?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. দ্বেষ খ. সুষমা গ. পরিষ্কার ঘ. প্রতিষ্ঠান **উত্তর: ক**

৬৫. **সাধিত 'ষ' বিশিষ্ট নয় এমন শব্দ** – [দুদকের সহকারী পরিচালক: ১৩]
ক. মূষিক খ. অভিষেক গ. দৃষ্টি ঘ. সুষম **উত্তর: ক**

৬৬. **ষ-ত্ব বিধানের ব্যতিক্রম কোনটি? / কোন শব্দটি ষ-ত্ব বিধানের নিয়মের বাইরে?** [শ্রম অধিদপ্তরের সহকারী শ্রম পরিচালক: ০৬]
ক. ভাষা খ. অফিস গ. সুষ্ঠু ঘ. দুষ্কর **উত্তর: ক**

৬৭. **নিচের কোন শব্দে স্বভাবতই মূর্ধন্য 'ষ' হয় না?** [ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]
ক. বিশেষণ খ. ষোড়শ গ. ভূষণ ঘ. স্পষ্ট **উত্তর: ঘ**

৬৮. **নিচের কোন শব্দে স্বভাবতই মূর্ধন্য 'ষ' হয়নি?** [তিতাস গ্যাসের সহকারী অফিসার: ১৮]
ক. নিষেধ খ. বিশেষণ গ. মহিষ ঘ. আষাঢ় **উত্তর: ক**

৬৯. **কোন প্রত্যয়যুক্ত পদে মূর্ধন্য 'ষ' হয় না?** [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. সাৎ খ. সা গ. ষ্ণে ঘ. ষ্ণিক **উত্তর: ক**
ব্যাখ্যা: সংস্কৃত সাৎ প্রত্যয়যুক্ত শব্দে মূর্ধন্য 'ষ' হয় না। যেমন- ধূলিসাৎ, ভূমিসাৎ, আত্মসাৎ, অগ্নিসাৎ ইত্যাদি।

৭০. **'স্ট' যুক্তব্যঞ্জনটি কোন ধরনের শব্দে ব্যবহৃত হয়?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৮]
ক. তৎসম খ. বিদেশি গ. তদ্ভব ঘ. দেশি **উত্তর: খ**
ব্যাখ্যা: 'স্ফুট' ও 'স্ফুর' ধাতু দ্বারা গঠিত শব্দে সর্বদা 'স' বসে। যেমন- দন্তস্ফুট, পরিস্ফুট, বিস্ফোরণ, বিস্ফুরণ, বিস্ফোটক ইত্যাদি।

৭১. **কোন বানানটি ষ-ত্ব বিধানের নিয়মে শুদ্ধ?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. মাষ্টার খ. পোষাক গ. সংস্কার ঘ. পোষ্ট **উত্তর: গ**
ব্যাখ্যা: ঋ, র এর পরে সাধারণত 'ষ' বসে। যেমন- অপকর্ষ, উৎকর্ষ, ঈর্ষা, ঋষি, ঋষভ, আকর্ষণ, কৃষি, কৃষক, কৃষ্ণ, কৃষ্ণা, কর্ষণ, ঘর্ষণ, তৃষা, তৃষ্ণা, ধর্ষণ, পর্ষদ, বৃষ, বর্ষা, বর্ষণ, বিকর্ষণ, মুমূর্ষু, মাধ্যাকর্ষণ, মহাকর্ষ, সপ্তর্ষি, হর্ষ ইত্যাদি। তৎসম শব্দের 'ট' বর্গীয় ধ্বনির যুক্ত ব্যঞ্জনে সর্বদা 'ষ' বসে। যেমন- অতিষ্ঠ, কষ্ট, কাষ্ঠ, কনিষ্ঠ, তুষ্ট, নষ্ট, দুষ্ট, পুষ্টি, ভ্রষ্ট, বলিষ্ঠ, সুষ্ঠু ইত্যাদি।

৭২. **কোন বানানটি ষ-ত্ব বিধানের নিয়মে শুদ্ধ নয়?** [৯ম শিক্ষক নিবন্ধন]
ক. পুলিশ খ. জিনিস গ. স্টেশন ঘ. নিষ্পন্দ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: 'ত' বর্গীয় ধ্বনির যুক্ত ব্যঞ্জনে সর্বদা 'স' হয়। যেমন- নিস্তার, নিস্তেজ, নিস্তব্ধ, পরিস্থিতি, বিস্তার, বিস্তৃত, বিস্তারিত, বিস্তীর্ণ, স্তন্যপায়ী, স্তূপ, স্তবক, স্তাবক, স্ত্রী, স্থল, স্থান, স্থগিত, স্থাপন, স্থির, স্থূল ইত্যাদি। এছাড়া 'স' যুক্ত ব্যতিক্রমী কিছু শুদ্ধ বানান হলো অনুসৃত, অনুসরণ,

অনুসারী, অনুসন্ধান, অভিসার, অভিসন্ধি, অভিসম্পাত, নিঃস্পৃহ, নিস্পন্দ, পরিসর, পরিসংখ্যান, পরিসমাপ্তি, পরিসম্পদ, পরিসীমা, পরিস্রবণ, পরিস্রুতি, বিসর্গ, বিসর্জন, বিস্ময়, বিস্মিত, বিস্মৃতি, বিস্বাদ, মৃদুস্মিতা, শুচিস্মিতা, সুস্মিতা, সুসময়, সুসংবাদ, সুস্পষ্ট, সুসজ্জিত ইত্যাদি।

৭৩. নিচের কোন শব্দগুচ্ছ ণ-ত্ব ও ষ-ত্ব বিধান অনুসারে ঠিক? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]

ক. বর্ননা, সুষমা, লবণ খ. ব্রাহ্মণ, কষ্ট, পোষাক গ. ঘণ্টা, দ্বেষ, ক্রন্দণ ঘ. ভাষণ, গ্রন্থ, জিনিস **উত্তর: ঘ**

শব্দ

০১. অর্থবোধক ধ্বনিকে বলা হয় - / নির্দিষ্ট পরিবেশে মানুষের বস্তু ও ভাবের প্রতীক কোনটি? [নির্বাচন কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]

ক. বাক্য খ. উপসর্গ গ. শব্দ ঘ. প্রত্যয় **উত্তর: গ**

০২. এক বা একাধিক বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে কী বলে? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ১১]

ক. পদ খ. শব্দ গ. ধাতু ঘ. প্রকৃতি **উত্তর: খ**

০৩. শব্দের ক্ষুদ্রতম একক কী? / শব্দের ক্ষুদ্রতম অংশকে বলা হয় - / শব্দের মূল উপকরণ কী? / শব্দের মূল উপাদান কী? [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অফিস সহায়ক : ২৩]

ক. পদ খ. ধ্বনি গ. কারক ঘ. বর্ণ **উত্তর: খ**

০৪. শব্দের অর্থযুক্ত ক্ষুদ্রাংশকে বলা হয়? [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]

ক. রূপ খ. বাক্য গ. শব্দাংশ ঘ. অর্থ **উত্তর: ক**

০৫. নিম্নোক্ত কোন উপায়ে বাংলা ভাষায় শব্দ সাধন হয় না? [৩৫তম বিসিএস]

ক. সমাস দ্বারা খ. লিঙ্গ পরিবর্তন দ্বারা গ. উপসর্গযোগে ঘ. সবগুলোই **উত্তর: খ**

০৬. নতুন শব্দ গঠন করে - [১২তম প্রভাষক নিবন্ধন]

ক. সন্ধি ও সমাস খ. সন্ধি ও কারক গ. সমাস ও পদ ঘ. প্রত্যয় ও পুরুষ **উত্তর: ক**

০৭. গঠন অনুসারে শব্দ কত প্রকার? / গঠনগত দিক থেকে বাংলা ভাষার শব্দসমূহ কয় প্রকার? / গঠন অনুসারে বাংলা ভাষার শব্দগুলোকে কত ভাগে ভাগ করা যায়? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৯]

ক. তিন খ. দুই গ. পাঁচ ঘ. চার **উত্তর: খ**

ব্যাখ্যা: গঠন অনুসারে শব্দ দুই প্রকার। মৌলিক ও সাধিত শব্দ। যে সব শব্দকে ভাঙা বা বিশ্লেষণ করা যায় না সেগুলোকে মৌলিক শব্দ বলে। মৌলিক শব্দগুলো হলো গোলাপ, ফুল, নাক, মা, বাবা, ভাই, বোন, গাছ, ভোর, সকাল, রাত, বড়, কম, ফল, বীজ, আম, জাম, সরল, বাতাস, শহর, পথ, দোকান, মোড়, সড়ক, মাথা, কালো, আকাশ, মুখ, হাত, বই, কলম, পা, লাল, পাখি, চুল, বই, তিন প্রভৃতি।

০৮. কোন শব্দকে বিশ্লেষণ করা যায় না? [উত্তরা ব্যাংকের অফিসার (ক্যাশ): ০৮]

ক. যৌগিক শব্দ খ. যোগরূঢ় শব্দ গ. রূঢ়ি শব্দ ঘ. মৌলিক শব্দ **উত্তর: ঘ**

০৯. কোনটি মৌলিক শব্দ? [৩৭তম বিসিএস]

ক. মানব খ. গোলাপ গ. একাঙ্ক ঘ. ধাতব **উত্তর: খ**

১০. নিচের কোনটি মৌলিক শব্দ নয়? [জনতা ব্যাংকের অফিসার (ক্যাশ): ২০]

ক. গোলাপ খ. গায়ক গ. হাত ঘ. ফুল **উত্তর: খ**

১১. সাধিত শব্দগুলো সাধারণত - [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]

ক. স্ত্রীবাচক শব্দ খ. পুরুষবাচক শব্দ গ. অর্থবাচক শব্দ ঘ. বিশেষভাবে ব্যবহৃত শব্দ **উত্তর: গ**

ব্যাখ্যা: মৌলিক শব্দ ও ধাতুর সঙ্গে উপসর্গ বা প্রত্যয়যোগে বা সমাসের সাহায্যে যে শব্দ গঠিত হয় সেগুলোকে সাধিত শব্দ বলে। সাধিত শব্দগুলো হলো হাতা, হাতিল, ফুলেল, গোলাপি, ঢাকাই, চলন্ত, কলমি, গাছের, পাখিসব, চুলা, মুখরা, বইয়ের, আঁকা, চাঁদমুখ, পানসা, হাতল, একাঙ্ক, ধাতব, মানব, পরাজয়, উপহার, উপকার, গরমিল, বিদ্যালয়, দম্পতি, নীলপদ্ম, বীণাপাণি, পীতাম্বর, দ্বৈপায়ন প্রভৃতি।

১২. নিচের কোনটি সাধিত শব্দ? [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২৩]

ক. হাত খ. বই গ. কলম ঘ. গরমিল **উত্তর: ঘ**

১৩. 'আঁকা' সাধিত শব্দটির সংস্কৃত ধাতু কোনটি? [জীবন বীমা কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২০]

ক. আঁক খ. অঙ্কন গ. অঙ্ক ঘ. অঙ্কিত **উত্তর: গ**

১৪. 'চাঁদ+মুখ' কোন ধরনের শব্দ? [পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]

ক. মৌলিক শব্দ খ. সাধিত শব্দ গ. যোগরূঢ় শব্দ ঘ. যৌগিক শব্দ **উত্তর: খ**

১৫. কোনটি সাধিত শব্দ নয়? [৩২তম বিসিএস]

ক. পানসা খ. ফুলেল গ. গোলাপ ঘ. হাতল **উত্তর: গ**

১৬. শব্দার্থ অনুসারে বা অর্থমূলকভাবে বাংলা ভাষার শব্দ সমষ্টিকে কত ভাগে ভাগ করা যায়? / বিভিন্ন দৃষ্টিকোণ থেকে বাংলা ভাষার শব্দসমূহকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়? [পিকেবি'র অফিসার (ক্যাশ): ১৯]

ক. ৫ প্রকার খ. ৪ প্রকার গ. ৩ প্রকার ঘ. ২ প্রকার **উত্তর: গ**

ব্যাখ্যা: শব্দার্থ অনুসারে বা অর্থমূলকভাবে শব্দ তিন প্রকার। যথা- যৌগিক, রূঢ়ি ও যোগরূঢ় শব্দ। যৌগিক শব্দগুলো হলো মধুর, গায়ক, কর্তব্য, বাবুয়ানা, রাধুনি, দৌহিত্র, চিকামারা, পিতৃহীন, চালক, পাঠক, মিতালি, পাগলামি, গোলাপি, পক্ষী, রাজপুত্র ইত্যাদি। রূঢ়ি শব্দগুলো হলো তৈল, ভাজা, সন্দেশ, গবেষণা, রাখাল, প্রবীণ, শ্বশুর, পাঞ্জাবী, হস্তী, দারুণ, বাঁশি, হরিণ, মন্ডপ, দুহিতা, অতিথি, কুশল, স্বতন্ত্র, অর্ধাঙ্গিনী, শুশ্রুষা,

মাংস, পলাশ, জ্যাঠামি, গবাক্ষ, স্নাতক, গবাক্ষ, উপসর্গ, লাবণ্য প্রভৃতি। যোগরূঢ় শব্দগুলো হলো রাজপুত, পঙ্কজ, সরোজ, জলধি, মহাযাত্রা, তুরঙ্গম, সুহৃদ, জলদ, বলদ, উদ্ভিদ, কবিগুরু, বেতার, আদিত্য, অচল প্রভৃতি।

১৭. যে সব শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ অভিন্ন তাকে বলে - [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২৩]

ক. যৌগিক শব্দ খ. যোগরূঢ় শব্দ গ. রূঢ়ি শব্দ ঘ. মৌলিক শব্দ **উত্তর: ক**

১৮. নিচের কোনটি যৌগিক শব্দ? [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী পরিচালক: ২০]

ক. হস্তী খ. গবেষণা গ. পংকজ ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

১৯. 'মিতালি' কোন প্রকৃতির শব্দ? / 'মধুর' কোন ধরনের শব্দ? / 'লাজুক' কোন ধরনের শব্দ? [৪৫তম বিসিএস]

ক. যৌগিক খ. রূঢ়ি গ. যোগরূঢ় ঘ. মৌলিক **উত্তর: ক**

২০. যেসব শব্দ মূল অর্থ প্রকাশ না করে অন্য বিশিষ্ট অর্থ প্রকাশ করে তাকে কী বলে? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]

ক. যৌগিক শব্দ খ. যোগরূঢ় শব্দ গ. রূঢ়ি শব্দি ঘ. মৌলিক শব্দ **উত্তর: গ**

২১. কোনটি রূঢ়ি শব্দ? [সোনালী ব্যাংকের অফিসার: ১৯]

ক. জলধি খ. মধুর গ. কর্তব্য ঘ. প্রবীণ **উত্তর: ঘ**

২২. 'সন্দেশ' অর্থগত দিক থেকে কোন শ্রেণির শব্দ? / 'স্নাতক' কোন ধরনের শব্দ? [বিআরইবি'র সহকারী পরিচালক [প্রশাসন]: ১৬]

ক. মৌলিক খ. যৌগিক গ. রূঢ়ি ঘ. যোগরূঢ় **উত্তর: গ**

২৩. অর্থ অনুসারে 'হরিণ' কোন ধরনের শব্দ? [১৫তম শিক্ষক নিবন্ধন]

ক. যৌগিক খ. মৌলিক গ. যোগরূঢ় ঘ. রূঢ়ি **উত্তর: ঘ**

২৪. বাংলা ভাষায় সমাস নিষ্পন্ন যে সব শব্দ সমস্যমান পদগুলোর কোনটার অর্থ প্রকাশ না করে বিশেষ কোনো অর্থ প্রকাশ করে সেগুলোকে কী বলে? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৮]

ক. যৌগিক খ. মৌলিক গ. যোগরূঢ় ঘ. রূঢ়ি **উত্তর: গ**

২৫. যোগরূঢ় শব্দ কোনটি? [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অডিটর: ১৯]

ক. নদী খ. ঝরনা গ. জলধি ঘ. পাথার **উত্তর: গ**

২৬. কোনটি যোগরূঢ় শব্দ? [১৬তম প্রভাষক নিবন্ধন]

ক. পঙ্কজ খ. সন্দেশ গ. প্রবীণ ঘ. গায়ক **উত্তর: ক**

২৭. যোগরূঢ় শব্দ কোনটি? [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৯]

ক. মহাযাত্রা খ. বাঁশি গ. প্রবীণ ঘ. সন্দেশ **উত্তর: ক**

২৮. যোগরূঢ় শব্দের উদাহরণ কোনটি? [পিটিআই'র ইন্সট্রাক্টর: ১৯]

ক. জলধি খ. জলজ গ. বনজ ঘ. সহজ **উত্তর: ক**

২৯. নিচের কোনটি যোগরূঢ় শব্দ? [বিএডিসি'র হিসাব সহকারী: ১৯]

ক. দৌহিত্র খ. বাশি গ. তুরঙ্গম ঘ. তৈল **উত্তর: গ**

৩০. 'সুহৃদ' কী ধরনের শব্দ? [১১তম প্রভাষক নিবন্ধন]

ক. মৌলিক খ. রূঢ়ি গ. যোগরূঢ় ঘ. যৌগিক **উত্তর: গ**

৩১. বাংলা ব্যাকরণে শব্দ রয়েছে --- প্রকার। / ব্যুৎপত্তিগতভাবে বা উৎসগত বিচারে বা উৎপত্তি অনুসারে বাংলা ভাষার শব্দকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. একটি খ. দুইটি গ. তিনটি ঘ. পাঁচটি (নতুন ব্যাকরণ: চারটি) **উত্তর: ঘ**

৩২. তৎসম শব্দ বলতে কী বুঝায়? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]

ক. তদ্ভব শব্দ খ. দ্বিরুক্তি গ. সংস্কৃত শব্দ ঘ. কৃদন্ত শব্দ **উত্তর: গ**

৩৩. সংস্কৃত ভাষা থেকে যেসব শব্দ সোজাসুজি বাংলায় এসেছে ও যাদের রূপ অপরিবর্তিত রয়েছে সেসব শব্দকে কী বলে? / যেসব সংস্কৃত শব্দ কোনোরূপ পরিবর্তন ছাড়াই বাংলা ভাষায় এসেছে তাদেরকে কী বলে? / সংস্কৃত থেকে আগত অপরিবর্তিত শব্দের নাম কী? [জনতা ব্যাংকের রুরাল ক্রেডিট অফিসার: ২৩]

ক. দেশি শব্দ খ. অর্ধ-তৎসম শব্দ গ. তৎসম শব্দ ঘ. তদ্ভব শব্দ **উত্তর: গ**

৩৪. নিপাতনে সিদ্ধ নিয়মটি কোন জাতীয় শব্দের জন্য প্রযোজ্য? [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১]

ক. তদ্ভব খ. বিদেশি গ. তৎসম ঘ. অর্ধ-তৎসম **উত্তর: গ**

৩৫. সংস্কৃত থেকে সরাসরি বাংলায় এসেছে কোন শব্দটি? [ডাক বিভাগের এস্টিমেটর: ১৮]

ক. গিন্নি খ. চন্দ্র গ. বংশী ঘ. জঙ্গা **উত্তর: খ, গ**

৩৬. কোনটি তৎসম শব্দ? [জনতা ব্যাংকের অফিসার [আইটি]: ১৯]

ক. হস্ত খ. চেয়ার গ. আনারস ঘ. টেবিল **উত্তর: ক**

ব্যাখ্যা: সংস্কৃত বা তৎসম শব্দগুলো হলো চন্দ্র, বংশী, জীবন, ধূলি, মাতা, বৈষ্ণব, নক্ষত্র, ভবন, ধর্ম, জ্যোৎস্না, পাত্র, চন্দন, হস্ত, বঙ্কিম, অম্লান, দধি, পাত্র, লতা, পত্র, নারিকেল, ভবন, সূর্য, জল, বায়ু, কৃষ্ণ, মিত্র, জীবন, মৃত্যু, বৃক্ষ, নারী, পুরুষ, গ্রাম, গৃহিনী, প্রণাম, শ্রাদ্ধ, রত্ন, স্বর্ণ, বৃষ্টি, নিমন্ত্রন, প্রাণ, ঝর্ণা, কুৎসিত, তারকা, নীল, ধুম্র, দাদা, দাদী, কর্ম, কার্য প্রভৃতি।

৩৭. নিচের কোনটি তৎসম শব্দ? [৪৪তম বিসিএস]

ক. পছন্দ খ. হিসাব গ. ধূলি ঘ. শৌখিন **উত্তর: গ**

৩৮. **কোনটি সংস্কৃত শব্দ? / কোনটি তৎসম শব্দ?** [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২৩] [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ইন্সট্রাক্টর: ০৩]
ক. আম্মা খ. মা গ. মাতা ঘ. মাতৃ **উত্তর: গ**

৩৯. **কোনটি তৎসম শব্দ নয়?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]
ক. চন্দ্র খ. সূর্য গ. ভবন ঘ. ডিঙ্গা **উত্তর: ঘ**

৪০. **'অঞ্চল' শব্দটি কোন শ্রেণির?** [বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের সহকারী ব্যবস্থাপক: ২০]
ক. তদ্ভব খ. তৎসম / সংস্কৃত গ. ফারসি ঘ. ইংরেজি **উত্তর: খ**

৪১. **'কাজ' শব্দটির তৎসম রূপ কোনটি?** [স্বাস্থ্য অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. কর্জ্জ খ. করণীয় গ. কম্ম ঘ. কার্য (কর্ম / ক্রিয়া) **উত্তর: ঘ**

৪২. **'গৃহিণী' কী জাতীয় শব্দ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]
ক. বিদেশি খ. আধা-সংস্কৃত গ. তৎসম / সংস্কৃত ঘ. দেশি **উত্তর: গ**

৪৩. **'গল্প' শব্দটি সংস্কৃত কোন শব্দ থেকে এসেছে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৭]
ক. স্বল্প খ. অল্প গ. কল্প ঘ. জল্প **উত্তর: ঘ**

৪৪. **'চর্মকার' কী ধরনের শব্দ? / 'চন্দ্র' কোন শব্দের উদাহরণ? / 'ছেমড়া' শব্দটি উৎস - / 'ধূম্র' শব্দটি কোন শ্রেণির? /** [বিএসসি'র অফিসার: ১৯]
ক. বাংলা খ. প্রাকৃত গ. তদ্ভব ঘ. তৎসম / সংস্কৃত **উত্তর: ঘ**

৪৫. **'ব্যাকরণ' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে? / 'ব্যাকরণ' কোন ভাষার শব্দ? / 'বিমান' শব্দটি কোন ভাষার?** [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৯]
ক. বাংলা খ. তৎসম / সংস্কৃত গ. বিদেশি ঘ. তদ্ভব **উত্তর: খ**

৪৬. **'শাস্ত্রী' শব্দটি এসেছে -** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. তৎসম / সংস্কৃত খ. পালি গ. ফারসি ঘ. উর্দু **উত্তর: ক**

৪৭. **বাংলা ভাষায় অর্ধ-তৎসম শব্দগুলো এসেছে কোন ভাষা থেকে?** [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন কর্মকর্তা: ০৮]
ক. তৎসম / সংস্কৃত খ. ফারসি গ. পর্তুগিজ ঘ. ল্যাটিন **উত্তর: ক**

৪৮. **অর্ধ-তৎসম শব্দের উদাহরণ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. গঞ্জ খ. চাঁদ গ. পিতা ঘ. গিন্নী **উত্তর: ঘ**
ব্যাখ্যা: অর্ধ-তৎসম শব্দগুলো হলো গিন্নি, কুচ্ছিত, জ্যোছনা, ষাঁড়, অঘ্রান, রোদ্দুর, জনম, ঘেন্না, কেষ্ট, বিষ্টু, বোস্টম, পেন্নাম, চিত্তির, মিত্তির, রাত্তির, রাজপুত্তুর, পুত্তুর, শত্তুর, কেত্তন, সূর্যি, চিনিবাস, গেরস্থ, ফলার, মোচ্ছব, উচ্ছব, সোয়াস্তি, ছেরাদ্দ, বিচ্ছিরি, ছিরি, নেমন্তন্ন, গেরাম, রতন, চন্দর, সোনা, বিষ্টি, সুরুজ, পরান, ঝরনা, তাঁরা প্রভৃতি।

৪৯. **নিচের কোনটি অর্ধ-তৎসম শব্দ?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৮]
ক. গিন্নি খ. হস্ত গ. গঞ্জ ঘ. তসবি **উত্তর: ক**

৫০. **'কেষ্ট' কোন ধরনের শব্দ? / 'খিদে' কোন ধরনের শব্দ?** [দুদকের কোর্ট পরিদর্শক: ২২]
ক. তৎসম খ. অর্ধ-তৎসম গ. দেশি ঘ. তদ্ভব **উত্তর: খ**

৫১. **'গিন্নি' কোন শ্রেণির শব্দ? / 'গেরাম' কোন জাতীয় শব্দ? / 'জ্যোছনা' কোন শ্রেণির শব্দ?** [৪০তম বিসিএস]
ক. তৎসম খ. অর্ধ-তৎসম গ. দেশি ঘ. বিদেশি **উত্তর: খ**

৫২. **'তদ্ভব' এর অর্থ হলো -** [এসএফডিএফ'র মাঠ কর্মকর্তা: ১৩]
ক. তার সমান খ. তার থেকে ভাবনা গ. তা থেকে উৎপন্ন ঘ. তার ভুবন **উত্তর: গ**
ব্যাখ্যা: তদ্ভব একটি পারিভাষিক শব্দ। তৎ অর্থ তার এবং ভব অর্থ উৎপন্ন। সুতরাং তদ্ভব অর্থ তার (সংস্কৃত / তৎসম) থেকে উৎপন্ন। তদ্ভব শব্দগুলো হলো চাঁদ, হাত, আকাশ, বাতাস, পুস্তক, জোছনা, ভিটা, মাথা, সাপ, দাঁত, ভাত, বউ, পাখি, বাছা, মা, সাঁওতাল, কানাই, মাছ, ধাম, কাজ, কাঠ, আজ, দুধ, উট, ঘড়ি, সোনা, মেয়ে, সাঁতার, সোহাগ, চামার, মাটি, দই, ভুল, কামার, আঁচল, গা, ভালো, বাড়ি, আখি, বুক, ঠাই, চাক, সাঁঝ, বাঁশি, বেগুনী, ভাই, বোন প্রভৃতি।

৫৩. **কোনটি তদ্ভব শব্দ?** [১০ম বিসিএস]
ক. চাঁদ খ. সূর্য গ. নক্ষত্র ঘ. গগন **উত্তর: ক**

৫৪. **নিচের কোনটি তদ্ভব শব্দ নয়?** [ডেসকোর সুপারভাইজার: ১৯]
ক. লুঙ্গি খ. হাত গ. চাঁদ ঘ. দাঁত **উত্তর: ক**

৫৫. **'চন্দ্র' শব্দের তদ্ভব রূপ -** [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের হিসাবরক্ষক: ১০]
ক. চন্দ্র খ. চাঁদ গ. চান্দ্র ঘ. চন্দ্রিমা **উত্তর: খ**

৫৬. **'চাঁদ' কোন শ্রেণির শব্দ? / পাখি' কোন ধরনের শব্দ? /** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৫]
ক. তৎসম খ. অর্ধ-তৎসম গ. তদ্ভব ঘ. দেশি **উত্তর: গ**

৫৭. **'ওরে, বাছা মাতৃকোষে রতনের রাজি' এখানে 'বাছা' শব্দটি - / 'ভাত' কোন ভাষার শব্দ?** [বিআরইবি'র সহকারী পরিচালক (প্রশাসন): ১৩]
ক. তৎসম খ. তদ্ভব গ. দেশি ঘ. অর্ধ-তৎসম **উত্তর: খ**

৫৮. **'মা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? / 'সাঁওতাল' কোন ধরনের শব্দ?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. ল্যাটিন খ. আরবি গ. হিন্দি ঘ. তদ্ভব **উত্তর: ঘ**

৫৯. **অনার্য জাতির ব্যবহৃত শব্দকে কী শব্দ বলে?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৫]
ক. দেশি খ. বিদেশি গ. তৎসম ঘ. বাংলা **উত্তর: ক**

৬০. **কোন প্রকার শব্দের মূল নির্ধারণ করা যায় না?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. তদ্ভব খ. দেশি গ. অর্ধ-তৎসম ঘ. তৎসম **উত্তর: খ**

৬১. **বাংলা ভাষার শব্দসম্ভারে দেশি শব্দ কত ভাগ এসেছে?** [বাংলাদেশ রেলওয়ের সহকারী কমান্ডেন্ট: ০২]
ক. ২% খ. ৮% গ. ১০% ঘ. ১২% **উত্তর: ক**

৬২. **কোনটি দেশি শব্দ? / কোনটি খাঁটি বাংলা শব্দ?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ২৩]
ক. ডাব খ. ধর্ম গ. তোশক ঘ. হাত **উত্তর: ক**
ব্যাখ্যা: দেশি শব্দগুলো হলো কুঁড়ি, ডাব, ঢেঁকি, চাল, চুলা, টোপর, ঢোল, খোঁপা, কুলা, খোকা, গঞ্জ, জাপানি, ডিঙি, চোঙা, চাঁপা, ঝড়, টং, চিড়া, মই, পেট, কচি, কলা, কাতলা, কুকুর, খড়, খেয়া, ঘাড়, ঘোড়া, চিংড়ি, ছানা, ঝাঁটা, ঝিঙে, ঝিঙ্গা, ঝিলিক, ডাক, ডোবা, ডাগর, ঢেউ, তেঁতুল, মুড়ি, মুড়িমুড়কি, পাল, পাঁঠা, বাদুর ভিড়, ফিঙে, দোয়েল, ভাত, ডাল, দুলা, জারুল, ঢোল, কুড়ি, জলপাই, কালো প্রভৃতি।

৬৩. **কোনটি দেশি শব্দ নয়?** [বিএসসি'র অফিসার: ২২]
ক. ডাব খ. পেট গ. সূর্য ঘ. কুলা **উত্তর: গ**

৬৪. **'কুঁড়ি' কোন শ্রেণির শব্দ?** [সেসিপ'র থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা: ১৫]
ক. তৎসম খ. তদ্ভব গ. দেশি ঘ. বিদেশি **উত্তর: গ**

৬৫. **'কুড়ি' শব্দটি এসেছে** - [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. কুঁড়ে থেকে খ. কুড়িল থেকে গ. কোরক থেকে ঘ. পুষ্প থেকে **উত্তর: গ**

৬৬. **'খিস্তিখেউড়' কোন ভাষার শব্দ** - [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ০০]
ক. সংস্কৃত খ. বাংলা গ. আরবি ঘ. ফারসি **উত্তর: খ**

৬৭. **'ভাত' কোন ধরনের শব্দ?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ১৬]
ক তৎসম খ. তদ্ভব গ. খাঁটি বাংলা ঘ. বিদেশি **উত্তর: খ, গ**

৬৮. **এক ভাষার শব্দ অন্য ভাষায় স্থান পেলে তাকে কী বলে?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. পরিভাষা খ. উপভাষা গ. সংস্কৃত ভাষা ঘ. বিদেশি ভাষা **উত্তর: ঘ**

৬৯. **বাংলা ভাষার শব্দসম্ভারে বিদেশি শব্দ কত ভাগ এসেছে?** [পিএসসির সহকারী পরিচালক: ৯৮]
ক. ৫% খ. ৮% গ. ১০% ঘ. ১২% **উত্তর: খ**

৭০. **কোনটি বিদেশি শব্দ?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ০০]
ক. হাত খ. ডাগর গ. হায়াত ঘ. নাগর **উত্তর: গ**

৭১. **নিচের কোনটি বিদেশি শব্দ?** [স্ট্যান্ডার্ড ব্যাংকের অফিসার: ১২]
ক. মেকি খ. বাখারি গ. চাটাই ঘ. ওজন **উত্তর: ঘ**

৭২. **নিচের কোনটি বিদেশি শব্দ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. কান খ. কাজ গ. কাঁচি ঘ. কলম **উত্তর: গ, ঘ**

৭৩. **'জানাজা' শব্দটি** - [দুদকের পরিদর্শক: ০৩]
ক. তৎসম খ. তদ্ভব গ. দেশি ঘ. বিদেশি **উত্তর: ঘ**

৭৪. **বাংলা ভাষায় সবচেয়ে বেশি শব্দ এসেছে** - [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৫]
ক. আরবি থেকে খ. হিন্দি থেকে গ. উর্দু থেকে ঘ. ফারসি থেকে **উত্তর: ঘ**

৭৫. **কোন শব্দটি ফারসি?** [পিকেবি'র অফিসার: ১৯]
ক. মুসাফির খ. তকদির গ. পেরেশান ঘ. মজলুম **উত্তর: গ**
ব্যাখ্যা: ফারসি শব্দগুলো হলো পেরেশান, রসিদ, বাদশাহ, খোশ, চশমা, সোয়া, দোকান, নালিশ, সাথী, বেহেশত, সিপাহী, নামাজ, রোজা, কারখানা, নমুনা, আমদানি, রফতানি, হাঙ্গামা, আন্দাজ, ইয়ার, কারসাজি, কোমর, খরচ, খাসা, খুশি, খোরাক, গরম, গান, চালাক, চেহারা, দাগ, পর্দা, পশম, পালোয়ান, পোশাক, বন্দর, বাজার, পেয়ালা, পরি, দরবার, সরকারি, সরকার, চাকুরি, বান্দা, মেথর, দফতর, জানোয়ার, বদমাশ, দস্তখত, বরদাস্ত, বকশিশ, জল্লাদ, আদমি, জিন্দা, গর্দান, কারিগর, পাইকারি, খুচরা, একতারা, দোতারা, সেতারা, বেতার, লাল, সবুজ, সাদা, আসমানী, বরখাস্ত, নালায়েক, ফিবছর, বদনাম, বেয়াদব, কমজোর, নিমরাজি, জবানবন্দি, চাপাবাজ, খবরদার, চৌকিদার, মাননসই, জমিদার, বিরিয়ানি, তরমুজ, পাজামা, জর্দা, শালগম, জামদানি, রুমাল, মোরগ, মরিচ, জামাই, পোলাও, মুরগী, সরজি, বাগান, গোপাপ, গুনাহ, পয়গম্বর, ফেরেশতা, খোদা, দোযখ, সুপারিশ, আইন, আস্তানা প্রভৃতি।

৭৬. **ফারসি থেকে আগত বাংলা শব্দগুচ্ছ কোনটি?** [এনএসআই'র কম্পিউটার অপারেটর: ২১]
ক. ইমান, ইমাম, আইন খ. পোশাক, পেয়ালা, পরি গ. এলাকা, বকেয়া, মামলা ঘ. ঠিকানা, নানি, দাদি **উত্তর: খ**

৭৭. **'আবহাওয়া' শব্দটি কোন ভাষার শব্দ? / 'আসমান' কোন ভাষা থেকে আগত শব্দ? / 'আস্তানা' কোন ভাষার শব্দ?** [৪৩তম বিসিএস]
ক. আরবি খ. উর্দু গ. ফারসি ঘ. বাংলা **উত্তর: গ**

৭৮. **'আইন' কোন ভাষার শব্দ? / 'একতারা' কোন ভাষার শব্দ? / 'কারবার' শব্দটি কোন ভাষার শব্দ?** [সমবায় অধিদপ্তরের মাঠ সহকারী: ১৮]
ক. আরবি খ. উর্দু গ. ফারসি ঘ. বাংলা **উত্তর: গ**

৭৯. **কামান' শব্দটি কোন ভাষার শব্দ? / 'খোদা' শব্দটি কোন ভাষার শব্দ? / 'খবিশ' শব্দটি কোন ভাষা থেকে আগত?** [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির কাম ক্যাশিয়ার: ২৩]
ক. আরবি খ. উর্দু গ. ফারসি ঘ. বাংলা **উত্তর: গ**

৮০. **'গালিচা' শব্দটি কোন ভাষার শব্দ? / 'গোলাপ' শব্দটি কোন ভাষার? / 'গুনাহ' কোন ভাষার শব্দ?** [১২তম বিজেএস]
ক. আরবি খ. উর্দু গ. ফারসি ঘ. বাংলা **উত্তর: গ**

৮১. **'চশমা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? / 'চাবুক' কোন ভাষার শব্দ?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৯]
ক. আরবি খ. পর্তুগিজ গ. তুর্কি ঘ. ফারসি **উত্তর: ঘ**

৮২. **'জাদু' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? / 'জিন্দাবাদ' কোন ভাষার শব্দ?** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রশিক্ষণ কর্মকর্তা: ২২]
ক. ফারসি খ. আরবি গ. উর্দু ঘ. ফরাসি **উত্তর: ক**

৮৩. **'জবানবন্দি' শব্দটি - / 'জামদানি' কোন ভাষার শব্দ? / 'বেহেশত' কোন ভাষার শব্দ?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৩]
ক. আরবি খ. তুর্কি গ. ফারসি ঘ. হিন্দি **উত্তর: গ**

৮৪. **'দরজা', 'দফতর' কোন ভাষা থেকে আগত শব্দ? / 'দুনিয়া' কোন ভাষার শব্দ? / 'দেওয়ান' কোন ভাষার শব্দ?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২২]
ক. আরবি খ. তুর্কি গ. ফারসি ঘ. হিন্দি **উত্তর: গ**

৮৫. **'নওশা' শব্দটি কোন ভাষার শব্দ? / 'নামায' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? / 'নামায' ও 'রোযা' কোন ভাষার শব্দ? / 'রোজা' কোন শব্দ?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৮]
ক. আরবি খ. উর্দু গ. ফারসি ঘ. বাংলা **উত্তর: গ**

৮৬. **'পাজেরী' কোন ভাষার শব্দ? / 'পোলাও' কোন ভাষার শব্দ?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]
ক. আরবি খ. ফারসি গ. হিন্দি ঘ. পর্তুগিজ **উত্তর: খ**

৮৭. **'ফিরিঙ্গি' কোন ভাষার শব্দ? / 'ফেরেশতা' কোন ভাষার শব্দ?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. আরবি খ. ফারসি গ. হিন্দি ঘ. পর্তুগিজ **উত্তর: খ**

৮৮. **'বকলম', 'বরফ' শব্দটি বাংলা ভাষায় এসেছে - / 'বিলাতি' কোন শব্দ? / 'বাবেল মান্দেব' কী শব্দ? / 'বেচারা' কোন শব্দ?** [২৩তম বিসিএস]
ক. ফারসি খ. আরবি ভাষা থেকে গ. হিন্দি ঘ. বর্মি **উত্তর: ক**

৮৯. **'রুমাল' শব্দটি কোন ভাষার? / 'রফতানি' কোন ভাষার শব্দ?** [জনতা ব্যাংকের অফিসার: ১৯]
ক. আরবি খ. ফারসি গ. ফরাসি ঘ. গুজরাটি **উত্তর: খ**

৯০. **'সুপারিশ' শব্দটি - / 'সবুজ' কোন ভাষার শব্দ?** [পিকেবি'র সিনিয়র অফিসার: ১৪]
ক. আরবি খ. তুর্কি গ. ফারসি ঘ. হিন্দি **উত্তর: গ**

৯১. **'হাঙ্গামা' শব্দটি কোন ভাষার? / 'হিন্দি' শব্দটি কোন ভাষার?** [পল্লী সঞ্চয় ব্যাংকের ক্যাশ সহকারী: ১৮]
ক. বাংলা খ. আরবি গ. ফারসি ঘ. গুজরাটি **উত্তর: গ**

৯২. **কোনটি আরবি শব্দ?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট: ১৯]
ক. নামাজ খ. রোজা গ. হজ্জ ঘ. খোদা **উত্তর: গ**
ব্যাখ্যা: আরবি শব্দগুলো হলো হজ্জ, শরিফ, ছবি, রায়, আল্লাহ, ঈমান, হালাল, উকিল, আদালত, নেজারত, ফরিয়াদ, বিবাদী, মোক্তার, মামলা, মুলতবি, মুহুরি, হাকিম, আসামী, খারিজ, এজলাস, মহকুমা, বাদী, হুকুম, এলেম, কিতাব, আলেম, গায়েব, দোয়াত, কেচ্ছা, কলম, কানুন, সালাত, জান্নাত, জাহান্নাম, কবর, কেয়ামত, যাকাত, হাদিস, কোরবানি, তওবা, ঈদ, গোসল, মোলায়েম, বিলেত, তবলা, হারাম, মৌসুমী, তানপুরা, জিকির, মুসাফির, জাহাজ, তসবি, সাগর, ওযু, আব্বা, খালা প্রভৃতি।

৯৩. **আরবি উৎস থেকে আত্মীকৃত এবং প্রশাসনিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে ব্যবহৃত শব্দ হলো -** [রূপালী ব্যাংকের অফিসার: ১৮]
ক. রায় খ. জবানবন্দি গ. নমুনা ঘ. দস্তখত **উত্তর: ক**

৯৪. **নিম্নের কোনটি আরবি শব্দ নয়?** [অগ্রণী ব্যাংকের অফিসার: ০৮]
ক. আল্লাহ খ. ঈমান গ. বেহেশত ঘ. হালাল **উত্তর: গ**

৯৫. **'আজব' কোন বিদেশি ভাষার শব্দ? / 'আদালত' কোন ভাষার শব্দ? / 'আইন কোন ভাষার শব্দ? / 'আসামী' কোন ভাষার শব্দ?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২৩]
ক. ফারসি খ. আরবি গ. হিন্দি ঘ. ইংরেজি **উত্তর: খ**

৯৬. **'ইসলাম', 'তসবি', 'উকিল', 'শহিদ' এই শব্দগুলো কোন ভাষা থেকে আগত?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. আরবি খ. ফারসি গ. তুর্কি ঘ. পশতু **উত্তর: ক**

৯৭. **'কলম' শব্দটি কোন ভাষা থেকে গৃহীত? / 'কুরসী' শব্দটি কোন ভাষা থেকে আগত?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উচ্চমান সহকারী: ২৩]
ক. ইংরেজি খ. সাঁওতাল গ. পর্তুগিজ ঘ. আরবি **উত্তর: ঘ**

৯৮. **'কবুল', 'কলম', 'তুফান' কোন দেশি শব্দ? / 'কামিজ' শব্দটি কোন ভাষা থেকে আগত?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. ফারসি খ. আরবি গ. তুর্কি ঘ. পর্তুগিজ **উত্তর: খ**

৯৯. **'জ্বালাতন' কোন ভাষার শব্দ? / 'জান্নাত' কোন ভাষার শব্দ?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ২৩]
ক. আরবি খ. ফারসি গ. হিন্দি ঘ. পর্তুগিজ **উত্তর: ক**

১০০. **'তারিখ' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? / 'তবলা' শব্দটির উৎপত্তি কোন ভাষা থেকে?** [গ্রন্থাগার অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. চীনা খ. ইংরেজি গ. তুর্কি ঘ. আরবি **উত্তর: ঘ**

১০১. **'তহবিল' শব্দটি কোন ভাষার শব্দ? / 'তেজারত' শব্দটি কোন ভাষার শব্দ?** [বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংকের অফিসার: ১৬]
ক. আরবি খ. উর্দু গ. ফারসি ঘ. বাংলা **উত্তর: ক**

১০২. **'নেজারত' কোন ভাষার শব্দ? / 'নগদ' কোন ভাষার শব্দ? / 'দাওয়াত' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী: ২৩]
ক. ফারসি খ. আরবি গ. উর্দু ঘ. হিন্দি **উত্তর: খ**

১০৩. **'ফোয়ারা' কোন ভাষার শব্দ? / 'ফকির' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?** [বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. আরবি খ. ফারসি গ. হিন্দি ঘ. পর্তুগিজ **উত্তর: ক**

১০৪. **'মশকরা', 'মশগুল' কোন ভাষার শব্দ? / 'মর্সিয়া' কোন ভাষার শব্দ?** [গ্রন্থাগার অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. তুর্কি খ. হিন্দি গ. ফার্সি ঘ. আরবি **উত্তর: ঘ**

১০৫. **'মোলায়েম' কোন ভাষা থেকে এসেছে? / 'ময়নাতদন্ত' শব্দের 'ময়না' কোন ভাষার শব্দ? / 'মামলা' কোন ভাষা থেকে এসেছে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]
ক. খাঁটি বাংলা খ. সংস্কৃত গ. আরবি ঘ. ফারসি **উত্তর: গ**

১০৬. **'মুসাফির' কোন ভাষার শব্দ? / 'মহকুমা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?** [এলজিইডি'র সার্ভেয়ার: ১৯]
ক. তুর্কি খ. ফারসি গ. পর্তুগিজ ঘ. আরবি **উত্তর: ঘ**

১০৭. **'লোকসান' শব্দটি কোন ভাষার শব্দ? / বাংলা ভাষায় ব্যবহৃত 'লেবু' শব্দটি কোন ভাষা হতে আগত?** [পিকেবি'র অফিসার: ১৭]
ক. ফরাসি খ. আরবি গ. ফারসি ঘ. হিন্দি **উত্তর: খ**

১০৮. **'সিয়াম' ধরনের শব্দ? / 'সনদ' কোন ভাষার শব্দ?** [স্বাস্থ্য মন্ত্রনালয়ের সহকারী প্রকৌশলী: ১৬]
ক. আরবি খ. ফারসি গ. হিন্দি ঘ. পর্তুগিজ **উত্তর: ক**

১০৯. **'হিসাব' কোন ভাষা থেকে এসেছে?** [সিজিএ কার্যালয়ের জুনিয়র অডিটর: ২২]
ক. আরবি খ. ফারসি গ. হিন্দি ঘ. পর্তুগিজ **উত্তর: ক**

১১০. **Boron এবং Zirconium নাম দুইটি কোন ভাষা থেকে এসেছে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০০]
ক. গ্রিক খ. ল্যাটিন গ. আরবি ঘ. ইংরেজি **উত্তর: গ**

১১১. **নিচের কোনটি পর্তুগিজ শব্দ?** [আইসিটি বিভাগের সহকারী প্রোগ্রামার: ২০]
ক. চাবি খ. কুপন গ. তুরুপ ঘ. ডিপো **উত্তর: ক**
ব্যাখ্যা: পর্তুগিজ শব্দগুলো গুদাম, জামা, আলপিন, ফিতা, বালতি, ইস্পাত, আলমারি, আনারস, আচার, কামরা, আলকাতরা, যিশু, গির্জা, পাদ্রী, ক্রুশ, মেরি, মাইরি, জানালা, কাবাব, কেদারা, চাবি, মার্কা, বেহালা, পাউরুটি, পেপে, সাবান, পিস্তল, পেয়ারা, বোমা, বোতাম প্রভৃতি।

১১২. **কোনটি পর্তুগিজ শব্দ নয়?** [দুদকের সহকারী পরিচালক: ২০]
ক. আনারস খ. কামরা গ. অজুহাত ঘ. আচার **উত্তর: গ**

১১৩. **'ইংরেজ' কোন ভাষার শব্দ? / 'ইংরেজি' শব্দটি কোন ভাষা থেকে নেওয়া হয়েছে?** [বিএসসি'র অফিসার: ২৩]
ক. পর্তুগিজ খ. ইংরেজি গ. ইতালীয় ঘ. জার্মান **উত্তর: ক**

১১৪. **'আনারস' কোন ভাষার শব্দ? / 'আলকাতরা' শব্দটি কোন ভাষা থেকে আগত? / 'আলপিন' কোন ভাষার শব্দ?** [দুদকের কনস্টেবল: ২২]
ক. ওলন্দাজ খ. গুজরাটি গ. পর্তুগিজ ঘ. জাপানি **উত্তর: গ**

১১৫. **'আচার' কোন ভাষার শব্দ? / 'কেরানি' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? / 'কামরা' কোন ভাষা থেকে এসেছে?** [বিকেবি'র সিনিয়র অফিসার: ১৭]
ক. তুর্কি খ. পর্তুগিজ গ. ওলন্দাজ ঘ. ফারসি **উত্তর: খ**

১১৬. **'গুদাম' কোন ভাষার শব্দ? / 'গির্জা' কোন ভাষার অন্তর্গত শব্দ? / 'জানালা' শব্দটি কোন ভাষা থেকে আগত? / 'চাবি' কোন ভাষার শব্দ?** [৪০তম বিসিএস]
ক. ফারসি খ. পর্তুগিজ গ. ওলন্দাজ ঘ. পাঞ্জাবি **উত্তর: খ**

১১৭. **'তামাক' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? / 'তামাকু' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?** [ডাক বিভাগের অফিস সহায়ক: ২২]
ক. আরবি খ. ফারসি গ. পর্তুগিজ ঘ. স্প্যানিশ **উত্তর: গ**

১১৮. **'পাউরুটি' শব্দটি কোন ভাষার? / 'পেঁপে' কোন ভাষার শব্দ? / 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ?** [পিএসসি'র স্টাফ অফিসার: ২৩]
ক. পাঞ্জাবি খ. পর্তুগিজ গ. গুজরাটি ঘ. ঢাকা **উত্তর: খ**

১১৯. **'বোতাম' কোন ভাষা থেকে এসেছে? / 'বালতি' কোন ভাষা থেকে এসেছে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্টোর কিপার: ২১]
ক. ফরাসি খ. ওলন্দাজ গ. পর্তুগিজ ঘ. চৈনিক **উত্তর: গ**

১২০. **'বারান্দা' শব্দটি কোন ভাষা থেকে আগত? / 'বোম্বেটে' কোন ভাষা থেকে আগত?** তিতাস গ্যাস ফিল্ডের অফিসার: ১৮]
ক. পর্তুগিজ খ. ওলন্দাজ গ. ইংরেজি ঘ. তুর্কি **উত্তর: ক**

১২১. **'মার্কা' কোন ভাষার শব্দ? / 'যীশু' কোন ভাষার শব্দ? / 'সাবান' শব্দ কোন ভাষা থেকে আগত?** [বিআরইবি'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. পর্তুগিজ খ. আরবি গ. দেশি ঘ. ওলন্দাজ **উত্তর: ক**

১২২. **'হার্মাদ' শব্দটি কোন ভাষা থেকে আগত?** [শ্রম অধিদপ্তরের সহকারী প্রধান পরিদর্শক: ০৯]
ক. স্পেনীয় খ. পর্তুগিজ গ. বার্মিজ ঘ. আরাকানি **উত্তর: খ**

১২৩. **তুর্কি শব্দের উদাহরণ কোনটি?** [বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের সহকারী ব্যবস্থাপক: ২০]
ক. বাবুর্চি খ. লুঙ্গি গ. রিক্সা ঘ. আলমারি **উত্তর: ক**

ব্যাখ্যা: তুর্কি শব্দগুলো বাবা, ক্রোক, চাকু, তোপ, চাকর, মোঘল, ঝকমক, খোকা, খান, দারোগা, কুলি, খাঁ, বাহাদুর, কাবু, কব্জি, বাবুর্চি, কাঁচি, বেগম, সওগাত প্রভৃতি।

১২৪. **'উজবুক' শব্দটি কোন ভাষা হতে বাংলা ভাষায় এসেছে? / 'কুর্নিশ' শব্দের উৎস ভাষা -** [৩১তম বিসিএস]
ক. ফারসি খ. তুর্কি গ. পর্তুগিজ ঘ. আরবি **উত্তর: খ**

১২৫. **'কোর্মা' শব্দটি কোন ভাষা থেকে আগত? / 'কাঁচি' কোন ধরনের শব্দ? / 'কুলি' শব্দটি কোন ভাষা হতে আগত?** [২৪তম বিসিএস]
ক. তুর্কি খ. ফারসি গ. সংস্কৃত ঘ. ওলন্দাজ **উত্তর: ক**

১২৬. **'ক্রোক' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? / 'চকচক' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? / 'চাকু' কোন ভাষার শব্দ?** [বিএসসি'র অফিসার: ১৮]
ক. চীনা খ. হিন্দি গ. উর্দু ঘ. তুর্কি **উত্তর: ঘ**

১২৭. **'বাবুর্চি' কোন ভাষার শব্দ? / 'বাবা' কোন ভাষার অন্তর্গত শব্দ? / 'দারোগা' শব্দটি কোন ভাষা থেকে আগত?** [৪২তম বিসিএস]
ক. তুর্কি খ. আরবি গ. উর্দু ঘ. ফারসি **উত্তর: ক**

১২৮. **'বন্দুক', 'বারুদ' শব্দ দুইটি - / 'বেগম' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? / 'লাশ' কোন ভাষার শব্দ? / 'সওগাত' কোন ভাষার শব্দ?** [এমআরএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. আরবি খ. মারাঠি গ. তুর্কি ঘ. হিন্দি **উত্তর: গ**

১২৯. **নিচের কোন শব্দটি জাপানি ভাষার?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৭]
ক. বাবা খ. রিক্সা গ. আয়না ঘ. ডাক্তার **উত্তর: খ**
ব্যাখ্যা: জাপানি শব্দগুলো হলো রিক্সা, হাসনাহেনা, জুডো, ক্যারাটে, সুনামি, হারকিরি প্রভৃতি।

১৩০. **'সুনামি' শব্দটি - / 'হারিকিরি' শব্দটি - / 'রিক্সা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?** [বিএমইটি'র অফিস সহায়ক: ২৩]
ক. জাপানি খ. ডাচ গ. ফরাসি ঘ. চীনা **উত্তর: ক**

১৩১. **'চা' কোন জাতীয় শব্দ?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরী টেকনিশিয়ান: ২৩]
ক. বাংলা খ. ফারসি গ. পর্তুগিজ ঘ. চৈনিক **উত্তর: ঘ**
ব্যাখ্যা: চীনা শব্দগুলো হলো চা, চিনি, লিচু, এলাচি, সাম্পান, লুচি প্রভৃতি।

১৩২. **বাংলা ভাষা কোন শব্দ দুইটি গ্রহণ করেছে চীনা ভাষা হতে -** [১২তম বিসিএস]
ক. চাকু, চাকর খ. খদ্দর, হরতাল গ. চা, চিনি ঘ. রিক্সা, রেস্তোরাঁ **উত্তর: গ**

১৩৩. **'এলাচি' কোন ভাষার শব্দ? / 'সাম্পান' কোন ভাষার শব্দ?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১২]
ক. দেশি খ. চীনা গ. পর্তুগিজ ঘ. তুর্কি **উত্তর: খ**

১৩৪. **'তুরুপ' শব্দটি কোন ভাষা থেকে আগত?** [এনএসআই'র জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]
ক. ফরাসি খ. ওলন্দাজ গ. ফারসি ঘ. পর্তুগিজ **উত্তর: খ**
ব্যাখ্যা: ওলন্দাজ শব্দগুলো হলো হরতন, রুইতন, ইস্কাপন, চিরাতন, টেক্কা, তুরুপ প্রভৃতি।

১৩৫. **'রুইতন' শব্দটি কোন ভাষা থেকে আগত? / 'হরতন' কোন ভাষার শব্দ?** [এলজিইডি'র সহকারী প্রকৌশলী: ০৫]
ঘ. আরবি খ. ফারসি গ. ফরাসি ঘ. ওলন্দাজ **উত্তর: ঘ**

১৩৬. **নিচের কোনটি হিন্দি শব্দ?** [বিএনসিসি'র অফিস সহকারী: ২১]
ক. ফুফা খ. হিল্লে গ. বিবি ঘ. কানুন **উত্তর: ক**
ব্যাখ্যা: হিন্দি শব্দগুলো হলো চামেলি, ছিনতাই, হালুয়া, তরকারি, জলদি, মিঠাই, লাগাতার, পানি, সমঝোতা, ধোলাই, ঠান্ডা, গাঙ, চানাচুর, জিলাপি, জঙ্গল, দোসরা, পিপা, চাচা, চাচি, মামা, মামী, নানা, নানী প্রভৃতি।

১৩৭. **'গাং' শব্দটি - / 'চানাচুর' শব্দটি কোন ভাষা হতে এসেছে? / 'জিলাপি' কোন ভাষা থেকে এসেছে? / 'জঙ্গল' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. হিন্দি খ. উর্দু গ. আরবি ঘ. চীনা **উত্তর: ক**

১৩৮. **'দোসরা' তারিখবাচক শব্দটি কোন ভাষা থেকে এসেছে? /'পানি' শব্দটি কোন ভাষা থেকে বাংলায় এসেছে? / পিপা' কোন বিদেশি ভাষার শব্দ?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ১৭]
ক. আরবি খ. ফারসি গ. উর্দু গ. হিন্দি **উত্তর: ঘ**

১৩৯. **গুজরাটি শব্দের উদাহরণ কোনটি?** [পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]
ক. হরতাল খ. লুঙ্গি গ. রিক্সা ঘ. চাকু **উত্তর: ক**

১৪০. **'খদ্দর' শব্দ বাংলা ভাষায় এসেছে - / 'হরতাল' কোন ভাষার শব্দ?** [৪৪তম বিসিএস]
ক. ওলন্দাজ খ. চীনা গ. গুজরাটি ঘ. ফারসি **উত্তর: গ**

১৪১. **কোন শব্দটি ফরাসি?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহকারী: ১৯]
ক. চিনি খ. রেস্তোরা গ. রিক্সা ঘ. হরতন **উত্তর: খ**
ব্যাখ্যা: ফরাসি শব্দগুলো হলো রেস্তোরাঁ, ওলন্দাজ, ক্যাফে, ডিপো, আঁতাত, আঁতেল, কার্তুজ, রেঁনেসা, কুপন, পানসি প্রভৃতি।

১৪২. **'আঁতাত' শব্দটি কোন ভাষা থেকে আগত? / 'ক্যাফে' কোন ভাষার শব্দ?** [বিডিবিএল'র সিনিয়র অফিসার: ১১]
ক. ইংরেজি খ. ফারসি গ. ফরাসি ঘ. স্প্যানিশ **উত্তর: গ**

১৪৩. **'কুপন' কোন ভাষা থেকে এসেছে? / 'কার্তুজ' কোন ভাষা থেকে এসেছে? / 'পানসি' কোন ভাষার শব্দ?** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ১৩]
ক. ইংরেজি খ. ফারসি গ. ফরাসি ঘ. ওলন্দাজ **উত্তর: গ**

১৪৪. 'রেস্তোরাঁ' কোন ভাষার শব্দ? / 'রেনেসাঁস' কোন ভাষার শব্দ? / 'পানসি' কোন ভাষা থেকে এসেছে? [বিএসসি'র অফিসার (ক্যাশ): ১৩]
ক. ওলন্দাজ খ. ফরাসি গ. জাপানি ঘ. ইংরেজ **উত্তর: খ**

১৪৫. কোনটি ইংরেজি শব্দ? [৩২তম বিসিএস]
ক. ম্যাজেস্টা খ. পিস্তল গ. আলমারি ঘ. কমা **উত্তর: ঘ**
ব্যাখ্যা: ইংরেজি শব্দগুলো হলো ইউনিভার্সিটি, নভেল, লাইব্রেরি, কলেজ, ফুটবল, বাক্স, নোট, ব্যাগ, চেয়ার, মার্বার, হাসপাতাল, টিন, পেন্সিল, পাউডার, জাদরেল, বাস, টেবিল, ডাক্তার, স্কুল, স্টিমার, নার্স, এজেন্ট, টিপাই, পুলিশ, বুরুশ, বিস্কুট, সাব্বী, খ্রিস্টান, একাডেমি, আগ্রাসন, আরদালি, নভেল, ইউনিয়ন প্রভৃতি।

১৪৬. দাপ্তরিক কোন শব্দটি ইংরেজি ভাষা থেকে আগত? [২৬তম বিসিএস]
ক. আইন খ. দাখিল গ. এজেন্ট ঘ. মুচলেকা **উত্তর: গ**

১৪৭. 'একাডেমি' কোন ভাষার শব্দ? / 'টিপাই' শব্দটির উৎস ভাষা - / 'জাঁদরেল' কোন ভাষার শব্দ? [গ্রন্থাগার অধিদপ্তরের সহকারী কারিগরি যান: ২৩]
ক. ইংরেজি খ. ফারসি গ. গুজরাটি ঘ. তুর্কি **উত্তর: ক**

১৪৮. 'পুলিশ' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? / 'বুরুশ' শব্দটি মূলত - / 'বিস্কুট' কোন ভাষার শব্দ? [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২১]
ক. ফারসি খ. চীনা গ. ইংরেজি ঘ. ফরাসি **উত্তর: গ**

১৪৯. 'বুমেরাং' কোন ভাষার শব্দ? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]
ক. অস্ট্রেলিয়া খ. ইংরেজি গ. জাপানি ঘ. পর্তুগিজ **উত্তর: ক**

১৫০. 'সান্ত্রী' শব্দটি কোন ভাষার? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৩]
ক. ইংরেজি খ. ফারসি গ. হিন্দি ঘ. জার্মান **উত্তর: ক**

১৫১. নিচের কোনটি মুন্ডারী ভাষার শব্দ? [জনতা ব্যাংকের অফিসার: ১৯]
ক. চাকু খ. চিনি গ. চাকর ঘ. চুলা **উত্তর: ঘ**

১৫২. 'বিড়াল' শব্দটি কোন ভাষার শব্দ? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক: ০৩]
ক. পর্তুগিজ খ. মুন্ডা গ. সাঁওতাল ঘ. মারমা **উত্তর: খ**

১৫৩. 'আইলা', 'কিরিস' কোন ভাষার শব্দ? [জীবন বীমা কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২০]
ক. আরবি খ. ফারসি গ. মালয় ঘ. পর্তুগিজ **উত্তর: গ**

১৫৪. 'কাকাতুয়া' কোন ভাষার শব্দ? [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২৩]
ক. বর্মি খ. মালয়ি গ. চৌনিক ঘ. তামিল **উত্তর: খ**

১৫৫. 'কিন্ডারগার্টেন' শব্দটি কোন ভাষা থেকে ইংরেজি ভাষায় এসেছে? / 'কিন্ডারগার্টেন' কোন ভাষা হতে আগত শব্দ? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. জার্মান খ. জাপানি গ. পর্তুগিজ ঘ. সংস্কৃত **উত্তর: ক**

১৫৬. ইংরেজি ভাষা কোন ভাষা থেকে সবচেয়ে বেশি শব্দ গ্রহণ করেছে? [ইউসিবিএল'র অফিসার: ১৩]
ক. ল্যাটিন খ. গ্রিক গ. ফ্রেঞ্চ ঘ. জার্মান **উত্তর: ক**

১৫৭. যে ভাষা থেকে 'Education' শব্দটির উৎপত্তি হয়েছে? [চবি: ১৮-১৯]
ক. গ্রিক খ. ফরাসি গ. জার্মান ঘ. লাতিন / ল্যাটিন **উত্তর: ঘ.**

১৫৮. 'কুইনাইন' কোন ভাষার শব্দ? [জনতা ব্যাংকের অফিসার (ক্যাশ): ১১]
ক. পর্তুগিজ খ. গ্রিক গ. তুর্কি ঘ. পেরু **উত্তর: ঘ**

১৫৯. 'চাহিদা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? / 'শিখ' কোন ভাষার শব্দ?/ 'তারকা' কোন ভাষার শব্দ? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]
ক. পর্তুগিজ খ. চীনা গ. পাঞ্জাবি ঘ. তুর্কি **উত্তর: গ**

১৬০. 'চকলেট' কোন দেশের ভাষার শব্দ? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৭]
ক. অস্ট্রেলিয়া খ. ইটালি গ. জার্মানি ঘ. মেক্সিকো **উত্তর: ঘ**

১৬১. 'ডেঙ্গু' শব্দটি বাংলা ভাষায় এসেছে - [পূবালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৬]
ক. বর্মি খ. ড্যানিশ গ. স্প্যানিশ ঘ. পর্তুগিজ **উত্তর: গ**

১৬২. 'ম্যালেরিয়া' কোন ভাষার শব্দ? [পূবালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৩]
ক. মেক্সিকো খ. ইতালি গ. জার্মান ঘ. ইংরেজি **উত্তর: খ**

১৬৩. 'সনেট' শব্দটি উদ্ভব হয়েছে যে ভাষা থেকে - / 'সনেট' শব্দটি কোন ভাষা থেকে উৎপন্ন? [মাউশি অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]
ক. জার্মান খ. ইংরেজি গ. ইতালিয়ান ঘ. ফ্রেঞ্চ **উত্তর: গ**

১৬৪. 'বৌদ্ধ ভিক্ষু' শব্দটির বর্মি রূপ কোনটি? [বিসিএসআইআর'র অফিস সহকারী: ১৭]
ক. চীবর খ. ফুঙ্গি গ. বঙ্গি ঘ. থামি **উত্তর: খ**

১৬৫. 'লুঙ্গি' কোন ভাষার শব্দ? / 'ফুঙ্গি' কোন ভাষার শব্দ? [স্বাস্থ্য অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. চীনা খ. বর্মি গ. নেপালি ঘ. ভুটানি **উত্তর: খ**

১৬৬. 'সিডর' কোন ভাষার শব্দ? [সোনালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৪]
ক. সিংহলি খ. উর্দু গ. বাংলা ঘ. ফারসি **উত্তর: ক**

১৬৭. **গ্রিক শব্দ কোনটি?** [২৭তম বিসিএস]
ক. তুফান খ. লুঙ্গি গ. কুশন ঘ. দাম **উত্তর: ঘ**

১৬৮. **আরবি 'কলম' শব্দটি 'কলমোস' শব্দ থেকে এসেছে। 'কলমোস' কোন ভাষার শব্দ?** [৪৫তম বিসিএস]
ক. গ্রিক খ. আরবি গ. ফারসি ঘ. তুর্কি **উত্তর: ক**

১৬৯. **ফেসবুকের নতুন নাম 'মেটা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? / 'সুড়ঙ্গ' কোন ভাষার শব্দ?** [বিএসসি'র অফিসার: ২২]
ক. স্প্যানিশ খ. গ্রিক গ. স্লাভিক ঘ. ল্যাটিন **উত্তর: খ**

১৭০. **'জীবনবৃত্তান্ত' এর প্রচলিত নাম 'কারিকুলাম ভিটাই' কোন ভাষার শব্দ?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৯]
ক. জার্মান খ. লাতিন গ. ফরাসি ঘ. ইংরেজি **উত্তর: খ**

১৭১. **'অ্যানথ্রাক্স' শব্দটির মূল ভাষা -** [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুটেন্ট: ১৫]
ক. ইংরেজি খ. ফরাসি গ. গ্রিক ঘ. ল্যাটিন **উত্তর: গ**

১৭২. **'রোবট' শব্দটি মূলত কোন ভাষা থেকে এসেছে?** [রাবি: ২১-২২]
ক. স্প্যানিশ খ. গ্রিক গ. স্লাভিক ঘ. ল্যাটিন **উত্তর: গ**

১৭৩. **'টর্নেডো' শব্দটি এসেছে - / 'টর্নেডো শব্দটি এসেছে স্প্যানিশ শব্দ -** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. Toonida খ. Tunioda গ. Tonada ঘ. Tornada **উত্তর: ঘ**

১৭৪. **'বর্গী' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৫]
ক. মহারাষ্ট্রীয় খ. হিন্দি গ. তামিল ঘ. তুর্কি **উত্তর: ক**

১৭৫. **'রাখাইন' শব্দটির উৎপত্তি কোন ভাষা থেকে?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. তৎসম খ. পালি গ. ফারসি ঘ. উর্দু **উত্তর: খ**

১৭৬. **কোন শব্দ থেকে 'সোমত্ত' শব্দটির উৎপত্তি?** [৪৩তম বিসিএস]
ক. সোপান খ. সমর্থ গ. সোল্লাস ঘ. সওয়ার **উত্তর: খ**

১৭৭. **আরবি, ফারসি, ইংরেজি থেকে আগত শব্দ যথাক্রমে -** [জাবি: ১২-১৩]
ক. রোয়াক, মশক, কেতলি খ. সরঞ্জাম, হালুয়া, প্যান্ডেল গ. আস্তাবল, গেরো, কৈফিয়ৎ ঘ. কসাই, জাঁদরেল, মশাল **উত্তর: ক**

১৭৮. **খণ্ডিত শব্দ নির্দেশ করুন।** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক: ০৩]
ক. বেহেড খ. নাৎসি গ. ফোন ঘ. গভর্নর **উত্তর: ক**

১৭৯. **কোন ধরনের শব্দ সমাসবদ্ধ পদের মতো নতুন শব্দের ও অর্থের সৃষ্টি করে?** [পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা প্রসেসিং অপারেটর: ০২]
ক. মিশ্র খ. বিদেশি গ. তৎসম ঘ. তদ্ভব **উত্তর: ক**

১৮০. **নিচের কোনটি মিশ্র শব্দ?** [তিতাস গ্যাস ফিল্ডের অফিসার: ১৮]
ক. হরতাল খ. আলকাতরা গ. খ্রিষ্টাব্দ ঘ. ফটোকপি **উত্তর: গ**
ব্যাখ্যা: মিশ্র শব্দগুলো হলো খ্রিষ্টাব্দ, ফুলদানি, কালিকলম (বাংলা+আরবি), হাট-বাজার, ডাক্তারখানা (ইংরেজি+ফারসি), কাগজ-কলম, শাক-সবজি, হেড-মাস্টার, ভোটদাতা, ফৌজদারি, আইনজীবী, চিড়িয়াখানা, চৌ-হদ্দি, চা-নাস্তা, ডাক্তারখানা, ডাক্তারবাবু, পকেটমার (ইংরেজি+বাংলা), বেটাইম, মিনতি, হেডমৌলভী, পুলটিক্স, রাজা-বাদশা, হেড-পন্ডিত, বোমাবাজ, ডেপুটিগিরি, মাস্টারমশাই, ফুলমোজা, সোহার হরিণ, রাজাউজির, গুরুগিরি, বেআমল, বেহেড, নিটল, হিন্দুত্ব, শ্রমিক-মালিক, চাবিকাঠি, অংশীদার প্রভৃতি।

১৮১. **'আইনজীবী' শব্দটি কোন দুইয়ের যোগফল?** [ঢাবি: ০৪-০৫]
ক. তৎসম+আরবি খ. ফারসি+তৎসম গ. তৎসম+তদ্ভব ঘ. তৎসম+ফারসি **উত্তর: খ**

১৮২. **'খ্রিষ্টাব্দ' কোন জাতীয় মিশ্র শব্দ?** [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. ইংরেজি+বাংলা খ. ইংরেজি+আরবি গ. ইংরেজি+ফারসি ঘ. ইংরেজি+তৎসম **উত্তর: ঘ**

১৮৩. **'চিড়িয়াখানা' শব্দটির উৎস ভাষা -** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. হিন্দি খ. ফারসি গ. হিন্দি ও ফারসি ঘ. তুর্কি ও হিন্দি **উত্তর: গ**

১৮৪. **'চৌ-হদ্দি' শব্দটি কোন কোন ভাষার শব্দ মিলে রয়েছে?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ২৩]
ক. বাংলা+ফারসি খ. সংস্কৃত+ফারসি গ. ফারসি+আরবি ঘ. সংস্কৃত+আরবি **উত্তর: গ**

১৮৫. **'চা-নাস্তা' কোন দুইটি বিদেশি শব্দের মিশ্রণ?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. জাপানি+আরবি খ. জাপানি+ফারসি গ. চৈনিক+জাপানি ঘ. চৈনিক+ফারসি **উত্তর: ঘ**

১৮৬. **'ডাক্তার বাবু' কোন শ্রেণির শব্দ? / 'পকেটমার' শব্দটি কোন শ্রেণির?** [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. মিশ্র খ. তদ্ভব গ. অর্ধ-তৎসম ঘ. দেশি **উত্তর: ক**

১৮৭. **'ফৌজদারি' কোন জাতীয় শব্দ? / 'ফৌজদারি' শব্দটি কোন দুইয়ের যোগফল?** [বাংলাদেশ ট্যারিফ কমিশনের গবেষণা কর্মকর্তা: ১৮]
ক. ওলন্দাজ খ. পর্তুগিজ গ. তুর্কি ঘ. মিশ্র শব্দ (ফারসি+আরবি) **উত্তর: ঘ**

১৮৮. **'বেটাইম' শব্দটি গঠিত হয়েছে -** [২৪তম বিসিএস]
ক. ফারসি+ইংরেজি শব্দে খ. ফরাসি+ইংরেজি শব্দে গ. ফারসি+ফরাসি শব্দে ঘ. ফারসি+হিন্দি শব্দে **উত্তর: ক**

১৮৯. **'মিনতি' শব্দটি যে শব্দযোগে তৈরি হয়েছে -** [বিএসসি'র সহকারী প্রোগ্রামার: ২০]
ক. সংস্কৃত ও আরবি খ. আরবি ও ফারসি গ. সংস্কৃত ও পর্তুগিজ ঘ. দেশিয় ও পর্তুগিজ **উত্তর: ক**

১৯০. **'শাক-সবজি' শব্দটি কোন দুইয়ের মিলন?** [জনতা ব্যাংকের অফিসার (আইটি): ১৯]
ক. তৎসম+ফারসি খ. তদ্ভব+ফারসি গ. দেশি+আরবি ঘ. পর্তুগিজ+আরবি **উত্তর: ক**

১৯১. **'হাট-বাজার' কোন কোন ভাষার শব্দ নিয়ে গঠিত?** [পর্যটন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৫]
ক. আরবি ও ফরাসি খ. বাংলা ও ফারসি গ. আরবি ও বাংলা ঘ. বাংলা ও পর্তুগিজ **উত্তর: খ**

১৯২. **'হেড মৌলভী' কোন কোন ভাষার শব্দযোগে গঠিত হয়েছে?** [৩৬তম বিসিএস]
ক. ইংরেজি+ফারসি খ. ইংরেজি+আরবি গ. তুর্কি+আরবি ঘ. ইংরেজি+পর্তুগিজ **উত্তর: ক**

কনফিউশন তৈরি করা কিছু শব্দ (পরীক্ষায় অপশন অনুযায়ী উত্তর দেবেন)

প্রদত্ত শব্দ	বাংলা ব্যাকরণ	আধুনিক বাংলা অভিধান	প্রদত্ত শব্দ	বাংলা ব্যাকরণ	আধুনিক বাংলা অভিধান
আইন	আরবি	ফারসি	কুলা	দেশি	তদ্ভব
লেবু	আরবি	সংস্কৃত	গণ্ডা	দেশি	ফারসি
আদমি	ফারসি	আরবি	চোঙা	দেশি	হিন্দি
শরবত	ফারসি	আরবি	খোকা	দেশি	তুর্কি
হুকুম	ফারসি	আরবি	ঢেঁকি	দেশি	হিন্দি
কানুন	ফারসি	আরবি	লুচি	চীনা	তদ্ভব
জঙ্গল	ফারসি	তৎসম	এলাচি	চীনা	সংস্কৃত
বেগম	ফারসি	তুর্কি	চিনি	চীনা	তদ্ভব
তারিখ	ফারসি	আরবি	পেয়ারা	মারাঠি	পর্তুগিজ
বন্দুক	তুর্কি	আরবি	বর্গি	মারাঠি	ফারসি
ক্রোক	তুর্কি	আরবি	কার্তুজ	ফরাসি	পর্তুগিজ
চকচক	তুর্কি	দেশি	চাহিদা	পাঞ্জাবি	তদ্ভব
দারোগা	তুর্কি	ফারসি	সুড়ঙ্গ	গ্রিক	তৎসম
মার্কা	পর্তুগিজ	ইংরেজি	চকলেট	মেক্সিকান	ফরাসি
আতা	পর্তুগিজ	তদ্ভব	চরকা	গুজরাটি	তদ্ভব
তামাকু	পর্তুগিজ	দেশি	লুঙ্গি	বর্মি	ফারসি
গাং	হিন্দি	সংস্কৃত	বকলম	ফারসি	ফারসি+আরবি
গোলমাল	হিন্দি	ফারসি	চৌ-হদ্দি	ফারসি+আরবি	বাংলা+ফারসি
টেক্কা	ওলন্দাজ	দেশি	হেড মৌলভী	ইংরেজি+ফারসি	ইংরেজি+আরবি
তুরুপ	ওলন্দাজ	পর্তুগিজ	আইনজীবী	আরবি+তৎসম	ফারসি+তৎসম

সন্ধি

০১. **'সন্ধি' শব্দের অর্থ কী?** [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরী অ্যাটেনডেন্ট: ২০]
ক. মিলন খ. বিচ্ছেদ গ. বন্ধুত্ব ঘ. সংযোগ **উত্তর: ক**

০২. **কোনটিকে সন্ধির সংজ্ঞা বলা হয়?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিপাই: ২১]
ক. পদে পদে মিলকে খ. শব্দে শব্দে মিলকে গ. ধ্বনিতে ধ্বনিতে মিলকে ঘ. উপসর্গে শব্দ মিলকে **উত্তর: গ**

০৩. **পাশাপাশি দুইটি বর্ণ বা ধ্বনির মিলনকে কী বলে? / পরস্পর কাছাকাছি ধ্বনি বা বর্ণের মিলনকে বলে -** [সোনালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৮]
ক. সন্ধি খ. সমাস গ. কারক ঘ. প্রত্যয় **উত্তর: ক**

০৪. **সন্ধি কত প্রকার? / সংস্কৃত সন্ধি কত প্রকার? / তৎসম শব্দের সন্ধি কত প্রকার?** [এনএসআই'র কম্পিউটার অপারেটর: ২১]
ক. ২ খ. ৩ (স্বর, ব্যঞ্জন ও বিসর্গ) গ. ৪ ঘ. ৫ **উত্তর: খ**

০৫. **বাংলা সন্ধি কত প্রকার? / ব্যাকরণ অনুযায়ী খাঁটি বাংলা সন্ধি কত প্রকার?** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ড্রাফটসম্যান: ১৭]
ক. ২ (স্বর ও ব্যঞ্জন) খ. ৩ গ. ৪ ঘ. ৫ **উত্তর: ক**

০৬. **সন্ধির প্রধান সুবিধা কী?** [১৮তম বিসিএস]
ক. উচ্চারণের সুবিধা খ. লেখার সুবিধা গ. শোনার সুবিধা ঘ. পড়ার সুবিধা **উত্তর: ক**

০৭. **সন্ধির উদ্দেশ্য কোনটি?** [বিএসসি'র অফিসার: ২৩] [বেবিচকের হিসাব সহকারী: ২৩]
ক. শব্দের মিলন খ. বর্ণের মিল গ. শব্দগত মাধুর্য সৃষ্টি ঘ. ধ্বনিগত মাধুর্য সৃষ্টি ও সম্পাদন **উত্তর: ঘ**

০৮. **সন্ধির কাজ কী?** [বেবিচকের হিসাব সহকারী: ২৩]
ক. ধ্বনি পরিবর্তন খ. অর্থের পরিবর্তন গ. পদের পরিবর্তন ঘ. বাক্য সংকোচন **উত্তর: ক**

০৯. **কোন বাংলা পদের সাথে সন্ধি হয় না?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. বিশেষ্য খ. অব্যয় গ. ক্রিয়া ঘ. সকল পদের সন্ধি হয় **উত্তর: ঘ**

ব্যাখ্যা: বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয় ও ক্রিয়া সকল পদের সন্ধি হয়। তবে পরীক্ষায় যদি 'সকল পদের সন্ধি হয়' অপশনে না থাকে, তাহলে 'কোনোটিই নয়' দাগাবেন। অপশনে যদি 'কোনোটিই নয়' না থাকে, তাহলে 'ক্রিয়া' দাগাবেন। আবার অপশনে যদি 'ক্রিয়া' না থাকে, তাহলে 'অব্যয়' দাগাবেন। মোটকথা, অপশন বুঝে দাগাবেন।

১০. **নিচের কোন ক্ষেত্রে সন্ধি করা অনুচিত?** [এনএসআই'র ফিল্ড স্টাফ: ২৩]
ক. সমাসবদ্ধ পদে সন্ধি করা অনুচিত
খ. বাংলা শব্দের সাথে সংস্কৃত শব্দের সন্ধি করা অনুচিত
গ. ধাতুর সাথে প্রযুক্ত উপসর্গের সন্ধি করা অনুচিত
ঘ. উপরের কোনোটিই নয়
উত্তর: খ

১১. **খাঁটি বাংলায় সন্ধি নেই?** [পায়রা বন্দর কর্তৃপক্ষের সহকারী সাব-ইন্সপেক্টর: ১৯]
ক. স্বরসন্ধি খ. ব্যঞ্জনসন্ধি গ. বিসর্গ সন্ধি ঘ. ক ও খ উভয়ই
উত্তর: গ

১২. **'বিষয় বহির্ভূত অথচ প্রচলিত' ব্যাকরণে একে বলা হয় - / যেসব ক্ষেত্রে সন্ধি নিয়মানুসারে হয় না তাকে বলে -** [পূবালী ব্যাংকের অফিসার: ১৭]
ক. ব্যতিক্রম খ. ব্যভিচার গ. অনিয়ম ঘ. নিপাতনে সিদ্ধ
উত্তর: ঘ

১৩. **সন্ধির নিয়মানুসারে ঈ+অ = কী?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৮]
ক. য্+অ খ. য+আ গ. আ+য্ ঘ. অ+য
উত্তর: ক

১৪. **'চ' ও 'জ' এর পরে নাসিক্য ধ্বনি কী হবে?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. ওষ্ঠ ধ্বনি খ. মূর্ধন্য গ. দন্ত্য ঘ. তালব্য
উত্তর: ঘ

১৫. **অ-কার কিংবা আ-কারের পর ঋ-কার থাকলে উভয় মিলে হয় -** [রাবি: ২১-২২]
ক. এর খ. আর গ. র ঘ. অর
উত্তর: ঘ

১৬. **বিসর্গ সন্ধিতে কী লুপ্ত হয়ে বিসর্গ আসে?** [পূবালী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. য, স খ. র, ষ গ. য, শ ঘ. ম, প
উত্তর: খ

১৭. **সন্ধিজাত শব্দ -** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. উন্মনা খ. দখিনা গ. ফাল্গুন ঘ. মিনতি
উত্তর: ক

১৮. **সন্ধিঘটিত কোন শব্দটি শুদ্ধ?** [পূবালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৭]
ক. বৃহদংশ খ. জাত্যাভিমান গ. আদ্যান্ত ঘ. শিরোচ্ছেদ
উত্তর: ক

১৯. **'কথোপকথন' শব্দটি কী রীতিতে গঠিত?** [ঢাবি: ১২-১৩]
ক. উপসর্গযোগে খ. সন্ধিযোগে গ. প্রত্যয়যোগে ঘ. সমাসযোগে
উত্তর: খ

২০. **'অলংকার' শব্দের সঠিক সন্ধিজাত বিশ্লেষণ কোনটি?** [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৮]
ক. অলম্+কার খ. অলং+কার গ. অ+লঙ্কার ঘ. অলঙ্ক+কার
উত্তর: ক

২১. **'অন্তরীপ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. অন্তর+ইপ খ. অন্তর+ঈশ গ. অন্ত+রীপ ঘ. অন্তঃ+ঈপ
উত্তর: ঘ

২২. **'অধোগতি' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. অধ+গতি খ. অধঃ+গতি গ. অধ+অগতি ঘ. অধঃ+অগতি
উত্তর: খ

২৩. **'অন্বেষণ' শব্দের সন্ধি-বিচ্ছেদ?** [পূবালী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. অণু+এষণ খ. অনু+এষণ গ. অণু+এষন ঘ. অনু+এষন
উত্তর: খ

২৪. **'অত্যধিক' এর সন্ধি-বিচ্ছেদ করুন।** [বেবিচকের সহকারী প্রকৌশলী: ২৩]
ক. অতি+ধিক খ. অত্যা+অধিক গ. অতি+অধিক ঘ. অ+তাধিক
উত্তর: গ

২৫. **'অন্বিত' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ১২]
ক. অনু+ইত খ. অনু+নিত গ. অনু+ঈত ঘ. অনু+বিত
উত্তর: ক

২৬. **'অবগ্নি' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [জাবি: ২২-২৩]
ক. অপ+অগ্নি খ. অব+অগ্নি গ. অবঃ+অগ্নি ঘ. অবো+অগ্নি
উত্তর: ক

২৭. **'অক্ষৌহিণী' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]
ক. অক্ষ+উহিনী খ. অক্ষ+ইহিনী গ. অক্ষ+হিনী ঘ. অক্ষ+ওহিনী
উত্তর: ক

২৮. **'অকুতোভয়' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২৩]
ক. অকুত+ভয় খ. অকুতো+ভয় গ. অকুতঃ+ভয় ঘ. অকুত+অভয়
উত্তর: গ

২৯. **'অধ্যুষিত' শব্দের সন্ধি-বিচ্ছেদ কী?** [জাবি: ১৭-১৮]
ক. অধ্য+উষিত খ. আধ+যিত গ. অধি+উষিত ঘ. আধু+উষিত
উত্তর: গ

৩০. **'অত্যন্ত' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. অতি+অন্ত খ. অতী+অন্ত গ. অতৎ+অন্ত ঘ. অত+অন্ত
উত্তর: ক

৩১. **'অন্তরঙ্গ' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [ঢাবি: ০৭-০৮]
ক. অন্তঃ+অঙ্গ খ. অন্তর+অঙ্গ গ. অন্তরম্+গ ঘ. অন্তরণ+গ
উত্তর: ক

৩২. **'অর্ধেক' এর সন্ধি-বিচ্ছেদ করুন।** [বেসিক ব্যাংকের সহকারী ব্যবস্থাপক: ১২]
ক. আধা+এক খ. অর্ধ+এক গ. অর্ধে+এক ঘ. অর্ধ+ক
উত্তর: খ

৩৩. **'অতীত' এর সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [আমদানি-রপ্তানি দপ্তরের অফিস সহায়ক: ২০]
ক. অতি+ইত খ. অতী+ত গ. অত+ইত ঘ. অত্ত+ঈত **উত্তর: ক**

৩৪. **'অধমর্ণ' এর সন্ধি-বিচ্ছেদ করুন।** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. অধম+ঋণ খ. অর্ধ+মর্ণ গ. অর্ধ+মণ ঘ. অধম+মর্ন **উত্তর: ক**

৩৫. **'অভীষ্ট' এর সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরী টেকনিশিয়ান: ২৩]
ক. অভি+ইষ্ট খ. অভি+ঈষ্ট গ. অভি+ইষ্ট ঘ. অভী+ইষ্ট **উত্তর: গ**

৩৬. **'অহরহ' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. অহ+রহ খ. অহঃ+রহ গ. অহ+অহ ঘ. অহঃ+অহ **উত্তর: ঘ**

৩৭. **'আবিষ্কার' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [ঢাবি: ০৭-০৮]
ক. আবি+কার খ. আবিঃ+কার গ. আবিষ+কার ঘ. আবি+ষকার **উত্তর: খ**

৩৮. **'আশ্চর্য' এর সন্ধি-বিচ্ছেদ** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. অ+আর্চ খ. অতি+চার্য গ. আশ+চর্য ঘ. আ+চর্য **উত্তর: ঘ**

৩৯. **'আকৃষ্ট' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [জাবি: ১৮-১৯]
ক. আকৃষ+ত খ. আকৃষ+ট গ. আকৃ+ইষ্ট ঘ. আকঃ+ইষ্ট **উত্তর: ক**

৪০. **'আদ্যোপান্ত' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [ঢাবি: ১২-১৩]
ক. আদি+পান্ত খ. আদ্য+পান্ত গ. আদ্যো+পান্ত ঘ. আদ্য+উপান্ত **উত্তর: ঘ**

৪১. **'আশাতীত' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [ডাক অধিদপ্তরের পোস্টম্যান: ২৩]
ক. আশা+অতীত খ. আশা+অতিত গ. আশ+অতীত ঘ. আশ+অতিত **উত্তর: ক**

৪২. **'ইত্যাদি' এর সন্ধি-বিচ্ছেদ করুন।** [বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]
ক. ইতি+দি খ. ইতি+আদি গ. ইত+তাদি ঘ. ইতি+অদি **উত্তর: খ**

৪৩. **'ইত্যাকার' শব্দটির সন্ধি-বিচ্ছেদ** - [দুদকের সহকারী পরিচালক: ২০]
ক. ইতি+আকার খ. ইত্যা+কার গ. ইতি+কার ঘ. ইত+আকার **উত্তর: ক**

৪৪. **'ইতস্তত' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. ইত+তত খ. ইতঃ+তত গ. ইতস্+তত ঘ. উত+স্তত **উত্তর: খ**

৪৫. **'উদ্ধার' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [বিএসসি'র অফিসার: ১৯]
ক. উদ্+হার খ. উৎ+ধার গ. উত+হার ঘ. উৎ+হার **উত্তর: ঘ**

৪৬. **'উত্থাপন' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৮]
ক. উঃ+স্থাপন খ. উৎ+স্থাপন গ. উথ+স্থাপন ঘ. উঃ+যাপন **উত্তর: খ**

৪৭. **'উচ্ছ্বাস' শব্দের সন্ধি-বিচ্ছেদ হচ্ছে** - [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]
ক. উত+ছাস খ. উৎ+ছাস গ. উৎ+শ্বাস ঘ. উঃ+চ্ছাস **উত্তর: গ**

৪৮. **'উচ্ছ্বাস' শব্দটিতে কোন দুইটি ব্যঞ্জনধ্বনির সন্ধি হয়েছে?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৪]
ক. ত, ব খ. চ, ছ গ. চ, শ ঘ. ত, শ **উত্তর: ঘ**

৪৯. **'উল্লাস' এর সন্ধি-বিচ্ছেদ** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. উৎ+লাস খ. উদ+লাস গ. উল+লাস ঘ. উঃ+লাস **উত্তর: ক**

৫০. **'উদ্যোগ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৯]
ক. উদ+যোগ খ. উৎ+যোগ গ. উদ্যো+গ ঘ. উত+যোগ **উত্তর: খ**

৫১. **'উচ্ছিষ্ট' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [ঢাবি: ১৮-১৯]
ক. উদ+শিষ্ট খ. উদ+ছিষ্ট গ. উদ+ষ্ট ঘ. উদ+ইষ্ট **উত্তর: ক**

৫২. **'উন্নয়ন' এর সন্ধি-বিচ্ছেদ** - [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]
ক. উৎ+নয়ন খ. উন্ন+য়ন গ. উৎ+য়ন ঘ. উৎ+অন **উত্তর: ক**

৫৩. **'উপরি+উক্ত' মিলে কোন শব্দ গঠিত হয়? / 'উপরিউক্ত' এর সন্ধিবদ্ধ শব্দ কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ১৬]
ক. উপরিক্ত খ. উপর্যুক্ত গ. উপরুক্ত ঘ. উপরোক্ত **উত্তর: খ**

৫৪. **'উপর্যুপরি' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [রাবি: ০৪-০৫]
ক. উপরি+উপরি খ. উপর্য+পরি গ. উপ+যুপরি ঘ. উপ+উপরি **উত্তর: ক**

৫৫. **'উজ্জ্বল' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১৯]
ক. উজ+জল খ. উৎ+জ্বল গ. উজ্জ+জ্বল ঘ. উহ্ম+অল **উত্তর: খ**

৫৬. **'এদ্দূর' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]
ক. এ+দ্দুর খ. এত+দূর গ. এৎ+দূর ঘ. এ+দূর **উত্তর: খ**

৫৭. **'কিন্নর' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [জাবি: ১০-১১]
ক. কিম+নর খ. কিম+ণর গ. কিম্+নর ঘ. কিম্+ণর **উত্তর: গ**

৫৮. **'কাঁদুনি' শব্দের সন্ধি-বিচ্ছেদ হবে** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. কাঁদ+নি খ. কাঁদো+উনি গ. কাঁদ+ইনি ঘ. কাঁদ্+উনি **উত্তর: ঘ**

৫৯. **'কটাক্ষ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কী?** [বেবিচকের সহকারী প্রকৌশলী: ২৩]
ক. কট্+অক্ষ খ. কটী+অক্ষ গ. কটা+অক্ষ ঘ. কট্+অক্ষ **উত্তর: ঘ**

৬০. **'কথামৃত' শব্দের সন্ধি-বিচ্ছেদ কী?** [তিতাস গ্যাস ফিল্ডের অফিসার: ১৮]
ক. কথা+অমৃত খ. কথঃ+অমৃত গ. কথা+মৃত ঘ. কথঃ+মৃত **উত্তর: ক**

৬১. **'কথাচ্ছলে' এর সন্ধি-বিচ্ছেদ করুন।** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. কথা+চ্ছলে খ. কথা+ছলে গ. কথা+চ্ছল ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৬২. **'ক্ষুৎপিপাসা' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [এনএসআই'র সহকারী পরিচালক: ২১]
ক. ক্ষুধা+পিপাসা খ. ক্ষুত+পিপাসা গ. ক্ষুদ্+পিপাসা ঘ. ক্ষুধ্+পিপাসা **উত্তর: ঘ**

৬৩. **'ক্ষুধার্ত' শব্দের সন্ধি-বিচ্ছেদ?** [বিএইচবিএফসি'র ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. ক্ষুৎ+আর্ত খ. ক্ষুধা+আর্ত গ. ক্ষুধা+ঋত ঘ. ক্ষুধ+আর্ত **উত্তর: গ**

৬৪. **'ক্ষুন্নিবৃত্তি' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [সোনালী ব্যাংকের অফিসার: ১৪]
ক. ক্ষুধা+নিবৃত্তি খ. ক্ষুণ+নিবৃত্তি গ. ক্ষুন্নি+বৃত্তি ঘ. ক্ষুধ্+নিবৃত্তি **উত্তর: ঘ**

৬৫. **'গীতাঞ্জলি' এর সন্ধিবিচ্ছেদ কোনটি?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট: ১৯]
ক. গিত+অঞ্জলি খ. গীত+অঞ্জলি গ. গীত+আঞ্জলি ঘ. গীতা+অঞ্জলি **উত্তর: খ**

৬৬. **'গবাদি' শব্দের সন্ধি-বিচ্ছেদ কী?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ১৮]
ক. গবা+আদি খ. গো+আবাদি গ. গো+আদি ঘ. গবা+দি **উত্তর: গ**

৬৭. **'গোষ্পদ' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [বেপজার উপ-সহকারী প্রকৌশলী: ২৩]
ক. গো:+পদ খ. গো+পদ গ. গৌ+পদ ঘ. গৈ+পদ **উত্তর: খ**

৬৮. **'গবেষণা' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [বিএসএমএমইউ'র সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. গব+এষণা খ. গবে+এষণা গ. গৌ+এষণা ঘ. গো+এষণা **উত্তর: ঘ**

৬৯. **'গুরূক্তি' এর সন্ধি-বিচ্ছেদ** - [ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]
ক. গুরু+যুক্তি খ. গুরূ+যুক্তি গ. গুরু+উক্তি ঘ. গুরু+উক্ত **উত্তর: গ**

৭০. **'গতানুগতিক' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১০]
ক. গত+আনুগতিক খ. গতা+অনুগতিক গ. গত+অনুগতিক ঘ. গতানু+গতিক **উত্তর: গ**

৭১. **'গবাক্ষ' এর সন্ধি-বিচ্ছেদ** - [ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]
ক. গো+অক্ষ খ. গব+অক্ষ গ. গো+বক্ষ ঘ. গো+আক্ষ **উত্তর: ক**

৭২. **'গায়ক' শব্দের সন্ধি-বিচ্ছেদ** - [মাউশি অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]
ক. গা+অক খ. গায়+অক গ. গৈ+অক ঘ. গৌ+অক **উত্তর: গ**

৭৩. **'ঘ্রাণ' এর সন্ধি-বিচ্ছেদ** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. ঘ্রাণ+অ খ. ঘ্রা+অন গ. ঘৃ+আ+ন ঘ. ঘৃ+অন **উত্তর: খ**

৭৪. **'চলচ্চিত্র' এর সন্ধি-বিচ্ছেদ** - [এনএসআই'র ফিল্ড অফিসার: ২৩]
ক. চল+চিত্র খ. চলত+চিত্র গ. চলৎ+চিত্র ঘ. চল+চীত্র **উত্তর: গ**

৭৫. **'চতুরঙ্গ' এর সন্ধি-বিচ্ছেদ করুন।** [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ১২]
ক. চতু+অঙ্গ খ. চতু:+অঙ্গ গ. চতুর+অঙ্গ ঘ. চার+অঙ্গ **উত্তর: খ**

৭৬. **'চার্বাক' এর সন্ধি-বিচ্ছেদ** - [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]
ক. চার+বাক খ. চর+বাক গ. চর্ব+বাক ঘ. চারু+বাক **উত্তর: ঘ**

৭৭. **'চিরুনি' শব্দটির সন্ধি-বিচ্ছেদ হচ্ছে** - [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৩]
ক. চিরু+নি খ. চির্+উনি গ. চিরুন+ই ঘ. চির+উন্নি **উত্তর: খ**

৭৮. **'চতুষ্পদ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [১৭তম শিক্ষক নিবন্ধন]
ক. চতুর+পদ খ. চতুস+পদ গ. চতু+পদ ঘ. চতু:+পদ **উত্তর: ঘ**

৭৯. **'ছেলেমি' এর সন্ধি-বিচ্ছেদ** - [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের অ্যাডমিন অ্যাসিস্টেন্ট: ২৩]
ক. ছে+লেমি খ. ছেলে+মি গ. ছেলে+আমি ঘ. ছে+এলেমি **উত্তর: গ**

৮০. **'জগদীশ' এর সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক: ০৬]
ক. জগ+দীশ খ. জগ+ঈশ গ. জগৎ+দীশ ঘ. জগৎ+ঈশ **উত্তর: ঘ**

৮১. **জগজ্জীবন' শব্দটি সন্ধির কোন নিয়ম অনুসরণে করা হয়েছে?** [জনতা ব্যাংকের অফিসার: ১৯]
ক. ত+ঝ = জ্জ খ. দ+জ = জ্জ গ. দ+ঝ = জ্জ ঘ. ত+জ = জ্জ **উত্তর: ঘ**

৮২. **'জমানো' শব্দটির সন্ধি-বিচ্ছেদ হচ্ছে** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. জমান+ও খ. জমা+ন গ. জমা+নো ঘ. জমা+আনো **উত্তর: ঘ**

৮৩. **'জনৈক' শব্দের সন্ধি-বিচ্ছেদ** - [২৯তম বিসিএস]
ক. জন+ঐক খ. জন+এক গ. জনে+এক ঘ. জন+অক **উত্তর: খ**

৮৪. **'জলৌকা' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [সমবায় অধিদপ্তরের পরিদর্শক: ৯৭]
ক. জল+একা খ. জলো+ঐকা গ. জল+ওকা ঘ. জল+ঔকা **উত্তর: গ**

৮৫. **'জাতি+অভিমান' = কী?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৫]
ক. জাত্যাভিমান খ. জাত্যভিমান গ. জ্ঞাতিভিমান ঘ. জ্ঞাতভিমান **উত্তর: খ**

৮৬. **'ঢাকা+ঈশ্বরী = ঢাকেশ্বরী' কোন নিয়মে এ সন্ধি হয়েছে?** [পিএসসি'র সহকারী পরিচালক: ০৬]
ক. আ+ঈ = এ খ. অ+ঈ = এ গ. আ+ই = এ ঘ. অ+ই = এ **উত্তর: ক**

৮৭. **'ণিজন্ত' এর সন্ধি-বিচ্ছেদ হবে-** [ঢাবি: ৯৩-৯৪]
ক. ণিজ+অন্ত খ. ণিচ+অন্ত গ. ণিঃ+অন্ত ঘ. ণিথ+অন্ত **উত্তর: খ**

৮৮. **'তৃষ্ণার্ত' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৯]
ক. তৃষ্ণা+আর্ত খ. তৃষ্ণা+ঋত গ. তৃষ্ণা+যর্ত ঘ. তৃষ্ণা+রিত **উত্তর: খ**

৮৯. **'তিরস্কার' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [ডাচ-বাংলা ব্যাংকের এমটিও: ১২]
ক. তিরস+কার খ. তির+স্কার গ. তির:+কার ঘ. তিরস:+কার **উত্তর: গ**

৯০. **'তেজস্বী' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৯]
ক. তেজঃ+বিন খ. তেজঃ+বী গ. তেজস+বিন ঘ. তেজস+বী **উত্তর: ক**

৯১. **'তন্বী' শব্দের কোনটি সঠিক সন্ধি-বিচ্ছেদ?** [কারা অধিদপ্তরের কারারক্ষী: ২৩]
ক. ত+ঈ খ. তন্ব+ই গ. তনু+ই ঘ. তনু+ঈ **উত্তর: ঘ**

৯২. **'তদবধি' এর সন্ধি-বিচ্ছেদ করুন।** [বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ১৩]
ক. তদ+বধি খ. তদ+অবধি গ. তদো+বধি ঘ. তৎ+অবধি **উত্তর: ঘ**

৯৩. **'তন্ময়' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]
ক. তন+ময় খ. তদ+ময় গ. তনু+ময় ঘ. তৎ+ময় **উত্তর: ঘ**

৯৪. **'ততোধিক' শব্দের সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়?** [এলজিইডি'র কার্য সহকারী: ২৩]
ক. তত+অধিক খ. তত+ধিক গ. ততো+ধিক ঘ. ততঃ+অধিক **উত্তর: ঘ**

৯৫. **'তদ্ধিত' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]
ক. তত+হিত খ. তৎ+ধিত গ. তৎ+হৃত ঘ. তদ্+হিত **উত্তর: ঘ**

৯৬. **'তামসিক' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক: ১৩]
ক. তমস+ইক খ. তামস+ইক গ. তাম+সিক ঘ. তামা+সিক **উত্তর: ক**

৯৭. **'তাৎক্ষণিক' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ০৯]
ক. তৎ+ক্ষণিক খ. তাৎ+ক্ষণিক গ. তৎক্ষণ+ইক ঘ. ততক্ষণ+ইক **উত্তর: গ**

৯৮. **'তপোবন' এর সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহকারী: ১৪]
ক. তপ+বন খ. তপঃ+বন গ. তপো+বন ঘ. তপ+উবন **উত্তর: খ**

৯৯. **'দিগন্ত' এর সন্ধি বিশ্লেষণ** - [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ১৩]
ক. দিক্+অন্ত খ. দিগ্+অন্ত গ. দি+অন্ত ঘ. দিখ+অন্ত **উত্তর: ক**

১০০. **'দুরূহ' শব্দের সন্ধি-বিচ্ছেদ হলো** - [এলজিইডি'র হিসাব সহকারী: ২৩]
ক. দু:+উহ্ খ. দু:+রূহ গ. দূর+উহ ঘ. দুর+ই **উত্তর: ক**

১০১. **'দ্যুলোক' শব্দের যথার্থ সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [১৫তম বিসিএস]
ক. দ্যুঃ+লোক খ. দিব্+লোক গ. দ্বি+লোক ঘ. দ্বিঃ+লোক **উত্তর: খ**

১০২. **'দৈনিক' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [সোনালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. দৈ+এক খ. দৈ+নিক গ. দিন+এক ঘ. দৈ:+নিক **উত্তর: গ**

১০৩. **'দংশন' এর সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]
ক. দম্+শন খ. দম+সন গ. দম+যন ঘ. দণ্ড+শন **উত্তর: ক**

১০৪. **'দুচ্চার' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. দুচ+ছার খ. দুৎ+চার গ. দুই+চার ঘ. দুঃ+চার **উত্তর: খ**

১০৫. **'দর্শক' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ** - [১ম শিক্ষক নিবন্ধন]
ক. দৃ+অক খ. দৃশ+ষ্বক গ. দৃশ্+অক ঘ. দৃ+শক **উত্তর: গ**

১০৬. **'দুর্বার' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১১]
ক. দূর+বার খ. দুর+বার গ. দুঃ+বার ঘ. দু+বার **উত্তর: গ**

১০৭. **'দৃষ্টান্ত' শব্দটির সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [অগ্রণী ব্যাংকের অফিসার: ১০]
ক. দৃষ্টি+অন্ত খ. দৃষ্টি+আন্ত গ. দৃষ্টি+আনন্ত ঘ. দৃষ্টি+অনন্ত **উত্তর: ক**

১০৮. **'দুর্নীতি' শব্দটির সন্ধি-বিচ্ছেদ হবে** - [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ১৩]
ক. দুর+নীতি খ. দূ:+নীত গ. দু:+নীতি ঘ. দূর+নীতি **উত্তর: গ**

১০৯. **'দুর্যোগ' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. দুহ: +যোগ খ. দূর+যোগ গ. দু:+যোগ ঘ. দুহ+যোগ **উত্তর: গ**

১১০. **'দুশ্চরিত্র' এর সন্ধি-বিচ্ছেদ** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. দুশ্চ+চিত্র খ. দুঃ+ চরিত্র গ. দু+চরিত্র ঘ. দুশ্+চরিত্র **উত্তর: খ**

১১১. **'দুহু' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহকারী: ১৯]
ক. দুঃ+থ খ. দুঃহ্+থ গ. দুঃ+হ ঘ. দুঃ+হ্ **উত্তর: ঘ**

১১২. **'দুরবস্থা' শব্দটি সন্ধি-বিচ্ছেদ করা হলে নিচের কোনটি পাওয়া যায়?** [৩৯ম বিসিএস]
ক. দুর+বস্থা খ. দূর+বস্থা গ. দুর+অবস্থা ঘ. দুঃ+অবস্থা **উত্তর: ঘ**

১১৩. **'দুর্গতি' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. দু:+গতি খ. দুর+গতি গ. দূর+গতি ঘ. দুস+গতি **উত্তর: ক**

১১৪. **'দূরপনেয়' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [১১তম শিক্ষক নিবন্ধন]
ক. দুর+পনেয় খ. দু+অপনেয় গ. দুঃ+অপনেয় ঘ. দুর+অপনেয় **উত্তর: গ**

১১৫. **'দুর্ঘটনা' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [সহকারী থানা / উপজেলা শিক্ষা অফিসার: ১০]
ক. দুঃ+ঘটনা খ. দৈ+ঘটনা গ. দুর+ঘটনা ঘ. দিন+ঘটনা **উত্তর: ক**

১১৬. **'দ্বৈপায়ন' শব্দের শুদ্ধ সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [৩৫তম বিসিএস]
ক. দ্বীপ+আয়ন খ. দ্বীপ+অয়ন গ. দ্বিপ+অনট ঘ. দ্বীপ+অনট **উত্তর: ক**

১১৭. **'দর্শনীয়' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [পিকেবি'র অফিসার (ক্যাশ): ১৯]
ক. দৃশ+নীয় খ. দৃশ+অনীয় গ. দৃশ্য+অনীয় ঘ. দৃশ্য+নীয় **উত্তর: খ**

১১৮. **'দুর্লভ' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [মাউশি অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]
ক. দুঃ+লভ খ. দুর+লভ গ. দুঃ+লোভ ঘ. দুর+লোভ **উত্তর: ক**

১১৯. **'দ্রবণ' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [বিএসসি'র অফিসার: ২৩]
ক. দ্রু+অন খ. দ্র+ওন গ. দ্রো+অন ঘ. দ্রো+বন **উত্তর: ক**

১২০. **'দেশান্তর' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [ভূমি মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. দেশ+অন্তর খ. দেশা+অন্তর গ. দেশ+আন্তর ঘ. দেশা+আন্তর **উত্তর: ক**

১২১. **'দেবালয়' এর সন্ধি-বিচ্ছেদ** - [বাংলাদেশ বিমানের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্ট: ২৩]
ক. দেব+আলয় খ. দেবা+আলয় গ. দেবা+লয় ঘ. দেব+লয় **উত্তর: ক**

১২২. **'ধনুষ্টংকার' এর সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ১২]
ক. ধনুষ+টঙ্কার খ. ধনুঃ+টঙ্কার গ. ধনু+টঙ্কার ঘ. ধনুট+ডার **উত্তর: খ**

১২৩. **'নিশ্চয়' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. নিশ্চয়+য় খ. নি+চয় গ. নিশ+চয় ঘ. নিঃ+চয় **উত্তর: ঘ**

১২৪. **'নাবিক' শব্দের সন্ধি-বিচ্ছেদ** - [মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ন+ইক খ. নবৌ+ইক গ. নৌ+ইক ঘ. নবো+ইক **উত্তর: গ**

১২৫. **'নবোঢ়া' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [ফায়ার সার্ভিসের ফায়ার ফাইটার: ২৩]
ক. নব+উঢ়া খ. নবঃ+উঢ়া গ. নবো+উঢ়া ঘ. নব+উয়া **উত্তর: ক**

১২৬. **'নীরব' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [বিএমইটি'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. নীঃ+রব খ. নির্+রব গ. নিঃ+রব ঘ. নীহ্+রব **উত্তর: গ**

১২৭. **'নবান্ন' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. নবা+অন্ন খ. নব+অন্ন গ. নবীন+অন্ন ঘ. নবঃ+অন্ন **উত্তর: খ**

১২৮. **'নিরাকার' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [তাঁত বোর্ডের ফিল্ড সুপারভাইজার: ২৩]
ক. নি+আকার খ. নিঃ+আকার গ. নিরা+কার ঘ. নিরঃ+কার **উত্তর: খ**

১২৯. **'নিরাকরণ' শব্দের সন্ধি-বিচ্ছেদ** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. নিঃ+আকরণ খ. নির+আকরণ গ. নিঃ+করণ ঘ. নিরা+করণ **উত্তর: ক**

১৩০. **'নিরবধি' শব্দটির সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৯]
ক. নির+অবধি খ. নির+বধি গ. নিঃ+অবধি ঘ. নিঃ+বধি **উত্তর: গ**

১৩১. **'নিষ্পত্তি' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৮]
ক. নিঃ+পত্তি খ. নিঃ+স্পত্তি গ. নিষ্+পত্তি ঘ. নিস্+পত্তি **উত্তর: ক**

১৩২. **'নাজ্জামাই' শব্দের যথার্থ সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [পিএসসি'র সহকারী পরিচালক: ১৬]
ক. নাতি+জামাই খ. নাত+জামাই গ. নাজ+জামাই ঘ. নাতিন+জামাই **উত্তর: খ**

১৩৩. **'নীরস' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. নি+রস খ. নী+রস গ. নি:+রস ঘ. নী:+রস **উত্তর: গ**

১৩৪. **'নিষ্কর' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [বিআইডব্লিউটিএ'র পরিবহন কর্মকর্তা: ২৩]
ক. নিঃ+কর খ. নি+কর গ. নিস্+কর ঘ. নিষা+কর **উত্তর: ক**

১৩৫. **'নিরাময়' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ২৩]
ক. নিরা+ময় খ. নিঃ+আময় / নির+আময় গ. নির্+ময় ঘ. নিঃ+ময় **উত্তর: খ**

১৩৬. **'নীরোগ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [গ্রন্থাগার অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. নী:+রোগ খ. নি:+রোগ গ. নি+রোগ ঘ. নির+রোগ **উত্তর: খ**

১৩৭. **'ন্যূন' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [১৫তম প্রভাষক নিবন্ধন]
ক. নো+অন খ. ন্যূ+অন গ. নে+অন ঘ. নি+ঊন **উত্তর: ঘ**

১৩৮. **'নিরন্ন' শব্দের সন্ধি-বিচ্ছেদ কী?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৯]
ক. নি+অন্ন খ. নির+অন্ন গ. নি:+অন্ন ঘ. নির+ন্ন **উত্তর: গ**

১৩৯. **'নরাধম' শব্দের সন্ধি-বিচ্ছেদ কী?** [পেট্রোবাংলার সহকারী ব্যবস্থাপক: ১৭]
ক. নর+আধম খ. নর+অধম গ. নর+ধম ঘ. নরধ+ম **উত্তর: খ**

১৪০. **'নিরপেক্ষ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কী?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]
ক. নিঃ+অপেক্ষ খ. নির+পেক্ষ গ. নিঃ+পেক্ষ ঘ. নীর+পেক্ষ **উত্তর: ক**

১৪১. **'পর্যালোচনা' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ** - [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৩]
ক. পর্য+আলোচনা খ. পরি+আলোচনা গ. পর্যা+লোচনা ঘ. পর্যা+আলোচনা **উত্তর: খ**

১৪২. **'পর্যবেক্ষণ' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৯]
ক. পর+বেক্ষণ খ. পরি+বেক্ষণ গ. পর+অবেক্ষণ ঘ. পরি+অবেক্ষণ **উত্তর: ঘ**

১৪৩. **'পরিষ্কার' শব্দের সন্ধি-বিচ্ছেদ** - [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]
ক. পরি+ইষ্কার খ. পরি+কার গ. পর+কার ঘ. পরি+ষ্কার **উত্তর: খ**

১৪৪. **'পর্যায়' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৬]
ক. পর+যায় খ. পর+আয় গ. পরি+আয় ঘ. পরি+যায় **উত্তর: গ**

১৪৫. **'প্রত্যূষ' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]
ক. প্রত্য+উষ খ. প্রত্য+ঊষ গ. প্রতি+উষ ঘ. প্রতি+ঊষ **উত্তর: ঘ**

১৪৬. **'প্রত্যাবর্তন' শব্দের সন্ধি-বিচ্ছেদ** - [বেবিচকের হিসাব সহকারী: ২৩]
ক. প্রতি+বর্তন খ. প্রতি+আবর্তন গ. প্রত্যা+বর্তন ঘ. প্রতিঃ+আবর্তন **উত্তর: খ**

১৪৭. **'পিত্রালয়' শব্দের সন্ধি-বিচ্ছেদ হচ্ছে** - [মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. পিতা+আলয় খ. পিতৃ+আলয় গ. পিত্রা+লয় ঘ. পিত্রি+আলয় **উত্তর: খ**

১৪৮. **'পনির' এর সন্ধি-বিচ্ছেদ করুন।** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]
ক. পনি+এর খ. পনি+ও গ. পন+ইর ঘ. পন+ই+ও **উত্তর: ক**

১৪৯. **'পাগলামি' শব্দের সন্ধি-বিচ্ছেদ করলে পাওয়া যায়** - [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সহকারী পরিচালক: ০১]
ক. পাগল+লামি খ. পাগল+মি গ. পাগল+আমি ঘ. পাগল+মি **উত্তর: গ**

১৫০. **'পরীক্ষা' এর সন্ধি-বিচ্ছেদ কী হবে?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. পরী+ঈক্ষা খ. পরি+ইক্ষা গ. পরী+ইক্ষা ঘ. পরি+ঈক্ষা **উত্তর: ঘ**

১৫১. **'পরিচ্ছেদ' এর সন্ধি-বিচ্ছেদ কী হবে?** [পায়রা বন্দর কর্তৃপক্ষের সহকারী সাব-ইন্সপেক্টর: ১৯]
ক. পরিঃ+ছেদ খ. পরি+চ্ছেদ গ. পরি+ছেদ ঘ. পরি+শেদ **উত্তর: গ**

১৫২. **'পুরাধ্যক্ষ' শব্দটির সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [অগ্রণী ব্যাংকের অফিসার: ১০]
ক. পুর+আধ্যক্ষ খ. পুর+অধ্যক্ষ গ. পুরা+অধ্যক্ষ ঘ. পুরা+আধ্যক্ষ **উত্তর: খ**

১৫৩. **'প্রৌঢ়' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহকারী: ১৯]
ক. প্র+উঢ় খ. প্র+ঊঢ় গ. প্র:+উঢ় ঘ. প্রো+উঢ় **উত্তর: ক**

১৫৪. **'প্রত্যুক্তি' শব্দটির সন্ধি-বিচ্ছেদ** - [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৪]
ক. প্রতু+উক্তি খ. প্রত্য+উক্তি গ. প্রতি+উক্তি ঘ. প্রত্+উক্তি **উত্তর: গ**

১৫৫. **'প্রাতরাশ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [২৩তম বিসিএস]
ক. প্রাতঃ+আস খ. প্রাতঃ+রাশ গ. প্রাতঃ+আশ ঘ. প্রত+রাশ **উত্তর: গ**

১৫৬. **'প্রাতঃকাল' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [বিকেবি'র অফিসার: ১৭]
ক. প্রাতঃ+কাল খ. প্রাত্+কাল গ. প্রাত+কাল ঘ. প্রাতশ+কাল **উত্তর: ক**

১৫৭. **'পশ্বধম' শব্দটির সঠিক সন্ধিবিচ্ছেদ কী?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. পশু+অধম খ. পশ্বা+অধম গ. পশ+ধম ঘ. পশু+ধম **উত্তর: ক**

১৫৮. **'পৌ+অক' = কী?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৮]
ক. পবক খ. পৌবক গ. পাবক ঘ. পাবন **উত্তর: গ**

১৫৯. **'পদ্ধতি' শব্দের সন্ধি-বিচ্ছেদ করলে পাওয়া যায়** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. পদ+ধতি খ. পৎ+ধতি গ. পথ+ধতি ঘ. পদ্+হতি **উত্তর: ঘ**

১৬০. **'পুরস্কার' এর সন্ধি বিচ্ছেদ করুন।** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৭]
ক. পুর+কার খ. পুর+কার গ. পুরঃ+কার ঘ. পুরসঃ+কার **উত্তর: গ**

১৬১. **'পরস্পর' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [অগ্রণী ব্যাংকের অফিসার: ১০]
ক. পরঃ+পর খ. পরস+পর গ. পর+পর ঘ. পরো+পর **উত্তর: গ**

১৬২. **'পর্যন্ত' শব্দের সন্ধি বিচ্ছেদ** - [ডাক বিভাগের বিল্ডিং ওভারশিয়ার: ১৮]
ক. পর্য+অন্ত খ. পরি+অন্ত গ. পর্য+অন্ত ঘ. প+যন্ত **উত্তর: খ**

১৬৩. **'পবিত্র' শব্দের সন্ধি-বিচ্ছেদ কী?** [বিজেএমসি'র সহকারী সমন্বয় কর্মকর্তা: ১৭]
ক. প+বিত্র খ. প+অপবিত্র গ. পো+অবিত্র ঘ. পো+ইত্র **উত্তর: ঘ**

১৬৪. **'বৃহস্পতি' শব্দের যথার্থ সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [বাংলাদেশ রেলওয়ের ওয়েম্যান: ২৩] [জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী: ১৩]
ক. বৃহ+স্পতি খ. বৃহৎ+পতি গ. বৃহঃ+পতি ঘ. বৃহস্পত+ই **উত্তর: খ**

১৬৫. **'বনস্পতি' এর সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]
ক. বন+স্পতি খ. বন+পতি গ. বনঃ+পতি ঘ. বনস্+পতি **উত্তর: খ**

১৬৬. **'ব্যাকরণ' এর সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৮]
ক. বি+আ+কৃ+অণ খ. বি+আ+কৃ+অন গ. বি+অ+কৃ+অণ ঘ. বি+আ+ক+অণ **উত্তর: খ**

১৬৭. **'বর্জন' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [বিজেএমসি'র সহকারী সমন্বয় কর্মকর্তা: ১৭]
ক. বৃজ্+অন খ. ব+অর্জন গ. বুজ+অর্জন ঘ. বর+জন **উত্তর: ক**

১৬৮. **'বিচ্ছেদ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [সিজিডিএফ'র জুনিয়র অডিটর: ১৯]
ক. বি:+ছেদ খ. বি+ছেদ গ. বিৎ+ছেদ ঘ. বিচ+ছেদ **উত্তর: খ**

১৬৯. **'বাগদান' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ করুন।** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]
ক. বাক্+দান খ. বাগ+দান গ. বা:+দান ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

১৭০. **'বৃষ্টি' এর সন্ধি-বিচ্ছেদ কী হবে?** [পিকেবি'র অফিসার: ১৯]
ক. বৃষ+টি খ. বৃশ+টি গ. বৃ+টি ঘ. বৃষ্+তি **উত্তর: ঘ**

১৭১. **'বৈঠক' শব্দের সন্ধি-বিচ্ছেদ হচ্ছে** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. বৈঠ+অক খ. বৈ+ঠক গ. বৈঠ+ক ঘ. বি+ঠক **উত্তর: গ**

১৭২. **'বিমুগ্ধ' এর সন্ধি-বিচ্ছেদ কী হবে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২৩]
ক. বিমুহ+ত খ. বিমুগ+ধ গ. বিমুখ+ধ ঘ. বিমুঃ+ধ **উত্তর: ক**

১৭৩. **'বাগাড়ম্বর' শব্দের সন্ধি-বিচ্ছেদ** - [৩০তম বিসিএস]
ক. বাগ+আম্বর খ. বাগ+আড়ম্বর গ. বাক+অম্বর ঘ. বাক্+আড়ম্বর **উত্তর: ঘ**

১৭৪. **'বিচ্ছিন্ন' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. বিচ+ছিন্ন খ. বি+ছিন্ন গ. বিৎ+ছিন্ন ঘ. বিৎ+ছিন্ন **উত্তর: খ**

১৭৫. **'বজ্জাত' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ করুন।** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]
ক. বৎ+জাত খ. বদ্+জাত গ. বজ+জাত ঘ. ব+জাত **উত্তর: খ**

১৭৬. **'বিদ্যালয়' এর সন্ধি-বিচ্ছেদ** - [মাউশি অধিদপ্তরের উচ্চমান সহকারী: ১৩]
ক. বিদ্যা+আলয় খ. বিদ্য+আলয় গ. বিদ্যা+লয় ঘ. বিদ+আলয় **উত্তর: ক**

১৭৭. **'ব্যর্থ' শব্দটির সন্ধি-বিচ্ছেদ হলো** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. বি+আর্থ খ. ব্য+অর্থ গ. বি+অর্থ ঘ. ব্যা+অর্থ **উত্তর: গ**

১৭৮. **'বহ্ন্যুৎসব' শব্দটির সন্ধি-বিচ্ছেদ করলে পাই** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. বহ্ন্য+উৎসব খ. বহ্ন্যুৎ+সব গ. বহ্ন্য+উৎসব ঘ. বহ্নি+উৎসব **উত্তর: ঘ**

১৭৯. **'ভক্ত' এর সন্ধি-বিচ্ছেদ হলো** - [মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ভুক+তো খ. ভুজ্+ত গ. ভুজ+তো ঘ. ভুঃ+ক্ত **উত্তর: খ**

১৮০. **'ভাবুক' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [তাঁত বোর্ডের ফিল্ড সুপারভাইজার: ২৩]
ক. ভৌ+উক খ. ভো+উক গ. ভাব+উক ঘ. ভৌ+অক **উত্তর: ক**

১৮১. **'ভাস্বর' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. ভাস+সর খ. ভাস+কর গ. ভাস্+বর ঘ. ভা+স্বর **উত্তর: গ**

১৮২. **'ভূয়োদর্শী' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. ভূয়+দর্শী খ. ভূয়ঃ+দর্শী গ. ভূয়ো+দর্শী ঘ. ভূয়োঃ+দর্শী **উত্তর: খ**

১৮৩. **'মনোরম' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. মনো:+রম খ. মনো+রম গ. মন+রম ঘ. মনঃ+রম **উত্তর: ঘ**

১৮৪. **'মনঃকষ্ট' এর সন্ধি-বিচ্ছেদ** - [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার: ০৫]
ক. মনস+কষ্ট খ. মনো+কষ্ট গ. মনোহ+কষ্ট ঘ. মনঃ+কষ্ট **উত্তর: ঘ**

১৮৫. **'মনীষা' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [জনতা ব্যাংকের অফিসার: ২৩]
ক. মন+ইষা খ. মনস্+ঈষা গ. মন+ঈষ ঘ. মনস+ ইষা **উত্তর: খ**

১৮৬. **'মনস্তাপ' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]
ক. মনঃ+তাপ খ. মন+তাপ গ. মনস+তাপ ঘ. মনো+তাপ **উত্তর: ক**

১৮৭. **'মাত্রাধিক্য' এর সন্ধি-বিচ্ছেদ** - [মাউশি অধিদপ্তরের থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা: ১৫]
ক. মাতৃ+আধিক্য খ. মাত্র+আধিক্য গ. মাত্র+অধিক্য ঘ. মাত্রা+আধিক্য **উত্তর: ঘ**

১৮৮. **'মৃন্ময়' শব্দের সন্ধি-বিচ্ছেদ কর।** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. মৃণ+ময় খ. মৃৎ+ময় গ. মৃত+ময় ঘ. মৃ+ময় **উত্তর: খ**

১৮৯. **'মস্যাধার' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. মসা+আধার খ. মসি+আধার গ. মসী+আধার ঘ. মস্যি+আধার **উত্তর: গ**

১৯০. **'মনোযোগ' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্টার: ০৩]
ক. মন+যোগ খ. মন+উৎ+যোগ গ. মনঃ+যোগ ঘ. মনো+যোগ **উত্তর: গ**

১৯১. **'মন্বন্তর' এর সন্ধি-বিচ্ছেদ** - [১০ম শিক্ষক নিবন্ধন]
ক. মন+অন্তর খ. মনন+তর গ. মনু+অন্তর ঘ. মন্বন+তর **উত্তর: গ**

১৯২. **'মোড়ক' শব্দের সন্ধিবিচ্ছেদ হবে** - [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৩]
ক. মোড়+অক খ. মুড়ি+অক গ. মুড়্+অক ঘ. মোড়+ক **উত্তর: গ**

১৯৩. **'মতৈক্য' শব্দের সন্ধি-বিচ্ছেদ হবে** - [বিএইচবিএফসি'র ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. মতঃ+এক খ. মতঃ+ঐক্য গ. মত+এক ঘ. মত+ঐক্য **উত্তর: ঘ**

১৯৪. **'আ + ও = ঔ' এই নিয়মে সাধিত সন্ধিবদ্ধ শব্দ কোনটি?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. মহৌষধি খ. পরমৌষধ গ. বনসৌধি ঘ. মহৌষধ **উত্তর: ক**

১৯৫. **'মহৌষধি' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** [এনএসআই'র জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]
ক. মহ+ওষধি খ. মহা+ওষধি গ. মহ+ঔষধি ঘ. মহা+ঔষধি **উত্তর: ঘ**
ব্যাখ্যা: একবার ফল দিয়ে যে গাছ মারা যায় তাকে ওষধি বলে এবং যেসব গাছ থেকে ঔষধ প্রস্তুত হয় তাকে ঔষধি বলে। সুতরাং মহৌষধ, মহৌষধি, বনৌষধ, বনৌষধি, জলৌষধ, জলৌষধি ইত্যাদি এর সন্ধি বিচ্ছেদ ঔষধ বা ঔষধি দিয়ে হবে। যেমন- মহা+ঔষধ = মহৌষধ, মহা+ঔষধি = মহৌষধি ইত্যাদি। তবে অপশনে ঔষধ বা ঔষধি না থাকলে ওষধ বা ওষধি দাগানো যেতে পারে।

১৯৬. **'মহৈশ্বর্য' এর সন্ধি-বিচ্ছেদ** - [বেপজার উপ-সহকারী প্রকৌশলী: ২৩]
ক. মহা+ঐশ্বর্য খ. মহ+ ঐশ্বর্য গ. মহৈ+ ঐশ্বর্য ঘ. মহো+ ঐশ্বর্য **উত্তর: ক**

১৯৭. **'মহর্ষি' শব্দের সঠিক সন্ধি কোনটি?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৯]
ক. মহ+আর্ষি খ. মহা+ঋষি গ. মহা+অর্ষি ঘ. মহো+ঋষি **উত্তর: খ**

১৯৮. **'মাথায়' শব্দটির সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [বিজেএমসি'র সহকারী সমন্বয় কর্মকর্তা: ১৭]
ক. মাথা+আয় খ. মাথা+য় গ. মাথা+অয় ঘ. মাথা+এ **উত্তর: ঘ**

১৯৯. **'মৃদঙ্গ' এর সন্ধি-বিচ্ছেদ** - [১১তম শিক্ষক নিবন্ধন]
ক. মৃৎ+অঙ্গ খ. মৃদং+গ গ. মৃদ+অঙ্গ ঘ. মৃদঙ+অঙ্গ **উত্তর: ক**

২০০. **'মুক্ত' এর সন্ধি-বিচ্ছেদ** - [কারিগরি শিক্ষা বোর্ডের জুনিয়র ইন্সট্রাক্টর: ২৩]
ক. মুক+ত খ. মুচ+ত গ. মুচ+ক্ত ঘ. মচত+ক **উত্তর: খ**

২০১. **'মৃত্যুঞ্জয়' শব্দটির সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [বিএসসি'র অফিসার: ২২]
ক. মৃতঃ+জয় খ. মৃত্যুম্+জয় গ. মৃত্যুঃ+জয় ঘ. মৃত+জয় **উত্তর: খ**

২০২. **'মুখচ্ছবি' সন্ধির কোন নিয়মে পড়ে? / 'মুখ+ছবি = মুখচ্ছবি' সন্ধির কোন নিয়মে পড়ে?** [বিএসসি'র অফিসার: ২২]
ক. স্বরধ্বনি+ব্যঞ্জনধ্বনি খ. ব্যঞ্জনধ্বনি+ব্যঞ্জনধ্বনি গ. ব্যঞ্জনধ্বনি+স্বরধ্বনি ঘ. ব্যঞ্জনধ্বনি+বিসর্গধ্বনি **উত্তর: ক**

২০৩. **'যাচ্ছেতাই' শব্দটির সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১০]
ক. যাহা+ইচ্ছা+তাহা খ. যাচ্ছে+তাই গ. যা+ইচ্ছা+তাই ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

২০৪. **'যশোলাভ' এর সন্ধি-বিচ্ছেদ** - [মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. যশঃ+লাভ খ. যশ+লাভ গ. যশো+লাভ ঘ. যশ+অ+লাভ **উত্তর: ক**

২০৫. **'যদ্যপি' শব্দটির সন্ধি-বিচ্ছেদ** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. যদ+পি খ. যদি+অপি গ. যদ+অপি ঘ. যদ্য+অপি **উত্তর: খ**

২০৬. **'যথেষ্ট' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [ভূমি মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. যথা+ইষ্ট খ. যথা+এষ্ট গ. যথঃ+এষ্ট ঘ. যথা+ঈষ্ট **উত্তর: ক**

২০৭. **'রত্নাকর' শব্দটির সন্ধি-বিচ্ছেদ-** [১০ম বিসিএস]
ক. রত্ন+কর খ. রত্না+কর গ. রত্না+আকর ঘ. রত্ন+আকর **উত্তর: ঘ**

২০৮. **'রবীন্দ্র' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [৩৬তম বিসিএস]
ক. রবী+ন্দ্র খ. রবি+ঈন্দ্র গ. রবি+ইন্দ্র ঘ. রব+ইন্দ্র **উত্তর: গ**

২০৯. **'রান্না' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৭]
ক. রান+না খ. রাদ্+না গ. রান্ন+আ ঘ. রাঁধ্+না **উত্তর: ঘ**

২১০. **'রূপালি' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [মাউশি অধিদপ্তরের অফিস সহায়ক: ১৩]
ক. রূপা+আলি খ. রূপ+আলি গ. রূপা+লি ঘ. রূপ+লি **উত্তর: ক**

২১১. **'রাজ্ঞী' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [বন অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. রাজ্+নী খ. রাগ+গী গ. রাজন+গী ঘ. রাজা+গি **উত্তর: ক**

২১২. **'লবণ' এর সন্ধি-বিচ্ছেদ?** [বিএইচবিএফসি'র ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. লো+অন খ. ল+অন গ. লে+অন ঘ. ল+বন **উত্তর: ক**

২১৩. **'শুদ্ধোদন' শব্দের সন্ধি-বিচ্ছেদ** - [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. শুদ্ধ+উদন খ.শুদ্ধ+উদন গ. শুদ্ধ+ওদন ঘ শুদ্+উদন **উত্তর: গ**

২১৪. **'শীতার্ত' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** [ভূমি মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. শী+তার্ত খ. শীত+আর্ত গ. শীত+আরত ঘ. শীত+ঋত **উত্তর: ঘ**

২১৫. **'শশাঙ্ক' শব্দের সন্ধি-বিচেছদ কোনটি?** [পেট্রোবাংলার সহকারী ব্যবস্থাপক: ১১]
ক. শশ+অঙ্ক খ. শস-+অঙ্ক গ. শশা+অঙ্ক ঘ. শম+অঙ্ক **উত্তর: ক**

২১৬. **'শিক্ষক+কন' মিলে কী হবে?** [পেট্রোবাংলার সহকারী ব্যবস্থাপক: ১১]
ক. শিক্ষণ খ. শিক্ষক গ. শিক্ষকন ঘ. শিক্ষন **উত্তর: ক**

২১৭. **'শুভেচ্ছা' এর সন্ধি-বিচ্ছেদ** - [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. শু+বেচ্ছা খ. শুভ+ইচ্ছা গ. শুভ+চ্ছা ঘ. শু+ইচ্ছা **উত্তর: খ**

২১৮. **'শঙ্কা' এর সন্ধি-বিচ্ছেদ** - [সমবায় অধিদপ্তরের পরিদর্শক: ২৩]
ক. শং+কা খ. শম্+কা গ. সম্+কা ঘ. সং+কা **উত্তর: খ**

২১৯. **'ষোড়শ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [গ্রামীণ ব্যাংকের প্রবেশনারী অফিসার : ২৩]
ক. ষট্+দশ খ. সড়+শ গ.ষোড়+অশ ঘ. ষোড়+শ **উত্তর: ক**

২২০. **'ষড়ানন' এর সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]
ক. ষড়া+আনন খ. ষড়+আনন গ. ষট্+আনন ঘ. ষঢ়া+নন **উত্তর: গ**

২২১. **'ষড়ঋতু' শব্দের সন্ধি-বিচ্ছেদ** - [১৭তম বিসিএস]
ক. ষড়+ঋতু খ. ষড়ু+ঋতু গ. ষট+ঋত ঘ. ষট্+ঋতু **উত্তর: ঘ**

২২২. **'ষষ্ঠ' শব্দের সন্ধি-বিচ্ছেদ হলো** - [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ষষ্+ট খ. ষষ্+ঠ গ. ষষ্+ত ঘ. ষষ্+থ **উত্তর: ঘ**

২২৩. **'সতীশ' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. সতি+ইশ খ. সতীশ+অ গ. সতি+ঈশ ঘ. সতী+ঈশ **উত্তর: ঘ**

২২৪. **'সুধীন্দ্র' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৮]
ক. সুধি+ইন্দ্র খ. সুধী+ইন্দ্র গ. সুধী+ঈন্দ্র ঘ. সুধ+ইন্দ্র **উত্তর: খ**

২২৫. **'স্বাগত' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. সু+আগত খ. স্বা+গত গ. সু+গত ঘ. সা+আগত **উত্তর: ক**

২২৬. **'স্বল্প' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [তাঁত বোর্ডের ফিল্ড সুপারভাইজার: ২৩]
ক. সু+অল্প খ. স্বা+অল্প গ. সু+সল্প ঘ. সা+অল্প **উত্তর: ক**

২২৭. **'স্বাধীন' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [ভূমি মন্ত্রণালয়ের নিরীক্ষক: ২৩]
ক. স+অধিন খ. শ+অধিন গ. স্ব+অধিন ঘ. স্ব+অধীন **উত্তর: ঘ**

২২৮. **'সতীন্দ্র' শব্দের সন্ধি-বিচ্ছেদ** - [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২৩]
ক. সতি+ঈন্দ্র খ. সতী+ইন্দ্র গ. সতী+ঈন্দ্র ঘ. সতী+দ্র **উত্তর: খ**

২২৯. **'সংগীত' এর শুদ্ধ সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [অগ্রণী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৩]
ক সং+গীত খ. সং+গিত গ. সম+গিত ঘ. সম্+গীত **উত্তর: ঘ**

২৩০. **'সংহার' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [রূপালী ব্যাংকের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার: ২১]
ক. সং+হার খ. সঙ+হার গ. সম্+হার ঘ. সন+হার **উত্তর: গ**

২৩১. **'সংসার' এর সন্ধি-বিচ্ছেদ** - [জনতা ব্যাংকের অফিসার: ২৩]
ক. সং+সার খ. সাং+সার গ. সম+সার ঘ. সম্+সার **উত্তর: ঘ**

২৩২. **'সংশপ্তক' শব্দের সন্ধি-বিচ্ছেদ** - [পিকেবি'র সিনিয়র অফিসার: ১৪]
ক. সম্+শপ্তক খ. সং+শপ্তক গ. সম+শপ্ত+ক ঘ. সং+শপ্ত+এক **উত্তর: ক**

২৩৩. **'সংবিধান' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [ডাক অধিদপ্তরের পোস্টাল অপারেটর: ২৩]
ক. সং+বিধান খ. সং+অবিধান গ. সম্+বিধান ঘ. সম+ধান **উত্তর: গ**

২৩৪. **'সম্দানন্দ' শব্দের সন্ধি-বিচ্ছেদ** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. সদ+আনন্দ খ. সদা+নন্দ গ. সদা+আনন্দ ঘ. সদ+অ+নন্দ **উত্তর: গ**

২৩৫. **'সংলাপ' শব্দের সন্ধি বিচ্ছেদ** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. সম্+লাপ খ. সং+লাপ গ. স+আলাপ ঘ. সু+আলাপ **উত্তর: ক**

২৩৬. **'সন্ধান' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ করুন।** [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২৩]
ক. সম্+ধান খ. সন+ধান গ. সঃ+ ধান ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

২৩৭. **'সুবন্ত' শব্দের সন্ধি-বিচ্ছেদ** - [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]
ক. সুব+অন্ত খ. সুপ+অন্ত গ. সুভ+অন্ত ঘ. সু+অন্ত **উত্তর: খ**

২৩৮. **'সংবাদ' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]
ক. সং+বাদ খ. সম্+বাদ গ. সুম+বাদ ঘ. সু+আবাদ **উত্তর: খ**

২৩৯. **'সংস্কার' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]
ক. সং+কার খ. সন+কার গ. সম+কার ঘ. সমো+কার **উত্তর: গ**

২৪০. **'সঞ্চয়' শব্দের সন্ধি বিচ্ছেদ** - [মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী: ২১]
ক. সম্+চয় খ. সং+চয় গ. স+চয় ঘ. সু+চয় **উত্তর: ক**

২৪১. **'সংখ্যা' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [বিএনসিসি'র অফিস সহকারী: ২১]
ক. সম্+খ্যা খ. সমঃ+খা গ. সুম+খা ঘ. সং+খা **উত্তর: ক**

২৪২. **'সন্ধি' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]
ক. সম+ধি খ. সম্+ধি গ. সম+ন্ধিধ ঘ. সন+ধি **উত্তর: খ**

২৪৩. **'সন্নিহিত' এর সন্ধি-বিচ্ছেদ কী?** [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক: ১৭]
ক. সং+নিহিত খ. সম+নিহিত গ. সৎ+নিহিত ঘ. সন+নিহিত **উত্তর: খ**

২৪৪. **'সদাশয়' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. সদ+আশয় খ. সদা+শয় গ. সৎ+আশয় ঘ. সৎ+শয় **উত্তর: গ**

২৪৫. **'সভাব' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [বিআরইবি'র মিটার টেস্টার: ২৩]
ক. সদ+ভাব খ. সৎ+ভাব গ. সদা+ভাব ঘ. সদঃ+ভাব **উত্তর: খ**

২৪৬. **'সাহচার্য' শব্দের শুদ্ধ গঠন কোনটি?** [৩০তম বিসিএস]
ক. সহ+চর+র্য খ. সহচর+ৎ গ. সহচর+য ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

২৪৭. **'সদ্যোজাত' শব্দের সন্ধি-বিচ্ছেদ** - [৩৮তম বিসিএস]
ক. সৎ+জাত খ. সদ্যো+জাত গ. সদ্যঃ+জাত ঘ. সদ্য+জাত **উত্তর: গ**

২৪৮. **'সদৈব' শব্দের সন্ধি বিচ্ছেদ কী?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. সদা+এব খ. সদ+ঐব গ. সত+এব ঘ. সৎ+এব **উত্তর: ক**

২৪৯. **'সংযম' শব্দের সন্ধি বিচ্ছেদ কী?** [ক্রীড়া পরিদপ্তরের অফিস সহকারী: ১৯]
ক. সং+যম খ. সম+যম গ. সম্+যম ঘ. সৎ+যম **উত্তর: গ**

২৫০. **'সার্বভৌম' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. ষ্ণ+সর্বভূমি খ. সার্ব+ভৌম গ. সর্বভূমি+ষ্ণ ঘ. সার্বভৌ+ম **উত্তর: গ**

২৫১. **'সূর্যোদয়' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২১]
ক. সূর্য+দয় খ. সূর্য+উদয় গ. সূর্যো+দয় ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

২৫২. **'হিমাচল' শব্দের সন্ধি-বিচ্ছেদ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. হিমা+আচল খ. হিম+আচল গ. হিম+আঁচল ঘ. হিম+অচল **উত্তর: ঘ**

২৫৩. **'হিমালয়' শব্দের সন্ধি-বিচ্ছেদ কী?** [কারা অধিদপ্তরের কারারক্ষী: ২৩]
ক. হিমা+আলয় খ. হিম+আলয় গ. হিম+অলয় ঘ. হিম+নিলয় **উত্তর: খ**

২৫৪. **কোনটি শুদ্ধ?** [পিকেবি'র অফিসার (ক্যাশ): ১৪]
ক. অতঃ+এব = অতএব খ. পরিঃ+কার =পরিষ্কার গ. এক+ছত্র = একছত্র ঘ. পরিঃ+ছদ = পরিচ্ছদ **উত্তর: ক**

২৫৫. **কোনটি শুদ্ধ?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৬]
ক. মরু+উদ্যান = মরুদ্যান খ. পরি+ইখা = পরীক্ষা গ. গঙ্গা+ঊর্মি = গঙ্গোর্মি ঘ. প্রতি+উষ = প্রত্যুষ **উত্তর: গ**

২৫৬. **কোনটি সঠিক সন্ধি-বিচ্ছেদ?** [সোনালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৮]
ক. উৎ+শাস = উচ্ছাস খ. উৎ+ডীণ = উড্ডীণ গ. বৃহৎ+ঢক্কা = বৃহড়্ঢক্কা ঘ. লভ্+ধ = লব্ধ **উত্তর: গ**

২৫৭. **কোনটি সন্ধিগঠিত নির্ভুল শব্দ?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ১২]
ক. দূ:+নীতি = দূর্নীতি খ. দূর+নীতি = দূর্নীতি গ. দুর+ণীতি = দূর্ণীতি ঘ. দু:+নীতি = দুর্নীতি **উত্তর: ঘ**

২৫৮. **কোনটি সঠিক সন্ধি-বিচ্ছেদ?** [বিকেবি'র সিনিয়র অফিসার: ১৭]
ক. পত+অঞ্জলি = পতঞ্জলি খ. অন্তঃ+লিন = অন্তর্লীন গ. ষট্+অনন = ষড়ানন ঘ. তথা+এবচ = তথৈবচ **উত্তর: ঘ**

২৫৯. **কোনটি নির্ভুল? [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ০৯]**
ক. দূ:+ঘটনা = দূর্ঘটনা খ. দূর+ঘটনা = দূর্ঘটনা গ. দু:+ঘটনা = দূর্ঘটনা ঘ. দু:+ঘটনা = দুর্ঘটনা **উত্তর: ঘ**

২৬০. **কোনটি শুদ্ধ সন্ধি-বিচ্ছেদ?** [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক. ধনু+বিদ্যা খ. ধনু:+বিদ্যা গ. ধনুর+বিদ্যা ঘ. ধনূ:+বিদ্যা **উত্তর: খ**

২৬১. **সন্ধির নিয়মে কোনটি ঠিক? / 'শিরশ্ছেদ' এর সন্ধি-বিচ্ছেদ -** [জেলা প্রশাসকের কার্যালয়ের ইউনিয়ন পরিষদ সচিব: ২৩]
ক. শির+ছদ = শিরচ্ছেদ খ. শির:+ছেদ = শিরচ্ছেদ গ. শিরো+ছেদ = শিরোচ্ছেদ ঘ. শিরঃ+ছেদ = শিরশ্ছেদ **উত্তর: ঘ**

২৬২. **নির্ভুল সন্ধি-বিচ্ছেদ** - [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. ক্ষুধা+আর্ত খ. উছ্+শ্বাস গ. শিরঃ+ছেদ ঘ. আশী+বাদ **উত্তর: গ**

২৬৩. **কোনটি সঠিক সন্ধি-বিচ্ছেদ?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১০]
ক. সম্+চয় = সঞ্চয় খ. রাজ+জী = রানী গ. শ+অন = শয়ন ঘ. মনো+কষ্ট = মনঃকষ্ট **উত্তর: ক**

২৬৪. **সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]
ক. সত+চিন্তা = সচ্চিন্তা খ. অনু+এষণ = অন্বেষণ গ. তদ+অবধি = তদবধি ঘ. পরি+ছদ = পরিচ্ছদ **উত্তর: খ**

২৬৫. **কোন সন্ধি-বিচ্ছেদটি ভুল?** [সাধারণ বীমা কর্পোরেশনের সিনিয়র অফিসার: ১৯]
ক. গৈ+অক খ. সু+অল্প গ. আ+চর্য ঘ. দু+লোক **উত্তর: ঘ**

২৬৬. **কোন সন্ধি-বিচ্ছেদটি ভুল?** [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ১২]
ক. মনঃ+কষ্ট = মনঃকষ্ট খ. ইতঃ+পূর্বে = ইতঃপূর্বে গ. সিম্+হ = সিংহ ঘ. শ্রু+অন = শ্রবণ **উত্তর: গ**

২৬৭. **কোনটি অশুদ্ধ সন্ধি-বিচ্ছেদ?** [সোনালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. মনঃ+কষ্ট= মনঃকষ্ট খ. প্রাত:+কাল = প্রাতঃকাল গ. মনঃ+কামনা = মনঃকামনা ঘ. অন্ত:+করণ–অন্তঃকরণ **উত্তর: গ**

২৬৮. **কোনটি অশুদ্ধ সন্ধি-বিচ্ছেদ?** [বিজেএমসি'র অফিসার: ১৭]
ক. সু+অল্প = স্বল্প খ. ভৌ+উক = ভাবুক গ. আদ্য+অন্ত = আদ্যন্ত ঘ. অনু+এষণ = অন্বেষণ **উত্তর: গ**

২৬৯. **নিচের কোন সন্ধি বিচ্ছেদটি সঠিক নয়?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. নে+অন = নয়ন খ. রাজ+নী = রাজ্ঞী গ. তদ+রূপ = তদ্রূপ ঘ. তদ+কাল = তৎকাল **উত্তর: গ**

২৭০. **নিচের কোন সন্ধি-বিচ্ছেদটি সঠিক নয়?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ০৫]
ক. মহা+ঋষি = মহর্ষি খ. শীত+ঋত = শীতার্ত গ. যথা+এষ্ট = যথেষ্ট ঘ. যথা+উচিত = যথোচিত **উত্তর: গ**

২৭১. **নিচের কোন সন্ধি-বিচ্ছেদটি সঠিক নয়?** [বিএইচবিএফসি'র অফিসার: ১৭]
ক. পুনঃ+বণ্টন = পুনর্বণ্টন খ. বিদ্যা+আলয় = বিদ্যালয় গ. অতি+অধিক = অত্যাধিক ঘ. অগ্নি+উৎপাত = অগ্ন্যুৎপাত **উত্তর: গ**

২৭২. **'বক+কচ্ছপ = বকচ্ছপ' এই রীতিতে গঠিত শব্দকে বলা হয়** - [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৫]
ক. সন্ধিবদ্ধ শব্দ খ. জোড়কলম গ. মিশ্র শব্দ ঘ. নিপাতনে সিদ্ধ শব্দ **উত্তর: খ**
ব্যাখ্যা: একটি শব্দ বা শব্দাংশের সাথে অন্য একটি শব্দ বা শব্দাংশ জুড়ে নতুন শব্দ তৈরি করা হলে তাকে জোড়কলম শব্দ বলে। যেমন- ধোঁয়াশা, সিংহরিণ, সিংঘ্র, বকচ্ছপ, হাতিমি, স্নাতার, প্রেবিকা, মিনতি, গিরগিটিয়া, Brunch, Motel, Infotainment, Smog ইত্যাদি।

২৭৩. **কোনটি স্বরসন্ধির উদাহরণ?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. ণিজন্ত খ. অহরহ গ. বিদ্যালয় ঘ. দুঃশ্চিন্তা **উত্তর: গ**
ব্যাখ্যা: কিছু স্বরসন্ধির উদাহরণ হলো অতীত, অত্যন্ত, অত্যধিক, ইত্যাদি, কটাক্ষ, কটূক্তি, ক্ষুধার্ত, গবেষণা, গ্রন্থাগার, জনৈক, জলৌকা, ঢাকেশ্বরী, তৃষ্ণার্ত, দৈনিক, দ্বৈপায়ন, ধর্মাধর্ম, নবোঢ়া, নরাধম, নাবিক, নবান্ন, নবোঢ়া, পরীক্ষা, পলান্ন, পাবক, প্রত্যেক, পর্যালোচনা, পর্যবেক্ষণ, পূর্ণেন্দু, বিদ্যালয়, বনৌষধি, ভাবুক, মহর্ষি, মহার্ঘ, মরূদ্যান, মতৈক্য, যথোচিত, যদ্যপি, যথেষ্ট, যথার্থ, রত্নাকর, রূপালি, রাজর্ষি, রবীন্দ্র, লবণ, স্বাগত, শুভেচ্ছা, শীতার্ত, হিমালয় প্রভৃতি।

২৭৪. **'পাবক' কোন সন্ধির উদাহরণ?** [বিবি: ১৪-১৫]
ক. স্বরসন্ধি খ. ব্যঞ্জন সন্ধি গ. বিসর্গ সন্ধি ঘ. নিপাতনে সিদ্ধ **উত্তর: ক**

২৭৫. **'গ্রন্থাগার' কোন সন্ধির উদাহরণ?** [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. স্বরসন্ধি খ. ব্যঞ্জন সন্ধি গ. বিসর্গ সন্ধি ঘ. নিপাতনে সিদ্ধ **উত্তর: ক**

২৭৬. **'শোক+ঋত = শোকার্ত' কোন সন্ধির উদাহরণ?** [জাবি: ১৮-১৯]
ক. স্বরসন্ধি খ. ব্যঞ্জন সন্ধি গ. বিসর্গ সন্ধি ঘ. নিপাতনে সিদ্ধ **উত্তর: ক**

২৭৭. **'অধম+ঋণ = অধমর্ণ' কোন সন্ধির উদাহরণ?** [বন অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. স্বরসন্ধি খ. ব্যঞ্জন সন্ধি গ. বিসর্গ সন্ধি ঘ. নিপাতনে সিদ্ধ **উত্তর: ক**

২৭৮. **কোনটি ব্যঞ্জন সন্ধির উদাহরণ?** [১৬তম প্রভাষক নিবন্ধন]
ক. শুভেচ্ছা খ. সংবাদ গ. প্রত্যেক ঘ. অতীত **উত্তর: খ**

ব্যাখ্যা: কিছু ব্যঞ্জন সন্ধির উদাহরণ হলো অলংকার, অহংকার, উন্নত, উচ্ছেদ, উজ্জ্বল, উচ্ছ্বাস, উদ্ধার, উচ্ছৃঙ্খল, উদ্বেল, উদ্যোগ, উত্তীর্ণ, উল্লাস, কুজ্ঝটিকা, কৃষ্টি, কিংবদন্তি, ক্ষুৎপিপাসা, চলচ্চিত্র, তন্ময়, তদ্ভব, তন্মধ্যে, ণিজন্ত, পদ্ধতি, পরিচ্ছন্ন, পরিচ্ছেদ, বৃষ্টি, বাগদত্তা, বিচ্ছেদ, বাগাড়ম্বর, মৃদঙ্গ, মৃন্ময়, যাবজ্জীবন, রাজ্ঞী, সঙ্গীত, সংখ্যা, সংসার, সংবিধান, সন্ধান, সংলাপ, সচ্চরিত্র, সংবাদ, সংশয়, সন্ধি, সঞ্চয়, সংবর্ধনা, সম্মান, সংশপ্তক, সম্রাট, সদিচ্ছা, সংখ্যা, ষষ্ঠ, ষড়ঋতু, ষড়যন্ত্র, ষড়ানন ইত্যাদি।

২৭৯. **'উৎ+শ্বাস' এটি কোন সন্ধি?** [১১তম শিক্ষক নিবন্ধন]
ক. স্বরসন্ধি খ. ব্যঞ্জন সন্ধি গ. বিসর্গ সন্ধি ঘ. নিপাতনে সিদ্ধ **উত্তর: খ**

২৮০. **'মৃদঙ্গ' শব্দটি কোন সন্ধির অন্তর্গত?** [ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক: ২২]
ক. স্বরসন্ধি খ. ব্যঞ্জন সন্ধি গ. বিসর্গ সন্ধি ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

২৮১. **'সম্+চয় = সঞ্চয়' এটি কোন সন্ধি?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. বিসর্গ খ. স্বর গ. ব্যঞ্জন ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

২৮২. **বিসর্গ সন্ধির একটি উদাহরণ হলো** - [বিএসসি'র অফিসার: ১৮]
ক. সংস্কৃত খ. আচ্ছন্ন গ. জ্যোতিরিন্দ্র ঘ. গোষ্পদ **উত্তর: গ**

ব্যাখ্যা: কিছু বিসর্গ সন্ধির উদাহরণ হলো অধোগতি, অন্তরঙ্গ, অন্তরীপ, অন্তর্গত, অন্তর্ঘাত, অন্তর্ধান, অন্তর্নিহিত, অন্তর্ভুক্ত, অন্তর্বর্তী, অতঃপর, অধঃপতন, অন্তঃস্বত্ত্বা, আবিষ্কার, আবিষ্কৃত, আশীবার্দ, আস্পদ, ইতঃপূর্বে, চতুর্ভুজ, চতুষ্পদ, চতুষ্কোণ, জ্যোতিরিন্দ্র, জ্যোতির্ময়, ততোধিক, তপোবন, তিরস্কার, তিরোধান, দুষ্কর, দুরন্ত, দুর্ঘটনা, দুর্লোভ, দুষ্কৃতি, দুরবস্থা, দুর্নীতি, দুষ্প্রাপ্য, দুশ্চরিত্র, দুর্জন, দুশ্চিন্তা, দুস্থ, দুঃসংবাদ, দুঃসাহস, ধনুষ্টঙ্কার, নির্জন, নিষ্ফল, নিষ্পাপ, নিরাকরণ, নীরব, নীরোগ, নীরস, নিরাকার, নিষ্ঠুর, নিষ্পন্ন, নমস্কার, নিরাপদ, নির্গত, নির্গমন, নিশ্চয়, নিশ্চিহ্ন, নিষ্কৃতি, নিঃশ্বাস, নিঃসঙ্গ, পরস্পর (আধুনিক বাংলা অভিধান), পুনরায়, পুরস্কার, প্রাতরাশ, পুনর্বার, প্রাদুর্ভাব, পুনর্জন্ম, বয়োজ্যেষ্ঠ, বনস্পতি (আধুনিক বাংলা অভিধান), বহিষ্কৃত, বহির্গত, বয়ঃসন্ধি, ভ্রাতুষ্পুত্র, মনোযোগ, মনস্কামনা, মনস্তাপ, মনঃপীড়া, মনোরম, মনোরঞ্জন, যশোলাভ, শিরশ্ছেদ, শিরোধার্য, সদ্যোদাত প্রভৃতি।

২৮৩. **বিসর্গ সন্ধির একটি উদাহরণ হলো** - [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ইন্সট্রাক্টর: ২৩]
ক. যদ্যপি খ. অন্বেষণ গ. উচ্ছেদ ঘ. দুষ্কর **উত্তর: ঘ**

২৮৪. **'মনোযোগ' শব্দটি কোন সন্ধিতে গঠিত?** [বাংলাদেশ রেলওয়ের সহকারী কমান্ডেন্ট: ০৭]
ক. স্বরসন্ধি খ. ব্যঞ্জন সন্ধি গ. বিসর্গ সন্ধি ঘ. নিপাতনে সিদ্ধ **উত্তর: গ**

২৮৫. **নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?** [সিজিডিএফ'র অডিটর: ২২]
ক. স্বৈরণী খ. পশ্বধম গ. হিংস ঘ. ক ও গ **উত্তর: ক**

ব্যাখ্যা: কিছু নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির উদাহরণ হলো অন্যান্য, অক্ষৌহিণী, কুলটা, গবাক্ষ, গবেন্দ্র, গবেশ্বর, প্রৌঢ়, প্রেষণ, পরোক্ষ, বিম্বোষ্ঠ, মার্তন্ড, রক্তোষ্ঠ, স্বৈর, স্বৈরিণী, সমর্থ, শুদ্ধোধন প্রভৃতি। কিছু নিপাতনে সিদ্ধ ব্যঞ্জন সন্ধির উদাহরণ হলো আশ্চার্য, আস্পদ, একাদশ, গোষ্পদ, তস্কর, দ্যুলোক, দ্বাদশ, নাব্য, ণিজন্ত, পরস্পর (পুরাতন বাংলা ব্যাকরণ), পশ্চার্থ, পশ্চার্ধ, প্রায়শ্চিত্র, পতঞ্জলি, বনস্পতি (পুরাতন বাংলা ব্যাকরণ), বৃহস্পতি, বিশ্বামিত্র, বাগেশ্বরী, মনীষা, ষোড়শ, হরিশ্চন্দ্র প্রভৃতি। কিছু নিপাতনে সিদ্ধ বিসর্গ সন্ধির উদাহরণ হলো অহর্নিশ, অহরহ, প্রাতঃকাল, বাচস্পতি, ভাস্কর, মনঃকষ্ট, শিরঃপীড়া ইত্যাদি।

২৮৬. **নিয়মানুসারে কোনটির সন্ধি হয় না?** [বিআইডব্লিউটিএ'র কম্পিউটার অপারেটর: ২২]
ক. কুলটা খ. কটাক্ষ গ. পশ্বধম ঘ. দেশান্তর **উত্তর: ক**

২৮৭. **নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?** [অগ্রণী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৭]
ক. দুস্কর খ. তস্কর গ. গবেষণা ঘ. মহর্ষি **উত্তর: খ**

২৮৮. **নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. পরিষ্কার খ. ষড়নন গ. সংস্কার ঘ. আশ্চর্য **উত্তর: ঘ**

২৮৯. **নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?** [শিল্প মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১৯]
ক. অন্যান্য খ. প্রত্যেক গ. স্বল্প ঘ. তন্বী **উত্তর: ক**

২৯০. **নিপাতনে সিদ্ধ কোনটি?** [বাংলাদেশ বেতারের সহকারী সম্পাদক: ১১]
ক. পুনরায় খ. পরিষ্কার গ. একাদশ ঘ. পরীক্ষা **উত্তর: গ**

২৯১. **নিপাতনে সিদ্ধ কোনটি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. কুলটা খ. সঞ্চার গ. গবেষণা ঘ. ভাবুক **উত্তর: ক**

২৯২. **নিপাতনে সিদ্ধ কোনটি?** [ঢাবি: ১৯-২০]
ক. মৃন্ময় খ. বৃহস্পতি গ. বৃহদ্রথ ঘ. আদ্যন্ত **উত্তর: খ**

২৯৩. **কোনটি সন্ধির নিপাতনে সিদ্ধ হয়েছে?** [৪৪তম বিসিএস]
ক. যদ্যপি খ. লবণ গ. গবাক্ষ ঘ. সংসার **উত্তর: গ**

২৯৪. **নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি কোনটি?** [জাবি: ১৮-১৯]
ক. সংযোগ খ. সঞ্চয় গ. উদ্ধত ঘ. ষোড়শ **উত্তর: ঘ**

২৯৫. **নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি কোনটি?** [জাবি: ১৮-১৯]
ক. জলৌকা খ. আদ্যন্ত গ. পরস্পর ঘ. মহৈরাবত **উত্তর: গ**

২৯৬. **সন্ধি সাধিত শব্দ 'পরস্পর' কোন ধরনের সন্ধির দৃষ্টান্ত? / সন্ধি সাধিত শব্দ 'পরস্পর' কোন ধরনের সন্ধির উদাহরণ?** [৩২তম বিসিএস]
ক. ব্যঞ্জন সন্ধি খ. স্বরসন্ধি গ. নিপাতনে সিদ্ধ ঘ. বিসর্গ সন্ধি **উত্তর: গ**

২৯৭. **নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. বাক্+দান = বাগদান খ. জল+ওকা = জলৌকা গ. নি:+রব = নীরব ঘ. ষট্+দশ = ষোড়শ **উত্তর: ঘ**

২৯৮. **নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯০]
ক. অন্তঃ+ধান = অন্তর্ধান খ. তদ্+কাল = তৎকাল গ. সম+তান = সন্তান ঘ. গো+পদ = গোষ্পদ **উত্তর: ঘ**

২৯৯. **কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ?** [২৭তম বিসিএস]
ক. পর+পর = পরস্পর খ. বাক্+দান = বাগদান গ. উৎ+ছেদ = উচ্ছেদ খ. সম্+সার = সংসার **উত্তর: ক**

৩০০. **নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?** [বেপজা'র সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. উৎ+স্থাপন = উত্থাপন খ. কৃষ্+তি = কৃষ্টি গ. তদ্+কাল = তৎকাল ঘ. তৎ+কর = তস্কর **উত্তর: ঘ**

৩০১. **নিচের কোনটি বিশেষ নিয়মে সাধিত শব্দের উদাহরণ?** [জাবি: ১৭-১৮]
ক. তস্কর খ. সংস্কার গ. মনীষা ঘ. সাহসী **উত্তর: খ**
ব্যাখ্যা: বিশেষ নিয়মে সাধিত ব্যঞ্জন সন্ধির উদাহরণ হলো উত্থান, উত্থাপন, উত্থাপিত, গণ্য, তাৎক্ষণিক, নিরবধি, পরিষ্কার, পরিষ্কৃত, ভক্ত, মোড়ক, রান্না, সংস্কার, সংস্কৃত, সংস্কৃতি, সদাশয়, সন্নিহিত প্রভৃতি।

৩০২. **'নির্ভয়া' শব্দটি গঠনের সাথে সম্পর্কিত নয় কোনটি?** [বিকেবি'র অফিসার (ক্যাশ): ১৭]
ক. সন্ধি খ. উপসর্গ গ. প্রকৃতি ঘ. প্রত্যয় **উত্তর: ক**

উপসর্গ

০১. **উপসর্গ কোন জাতীয় শব্দাংশ?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. বিশেষ্য খ. সর্বনাম গ. বিশেষণ ঘ. অব্যয় **উত্তর: ঘ**

০২. **যেসব অব্যয় ধাতু বা শব্দের পূর্বে বসে নতুন নতুন অর্থের সৃষ্টি করে, তাদের বলে -** [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২৩]
ক. উপসর্গ খ. কারক গ. অনুসর্গ ঘ. প্রত্যয় **উত্তর: ক**

০৩. **উপসর্গের কাজ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২৪]
ক. বর্ণ সংরক্ষণ খ. যতি সংস্থাপন গ. ভাবের পার্থক্য নিরূপণ ঘ. নতুন শব্দ গঠন **উত্তর: ঘ**

০৪. **কার অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে? / নিজস্ব কোনো অর্থবাচকতা না থাকলেও নতুন শব্দ সৃজনের ক্ষমতা আছে কোনটির?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. অনুসর্গের খ. বিভক্তির গ. উপসর্গের ঘ. পদাশ্রিত অব্যয়ের **উত্তর: গ**

০৫. **নিম্নের কোনটি শব্দের আগে বসে? / শব্দের পূর্বে বসে কোনটি?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের অ্যাডমিন অ্যাসিস্টেন্ট: ২৩]
ক. বিভক্তি খ. প্রত্যয় গ. উপসর্গ ঘ. অনুসর্গ **উত্তর: গ**

০৬ **উপসর্গ কোথায় বসে? / উপসর্গ শব্দের কোথায় যুক্ত হয়?** [ডাক অধিদপ্তরের এস্টিমেটর: ১৮]
ক. বাক্যের মধ্যে খ. শব্দের পরে গ. বাক্যের পূর্বে ঘ. শব্দের পূর্বে **উত্তর: ঘ**

০৭. **উপসর্গের সঙ্গে প্রত্যয়ের পার্থক্য -** [২৪তম বিসিএস]
ক. অব্যয় ও শব্দাংশ খ. নতুন শব্দ গঠন গ. ভিন্ন অর্থ প্রকাশ ঘ. উপসর্গ থাকে সামনে, প্রত্যয় থাকে পিছনে **উত্তর: ঘ**

০৮. **উপসর্গ কোনটি?** [২৬তম বিসিএস]
ক. অতি খ. থেকে গ. চেয়ে ঘ. দ্বারা **উত্তর: ক**

০৯. **কোনটি উপসর্গ নয়?** [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১]
ক. অতি খ. অভি গ. অনু ঘ. অপু **উত্তর: ঘ**

১০. **কোনটি উপসর্গ নয়?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ১৫]
ক. প্র খ. পরা গ. পরি ঘ. আমি **উত্তর: ঘ**

১১. **উপসর্গ নিষ্পন্ন শব্দ কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. বড়াই খ. অভিমুখ গ. ছাত্রকে ঘ. চৌরাস্তা **উত্তর: খ**

১২. **উপসর্গঘটিত শব্দ -** [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্রেডিট সুপারভাইজার: ১৯]
ক. ফাঁকিবাজি খ. উদ্বৃত্ত গ. নৈম ঘ. গোয়ালা **উত্তর: খ**

১৩. **উপসর্গজাত শব্দ কোনটি?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০১]
ক. অপিচ খ. অধীত গ. অজিন ঘ. অগ্রজ **উত্তর: ক**

১৪. **উপসর্গজাত শব্দ কোনটি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. অঞ্জলি খ. অদ্ভুর গ. অবলোকন ঘ. অনাচার **উত্তর: ঘ**

১৫. **কোন শব্দটি উপসর্গ দিয়ে গঠিত হয়েছে?** [৩৯তম বিসিএস]
ক. আষাঢ় খ. আঘাটা গ. আয়না ঘ. আনন **উত্তর: খ, ঘ**

১৬. **উপসর্গজাত শব্দ কোনটি?** [সিজিএ কার্যালয়ের অডিটর: ২১]
ক. বিজ্ঞান খ. বিজলি গ. বিটপ ঘ. বিদ্বান **উত্তর: ক**

১৭. **উপসর্গযুক্ত শব্দ কোনটি?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ১৯]
ক. পঙ্কজ খ. জ্বালাতন গ. মাচান ঘ. কদবেল **উত্তর: ঘ**

১৮. **কোন শব্দটি উপসর্গযোগে গঠিত?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ২৩]
ক. অবরেণ্য খ. তরুণ গ. পরীক্ষা ঘ. কলুষ **উত্তর: গ**

১৯. **কোন শব্দটি উপসর্গযোগে গঠিত?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ২৩]
ক. আকাল খ. নবান্ন গ. পঞ্চনদ ঘ. ঢাকাই **উত্তর: ক**

২০. **কোনটি উপসর্গ নিষ্পন্ন শব্দ?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. প্রত্যেক খ. পুকুরে গ. বড়াই ঘ. নিবাস **উত্তর: ক, ঘ**

২১. **কোন শব্দটি উপসর্গযোগে গঠিত?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. অনুজ খ. দরদালান গ. বিলাসিতা ঘ. দুষ্কার্য **উত্তর: খ**

২২. **কোন শব্দটি উপসর্গযোগে গঠিত?** [সওজের উপ-সহকারী প্রকৌশলী: ১৯]
ক. নিরালা খ. নিশান গ. নিকট ঘ. নিলাজ **উত্তর: ঘ**

২৩. **কোন শব্দটি উপসর্গযোগে গঠিত?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]
ক. আগাছা খ. আবার গ. আরাম ঘ. আনাজ **উত্তর: ক**

২৪. **একাধিক উপসর্গযোগে গঠিত শব্দ -** [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৭]
ক. অতিশয় খ. প্রবেশ গ. নিরপরাধ ঘ. আকার **উত্তর: গ**

২৫. **একাধিক উপসর্গযোগে গঠিত শব্দ -** [সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার: ০৭]
ক. অনতিবৃহৎ খ. প্রবিষ্ট গ. অবলোকন ঘ. অগণতান্ত্রিক **উত্তর: কোনোটিই নয়**

২৬. **নিচের কোনটিতে উপসর্গ যুক্ত হয়েছে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৩]
ক. গ্রহ খ. উপগ্রহ গ. তারা ঘ. চন্দ্রগ্রহণ **উত্তর: খ**

২৭. **'অভিমত' শব্দটি গঠিত হয়েছে - / 'কমবক্তা' শব্দটি গঠিত হয়েছে - / 'প্রসন্ন' শব্দটি কীভাবে গঠিত? / 'সুধী' শব্দটি কীভাবে গঠিত?** [আমদানি-রপ্তানি দপ্তরের নির্বাহী অফিসার: ০৭]
ক. উপসর্গ যোগে খ. সমাসযোগে গ. প্রত্যয়যোগে ঘ. সন্ধিযোগে **উত্তর: ক**

২৮. **'উৎকর্ষ' শব্দটি কীভাবে গঠিত হয়েছে?** [ঢাবি: ১৬-১৭]
ক. প্রত্যয় ও উপসর্গ যোগে খ. সমাসযোগে গ. প্রত্যয়যোগে ঘ. সন্ধিযোগে **উত্তর: ক**

২৯. **কোন শব্দটি উপসর্গযোগে গঠিত হয়নি?** [মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী: ২১]
ক. অনুবাদ খ. অষ্টমী গ. নির্ণয় ঘ. সম্পূর্ণ **উত্তর: খ**

৩০. **কোনটি উপসর্গযোগে গঠিত শব্দ নয়?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]
ক. গরগর খ. গরমিল গ. গরবাজি ঘ. গরহাজির **উত্তর: ক**

৩১. **কোনটি উপসর্গযোগে গঠিত শব্দ নয়?** [৯ম বিজেএস]
ক. হররোজ খ. হরতাল গ. হরহামেশা ঘ. হরদম **উত্তর: খ**

৩২. **কোনটি উপসর্গযোগে গঠিত শব্দ নয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯২]
ক. নির্মাণ খ. নির্মূল গ. নিলাম ঘ. নিতল **উত্তর: গ**

৩৩. **কোনটি উপসর্গযোগে গঠিত শব্দ নয়?** [বিসিকের প্রমোশন অফিসার: ২১]
ক. প্রত্যক্ষ খ. প্রতিরক্ষা গ. প্রতিরোধ ঘ. প্রতিযোগী **উত্তর: ক**

৩৪. **কোনটি উপসর্গযোগে গঠিত শব্দ নয়?** [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ২০]
ক. নীরব খ. উত্তরী গ. উন্মনা ঘ. অভিমান **উত্তর: খ**

৩৫. **কোন উপসর্গটি 'পরবর্তী' অর্থে ব্যবহৃত হয়েছে?** [বিসিকের এক্সটেনশন অফিসার: ১৮]
ক. অবরোধ খ. অভিষেক গ. প্রদান ঘ. অনুশীলন **উত্তর: ঘ**

৩৬. **বাংলা ভাষায় উপসর্গ কত প্রকার?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ৬ প্রকার খ. ৩ প্রকার গ. ৪ প্রকার ঘ. ৫ প্রকার **উত্তর: খ**
ব্যাখ্যা: বাংলা ভাষায় উপসর্গ সাধারণত ৩ প্রকার। যথা- খাঁটি বাংলা বা তদ্ভব, সংস্কৃত বা তৎসম ও বিদেশি উপসর্গ। খাঁটি বাংলা বা তদ্ভব উপসর্গ ২১ টি। খাঁটি বাংলা উপসর্গগুলো হলো হলো অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন, কদ, কু, নি, পাতি, রাম, বি, ভর, স, সা, সু হা। তৎসম বা সংস্কৃত উপসর্গ ২০ টি। তৎসম বা সংস্কৃত উপসর্গগুলো হলো প্র, পরা, অপ, সম, নি, অনু, অব, নির, দূর, বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অতি, অপি, অভি, উপ, আ। চারটি উপসর্গ (সু, বি, নি, আ) খাঁটি বাংলা এবং তৎসম উভয় উপসর্গের ক্ষেত্রেই রয়েছে।

৩৭. **বাংলা ব্যাকরণে কোন উপসর্গ নেই?** [পূবালী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. তৎসম খ. দেশি গ. তদ্ভব ঘ. বিদেশি **উত্তর: গ**

৩৮. **বাংলা ভাষায় কয়টি খাঁটি বাংলা উপসর্গ আছে? / খাঁটি বাংলা উপসর্গ কয়টি? / বাংলা উপসর্গ কয়টি?** [২৭তম বিসিএস]
ক. উনিশ খ. কুড়ি গ. একুশ ঘ. বাইশ **উত্তর: গ**

৩৯. **কোনটি বাংলা উপসর্গ?** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. পরা খ. প্রতি গ. হর ঘ. অনা **উত্তর: ঘ**

৪০. **বাংলা উপসর্গ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৩]
ক. গরু খ. পাতি গ. ফুল ঘ.উত **উত্তর: খ**

৪১. **কোনটি খাঁটি বাংলা উপসর্গ?** [পিটিআই'র ইন্সট্রাক্টর: ১৯]
ক. অজ খ. অতি গ. ফি ঘ. খাস **উত্তর: ক**

৪২. **খাঁটি বাংলা উপসর্গ কোনটি?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ২২]
ক. আম খ. রাম গ. সম ঘ. নিম **উত্তর: খ**

৪৩. **নিচের কোনটি খাঁটি বাংলা উপসর্গ?** [পূবালী ব্যাংকের সহকারী অফিসার (ক্যাশ): ১৯]
ক. ইতিহাস খ. উপমন্ত্রী গ. প্রশংসা ঘ. গরমিল **উত্তর: ক**

৪৪. **নিচের কোনটি খাঁটি বাংলা উপসর্গ?** [আইন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৬]
ক. বেমালুম খ. আভাস গ. অজানা ঘ. গরমিল **উত্তর: গ**

৪৫. **কোনটি খাঁটি বাংলা উপসর্গ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. অব খ. অতি গ. ইতি ঘ. পরি **উত্তর: গ**

৪৬. **খাঁটি বাংলা উপসর্গ নয় কোনটি?** [রূপালী ব্যাংকের অফিসার: ০৮]
ক. অ খ. অঘা গ. অভি ঘ. পাতি **উত্তর: গ**

৪৭. **নিচের কোন শব্দে বাংলা উপসর্গ আছে?** [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]
ক. অপমান খ. নিবৃত্তি গ. আগাছা ঘ. প্রতাপ **উত্তর: গ**

৪৮. **কোন শব্দে বাংলা উপসর্গ যোগ হয়েছে?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. অতিকায় খ. আড়মোড় গ. বমাল ঘ. গরমিল **উত্তর: খ**

৪৯. **খাঁটি বাংলা উপসর্গযোগে সৃষ্ট পদ কোনটি?** [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২৩]
ক. আকাঁড়া খ. অবেলা গ. অপমান ঘ. অতিশয় **উত্তর: ক, খ**

৫০. **নিচের কোনটি খাঁটি বাংলা উপসর্গের উদাহরণ?** [তুলা উন্নয়ন বোর্ডের তুলা উন্নয়ন কর্মকর্তা: ০৬]
ক. কুকথা খ. বেহাল গ. প্রবাদ ঘ. উপকার **উত্তর: ক**

৫১. **কোন শব্দটিতে খাঁটি বাংলা উপসর্গ ব্যবহৃত হয়েছে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. আভাস খ. গরমিল গ. অজানা ঘ. বেমালুম **উত্তর: গ**

৫২. **খাঁটি বাংলা উপসর্গযোগে কোন শব্দটি গঠিত?** [বিটিভি'র রিসার্চ অফিসার: ০৬]
ক. প্রবাহ খ. অজপাড়াগাঁ গ. খয়ের খা ঘ. বেআদব **উত্তর: খ**

৫৩. **নিম্নের কোন শব্দটিতে বাংলা উপসর্গের প্রয়োগ ঘটেছে?** [সমবায় অধিদপ্তরের পরিদর্শক: ৯৭]
ক. পরিহার খ. হাভাতে গ. উৎকর্ষ ঘ. বেশরম **উত্তর: খ**

৫৪. **খাঁটি বাংলা উপসর্গযোগে কোন শব্দটি গঠিত?** [বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের সহকারী ব্যবস্থাপক: ২০]
ক. অনাসৃষ্টি খ. বদমেজাজ গ. অনুন্নত ঘ. প্রহার **উত্তর: ক**

৫৫. **কোন শব্দ গঠনে বাংলা উপসর্গ ব্যবহৃত হয়েছে?** [৩২তম বিসিএস]
ক. পরাকাষ্ঠা খ. অভিব্যক্তি গ. পরিশ্রান্ত ঘ. অনাবৃষ্টি **উত্তর: ঘ**

৫৬. **কোন শব্দটি বাংলা উপসর্গযোগে গঠিত?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৯]
ক. আকাল খ. সকাল গ. আষাঢ় ঘ. আবার **উত্তর: ক, খ**

৫৭. **'অজপাড়াগাঁ উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]
ক. গভীর খ. নিবিড় গ. প্রত্যন্ত ঘ. আদি **উত্তর: গ**

৫৮. **কোনটি 'অজ' উপসর্গের যথাযথ প্রয়োগ?** [বিএসসি'র সহকারী প্রোগ্রামার: ২০]
ক. অজান্তে খ. অজপাড়াগাঁ গ. অজড় ঘ. অজাচিত **উত্তর: খ**

৫৯. **'অজপুকুর' শব্দে 'অজ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?** [ডেসকো'র সুপারভাইজার: ১৯]
ক. সম্পূর্ণ খ. খাঁটি গ. নিন্দিত ঘ. অস্পষ্ট **উত্তর: গ**

৬০. **'অচিন' শব্দের 'অ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?** [১৬তম বিসিএস]
ক. নেতিবাচক খ. বিয়োগান্তক গ. নঞর্থক ঘ. অজানা **উত্তর: গ**

৬১. **'অভাব' অর্থে কোন উপসর্গটি ব্যবহৃত হয়েছে?** [৪১তম বিসিএস]
ক. অকাজ খ. আবছায়া গ. আলুনি ঘ. নিখুঁত **উত্তর: গ**

৬২. **'অত্যাচার' শব্দের অতি' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়েছে?** [ঢাবি: ১৮-১৯]
ক. আতিশয্য খ. অতিক্রম গ. নিকৃষ্ট ঘ. ঈষৎ **উত্তর: ক**

৬৩. **'অঘারাম বাস করে অজপাড়া গায়ে' এই বাক্যে 'অঘা' ও 'অজ' কোন ধরনের উপসর্গ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. তৎসম খ. তদ্ভব গ. খাঁটি বাংলা ঘ. বিদেশি **উত্তর: গ**

৬৪. **'অপয়া' শব্দের 'অ' উপসর্গ কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [রাবি: ১৪-১৫]
ক. নিন্দা খ. কুৎসিত গ. প্রভাব ঘ. অভাব **উত্তর: ক**

৬৫. **'অনা' উপসর্গটি নিচের কোন শব্দে খারাপ অর্থে ব্যবহৃত হয়েছে?** [জবি: ১৪-১৫]
ক. অনাসৃষ্টি খ. অনাদর গ. অনালোক ঘ. অনাচার **উত্তর: ঘ**

৬৬. **'অনতিবৃহৎ' শব্দটি কয়টি উপসর্গযোগে গঠিত?** [ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের হিসাবরক্ষণ কর্মকর্তা: ১৭]
ক. একটি খ. দুইটি গ. তিনটি ঘ. চারটি **উত্তর: ক**

৬৭. **'আড়চোখে' শব্দের 'আড়' উপসর্গটি কী অর্থ প্রকাশ করেছে?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]
ক. খারাপ খ. হিংসা গ. উৎসাহ ঘ. বক্র **উত্তর: ঘ**

৬৮. **'উনা ভাতে দুনা বল' বাক্যটিতে কোন উপসর্গ ব্যবহৃত হয়েছে?** [বেরোবি: ১৭-১৮]
ক. সংস্কৃত খ. বাংলা গ. বিদেশি ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৬৯. **'উনচল্লিশ' শব্দটিতে 'উন' উপসর্গটি কী অর্থে দ্যোতনা করে?** [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুট্যান্ট: ১৫]
ক. ঈষৎ গ. ক্রমাগত গ. না ঘ. কম **উত্তর: ঘ**

৭০. **'কদাকার' শব্দটি কোন উপসর্গযোগে গঠিত?** [৩৭তম বিসিএস]
ক. দেশি উপসর্গযোগে খ. বিদেশি উপসর্গযোগে গ. সংস্কৃত উপসর্গযোগে ঘ. তৎসম উপসর্গযোগে **উত্তর: ক**

৭১. **'নিখুঁত' শব্দের 'নি' উপসর্গটি কোন প্রকারের?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৯]
ক. অর্ধ-তৎসম খ. বিদেশি গ. তৎসম ঘ. খাঁটি বাংলা **উত্তর: ঘ**

৭২. **'নিদাঘ' শব্দের 'নি' উপসর্গটি কোন অর্থ দ্যোতনা বুঝিয়েছে?** [বাংলাদেশ বেতারের সহকারী সম্পাদক: ১৯]
ক. আতিশয্য খ. অভাব গ. নিশ্চয় ঘ. নিষেধ **উত্তর: ক**

৭৩. **'পাতিহাঁস' শব্দটিতে 'পাতি' উপসর্গটি কী অর্থ বোঝায়?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ২৩]
ক. বড় খ. ছোট / ক্ষুদ্র গ. মন্দ ঘ. বীপ্সা **উত্তর: খ**

৭৪. **'প্রত্যুপকার' শব্দে কয়টি উপসর্গ রয়েছে?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১২]
ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৫ **উত্তর: ক**

৭৫. **'বিমুগ্ধ' শব্দটি ব্যাকরনের কোন নিয়মে গঠিত হয়েছে?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ১১]
ক. প্রত্যয়যোগে খ. সমাসযোগে গ. উপসর্গযোগে ঘ. সন্ধিযোগে **উত্তর: গ**

৭৬. **'বিনির্মান' শব্দের 'বি' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [ডাক অধিদপ্তরের উপজেলা পোস্টমাস্টার: ১০]
ক. নতুন খ. ইতিবাচক গ. নেতিবাচক ঘ. প্রসারণ **উত্তর: খ**

৭৭. **রামদা শব্দের 'রাম' উপসর্গটি ব্যবহৃত -** [ঢাবি: ১২-১৩]
ক. ধারালো অর্থে খ. বৃহৎ অর্থে গ. ভয়ংকর অর্থে ঘ. বিশেষ অর্থে **উত্তর: খ**

৭৮. **বিধবা শব্দের 'বি' কী অর্থে প্রযুক্ত?** [এলজিইডি'র সহকারী প্রকৌশলী: ১৭]
ক. ইতিবাচক অর্থে খ. নেই অর্থে গ. বিশেষ অর্থে ঘ. উৎকৃষ্ট অর্থে **উত্তর: খ**

৭৯. **'সজাগ' শব্দের স-উপসর্গ কোন ভাষার?** [সওজ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১০]
ক. সংস্কৃত খ. ফারসি গ. বাংলা ঘ.আরবি **উত্তর: গ**

৮০. **'সমভিব্যাহার' শব্দটি কয়টি উপসর্গযোগে গঠিত?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]
ক. তিনটি খ. চারটি গ. পাঁচটি ঘ. দুইটি **উত্তর: খ**

৮১. **'সুনাম' শব্দের 'সু' কোন উপসর্গ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. বাংলা খ. আরবি গ. ফারসি ঘ. সংস্কৃত **উত্তর: ক**

৮২. **'সুকঠিন' শব্দে 'সু' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়েছে?** [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]
ক.উত্তম খ. সহজ গ. বিশেষ রূপে ঘ. আতিশয্য **উত্তর: ঘ**

৮৩. **'সরব' শব্দের 'স' উপসর্গ কী অর্থ প্রকাশ করে? / 'সরস' শব্দের 'স' উপসর্গ কী অর্থ প্রকাশ করে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ২৩]
ক. ক্ষুদ্র খ. সঙ্গে গ. বিশাল ঘ. অভাব **উত্তর: খ**

৮৪. **'সাতিশয়' শব্দে কতটি উপসর্গ আছে?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. ১ খ. ২ গ. ৩ ঘ. ৪ **উত্তর: খ**

৮৫. **'হা' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. কম অর্থে খ. নিকৃষ্ট অর্থে গ. হীনতা অর্থে ঘ. অভাব অর্থে **উত্তর: ঘ**

৮৬. **বাংলা ভাষায় ব্যবহৃত সংস্কৃত উপসর্গ কয়টি? / তৎসম উপসর্গ কয়টি?** [বিআরইবি'র মিটার টেস্টার: ২৩]
ক. ১২ খ. ২০ গ. ২৪ ঘ. ৩২ **উত্তর: খ**

৮৭. **কোন চারটি তৎসম উপসর্গ এবং বাংলা উপসর্গ উভয় ক্ষেত্রেই রয়েছে?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ২৩]
ক. প্র, পরা, অজ, সা খ. নির, পরি, আন, সু গ. নি, বি, সু, আ ঘ. অতি, অপি, অনা, অ **উত্তর: গ**

৮৮. **প্র, পরা, অপ -** [২৬তম বিসিএস]
ক. বাংলা উপসর্গ খ. সংস্কৃত উপসর্গ গ. বিদেশি উপসর্গ ঘ. উপসর্গ স্থানীয় অব্যয় **উত্তর: খ**

৮৯. **কোনটি সংস্কৃত উপসর্গ?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]
ক. পরা খ. অনা গ. অঘা ঘ. আব **উত্তর: ক**

৯০. **নিচের কোনটি তৎসম উপসর্গ?** [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার: ০৫]
ক. প্র খ. গর গ. বে ঘ. লা **উত্তর: ক**

৯১. **'অপ' কী ধরনের উপসর্গ?** [৩০তম বিসিএস]
ক. সংস্কৃত খ. বাংলা গ. বিদেশি ঘ. মিশ্র **উত্তর: ক**

৯২. **নিচের কোনটি তৎসম উপসর্গ নয়?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. দ্বারা খ. অভি গ. উপ ঘ. সম **উত্তর: ক**

৯৩. **নিচের কোনটি তৎসম উপসর্গ নয়?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. অতি খ. অজ গ. প্রতি ঘ. উপ **উত্তর: খ**

৯৪. **কোন গুচ্ছটি তৎসম উপসর্গ নয়?** [পর্যটন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৫]
ক. নি, অব, দূর, অপি খ. অপ, নির, সু, আ গ. আব, স, না, কার ঘ. উৎ, বি, অভি, পরা **উত্তর: গ**

৯৫. **তৎসম শব্দের বা উপসর্গের উদাহরণ –** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]
ক. অভাব খ. খ্যাতি গ. আনমনা ঘ. নিকৃষ্ট **উত্তর: ঘ**

৯৬. **সংস্কৃত শব্দের বা উপসর্গের উদাহরণ –** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ১২]
ক. নিখোঁজ খ. নিগ্রহ গ. নিখুঁত ঘ. নিলাজ **উত্তর: খ**

৯৭. **'অধিকার' শব্দে 'অধি' উপসর্গটি কী অর্থ নির্দেশ করে?** [বিএডিসি'র হিসাব সহকারী: ১৯]
ক. সদৃশ খ. বিশেষ গ. পর্যন্ত ঘ. আধিপত্য **উত্তর: ঘ**

৯৮. **'অনুসন্ধান' শব্দটি কয়টি উপসর্গ সহযোগে গঠিত?** [রূপালী ব্যাংকের অফিসার: ১৩]
ক. একটি খ. দুইটি গ. তিনটি ঘ. চারটি **উত্তর: খ**

৯৯. **অভিনিবেশ' শব্দে কয়টি উপসর্গ আছে?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. একটি খ. দুইটি গ. তিনটি ঘ. চারটি **উত্তর: খ**

১০০. **'অপমান' শব্দের 'অপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?** [পিকেবি'র অফিস সহায়ক: ২৩]
ক. বিপরীত খ. নিকৃষ্ট গ. বিকৃত ঘ. অভাব **উত্তর: ক**

১০১. **'অভাব' বুঝিয়েছে কোন উপসর্গ?** [বিআরইবি'র মিটার রিডার: ২৩]
ক. বিশুদ্ধ খ. বিবর্ণ গ. অনুজ ঘ. বিক্ষেপ **উত্তর: খ**

১০২. **'অপদেবতা' শব্দে 'অপ' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ১১]
ক. মন্দ অর্থে খ. বিপরীত অর্থে গ. বৃথা অর্থে ঘ. অস্বাভাবিক অর্থে **উত্তর: ক**

১০৩. **'অপসংস্কৃতি' শব্দে 'অপ' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ১১]
ক. নিকৃষ্ট খ. বিকৃত গ. বিপরীত ঘ. অভাব **উত্তর: খ**

১০৪. **'অপ' উপসর্গের অর্থ কোন শব্দে ইতিবাচক?** [জবি: ১২-১৩]
ক. অপমান খ. অপসারণ গ. অপযশ ঘ. অপরূপ **উত্তর: ঘ**

১০৫. **কোন উপসর্গগুলো বিপরীত শব্দগঠনে ব্যবহৃত হয়?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ২৩]
ক. উপ, বর খ. অপ, অনা গ. নিম, ভর ঘ. দর, উৎ **উত্তর: খ**

১০৬. **অবলম্বনের 'অব' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত?** [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ২০]
ক. নিম্নে খ. সম্যকভাবে গ. প্রতিকূল ঘ. প্রস্তুতি **উত্তর: খ**

১০৭. **'অবমূল্যায়ন' ও 'অবদান' শব্দ দুইটিতে 'অব' উপসর্গটি সম্পর্কে কোন মন্তব্যটি ঠিক?** [১৬তম বিসিএস]
ক. দুইটি শব্দে উপসর্গটির অর্থ দুই রকম খ. শব্দ দুটিতে উপসর্গটি মোটামুটি একই অর্থে ব্যবহৃত হয়েছে
গ. শব্দ দুটিতে উপসর্গটি একই অর্থে ব্যবহৃত হয়েছে ঘ. দুইটি শব্দে উপসর্গটির অর্থ আপাতবিচারে ভিন্ন হলেও আসলে এক **উত্তর: ক**

১০৮. **'অবশেষ' শব্দটির 'অব' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০১]
ক. নিমে খ. অল্পতা গ. প্রতিকূল ঘ. সম্যকভাবে **উত্তর: খ**

১০৯. **'অপরিকল্পিত' শব্দটি কয়টি উপসর্গ সহযোগে গঠিত?** [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. একটি খ. দুইটি গ. তিনটি ঘ. চারটি **উত্তর: খ**

১১০. **'আগমন' শব্দটির 'আ' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত?** [ঢাবি: ০৫-০৬]
ক. পর্যন্ত খ. ঈষৎ গ. সাদৃশ্য ঘ. বিপরীত **উত্তর: ঘ**

১১১. **'উপ' যোগে গঠিত নিচের কোন শব্দে 'উপ' ক্ষুদ্র অর্থে ব্যবহৃত হয়েছে?** [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. উপসাগর খ. উপবন গ. উপকথা ঘ. উপকূল **উত্তর: ক**

১১২. **'উপগ্রহ' শব্দটির 'উপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০২]
ক. ক্ষুদ্র খ. বিশেষ গ. সামীপ্য ঘ. সদৃশ **উত্তর: ক**

১১৩. নিচের কোনটিতে 'উপ' উপসর্গটি 'অপ্রধান' অর্থে ব্যবহৃত হয়েছে? [পূবালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৭]
ক. উপনেতা খ. উপকার গ. উপভাষা ঘ. উপকূল **উত্তর: গ**

১১৪. নিচের কোনটিতে 'উপ' উপসর্গটি ভিন্নার্থে ব্যবহৃত হয়েছে? [ঢাবি: ১১-১২]
ক. উপনদী খ. উপকূল গ. উপভাষা ঘ. উপবিধি **উত্তর: খ**

১১৫. নিচের কোনটিতে 'উপ' উপসর্গটি 'ক্ষুদ্রার্থে' অর্থে ব্যবহৃত হয়েছে? [বিবিএস'র ডাটা এন্ট্রি অপারেটর: ১৬]
ক. উপকণ্ঠ খ. উপকূল গ. উপস্থিত ঘ. উপনেতা **উত্তর: ঘ**

১১৬. 'উৎ' উপসর্গটি কোন শব্দে ভিন্নার্থে প্রযুক্ত? [ঢাবি: ১২-১৩]
ক. উৎপন্ন খ. উৎকোচ গ. উৎকট ঘ. উৎপাত **উত্তর: ক**

১১৭. 'উপাচার্য' শব্দটি কোন উপসর্গ? [পূবালী ব্যাংকের সহকারী অফিসার: ১৯]
ক. বিদেশি খ. খাঁটি বাংলা গ. ফারসি ঘ. সংস্কৃত বা তৎসম **উত্তর: ঘ**

১১৮. 'প্রলয়' শব্দের 'প্র' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত? [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]
ক. বিপরীত খ. গতি গ. আধিক্য ঘ. প্রকৃষ্ট **উত্তর: গ**

১১৯. 'প্রণয়' কোন উপসর্গ? [ঢাবি: ১০-১১]
ক. দেশি খ. বিদেশি গ. সংস্কৃত ঘ. খাঁটি বাংলা **উত্তর: গ**

১২০. 'প্রতিধ্বনি' শব্দে 'প্রতি' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. পৌনঃপুন খ. বিশেষ গ. বিপরীত ঘ. সাদৃশ্য **উত্তর: ঘ**

১২১. 'প্রত্যুপকার' শব্দে উপসর্গ আছে - [জবি: ১২-১৩]
ক. একটি খ. দুইটি গ. তিনটি ঘ. চারটি **উত্তর: খ**

১২২. 'প্রকল্প' শব্দের 'প্র' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত? [নির্বাচন কমিশনের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. বিশেষভাবে খ. সামনের দিকে গ. সম্যক উৎকৃষ্ট ঘ. আধিক্য **উত্তর: ক**

১২৩. 'প্রতিসংহার' শব্দে কতটি উপসর্গ আছে? [ববিপ্রবি: ১৩-১৪]
ক. একটি খ. দুইটি গ. তিনটি ঘ. চারটি **উত্তর: খ**

১২৪. 'প্রতিকৃতি' শব্দে 'প্রতি' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে? [ঢাবি: ১৫-১৬]
ক. সাদৃশ্য খ. বিপরীত গ. চলমান ঘ. সম্মুখ **উত্তর: ক**

১২৫. 'পরাজয়ের' শব্দটিতে কোনটি উপসর্গ? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. জয় খ. পরা গ. এর ঘ. জয়ের **উত্তর: খ**

১২৬. 'পরাভব' শব্দে 'পরা' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [এনএসআই'র জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]
ক. অভাব খ. আধিক্য গ. বিপরীত ঘ. বিধৃত **উত্তর: গ**

১২৭. বিপরীতার্থে 'পরা' উপসর্গ যুক্ত শব্দ কোনটি? [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২২]
ক. পরাকাষ্ঠা খ. পরাক্রান্ত গ. পরায়ণ ঘ. পরাভব **উত্তর: ঘ**

১২৮. নিচের কোন উপসর্গ অতিশয় দ্যোতনা সৃষ্টি করে? [উত্তরা ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২১]
ক. প্রগতি - প্র খ. প্রকোণ - প্র গ. পরাবাস্তব -পরা ঘ. পরাজয় - পরা **উত্তর: গ**

১২৯. 'বিজ্ঞান' শব্দে 'বি' কোন শ্রেণির উপসর্গ? [এলজিইডি'র হিসাব সহকারী: ২৩]
ক. ফারসি খ. সংস্কৃত গ. বাংলা ঘ. হিন্দি **উত্তর: খ**

১৩০. 'বিজ্ঞান' শব্দে 'বি' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. অভাব খ. সাধারণ গ. বিশেষ ঘ. গতি **উত্তর: গ**

১৩১. 'বিভুঁই' শব্দে 'বি' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [অগ্রণী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৭]
ক. ভিন্নতা খ. সাধারণ গ. বিশেষ ঘ. বিপরীত **উত্তর: ক**

১৩২. 'বিচরণ' শব্দে 'বি' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে? [বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংকের অফিসার: ১৬]
ক. সাধারণ খ. অভাব গ. প্রভাব ঘ. গতি **উত্তর: ঘ**

১৩৩. নিচের কোন শব্দটিতে 'উপ' ক্ষুদ্র অর্থে ব্যবহৃত হয়েছে? [বিবিএস'র ডাটা এন্ট্রি অপারেটর: ১৬]
ক. উপকণ্ঠ খ. উপকূল গ. উপস্থিত ঘ. উপনেতা **উত্তর: ঘ**

১৩৪. 'সুনীল' শব্দের 'সু' কোন প্রকার উপসর্গ? [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. তৎসম খ. খাঁটি বাংলা গ. ফারসি ঘ. তুর্কি **উত্তর: ক**

১৩৫. 'সু' উপসর্গযোগে গঠিত 'সুনজর' শব্দটিতে অর্থের কী ঘটেছে? [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২৩]
ক. সম্প্রসারণ খ. সংকোচন গ. সংযোজন ঘ. কাছে আসা **উত্তর: খ**

১৩৬. নিচের কোন উপন্যাসটি সামীপ্য অর্থে ব্যবহৃত হয়েছে? [বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ১৩]
ক. উপকূল খ. অধিকার গ. উৎফুল্ল ঘ. পরিপক্ক **উত্তর: ক**

১৩৭. বাংলা ভাষায় ব্যবহৃত বিদেশি উপসর্গ কতগুলো? [৯ম বিজেএস]
ক. ১৯ টি খ. ২০ টি গ. ২১ টি ঘ. অনির্ণেয় **উত্তর: ঘ**

ব্যাখ্যা: বিদেশি উপসর্গগুলো ফারসি, আরবি, ইংরেজি, উর্দু বা হিন্দি প্রভৃতি উপসর্গে বিভক্ত। ফারসি উপসর্গগুলো হলো বর, বদ, কম, না, বে, ব, নিম, ফি, দর, কার ইত্যাদি। আরবি উপসর্গগুলো হলো লা, খয়ের, আম, গর, বাজে, খাস প্রভৃতি। ইংরেজি উপসর্গগুলো হলো হেড, সাব, হাফ, ফুল প্রভৃতি। উর্দু বা হিন্দি উপসর্গ হলো হর।

১৩৮. **বিদেশি উপসর্গের দৃষ্টান্ত হলো -** [বিডিবিএল'র সিনিয়র অফিসার: ১৭]
ক. অব খ. না গ. উন ঘ. অনা **উত্তর: খ**

১৩৯. **নিচের কোনটি বিদেশি উপসর্গ নয়?** [দুদকের কোর্ট পরিদর্শক: ২২]
ক. বাজে খ. কদ গ. বর ঘ. খাস **উত্তর: খ**

১৪০. **বিদেশি উপসর্গের উদাহরণ কোনটি?** [পিটিআই'র ইন্সট্রাক্টর: ১৯]
ক. কদবেল খ. আনচান গ. হরদম ঘ. রামদা **উত্তর: গ**

১৪১. **'বদ', 'বর' ও 'বাজে' কোন শ্রেণির উপসর্গ?** [ডাক অধিদপ্তরের পোস্টাল অপারেটর: ১৬]
ক. বিদেশি খ. খাঁটি বাংলা গ. তৎসম ঘ. তদ্ভব **উত্তর: ক**

১৪২. **কোন শব্দে বিদেশি উপসর্গ ব্যবহৃত হয়েছে?** [১২তম বিসিএস]
ক. নিখুঁত খ. আনমনা গ. অবহেলা ঘ. নিমরাজি **উত্তর: ঘ**

১৪৩. **কোনটি বিদেশি উপসর্গযোগে গঠিত?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের উচ্চমান সহকারী: ২৩]
ক. অনুজ খ. দরদালান গ. বিলাসিতা ঘ. দুষ্কার্য **উত্তর: খ**

১৪৪. **বিদেশি উপসর্গজাত শব্দের দৃষ্টান্ত -** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৮]
ক. পাতিলেবু খ. হাভাতে গ. দরদালান ঘ. ছিচকাঁদুনে **উত্তর: গ**

১৪৫. **বিদেশি উপসর্গ দিয়ে গঠিত শব্দ কোনটি?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৫]
ক. বেকার খ. বিকার গ. নিদাঘ ঘ. নিবার **উত্তর: ক**

১৪৬. **বিদেশি উপসর্গযুক্ত শব্দ -** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. আলুনি খ. হরবোলা গ. মগডাল ঘ. পাতিলেবু **উত্তর: খ**

১৪৭. **বিদেশী উপসর্গের ব্যবহার রয়েছে নিচের কোন শব্দে?** [রূপালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. প্রগতি খ. বিহার গ. প্রহার ঘ. নাবালক **উত্তর: ঘ**

১৪৮. **কোন শব্দটি বিদেশি উপসর্গযোগে গঠিত হয়েছে?** [অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ক. বিদেশ খ. সুখ্যাতি গ. অনাবৃষ্টি ঘ. হরেক **উত্তর: ঘ**

১৪৯. **নিচের কোনটি বিদেশি উপসর্গ?** [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৪]
ক. অভাব খ. নির্দোষ গ. বিরাগ ঘ. বেসামাল **উত্তর: ঘ**

১৫০. **'নিমরাজি' শব্দের 'নিম' কোন ধরনের উপসর্গ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২৪]
ক. তৎসম খ. বিদেশি গ. তদ্ভব ঘ. বাংলা **উত্তর: খ**

১৫১. **কোন শব্দে ফারসি উপসর্গ আছে?** [পিকেবি'র অফিসার (ক্যাশ): ১৪]
ক. হররোজ খ. গরমিল গ. বেতার ঘ. খাসকামরা **উত্তর: গ**

১৫২. **নিচের কোনটি ফারসি উপসর্গ?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]
ক. বাজে খ. আম গ. হাফ ঘ. কম **উত্তর: ঘ**

১৫৩. **নিচের কোনটি ফারসি উপসর্গ?** [জাবি: ১৮-১৯]
ক. খাস খ. লা গ. ফি ঘ. সি **উত্তর: গ**

১৫৪. **'বরখেলাপ' শব্দের 'বর' কোন ধরনের উপসর্গ?** [নির্বাচন কমিশনের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. বাংলা খ. ফারসি গ. আরবি ঘ. হিন্দি **উত্তর: খ**

১৫৫. **'নিম' যে ভাষার উপসর্গ? / 'নিম' কোন ধরনের উপসর্গ?** [রূপালী ব্যাংকের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার: ২১]
ক. উর্দু খ. ফারসি গ. গুজরাটি ঘ. আরবি **উত্তর: খ**

১৫৬. **ফারসি উপসর্গ দিয়ে গঠিত শব্দ কোনটি?** [বিএইচবিএফসি'র সিনিয়র অফিসার: ১৭]
ক. খাসখবর খ. অধিকার গ. লাপাত্তা ঘ. বেতার **উত্তর: ঘ**

১৫৭. **আরবি ভাষার কোন উপসর্গটি বাংলায় ব্যবহৃত হয়?** [প্রবাসী কল্যাণ ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. সাব খ. লা গ. কম ঘ. দর **উত্তর: খ**

১৫৮. **কোনটি আরবি উপসর্গ?** [শ্রম অধিদপ্তরের সহকারী শ্রম পরিচালক: ০৬]
ক. হররোজ খ. বদহজম গ. লাখেরাজ ঘ. অনাচার **উত্তর: গ**

১৫৯. **নিচের কোন শব্দটি আরবি উপসর্গযোগে গঠিত শব্দ?** [বাবি: ১৪-১৫]
ক. গরমিল খ. কমজোর গ. হররোজ ঘ. পরিবেশ **উত্তর: ক**

১৬০. **কোনটি ইংরেজি উপসর্গ?** [কর্মসংস্থান ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৫]
ক. হাফ খ. ফি গ. হর ঘ. বে **উত্তর: ক**

১৬১. নিচের কোন শব্দটিতে ইংরেজি উপসর্গ ব্যবহৃত হয়েছে? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]
ক. অপমৃত্যু খ. রামদা গ. বাজেখরচ ঘ. ফুলবাবু **উত্তর: ঘ**

১৬২. কোনটি খিস্টি উপসর্গ? [জাবি: ১২-১৩]
ক. বদ খ. হর গ. গর ঘ. খাস **উত্তর: খ**

১৬৩. 'অভি' উপসর্গ নিচের যে অর্থে ব্যবহৃত হতে পারে - [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৮]
ক. সম্যক খ. আগমন গ. আধিপত্য ঘ. ব্যাপ্তি **উত্তর: ক**

১৬৪. 'অভিজ্ঞ' শব্দে 'অভি' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত? [ঢাবি: ১৭-১৮]
ক. গমন খ. সম্মুখ গ. ব্যাপ্তি ঘ. সম্যক **উত্তর: ঘ**

১৬৫. 'অধ্যক্ষ মহোদয় তাঁর দরখাস্ত গ্রহণ করেননি' এই বাক্যের 'দরখাস্ত' শব্দটি - [বিবি: ১৪-১৫]
ক. উপসর্গযুক্ত খ. প্রত্যয়যুক্ত গ. বিভক্তিযুক্ত ঘ. অনুসর্গযুক্ত **উত্তর: ক**

১৬৬. 'আমমোক্তার' শব্দে ব্যবহৃত 'আম' কোন বিদেশি উপসর্গ? [বেপজা'র সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. ফারসি খ. আরবি গ. ইংরেজি ঘ. হিন্দি **উত্তর: খ**

১৬৭. নিচের কোনটিতে 'আম' উপসর্গটি সাধারণ অর্থে ব্যবহৃত হয়েছে? [জাবি: ১৬-১৭]
ক. আমপাড়া খ. আমবাগান গ. কাঁচাআম ঘ. আমজনতা **উত্তর: ঘ**

১৬৮. 'কারসাজি' শব্দে কোন ভাষার উপসর্গ আছে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]
ক. আরবি খ. ফারসি গ. সংস্কৃত ঘ. ইংরেজি **উত্তর: খ**

১৬৯. 'খাসমহল' শব্দের 'খাস' উপসর্গটি কোন ভাষা থেকে আগত? [ঢাবি: ১৮-১৯]
ক. ফারসি খ. আরবি গ. উর্দু ঘ. হিন্দি **উত্তর: খ**

১৭০. 'নাবালক' শব্দের 'না' উপসর্গ কোন ভাষা থেকে এসেছে? [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৪]
ক. আরবি খ. ফারসি গ. হিন্দি ঘ. ইংরেজি **উত্তর: খ**

১৭১. 'নিমরাজি' শব্দের 'নিম' উপসর্গ কী অর্থ নির্দেশ করে? [মাউশি অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]
ক. না খ. পুরো গ. কম ঘ. যথেষ্ট **উত্তর: গ**

১৭২. 'বরদাস্ত' কোন বিদেশি উপসর্গের উদাহরণ? [বিআরটিএ'র সহকারী পরিচালক: ০৫]
ক. ফারসি খ. আরবি গ. উর্দু ঘ. হিন্দি **উত্তর: ক**

১৭৩. 'বদমেজাজী' ও 'বদনাম' শব্দের 'বদ' কোন ধরনের উপসর্গ? [সিএজি কার্যালয়ের সিনিয়র একাউন্টস ক্লার্ক: ২২]
ক. বাংলা খ. ফারসি গ. আরবি ঘ. হিন্দি **উত্তর: খ**

১৭৪. 'লাপাত্তা" শব্দের 'লা' উপসর্গটা বাংলা ভাষায় এসেছে - [১৭তম বিসিএস]
ক. আরবি ভাষা থেকে খ. ফরাসি ভাষা থেকে গ. হিন্দি ভাষা থেকে ঘ. উর্দু ভাষা থেকে **উত্তর: ক**

১৭৫. 'লাজওয়াব' শব্দটির 'লা' কোন ধরনের উপসর্গ? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. আরবি উপসর্গ খ. ফারসি উপসর্গ গ. পর্তুগিজ উপসর্গ ঘ. উর্দু উপসর্গ **উত্তর: ক**

১৭৬. কোন উপসর্গটি ভিন্নার্থে প্রযুক্ত? [৩৯তম বিসিএস]
ক. উপভোগ খ. উপগ্রহ গ. উপসাগর ঘ. উপনেতা **উত্তর: ক**

১৭৭. কোন উপসর্গটি ভিন্নার্থে প্রযুক্ত? [ঢাবি: ১৮-১৯]
ক. উপকণ্ঠ খ. উপধর্ম গ. উপনদী ঘ. উপভাষা **উত্তর: ক**

১৭৮. কোন উপসর্গটি ভিন্নার্থে প্রযুক্ত? [ঢাবি: ১৯-২০]
ক. প্রতিপক্ষ খ. প্রতিদ্বন্দ্বী গ. প্রতিবিম্ব ঘ. প্রতিবাদ **উত্তর: গ**

১৭৯. নিচের কোন শব্দটিতে 'প্রতি' উপসর্গ ভিন্নার্থে প্রযুক্ত? [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অডিটর: ১৯]
ক. প্রতিবিম্ব খ. প্রতিশব্দ গ. প্রতিচ্ছবি ঘ. প্রতিদান **উত্তর: ঘ**

১৮০. 'দুর্নীতির কারণ অনুসন্ধান অত্যাবশ্যক' এখানে কয়টি উপসর্গ রয়েছে? [মাউশি অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ৩ খ. ৪ গ. ৫ ঘ. ৬ **উত্তর: গ**
ব্যাখ্যা: দুর্নীতি (দূর), অনুসন্ধান (অনু, সম), অত্যাবশ্যক (অতি, আ) = ৫ টি।

১৮১. 'অবেলায় আমি দিলেম পাড়ি অথৈ সাগর' এখানে কয়টি উপসর্গ রয়েছে? [মাউশি অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ১ খ. ২ গ. ৩ ঘ. ৪ **উত্তর: খ**
ব্যাখ্যা: অবেলা (অ), অথৈ (অ) = ২ টি।

১৮২. 'অনতিবৃহৎ নিরপরাধ হরিণ সংহারে রাজা নিবৃত্ত হইলেন' এখানে কয়টি উপসর্গ রয়েছে? [ঢাবি: ১০-১১]
ক. ৪ খ. ৫ গ. ৬ ঘ. ৭ **উত্তর: খ**
ব্যাখ্যা: অনতিবৃহৎ (অন, অতি), নিরপরাধ (নির, অপ), সংহার (সম), নিবৃত্ত (নি) = ৫ টি। কারণ 'অন' নামে কোনো উপসর্গ নেই।

১৮৩. 'অনতিবিলম্বে সম্রাট সৈন্য সমভিব্যাহারে দুর্গম মরুপথে অভিযান করলেন' এখানে কয়টি উপসর্গ রয়েছে? [ঢাবি: ১০-১১]
ক. ৭ খ. ৮ গ. ৯ ঘ. ১০ **উত্তর: গ**
ব্যাখ্যা: অনতিবিলম্ব (অন, অতি, বি), সম্রাট (সম), সমভিব্যাহার (সম, অভি, বি, আ), দুর্গম (দূর), অভিযান (অভি) = ৯ টি।

১৮৪. **'আমন্ত্রিত অতিথি সমভিব্যাহারে মন্ত্রী মহোদয়ের মঞ্চে আরোহণ করলেন' এই বাক্যে উপসর্গ আছে** - [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ২০]
ক. চারটি খ. ছয়টি গ. সাতটি ঘ. আটটি **উত্তর: খ**
ব্যাখ্যা: আমন্ত্রিত (আ), সমভিব্যাহার (সম, অভি, বি, আ), আরোহণ (আ) = ৬ টি।

১৮৫. **'সমাগত সুধীজনকে সাদর সম্ভাষণ ও অভিনন্দন জানানো হলো' বাক্যটিতে উপসর্গের সংখ্যা** - [ঢাবি: ১৩-১৪]
ক. চার খ. পাঁচ গ. ছয় ঘ. সাত **উত্তর: গ**
ব্যাখ্যা: সমাগত (সম, আ), সুধীজন (সু), সাদর (আ), সম্ভাষণ (সম), অভিনন্দন (অভি) = ৬ টি

১৮৬. **'উপকূলের উনত্রিশ জন জেলে অতিশয় অত্যাচারিত হয়ে সম্রাটের কাছে প্রতিকার চাইলেন' এই বাক্যে কয়টি উপসর্গ রয়েছে?** [ঢাবি: ১৬-১৭]
ক. তিনটি খ. পাঁচটি গ. ছয়টি ঘ. সাতটি **উত্তর: ঘ**
ব্যাখ্যা: উপকূল (উপ), উনত্রিশ (উন), অতিশয় (অতি), অত্যাচারিত (অতি, আ), সম্রাট (সম), প্রতিকার (প্রতি) = ৭ টি।

অনুসর্গ

০১. **অনুসর্গ কী? / অনুসর্গ হলো এক ধরনের** - [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের উচ্চমান সহকারী: ২৩]
ক. অব্যয় খ. শব্দ বিভক্তি গ. বিশেষণ ঘ. ক্রিয়া বিভক্তি **উত্তর: ক**

০২. **অনুসর্গ শব্দের কোথায় বসে? / অনুসর্গ শব্দের কোন খানে বসে?** [তুলা উন্নয়ন বোর্ডের তুলা উন্নয়ন কর্মকর্তা: ০৬]
ক. পূর্বে খ. মধ্যে গ. পরে ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

০৩. **কোনটি বাক্যে স্বাধীন পদরূপে ব্যবহৃত হয়?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]
ক. শব্দ বিভক্তি খ. উপসর্গ গ. অনুসর্গ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

০৪. **অনুসর্গ সম্পর্কে কোন বাক্যটি সঠিক নয়?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৭]
ক. বাক্যের অর্থ সম্পাদনে সাহায্য করে খ. কখনো বাক্যে বিভক্তিরূপে ব্যবহৃত হয়
গ. ধাতুর পূর্বে বসে নতুন নতুন শব্দ গঠন করে ঘ. কখনো কখনো বাক্যে স্বাধীন পদরূপে ব্যবহৃত হয় **উত্তর: গ**

০৫. **অনুসর্গ কত প্রকার?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবারকল্যাণ পরিদর্শিকা: ২৩]
ক. ৪ খ. ৫ গ. ৩ ঘ. ২ (সাধারণ ও ক্রিয়াজাত অনুসর্গ) **উত্তর: ঘ**

০৬. **কোনটি অনুসর্গ?** [রূপালী ব্যাংকের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার: ২১]
ক. এর খ. এরে গ. তরে ঘ. রে **উত্তর: গ**
ব্যাখ্যা: বাংলায় ব্যবহৃত অনুসর্গগুলো হলো অবধি, অধিক, অপেক্ষা, অভিমুখে, আগে, উপরে, করে, কর্তৃক, কারণে, কাছে, চেয়ে, ছাড়া, জন্য, জন্যে, তরে, থেকে, দিকে, দিয়ে, দ্বারা, দরুন, ধরে, নিচে, নামে, নিকট, নাগাদ, নিমিত্ত, পর, প্রতি, পর্যন্ত, পক্ষে, পাশে, পানে, পাছে, পিছনে, বই, বিনা, বিহনে, ব্যতীত, বনাম, বরাবর, বাইরে, বাদে, বদলে, বাবদ, ভিন্ন, ভিতরে, মাঝে, মাঝারে, মধ্যে, মতো, লেগে, সহ, সনে, সহকারে, সঙ্গে, সাথে, সামনে, সম্মুখে, হতে, হইতে, হেতু প্রভৃতি।

০৭. **অনুসর্গ কোনটি?** [আইন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১২]
ক. অবধি খ. আকাঙ্ক্ষা গ. উহ্য ঘ. জ্ঞাতব্য **উত্তর: ক**

০৮. **দ্বারা, দিয়ে, হতে, থেকে এগুলোকে কী বলে?** [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক. অব্যয় খ. উপসর্গ গ. অনুসর্গ অব্যয় ঘ. অনন্বয়ী অব্যয় **উত্তর: গ**

০৯. **কোনটি অনুসর্গ নয়?** [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুটেন্ট: ১৫]
ক. অপেক্ষা খ. অন্য গ. চেয়ে ঘ. জন্য **উত্তর: খ**

১০. **'কেবল তোমার জন্যই আমার এ দুর্ভোগ' এই বাক্যে 'কেবল' হচ্ছে** - [১৩তম বিজেএস]
ক. উপসর্গ খ. অনুসর্গ গ. ধাতু ঘ. প্রকৃতি **উত্তর: খ**

১১. **'কোন দেশেতে তরুলতা, সকল দেশের চাইতে শ্যামল' এখানে 'চাইতে' শব্দটি** - [বিএসসি'র অফিসার: ২৩]
ক. অনুসর্গ খ. বিশেষণ গ. অব্যয় ঘ. উপসর্গ **উত্তর: ক**

১২. **'অবাক হয়ে ওর দিকে তাকিয়ে থাকে ওরা' এখানে 'দিকে' শব্দটি** - [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ২০]
ক. অনুসর্গ খ. বিশেষণ গ. অব্যয় ঘ. উপসর্গ **উত্তর: ক**

১৩. **'হাসি দিয়ে ঘরটিকে ভরিয়ে রাখতে সে' বাক্যটিতে 'দিয়ে' হলো** - [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৫]
ক. অব্যয় খ. প্রত্যয় গ. অনুসর্গ ঘ. উপসর্গ **উত্তর: গ**

১৪. **'রাতে তিনি ভাতের বদলে রুটি খান' এই বাক্যে 'বদলে' শব্দটির ব্যাকরণিক পরিচয় কী?** [ঢাবি: ১৭-১৮]
ক. অনুসর্গ খ. অব্যয় গ. বিশেষণ ঘ. সর্বনাম **উত্তর: ক**

১৫. **'শরীরের প্রতি লক্ষ রেখ' এই বাক্যে 'প্রতি' এর ব্যাকরণিক পরিচয় কী?** [ঢাবি: ১৬-১৭]
ক. বিশেষণের বিশেষণ খ. প্রকৃতি গ. অনুসর্গ ঘ. ক্রিয়ামূল **উত্তর: গ**

১৬. **'সত্য বই মিথ্যে বলবো না' এখানে 'বই' হলো** - [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২২]
ক. বিশেষ্য খ. উপসর্গ গ. অনুসর্গ ঘ. প্রত্যয় **উত্তর: গ**

১৭. **'দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?' এখানে 'বিনা' শব্দটি** -[বিএসসি'র অফিসার: ২২]
ক. অনুসর্গ খ. অব্যয় গ. সর্বনাম ঘ. উপসর্গ **উত্তর: ক**

১৮. **'সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু' এখানে কোনটি অনুসর্গবাচক পদ?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ২৩]
ক. সুখের খ. লাগিয়া গ. ঘর ঘ. বাঁধিনু **উত্তর: খ**

১৯. **'এ সম্পদ তোমার জন্য' বাক্যটিতে 'জন্য' অনুসর্গ কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [জাবি: ১৮-১৯]
ক. ব্যাপ্তি খ. সঙ্গে গ. নিমিত্ত ঘ. মালিকানা **উত্তর: গ**

২০. **'এ জন্মের তরে বিদায়' এই বাক্যে 'তরে' অনুসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহকারী: ১৯]
ক. জন্যে খ. মত গ. সহকারে ঘ. ন্যায় **উত্তর: খ**

২১. **'শরতের পর আসে বসন্ত' এখানে 'পর' অনুসর্গের অর্থ –** [সওজ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১০]
ক. দীর্ঘ বিরতি খ. বিরতি গ. অল্প বিরতি ঘ. সবগুলোই **উত্তর: ক**

২২. **'আসামির পক্ষে উকিল কে?' এখানে 'পক্ষে' কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের সহকারী পরিচালক: ২০]
ক. প্রশ্ন অর্থে খ. আদেশ অর্থে গ. প্রার্থনা অর্থে ঘ. সহায় অর্থে **উত্তর: ঘ**

২৩. **'বিনে স্বদেশী ভাষা মিটে কি আশা' এখানে 'বিনে' কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [বিএডিসি'র উপ-সহকারী পরিচালক: ২০]
ক. প্রয়োজন খ. আবশ্যিকতা গ. ব্যতিরেকে ঘ. সঙ্গে **উত্তর: গ**

২৪. **'আছো তুমি প্রভু জগৎ মাঝারে' এখানে 'মাঝারে' অনুসর্গটি কোন অর্থে ব্যবহৃত?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]
ক. বাইরে খ. মধ্যে গ. সঙ্গে ঘ. ব্যাপ্তি **উত্তর: ঘ**

২৫. **'কি হেতু এসেছ তুমি কহ বিস্তারিয়া' এখানে 'হেতু' অনুসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২৪]
ক. নিমিত্ত খ. প্রার্থনা গ. ব্যাপার ঘ. প্রসঙ্গ **উত্তর: ক**

পদ প্রকরণ ও পরিবর্তন

০১. **পদ বলতে কী বুঝায়?** [২০তম বিসিএস]
ক. কবিতার চরণ খ. বিভক্তিযুক্ত শব্দ ও ধাতু গ. প্রত্যয়ান্ত শব্দ বা ধাতু ঘ. যেকোনো শব্দ **উত্তর: খ**

০২. **বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে বলে –** [২১তম বিসিএস]
ক. শব্দ খ. কারক গ. পদ ঘ. ক্রিয়াপদ **উত্তর: গ**

০৩. **পদ কত প্রকার? / বাংলা ব্যাকরণ অনুযায়ী পদ মোট কত প্রকার?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১২]
ক. তিন খ. চার গ. ছয় ঘ. পাঁচ (নতুন ব্যাকরণ: আট) **উত্তর: ঘ**
ব্যাখ্যা: পুরাতন ব্যাকরণ বই অনুযায়ী পদ ৫ প্রকার। যথা- বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয় ও ক্রিয়া। কিন্তু নতুন বাংলা ব্যাকরণ অনুসারে পদ ৮ প্রকার। যথা- বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, ক্রিয়া, ক্রিয়া বিশেষণ, অনুসর্গ, যোজক ও আবেগ।

০৪. **কোন শব্দটি বিশেষ্য?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. চঞ্চল খ. চালাক গ. চালাক ঘ. চাতুর্য **উত্তর: ঘ**
ব্যাখ্যা: যে সব শব্দ দিয়ে ব্যক্তি, বস্তু, স্থান, প্রাণী, ধারণা ও গুণের নাম বুঝায় তাকে বিশেষ্য বলে। বিশেষ্য পদ ৬ প্রকার। যথা- নাম বা সংজ্ঞাবাচক, জাতিবাচক, বস্তুবাচক, সমষ্টিবাচক, ক্রিয়া বা ভাববাচক ও গুণবাচক। নাম বা সংজ্ঞাবাচক বিশেষ্য পদের উদাহরণ হলো হাবিব, সজল, ঢাকা, বাংলাদেশ, পদ্মা, সোমবার, বৈশাখ, গীতাঞ্জলি ইত্যাদি। জাতিবাচক বিশেষ্য পদের উদাহরণ হলো মানুষ, গরু, ছাগল, ফুল, ফল, পাখি, পাহাড়, পর্বত, নদী, সাগর ইত্যাদি। বস্তুবাচক বিশেষ্য পদের উদাহরণ হলো ইট, লবণ, আকাশ, টেবিল, বই, চাউল, চিনি, কাঠ, পানি ইত্যাদি। সমষ্টিবাচক বিশেষ্য পদের উদাহরণ হলো জনতা, পরিবার, ঝাঁক, বাহিনী, মিছিল ইত্যাদি। ক্রিয়া বা ভাববাচক বিশেষ্য পদের উদাহরণ হলো পঠন, ভোজন, শয়ন, গমন, দর্শন, শ্রবণ, করানো, পাঠানো ইত্যাদি। গুণবাচক বিশেষ্য পদের উদাহরণ হলো তারুণ্য, বার্ধক্য, সরলতা, দয়া, আনন্দ, গুরুত্ব, দীনতা, ধৈর্য, সহিষ্ণুতা, দুঃখ, সৌন্দর্য ইত্যাদি।

০৫. **নিচের কোন শব্দটি বিশেষ্য?** [বিআরইবি'র সহকারী পরিচলক (প্রশাসন): ১৩]
ক. আধুনিক খ. অরণ্য গ. অধুনা ঘ. বিশ্বস্ত **উত্তর: খ**

০৬. **নিচের কোন শব্দটি বিশেষ্য পদ?** [বিএইচবিএফসি'র অফিসার: ১৭]
ক. বিভিন্ন খ. বিচিত্র গ. বৈশিষ্ট্য ঘ. বৈজ্ঞানিক **উত্তর: গ**

০৭. **নিচের কোনটি বিশেষ্য পদ?** [৩৬তম বিসিএস]
ক. জাত খ. গৈরিক গ. উদ্ধত ঘ. গাম্ভীর্য **উত্তর: ঘ**

০৮. **বিশেষ্য পদ সনাক্ত করুন।** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১০]
ক. ভেতো খ. অভ্যাস গ. নাব্য ঘ. বৈষ্ণব **উত্তর: খ**

০৯. **বিশেষ্য পদ নয় কোনটি?** [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ২০]
ক. হিমালয় খ. গীতাঞ্জলি গ. স্বয়ং ঘ. পর্বত **উত্তর: গ**

১০. **'অংশাংশি' কোন ধরনের শব্দ?** [অগ্রণী ব্যাংকের অফিসার: ১১]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. সর্বনাম ঘ. অব্যয় **উত্তর: ক**

১১. **'উৎকর্ষ' হচ্ছে –** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]
ক. বিশেষণ খ. বিশেষণের বিশেষণ গ. বিশেষ্যের বিশেষণ ঘ. বিশেষ্য **উত্তর: ঘ**

১২. **'গ্রাম্যতা' কোন ধরনের শব্দ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. সর্বনাম ঘ. অব্যয় **উত্তর: ক**

১৩. **'সিক্ত নীলাম্বরী' রেখাঙ্কিত পদের নাম কী?** [এনএসআই'র সহকারী ফিল্ড স্টাফ: ২৩]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. সর্বনাম ঘ. অব্যয় **উত্তর: ক**

১৪. **কোন বাক্যে নিম্নরেখ শব্দ বিশেষ্যরূপ ব্যবহৃত হয়েছে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. গভীর নিশীথে প্রকৃতি সুপ্ত খ. ভালো বাড়ি পাওয়া কঠিন গ. মন্দ কথা বলতে নেই ঘ. শীতকালে কুয়াশা পড়ে **উত্তর: ক**

১৫. **'পুণ্যে মতি হোক' এই বাক্যে 'পুণ্যে' কোন পদরূপে ব্যবহৃত হয়েছে?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৫]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. বিশেষণের বিশেষণ ঘ. সর্বনাম **উত্তর: ক**

১৬. **'আপন ভালো সবাই চায়' এখানে 'ভালো' কোন পদ?** [পর্যটন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৫]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. সর্বনাম ঘ. অব্যয় **উত্তর: ক**

১৭. **নিচের কোন বাক্যে 'ভালো' বিশেষ্য হিসেবে ব্যবহৃত হয়েছে?** [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক. অয়ন ভালো দৌড়াতে পারে খ. ভালো লোক সবার প্রিয় গ. ভালো মানুষ কমই দেখা যায় ঘ. নিজের ভালো কে না চায় **উত্তর: ঘ**

১৮. **'লাজ' কোন ধরনের শব্দ?** [২৪তম বিসিএস]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. ক্রিয়া-বিশেষণ ঘ. বিশেষ্যের বিশেষণ **উত্তর: ক**

১৯. **'এ এক বিরাট সত্য' এই বাক্যে 'সত্য' কোন পদ?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৭]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. সর্বনাম ঘ. অব্যয় **উত্তর: ক**

২০. **'সৌন্দর্য সকলকেই আকর্ষণ করে' এই বাক্যে 'সৌন্দর্য' শব্দটি কোন পদ?** [বিএমইটি অফিস সহায়ক: ২৩]
ক. বিশেষণ খ. অব্যয় গ. বিশেষ্য ঘ. সর্বনাম **উত্তর: গ**

২১. **'সুন্দরের একটি নিজস্ব আকর্ষণ শক্তি আছে' এই বাক্যে 'সুন্দর' শব্দটি কোন পদ? / 'সুন্দর মাত্রেরই একটি আকর্ষণ শক্তি আছে' এই বাক্যে 'সুন্দর' শব্দটি কোন পদ? / 'সুন্দর মানুষকে নিজের দিকে টানে' এই বাক্যে 'সুন্দর' শব্দটি কোন পদ? / 'সুন্দর সবসময় মানুষকে নিজের দিকে টানে' এই বাক্যে 'সুন্দর' শব্দটি কোন পদ?** [ডাক অধিদপ্তরের পোস্টাল অপারেটর: ২৩]
ক. বিশেষণ খ. ক্রিয়া বিশেষণ গ. বিশেষ্য ঘ. সর্বনাম **উত্তর: গ**

২২. **জাতিবাচক বিশেষ্যের উদাহরণ কোনটি?** [১৪তম বিসিএস]
ক. সমাজ খ. পানি গ. মিছিল ঘ. নদী **উত্তর: ঘ**

২৩. **'পাহাড়' শব্দটি কোন প্রকার বিশেষ্য? / 'নদী' কোন প্রকার বিশেষ্য?** [জনতা ব্যাংকের অফিসার: ২৩]
ক. জাতিবাচক খ. ভাববাচক গ. দ্রব্যবাচক ঘ. সংখ্যাবাচক **উত্তর: ক**

২৪. **'চাউল', 'চিনি', 'কাঠ', 'পানি' এগুলো কী বাচক বিশেষ্য?** [বিএসসি'র অফিসার: ২২]
ক. বস্তুবাচক খ. ব্যক্তিবাচক গ. সমষ্টিবাচক ঘ. জাতিবাচক **উত্তর: ক**

২৫. **নিচের কোনটি সমষ্টিবাচক বিশেষ্য?** [রাকাব'র ক্যাশিয়ার: ১৭]
ক. পর্বত খ. মাটি গ. মানুষ ঘ. জনতা **উত্তর: ঘ**

২৬. **'শয়ন', 'গমন' কী বাচক বিশেষ্য?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৫]
ক. গুণবাচক খ. ভাববাচক গ. দ্রব্যবাচক ঘ. সংখ্যাবাচক **উত্তর: খ**

২৭. **নিচের কোনটি ভাববাচক বিশেষ্য?** [বেপজা'র সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. মাটি খ. হিমালয় গ. সৌরভ ঘ. দর্শন **উত্তর: ঘ**

২৮. **কোনটি গুণবাচক বিশেষ্য?** [আইসিবি ব্যাংকের অফিসার: ১১]
ক. কিশোর খ. তারুণ্য গ. রোগা ঘ. পাথুরে **উত্তর: খ**

২৯. **গুণবাচক বিশেষ্য কোনটি?** [সিজিএ কার্যালয়ের জুনিয়র অডিটর: ২২]
ক. বহর খ. মধুরতা গ. সাহসী ঘ. দর্শন **উত্তর: খ**

৩০. **'দুঃখ' কোন প্রকার বিশেষ্য?** [বিএসসি'র অফিসার: ২২]
ক. গুণবাচক খ. ভাববাচক গ. দ্রব্যবাচক ঘ. সংখ্যাবাচক **উত্তর: ক**

৩১. **নিচের কোনটি ভাববাচক বিশেষ্য নয়?** [বিএসসি'র অফিসার: ২২]
ক. শ্রবণ খ. দর্শন গ. সৌন্দর্য ঘ. গমন **উত্তর: গ**

৩২. **'অলস' এর বিশেষ্য পদ কোনটি?** [ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক: ২২]
ক. অলসতা খ. আলস্য গ. আলসে ঘ. আলসেমী **উত্তর: খ**

৩৩. **'অবজ্ঞাত' বিশেষণটির বিশেষ্য নির্দেশ করুন।** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]
ক. অজ্ঞাত খ. অবজ্ঞেয় গ. অজ্ঞান ঘ. অবজ্ঞা **উত্তর: ঘ**

৩৪. **'আহত' বিশেষণ পদের বিশেষ্য রূপ –** [ঢাবি: ১২-১৩]
ক. আগমন খ. আক্রান্ত গ. নির্যাতন ঘ. আঘাত **উত্তর: ঘ**

৩৫. **'আকস্মিক' বিশেষণের বিশেষ্য কোনটি?** [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ১৩]
ক. অকস্মমতি খ. অকস্মর্ত গ. আকস্মিকতা ঘ. অকস্মাৎ **উত্তর: গ**

৩৬. **'এক' এর বিশেষ্য রূপ কোনটি?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২২]
ক. একাধিক খ. বহু গ. একতা ঘ. একক **উত্তর: গ**

৩৭. **'উক্ত' শব্দটির বিশেষ্য কী?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পাউন্ডার: ২০]
ক. বলা খ. উল্লিখিত গ. বচন ঘ. উল্লেখ্য **উত্তর: ক**

৩৮. **'কাবুলি' এর বিশেষ্য পদ কী?** [শ্রম অধিদপ্তরের উপ-সহকারী পরিচালক: ০১]
ক. কাবুলিওয়ালা খ. কাবলু গ. কাবলী ঘ. কবুল **উত্তর: ক**

৩৯. **'চালাক' এর বিশেষ্য পদ কী?** [বাংলাদেশ কৃষি ব্যাংকের সুপারভাইজার: ১২]
ক. চাতুর্য খ. চালাকী গ. চতুরতা ঘ. চাতুরী **উত্তর: ক, খ**

৪০. **'দূর' এর বিশেষ্য** – [জাতীয় বিশ্ববিদ্যালয়: ১৪-১৫]
ক. দূরবর্তী খ. দূরত্ব গ. দূরান্বয় ঘ. দূরস্থিত **উত্তর: খ**

৪১. **'দক্ষিণ' শব্দের বিশেষ্য** – [নির্বাচন কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. দক্ষিণতা খ. দক্ষিণা গ. দাক্ষিণ্য ঘ. দক্ষিণত্ব **উত্তর: গ**

৪২. **'ধীর' শব্দটির বিশেষ্য কী?** [পল্লী উন্নয়ন বোর্ডের মাঠকর্মী: ১৪]
ক. ধৈর্য খ. ধীরতা গ. ধীরস্থির ঘ. ধীরস্থিরতা **উত্তর: খ**

৪৩. **'ধ্বস্ত' বিশেষণ পদের বিশেষ্য রূপ** – [শ্রম মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৫]
ক. ধস খ. ধ্বস গ. ধ্বংস ঘ. ধাষ্ট্য **উত্তর: গ**

৪৪. **'পার্থিব' শব্দের বিশেষ্য রূপ** – [এবাএখা প্রকল্পের ফিল্ড সুপারভাইজার: ১৬]
ক. পৃথিবী খ. প্রার্থী গ. পার্থ ঘ. পার্থক্য **উত্তর: ক**

৪৫. **'প্রচুর' এর বিশেষ্য রূপ** – [ডাক বিভাগের মেইল অপারেটর: ২৩]
ক. প্রাচুর্য খ. প্রাচুর্য্য গ. প্রাচুর্যতা ঘ. প্রাচুর্য্যতা **উত্তর: ক**

৪৬. **'পিপাসিত' শব্দের বিশেষ্য রূপ** – [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ষ্টোর কিপার: ২১]
ক. পিপাসী খ. পিপাসু গ. পিপাসা ঘ. পিয়াসী **উত্তর: গ**

৪৭. **'বুদ্ধিমান' এর বিশেষ্য পদ কী?** [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরী অ্যাটেনডেন্ট: ২০]
ক. বুদ্ধি খ. বুদ্ধিত্ব গ. বোদ্ধা ঘ. বুদ্ধিজীবী **উত্তর: ক, ঘ**

৪৮. **'বিশ্বস্ত' বিশেষণ পদের বিশেষ্য রূপ** – [জাতীয় বিশ্ববিদ্যালয়: ১৪-১৫]
ক. বিশ্বাস্য খ. বিশ্বাস গ. বিশ্বস্ততা ঘ. বিশ্বাসী **উত্তর: খ**

৪৯. **'ভ্রান্ত' বিশেষণ পদের বিশেষ্য রূপ** – [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ১৮]
ক. ভ্রম খ. ভ্রমা গ. ভ্রমী ঘ. বিভ্রম **উত্তর: ক**

৫০. **'রুগ্‌ণ' বিশেষণের বিশেষ্য রূপ** – [বিএসসি'র সিনিয়র অফিসার: ২৩]
ক. রোগী খ. রোগিনী গ. রোগাটে ঘ. রোগ **উত্তর: ঘ**

৫১. **'শ্যামল' শব্দের বিশেষ্য রূপ কোনটি? / 'শ্যামলতা' শব্দের বিশেষ্য রূপ কোনটি?** [ফায়ার সার্ভিসের ফায়ার ফাইটার: ২৩]
ক. শ্যামলিমা খ. শ্যামলিকা গ. শামল্য ঘ. শ্যামলী **উত্তর: ক, ঘ**

৫২. **'সুন্দর' শব্দের বিশেষ্য রূপ কোনটি?** [তিতাস গ্যাস ফিল্ডের সহকারী প্রকৌশলী: ১১]
ক. সুন্দরী খ. সুন্দার গ. সার ঘ. সৌন্দর্য **উত্তর: ঘ**

৫৩. **'সমর্থ' শব্দটির বিশেষ্য রূপ কোনটি?** [বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সিনিয়র অফিসার: ১৮]
ক. সমর্থন খ. সমর্থক গ. সামর্থ্য ঘ. সমর্থনীয় **উত্তর: গ**

৫৪. **বিশেষণ থেকে বিশেষ্য সাধিত শব্দটি হলো** – [বিডিবিএল'র সিনিয়র অফিসার: ১৭]
ক. অগ্রিম খ. জটিল গ. গ্রাম্য ঘ. ঘনত্ব **উত্তর: ঘ**

৫৫. **কোনটি বিশেষণবাচক শব্দ?** [১৪তম বিসিএস]
ক. জীবন খ. জীবনী গ. জীবিকা ঘ. জীবাণু **উত্তর: খ**
ব্যাখ্যা: যে শব্দ দিয়ে বিশেষ্য ও সর্বনামের গুণ, দোষ, সংখ্যা, পরিমাণ, অবস্থা ইত্যাদি বুঝায় তাকে বিশেষণ বলে। বিশেষ্য পদ ১১ প্রকার। যথা- বর্ণবাচক (নীল, সবুজ, লাল), গুণবাচক (চালাক, বোকা, ঠান্ডা), অবস্থাবাচক (চলন্ত, তরল), ক্রমবাচক (এক, দুই, তিন, আট), পূরণবাচক (প্রথম, তৃতীয়, ৩৬তম), পরিমাণবাচক (আধা কেজি, অনেক), উপাদানবাচক (বেলে, পাথুরে), প্রশ্নবাচক (কেমন, কতক্ষণ), নির্দিষ্টতাবাচক (এই, সেই), ভাববাচক (খুব, বেশ), বিধেয়বাচক (পাগল, ঘোলা)।

৫৬. **ধাতুর শেষে 'অন্ত' প্রত্যয় যোগ করলে কোন পদ গঠিত হয়?** [দুদকের সহকারী পরিদর্শক: ০৪]
ক. বিশেষ্য খ. অব্যয় গ. বিশেষণ ঘ. ক্রিয়া **উত্তর: গ**

৫৭. **নিচের কোন পদটি বিশেষণ?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৩]
ক. দিগম্বর খ. যেহেতু গ. দীন ঘ. যিনি **উত্তর: ক**

৫৮. **নিচের কোন পদটি বিশেষণ?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৫]
ক. বাস্তব খ. বস্তু গ. বিধি ঘ. বিষাদ **উত্তর: ক**

৫৯. **বিশেষণ পদ শনাক্ত করুন।** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. ব্যাকরণ খ. গরু গ. ঔদার্য ঘ. পার্থিব **উত্তর: ঘ**

৬০. **নিচের কোন পদটি বিশেষণ?** [এনএসআই'র ফিল্ড অফিসার: ১৭]
ক. সততা খ. সৎ গ. দর্শন ঘ. জনতা **উত্তর: খ**

৬১. **'তিনটি বছর' এখানে 'তিনটি' কোন পদ?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. বিশেষণ খ. বিশেষ্য গ. অব্যয় ঘ. ক্রিয়া **উত্তর: ক**

৬২. **'তাজা মাছ' কোন বিশেষণ?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. রূপবাচক খ. অংশবাচক গ. অব্যয় ঘ. ক্রিয়া **উত্তর: ক**

৬৩. **'বুনো' শব্দটির পদ কী?** [বিআরইবি'র উপ-সহকারী প্রকৌশলী: ২০]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. অব্যয় ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৬৪. **'মেঘলা' কী ধরনের শব্দ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. বিশেষ্যের বিশেষণ ঘ. ক্রিয়া বিশেষণ **উত্তর: খ**

৬৫. **'মহাজাগতিক' কী ধরনের শব্দ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. বিশেষ্য খ. অব্যয় গ. ক্রিয়া ঘ. বিশেষণ **উত্তর: ঘ**

৬৬. **'বাজখাঁই' কী ধরনের শব্দ?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী: ২৩]
ক. বিশেষ্য খ. অব্যয় গ. ক্রিয়া ঘ. বিশেষণ **উত্তর: ঘ**

৬৭. **'সামুদ্রিক' শব্দটি** - [বিআরটিএ'র সহকারী পরিচালক: ০৫]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. বিশেষ্যের বিশেষণ ঘ. ক্রিয়া বিশেষণ **উত্তর: খ**

৬৮. **'সত্যবাদী' কী ধরনের শব্দ?** [নিপোর্টের কম্পিউটার অপারেটর: ১৮]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. বিশেষ্যের বিশেষণ ঘ. ক্রিয়া বিশেষণ **উত্তর: খ**

৬৯. **'তৃতীয়' কোন জাতীয় বিশেষণ?** [বিসিকের প্রমোশন কর্মকর্তা: ২৩]
ক. পূরণবাচক খ. পরিমাণবাচক গ. ক্রমবাচক ঘ. গুণবাচক **উত্তর: ক**

৭০. **'সৌন্দর্য' শব্দের বিশেষণ কোনটি?** [পিকেবি'র অফিস সহায়ক: ২৩]
ক. সুন্দর খ. সৌন্দর্যপ্রিয় গ. সুন্দরতম ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

৭১. **'এ যে আমাদের চেনা লোক' এই বাক্যে 'চেনা' কোন পদ?** [৩৬তম বিসিএস]
ক. বিশেষ্য খ. অব্যয় গ. ক্রিয়া ঘ. বিশেষণ **উত্তর: ঘ**

৭২. **'তোমার এ পূণ্য প্রচেষ্টা সফল হোক' এই বাক্যটিতে 'পূণ্য' শব্দটি হলো** - [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ১৯]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. অব্যয় ঘ. ক্রিয়া **উত্তর: খ**

৭৩. **'অর্ধেক সম্পত্তি' এখানে 'অর্ধেক' কোন পদ?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী পরিচালক: ২০]
ক. বিশেষণ খ. নামবাচক বিশেষ্য গ. সর্বনাম ঘ. বিশেষ্য **উত্তর: ক**

৭৪. **'ছেলেটি চালাক' এ বাক্যে 'চালাক' কোন জাতীয় বিশেষণ?** বন অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. অবস্থাবাচক খ. উপাদানবাচক গ. ভাববাচক ঘ. গুণবাচক **উত্তর: ঘ**

৭৫. **নিচের কোনটি গুণবাচক বিশেষণের উদাহরণ?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. চৌকষ লোক খ. কালো মেঘ গ. নীল আকাশ ঘ. তাজা মাছ **উত্তর: ক**

৭৬. **কোন বাক্যে 'ভালো' বিশেষণরূপে ব্যবহৃত হয়েছে?** [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৭]
ক. ভালোকে ভালো বলবো না তো কী? খ. আপন ভালো সবাই চায়
গ. এখানে কী ভালোটা তুমি দেখলে? ঘ. ভালোকে সবাই পছন্দ করে **উত্তর: ক**

৭৭. **'নিশীথ রাতে বাজে বাঁশি' এই বাক্যে 'নিশীথ' কোন পদ?** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]
ক. ক্রিয়া বিশেষণ খ. বিশেষ্যের বিশেষণ গ. বিশেষ্য ঘ. বিশেষণ **উত্তর: ঘ**

৭৮. **কোন বাক্যে বিশেষণের বিশেষণ রয়েছে?** [পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]
ক. ধীরে চল খ. ঘোড়া খুব দ্রুত চলে গ. সে পূণ্যবান ঘ. মেটে কলসি **উত্তর: খ**

৭৯. **কোনটি বিশেষণের বিশেষণ?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. এই আমি আর নই একা খ. বাতাস ধীরে বইছে গ. অতিশয় মন্দ কথা ঘ. মেঘনা বড় নদী **উত্তর: গ**

৮০. **'তার হাতের লেখা খুব ভাল' এখানে 'খুব' কী পদ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. বিশেষণের বিশেষণ খ. ক্রিয়া গ. বিশেষ্য ঘ. অব্যয় **উত্তর: ক**

৮১. **'সভয়ে লোকটি বলল বাঘ আসছে' এখানে 'সভয়ে' পদটি কোন বিশেষণের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ক্রিয়া বিশেষণ খ. বিশেষণের বিশেষণ গ. নাম বিশেষণ ঘ. বিশেষ্যের বিশেষণ **উত্তর: ক**

৮২. **কোনটি বিশেষণের বিশেষণ?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. রকেট দ্রুত চলে খ. ধীরে ধীরে বায়ু বয় গ. রকেট অতি দ্রুত চলে ঘ. পরে একবার এসো **উত্তর: গ**

৮৩. **'এ মাটি সোনার বাড়া' এই উদ্ধৃতিতে 'সোনা' কোন অর্থে ব্যবহার করা হয়েছে?** [২৭তম বিসিএস]
ক. বিশেষণের অতিশায়ন খ. রূপবাচক বিশেষ গ. উপাদানবাচক বিশেষ্য ঘ. বিধেয় বিশেষণ **উত্তর: ক**

৮৪. **ইংরেজি ব্যাকরণের 'Adverb' কে বাংলা ব্যাকরণে বলে** – [৮ম বিজেএস]
ক. নাম বিশেষণ খ. ভাব বিশেষণ গ. বিশেষ্য পদ ঘ. বিশেষণ **উত্তর: খ**

৮৫. **'রাশি রাশি ভারা ভারা ধান কাটা হলো সারা' এখানে 'রাশি রাশি' - / 'রাশি রাশি ভারা ভারা ধান কাটা হল সারা' এই বাক্যে 'রাশি রাশি ভারা ভারা' কিসের উদাহরণ?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. সাপেক্ষ সর্বনাম খ. নির্ধারক সর্বনাম গ. নির্ধারক বিশেষণ ঘ. সাপেক্ষ বিশেষণ **উত্তর: গ**

৮৬. **যে পদ সর্বনাম ও বিশেষ্য পদকে বিশেষিত করে তাকে কী বলে?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ১১]
ক. নাম বিশেষণ খ. ভাব বিশেষণ গ. বিশেষ্য পদ ঘ. বিশেষণ **উত্তর: ক**

৮৭. **'অতি ভক্তি চোরের লক্ষণ' এই বাক্যটির 'অতি' পদটি** – [উপজেলা / থানা শিক্ষা অফিসার: ০৪]
ক. নাম বিশেষণ খ. ভাব বিশেষণ গ. ক্রিয়া বিশেষণ ঘ. বিশেষ্যের বিশেষণ **উত্তর: ঘ**

৮৮. **কোনটি অংশবাচক বিশেষণ?** [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২৩]
ক. পাঁচ শতাংশ জমি খ. অর্ধেক সম্পত্তি গ. ছয় কিলোমিটার রাস্তা ঘ. হাজার টনী জাহাজ **উত্তর: খ**

৮৯. **যে পদে বাক্যের ক্রিয়াপদটির গুণ, প্রকৃতি, তীব্রতা ইত্যাদি প্রকৃতিগত অবস্থা বুঝায় তাকে বলা হয়** – [২৩তম বিসিএস]
ক. ক্রিয়াবাচক বিশেষ্য খ. ক্রিয়া বিশেষণ গ. ক্রিয়া বিশেষ্য ঘ. ক্রিয়া বিভক্তি **উত্তর: খ**

৯০. **ক্রিয়া বিশেষণ কোন বাক্যটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. তাড়াতাড়ি পড় খ. খুব সুন্দর বই গ. কালো মুখ ঘ. সুন্দর শিশু **উত্তর: ক**

৯১. **ক্রিয়া বিশেষণের উদাহরণ আছে কোন বাক্যে?** [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৪]
ক. বসন্তের আরামদায়ক বায়ু প্রবাহে সকলেই পুলকিত খ. সে খুব তাড়াতাড়ি হাঁটল
গ. সমুদ্র সৈকতে জলপ্রবাহের প্রবল গর্জন শোনা গেল ঘ. সেদিন অত্যন্ত চমৎকার কথা শুনিলাম **উত্তর: খ**

৯২. **'তখন থেকে যাব যাব করছি' বাক্যটিতে 'যাব যাব'** – [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৪]
ক. বিশেষ্যের বিশেষণ খ. বিশেষণের বিশেষণ গ. ক্রিয়া বিশেষণ ঘ. ধ্বন্যাত্মক বিশেষণ **উত্তর: গ**

৯৩. **'সে সকাল থেকেই যাই যাই করছে' এ বাক্যের 'যাই যাই' কোন ধরনের পদ?** [বাংলাদেশ কৃষি ব্যাংকের সিনিয়র অফিসার: ১০]
ক. ক্রিয়া খ. ক্রিয়া বিশেষণ গ. ধ্বন্যাত্মক বিশেষণ ঘ. ক্রিয়া বিশেষণ **উত্তর: ঘ**

৯৪. **'ঝড় আসছে হু হু করে' বাক্যটিতে 'হু হু' কোন পদ?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ০৮]
ক. সর্বনাম খ. ক্রিয়া বিশেষণ গ. বিশেষণ ঘ. বিশেষণীয় বিশেষ **উত্তর: খ**

৯৫. **'চিকচিক করে বালি কোথা নাই কাদা' এখানে দ্বিরুক্ত শব্দ 'চিকচিক' ধরনের শব্দ?** [গ্লোবাল ইসলামী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২২]
ক. বিশেষ্যের বিশেষণ খ. অব্যয়ের বিশেষণ গ. বিশেষণের বিশেষণ ঘ. ক্রিয়া বিশেষণ **উত্তর: ঘ**

৯৬. **'বিশেষ' শব্দকে ক্রিয়া-বিশেষণে রূপান্তর করলে হবে** – [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ৯৮]
ক. বিশিষ্ট খ. বিশেষিত গ. বিশেষভাবে ঘ. বিশেষত **উত্তর: গ**

৯৭. **'অধ্যয়ন' শব্দটির বিশেষণ** – [বিকেবি'র অফিসার: ১৬]
ক. অধীত খ. স্বাধিত গ. পঠিত ঘ. ভাবিত **উত্তর: ক**

৯৮. **'ইচ্ছা' বিশেষ্যের বিশেষণটি নির্দেশ করুন।** [১৫তম বিসিএস]
ক. ইচ্ছাময় খ. ঐচ্ছিক গ. ইচ্ছুক ঘ. অনিচ্ছা **উত্তর: খ**

৯৯. **'ঘর' এর বিশেষণ** – [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ০৫]
ক. ঘরনি খ. ঘরামি গ. ঘরোয়া ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

১০০. **'চাতুর্য' শব্দের বিশেষণ কোনটি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৮]
ক. চতুরতা খ. চতুরালি গ. চতুর ঘ. চৈতন্য **উত্তর: গ**

১০১. **'জন্ম' এর বিশেষণ** – [সমাজসেবা অধিদপ্তরের অফিস সহকারী: ১৮]
ক. জন্ম খ. জাত গ. সৃষ্টি ঘ. জান্ম **উত্তর: খ**

১০২. **'দর্শন' বিশেষ্য পদের বিশেষণ** – [পূবালী ব্যাংকের অফিসার: ১৪]
ক. দ্রষ্টব্য খ. দ্রষ্টা গ. দার্শনিক ঘ. দৃশ্য **উত্তর: গ**

১০৩. **'দহন' শব্দের বিশেষণ নয় কোনটি?** [ন্যাশনাল ব্যাংকের প্রবেশনারী অফিসার: ১৫]
ক. দাহ্য খ. দগ্ধ গ. দহনকারী ঘ. দহনীয় **উত্তর: গ**

১০৪. **'নিসর্গ' শব্দের বিশেষণ কোনটি?** [রাকাব'র সুপারভাইজার: ১৭]
ক. নৈসর্গিক খ. নিসর্গত গ. নিসর্গীক ঘ. নিসর্গক **উত্তর: ক**

১০৫. **'ন্যায়' শব্দের বিশেষণ** – [পায়রা বন্দরের অফিস সহায়ক: ২৩]
ক. ন্যায়িক খ. নীতিবাদ গ. ন্যায্য ঘ. ন্যায়সঙ্গত **উত্তর: গ**

১০৬. **'পশু' শব্দের বিশেষণ** – [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের উচ্চমান সহকারী: ২৩]
ক. পৈশাচিক খ. পাশবিক গ. পশমি ঘ. পিশাচ **উত্তর: খ**

১০৭. **'পৃথিবী' শব্দের বিশেষণ** – [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১০]
ক. পৃথ্বী খ. পার্থিব গ. ধরিত্রী ঘ. বসুন্ধরা **উত্তর: খ**

১০৮. **'পাহাড়' বিশেষ্য পদের বিশেষণ রূপ কোনটি?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২৩]
ক. পাহাড়িয়া খ. পাহাড়ে গ. পাহাড়ি ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

১০৯. **'ব্যাঘাত' এর বিশেষণ** - [সোনালী ব্যাংকের অফিসার: ১৪]
ক. ব্যাহত খ. বিধেয় গ. প্রতিঘাত ঘ. বিঘ্ন **উত্তর: ক**

১১০. **'ভঙ্গ' শব্দের বিশেষণ** - [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১০]
ক. ভাঙ্গ খ. ক্ষণিকা গ. ক্ষণা ঘ. ভঙ্গুর **উত্তর: ঘ**

১১১. **'ভূগোল' শব্দটির বিশেষণ** - [এমআরএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. ভূগোলক খ. ভৌগোলিক গ. ভৌগলিক ঘ. ভূগোলিক **উত্তর: খ**

১১২. **'মধুর' শব্দের বিশেষণ কোনটি?** [জীবন বীমা কর্পোরেশনের অফিসার: ১৮]
ক. মাধুরী খ. মধুরতা গ. মধুময় ঘ. মধুতা **উত্তর: গ**

১১৩. **'মানুষ' শব্দের বিশেষণ কোনটি?** [এনবিআরের উচ্চমান সহকারী: ১৩]
ক. মনুষ্য খ. মানস গ. মানুষিক ঘ. মনুষ্যত্ব **উত্তর: গ**

১১৪. **'লবণ' শব্দের বিশেষণ কোনটি?** [৩৫তম বিসিএস]
ক. নোনতা খ. লবণাক্ত গ. লাবণ্য ঘ. লীলত **উত্তর: খ**

১১৫. **'লাবণ্য' শব্দের মূল শব্দ** - [পূবালী ব্যাংকের অফিসার ক্যাশ: ১৭]
ক. লাবণী খ. লবণী গ. লবেজান ঘ. লবণ **উত্তর: ঘ**

১১৬. **'সর্বজন' এর বিশেষণ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. বিশ্বজনীন খ. সার্বিক গ. জনসাধারণ ঘ. সর্বজনীন **উত্তর: ঘ**

১১৭. **'সৌষ্ঠব' শব্দের বিশেষণ রূপটি হলো** - [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৮]
ক. সুষ্ঠু খ. সুষ্ঠুতা গ. সুষ্ঠ ঘ. সুষ্ঠব **উত্তর: ক**

১১৮. **'সৌহার্দ' বিশেষ্য পদের বিশেষণ - / 'সৌহার্দ্য' বিশেষ্য পদের বিশেষণ কোনটি?** [জবি: ১২-১৩]
ক. সৌহার্দিক খ. সৌহার্দ্যতা গ. মৈত্রী ঘ. সুহৃদ **উত্তর: ক**

১১৯. **'সাতন্ত্র্য' বিশেষ্য পদের বিশেষণ রূপ** - [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. স্বতন্ত্রতা খ. স্বাতন্ত্র্যতা গ. স্বতন্ত্র ঘ. স্বতন্ত্রী **উত্তর: গ**

১২০. **'স্ফীতি' বিশেষ্য পদের বিশেষণ** - [বাংলাদেশ ট্যারিফ কমিশনের গবেষণা কর্মকর্তা: ১৮]
ক. স্ফুরণ খ. স্ফুট গ. স্ফীত ঘ. স্ফূর্ত **উত্তর: গ**

১২১. **'সুষ্ঠু' এর বিশেষণ কোনটি?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৮]
ক. সুষ্ঠুতা খ. সুষ্ঠ গ. সুষ্ঠব ঘ. সৌষ্ঠব **উত্তর: ক, ঘ**

১২২. **'সন্ধ্যা' শব্দের বিশেষণটি নির্দেশ করুন।** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৭]
ক. সাঁঝ খ. সন্ধ্যা গ. সুন্দা ঘ. সান্ধ্য **উত্তর: ঘ**

১২৩. **'শোয়া' এর বিশেষণ** - [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ১৮]
ক. শায়িত খ. শোয়ানো গ. শোয়ান ঘ. শোয়া **উত্তর: ক**

১২৪. **'শৈত্য' শব্দের বিশেষণ পদ কোনটি?** [কর্মসংস্থান ব্যাংকের অফিসার: ১২]
ক. শীতার্থ খ. শীত গ. শীতাতপ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

১২৫. **'হন্যমান' যে শব্দের বিশেষণ** - [বিআরইবি'র মিটার টেস্টার: ২৩]
ক. হরণ খ. হনন গ. হন্যে ঘ. হতাশা **উত্তর: খ**

১২৬. **'উদীয়মান' বিশেষনের সাথে কোন বিশেষ্য পদ প্রযোজ্য?** [আইসিবি'র সিনিয়র অফিসার: ১১]
ক. যৌবন খ. সম্রাট গ. বুদ্ধি ঘ. লেখক **উত্তর: ঘ**

১২৭. **বিশেষ্য থেকে বিশেষণে পরিবর্তনের দৃষ্টান্ত** - [বিএইচবিএফসি'র অফিসার: ১৭]
ক. 'নৌ' থেকে 'নাব্য' খ. 'নাব্য' থেকে 'নৌ' গ. 'নাব্য' থেকে 'নাব্যতা' ঘ. 'নৌ' থেকে 'নাব্যতা' **উত্তর: ক**

১২৮. **কোন শব্দটি বিশেষ্য বিশেষণ উভয়রূপে ব্যবহৃত হতে পারে?** [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ১৯]
ক. দেশ খ. সুন্দর গ. ব্যথা ঘ. বন্দর **উত্তর: খ**

১২৯. **কোন শব্দটি বিশেষ্য বিশেষণ উভয়রূপে ব্যবহৃত হতে পারে?** [রাবি: ০৬-০৭]
ক. দর্শনীয় খ. দার্শনিক গ. দৃষ্ট ঘ. দ্রষ্টা **উত্তর: খ**

১৩০. **কোন শব্দটি বিশেষ্য বিশেষণ উভয়রূপে ব্যবহৃত হতে পারে?** [জবি: ১৩-১৪]
ক. অতিশয় খ. এক গ. চতুর ঘ. ঐকিক **উত্তর: ঘ**

১৩১. **'মন্দকে মন্দ বলতেই হবে' এই বাক্যে দুই 'মন্দ' নিচের কোনটি?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ১০]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. সর্বনাম ঘ. প্রথমটি বিশেষ্য দ্বিতীয়টি বিশেষণ **উত্তর: ঘ**

১৩২. **নিচের কোন বিশেষ্য-বিশেষণ জোড় শুদ্ধ?** [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. তক্ষণ - তাৎক্ষণিক খ. ডাকাত - ডাকাতি গ. খেলাপ - খেলাপি ঘ. তাঁত - তেঁতো **উত্তর: গ**

১৩৩. **বাক্যের মধ্যে পূর্বে ব্যবহৃত বা অজ্ঞাত কোনো সংজ্ঞা বা নামের পরিবর্তে যে সকল শব্দের প্রয়োগ হয়, সেগুলোকে বলে** – [ঢাবি: ০৫-০৬]
ক. সর্বনাম খ. ক্রিয়া গ. অব্যয় ঘ. বিশেষ্য **উত্তর: ক**
ব্যাখ্যা: বিশেষ্যের পরিবর্তে যে শব্দ ব্যবহৃত হয় তাকে সর্বনাম পদ বলে। নতুন ব্যাকরণ বই অনুযায়ী সর্বনাম পদ ৯ প্রকার। যথা- ব্যক্তিবাচক (আমি, তুমি, সে ইত্যাদি), আত্মবাচক (নিজে, স্বয়ং ইত্যাদি), ব্যতিহারিক বা পারস্পারিক (পরস্পর, নিজেরা নিজেরা), নির্দেশক বা সামীপ্যবাচক (এ, এই, এরা, ইনি, ও, ওই, ওরা, উনি ইত্যাদি), সাপেক্ষবাচক (যে-সে, যারা-তারা, যেমন-তেমন ইত্যাদি), সাকল্যবাচক (সবাই, সকলে, সবার, সমস্ত, সব ইত্যাদি), প্রশ্নবাচক (কে, কারা, কাকে, কার, কী ইত্যাদি), অন্যবাচক বা অন্যাদিবাচক (অন্য, অপর, পর, অমুক ইত্যাদি) ও অনির্দিষ্টতাবাচক (কেউ, কোথাও, কিছু, একজন ইত্যাদি)। পূর্বের ব্যাকরণ বইয়ে সংযোগজ্ঞাপক (যে, যিনি, যারা, যাহারা ইত্যাদি) এবং দূরত্ববাচক (ঐ, ঐসব ইত্যাদি) নামে দুইটি সর্বনামের কথা উল্লেখ থাকলেও সাপেক্ষবাচক সর্বনামের উল্লেখ ছিল না।

১৩৪. **নিচের কোনটি সর্বনামের প্রকারভেদ নয়?** [রূপালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. আত্মবাচক খ. ব্যতিহারিক গ. সাপেক্ষবাচক ঘ. পূরণবাচক **উত্তর: ঘ**

১৩৫. **ভাষায় সর্বনামের ব্যবহারের উদ্দেশ্য কী?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৫]
ক. বিশেষ্যের অভাব দূর করা খ. বিশেষ্যের পুনরাবৃত্তি দূর করা
গ. ভাষায় শব্দ সম্পদ বৃদ্ধি করাঘ. বিশেষণের পরিবর্তে ব্যবহার করা **উত্তর: খ**

১৩৬. **নিচের কোনটি একটি সর্বনাম পদ?** [বিসিকের প্রকাশনা কর্মকর্তা: ২৩]
ক. করিম খ. কী গ. বালক ঘ. এবং **উত্তর: খ**

১৩৭. **নিচের কোনটি একটি সর্বনাম পদ?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]
ক. সে খ. পড়া গ. যদি ঘ. লাল **উত্তর: ক**

১৩৮. **'কি' এবং 'কী' যথাক্রমে** – [বিসিকের প্রমোশন অফিসার: ২৩]
ক. বিশেষ্য ও অব্যয় পদ খ. সর্বনাম ও বিশেষণ পদ গ. ক্রিয়া ও বিশেষ্য পদ ঘ. অব্যয় ও সর্বনাম পদ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: কোনো প্রশ্নের উত্তর শুধু হ্যাঁ অথবা না দিয়ে দেওয়া গেলে সেখানে 'কি' বসবে। যেমন- তুমি কি যাবে? এখানে 'কি' অব্যয় পদ। কোনো প্রশ্নের উত্তর যদি ব্যাখ্যা করে দিতে হয় তাহলে সেখানে কী বসবে। যেমন- তোমার নাম কী? এখানে 'কী' সর্বনাম পদ।

১৩৯. **'তুমি এতক্ষণ কী করেছ?' এই বাক্যে 'কী' কোন পদ? / 'তোমার নাম কী' এই বাক্যে 'কী' কোন পদ?** [৪৫তম বিসিএস]
ক. বিশেষণ খ. অব্যয় গ. সর্বনাম ঘ. ক্রিয়া **উত্তর: গ**

১৪০. **'আমি', 'আমরা' এগুলো কোন সর্বনাম পদ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. অস্তিবাচক খ. ব্যক্তিবাচক গ. ব্যতিহারিক ঘ. সাকুল্যবাচক **উত্তর: খ**

১৪১. **সংযোগজ্ঞাপক সর্বনাম কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. স্বয়ং খ. তাবৎ গ. যে ঘ. কিছু **উত্তর: গ**

১৪২. **ব্যতিহারিক সর্বনাম কোনটি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিপাই: ২১]
ক. ইহারা খ. যিনি গ. নিজে নিজে ঘ. কেহ **উত্তর: গ**

১৪৩. **নিচের কোনটি অনির্দেশক সর্বনাম?** [গ্রন্থাগার অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. কেউ খ. এটা গ. কবে ঘ. নিজে **উত্তর: ক**

১৪৪. **নিচের কোনটি আত্মবাচক সর্বনাম?** [এসএফডিএফ'র সহকারী হিসাবরক্ষক: ২৩]
ক. খোদ খ. এই গ. কে ঘ. নিজে নিজে **উত্তর: ক**

১৪৫. **'যেমন কর্ম তেমন ফল' বাক্যটি কী?** [প্রবাসী কল্যাণ ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. দ্বিরুক্তি খ. নির্ধারক বিশেষণ গ. সাপেক্ষ সর্বনাম ঘ. ক্রিয়া বিশেষণ **উত্তর: গ**

১৪৬. **'যে' কোন শ্রেণির সর্বনাম?** [ঢাবি: ০০-০১]
ক. সংযোগজ্ঞাপক খ. সাকুল্যবাচক গ. আত্মবাচক ঘ. অনিশ্চয়তাসূচক **উত্তর: ক**

১৪৭. **'কবেকার কথা' এখানে 'কবেকার' বিশেষণটি** – [বিআইডব্লিউটিএ'র পরিবহন কর্মকর্তা: ২৩]
ক. সর্বনামজাত খ. ক্রিয়াজাত গ. অব্যয়জাত ঘ. বিশেষ্যজাত **উত্তর: ক**

১৪৮. **'কেউ কেউ কথাটা জেনে গেছে' এখানে 'কেউ কেউ' কোন পদ?** [ঢাবি: ০৭-০৮]
ক. বিশেষ্য খ. ক্রিয়া গ. অব্যয় ঘ. সর্বনাম **উত্তর: ঘ**

১৪৯. **অপরিবর্তনীয় শব্দকে কী বলে?** [ঢাবি: ০৮-০৯]
ক. অব্যয় খ. সর্বনাম গ. ক্রিয়া ঘ. বিশেষণ **উত্তর: ক**

১৫০. **বাক্যে ব্যবহৃত কোন ধরনের পদে বিভক্তি বা প্রত্যয় যোগ করা যায় না?** [ঢাবি: ৯৯-০০]
ক. অব্যয় খ. সর্বনাম গ. ক্রিয়া ঘ. বিশেষণ **উত্তর: ক**

১৫১. **অব্যয় পদ কত প্রকার?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৪]
ক. দুই খ. তিন গ. চার ঘ. পাঁচ **উত্তর: গ**
ব্যাখ্যা: যে পদ সর্বদা অপরিবর্তনীয় থেকে কখনো বাক্যের শোভা বর্ধন করে, কখনো একাধিক পদের, বাক্যাংশের বা বাক্যের সংযোগ বা বিয়োগ সম্বন্ধ ঘটায় তাকে অব্যয় পদ বলে। অব্যয় পদ ৪ প্রকার। যথা- সমুচ্চয়ী বা যোজক, অনন্বয়ী বা আবেগ, অনুসর্গ ও অনুকার বা

ধ্বন্যাত্মক অব্যয়। অব্যয় পদগুলো হলো অর্থাৎ, আর, আবার, আলবত, আপাতত, এবং, ও, খুব, খাসা, দৈবাৎ, না, পুনশ্চ, বস্তুত, বরং, বহুত, মাইরি, মারহাবা, যদি, যথা, সদা, সহসা, সাবাস, সুতরাং, হ্যাঁ প্রভৃতি।

১৫২. কোনটি অব্যয় পদ? [পেট্রোবাংলার উচ্চমান সহকারী: ১৭]
ক. এবং খ. পড়া গ. যদি ঘ. লাল **উত্তর: ক, গ**

১৫৩. 'অদ্য', 'অদ্যাপি', 'নতুবা' কোন জাতীয় শব্দ? [বিসিএসআইআর'র অফিস সহকারী: ১৭]
ক. সর্বনাম খ. বিশেষণ গ. বিশেষ্য ঘ. অব্যয় **উত্তর: ঘ**

১৫৪. 'এবং' কোন পদ? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]
ক. সর্বনাম খ. বিশেষণ গ. বিশেষ্য ঘ. অব্যয় **উত্তর: ঘ**

১৫৫. 'না' কোন জাতীয় শব্দ? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট: ১৯]
ক. অব্যয় খ. সর্বনাম গ. ক্রিয়া ঘ. বিশেষণ **উত্তর: ক**

১৫৬. 'নতুবা' কোন জাতীয় শব্দ? [রাবি: ১৬-১৭]
ক. বিশেষ্য খ. সর্বনাম গ. ক্রিয়া ঘ. অব্যয় / বিকল্প যোজক **উত্তর: ঘ**

১৫৭. 'হুন হুন' কোন জাতীয় শব্দ? [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. অব্যয় খ. সর্বনাম গ. ক্রিয়া ঘ. বিশেষ্য **উত্তর: ক**

১৫৮. কোনটি সংশয়বাচক অব্যয় পদ? [পূবালী ব্যাংকের অফিসার: ১৭]
ক. কেননা খ. বুঝি গ. নতুবা ঘ. যদি **উত্তর: খ**

১৫৯. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' এখানে 'টাপুর টুপুর' কোন পদ? [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুটেন্ট: ১৫]
ক. বিশেষ্য খ. ক্রিয়া গ. অব্যয় ঘ. সর্বনাম **উত্তর: গ**

১৬০. 'আকাশ শুধু নীল আর নীল' এই বাক্যে 'আর' হচ্ছে - [প্রবাসী কল্যাণ ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. ঘন খ. অব্যয় গ. অনেক ঘ. ক্রিয়া **উত্তর: খ**

১৬১. 'তুমি কী আমায় চেনো?' এই বাক্যটিতে 'কী' এর ব্যাকরণগত পরিচয় - [বিপিডিবি'র সহকারী বিস্ফোরক পরিদর্শক: ০৩]
ক. বিশেষণ খ. প্রশ্নবোধক শব্দ গ. অব্যয় ঘ. কারক নির্দেশক **উত্তর: গ**

১৬২. 'ছেলে তো নয় যেন ননীর পুতুল' এখানে 'যেন' - [নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য কর্মকর্তা: ১৯]
ক. অব্যয় খ. বিশেষ গ. বিশেষণ ঘ. সর্বনাম **উত্তর: ক**

১৬৩. 'এ বয়সে তবু নতুন কিছু তো করো' এখানে 'তবু' হচ্ছে - [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. সর্বনাম ঘ. অব্যয় **উত্তর: ঘ**

১৬৪. কোনটি নিত্য সম্বন্ধীয় অব্যয়ের উদাহরণ? / নিচের কোনটিতে সাপেক্ষ যোজকের প্রয়োগ রয়েছে? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. হ্যাঁ আমি যাব খ. যথা ধর্ম তথা জয় গ. আবার যেতে হবে ঘ. অতি ভক্তি চোরের লক্ষণ **উত্তর: খ**

১৬৫. কোন বাক্যে সমুচ্চয়ী অব্যয় ব্যবহৃত হয়েছে? [১৩তম বিসিএস]
ক. ধন অপেক্ষা মান বড় খ. ঢং ঢং ঘন্টা বাজে গ. লেখাপড়া কর, নতুবা ফেল করবে ঘ. তোমাকে দিয়ে কিছু হবে না **উত্তর: গ**

১৬৬. যোজক কাকে যুক্ত করে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবারকল্যাণ পরিদর্শিকা: ২৩]
ক. পদ খ. বাক্য গ. বর্গ ঘ. সবগুলো **উত্তর: ঘ**

১৬৭. কোন যোজক একে অন্যের পরিপূরক হিসেবে ব্যবহৃত হয়? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. কারণ যোজক খ. বিকল্প যোজক গ. সাপেক্ষ যোজক ঘ. সাধারণ যোজক **উত্তর: গ**

১৬৮. 'মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন' এখানে 'কিংবা' অব্যয়টি কোন অব্যয়? [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৫]
ক. অনুকার অব্যয় খ. বিয়োজক অব্যয় গ. সমুচ্চয়ী অব্যয় ঘ. সংযোজক অব্যয় **উত্তর: খ**

১৬৯. 'রহিম কিংবা করিম এর জন্য দায়ী' এখানে 'কিংবা' অব্যয়টি কোন অব্যয়? [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৫]
ক. অনুকার অব্যয় খ. বিয়োজক অব্যয় গ. সমুচ্চয়ী অব্যয় ঘ. সংযোজক অব্যয় **উত্তর: খ**

১৭০. 'মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ' এই বাক্যে 'মরি মরি' কোন শ্রেণির অব্যয়? [১৮তম বিসিএস]
ক. সমন্বয়ী খ. অনন্বয়ী গ. পদান্বয়ী ঘ. অনুকার **উত্তর: খ**

১৭১. 'রাম রায় এত বিদ্বান অথচ এতটুকু অহংকার নেই' এখানে 'অথচ' কোন ধরনের অব্যয়? [জীবন বীমা কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২০]
ক. সমুচ্চয়ী খ. অনন্বয়ী গ. সমুচ্চয়ী বিয়োজক ঘ. সমুচ্চয়ী সংকোচক **উত্তর: ঘ**

১৭২. 'তুমি তো ভারি সুন্দর ছবি আঁক' বাক্যটিতে কোন প্রকারের অব্যয় পদ ব্যবহৃত হয়েছে? [৪৫তম বিসিএস]
ক. অনুকার অব্যয় খ. পদান্বয়ী অব্যয় গ. অনুসর্গ অব্যয় ঘ. অনন্বয়ী অব্যয় **উত্তর: ঘ**

১৭৩. কোন বাক্যে নিম্নরেখ শব্দ অনন্বয়ী অব্যয়রূপে ব্যবহৃত হয়েছে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. হ্যাঁ আমি যাব খ. যথা ধর্ম তথা জয় গ. আবার যেতে হবে ঘ. অতি ভক্তি চোরের লক্ষণ **উত্তর: ক**

১৭৪. 'তিনি বিদ্বান, অথচ সৎ ব্যক্তি নন' এই বাক্যে 'অথচ' কী অর্থে ব্যবহৃত হয়েছে? [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৮]
ক. সংযোজক খ. বিয়োজক গ. অনন্বয়ী ঘ. সংকোচক **উত্তর: ঘ**

১৭৫. 'লোকটি দরিদ্র কিন্তু সৎ' এই বাক্যে 'কিন্তু' হলো - / 'পলাশ দেখতে সুন্দর বটে কিন্তু গন্ধহীন' এই বাক্যে 'কিন্তু' হলো - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. বিয়োজক অব্যয় খ. সংযোজক অব্যয় গ. সংকোচক অব্যয় ঘ. বিস্ময়াদিসূচক অব্যয় **উত্তর: গ**

১৭৬. **'ধিক্ তারে, শত ধিক্, নির্লজ্জ যে জন' এই ব্যাক্যে 'শত' কোন পদ?** [রেলপথ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ২১]
ক. সমষ্টিবাচক বিশেষ্য খ. অব্যয়ের বিশেষণ গ. বাক্যের বিশেষণ ঘ. বাক্যালংকার অব্যয় **উত্তর: খ**

১৭৭. **'কড়কড়' কোন অব্যয়?** [এলজিইডি'র কার্য সহকারী: ২৩]
ক. অনুকার খ. অনুসর্গ গ. সমুচ্চয়ী ঘ. অনন্বয়ী **উত্তর: ক**

১৭৮. **নিচের কোনটি ভাব প্রকাশক অনুকার অব্যয়?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২৩]
ক. বাপের বাপ খ. ঘুটঘুটে অন্ধকার গ. হায় হায় ঘ. থু থু **উত্তর: গ**

১৭৯. **'কল কল রবে নদী বইছে' এখানে 'কল কল' কোন অব্যয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. সমুচ্চয়ী খ. অনুসর্গ গ. অনন্বয়ী ঘ. অনুকার **উত্তর: ঘ**

১৭০. **'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' এর মধ্যে 'টাপুর টুপুর' কী অব্যয়?** [এনএসআই'র ফিল্ড অফিসার: ২৩]
ক. অনন্বয়ী অব্যয় খ. পদান্বয়ী অব্যয় গ. অনুকার অব্যয় ঘ. সংযোজক অব্যয় **উত্তর: গ**

১৭১. **'এক যে ছিল রাজা' এখানে 'যে' এর ব্যাকরণিক নাম কী?** [নৌবাহিনীর সহকারী পরীক্ষক: ২৩]
ক. বাক্যালংকার অব্যয় খ. অনুসর্গ অব্যয় গ. অনন্বয়ী অব্যয় ঘ. পদান্বয়ী অব্যয় **উত্তর: ক**

১৭২. **'সব কটা জানালা খুলে দাও না' এখানে 'না' এর ব্যবহার** - [বেবিচকের সহকারী প্রকৌশলী: ২৩]
ক. নঞর্থক খ. অলঙ্কারসূচক গ. নিরর্থক ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

১৭৩. **'আ মরি বাংলা ভাষা' এই চরণে 'আ' অব্যয় দ্বারা কী প্রকাশ পেয়েছে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. আশাবাদ খ. আবেগ গ. আনন্দ ঘ. আনুগত্য **উত্তর: গ**

১৭৪. **'কী আপদ লোকটা যে পিছু ছাড়ে না' এই বাক্যটিতে কী প্রকাশ পেয়েছে?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১১]
ক. বিরক্তি খ. ঘৃণা গ. যন্ত্রণা ঘ. কষ্ট **উত্তর: ক**

১৭৫. **'কে জানে দেশে সুদিন আবার আসবে কিনা' এই বাক্যটি কী প্রকাশ করে?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৬]
ক. হতাশা খ. সন্দেহ গ. সম্ভাবনা ঘ. অনিশ্চয়তা **উত্তর: ঘ**

১৭৬. **'ছি! ছি! তুমি এত খারাপ' এখানে 'ছি! ছি!' কী অর্থ প্রকাশ করেছে?** [বাংলাদেশ ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২০]
ক. ভাবের গভীরতা খ. পৌনঃপুনিকতা গ. ভাবের ধারাবাহিকতা ঘ. অনুভূতি ভাব **উত্তর: ক**

১৭৭. **'তাকেও আসতে বলেছি' এই বাক্যের 'ও' পদটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী ড্রিলিং প্রকৌশলী: ৯৮]
ক. নির্দেশ অর্থে খ. স্বীকৃতি জ্ঞাপনে গ. বিকল্প প্রকাশে ঘ. অনুরোধে **উত্তর: খ**

১৭৮. **'তুই কী কাজ করবি, না মার খাবি?' এই বাক্যে 'কী' ব্যবহার হয়েছে** - [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০১]
ক. প্রশ্ন জিজ্ঞাসা খ. শাসন করায় গ. বিরক্তি প্রকাশে ঘ. ক্রোধ প্রকাশে **উত্তর: গ**

১৭৯. **'তুমি না সেদিন আবৃত্তি করেছিলে?' এখানে 'না' কোন অর্থে ব্যবহৃত?** [বিআরইবি'র সহকারী সচিব: ১৩]
ক. সন্দেহ খ. বিস্ময় গ. অনুমান ঘ. নিশ্চয়তা **উত্তর: ঘ**

১৮০. **'তুমি না বলেছিলে আগামীকাল আসবে?' এখানে 'না' এর ব্যবহার কী অর্থে?** [২৪তম বিসিএস]
ক. না বাচক খ. হ্যাঁ বাচক গ. প্রশ্নবোধক ঘ. বিস্ময়সূচক **উত্তর: খ**

১৮১. **'ছেলেটি যেন রাজপুত্তুর' এখানে 'যেন' কোন অর্থে ব্যবহৃত?** [উপজেলা / থানা শিক্ষা কর্মকর্তা: ৯৯]
ক. বিস্ময়সূচক খ. তুলনামূলক গ. অনুমানসূচক ঘ. সম্ভাবনাসূচক **উত্তর: খ**

১৮২. **'তুমি এত নীচ' বাক্যটিতে প্রকাশ পেয়েছে** - [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ২০]
ক. ঘৃণা খ. বিরক্তি গ. লজ্জা ঘ. অবজ্ঞা **উত্তর: ক**

১৮৩. **'পাছে লোকে কিছু বলে' কবিতা পাঠকের মনে কোন আচরণের উদ্রেক ঘটায়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. সংকোচ খ. পরোপকারিতা গ. সাহসিকতা ঘ. ভয়হীনতা **উত্তর: ক**

১৮৪. **'ভিক্ষুকটা যে পিছনে লেগেই রয়েছে, কী বিপদ' বাক্যে 'কী' এর অর্থ - / 'কী বিপদ! ভিখারি যে পিছু ছাড়ে না' এই বাক্যে কী অব্যয়ের ভাব** - [২২তম বিসিএস]
ক. ভয় খ. রাগ গ. বিরক্তি ঘ. বিপদ **উত্তর: গ**

১৮৫. **'যত গর্জে তত বর্ষে না' এই বাক্যটিতে 'যত তত' এর ব্যবহার কোন অর্থে?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার (আইটি): ১৬]
ক. পরিণাম খ. বৈপরীত্য গ. তুলনা ঘ. নিশ্চিত **উত্তর: গ**

১৮৬. **'সে নাকি আসবে না' এখানে 'না' কী অর্থে প্রযুক্ত হয়েছে?** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক. অনুমান অর্থে খ. সংশয় বা সম্ভাবনা অর্থে গ. বিস্ময় অর্থে ঘ. বিরক্তি অর্থে **উত্তর: খ**

১৮৭. **'দূর! এ কথা কি বলতে আছে?' এই বাক্যে কোন আবেগ প্রকাশ পেয়েছে?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. বিস্ময় খ. অলংকার গ. করুণা ঘ. বিরক্তি **উত্তর: খ**

১৮৮. **'শুধু শুধু তিনি রেগে ওঠেন' বাক্যটিতে কোন ভাব প্রকাশ করা হয়েছে?** [বাংলাদেশ কৃষি ব্যাংকের অফিসার: ১১]
ক. ক্রমশ খ. আকস্মিকতা গ. অভ্যাস ঘ. ব্যাপ্তি **উত্তর: গ**

১৮৯. **'শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে' বাক্যটিতে কোন অর্থ প্রকাশ পেয়েছে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. নিরন্তরতা অর্থ খ. কার্য সমাপ্তি গ. অভ্যস্ততা অর্থ ঘ. অনুমোদন **উত্তর: গ**

১৯০. **'কড় কড়' কোন অব্যয়? / 'শুনে বুকটা তার টিপটিপ করছিল' এখানে 'টিপটিপ'** - [বেবিচকের সহকারী প্রকৌশলী: ২৩]
ক. সমুচ্চয়ী অব্যয় খ. অনন্বয়ী অব্যয় গ. অনুসর্গ অব্যয় ঘ. অনুকার অব্যয় **উত্তর: ঘ**

১৯১. **'হু হু করে বাজারে জিনিসপত্রের দাম বাড়ছে' এই বাক্যটিতে 'হু হু' কোন অর্থে প্রযুক্ত?** [প্রবাসী কল্যাণ ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. দ্বিরুক্তি খ. ধ্বন্যাত্মক গ. বিশিষ্টার্থক ঘ. রূপকার্থক **উত্তর: খ**

১৯২. **ক্রিয়াপদ** - [২১তম বিসিএস]
ক. সবসময়ে বাক্যে থাকবে খ. কখনো কখনো বাক্যে উহ্য থাকতে পারে
গ. আসলে বিশেষণ থেকে অভিন্ন ঘ. শুধু অতীতকাল বুঝাতে বাক্যে ব্যবহৃত হয় **উত্তর: খ**

১৯৩. **ধাতুর সাথে বিভক্তি যুক্ত হয়ে যে পদ গঠিত হয় তার নাম কী?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]
ক. ক্রিয়াপদ খ. কর্মপদ গ. কর্তৃপদ ঘ. নামপদ **উত্তর: ক**

১৯৪. **বাংলা ব্যাকরণের নিয়ম অনুসারে কোন পদ ছাড়া বাক্য গঠন করা যায় না? / বাক্যের অপরিহার্য পদ কোনটি?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]
ক. নামপদ খ. কর্মপদ গ. কর্তৃপদ ঘ. ক্রিয়াপদ **উত্তর: ঘ**

১৯৫. **একটি বাক্যের সবচেয়ে প্রয়োজনীয় অংশ হলো** - [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. ক্রিয়া ঘ. অব্যয় **উত্তর: গ**

১৯৬. **চলতি ভাষায় কোন পদের সংকোচন হয়?** [এনএসআই'র ফিল্ড অফিসার: ২৩]
ক. ক্রিয়া খ. বিশেষ্য গ. বিশেষণ ঘ. অব্যয় **উত্তর: ক**

১৯৭. **উৎপত্তির দিক থেকে ক্রিয়াপদ কোন দুই ভাগে বিভক্ত?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকতা: ০১]
ক. অকর্মক ও সকর্মক খ. প্রত্যয়হীন ও প্রত্যয়ান্ত গ. ধাতু ও তদ্ধিত ঘ. মৌলিক ও কৃদন্ত **উত্তর: ঘ**

১৯৮. **নিচের কোনটি ঋণাত্মক কাজের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. সমতল পায়ে হাটা খ. গাছ থেকে নিচে নামা গ. সিঁড়ি দিয়ে উপরে ওঠা ঘ. একটি দেয়ালকে ধাক্কা দেওয়া **উত্তর: গ**

১৯৯. **'বাবা বাড়ি নেই' এই বাক্যে 'নেই' কোন পদ?** [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২১]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. সর্বনাম ঘ. ক্রিয়া **উত্তর: ঘ**

২০০. **ক্রিয়ার সাধারণ অর্থ কোন বাক্যে প্রকাশ পেয়েছে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. পুলিশ চোর ধরেছে খ. তাঁর মাথা ধরেছে গ. তাঁকে ঔষধে ধরেছে ঘ. কথাটা আমার মনে ধরেছে **উত্তর: ক**

২০১. **বাক্যে সমাপিকা ক্রিয়াপদ কোথায় বসে?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৩]
ক. শেষে খ. প্রথমে গ. কর্মের আগে ঘ. অব্যয় পদের পরে **উত্তর: ক**

২০২. **কোন বাক্যে সমাপিকা ক্রিয়া ব্যবহৃত হয়েছে?** [১৩তম বিসিএস]
ক. আমি ভাত খাচ্ছি খ. আমি ভাত খেয়ে স্কুলে যাব গ. আমি দুপুরে ভাত খাই ঘ. তাড়াতাড়ি ভাত খেয়ে উঠ **উত্তর: গ**

২০৩. **কোনো বাক্যের যে ক্রিয়াপদ অসমাপ্ত থাকে তাকে কী ধরনের ক্রিয়াপদ বলে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ইন্সট্রাক্টর: ০৩]
ক. সমাপিকা ক্রিয়া খ. অসমাপিকা ক্রিয়া গ. অর্ধ-সমাপিকা ক্রিয়া ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

২০৪. **অসমাপিকা ক্রিয়া দ্বারা গঠিত বাক্যে কয় প্রকার কর্তা দেখা যায়?** [বেবিচকের এরোড্রাম কর্মকর্তা: ২৩]
ক. এক প্রকার খ. দুই প্রকার গ. তিন প্রকার ঘ. চার প্রকার **উত্তর: খ**

২০৫. **'যত্ন করলে রত্ন মিলে' এখানে 'করলে' কোন ক্রিয়ার উদাহরণ?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. অনুক্ত খ. দ্বিকর্মক গ. সমাপিকা ঘ. অসমাপিকা **উত্তর: ঘ**

২০৬. **'বাড়ি গিয়ে তাকে পাওয়া যায়নি' এই বাক্যে 'গিয়ে' কোন ক্রিয়া?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. সমাপিকা খ. দ্বিকর্মক গ. প্রযোজক ঘ. অসমাপিকা **উত্তর: ঘ**

২০৭. **'সূর্য উঠলে আঁধার দূরীভূত হয়' এই বাক্যে 'উঠলে' কোন ক্রিয়াপদ?** [মাউশি অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]
ক. সমাপিকা খ. অসমাপিকা গ. প্রযোজক ঘ. প্রযোজ্য **উত্তর: খ**

২০৮. **কোন বাক্যে অসমাপিকা ক্রিয়ার ব্যবহার নেই?** [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক. তাকে বলতে দাও খ. তুমি বল, আমি শুনি গ. আমরা বাঁচতে চাই ঘ. সে দেখতে লাগলো **উত্তর: খ**

২০৯. **যৌগিক ক্রিয়ার একটি উদাহরণ হলো** - [রূপালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. ধীরে চলা খ. হেসে উঠা গ. চুপ করা ঘ. কথা বলা **উত্তর: খ**

২১০. **যৌগিক ক্রিয়ার একটি উদাহরণ হলো** - [বিসিকের প্রমোশন অফিসার: ২৩]
ক. এগিয়া চলা খ. উদয় হওয়া গ. ডিগবাজি খাওয়া ঘ. বৃদ্ধি পাওয়া **উত্তর: ক**

২১১. **'সাইরেন বেজে উঠলো' বাক্যটিতে 'বেজে উঠলো' কী ধরনের ক্রিয়াপদ?** [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২৩]
ক. মিশ্র খ. যৌগিক গ. প্রযোজক ঘ. সমধাতুজ **উত্তর: খ**

২১২. **'সন্ধ্যা ঘনিয়ে এলো' বাক্যটিতে কোন ধরনের ক্রিয়া ব্যবহৃত হয়েছে?** [রূপালী ব্যাংকের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার: ২১]
ক. যৌগিক ক্রিয়া খ. অসমাপিকা ক্রিয়া গ. ক্রিয়া বিশেষণ ঘ. সমাপিকা ক্রিয়া **উত্তর: ক**

২১৩. **'চা জুড়িয়ে যাচ্ছে' বাক্যটিতে যৌগিক ক্রিয়ার ব্যবহার** - [সহকারী পরিবার পরিকল্পনা অফিসার: ৯৮]
ক. অবিরাম অর্থে খ. সমাপ্তি অর্থে গ. সম্ভাবনা অর্থে ঘ. ক্রমশ অর্থে **উত্তর: ঘ**

২১৪. **কোন বাক্যে যৌগিক ক্রিয়ার উদাহরণ নেই?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকতা: ০৭]
ক. এখন যেতে পার গ. তিনি বলতে লাগলেন গ. মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন ঘ. শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে **উত্তর: গ**

২১৫. কর্তা অন্যকে দিয়ে করালে বুঝালে কোন ক্রিয়া হয়? [বাংলাদেশ রেলওয়ের গার্ড: ২২]
ক. সরল ক্রিয়া খ. প্রযোজক ক্রিয়া গ. নাম ক্রিয়া ঘ. যৌগিক ক্রিয়া **উত্তর: খ**

২১৬. কোন বাক্যটি প্রযোজক ক্রিয়া দ্বারা গঠিত? [কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ০১]
ক. মাথা ঝিম ঝিম করছে খ. মা শিশুটিকে চাঁদ দেখাচ্ছে গ. সাইরেন বেজে উঠলো ঘ. তোমার পরিশ্রমের ফল ফলেছে **উত্তর: খ**

২১৭. কোন বাক্যটি প্রযোজক ক্রিয়া দ্বারা গঠিত? [বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. মাথা ঝিম ঝিম করছে খ. শিশুটি কাঁদে গ. মা শিশুটিকে হাসান ঘ. তোমার পরিশ্রমের ফল ফলেছে **উত্তর: গ**

২১৮. 'মা খোকাকে চাঁদ দেখাচ্ছেন' এই বাক্যে 'দেখাচ্ছেন' কোন ক্রিয়া? / 'মা শিশুকে খাওয়াচ্ছেন' এই বাক্যে 'খাওয়াচ্ছেন' কোন ক্রিয়া? [এলজিইডি'র কমিউনিটি অর্গানাইজার: ২৩]
ক. অসমাপিকা খ. সমাপিকা গ. ব্যতিহারিক ঘ. প্রযোজক / ণিজন্ত **উত্তর: ঘ**

২১৯. 'মা শিশুটিকে খাওয়াচ্ছেন' বাক্যটিতে 'খাওয়াচ্ছেন' কোন ক্রিয়াপদের উদাহরণ? [পিএসসি'র সহকারী পরিচালক: ১৬]
ক. ণিজন্ত খ. দ্বিকর্মক গ. ধ্বন্যাত্মক ঘ. যৌগিক **উত্তর: ক**

২২০. 'মা শিশুকে খাওয়াচ্ছেন' এখানে 'মা' কোন কর্তা? [পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]
ক. মুখ্য কর্ম খ. প্রযোজক কর্তা গ. ব্যতিহার কর্তা ঘ. প্রযোজ্য কর্তা **উত্তর: খ**

২২১. 'মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন' এখানে 'শিশু' কে? [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ১২]
ক. মুখ্য কর্ম খ. প্রযোজক কর্তা গ. প্রযোজক ক্রিয়া ঘ. প্রযোজ্য কর্তা **উত্তর: ঘ**

২২২. 'নানী নাতিকে চাঁদ দেখাচ্ছেন' এই বাক্যে কোনটি প্রযোজ্য কর্তা? [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী পরিচালক: ২০]
ক. নানী খ. চাঁদ গ. নাতি ঘ. দেখাচ্ছে **উত্তর: গ**

২২৩. 'ছেলেটি গোল্লায় গেছে' এই বাক্যে ক্রিয়াপদটি কোন ধরনের? [বিএসসি'র অফিসার: ২৩]
ক. যৌগিক ক্রিয়া খ. প্রযোজক ক্রিয়া গ. দ্বিকর্মক ক্রিয়া ঘ. মিশ্র ক্রিয়া **উত্তর: ঘ**

২২৪. 'এখন গোল্লায় যাও' এটি কোন ক্রিয়ার উদাহরণ? [কর্মসংস্থান ব্যাংকের অফিসার: ২১]
ক. মিশ্র ক্রিয়া খ. যৌগিক ক্রিয়া গ. ণিজন্ত ক্রিয়া ঘ. নামধাতুর ক্রিয়া **উত্তর: ক**

২২৫. নিচের কোনটি মিশ্র ক্রিয়ার উদাহরণ? [বিএসসি'র অফিসার: ১৯]
ক. সূর্য ডুবছে খ. সাইরেন বেজে উঠল গ. শিক্ষক ছাত্রকে বেতাচ্ছেন ঘ. তোমাকে দেখে বিশেষ প্রীত হলাম **উত্তর: ঘ**

২২৬. কোনটি সকর্মক ক্রিয়ার উদাহরণ? [বেবিচকের নিরাপত্তা অপারেটর: ২১]
ক. সে ঘুমায় খ. সে বই পড়ছে গ. সে লিখছে ঘ. রিপা হাসছে **উত্তর: খ**

২২৭. কোনটি সকর্মক ক্রিয়ার উদাহরণ? [বিসিকের প্রমোশন অফিসার: ২৩]
ক. ছেলেটা কথা শোনে খ. ছেলেটা কানে শোনে না গ. আমি রাতে খাব না ঘ. সাপুড়ে সাপ খেলায় **উত্তর: ক**

২২৮. কোনটি অকর্মক ক্রিয়ার উদাহরণ? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. আমি চোখে দেখি না খ. আকাশে চাঁদ দেখি না গ. ছেলেটা কথা শোনে ঘ. আমি রাতে ভাত খাব না **উত্তর: ক**

২২৯. 'রিতু পড়ে' এই বাক্যে 'পড়ে' কোন ধরনের ক্রিয়া? [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ২৩]
ক. সমাপিকা খ. সকর্মক গ. অসমাপিকা ঘ. অকর্মক **উত্তর: ঘ**

২৩০. দ্বিকর্মক ক্রিয়ার ব্যক্তিবাচক কর্মকে কী বলে? [ডাক বিভাগের উপজেলা পোস্টমাস্টার: ১৬]
ক. মুখ্য কর্ম খ. গৌণ কর্ম গ. উদ্দেশ্য কর্ম ঘ. বিধেয় কর্ম **উত্তর: খ**

২৩১. কোন বাক্যটিতে সমধাতুজ কর্ম আছে? [১৫তম বিসিএস]
ক সে বই পড়ছে খ. সে গভীর চিন্তায় মগ্ন
গ. সে যে চাল চেলেছে তাতে তাকে ষড়যন্ত্রকারী ছাড়া আর কিছু বলা যায় না ঘ. সে ঘুমিয়ে আছে **উত্তর: গ**

২৩২. কোন বাক্যে সমধাতুজ কর্ম আছে? [দুদকের সহকারী পরিচালক: ১৭]
ক. সে চট্টগ্রাম গিয়েছে খ. সে পরীক্ষায় প্রথম শ্রেণিতে প্রথম হয়েছে
গ. সে খুব আরামে ঘুম ঘুমিয়েছে ঘ. সে বিজ্ঞানের একটি সমস্যা নিয়ে ভাবছে **উত্তর: গ**

২৩৩. 'এতক্ষণ গাছের ছায়ায় বসা মানুষটি কোথায় গেল?' এই বাক্যের 'এতক্ষণ গাছের ছায়ায় বসা' অংশটি – [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. সর্বনাম স্থানীয় খ. বিশেষ্য স্থানীয় গ. বিশেষণ স্থানীয় ঘ. ক্রিয়া স্থানীয় **উত্তর: গ**

২৩৪. 'ছেলেটি এমন আঁকাই এঁকেছে' এই বাক্যে যে ধরনের কর্মপদ ব্যবহৃত হয়েছে – [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৮]
ক. মুখ্যকর্ম খ. ধাতুর্থক কর্ম গ. গৌণ কর্ম ঘ. প্রযোজক কর্ম **উত্তর: খ**

২৩৫. 'খুব বাঁচা বেঁচেছি' এই বাক্যে 'বাঁচা' কোন ধরনের শব্দ? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. প্রযোজক ক্রিয়া খ. যৌগিক ক্রিয়া গ. অনুক্ত কর্ম ঘ. সমধাতুজ কর্ম **উত্তর: ঘ**

২৩৬. 'বেশ এক ঘুম ঘুমিয়েছি' এই বাক্যে 'ঘুম ঘুমিয়েছি' শব্দটি কোন পদ? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. সমধাতুজ কর্ম খ. যৌগিক ক্রিয়া গ. অনুক্ত কর্ম ঘ. প্রযোজক ক্রিয়া **উত্তর: ক**

২৩৭. কোন বাক্যে সমধাতুজ ক্রিয়া রয়েছে? [শ্রম অধিদপ্তরের শ্রম কর্মকর্তা: ০৩]
ক. সে হাসিয়া উঠিল খ. সে হাসিতেছিল গ. তাঁর হাসিতে বিস্ময় ছিল ঘ. সে বিস্ময়ের হাসি হাসিল **উত্তর: ঘ**

ক্রিয়ার কাল ও ভাব

০১. **ক্রিয়া সম্পাদনের সময়কে কী বলে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. কারক খ. কাল গ. মহাকাল ঘ. প্রাতিপদিক **উত্তর: খ**
ব্যাখ্যা: ক্রিয়া সম্পাদনের সময়কে কাল বলে। কাল ৩ প্রকার। যথা- বর্তমান, অতীত ও ভবিষ্যৎ কাল। বর্তমান কাল ৩ প্রকার। যথা- সাধারণ বা নিত্যবৃত্ত, ঘটমান ও পুরাঘটিত বর্তমান কাল। অতীত কাল ৪ প্রকার। যথা- সাধারণ, ঘটমান, পুরাঘটিত ও নিত্যবৃত্ত অতীত কাল। ভবিষ্যৎ কাল ৩ প্রকার। যথা- সাধারণ, ঘটমান ও পুরাঘটিত ভবিষ্যৎ কাল।

০২. **কোনটি ক্রিয়ার কাল নয়?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ০১]
ক. পুরাঘটিত অতীত খ. পুরাঘটিত বর্তমান গ. পুরাঘটিত অনুজ্ঞা ঘ. পুরাঘটিত ভবিষ্যৎ **উত্তর: গ**

০৩. **বর্তমান কাল কোন বাক্যটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. রানু যাবে খ. আমি পড়েছি গ. সুমী গেছে ঘ. আমি পড়ি **উত্তর: ঘ**

০৪. **'বাঙালিরা ভাত খায়' কোন কালের উদাহরণ? / 'গরু ঘাস খায়' এখানে 'খায়' কোন কালের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. বর্তমান অনুজ্ঞা খ. ঘটমান বর্তমান গ. সাধারণ অতীত ঘ. সাধারণ বর্তমান **উত্তর: ঘ**

০৫. **'হাসান বই পড়ে' কোন কালের উদাহরণ? / 'সূর্য পূর্ব দিকে ওঠে' বাক্যটির কাল নির্ণয় করুন।** [ডাক বিভাগের মেইল অপারেটর: ২৩]
ক. নিত্যবৃত্ত অতীত খ. সাধারণ অতীত গ. সাধারণ বর্তমান ঘ. সাধারণ ভবিষ্যত **উত্তর: গ**

০৬. **'চন্ডীদাস বলেন, সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই' এটি কোন কালের বাক্য?** [জনতা ব্যাংকের অফিসার: ২৩]
ক. অতীত খ. সাধারণ বর্তমান গ. ঘটমান বর্তমান ঘ. পুরাঘটিত বর্তমান **উত্তর: খ**

০৭. **'চার আর তিনে সাত হয়' কোন কালের উদাহরণ?** [জেলা প্রশাসকের কার্যালয়ের ইউনিয়ন পরিষদ সচিব: ২৩]
ক. বর্তমান অনুজ্ঞা খ. ঘটমান বর্তমান গ. সাধারণ অতীত ঘ. নিত্যবৃত্ত বর্তমান **উত্তর: ঘ**

০৮. **'ভোরে সূর্য উদয় হয়' উদাহরণটি কোন বর্তমান কালের? / 'সন্ধ্যায় সূর্য অস্ত যায়' এটি কোন বর্তমান কালের?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৫]
ক. সাধারণ বর্তমান খ. ঘটমান বর্তমান গ. নিত্যবৃত্ত বর্তমান ঘ. পুরাঘটিত বর্তমান **উত্তর: গ**

০৯. **ঘটমান বর্তমান কালের উদাহরণ কোনটি?** [পল্লী সঞ্চয় ব্যাংকের ক্যাশ সহকারী: ১৮]
ক. বাতিটি নিভে গেল খ. মিতা গান গাইছে গ. বিড়াল ইঁদুর ধরল ঘ. ঝড় আমাদের ভীষণ ক্ষতি করেছে **উত্তর: খ**

১০. **'হাসান বই পড়ছে' কোন কালের উদাহরণ? / 'বালকেরা স্কুলে যাচ্ছে' বাক্যটি কোন ধরনের বর্তমান কাল নির্দেশ করে?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১২]
ক. সাধারণ বর্তমান খ. ঘটমান বর্তমান গ. নিত্যবৃত্ত বর্তমান ঘ. পুরাঘটিত বর্তমান **উত্তর: খ**

১১. **'কাল থেকে পড়া শুরু কর' এটি কোন কালের বিশিষ্ট প্রয়োগ?** গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ০১]
ক. বর্তমান অনুজ্ঞা খ. ঘটমান বর্তমান গ. সাধারণ অতীত ঘ. সাধারণ বর্তমান **উত্তর: খ**

১২. **যে ক্রিয়া কিছু আগে শেষ হয়েছে, কিন্তু তার ফল এখনো রয়েছে তাকে বলে –** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. ঘটমান বর্তমান খ. পুরাঘটিত বর্তমান গ. সাধারণ অতীত ঘ. নিত্যবৃত্ত অতীত **উত্তর: খ**

১৩. **'ত্রিশ লক্ষ শহীদের রক্তে স্বাধীন হয়েছে বাংলাদেশ' এটি কোন কাল?** [শিল্প মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১৯]
ক. সাধারণ বর্তমান খ. ঘটমান বর্তমান গ. নিত্যবৃত্ত বর্তমান ঘ. পুরাঘটিত বর্তমান **উত্তর: ঘ**

১৪. **'এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি' বাক্যটির কাল নির্ণয় করুন।** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. সাধারণ বর্তমান খ. সাধারণ অতীত গ. নিত্যবৃত্ত বর্তমান ঘ. পুরাঘটিত বর্তমান **উত্তর: ঘ**

১৫. **'সে স্কুলে গিয়েছে' বাক্যটি কোন কাল তা নির্ণয় করুন। / 'সে পুরস্কার পেয়েছে' কোন ধরনের বর্তমান কাল?** [বিটিভি'র বিজ্ঞাপন আধিকারিক: ০৬]
ক. সাধারণ বর্তমান খ. ঘটমান বর্তমান গ. বর্তমান অনুজ্ঞা ঘ. পুরাঘটিত বর্তমান **উত্তর: ঘ**

১৬. **'বুকের রক্তে লিখেছি একটি নাম, বাংলাদেশ' বাক্যের ক্রিয়াটি কোন কালের? / বুকের রক্তে লিখেছি একটি নাম, বাংলাদেশ' এই বাক্যের ক্রিয়াটি কোন কালের উদাহরণ ?** [মাউশি অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. সাধারণ বর্তমান খ. সাধারণ অতীত গ. পুরাঘটিত অতীত ঘ. পুরাঘটিত বর্তমান **উত্তর: ঘ**

১৭. **'প্রদীপ নিভে গেল' বাক্যটি কোন কালের?** [বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ২০]
ক. নিত্যবৃত্ত অতীত খ. সাধারণ অতীত গ. পুরাঘটিত অতীত ঘ. ঘটমান অতীত **উত্তর: খ**

১৮. **অতীতের অভ্যাসজনিত কার্য বুঝাতে কোন কাল ব্যবহৃত হয়?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৯]
ক. নিত্যবৃত্ত অতীত খ. সাধারণ অতীত গ. পুরাঘটিত অতীত ঘ. ঘটমান অতীত **উত্তর: ক**

১৯. **নিচের কোনটি নিত্যবৃত্ত অতীত?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৩]
ক. পড়ালাম খ. পড়িয়েছিলাম গ. পড়াতাম ঘ. পড়াব **উত্তর: গ**

২০. **নিচের কোনটি নিত্যবৃত্ত অতীত কালের উদাহরণ?** [পিএসসি'র সহকারী পরিচালক: ০৫]
ক. আকাশ জুরে মেঘ করেছে খ. চোখের আলোয় দেখেছিলাম গ. বেলা যে পড়ে এলো ঘ. গাইতাম গীত শুনি কোকিলের ধ্বনি **উত্তর: ঘ**

২১. **'আগে প্রতি বছর এখানে খেলা হতো' বাক্যটি কোন ধরনের অতীতকাল নির্দেশ করে?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৮]
ক. সাধারণ অতীত খ. ঘটনার অতীত গ. পুরাঘটিত অতীত ঘ. নিত্যবৃত্ত অতীত **উত্তর: ঘ**

২২. **'আমি যদি পাখি হতাম' কোন কালের উদাহরণ? / 'আজ যদি বাবা আসতেন, কেমন মজা হতো' বাক্যটিতে কোন কালের বিশিষ্ট প্রয়োগ ঘটেছে? / 'তুমি যদি যেতে, তবে ভালোই হতো' বাক্যটিতে যেতে শব্দটি ক্রিয়ার কোন কাল?** [কর্ণফুলী গ্যাসক্লের সিনিয়র অফিসার: ২০]

ক. পুরাঘটিত ভবিষ্যত খ. নিত্যবৃত্ত বর্তমান গ. নিত্যবৃত্ত অতীত ঘ. পুরাঘটিত অতীত **উত্তর: গ**

২৩. **'প্রতিদিন ফুল ফুটতো' কোন কাল? / 'শৈশবে আম কুড়াতে আনন্দ পেতাম' কোন কালের উদাহরণ?** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]

ক. সাধারণ অতীত খ. ঘটমান অতীত গ. পুরাঘটিত অতীত ঘ. নিত্যবৃত্ত অতীত **উত্তর: ঘ**

২৪. **'আক্ষেপ বুঝাতে অতীতের স্থলে কোন কাল ব্যবহৃত হয়?** [দুদকের সহকারী উপ-পরিদর্শক: ০৪]

ক. ভবিষ্যৎ খ. ঘটমান অতীত গ. পুরাঘটিত অতীত ঘ. নিত্যবৃত্ত অতীত **উত্তর: ক**

২৫. **'কথাটি বলে থাকব কিন্তু মনে পড়ছে না' বাক্যটি –** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ০৫]

ক. পুরাঘটিত ভবিষ্যৎ খ. ঘটমান ভবিষ্যৎ গ. সাধারণ ভবিষ্যৎ ঘ. নিত্যবৃত্ত ভবিষ্যৎ **উত্তর: ক**

২৬. **কোনটি যৌগিক কালের উদাহরণ নয়?** [৩৯তম বিসিএস]

ক. করেছি খ. করছি গ. করব ঘ. করছিলাম **উত্তর: গ**

২৭. **আদেশ, উপদেশ ও নিষেধ এগুলো ক্রিয়ার কোন ভাব?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]

ক. সাপেক্ষ ভাব খ. অনুজ্ঞা ভাব গ. নির্দেশক ভাব ঘ. আকাঙ্ক্ষা ভাব **উত্তর: খ**

২৮. **অনুজ্ঞা কোন কালে ব্যবহৃত হয়?** [পেট্রোবাংলার সহকারী ব্যবস্থাপক: ১৭]

ক. বর্তমান ও ভবিষ্যৎ খ. বর্তমান ও অতীত গ. ভবিষ্যৎ ও অতীত ঘ. নিত্যবৃত্ত ও ঘটমান অতীত **উত্তর: ক**

২৯. **কোন কালে অনুজ্ঞা ব্যবহৃত হয় না?** [বিআইডব্লিউটিএ'র পরিবহন কর্মকর্তা: ২৩]

ক. বর্তমান খ. অতীত গ. ভবিষ্যৎ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৩০. **বাক্যের অনুজ্ঞা পদগুলো হচ্ছে –** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]

ক. বিশেষ্য পদের রূপ খ. বিশেষণ পদের রূপ গ. সর্বনাম পদের রূপ ঘ. ক্রিয়া পদের রূপ **উত্তর: ঘ**

৩১. **কোনটি অনুজ্ঞা ক্রিয়ার উদাহরণ?** [বিএসএমএমইউ'র সিনিয়র স্টাফ নার্স: ২৩]

ক. যাও খ. খায় গ. লিখে ঘ. গিয়েছিলেন **উত্তর: ক**

৩২. **কোনটি অনুজ্ঞা?** [২১তম বিসিএস]

ক. তুমি যাও খ. তুমি গিয়েছিলে গ. তুমি যাচ্ছিলে ঘ. তুমি যাচ্ছ **উত্তর: ক**

৩৩. **কোন বাক্যটিতে অনুজ্ঞা আছে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]

ক. আবার তোরা মানুষ হ খ. মানুষ মরণশীল গ. সে বই পড়ে ঘ. কুষ্টিয়া বড় শহর **উত্তর: ক**

৩৪. **'ডেকে দেয় পাষণ্ড' বাক্যটিতে ক্রিয়ার ভাবটি –** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]

ক. নির্দেশক খ. অনুজ্ঞাসূচক গ. সাপেক্ষ ঘ. আকাঙ্ক্ষা **উত্তর: খ**

৩৫. **'তোমার মঙ্গল হোক' বাক্যটিতে ক্রিয়ার ভাবটি –** [শিল্প মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১৯]

ক. নির্দেশক খ. অনুজ্ঞাসূচক গ. সাপেক্ষ ঘ. আকাঙ্ক্ষা **উত্তর: খ**

৩৬. **'মা বাবার সেবা কর' বাক্যটি কী ধরনের?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৮]

ক. নির্দেশক খ. অনুজ্ঞাসূচক গ. ইচ্ছাসূচক ঘ. অস্তিবাচক **উত্তর: খ**

৩৭. **'ভাল ফলের চেষ্টা কর' এটি কোন ধরনের বাক্য?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]

ক. ইচ্ছাবোধক খ. নির্দেশাত্মক গ. বিস্ময়বোধক ঘ. অনুজ্ঞাবাচক **উত্তর: ঘ**

৩৮. **'আল্লাহ তোমাকে দীর্ঘজীবী করুন' বাক্যটি কী ধরনের?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৮]

ক. বর্তমান অনুজ্ঞা খ. ঘটমান অতীত গ. ভবিষ্যৎ অনুজ্ঞা ঘ. নিত্যবৃত্ত অতীত **উত্তর: ক**

৩৯. **কোনটি ভবিষ্যত কালের অনুজ্ঞা?** [পিকেবি'র অফিসার: ১৭]

ক. কাজটি করে ফেল খ. সদা সত্য কথা বলবে গ. সত্য কথা গোপন করো না ঘ. আমার কথাটি অবশ্যই মনে করিও **উত্তর: খ**

৪০. **কোন বাক্যে ভবিষ্যতকাল বুঝানো হয়েছে?** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]

ক. চেষ্টা কর বুঝতে পারবে খ. সদা সত্য কথা বলতে হবে গ. রোগ হলে ঔষধ খেতে হবে ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

৪১. **'আমার এ দরখাস্তটা পড়ুন' বর্তমানে 'এ' অনুজ্ঞা দ্বারা কী বুঝায়?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০০]

ক. অনুরোধ খ. প্রার্থনা গ. বিধান ঘ. আদেশ **উত্তর: খ**

৪২. **আদেশ অর্থে অনুজ্ঞার উদাহরণ কোনটি?** [১৫তম শিক্ষক নিবন্ধন]

ক. আমটা খাও খ. সবাই এখানে আসুন গ. সুখী হও ঘ. নিজের দিকে খেয়াল রাখ **উত্তর: ক**

৪৩. **'ধর্ম ও ন্যায়ের পথে চলো' কী অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে?** [১২তম বিজেএস]

ক. অনুরোধ খ. উপদেশ গ. আদেশ ঘ. বিধান **উত্তর: খ**

৪৪. **'ওখানে যাস না' কী অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৯]

ক. প্রার্থনা খ. উপদেশ গ. অভিশাপ ঘ. আদেশ **উত্তর: খ**

৪৫. **'বাড়ি যাও' এটি কোন ধরনের বাক্য?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]

ক. অনুজ্ঞা খ. নিষেধাত্মক গ. আশ্চর্যবোধক ঘ. প্রশ্নবোধক **উত্তর: ক**

৪৬. 'মানুষ হও' এই বাক্যটিতে রয়েছে - [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]
ক. অনুনয় খ. আদেশ গ. অনুরোধ ঘ. উপদেশ **উত্তর: ঘ**

৪৭. কোন বাক্যটি দ্বারা 'অনুরোধ' বুঝায়? [১৮তম বিসিএস]
ক. তুই বাড়ি যা খ. ক্ষমা করা মোর অপরাধ গ. কাল একবার এসো ঘ. দূর হও **উত্তর: গ**

৪৮. 'আজ বাবা বেঁচে থাকলে আমার কষ্ট হতো না' বাক্যটি কোন ভাবের ক্রিয়া? / 'আজ বাবা বেঁচে থাকলে আমার কষ্ট হতো না' বাক্যটির ভাব - [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ০৫]
ক. অনুজ্ঞা ভাব খ. সাপেক্ষ ভাব গ. নির্দেশ ভাব ঘ. অনির্দেশ ভাব **উত্তর: খ**

৪৯. 'ভালো করে পড়লে সফল হবে' বাক্যটিতে ক্রিয়ার কোন ভাবের প্রয়োগ ঘটেছে? [উপজেলা শিক্ষা অফিসার: ৯৬]
ক. নির্দেশক ভাব খ. অনুজ্ঞা ভাব গ. সাপেক্ষ ভাব ঘ. আকাঙ্ক্ষা প্রকাশক ভাব **উত্তর: গ**

৫০. 'দিন যায় কথা থাকে' এখানে 'যায়' কী অর্থে ব্যবহৃত হয়েছে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. গমন খ. অতিবাহিত গ. বলা ঘ. ধারাবাহিকতা **উত্তর: খ**

৫১. 'চারটা বাজলে স্কুল ছুটি হবে' এই বাক্যে 'বাজলে' কী অর্থে ব্যবহৃত হয়েছে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ইচ্ছা খ. কার্য পরম্পরা গ. আবশ্যকতা ঘ. কারণ **উত্তর: খ**

বাক্য

০১. বাক্যের প্রধান তিনটি অংশ - [এনএসআই'র ফিল্ড অফিসার: ২১]
ক. সমাস, উপসর্গ, প্রত্যয় খ. ধ্বনি, শব্দ, বাক্য গ. বিশেষ্য, সর্বনাম, বিশেষণ ঘ. কর্তা, কর্ম, ক্রিয়া **উত্তর: ঘ**

০২. বাক্যের মৌলিক উপাদান কোনটি? / বাক্যের মূল উপকরণ কোনটি? / বাক্যের একক কোনটি? / বাক্যের বৃহত্তম একক কোনটি? [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের উচ্চমান সহকারী: ২৩]
ক. ভাষা খ. ধ্বনি গ. বর্ণ ঘ. শব্দ **উত্তর: ঘ**

০৩. বাক্যের মূল উপাদান কোনটি? / বাক্যের ক্ষুদ্রতম একক কী? / বাক্যের ক্ষুদ্রাংশকে কী বলে? [১৮তম বিসিএস]
ক. উক্তি খ. বিভক্তি গ. উপসর্গ ঘ. ধ্বনি **উত্তর: ঘ**

০৪. বাক্যের বাহন কোনটি? [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১২]
ক. শব্দ খ. পদ গ. আশ্রিত খণ্ডবাক্য ঘ. ধ্বনি **উত্তর: খ**

০৫. প্রতিটি বাক্যে প্রধানত কয়টি অংশ থাকে? [জনতা ব্যাংকের অফিসার: ০৮]
ক. ২ টি খ. ৩ টি গ. ৪ টি ঘ. ৫ টি **উত্তর: ক**

০৬. বাক্যের দুইটি অংশ থাকে - [৪২তম বিসিএস]
ক. উদ্দেশ্য ও বিধেয় খ. সাধু ও চলিত গ. উপমা ও অলংকার ঘ. প্রসাদগুণ ও মাধুর্যগুণ **উত্তর: ক**

০৭. আদর্শ বাক্যের গুণ কয়টি? / একটি আদর্শ বাক্যের কয়টি গুণ থাকা আবশ্যক? [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ড্রাফটম্যান: ২২]
ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৫ **উত্তর: খ**
ব্যাখ্যা: আদর্শ বাক্যের গুণ ৩ টি। যথা- আকাঙ্ক্ষা, আসত্তি ও যোগ্যতা। বাক্যের যোগ্যতার সাথে আবার ৬ টি বিষয় জড়িত। যথা- রীতিসিদ্ধ অর্থবাচকতা, দুর্বোধ্যতা, বাহুল্য দোষ, বাগধারার শব্দ পরিবর্তন, উপমার ভুল প্রয়োগ ও গুরুচন্ডালী দোষ।

০৮. বাক্যের তিনটি গুণ কী কী? [২৯তম বিসিএস]
ক. আকাঙ্ক্ষা, আসক্তি ও বিধেয় খ. আকাঙ্ক্ষা, আসত্তি ও যোগ্যতা গ. যোগ্যতা, উদ্দেশ্য ও বিধেয় ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

০৯. 'আকাঙ্ক্ষা', 'আসত্তি' ও 'যোগ্যতা' এই তিনটি কিসের গুণ? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৩]
ক. শব্দের খ. অর্থের গ. বাক্যের ঘ. পদের **উত্তর: গ**

১০. কোনটি সার্থক বাক্যের বৈশিষ্ট্য? [পূবালী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. শুদ্ধ বানান খ. যোগ্যতা গ. আবেগ ঘ. ক্রিয়ার ব্যবহার **উত্তর: খ**

১১. বাক্য হওয়ার জন্য বাঞ্চনীয় বৈশিষ্ট্য নয় কোনটি? [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. যোগ্যতা খ. মাধুর্য গ. আকাঙ্ক্ষা ঘ. আসত্তি **উত্তর: খ**

১২. কোনটি বাক্যের বৈশিষ্ট্য নয়? / কোনটি সার্থক বাক্যের গুণ নয়? [৩৮তম বিসিএস]
ক. যোগ্যতা খ. আকাঙ্ক্ষা গ. আসক্তি ঘ. আসত্তি **উত্তর: গ**

১৩. কোনটি বাক্যের আবশ্যিক বৈশিষ্ট্য নয়? [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৮]
ক. অর্থসংগতি খ. অন্যপদের আকাঙ্ক্ষা না থাকা গ. পদগত অন্বয় ঘ. অপরিবর্তনযোগ্য পদক্রম **উত্তর: ঘ**

১৪. বাক্যে এক পদের পর অন্যপদ শোনার ইচ্ছাকে কী বলে? [৮ম প্রভাষক নিবন্ধন]
ক. আসক্তি খ. আকাঙ্ক্ষা গ. যোগ্যতা ঘ. আসত্তি **উত্তর: খ**

১৫. 'মেঘ বরষা গরজে ঘন গগনে' বাক্যে কোন গুণের অভাব রয়েছে? / 'বাজার শেষ করে বাড়ি' বাক্যটিতে কোন গুণের অভাব রয়েছে? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৬]
ক. যোগ্যতা খ. আকাঙ্ক্ষা গ. আসত্তি ঘ. মাধুর্য **উত্তর: খ**

১৬. শব্দের যোগ্যতার সাথে কয়টি বিষয় জড়িত? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. ৩ খ. ৪ গ. ৫ ঘ. ৬ **উত্তর: ঘ**

১৭. **'কাজটি শেষ করার জন্য সে আদা-কাঁচকলা খেয়ে নেমেছে' বাক্যটি কী ধরিয়েছে? / 'গরু মাংস খায়' বাক্যটি অসম্পূর্ণ কেন? / 'রান্নিতে রৌদ্র হয়' বাক্যটিতে কীসের অভাব?** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ২০]

ক. আকাঙ্ক্ষা খ. আসত্তি গ. যোগ্যতা ঘ. পদক্রম **উত্তর: গ**

১৮. **'মাছেরা আকাশে ওড়ে' বাক্যটিতে কোন গুণের অভাব রয়েছে? / 'সূর্য পশ্চিম দিকে ওঠে' বাক্যটিতে কীসের অভাব?** [নির্বাচন কমিশন সচিবালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]

ক. আকাঙ্ক্ষা খ. আসত্তি গ. যোগ্যতা ঘ. পদক্রম **উত্তর: গ**

১৯. **বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই হলো -** [বাংলাদেশ রেলওয়ের সহকারী সার্জন: ০৫]

ক. মাধুর্য খ. আসত্তি গ. আকাঙ্ক্ষা ঘ. যোগ্যতা **উত্তর: খ**

২০. **গঠন অনুসারে বাক্য কত প্রকার?** [মাউশি অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]

ক. দুই প্রকার খ. পাঁচ প্রকার গ. ছয় প্রকার ঘ. তিন প্রকার **উত্তর: ঘ**

ব্যাখ্যা: গঠন অনুসারে বাক্য তিন প্রকার। যথা- সরল, জটিল ও যৌগিক বাক্য। ড. সুনীতিকুমারের চট্টোপাধ্যায়ের মতে, অর্থগতভাবে বাক্য ৭ প্রকার। যথা- নির্দেশাত্মক বা বিবৃতিমূলক, প্রশ্নসূচক, আদেশবাচক বা অনুজ্ঞাসূচক, বিস্ময়সূচক বা আবেগসূচক, ইচ্ছাসূচক বা প্রার্থনাসূচক, কার্যকারণাত্মক বা শর্তসূচক, সন্দেহদ্যোতক বাক্য।

২১. **ড. সুনীতিকুমারের চট্টোপাধ্যায়ের মতে, অর্থগতভাবে বাক্য কত প্রকার?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক: ১৩]

ক. ৫ খ. ৬ গ. ৭ ঘ. ৮ **উত্তর: গ**

২২. **সাধারণত বাংলা বাক্যে -** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৫]

ক. ক্রিয়ার পর কর্ম বসে খ. কর্তার পর কর্ম, তারপর ক্রিয়া বসে

গ. কর্মের পর ক্রিয়া, তারপর কর্তা বসে ঘ. কর্ম, কর্তা ও ক্রিয়ার অবস্থান পরিবর্তনশীল **উত্তর: খ**

২৩. **নিচের কোনটি সরল বাক্য তা চিহ্নিত করুন।** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৭]

ক. ইহাদের মত রূপবতী রমণী আমার অন্তঃপুরে নাই খ. ইহারা যেরূপ, এরূপ রূপবতী রমণী আমার অন্তঃপুরের বাইরে আছে

গ. ইহারা যেরূপ, এরূপ রূপবতী রমণী আমার অন্তঃপুরে অনুপস্থিত ঘ. ইহারা যেরূপ, এরূপ রূপবতী রমণী আমার অন্তঃপুরে নাই **উত্তর: ক**

২৪. **'আমার জ্বর জ্বর লাগছে' এট কোন ধরনের বাক্য? / 'জ্ঞানী লোক সকলের শ্রদ্ধার পাত্র' এটি কোন ধরনের বাক্য? / 'পরীক্ষা ভালো না হলে ভর্তি হওয়া যাবে না' এটি কোন ধরনের বাক্য?** [এলজিইডি'র সার্ভেয়ার: ২৩]

ক. জটিল বাক্য খ. সরল বাক্য গ. যৌগিক বাক্য ঘ. মিশ্র বাক্য **উত্তর: খ**

২৫. **'তার বয়স বাড়লেও বুদ্ধি বাড়েনি' এটি কোন ধরনের বাক্য? / 'তার বয়স হলেও বুদ্ধি বাড়েনি' এটি কোন ধরনের বাক্য?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২২]

ক. সরল বাক্য খ. জটিল বাক্য গ. যৌগিক বাক্য ঘ. ব্যাস বাক্য **উত্তর: ক**

২৬. **'কর্মরত ব্যক্তিকে বিরক্ত করো না' এটি কোন বাক্য? / 'বুড়ীকে পকেট থেকে কিছু পয়সা বার করে দিলাম' গঠন অনুসারে বাক্যটি যে ধরনের -** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৯]

ক. যৌগিক খ. জটিল গ. সরল ঘ. মিশ্র **উত্তর: গ**

২৭. **'বিপদে মোরে রক্ষা করো এ নহে মোর প্রার্থনা' এটি কোন বাক্য? / 'মিথ্যাবাদীকে কেউ ভালবাসে না' এটি কোন ধরনের বাক্য?** [মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্টোর কিপার: ২১]

ক. ব্যাস খ. সরল গ. যৌগিক ঘ. জটিল বা মিশ্র **উত্তর: খ**

২৮. **'পুকুরে পদ্মফুল জন্মে' এটি কোন ধরনের বাক্য? / 'মেঘ গর্জন করলে ময়ুর নৃত্য করে' এটি কোন ধরনের বাক্য?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ২৩]

ক. সরল খ. যৌগিক গ. মিশ্র ঘ. বিবৃতিমূলক **উত্তর: ক**

২৯. **'সকল অহংকার হে আমার ডুবাও চোখের জলে' বাক্যটি - / 'রক্ষকই ভক্ষক' বাক্যটি কোন জাতীয় বাক্য?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২২]

ক. সরল খ. জটিল গ. যৌগিক ঘ. মিশ্র **উত্তর: ক**

৩০. **'সত্য কথা না বলে বিপদে পড়েছি' এটা কোন বাক্য? / 'সুশিক্ষিত লোক মানেই স্বশিক্ষিত' এটি কোন ধরনের বাক্য?** [জীবন বীমা কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২০]

ক. মিশ্র খ. যৌগিক গ. জটিল ঘ. সরল **উত্তর: ঘ**

৩১. **'শিক্ষিত লোকেরা অত্যন্ত বুদ্ধিমান' এটি কোন ধরনের বাক্য? / 'শরাসনে সন্ধিত শর আশু প্রতিসংহার করুন' এটি কোন ধরনের বাক্য?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]

ক. সরল বাক্য খ. যৌগিক বাক্য গ. জটিল বাক্য ঘ. খণ্ডবাক্য **উত্তর: ক**

৩২. **'বিপদ এবং দুঃখ একই সঙ্গে আসে' কোন ধরনের বাক্য? / 'বিপদ এবং দুঃখ এক সময়ে আসে' কোন বাক্য?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ১৯]

ক. সরল খ. যৌগিক গ. জটিল ঘ. মিশ্র **উত্তর: ক**

৩৩. **'হযরত মোহাম্মদ (স.) ছিলেন একজন আদর্শ মানব' এটি কোন ধরনের বাক্যের উদাহরণ?** [১৭তম বিসিএস]

ক. মিশ্র খ. জটিল গ. যৌগিক ঘ. সরল **উত্তর: ঘ**

৩৪. **'ছোট কিন্তু রসে ভরা' বাক্যটির সরল রূপ কোনটি?** [বিআরডিবি'র ইউআরডিও: ১৫]

ক. ছোট ও রসে ভরা খ. রসে ভরা ছোট চিঠি গ. ছোট হলেও রসে ভরা ঘ. যদিও ছোট, তবু রসে ভরা **উত্তর: গ**

৩৫. **'যেমন কাজ করবে, তেমন ফল পাবে' বাক্যটির সরল রূপ কোনটি?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]

ক. কাজ অনুযায়ী ফল পাবে খ. যেমন কর্ম তেমন ফল গ. ফলেই কর্মের পরিচয় ঘ. কাজের উপর ফল নির্ভর করে **উত্তর: ক**

৩৬. **'যদি আমার কথা না শুন, ভবিষ্যতে অনুতাপ করবে' বাক্যটির সরল রূপ কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ১০]
ক. আমার কথা শুনলে অনুতাপ করবে
খ. আমার কথা না শুনলে অনুতাপ করবে
গ. আমার কথা না শুনলে ভবিষ্যতে অনুতাপ করবে
ঘ. ভবিষ্যতে আমার কথা না শুনলে অনুতাপ করবে
উত্তর: খ

৩৭. **'যে সব পশু মাংস খায়, তারা অনেক বলবান হয়' বাক্যটির সরল রূপ কোনটি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ইন্সট্রাক্টর: ২৩]
ক. সকল মাংসাশী পশুই বলবান বৈ কি
খ. সকল মাংসাশী পশুই খুব বলবান হয়
গ. মাংসাশী পশুমাত্রই কি বলবান হয় না
ঘ. মাংসাশী পশুরা মাংস খায়, তাই বলবান হয়
উত্তর: খ

৩৮. **'ভয়াল শব্দে বাজ পড়ছে, এর বিরাম নেই' বাক্যটির সরল রূপ কোনটি?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৩]
ক. অবিরাম ভয়াল শব্দে বাজ পড়ছে
খ. বাজ পড়ছে ভয়াল শব্দে, অবিরাম
গ. ভয়াল শব্দ তবু বাজ পড়ার বিরাম নেই
ঘ. বিরামহীন ভয়াল শব্দ হচ্ছে আর বাজ পড়ছে
উত্তর: ক

৩৯. **'আমি জানতাম, বাংলাদেশ জিতবেই' এটি কোন ধরনের বাক্য? / আমি জানি যে সে চলে যাবে' এটা কোন ধরনের বাক্য? / 'একটু আগে যিনি এখানে এসেছিলেন তিনি আমার আত্মীয় নন' কোন ধরনের বাক্য?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. যৌগিক
খ. সরল
গ. খণ্ড
ঘ. জটিল বা মিশ্র
উত্তর: ঘ

৪০. **'এমন দিনে তারে বলা যায়, এমন ঘন ঘোর বরিষায়' কোন ধরনের বাক্য? / 'কোথাও পথ পেলাম না বলে তোমার কাছে এসেছি' এটি কোন ধরনের বাক্য? / 'খাঁটি সোনার চাইতে খাঁটি আমার দেশের মাটি' এটি কোন ধরনের বাক্য?** [এনএসআই'র সহকারী ফিল্ড স্টাফ: ২৩]
ক. সরল বাক্য
খ. জটিল বাক্য
গ. যৌগিক বাক্য
ঘ. যোগরূঢ় বাক্য
উত্তর: খ

৪১. **'তুমি আসবে বলে আমি অপেক্ষা করছি' এটি কোন ধরনের বাক্য? / 'তুমি আসবে বলে হে স্বাধীনতা, সখিনা বিবির কপাল ভাঙল' এটি কোন ধরনের বাক্যের উদাহরণ?** [৩৩তম বিসিএস]
ক. সরল বাক্য
খ. মিশ্র বা জটিল বাক্য
গ. যৌগিক বাক্য
ঘ. বিভ্রমপূর্ণ বাক্য
উত্তর: খ

৪২. **'মা ছিল না বলে কেউ তার চুল বেঁধে দেয়নি' এটি একটি - / 'তিনি যখন চাঁদপুরে থাকতেন, তখন প্রত্যহ নদীর তীরে হাঁটতেন' এটি কোন ধরনের বাক্য? / 'নিঃশেষে প্রাণ যে করিবে দান, ক্ষয় নাই তাঁর ক্ষয় নাই' বাক্যটি -** [৩২তম বিসিএস]
ক. জটিল বা মিশ্র বাক্য
খ. যৌগিক বাক্য
গ. সরল বাক্য
ঘ. কোনোটিই নয়
উত্তর: ক

৪৩. **'যিনি বিদ্বান, তিনি সর্বত্র আদরণীয়' এটি কোন ধরনের বাক্য? / 'যদি বৃষ্টি হয়, তবে বের হব না' বাক্যটি কোন ধরনের?** [৪৩তম বিসিএস]
ক. সরল বাক্য
খ. জটিল বা মিশ্র বাক্য
গ. যৌগিক বাক্য
ঘ. খন্ড বাক্য
উত্তর: খ

৪৪. **'যদি সত্য বল, তাহলে মুক্তি পাবে' কোন ধরনের বাক্য? / 'যেই তার দর্শন পেলাম, সেই আমরা প্রস্থান করলাম' এটি কোন জাতীয় বাক্য?** [২৬তম বিসিএস]
ক. সরল বাক্য
খ. যৌগিক বাক্য
গ. মৌলিক বাক্য
ঘ. জটিল বা মিশ্র বাক্য
উত্তর: ঘ

৪৫. **'যেহেতু তুমি বেশি নম্বর পেয়েছ, সুতরাং তুমি প্রথম হবে' এটি কোন ধরনের বাক্য? / 'যতই পরিশ্রম করবে, ততই ফল পাবে' এটি কোন জাতীয় বাক্য? / 'যতই করিবে দান, ততই বেড়ে যাবে' এটি কোন ধরনের বাক্য?** [২৫তম বিসিএস]
ক. সরল
খ. জটিল বা মিশ্র বাক্য
গ. যৌগিক
ঘ. অনুজ্ঞামূলক
উত্তর: খ

৪৬. **'যদি তোর ডাক শুনে কেউ না আসে, তবে একলা চলো রে' এটি কোন ধরনের বাক্য? / 'যদি তারে নাই চিনি গো, সে কি আমায় নেবে চিনে' এটি কোন ধরনের বাক্য?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. জটিল বা মিশ্র বাক্য
খ. যৌগিক বাক্য
গ. মৌলিক বাক্য
ঘ. সরল বাক্য
উত্তর: ক

৪৭. **'যে ভিক্ষা চায় তাঁকে দান কর' কোন বাক্যের উদাহরণ? / 'যখন তোমার হাতে টাকা হবে, তখন আমাকে দিও' এটি কোন ধরনের বাক্য?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার: ১৭]
ক. জটিল বা মিশ্র বাক্য
খ. সরল বাক্য
গ. যৌগিক বাক্য
ঘ. যোগরূঢ় বাক্য
উত্তর: ক

৪৮. **'লেখাপড়া করে যে গাড়ি ঘোড়া চড়ে সে' এটি কোন ধরনের বাক্য? / 'লোকটি যদিও ধনী, তবুও সে কৃপণ' এটি কোন ধরনের বাক্য?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. যৌগিক
খ. সরল
গ. জটিল
ঘ. খণ্ড
উত্তর: গ

৪৯. **'সত্যি সেলুকাস, এ দেশ বড় বিচিত্র' এটি কোন বাক্য? / 'সে যে কোথায় তা আমার জানা নাই' এটি কোন ধরনের বাক্য?** [সিজিএ কার্যালয়ের কম্পিউটার অপারেটর: ২২]
ক. সংযুক্ত বাক্য
খ. যৌগিক বাক্য
গ. সরল বাক্য
ঘ. জটিল বাক্য
উত্তর: ঘ

৫০. **'ফরিয়াদি প্রসন্ন গোয়ালিনী' এর জটিল বাক্য হলো -** [আইন মন্ত্রণালয়ের অফিস সহকারী: ০১]
ক. যে ফরিয়াদি সে প্রসন্ন গোয়ালিনী
খ. ফরিয়াদি রূপে সে প্রসন্ন গোয়ালিনী
গ. ফরিয়াদির নাম হলো প্রসন্ন গোয়ালিনী
ঘ. উপরের সবগুলোই
উত্তর: ক

৫১. **যৌগিক বাক্যের অন্যতম গুণ কী?** [১৪তম বিসিএস]
ক. দুইটি মিশ্র বাক্যের সাহায্যে বাক্য গঠন
খ. একটি সংযুক্ত ও একটি বিযুক্ত বাক্যের সাহায্যে বাক্য গঠন
গ. দুইটি সরল বাক্যের সাহায্যে বাক্য গঠন
ঘ. একটি জটিল ও একটি সরল বাক্যের সাহায্যে বাক্য গঠন
উত্তর: গ

৫২. **কোনটি যৌগিক বাক্য?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. তুমি আমার বাড়িতে এস, আমি খুশি হব
খ. তুমি আমার বাড়িতে আসলে আমি খুশি হব
গ. তুমি আমার বাড়িতে না আসলে আমি অখুশি হব
ঘ. তুমি যদি আমার বাড়িতে আস আমি খুশি হব
উত্তর: ক

৫৩. **নিচের কোনটি যৌগিক বাক্য?** [৪২তম বিসিএস]
ক. ছেলেটি চঞ্চল তবে মেধাবী
খ. তিনি বেড়াতে এসে কেনাকাটা করলেন
গ. মহৎ মানুষ বলে সবাই তাঁকে সম্মান করেন
ঘ. দোষ স্বীকার করলে তোমাকে শাস্তি দেওয়া হবে না
উত্তর: ক

৫৪. **'আমি যাব, তবে কাল যাব' এটি কোন শ্রেণির বাক্য? / 'আমি এসেছি, কারণ তোমাকে নিয়ে যাব' এটি কোন শ্রেণির বাক্য? / 'মুখে শুনে উত্তর দাও নতুবা ভুল হবে' বাক্যটি কোন শ্রেণির?** [পৌরসভাসমূহের সহকারী পরীক্ষক: ২৩]
ক. সরল বাক্য
খ. জটিল বাক্য
গ. মিশ্র বাক্য
ঘ. যৌগিক বাক্য
উত্তর: ঘ

৫৫. **'তাঁর চুল পেকেছে, কিন্তু বুদ্ধি পাকেনি' এটি কোন ধরনের বাক্য? / 'তাঁর বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি পাকেনি' এটি কোন ধরনের বাক্য? / 'তাঁর বয়স বেড়েছে, কিন্তু বুদ্ধি বাড়েনি' এটি কোন ধরনের বাক্য?** [৯ম বিজেএস]
ক. সরল বাক্য
খ. জটিল বাক্য
গ. যৌগিক বাক্য
ঘ. মিশ্র বাক্য
উত্তর: গ

৫৬. **'তিনি ধনী কিন্তু কৃপণ' কোন জাতীয় বাক্যের উদাহরণ? / 'তিনি সৎ কিন্তু কৃপণ' কোন ধরনের বাক্য? / 'তার টাকা আছে কিন্তু তিনি দান করেন না' কোন ধরনের বাক্য? / 'লোকটি ধনী কিন্তু কৃপণ' কোন ধরনের বাক্য?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. যৌগিক
খ. জটিল
গ. সরল
ঘ. খণ্ড
উত্তর: ক

৫৭. **'তিনি এলেন, দেখলেন, জয় করলেন' বাক্যটি - / 'তাহার হাসিতে গান, তাহার কান্নায় গান' এটি কোন ধরনের বাক্য? / 'ধনীদের ধন আছে কিন্তু তারা প্রায়ই কৃপণ হয়' বাক্যটি কোন শ্রেণির?** [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৭]
ক. জটিল
খ. সরল
গ. যৌগিক
ঘ. সাধারণ
উত্তর: গ

৫৮. **'নিকট এবং দূর এই দুই নিয়েই আমাদের যত কিছু কারবার' বাক্যটি - / 'পড়াশুনা করো, তাহা হইলে জীবনে উন্নতি লাভ করিতে পারিবে' এটি কোন ধরনের বাক্য? / 'বোকা হও, নইলে দুঃখ পাও' এটি হলো -** [বিআইডব্লিউটিএ'র পরিবহন কর্মকর্তা: ২৩]
ক. জটিল
খ. সরল
গ. যৌগিক
ঘ. সাধারণ
উত্তর: গ

৫৯. **'সে যেতে চায়, তথাপি বসে আছে' এটি কোন শ্রেণির বাক্য? / 'সে আসতে চায়, তথাপি আসে না' এটি কোন শ্রেণির বাক্য?** [সিটি ব্যাংকের প্রবেশনারী অফিসার: ১১]
ক. সরল বাক্য
খ. জটিল বাক্য
গ. যৌগিক বাক্য
ঘ. নির্দেশাত্মক বাক্য
উত্তর: গ

৬০. **'সে না এলে তুমি যাবে না, কিন্তু সে বলে পাঠিয়েছে যে তাঁর আসতে দেরি হবে' এটি কোন ধরনের বাক্য? / 'সুখী মানুষ সূর্যোদয়ে আনন্দিত হয় এবং রাত্রির আগমনে পুলকিত হয়ে থাকে' কোন ধরনের বাক্য?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৬]
ক. সরল
খ. মিশ্র
গ. জটিল
ঘ. যৌগিক
উত্তর: ঘ

৬১. **'সাফল্য চাও তবে পরিশ্রম করো' বাক্যটি কোন শ্রেণির বাক্য? / 'সত্য কথা বলিনি, তাই বিপদে পড়েছি' কোন শ্রেণির বাক্য?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. সরল
খ. জটিল
গ. মিশ্র
ঘ. যৌগিক
উত্তর: ঘ

৬২. **'গাড়িঘোড়া চড়লে লেখাপড়া কর' এই সরল বাক্যটির যৌগিকরূপ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]
ক. লেখাপড়া করে যেই, গাড়িঘোড়া চড়ে সেই
খ. লেখাপড়া কর, গাড়িঘোড়ায় চড়তে পারবে
গ. লেখাপড়া কর, তাহলে গাড়িঘোড়ায় চড়তে পারবে
ঘ. গাড়িঘোড়ায় চড়ার জন্য প্রয়োজন লেখাপড়া
উত্তর: গ

৬৩. **'সে কি যাবে?' এটি কোন ধরনের বাক্য?** [পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]
ক. আদেশমূলক
খ. বিবৃতিমূলক
গ. প্রশ্নসূচক
ঘ. বিস্ময়সূচক
উত্তর: গ

৬৪. **'পরীক্ষায় সফল হও' এটি কোন ধরনের বাক্য?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. ইচ্ছাসূচক
খ. প্রশ্নসূচক
গ. আদেশসূচক
ঘ. বিস্ময়বোধক
উত্তর: ক

৬৫. **'কর্ম কর, অনুরূপ ফল পাবে' গঠন অনুসারে এটি কোন ধরনের বাক্য?** [১২তম বিজেএস]
ক. সরল
খ. জটিল
গ. যৌগিক
ঘ. কার্যকারণাত্মক
উত্তর: গ, ঘ

৬৬. **'বাংলাদেশ যেন জয়লাভ করে' এটি কোন ধরনের বাক্য?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. আবেগসূচক
খ. প্রার্থনাসূচক
গ. বর্ণনাত্মক
ঘ. অনুজ্ঞাসূচক
উত্তর: খ

৬৭. **'সারাদিন আমি যেন ভালো হয়ে চলি' এটি কোন ধরনের বাক্য?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ০৫]
ক. ইচ্ছাবাচক
খ. সন্দেহবাচক
গ. কার্যকারণবাচক
ঘ. অনুজ্ঞাসূচক
উত্তর: ক

৬৮. **'বল বীর বল উন্নত মম শির' বাক্যটি কী?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৯]
ক. ইচ্ছাসূচক
খ. প্রশ্নসূচক
গ. আদেশসূচক
ঘ. বিস্ময়বোধক
উত্তর: গ

৬৯. **'এবার আমার একটি ভালো অভিজ্ঞতা হলো' কী ধরনের বাক্য? / 'এবার আমার একটি বিচিত্র অভিজ্ঞতা হলো' এটা কোন ধরনের বাক্য?** [৪১তম বিসিএস]
ক. ইচ্ছাবোধক
খ. নির্দেশাত্মক
গ. বিস্ময়বোধক
ঘ. অনুজ্ঞাবাচক
উত্তর: খ

৭০. **'হে সিন্ধু! বন্ধু মোর-মজিনু তব রূপে' এটি কোন ধরনের বাক্য?** [এনএসআই'র ফিল্ড অফিসার: ২৩]
ক. কার্যকারণাত্মক
খ. প্রার্থনাসূচক
গ. বিস্ময়সূচক
ঘ. অনুজ্ঞাসূচক
উত্তর: গ

৭১. **'পড়া শেষে খেলতে যাবো' এই বাক্যে কোন লক্ষণ প্রকাশিত?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]
ক. স্পৃহা
খ. আসক্তি
গ. অভ্যাস
ঘ. অভিপ্রায়
উত্তর: ঘ

৭২. **'প্রায় চমকে উঠেছিলাম বোধ হয়' কোন ধরনের বাক্য?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ০১]
ক. অনুজ্ঞাবাচক
খ. নির্দেশক
গ. সন্দেহবাচক
ঘ. আবেগবাচক
উত্তর: গ

৭৩. **'খোদা তোমার মঙ্গল করুক' বাক্যটি কী অর্থে ব্যবহার করা হয়েছে? / 'খোদা আপনার মঙ্গল করুন' বাক্যটি কী অর্থে ব্যবহার করা হয়েছে?** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]

ক. উপকার খ. প্রার্থনা গ. বিধান ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৭৪. **'নালিশটা অযৌক্তিক' কোন ধরনের বাক্য? / 'পৃথিবী অস্থায়ী' কোন ধরনের বাক্য? / 'সবাই সুখী হতে চায়' কোন ধরনের বাক্য? / 'বিবাহ সম্পর্কে আমার মত যাচাই করা অনাবশ্যক ছিল' এটি কোন ধরনের বাক্য?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৯]

ক. নেতিবাচক খ. অস্তিবাচক গ. অনুজ্ঞাবাচক ঘ. প্রশ্নবাচক **উত্তর: খ**

৭৫. **'পৃথিবী চিরস্থায়ী নয়' কোন ধরনের বাক্য?** [১১তম প্রভাষক নিবন্ধন]

ক. অস্তিবাচক খ. নেতিবাচক গ. অনুজ্ঞাবাচক ঘ. প্রশ্নবাচক **উত্তর: খ**

৭৬. **'কেউ কিছু বলছে না' বাক্যটির অস্তিবাচক রূপ কোনটি?** [জনতা ব্যাংকের অফিসার: ১৫]

ক. সবাই চুপচাপ খ. কেউ কিছু বলছে গ. কেউ কিছু বলতে চাইছে ঘ. কেউ কিছু না বলে থাকছে না **উত্তর: ক**

৭৭. **'তুই যেতে পারবি না' এ বাক্যটির অস্তিবাচক রূপ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৩]

ক. তুই যেতে পারবি খ. তোকে থাকতে হবে গ. তোকে যেতে হবে ঘ. তুই না গিয়ে পারবি না **উত্তর: খ**

৭৮. **'তাদের ভুলটা ভাঙতে দেরি হয় না' নেতিবাচক বাক্যটির অস্তিবাচক রূপ -** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহকারী: ১১]

ক. ভুলটা ভাঙতে দেরি হয় খ. অচিরেই তাদের ভুল ভাঙে গ. তাদের ভুলটা দেরিতে ভাঙে ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৭৯. **'তারা কোথাও যাবে না' নেতিবাচক বাক্যটির অস্তিবাচক রূপ -** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার: ০৭]

ক. তারা এখানে থাকবে খ. তারা কোথাও যাবে গ. তারা এখানে আসবে ঘ. তারা কোথাও যেতে চায় **উত্তর: ক**

৮০. **'তাতে সমাজজীবন চলে না' এ বাক্যটির অস্তিবাচক রূপ কোনটি?** [১২তম বিজেএস]

ক. তাতে সমাজজীবন চলে খ. তাতে না সমাজজীবন চলে

গ. তাতে সমাজজীবন অচল হয়ে পড়ে ঘ. তাতে সমাজজীবন সচল হয়ে পড়ে **উত্তর: গ**

৮১. **'সে অপরাধ করেনি' বাক্যটির অস্তিবাচক রূপ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]

ক. সে নিরপরাধ খ. সে অপরাধী নয় গ. সে অপরাধ করেছে ঘ. সে অপরাধ না করে পারেনি **উত্তর: ক**

৮২. **নিচের কোনটি নেতিবাচক বাক্য?** [পিএসসি'র সহকারী পরিচালক: ০৬]

ক. হৈম কি তাহার অর্থ বুঝিল না খ. হৈম তাহার অর্থ বুঝিল

গ. হৈম তাহার অর্থ বুঝিতে ব্যর্থ হইল ঘ. হৈম তাহার অর্থ বুঝিল না **উত্তর: ঘ**

৮৩. **'প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে' কোন ধরনের বাক্য?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]

ক. নেতিবাচক খ. অস্তিবাচক গ. অনুজ্ঞাবাচক ঘ. প্রশ্নবাচক **উত্তর: খ**

৮৪. **'প্রিয়ংবদা যথার্থ কহিয়াছে' বাক্যটির নেতিবাচক রূপ নিচের কোনটি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৮]

ক. প্রিয়ংবদা যথার্থ কহে নাই খ. প্রিয়ংবদা অযথার্থ কহিয়াছে গ. প্রিয়ংবদা অযথার্থ কহে নাই ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

৮৫. **'পরিস্থিতি স্বাভাবিক' বাক্যটির নেতিবাচক রূপ নিচের কোনটি?** [গুচ্ছ ভর্তি: ২২-২৩]

ক. পরিস্থিতি স্বাভাবিক নয় খ. পরিস্থিতি অস্বাভাবিক নয় গ. পরিস্থিতি যে স্বাভাবিক তা নয় ঘ. পরিস্থিতিকে স্বাভাবিক বলা চলে না **উত্তর: খ**

৮৬. **'এমন দিনে তারে বলা যায়' বাক্যটির নেতিবাচক রূপ -** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ২৩]

ক. এমন দিনে তারা বলা যায় না খ. এমনি দিনে তারে যায় না বলা

গ. এমন দিনে তারে বলা যায় কি? ঘ. এমন দিনে তারে না বলে পারা যায় না **উত্তর: ঘ**

৮৭. **'মিথ্যাবাদীকে সবাই অপছন্দ করে' বাক্যটিকে নেতিবাচক বাক্যে রূপান্তর করলে হয় -** [৩৬তম বিসিএস]

ক. মিথ্যাবাদীকে সবাই পছন্দ করে খ. মিথ্যাবাদীকে কেউ অপছন্দ করে না।

গ. মিথ্যাবাদীকে কেউ পছন্দ করে না ঘ. মিথ্যাবাদীকে সবাই পছন্দ না করে পারে না **উত্তর: গ**

৮৮. **'তবু না বলা কথাটি সবাই মেনে নেয়' বাক্যটির নেতিবাচক রূপ -** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৮]

ক. তবু না বলা কথাটি সবাই মেনে নেয় না খ. তবু না বলা কথাটি সবার মানতে হয়

গ. তবু না বলা কথাটি সবার না মানার উপায় থাকে না ঘ. তবু না বলা কথাটি সবাই মেনে না নিয়ে পারে না **উত্তর: ঘ**

বচন ও সংখ্যাবাচক শব্দ

০১. **'বচন' অর্থ কী? / এক কথায় বচনকে কী বলে? / 'বচন' বলতে কোন বিষয়ের ধারণা বোঝায়? / পদের যে রূপ দ্বারা সংখ্যার ধারণা জন্মে তাকে বলে -** [১৮তম বিসিএস]

ক. সংখ্যার ধারণা খ. গণনার ধারণা গ. ক্রমের ধারণা ঘ. পরিমাপের ধারণা **উত্তর: ক**

০২. **পদের যে রূপ দ্বারা সংখ্যার ধারণা জন্মে তাকে বলে -** [৮ম প্রভাষক নিবন্ধন]

ক. পুরুষ খ. ধ্বনি গ. বচন ঘ. লিঙ্গ **উত্তর: গ**

০৩. **কোন ধরনের শব্দে বচনভেদ হয়?** [প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৪]

ক. বিশেষ্য ও সর্বনাম খ. বিশেষ্য ও বিশেষণ গ. সর্বনাম ও অব্যয় ঘ. অব্যয় ও ক্রিয়া **উত্তর: ক**

০৪. **শুধু বিশেষ্য ও সর্বনাম জাতীয় শব্দের কী হয়?** [ডাচ-বাংলা ব্যাংকের এমটিও: ১২]

ক. ভাষাভেদ খ. বচনভেদ গ. লিঙ্গভেদ ঘ. পদভেদ **উত্তর: খ**

০৫. **কোনটি একবচন নির্দেশক? / নিচের কোনটি একবচন বাচক নির্দেশক?** [আইসিবি ব্যাংকের অফিসার: ১৪]
ক. গুলি, গুলো, গ্রাম পুঞ্জ খ. রা, গণ, বৃন্দ, বর্গ গ. টি, টা, খানা, খানি ঘ. পাল, যুথ, সব, সকল **উত্তর: গ**

০৬. **'তৃতীয়' শব্দটি কোন বচন?** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর: ১৮]
ক. একবচন খ. দ্বিবচন গ. বহুবচন ঘ. শ্রেণিবচন **উত্তর: ক**

০৭. **নিচের কোনটি এক বচনের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৮]
ক. মানুষ মরণশীল খ. লোকে বলে গ. ডাক্তার রোগী দেখছে ঘ. বনে বাঘ বাস করে **উত্তর: গ**

০৮. **কোনটি একবচনের উদাহরণ?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের উচ্চমান সহকারী: ২৩]
ক. বনে বাঘ থাকে খ. শিক্ষক ছাত্র পড়াচ্ছেন গ. মানুষ মরণশীল ঘ. লোকে বলে **উত্তর: খ**

০৯. **নিচের কোনটি একবচনের দৃষ্টান্ত নয়?** [পূবালী ব্যাংকের অফিসার: ১৪]
ক. মেয়েটি খ. একজন কবি গ. একটি জীবন ঘ. বড় বড় গাছ **উত্তর: ঘ**

১০. **বহুবচনজ্ঞাপক শব্দবিভক্তি** – [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৪]
ক. গাছ খ. গাছা গ. গজ ঘ. গ্রাম **উত্তর: ঘ**
ব্যাখ্যা: বহুত্ববাচক শব্দগুলো হলো আবলি, এরা, কুল, গুলি, গুলো, গুলা, নিচয়, নিকর, দের, দাম, পাল, গ্রাম, বৃন্দ, বর্গ, মালা, মহল, রা, রাজি, রাশি, সব, সকল, সমুদয়, সভা প্রভৃতি।

১১. **নিচের কোনটি বহুবচন বাচক শব্দ?** [পূবালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৪]
ক. রচনাবলি খ. পুষ্পকীট গ. পন্ডিতপ্রবর ঘ. রত্নগর্ভা **উত্তর: ক**

১২. **নিচের কোন বহুবচনটি সঠিক?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]
ক. মনুষ্যসকল খ. মনুষ্যসমূহ গ. পাখিসব ঘ. ক, খ, গ সবগুলোই **উত্তর: ঘ**

১৩. **কোনটি সঠিক বহুবচন?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ০৪]
ক. মন্ত্রীগণ খ. শিক্ষকগণ গ. শিক্ষকমন্ডলী ঘ. সাহেবাগণ **উত্তর: গ**

১৪. **নিচের কোন শব্দ বহুবচন জ্ঞাপক?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. বনস্পতি খ. বলাকা গ. নক্ষত্র ঘ. মৈনাক **উত্তর: খ**

১৫. **'পাখিসব করে রব রাতি পোহাইল' চরণটিতে পাখির সাথে যুক্ত 'সব' হলো** – [বিসিকের প্রকাশনা কর্মকর্তা: ২৩]
ক. বিশেষণ খ. প্রত্যয় গ. বহুবচনবাচক শব্দ ঘ. পদাশ্রিত নির্দেশক **উত্তর: গ**

১৬. **নিচের কোনটি বহুবচন বাচক শব্দ নয়?** [আইসিবি ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. গ্রাম খ. কুল গ. সভা ঘ. মঙ্গল **উত্তর: ঘ**

১৭. **নিচের কোনটি বহুবচন নির্দেশক শব্দ নয়? / কোনটি বহুবচনজ্ঞাপক শব্দের দৃষ্টান্ত নয়?** [পূবালী ব্যাংকের অফিসার: ১৪]
ক. গ্রাম খ. মহল গ. দাম ঘ. ক্ষেত্র **উত্তর: ঘ**

১৮. **নিচের কোনটি বহুবচন নির্দেশক শব্দ নয়?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]
ক. আবলি খ. মহল গ. পাল ঘ. জন **উত্তর: ঘ**

১৯. **কোনটি সমষ্টিবোধক শব্দ নয়?** [ঢাবি: ২০-২১]
ক. নিকর খ. নিচয় গ. কূল ঘ. দাম **উত্তর: গ**

২০. **কোন পদের সামনে 'অজস্র' শব্দটি বসালে বহুবচন হয়?** [জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের উপ-সহকারী প্রকৌশলী: ১৬]
ক. সর্বনাম খ. অব্যয় গ. বিশেষ্য ঘ. ক্রিয়া **উত্তর: গ**

২১. **তৎসম শব্দের বহুবচনে 'বহুর মধ্যে' বুঝাতে কোনটি ব্যবহৃত হয়?** [৯ম প্রভাষক নিবন্ধন]
ক. আন খ. ইষ্ট গ. ঈয়স ঘ. তর **উত্তর: খ**

২২. **সমষ্টিবাচকতা নির্দেশ করে যে শব্দটি** – [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ০১]
ক. মানুষ খ. সততা গ. অর্ধেক ঘ. বহর **উত্তর: ঘ**
ব্যাখ্যা: কিছু শব্দ সবসময় বহুবচন হয়। যথা- জনতা, ঝাঁক, দল, পরিবার, পঞ্চায়েত, বহর, বাহিনী, মাহফিল, সভা, সমিতি প্রভৃতি।

২৩. **'কবিতা' শব্দের বহুবচন কোনটি?** [সিজিএ কার্যালয়ের জুনিয়র অডিটর: ২২]
ক. কবিতাগুচ্ছ খ. কবিতামালা গ. কবিতারাজি ঘ. কবিতাসমূহ **উত্তর: ক**

২৪. **'কাগজ' শব্দের বহুবচন কোনটি?** [বিকেবি'র অফিসার: ১১]
ক. কাগজাত খ. কাগজগুলো গ. কাগজসমূহ ঘ. কাগজাদী **উত্তর: ক**

২৫. **'তরঙ্গ' শব্দের বহুবচন কোনটি?** [ডাক অধিদপ্তরের পোস্টম্যান: ২৩]
ক. তরঙ্গসমুহ খ. তরঙ্গমালা গ. তরঙ্গগুলি ঘ. তরঙ্গনিচয় **উত্তর: খ**

২৬. **'পুষ্প' শব্দের বহুচবচন কোনটি?** [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ২০]
ক. পুষ্পপাল খ. পুষ্পদাম গ. পুষ্পবৃন্দ ঘ. পুষ্পবর্গ **উত্তর: খ**

২৭. **'পর্বত' শব্দের বহুচবচন কোনটি?** [বিআরইবি'র মিটার রিডার: ২৩]
ক. পর্বতরাজি খ. পর্বতমালা গ. পর্বতসমূহ ঘ. পর্বতপুঞ্জ **উত্তর: খ**

২৮. **'সাহেব' শব্দের বহুবচন কোনটি?** [এলজিইডি'র সার্ভেয়ার: ২৩]
ক. সাহেবকুল খ. সাহেবান গ. সাহেবসমূহ ঘ. সাহেবগুলা **উত্তর: খ**

২৯. **'হাতি' শব্দটির বহুবচন কোনটি?** [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]
ক. হস্তিসকল খ. হস্তিযূথ গ. হস্তিবর্গ ঘ. হস্তিসব **উত্তর: খ**

৩০. **'কুসুম' শব্দে বহুবচনের কোন রূপটি মানায়?** [সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড অফিসার: ১৮]
ক. নিচয় খ. মালা গ. নিকর ঘ. রাজি **উত্তর: ক**

৩১. **'ভূধরব্রজ' কোন বচন?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. বহুবচন খ. দ্বিচন গ. একবচন ঘ. কোনো বচন নয় **উত্তর: ক**

৩২. **বহুত্ববাচক শব্দ** – [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৮]
ক. বিদ্যুদ্দাম খ. বুজুর্গ গ. সেপাই ঘ. তারা **উত্তর: ক**

৩৩. **নিচের কোনটি বহুবচনবাচক বাক্য?** [ঢাবি: ১৮-১৯]
ক. কলমটি আমার খ. সালমা বাড়িতে গেছে গ. গাছে ফুল এসেছে ঘ. পুকুরে ডুব দিও না **উত্তর: গ**

৩৪. **'গণকবর' শব্দের 'গণ' কোন অর্থে ব্যবহৃত হয়েছে?** [ডাক অধিদপ্তরের পোস্টাল অপারেটর: ২৩]
ক. বহুবচন অর্থে খ. সাধারণ অর্থে গ. মানুষ অর্থে গ. বিশেষ অর্থে **উত্তর: ক**

৩৫. **'বনে বনে ফুল ফুটেছে' এখানে 'ফুল'** – [বিকেবি'র সুপারভাইজার: ১২]
ক. একবচন খ. বহুবচন গ. একবচন ও বহুবচন দুটোই ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৩৬. **কোন দ্বিরুক্ত শব্দ জুটি বহুবচন সংকেত করে?** [১০ম বিসিএস]
ক.পাকা পাকা আম খ. ছি ছি কি করছো? গ. নরম নরম হাত ঘ. উড়ু উড়ু মন **উত্তর: ক**

৩৭. **নিচের কোনটি বিশেষ নিয়মে সাধিত বহুবচনের উদাহরণ?** [দুদকের উপ-সহকারী পরিচালক: ২০]
ক. জঙ্গলে সাপ থাকে খ. পোকায় ধান খেয়েছে গ. হাঁড়ি হাঁড়ি সন্দেশ ঘ. নয়নদের পরীক্ষা শেষ **উত্তর: ঘ**

৩৮. **নিচের কোনটি বিশেষ নিয়মে সাধিত বহুবচনের উদাহরণ?** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী প্রকৌশলী: ৯৮]
ক. সিংহ বনে থাকে খ. বাগানে ফুল ফুটেছে গ. মানুষ মরণশীল ঘ. এটাই করিমদের বাড়ি **উত্তর: ঘ**

৩৯. **কোনটি সঠিক নয়?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিপাই: ২১]
ক. পন্ডিতবৃন্দ খ. শিক্ষকবৃন্দ গ. সুধীবৃন্দ ঘ. মন্ত্রীবর্গ **উত্তর: ক**

৪০. **'লোকে বলে' উক্তিটির তাৎপর্য কোনটি?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ১০]
ক. একজন লোকে বলে খ. দুইজন লোকে বলে গ. সাধারণ লোকে বলে ঘ. নির্দিষ্ট কেউ বলে **উত্তর: গ**

৪১. **সকল নির্বাচককে সমষ্টিগতভাবে বলা হয়** – [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. ভোটারগণ খ. ভোটারমন্ডলী গ. নির্বাচক ঘ. নির্বাচকমন্ডলী **উত্তর: ঘ**

৪২. **'ডালে ডালে কুসুম ভার' এখানে 'ভার' কোন অর্থ প্রকাশ করেছে?** [বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. সমূহ খ. বোঝা গ. গুরুত্ব ঘ. বিষাদ **উত্তর: ক**

৪৩. **'সকল ছাত্ররাই যথাসময়ে উপস্থিত হয়েছে' বাক্যটিতে কী ধরনের ভুল আছে?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অডিটর: ১৯]
ক. বানান খ. পদ গ. বচন ঘ. বিভক্তি **উত্তর: গ**

৪৪. **নিচের কোনটিতে বহুবচনের অশুদ্ধ ব্যবহার হয়েছে?** [বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের সহকারী ব্যবস্থাপক: ২০]
ক. পাখিসব খ. বুধমালা গ. পন্ডিতসভা ঘ. নেতৃবর্গ **উত্তর: খ**

৪৫. **নিচের কোনটিতে বহুবচনের অপ-প্রয়োগ ঘটেছে?** [পূবালী ব্যাংকের অফিসার: ১৪]
ক. ছেলেরা ফুটবল খেলছে গ. সকল পণ্ডিতেরা অহংকারী হন না
গ. সমুদয় পরিক্ষার্থীকে অভিনন্দন ঘ. ফুলদল দিয়া কাটিয়া কি বিধাতা শাম্মাধলী তরুবরে? **উত্তর: খ**

৪৬. **'অতএব, আপনার নিকট বিনীত বাক্যে প্রার্থনা এই, আপনি অনুগ্রহ করিয়া আমার পরিবারবর্গের নিকট এই সংবাদ পাঠাইয়া দিবেন' এই বাক্যে নিচের কোন ধরনের অসংগতি লক্ষ করা যায়?** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৮]
ক. দূরান্বয় দোষ খ. অতি বিনয়ের প্রকাশ গ. বচনের ভুল প্রয়োগ ঘ. আসত্তি গুণ পূরণ না হওয়া **উত্তর: গ**

৪৭. **কেবল জন্তুর বহুবচনে ব্যবহৃত হয় এমন শব্দ হলো - / কোন দুইটি শব্দ কেবল জন্তুর বহুবচনে ব্যবহৃত হয়?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ২৩]
ক. আবুলি, দাম খ. দল, মালা গ. সকল, নিচয় ঘ. পাল ও যুথ **উত্তর: ঘ**

৪৮. **কোনটি প্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]
ক. রাশি খ. রাজি গ. পুঞ্জ ঘ. যুথ **উত্তর: ঘ**

৪৯. **'হস্তি' শব্দটির পর কোন বহুবচন বোধক শব্দটি বসবে?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ১৮]
ক. যূথ খ. মালা গ. গণ ঘ. রাজি **উত্তর: ক**

৫০. **নিচের কোন বহুজ্ঞাপক শব্দ কেবল প্রাণিবাচক শব্দের সঙ্গে যুক্ত হতে পারে?** [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ১৯]
ক. মালা খ. সভা গ. শ্রেণি ঘ. আবলি **উত্তর: খ**

৫১. **কেবল উন্নত প্রাণিবাচক শব্দের বহুবচনে হয়** – [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. সকল খ. নিচয় গ. মালা ঘ. বর্গ **উত্তর: ঘ**

৫২. **'মন্ডলী' যুক্ত করে সঠিক বহুবচন হয়েছে নিচের কোনটিতে?** [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]
ক. সম্পাদকমন্ডলী খ. ভক্তমন্ডলী গ. মন্ত্রিমন্ডলী ঘ. পন্ডিতমন্ডলী **উত্তর: ক**

৫৩. **অপ্রাণিবাচক শব্দ –** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ক. কবিকুল খ. পাখিকুল গ. কমলনিকর ঘ. বৃন্দাবন **উত্তর: গ**

৫৪. **কোনটি অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অডিটর: ১৯]
ক. কুল খ. লোক গ. সভা ঘ. দাম **উত্তর: ঘ**
ব্যাখ্যা: অপ্রাণিবাচক শব্দে ব্যবহৃত বচনবোধক শব্দগুলো হলো আবলি, আবলী, উচ্চয়, গুচ্ছ, গ্রাম, জাল, দাম, নিকর, নিচয়, পুঞ্জ, ব্রজ, মালা, মিথুন, রাজি, রাশি, সঙ্ঘ, শ্রেণি প্রভৃতি।

৫৫. **কোনটি অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?** [১৮তম বিসিএস]
ক. বৃন্দ খ. কুল গ. বর্গ ঘ. গ্রাম **উত্তর: গ**

৫৬. **কোনটি অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়?** [ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সহকারী পরিচালক: ১৭]
ক. গণ খ. পুঞ্জ গ. যুথ ঘ. পাল **উত্তর: গ**

৫৭. **কোনটি অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয় না?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]
ক. রাশি খ. রাজি গ. পুঞ্জ ঘ. যুথ **উত্তর: গ**

৫৮. **প্রাণি ও অপ্রাণি উভয় শব্দে ব্যবহৃত হয় –** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. নিচয় খ. মালা গ. রাজি ঘ. সব **উত্তর: ঘ**
ব্যাখ্যা: প্রাণি ও অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দগুলো হলো কুল, দল, সব, সকল, সমূহ প্রভৃতি।

৫৯. **নিচের কোনটিতে বহুবচনের অশুদ্ধ ব্যবহার হয়েছে?** [চাবি: ১৮-১৯]
ক. পাখিসব খ. বধুমালা গ. পন্ডিতসভা ঘ. নেতৃবর্গ **উত্তর: খ**

৬০. **যেসব শব্দ দিয়ে সংখ্যা বুঝায় সেগুলোকে কী বলে?** [পূবালী ব্যাংকের অফিসার: ১১]
ক. সংখ্যাবাচক শব্দ খ. বাইনারি গ. পরিসংখ্যান ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

৬১. **সংখ্যাবাচক শব্দ কত প্রকার?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]
ক. ২ (ক্রমবাচক ও পূরণবাচক) খ. ৩ গ. ৪ ঘ. ৫ **উত্তর: ক**

৬২. **একের পর এক যে সংখ্যাগুল আসে সেগুলোকে কী বলে?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]
ক. ক্রমবাচক খ. পূরণবাচক গ. গণিতবাচক ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

৬৩. **ক্রমবাচক শব্দ কোনগুলো? / কোনটি পূর্ণ সংখ্যাবাচক শদ?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]
ক. এক, দুই খ. ১, ২ গ. প্রথম, দ্বিতীয় ঘ. ১লা, ২রা **উত্তর: ক, খ**
ব্যাখ্যা: নতুন ব্যাকরণ অনুযায়ী ১ (এক), ২ (দুই), ৩ (তিন) ... ক্রমবাচক সংখ্যা হলেও পুরাতন ব্যাকরণ অনুযায়ী এক, দুই, তিন ... পূর্ণ সংখ্যাবাচক শব্দ।

৬৪. **কোনটি ক্রমবাচক শব্দ? / কোনটি পূর্ণ সংখ্যাবাচক শদ?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]
ক. অর্ধ খ. এক গ. প্রথম ঘ. পহেলা **উত্তর: খ**

৬৫. **ক্রমবাচক সংখ্যা কোনটি? / কোনটি পূর্ণ সংখ্যাবাচক শদ?** [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]
ক. দশম খ. আট গ. পহেলা ঘ. দ্বিতীয় **উত্তর: খ**

৬৬. **ক্রমবাচক শব্দ কোনটি? / কোনটি পূর্ণ সংখ্যাবাচক শদ?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ক্রয় সহকারী: ১৮]
ক. দশম খ. দশ গ. পহেলা ঘ. বিংশ **উত্তর: খ**

৬৭. **কোনটি ক্রমবাচক শব্দ? / কোনটি পূর্ণ সংখ্যাবাচক শদ?** [বিডিবিএল'র সিনিয়র অফিসার: ১৭]
ক. আটই খ. চতুর্থ গ. সতেরো ঘ. বাইশে **উত্তর: গ**

৬৮. **নিচের কোনটি ক্রমবাচক শব্দ? / কোনটি পূর্ণ সংখ্যাবাচক শদ?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. কুড়ি খ. তেরই গ. দ্বাদশ ঘ. তেসরা **উত্তর: ক**

৬৯. **এক, দুই, তিন ইত্যাদি কোন ধরনের সংখ্যাবাচক বিশেষণ?** [চবি: ১৬-১৭]
ক. ক্রমবাচক খ. সাধারণ পূরণবাচক গ. তারিখ পূরণবাচক ঘ. ভগ্নাংশ পূরণবাচক **উত্তর: ক**

৭০. **'ষোল' সংখ্যাটির ক্রমবাচক রূপ কোনটি?** [জবি: ১২-১৩]
ক. ১৬ খ. ষোড়শ গ. ষোলোই ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

৭১. **'সেতার' এর 'সে' কোন অর্থে দ্যোতনা করে?** [এবি ব্যাংকের অফিসার: ১৪]
ক. তার খ. তিন গ. প্রত্যেক ঘ. সকল **উত্তর: খ**

৭২. **কোন সংখ্যাশব্দ দিয়ে কোনো সংখ্যার ক্রমিক অবস্থান ও পরিমাণকে বুঝায়?** [পূবালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৬]
ক. ক্রমবাচক খ. পূরণবাচক গ. তারিখবাচক ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৭৩. **পূরণবাচক শব্দ কত প্রকার?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]
ক. ২ খ. ৩ (সাধারণ, তারিখ ও ভগ্নাংশ) গ. ৪ ঘ. ৫ **উত্তর: খ**

৭৪. **প্রথম, দ্বিতীয়, তৃতীয় ইত্যাদি কোন ধরনের সংখ্যাবাচক বিশেষণ?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. ক্রমবাচক খ. সাধারণ পূরণবাচক গ. তারিখ পূরণবাচক ঘ. ভগ্নাংশ পূরণবাচক **উত্তর: খ**

৭৫. **'প্রথম পরীক্ষা' এখানে 'প্রথম' শব্দটি কী ধরনের বিশেষণ?** [ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সহকারী পরিচালক: ১৭]
ক. ক্রমবাচক খ. সাধারণ পূরণবাচক গ. তারিখ পূরণবাচক ঘ. ভগ্নাংশ পূরণবাচক **উত্তর: খ**

৭৬. **কোনটি সাধারণ পূরণবাচক সংখ্যা?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০০]
ক. পাঁচই খ. সপ্তম গ. এগার ঘ. একুশে **উত্তর: খ**

৭৭. **'সপ্তাহ' কোন ধরনের শব্দ?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের ভিএফএ: ২০]
ক. ক্রমবাচক খ. সাধারণ পূরণবাচক গ. তারিখ পূরণবাচক ঘ. ভগ্নাংশ পূরণবাচক **উত্তর: খ**

৭৮. **'দশম শ্রেণি' এখানে বিশেষণ কোন শ্রেণির?** [হাইকোর্টের রেজিস্ট্রার: ৯৪]
ক. ক্রমবাচক খ. সাধারণ পূরণবাচক গ. তারিখ পূরণবাচক ঘ. ভগ্নাংশ পূরণবাচক **উত্তর: খ**

৭৯. **'একবিংশ' হচ্ছে -** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ক্রমবাচক খ. সাধারণ পূরণবাচক গ. তারিখ পূরণবাচক ঘ. ভগ্নাংশ পূরণবাচক **উত্তর: খ**

৮০. **'চত্বারিংশ' শব্দটি কোন সংখ্যাজ্ঞাপক?** [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা: ১৬]
ক. চুয়াল্লিশ খ. চল্লিশ গ. চৌত্রিশ ঘ. চব্বিশ **উত্তর: খ**

৮১. **'সপ্ততিতম' সমান কত?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৭]
ক. ৭০ খ. ৭৭ গ. ৭০০ ঘ. ৭১৭ **উত্তর: ক**

৮২. **'শততম' কী ধরনের বিশেষণ?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০০]
ক. ক্রমবাচক খ. সাধারণ পূরণবাচক গ. তারিখ পূরণবাচক ঘ. ভগ্নাংশ পূরণবাচক **উত্তর: খ**

৮৩. **'সার্ধশত জন্মবার্ষিকী' এখানে 'সার্ধশত' কোন ধরনের শব্দ?** [আবাআখা প্রকল্পের জেলা সমন্বয়কারী: ১৭]
ক. ক্রমবাচক খ. সাধারণ পূরণবাচক গ. তারিখ পূরণবাচক ঘ. ভগ্নাংশ পূরণবাচক **উত্তর: খ**

৮৪. **কোনটি তারিখ পূরণবাচক শব্দ?** [ঢাবি: ১৮-১৯]
ক. পহেলা খ. প্রথম গ. এক ঘ. একটি **উত্তর: ক**

৮৫. **'চৌঠা' কোন বাচক শব্দ?** [বাংলাদেশ রেলওয়ের গার্ড: ২২]
ক. ক্রমবাচক খ. সাধারণ পূরণবাচক গ. তারিখ পূরণবাচক ঘ. ভগ্নাংশ পূরণবাচক **উত্তর: গ**

৮৬. **'বারো' সংখ্যাটির তারিখ পূরণবাচক কোনটি?** [পিকেবি'র সিনিয়র অফিসার: ১৪]
ক. বারতম খ. বারশ গ. বারই ঘ. দ্বাদশ **উত্তর: গ**

৮৭. **'সিকি' কোন ধরনের শব্দ?** [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ২০]
ক. ক্রমবাচক খ. সাধারণ পূরণবাচক গ. তারিখ পূরণবাচক ঘ. ভগ্নাংশ পূরণবাচক **উত্তর: ঘ**

৮৮. **১/৪ এর সংখ্যাবাচক শব্দ নয় -** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. চৌথাই খ. সিকি গ. পোয়া ঘ. পৌনে **উত্তর: ঘ**

৮৯. **নিচের কোনটি পূরণবাচক শব্দের উদাহরণ?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]
ক. একাদশ খ. সিকি গ. পহেলা ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

৯০. **নিচের কোনটি পূরণবাচক সংখ্যাশব্দ নয়?** [১২তম বিজেএস]
ক. উনিশে খ. আড়াই গ. আশি ঘ. তেহাই **উত্তর: গ**

নরবাচক ও নারীবাচক শব্দ

০১. **কোন উপায়ে বাংলা ভাষায় শব্দ সাধন হয় না?** [৩৫তম বিসিএস]
ক. সমাস দ্বারা খ. লিঙ্গ পরিবর্তন দ্বারা গ. উপসর্গ দ্বারা ঘ. ক, খ, গ তিন উপায়েই হয় **উত্তর: খ**

০২. **বাংলা ব্যাকরণ কোন পদে সংস্কৃতের লিঙ্গের নিয়ম মানে না?** [১১তম শিক্ষক নিবন্ধন]
ক. বিশেষ্য খ. অব্যয় গ. সর্বনাম ঘ. বিশেষণ (সূত্র: বাংলা ব্যাকরণ) **উত্তর: ঘ**

০৩. **'আজকালকার মেয়েরা যেমন মুখরা, তেমনি বিদ্বান' এই বাক্যে কোন ধরনের ভুল আছে? / 'আজকালকার মেয়েরা যেমন মুখরা, তেমনি বিদ্বান' এই বাক্যের ভুলটি -** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০০]
ক. কালগত খ. লিঙ্গগত গ. বচনগত ঘ. বিশেষণগত **উত্তর: খ**

০৪. **পত্নীবাচক অর্থে স্ত্রীবাচক শব্দ কোনটি?** [সামরিক ভূমি অধিদপ্তরের সহকারী শিক্ষক: ২৩]
ক. ছাত্রী খ. আয়া গ. সৎ মা ঘ. দাদী **উত্তর: ঘ**
ব্যাখ্যা: পুরুষ ও স্ত্রীবাচক শব্দগুলো ২ টি ভাগে বিভক্ত। পতি ও পত্নীবাচক অর্থে এবং সাধারণ অর্থে পুরুষ ও স্ত্রীবাচক শব্দ। স্বামী বা পতি ও পত্নীবাচক অর্থে এবং সাধারণ অর্থে পুরুষ ও স্ত্রীবাচক শব্দ। স্বামী-স্ত্রী বা পতি ও পত্নীবাচক অর্থে পুরুষ ও স্ত্রীবাচক শব্দগুলো হলো বাবা-মা, চাচা-চাচি, কাকা-কাকি, দাদা-দাদি, নানা-নানি, মামা-মামি, ভাই-ভাবী ইত্যাদি। স্বামী-স্ত্রী সম্পর্ক না বুঝিয়ে সাধারণ অর্থে পুরুষ ও স্ত্রীবাচক শব্দগুলো হলো শিক্ষক-শিক্ষিকা, খোকা-খুকী, পাগল-পাগলী, মোরগ-মুরগী, বালক-বালিকা, ছাত্র-ছাত্রী ইত্যাদি।

০৫. **সাধারণ অর্থে স্ত্রীবাচক শব্দ কোনটি?** [বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]
ক. নানি খ. দাদি গ. মামি ঘ. শিক্ষিকা **উত্তর: ঘ**

০৬. **'অরণ্য' এর লিঙ্গান্তর কী?** [বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]
ক. আরণ্য খ. অরণী গ. অরণ্য ঘ. অরণ্যানী **উত্তর: ঘ**

০৭. **'ইন্দ্র' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?** [হাইকোর্টের রেজিস্ট্রার: ৯৪]
ক. ইন্দ্রানী খ. ইন্দ্রাণি গ. ইন্দ্রাবতী ঘ. ইন্দ্রি **উত্তর: ক**

০৮. **'কুলি' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]
ক. মহিলা কুলি খ. কুলিনী গ. কামিন ঘ. কামিনী **উত্তর: গ**

০৯. **'কবিরাজ' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]
ক. কবিরাজি খ. মহিলা কবিরাজ গ. কবিরাজনী ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

১০. **'কুহক' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের উচ্চমান সহকারী: ২৩]
ক. কুহকিনী খ. কুহিকা গ. কুহিকানী ঘ. কুহিকী **উত্তর: ক**

১১. **'কর্তা' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?** [গণপূর্ত অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. কর্তৃ খ. কর্ত্রী গ. কর্তনী ঘ. কর্তন **উত্তর: খ**

১২. **'গণক' শব্দটির স্ত্রীলিঙ্গ কোনটি?** [নির্বাচন কমিশন সচিবালয়ের ষ্টোর কিপার: ১৯]
ক. গণিকা খ. গণকী গ. গণকিনী ঘ. গণকা **উত্তর: খ**

১৩. **'গরীয়ান' শব্দটি কোন লিঙ্গ?** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]
ক. পুংলিঙ্গ খ. স্ত্রী লিঙ্গ গ. নিত্য স্ত্রী লিঙ্গ ঘ. উভয় লিঙ্গ **উত্তর: ক**

১৪. **'গরীয়ান' এর স্ত্রীবাচক শব্দ কোনটি?** [বিসিকের প্রমোশন অফিসার: ২১]
ক. মহৎ খ. মহান গ. গরীয়সী ঘ. মহীয়ান **উত্তর: গ**

১৫. **'গরু' কোন লিঙ্গ?** [বিআরটিএ'র সহকারী পরিচালক: ০৬]
ক. পুংলিঙ্গ খ. স্ত্রীলিঙ্গ গ. উভয় লিঙ্গ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

১৬. **'গৃহস্বামী' শব্দটির স্ত্রীলিঙ্গ কোনটি?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৫]
ক. গৃহস্বামিনী খ. গৃহিনী গ. গৃহস্ত্রী ঘ. গৃহকর্তী **উত্তর: ক**

১৭. **'গুরু' এর স্ত্রীলিঙ্গ কী?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]
ক. গুর্বি খ. গুর্বী গ. গূর্বি ঘ. গুরুত্ব **উত্তর: খ**

১৮. **'ঘোষজা' কোন অর্থে স্ত্রীবাচক শব্দ?** [বিপিডিবি'র উপ-সহকারী প্রকৌশলী: ১২]
ক. কন্যা অর্থে খ. পত্নী অর্থে গ. জাতি অর্থে ঘ. সাধারণ অর্থে **উত্তর: ক**

১৯. **'চতুর্দশ' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?** [বিএইচবিএফসি'র সিনিয়র অফিসার: ১১]
ক. চতুর্দশী খ. চতুর্দশক গ. চতুর্দশা ঘ. চতুর্দশিক **উত্তর: ক**

২০. **'চঞ্চল' এর স্ত্রীলিঙ্গ কী?** [বিএমইটি'র অফিস সহায়ক: ২৩]
ক. চঞ্চলা খ. চঞ্চলময়ী গ. চঞ্চলমতি ঘ. চঞ্চলবতী **উত্তর: ক**

২১. **'জরৎ' এর স্ত্রীলিঙ্গ কী?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৬]
ক. জারতী খ. জরিতী গ. জরতী ঘ. জাগতি **উত্তর: গ**

২২. **'জমিদার' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৯]
ক. জমিদারনি খ. জমিদারিনী গ. জমিদার পত্নী ঘ. জমিদার কন্যা **উত্তর: ক**

২৩. **'দেবর' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৩]
ক. নন্দাই খ. ননদ গ. ভাবী ঘ. দেবী **উত্তর: খ**

২৪. **'দালান' শব্দটি কোন লিঙ্গ?** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]
ক. পুংলিঙ্গ খ. স্ত্রীলিঙ্গ গ. ক্লীব লিঙ্গ ঘ. উভয় লিঙ্গ **উত্তর: গ**

২৫. **'ধোপা' শব্দটির স্ত্রীবাচক শব্দ?** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৮]
ক. ধুপী খ. ধুপানী গ. ধোপী ঘ. ধোপানী **উত্তর: ঘ**

২৬. **'ধাত্রী' শব্দটি কোন লিঙ্গ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৯]
ক. পুংলিঙ্গ খ. স্ত্রীলিঙ্গ গ. ক্লীব লিঙ্গ ঘ. উভয় লিঙ্গ **উত্তর: খ**

২৭. **'নাপিত' এর স্ত্রীবাচক শব্দ কোনটি?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ১৬]
ক. নাপিতানী খ. নাপিতা গ. নাপিত বৌ ঘ. নাপিতিনী **উত্তর: ক**

২৮. **'পত্নী' অর্থে স্ত্রীবাচক শব্দ কোনটি?** [তুলা উন্নয়ন বোর্ডের তুলা উন্নয়ন কর্মকর্তা: ৯৭]
ক. নানী খ. কিশোরী গ. বিদুষী ঘ. নেত্রী **উত্তর: ক**

২৯. **'পুস্তক' এর স্ত্রীবাচক শব্দ কোনটি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহকারী: ১৪]
ক. পুস্তিকা খ. পুরনজয় গ. পুস্তকী ঘ. প্রবচন **উত্তর: ক**

৩০. **'পুস্তিকা' কী অর্থ স্ত্রীবাচক শব্দ? / 'পুস্তিকা' কী অর্থে ব্যবহৃত হয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহকারী: ১৪]
ক. বৃহদার্থে খ. ক্ষুদ্রার্থে গ. উভয়ই ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৩১. **'প্রণেতা' এর স্ত্রীবাচক শব্দ কোনটি?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. প্রণেত্রী খ. প্রণয়িনী গ. প্রণতি ঘ. প্রণিতা **উত্তর: ক**

৩২. **'বিদ্বান' এর সঠিক স্ত্রীবাচক শব্দ কোনটি?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১৯]
ক. বিদ্বানী খ. বিদুর্মিণী গ. বিদুষী ঘ. বিদূসী **উত্তর: গ**

৩৩. **'বিধবা' শব্দের বিপরীত লিঙ্গ কী?** [বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. বহুপত্নীক খ. সধবা গ. বিপত্নীক ঘ. অধবা **উত্তর: গ**

৩৪. **বৃহৎ অর্থে বিপরীত লিঙ্গ কোনটি? / বৃহৎ অর্থে স্ত্রীবাচক শব্দ কোনটি?** [ইসলামী ব্যাংকের অফিসার: ০৮]
ক. যোগিনী খ. ক্ষত্রিয়নী গ. অরণ্যানী ঘ. গীতিকা **উত্তর: গ**

৩৫. **'বাদশাহ' এর লিঙ্গান্তর কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. রানী খ. বাদশানী গ. বেগম ঘ. সম্রাজ্ঞী **উত্তর: গ**

৩৬. **'বঁধু' কোন লিঙ্গ?** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]
ক. পুংলিঙ্গ খ. স্ত্রী লিঙ্গ গ. নিত্য স্ত্রী লিঙ্গ ঘ. উভয় লিঙ্গ **উত্তর: ঘ**

৩৭. **'বীর' শব্দের বিপরীত লিঙ্গ?** [নির্বাচন কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. তেজস্বিনী খ. বীরাঙ্গী গ. বীরাঙ্গনা ঘ. বিদুষী **উত্তর: গ**

৩৮. **'ভূত' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি?** [সমবায় অধিদপ্তরের সহকারী ফিল্ড অপারেটর: ২৩]
ক. ভূতনী খ. পেত্নী গ. মেয়ে ভূত ঘ. ভুতনী **উত্তর: খ**

৩৯. **'মালী' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৪]
ক. মালা খ. মালিকা গ. মালিনী ঘ. মালিনি **উত্তর: গ**

৪০. **'মানিন' শব্দের স্ত্রীবাচক শব্দ কী?** [পূবালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৯]
ক. মাননীয়া খ. মানবতী গ. মানীয়া ঘ. মানিনী **উত্তর: ঘ**

৪১. **'মানুষ' শব্দটি কোন লিঙ্গ?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ২২]
ক. পুংলিঙ্গ খ. স্ত্রীলিঙ্গ গ. উভয় লিঙ্গ ঘ. ক্লীব লিঙ্গ **উত্তর: গ**

৪২. **'মজুর' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?** [ডাক বিভাগের অফিস সহায়ক: ২২]
ক. মজুরী খ. মজুরিনী গ. মজুরনী ঘ. মজুরানী **উত্তর: গ**

৪৩. **'মালা' শব্দটির স্ত্রীলিঙ্গ কোনটি?** [ক্রীড়া পরিদপ্তরের অফিস সহকারী: ১৯]
ক. মালিকা খ. মালী গ. মালীনী ঘ. মালিনী **উত্তর: ক**

৪৪. **'মরদ' এর স্ত্রীবাচক শব্দ - / 'মরদ' এর বিপরীত শব্দ -** [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. মর্দ খ. জেনানা গ. জেনানী ঘ. মরদী **উত্তর: খ**

৪৫. **'রজক' এর স্ত্রীবাচক শব্দ -** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১৯]
ক. রজকিনী খ. মহিলা রজক গ. রজকা ঘ. রজকী **উত্তর: ক**

৪৬. **'রাষ্ট্রপতি' কোন লিঙ্গ?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কোষাধ্যক্ষ: ২১]
ক. পুং লিঙ্গ খ. স্ত্রী লিঙ্গ গ. নিত্য পুরুষবাচক শব্দ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

৪৭. **'সাথী' শব্দটি কোন লিঙ্গ?** [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২৩]
ক. পুংলিঙ্গ খ. স্ত্রীলিঙ্গ গ. ক্লীব লিঙ্গ ঘ. উভয় লিঙ্গ **উত্তর: ঘ**

৪৮. **'সমিতি' কোন লিঙ্গ?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]
ক. ক্লীব লিঙ্গ খ. পুংলিঙ্গ গ. স্ত্রীলিঙ্গ ঘ. উভয় লিঙ্গ **উত্তর: ক**

৪৯. **'সাধু' এর স্ত্রীবাচক শব্দ -** [১৬তম প্রভাষক নিবন্ধন]
ক. সাধ্বী খ. সাধিকা গ. সাধনী ঘ. সাধনা **উত্তর: ক**

৫০. **'শিশু' শব্দটি কোন লিঙ্গ?** [পূবালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৬]
ক. উভয় লিঙ্গ খ. স্ত্রীলিঙ্গ গ. ক্লীব লিঙ্গ ঘ. পুংলিঙ্গ **উত্তর: ক**

৫১. **'শুক' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?** [বিএডিসি'র উপ-সহকারী পরিচালক: ২০]
ক. সুবী খ. সারী গ. সুকী ঘ. একা **উত্তর: খ**

৫২. **'শূদ্র' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী পরিচালক: ২০]
ক. শূদ্রা খ. শূদ্রাণী গ. শূদ্রী ঘ. ক ও খ উভয়ই **উত্তর: ঘ**

৫৩. **'হেমাঙ্গ' শব্দের স্ত্রীবাচক শব্দ নয় কোনটি?** [সিএজি কার্যালয়ের গবেষণা কর্মকর্তা: ৯৮]
ক. হেমিঙ্গী খ. হেমাঙ্গি গ. হেমাঙ্গা ঘ. হেমাঙ্গিনি **উত্তর: ক**

৫৪. **নিচের কোনটি অবজ্ঞাসূচক স্ত্রীবাচক শব্দ?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহকারী: ১৯]
ক. চন্দ্রমুখী খ. দারোগানী গ. সুকেশিনী ঘ. যামিনী **উত্তর: খ**

৫৫. **নিচের কোনটি ক্ষুদ্রার্থে স্ত্রীলিঙ্গ?** [বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. গীতিকা খ. হিমানী গ. আয়া ঘ. লেডি **উত্তর: ক**

৫৬. **নিচের কোনটি ক্ষুদ্রার্থে স্ত্রীলিঙ্গ?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. সুন্দরী খ. মানবী গ. কুমারী ঘ. মালিকা **উত্তর: ঘ**

৫৭. **কোন শব্দে 'ইকা' প্রত্যয় ক্ষুদ্রার্থে ব্যবহৃত হয়েছে?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]
ক. মালিকা খ. সেবিকা গ. বালিকা ঘ. চালিকা **উত্তর: ক**

৫৮. **কোনটি 'আ' প্রত্যয়যোগে সাধিত স্ত্রীবাচক শব্দ?** [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২৩]
ক. গায়িকা, সেবিকা খ. নায়িকা, বালিকা গ. প্রথমা, মলিনা ঘ. বালিকা, গায়িকা **উত্তর: গ**

৫৯. **কোনটি স্ত্রীবাচক শব্দ?** [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ১৬]
ক. মায়াবী খ. যোগী গ. দুঃখী ঘ. বৈষ্ণবী **উত্তর: ঘ**

৬০. **'নাটিকা' কোন অর্থে স্ত্রীবাচক শব্দ?** [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. সমার্থে খ. বৃহদার্থে গ. বিপরীতার্থে ঘ. ক্ষুদ্রার্থে **উত্তর: ঘ**

৬১. **বিশেষ নিয়মে গঠিত স্ত্রীবাচক শব্দ কোনটি?** [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. স্বামী - স্ত্রী খ. দেবর - জা গ. নর - নারী ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

৬২. **বিশেষ নিয়মে গঠিত স্ত্রীবাচক শব্দ কোনটি?** [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. সম্রাজ্ঞী খ. ব্রাহ্মনী গ. চতুর্দশী ঘ. ঠাকুরন **উত্তর: ক**

৬৩. **কোনটি পত্নী অর্থে স্ত্রীবাচক শব্দ?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]
ক. ছাত্রী খ. আয়া গ. দাদী ঘ. সৎমা **উত্তর: গ**

৬৪. **কোনটির স্ত্রীলিঙ্গ ভিন্ন শব্দ** - [১১তম শিক্ষক নিবন্ধন]
ক. বিদ্বান খ. গায়ক গ. কোকিল ঘ. দাদা **উত্তর: ক**

৬৫. **কোনটি ভিন্নার্থক স্ত্রীবাচক শব্দ?** [বেবিচকের এরোড্রাম কর্মকর্তা: ২৩]
ক. নাটিকা খ. পুস্তিকা গ. বনানী ঘ. কাঠি **উত্তর: গ**

৬৬. **কোনটি স্ত্রী লিঙ্গ থেকে পুংলিঙ্গ?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]
ক. নন্দাই খ. দেবর গ. স্বামী ঘ. জামাই **উত্তর: ক**

৬৭. **কোনটি বৃহদার্থক স্ত্রীবাচক শব্দ?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ০৪]
ক. মাতুলানী খ. অরণ্যানী গ. ভিখারিনী ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৬৮. **নিচের কোনটি স্ত্রীলিঙ্গ বাচক শব্দ নয়?** [পূবালী ব্যাংকের অফিসার: ১৪]
ক. সূরা খ. পেত্নী গ. গরু ঘ. ত্রয়ী **উত্তর: গ**

৬৯. **নারীবাচক শব্দ নয় কোনটি?** [বিসিকের প্রকাশনা কর্মকর্তা: ২৩]
ক. দীর্ঘাঙ্গী খ. মহতী গ. মানসী ঘ. যশস্বী **উত্তর: ক, ঘ**

৭০. **নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি?** [বিআইডব্লিউটিএ'র সহকারী কোষাধ্যক্ষ: ২৩]
ক. নাটিকা খ. বিজয়িনী গ. বেগম ঘ. অর্ধাঙ্গী **উত্তর: ঘ**
ব্যাখ্যা: নিত্য স্ত্রীবাচক শব্দগুলো হলো অঙ্গনা, অর্ধাঙ্গিনী, অসূর্যম্পশ্যা, অবীরা, অবলা, অন্তঃস্বত্তা, অরক্ষণীয়া, এয়ো, কুলটা, কলঙ্কিনী, কমলা, গর্ভবতী, ডাইনী, দাই, পেত্নী, পোয়াতী, বিধবা, বিমাতা, বাঈজি, বীরাঙ্গনা, বারবনিতা, রজঃস্বলা, লক্ষ্মী, ললনা, সধবা, সপত্নী, রূপসী, সজনী, সৎমা, সুজলা, সতীন, সতী, শাঁখচুন্নী ইত্যাদি।

৭১. **কোনটি নিত্য স্ত্রীবাচক বাংলা শব্দ?** [বিএনসিসি'র কম্পিউটার অপারেটর: ২১]
ক. সতীন (বাংলা) খ. বিধবা (সংস্কৃত) গ. সপত্নী (সংস্কৃত) ঘ. বিপত্নীক **উত্তর: ক**

৭২. **নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?** [পূবালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৯]
ক. বনানী খ. পিসি গ. বিধবা ঘ. সতী **উত্তর: গ, ঘ**

৭৩. **নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৪]
ক. সধবা খ. পোয়াতী গ. শাকচুন্নী ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

৭৪. **কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?** [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. হুজুরাইন খ. ঠাকুরন গ. পাগলি ঘ. ডাইনী **উত্তর: ঘ**

৭৫. **কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?** [বিআরইবি'র মিটার রিডার: ২৩]
ক. গোপিনী খ. শাঁখচুন্নী গ. মালিনী ঘ. কাঙালিনী **উত্তর: খ**

৭৬. **নিচের কোনটি নিত্য নারীবাচক শব্দ?** [সাধারণ বীমা কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ১৯]
ক. সম্রাজ্ঞী খ. গুণবতী গ. সপত্নী ঘ. নন্দিনী **উত্তর: গ**

৭৭. **নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ? / কোন শব্দটির পুরুষবাচক রূপ নেই?** [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. এয়ো খ. ধাত্রী গ. মালিনী ঘ. নারী **উত্তর: ক**

৭৮. **কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?** [১৪তম শিক্ষক নিবন্ধন]
ক. ডাইনী খ. বাদী গ. দাত্রী ঘ. তাদৃশী **উত্তর: ক**

৭৯. **নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?** [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ২১]
ক. সতীন খ. সধবা গ. ঠাকুরানী ঘ. ক ও খ উভয়ই **উত্তর: ঘ**

৮০. **নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. মজুরানী খ. ঠাকুরানী গ. মালিনী ঘ. সৎমা **উত্তর: ঘ**

৮১. **নিত্য স্ত্রীবাচক তৎসম শব্দ কোনটি?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৯]
ক. অরক্ষণীয়া খ. মুহারিমা গ. সভানেত্রী ঘ. হিমানী **উত্তর: ক**

৮২. **নিত্য স্ত্রীবাচক তৎসম শব্দ কোনটি?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. অন্তঃসত্ত্বা খ. অবলা গ. অবীরা ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

৮৩. **নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি?** [বিএনসিসি'র অফিস সহায়ক: ২১]
ক. খুকী খ. বাঘিনী গ. নাপিতানী ঘ. সতীন **উত্তর: ঘ**

৮৪. **নিচের কোনটির পুরুষবাচক শব্দ নেই?** [মৎস্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. ঠাকুরানী খ. এয়ো গ. দুলাইন ঘ. জেনানা **উত্তর: খ**

৮৫. **নিচের কোনটির পুরুষবাচক শব্দ নেই?** [পিকেবি'র অফিসার: ১৯]
ক. সতী খ. ঠাকুরণ গ. ঝি ঘ. ষোড়শী **উত্তর: ক**

৮৬. **নিচের কোনটির পুরুষবাচক রূপ নেই? / নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি?** [নির্বাচন কমিশনের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. বেয়াইন খ. কুলটা গ. ঠাকুরঝি ঘ. ননদ **উত্তর: খ**

৮৭. **নিত্য স্ত্রীবাচক শব্দ নয় কোনটি?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অডিটর: ১৯]
ক. দাই খ. রজকী গ. সৎমা ঘ. সতীন **উত্তর: খ**

৮৮. **নিচের কোনটি পুরুষবাচক শব্দ?** [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ১৯]
ক. বেহান খ. ঠাকুরঝি গ. শঙ্খী ঘ. দীর্ঘাঙ্গী **উত্তর: গ**

৮৯. **খাঁটি বাংলায় পুরুষবাচক শব্দ কোনটি?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৯]
ক. বামন খ. মানব গ. ডাক্তার ঘ. মিত্র **উত্তর: ক**

৯০. **পুরুষবাচক শব্দ কোনটি?** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৬]
ক. রজকী খ. মায়াবী গ. বৈষ্ণবী ঘ. শ্রোত্রী **উত্তর: খ**

৯১. **পুরুষবাচক শব্দ কোনটি?** [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ১৬]
ক. বেহান খ. ঠাকুরঝি গ. শঙ্খী ঘ. দীর্ঘাঙ্গী **উত্তর: গ**

৯২. **কোনটি পুরুষবাচক শব্দ নয়?** [নৌবাহিনীর সহকারী পরীক্ষক: ২৩]
ক. বেঙ্গমা খ. দীর্ঘাঙ্গী গ. বর্ষীয়ান ঘ. দুঃখী **উত্তর: খ**

৯৩. **কোন শব্দটি নিত্য পুরুষবাচক?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ৯৮]
ক. ভাসুর খ. বেয়াই গ. স্ত্রৈণ ঘ. ঠাকুর **উত্তর: গ**
ব্যাখ্যা: নিত্য পুরুষবাচক শব্দগুলো হলো অকৃতদার, কৃতদার, কবিরাজ, কাপুরুষ, কাজী, কেরানী, কবি, ঘরজামাই, জল্লাদ, জ্বীন, জামাতা, ঢাকী, দলপতি, দরবেশ, পীর, প্রধানমন্ত্রী, পুরোহিত, বিচারপতি, বামন, মোল্লা, রাষ্ট্রপতি, লম্পট, সেনাপতি, স্ত্রৈণ, সভাপতি প্রভৃতি।

৯৪. **কোন শব্দটি নিত্য পুরুষবাচক?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. কবিরাজ খ. জ্ঞানী গ. সতীন ঘ. সম্রাট **উত্তর: ক**

৯৫. **কেবল পুরুষ বুঝায় এমন শব্দ কোনটি?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ০৪]
ক. শিক্ষিত খ. শিশু গ. কৃতদার ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

৯৬. **নিচের কোন শব্দের লিঙ্গান্তর হয় না?** [বিজেএমসি'র অফিসার: ১৭]
ক. কৃতদার খ. সাহেব গ. সঙ্গী ঘ. বিয়াই **উত্তর: ক**

৯৭. **নিচের কোন পুরুষবাচক শব্দের স্ত্রীবাচক শব্দ নেই?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]
ক. চৌধুরী খ. কুলটা গ. নবীন ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

৯৮. **কোন শব্দটির স্ত্রীবাচক শব্দ নেই?** [জবি: ১৩-১৪]
ক. সিংহ খ. কাপুরুষ গ. নর ঘ. সম্রাট **উত্তর: খ**

৯৯. **নারীবাচক করা যায় না এমন শব্দ কোনটি?** [এনএসআই'র কম্পিউটার অপারেটর: ২১]
ক. শিক্ষক খ. তেজস্বী গ. লেখক ঘ. সভাপতি **উত্তর: ঘ**

১০০. **কোন শব্দের নারীবাচক শব্দ হয় না?** [ডাক বিভাগের অফিস সহায়ক: ২২]
ক. শিক্ষক খ. গুরু গ. সভাপতি ঘ. বাঘ **উত্তর: গ**

১০১. **কোন শব্দটি নিত্য পুরুষবাচক শব্দ নয়?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৫]
ক. বামন খ. প্রধানমন্ত্রী গ. কাপুরুষ ঘ. সম্রাট **উত্তর: ঘ**

১০২. **নিত্য পুরুষবাচক শব্দ নয় কোনটি? / কোন শব্দটি নিত্য পুরুষবাচক শব্দ নয়?** [জনতা ব্যাংকের অফিসার (ক্যাশ): ২০]
ক. বিচারপতি খ. কবিরাজ গ. জমিদার ঘ. রাষ্ট্রপতি **উত্তর: গ**

১০৩. **নিচের কোন শব্দের লিঙ্গান্তর হয় না?** [ক্রীড়া পরিদপ্তরের অফিস সহকারী: ১৯]
ক. রাঁধুনি খ. সতীন গ. কবি ঘ. আচার্য **উত্তর: খ**

১০৪. **নিচের কোন শব্দটির কোনো লিঙ্গান্তর হয় না? / কোনটি নিত্য পুরুষবাচক শব্দ?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. ঢাকী খ. সেবিকা গ. মালী ঘ. সুন্দর **উত্তর: ক**

১০৫. **লিঙ্গান্তর হয় না এমন শব্দ কোনটি?** [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]
ক. জামাতা খ. সাহেব গ. সঙ্গী ঘ. বেয়াই **উত্তর: ক**

১০৬. **লিঙ্গান্তর হয় না এমন শব্দ কোনটি?** [১৮তম বিসিএস]
ক. সাহেব খ. বেয়াই গ. সঙ্গী ঘ. কবিরাজ **উত্তর: ঘ**

১০৭. **লিঙ্গান্তর হয় না কোন শব্দটির?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]
ক. সাহেব খ. ধোপা গ. কেরানি ঘ. নাপিত **উত্তর: গ**

১০৮. **কোনটি উভয় লিঙ্গ? / কোনটি পুরুষ ও স্ত্রীবাচক দুইই বুঝায়?** [বিএনসিসি'র অফিস সহকারী: ২১]
ক. ভেড়া খ. বাঘ গ. মোরগ ঘ. পাখি **উত্তর: ঘ**
ব্যাখ্যা: পুরুষ ও স্ত্রীবাচক দুইই বুঝায় এমন শব্দগুলো হলো অভিভাবক, জন, জনতা, পাখি, পরিক্ষার্থী, বন্ধু, বঁধু, মানুষ, মন্ত্রী, মিত্র, সন্তান, সাথী, শিশু, শিক্ষিত, শত্রু, শিক্ষার্থী, শিল্পী প্রভৃতি।

১০৯. **কোনটি উভয় লিঙ্গ?** [ডাক বিভাগের অফিস সহায়ক: ২২]
ক. স্ত্রী খ. সন্তান গ. দেবর ঘ. পুত্র **উত্তর: খ**

১১০. **কোনটি উভয় লিঙ্গের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. মানুষ খ. কবিরাজ গ. সধবা ঘ. সৈনিক **উত্তর: ক**

১১১. **'আমি' শব্দটি কোন লিঙ্গ?** [মাউশি অধিদপ্তরের থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা: ১০]
ক. পুংলিঙ্গ খ. স্ত্রী লিঙ্গ গ. ক্লীব লিঙ্গ ঘ. উভয় লিঙ্গ **উত্তর: ঘ**

১১২. **নিচের কোন স্ত্রীবাচক শব্দের দুইটি পুরুষবাচক শব্দ আছে?** [১৮তম বিসিএস]
ক. ননদ খ. নবীন গ. কুলটা ঘ. কবিরাজ **উত্তর: ক**
ব্যাখ্যা: যেসব স্ত্রীবাচক শব্দের দুইটি পুরুষবাচক শব্দ আছে সেগুলো হলো ননদ, জা, বোন প্রভৃতি।

১১৩. **নিচের কোন পুরুষবাচক শব্দের দুইটি স্ত্রীবাচক শব্দ আছে?** [১৬তম বিসিএস]
ক. চৌধুরী খ. ছাত্র গ. বাবা ঘ. ভাই **উত্তর: ঘ**
ব্যাখ্যা: যেসব পুরুষবাচক শব্দের দুইটি স্ত্রীবাচক শব্দ আছে সেগুলো দেবর, ভাই, শিক্ষক, দাদা, বন্ধু প্রভৃতি।

১১৪. **নিচের কোনটি প্রত্যয়যোগে স্ত্রীবাচক শব্দ? / ঈ-প্রত্যয়যোগে লিঙ্গান্তর করা হয়েছে কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. জেলেনী খ. অনাথিনী গ. ছাত্রী ঘ. মেছোনী **উত্তর: গ**

১১৫. **'নী' প্রত্যয়যোগে লিঙ্গান্তর করা হয়েছে কোনটি?** [১৪তম শিক্ষক নিবন্ধন]
ক. অরণ্যানী খ. চাকরানী গ. ভাগনী ঘ. মেধাবিনী **উত্তর: ঘ**

১১৬. **লিঙ্গান্তর করতে 'নায়ক' শব্দের সাথে কোন প্রত্যয় যুক্ত হয়?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ০১]
ক. আ খ. ই গ. ইনি ঘ. ইকা **উত্তর: ঘ**

১১৭. **কোনটির আগে স্ত্রীবাচক শব্দযোগে লিঙ্গান্তর করতে হয়?** [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. নেতা খ. কবি গ. দাতা ঘ. বাদশ **উত্তর: খ**

১১৮. **কোনটির শেষে স্ত্রীবাচক শব্দ যোগ করে লিঙ্গান্তর করতে হয়?** [জনতা ব্যাংকের অফিসার: ১৯]
ক. পুলিশ খ. কবি গ. গয়লা ঘ. কর্মী **উত্তর: গ**

১১৯. **নিচের কোনটি বৈশিষ্ট্যগতভাবে আলাদা?** [জনতা ব্যাংকের অফিসার (ক্যাশ): ২০]
ক. সতীন খ. ননদ গ. সৎমা ঘ. দাইমা **উত্তর: খ**

১২০. **কোন পুরুষবাচক-নারীবাচক শব্দজোড় অশুদ্ধ?** [পূবালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৯]
ক. কোকিল - কোকিলা খ. অসীম - অসীমা গ. ভাই - বোনাই ঘ. শারদীয় - শারদীয়া **উত্তর: গ**

১২১. **কোনটি লিঙ্গান্তর অশুদ্ধ?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. অবল - অবলা খ. বাসন্তী - বসন্ত গ. ধাতা - ধাত্রী ঘ. অভাবী - অভাব **উত্তর: ঘ**

১২২. **লিঙ্গ পরিবর্তন দ্বারা গঠিত শব্দ কোনটি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক: ১৯]
ক. পাচিকা খ. উপকূল গ. অত্যাচার ঘ. ধার্মিক **উত্তর: ক**

পুরুষ ও পদাশ্রিত নির্দেশক

০১. **ব্যাকরণে পুরুষ কাকে বলে?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০৩]
ক. বিশেষ্যের বিভিন্ন প্রকৃতিকে খ. বিশেষ্য ও অব্যয়ের বিভিন্ন প্রকৃতিকে
গ. সর্বনামের বিভিন্ন প্রকৃতিকে ঘ. বিশেষ্য ও সর্বনামের বিভিন্ন প্রকৃতিকে **উত্তর: ঘ**
ব্যাখ্যা: বিশেষ্য ও সর্বনামের বিভিন্ন প্রকৃতিকে পুরুষ বলে। পুরুষ তিন প্রকার। যথা- উত্তম পুরুষ (আমি, আমরা), মধ্যম পুরুষ (তুমি, তোমরা, আপনি, আপনারা) ও নাম বা প্রথম পুরুষ (সে, তিনি, তারা, তাহারা, যিনি, যারা, ওরা, এটা, রহিম, করিম)।

০২. **বাংলা ব্যাকরণে পুরুষ কত প্রকার?** [ডাক বিভাগের অফিস সহায়ক: ২২]
ক. ২ খ. ৫ গ. ৪ ঘ. ৩ **উত্তর: ঘ**

০৩. **কোন পুরুষের অনুজ্ঞা পদ হয় না?** [মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্টোর কিপার: ২১]
ক. উত্তম পুরুষ খ. মধ্যম পুরুষ গ. প্রথম পুরুষ ঘ. নাম পুরুষ **উত্তর: ক**

০৪. **কোনটি উত্তম পুরুষের উদাহরণ?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১০]
ক. আমি খ. তুমি গ. সে ঘ. যিনি **উত্তর: ক**

০৫. **প্রত্যক্ষভাবে উদ্দিষ্ট ব্যক্তি বা শ্রোতাকে বলে** - [এলজিইডি'র সহকারী প্রকৌশলী: ০৫]
ক. উত্তম পুরুষ খ. নাম পুরুষ গ. ক ও খ ঘ. মধ্যম পুরুষ **উত্তর: ঘ**

০৬. **'সে' কোন পুরুষ?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবারকল্যাণ সহকারী: ১১]
ক. উত্তম পুরুষ খ. দ্বিতীয় পুরুষ গ. মধ্যম পুরুষ ঘ. প্রথম পুরুষ / নাম পুরুষ **উত্তর: ঘ**

০৭. **কোন বাক্যে নাম পুরুষের ব্যবহার করা হয়েছে?** [১৩তম বিসিএস]
ক. ওরা কি করে? খ. আপনি আসবেন গ. আমরা যাচ্ছি ঘ. তোরা খাসনে **উত্তর: ক**

০৮. **কোনটি উত্তম পুরুষের ক্রিয়াপদের উদাহরণ?** [জীবন বীমা কর্পোরেশনের জুনিয়র অফিসার: ১৯]
ক. বলেছ, করেছ খ. করেছি, খেয়েছি গ. বলেছিস, খেয়েছিস ঘ. এসেছেন, করেছেন **উত্তর: খ**

০৯. **করেছে, করেছো, করেছেন - বাংলা ক্রিয়ার এ তিনটি রূপ কেন ব্যবহৃত হয়?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১০]
ক. লিঙ্গভেদের কারণে খ. মর্যাদাভেদের কারণে গ. কারক বিভক্তির কারণে ঘ. সমাসের কারণে **উত্তর: খ**

১০. **শব্দ পদে পরিণত হওয়ার পর আরও অতিরিক্ত যে বর্ণ বা বর্ণগুচ্ছ যুক্ত হয় তাকে কী বলে?** [বিআরডিবি'র অফিস সহায়ক: ২১]
ক. লগ্নক খ. কারক গ. সমাস ঘ. পুরুষ **উত্তর: ক**

১১. **লগ্নক কত প্রকার?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কার্গো হেলপার: ২১]
ক. ২ খ. ৩ গ. ৫ ঘ. ৪ (বিভক্তি, নির্দেশক, বচন ও বলক) **উত্তর: ঘ**

১২. **যেসব শব্দাংশ পদের সাথে যুক্ত হলে বক্তব্য জোরালো হয় সেগুলোকে কী বলে?** [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক. বলক খ. বিভক্তি গ. নির্দেশক ঘ. বচন **উত্তর: ক**
ব্যাখ্যা: বলকযুক্ত শব্দের উদাহরণ হলো তখনও, তখনই, এখনও, এখনই, যদিও, বইটিই, কলমটিই প্রভৃতি।

১৩. **নিচের কোনগুলো বলকের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. রা, গুলো খ. এর, লাম গ. টি, টুকু ঘ. ই, ও **উত্তর: ঘ**

১৪. **কোনটি বলকযুক্ত শব্দের উদাহরণ?** [বিসিআইসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ২১]
ক. যদিও খ. আকাশ গ. চলন্ত ঘ. বাতাস **উত্তর: ক**

১৫. **টি, টা, খানা, খানি ইত্যাদি** - [২৬তম বিসিএস]
ক. অব্যয় খ. নির্দেশক সর্বনাম গ. পদাশ্রিত নির্দেশক ঘ. সংখ্যাবাচক বিশেষণ **উত্তর: গ**
ব্যাখ্যা: যে সব অব্যয় বা প্রত্যয় কোনো না কোনো পদের আশ্রয়ে বা পরে সংযুক্ত হয়ে নির্দিষ্টতা বা অনির্দিষ্টতা জ্ঞাপন করে সেগুলোকে পদাশ্রিত অব্যয় বা পদাশ্রিত নির্দেশক বলে। যেমন- এক, টি, টা, টাক, টে, টুক, টুকু, টুকুন, টো, কেতা, খান, খানা, খানি, গাছা, গাছি, গুলি, গুলা, গুলিন, গোটা, জন, তা, পাটি ইত্যাদি।

১৬. **কোনটি পদাশ্রিত নির্দেশক নয়?** [স্ট্যান্ডার্ড ব্যাঙ্কের অফিসার: ১২]
ক. টুক খ. গুচ্ছ গ. গাছি ঘ. খানা **উত্তর: খ**

১৭. **নিচের কোনটি পদাশ্রিত নির্দেশক নয়?** [পূবালী ব্যাঙ্কের অফিসার: ১৭]
ক. টা খ. টি গ. উপ ঘ. খানা **উত্তর: গ**

১৮. **কোনটি পদাশ্রিত নির্দেশকে শব্দের আগে বসে?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]
ক. টি খ. টা গ. টুকু ঘ. গোটা **উত্তর: ঘ**

১৯. **কোন বাক্যটি ঠিক নিয়ম প্রকাশ করে?** [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২৩]
ক. বিসর্গ সন্ধি তিনভাবে সাধিত হয় খ. অনুসর্গ ও উপসর্গের মধ্যে পার্থক্য নেই
গ. পদাশ্রিত নির্দেশক নির্দিষ্টতা প্রকাশ করে ঘ. কোনো নিয়ম ব্যতীত সাধিত সন্ধিকে স্বীয় সন্ধি বলে **উত্তর: গ**

২০. **কী ভেদে পদাশ্রিত নির্দেশক বিভিন্নতর হয়?** [পেট্রোবাংলার সহকারী ব্যবস্থাপক: ১১]
ক. কালভেদে খ. পুরুষভেদে গ. বচনভেদে ঘ. পদভেদে **উত্তর: গ**

২১. **পদাশ্রিত নির্দেশক ব্যবহৃত হয়** - [চবি: ২২-২৩]
ক. সন্ধিযোগে খ. প্রত্যয়ের মতো গ. বিভক্তির মতো ঘ. উপসর্গের মতো **উত্তর: খ**

২২. **'একটু' শব্দের 'টু' কী? / 'এইটুকুন' শব্দের 'টুকুন' কী? / 'একখানা' এখানে 'খানা' কী নির্দেশ করে?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. প্রত্যয় খ. অনুসর্গ গ. পদাশ্রিত নির্দেশক ঘ. অব্যয় **উত্তর: গ**

২৩. **'গোটা দেশটাই ছারখার হয়ে গেছে' এখানে 'গোটা' কী নির্দেশ করে? / 'ছোটটি কোথায়?' বাক্যে ছোট শব্দে 'টি' এর ব্যাকরণিক পরিচয় কী?** [পিএসসি'র সহকারী পরিচালক: ১৬]
ক. বিভক্তি খ. শব্দপ্রত্যয় গ. পদাশ্রিত নির্দেশক ঘ. অনুসর্গ **উত্তর: গ**

২৪. 'ছুঁয়ো না ছুঁয়ো না, ওটি লজ্জাবতী লতা' এখানে কোন শব্দটি পদাশ্রিত নির্দেশক? [বিএসইসি'র সহকারী পরিচালক: ২১]
ক. ওটি খ. ছুঁয়ো না গ. লজ্জাবতী ঘ. লতা **উত্তর: ক**

২৫. 'একটা কলম দাও' এখানে 'একটা' কী? / 'একখানা বই কিনে নিয়ো' এখানে 'একখানা' কী প্রকাশ করে? [পরিবেশ অধিদপ্তরের অফিস সহায়ক: ২২]
ক. নির্দিষ্টতাজ্ঞাপক খ. অনির্দিষ্টতাজ্ঞাপক গ. গুণবাচক ঘ. পরিমাণবাচক **উত্তর: খ**

২৬. 'এক যে ছিল রাজা' এখানে পদাশ্রিত নির্দেশক কী অর্থে ব্যবহৃত হয়েছে? [স্বাস্থ্য অধিদপ্তরের সহকারী সার্জন: ০৫]
ক. নির্দিষ্টতা খ. অনির্দিষ্টতা গ. নিরর্থকতা ঘ. বাহুল্যতা **উত্তর: খ**

২৭. 'ন্যাকামিটা এখন রাখো' এই বাক্যে 'ন্যাকামি' শব্দের সঙ্গে 'টা' যুক্ত হয়ে কোন অর্থ প্রকাশ করে? [জনতা ব্যাংকের অফিসার: ২৩]
ক. নিরর্থকতা খ. সার্থকতা গ. ব্যর্থকতা ঘ. ভিন্নার্থকতা **উত্তর: ক**

২৮. 'সারাটি বিকেল তোমার অপেক্ষায় বসে আছি' এখানে 'টি' কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ০৯]
ক. অর্থপূর্ণভাবে খ. দ্ব্যর্থহীনভাবে গ. সমার্থকভাবে ঘ. নিরর্থকভাবে **উত্তর: ঘ**

২৯. নিরর্থকভাবে পদাশ্রিত নির্দেশকের ব্যবহার কোনটি? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. জামাটি লাল খ. গানটা শুনেছি গ. বিকালটা সুন্দর ঘ. পড়াটা ভালো লাগে না **উত্তর: গ**

দ্বিরুক্তি শব্দ

০১. একই শব্দ বারবার ব্যবহৃত হলে তাকে বলে - / অভিন্ন বা সামান্য পরিবর্তিত হয়ে দুইবার ব্যবহৃত হওয়া শব্দকে বলে - [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ০০]
ক. প্রচলিত শব্দ খ. ধ্বন্যাত্মক শব্দ গ. অশব্দ ঘ. দ্বিরুক্ত শব্দ বা শব্দদ্বিত্ব **উত্তর: ঘ**
ব্যাখ্যা: অভিন্ন বা সামান্য পরিবর্তিত হয়ে দুইবার ব্যবহৃত হওয়া শব্দকে দ্বিরুক্ত শব্দ বা শব্দদ্বৈত বলে। দ্বিরুক্ত শব্দ ৩ প্রকার। যথা- শব্দের দ্বিরুক্তি, পদের দ্বিরুক্তি ও অনুকার দ্বিরুক্তি। দ্বিরুক্ত শব্দের উদাহরণ হলো গরম গরম, জ্বর জ্বর, যায় যায়, শন শন, কবি কবি, রিনি ঝিনি, ফোঁটা ফোঁটা, রাশি রাশি, হাড়ি হাড়ি, গলায় গলায়, ডেকে ডেকে, পথে পথে, ফুলে ফুলে, ভুলে ভুলে, হাতে হাতে, হাটে হাটে ইত্যাদি।

০২. দ্বিরুক্ত শব্দ কত প্রকার? [পেট্রোবাংলার সহকারী ব্যবস্থাপক: ১১]
ক. দুই খ. পাঁচ গ. চার ঘ. তিন **উত্তর: ঘ**

০৩. কোনটি দ্বিরুক্ত শব্দ? [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১১]
ক. মান্য খ. স্মরণ গ. শন শন ঘ. স্বতন্ত্র **উত্তর: গ**

০৪. খাঁটি দ্বিরুক্ত শব্দ কোনটি? [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৭]
ক. হাসি খুশি খ. ঝড় ঝঞ্ঝা গ. রাশি রাশি ঘ. জন্ম মৃত্যু **উত্তর: গ**

০৫. নিচে উল্লেখিত শব্দজুটির মধ্যে কোনটি দ্বিরুক্ত শব্দ? [বিএমইটি'র ইন্সট্রাক্টর: ১৮]
ক. হাতে হাতে খ. কল কাকলি গ. মুগ্ধ নয়নে ঘ. পথে প্রান্তরে **উত্তর: ক**

০৬. 'হাতে হাতে ফল পাওয়া' বাক্যাংশে 'হাতে হাতে' হলো - [দুদকের পরিদর্শক: ০৪]
ক. দ্বিরুক্ত শব্দ খ. বিপরীত শব্দ গ. সংখ্যাবাচক শব্দ ঘ. নরবাচক শব্দ **উত্তর: ক**

০৭. 'গলায় গলায়' কী? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]
ক. দ্বিরুক্তি শব্দ খ. বিপরীত শব্দ গ. সংখ্যাবাচক শব্দ ঘ. নরবাচক শব্দ **উত্তর: ক**

০৮. কোনটি দ্বিরুক্ত শব্দ নয়? [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. চড়াৎ খ. ফুলে ফুলে গ. রিনি ঝিনি ঘ. ভুলে ভুলে **উত্তর: ক**

০৯. 'পথে পথে' কোন ধরনের শব্দ নয়? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]
ক. দ্বিরুক্তি শব্দ খ. শব্দ দ্বৈত গ. পদ দ্বৈত ঘ. ধ্বন্যাত্মক শব্দ **উত্তর: ঘ**

১০. সমার্থক শব্দযোগে দ্বিরুক্তি হয়েছে কোনটি? [কর্মসংস্থান ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৫]
ক. ভাল মন্দ খ. তোড় জোড় গ. ধন দৌলত ঘ. আরার ফকির **উত্তর: গ**

১১. 'ডাল ভাত' কেমন অর্থের শব্দযোগে দ্বিরুক্ত হয়েছে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. সমার্থক খ. মিলনার্থক গ. বিপরীতার্থক ঘ. ভিন্নার্থক **উত্তর: ঘ**

১২. কোন দ্বিরুক্তি শব্দ দুইটি বহুবচন নির্দেশ করে? [১০ম বিসিএস]
ক. পাকা পাকা আম খ. ছি ছি করছো গ. নরম নরম হাত ঘ. উড়ু উড়ু মন **উত্তর: ক**

১৩. 'হাড়ি হাড়ি সন্দেশ' বাক্যাংশটি বহুবচনজ্ঞাপক হয়েছে - [বিএসসি'র সিনিয়র অফিসার: ২৩]
ক. সমষ্টিবাচক শব্দযোগে খ. বহুত্ববাচক শব্দযোগে গ. পদের দ্বিত্ব প্রয়োগে ঘ. সমার্থক শব্দের দ্বিত্ব প্রয়োগে **উত্তর: গ**

১৪. 'হাটে হাটে বিকিয়ে তোর ভরা আপণ' এই বাক্যে কোন দ্বিরুক্তির প্রয়োগ ঘটেছে? [বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের সহকারী ব্যবস্থাপক: ২০]
ক. যুগ্মরীতি খ. অব্যয়ের গ. ধ্বন্যাত্মক ঘ. পদাত্মক **উত্তর: ঘ**

১৫. 'ফোঁটা ফোঁটা' কোন পদের দ্বৈতরূপ? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. অব্যয় খ. বিশেষণ গ. ক্রিয়া ঘ. বিশেষ্য **উত্তর: ঘ**

১৬. বিশেষ্য পদযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৭]
ক. ভালো ভালো আম খ. যে যে যাবে গ. বাড়ি বাড়ি যাব ঘ. লাল লাল ফুল **উত্তর: গ**

১৭. **'জিজ্ঞাসিব জনে জনে' বাক্যটির দ্বিরুক্তি কী দিয়ে গঠিত?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ২২]
ক. বিশেষণ খ. বিশেষ্য গ. সংখ্যাবাচক ঘ. বহুবচন **উত্তর: খ**

১৮. **বিশেষণ পদযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০০]
ক. লাল লাল ফুল খ. জ্বর জ্বর লাগছে গ. গ্রামে গ্রামে যাব ঘ. ভাইয়ে ভাইয়ে যুদ্ধ **উত্তর: ক**

১৯. **বিশেষণ পদ হিসেবে দ্বিরুক্তি শব্দের প্রয়োগের উদাহরণ কোনটি?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ২২]
ক. নামিল নভে বাদল ছলছল বেদনায় খ. চিকচিক করে বালি কোথা নাই কাদা
গ. কলকলিয়ে উঠল সেথায় নারীর প্রতিবাদ ঘ. বৃষ্টির ঝমঝমানি আমাদের অস্থির করে তোলে **উত্তর: ক**

২০. **কোনটি অব্যয়বাচক দ্বিরুক্তির উদাহরণ?** [এলজিআরডি মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ১৭]
ক. ভারা ভারা খ. ছম ছম গ. হাতে নাতে ঘ. নেই নেই **উত্তর: খ**

২১. **'বার বার কামান গর্জে উঠল' এখানে 'বার বার' কোন ধরনের দ্বিরুক্তি?** [বিজেএমসি'র অফিসার: ১৭]
ক. ধনাত্মক খ. অব্যয় গ. ক্রিয়াবাচক ঘ. পদত্মক **উত্তর: খ**

২২. **'পিলসুজে বাতি জ্বলে মিটির মিটির' কোন অর্থে বিরুক্তি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহকারী: ০৪]
ক. ভাবের গভীরতা বুঝাতে খ. বিশেষণ বুঝাতে গ. সামান্যতা বুঝাতে ঘ. অনুভূতি বুঝাতে **উত্তর: খ**

২৩. **ক্রিয়ার দ্বিরুক্তি যোগে গঠিত বিশেষণের দৃষ্টান্ত হলো** - [বিএসসি'র সিনিয়র অফিসার: ২১]
ক. ডেকে ডেকে খ. বারে বারে গ. যায় যায় ঘ. দেখতে দেখতে **উত্তর: গ**

২৪. **কোনটি ক্রিয়াবাচক শব্দের দ্বিরুক্তি** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৫]
ক. কালো কালো মেঘ খ. ডেকে ডেকে সারা গ. ছোট ছোট গ্রাম ঘ. পায়ে পায়ে হাঁটা **উত্তর: খ**

২৫. **'মনে মনে তুলনা করে দেখলাম' এখানে দ্বিরুক্তি ব্যবহৃত হয়েছে** - [পল্লী সঞ্চয় ব্যাংকের ক্যাশ সহকারী: ১৮]
ক. ব্যাপ্তি অর্থে খ. আধিক্য বুঝাতে গ. বিশেষ্য রূপে ঘ. ক্রিয়া বিশেষণরূপে **উত্তর: ঘ**

২৬. **কোন শব্দটিতে ক্রিয়াপদের দ্বিরুক্ত ঘটেছে?** [জীবন বীমা কর্পোরেশনের অফিসার: ১৮]
ক. কাকে কাকে খ. যার যার গ. হেসে হেসে ঘ. কেমন কেমন **উত্তর: গ**

২৭. **কোনটি যুগ্মরীতির দ্বিরুক্ত?** [রূপালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. গরম গরম খ. টুপটাপ গ. ঝমঝম ঘ. মিটির মিটির **উত্তর: খ**
ব্যাখ্যা: একই শব্দ ঈষৎ পরিবর্তন করে দ্বিরুক্ত গঠন করার রীতিকে যুগ্মরীতি বলে। যেমন- চুপচাপ, টুপটাপ, মিটমাট, বইটই, ভাতটাত, ছটফট, বকাঝকা, মারামারি, হাতাহাতি, কানাকানি, জেদাজেদি, ভয়ডর, ডালভাত, কাপড়চোপড়, চালচলন, পথঘাট, অলিগলি, রীতিনীতি।

২৮. **নিচের কোনটি যুগ্মরীতির দ্বিরুক্ত শব্দ?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. বইটই খ. আয়-ব্যয় গ. ঝুমঝুম ঘ. ঠা ঠা **উত্তর: ক**

২৯. **'বই-টই নিয়ে পড়তে বসো' এখানে 'বই-টই' কী?** [৯ম বিজেএস]
ক. যথাদ্বিরুক্তি খ. অনুচর দ্বিরুক্তি গ. সমার্থক দ্বিরুক্তি ঘ. বিপরীতার্থক দ্বিরুক্তি **উত্তর: খ**

৩০. **বিকারজাত শব্দযোগে দ্বিরুক্তির উদাহরণ হলো** - [বিএসসি'র সিনিয়র অফিসার: ২১]
ক. হাড়ি পাতিল খ. নিভু নিভু গ. বকাঝকা ঘ. মাঠে ঘাটে **উত্তর: গ**

৩১. **অনুকার দ্বিরুক্তি শব্দ কোনটি?** [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১২]
ক. ঝমঝম খ. যায় যায় গ. দিন দিন ঘ. বকাঝকা **উত্তর: ক**
ব্যাখ্যা: কোনো কিছুর কাল্পনিক বা স্বাভাবিক ধ্বনির অনুকরণে বা বিকারে যেসব শব্দের সৃষ্টি হয় তাকে অনুকার শব্দ বলে। অনুকার দ্বিরুক্ত শব্দগুলো হলো কলকল, খাঁ খাঁ, ঘ্যানর ঘ্যানর, ছলছল, ঝমঝম, ঝনঝন, টনটন, ঢং ঢং, শন শন, সাঁ সাঁ ইত্যাদি।

৩২. **অনুকার দ্বিত্বের উদাহরণ কোনটি?** [বেজার'র সহকারী ব্যবস্থাপক: ২০]
ক. চুপচাপ খ. পটাপট গ. ঝমঝম ঘ. সুরেসুরে **উত্তর: গ**

৩৩. **'ঘ্যানর ঘ্যানর' কী ধরনের দ্বিরুক্তি?** [বাংলাদেশ রেলওয়ের গার্ড: ২২]
ক. ক্রিয়াবাচক শব্দ দ্বিরুক্তি খ. পদ দ্বিরুক্তি গ. অনুকার দ্বিরুক্তি ঘ. ধ্বন্যাত্মক দ্বিরুক্তি **উত্তর: গ**

৩৪. **'শন শন' কী ধরনের দ্বিরুক্তি শব্দ?** [বিএসসি'র অফিসার: ২৩]
ক. শব্দের দ্বিরুক্তি খ. পদের দ্বিরুক্তি গ. অনুকার দ্বিরুক্তি ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

৩৫. **কোনটি অনুকার অব্যয়ের দ্বিরুক্তি নয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহকারী: ১৮]
ক. কলকল খ. টনটন গ. ঝমঝম ঘ. লাললাল **উত্তর: ঘ**

৩৬. **কোনটি ধ্বন্যাত্মক শব্দের উদাহরণ?** [পিটিআই'র ইন্সট্রাক্টর: ১৯]
ক. নীল নীল খ. শন শন গ. লাল নীল ঘ. রাশি রাশি **উত্তর: খ**
ব্যাখ্যা: কোনো কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতিবিশিষ্ট শব্দের রূপকে ধ্বন্যাত্মক শব্দ বলে। ধ্বন্যাত্মক দ্বিরুক্ত শব্দগুলো হলো মানুষের ধ্বনির অনুকার (খকখক, গুণগুণ, ট্যাঁ ট্যাঁ, ভেউ ভেউ, হি হি), জীবজন্তুর ধ্বনির অনুকার (কুহু কুহু, কা কা, গর গর, ঘেউ ঘেউ, চিহি চিহি, মিউ মিউ), বস্তুর ধ্বনির অনুকার (কলকল, কড়কড়, গুড়গুড়, ঘচঘচ, ঝমঝম, মড়মড়, হু হু), অনুভূতিরজাত কাল্পনিক ধ্বনির অনুকার (কুট কুট, চোঁ চোঁ, ছম ছম, ঝি ঝি, ঝিকিমিকি, ঠা ঠা, পিটপিট, মিন মিন), অনুকার ধ্বনি (খাঁ খাঁ, চিকচিক, ছলছল, টনটন, টুপটাপ, টুংটাং, শন শন), শব্দের অবিকৃত প্রয়োগ (গনগন, গপগপ, ঝনঝন, ঝিরঝির, টপটপ, টিপটিপ, ধকধক, পটপট, ভনভন,), প্রথম শব্দের শেষে 'আ' যোগ

করে (গপাগপ, টপাটপ, পটাপট), দ্বিতীয় শব্দের শেষে 'ই' যোগ করে (ঝমঝমি, ঝনঝনি, ধরাধরি), যুগ্মরীতি (কিচির মিচির, টাপুর টুপুর, হাপুস হুপুস, তিড়িং বিড়িং)।

৩৭. **কোনটি ধ্বন্যাত্মক দ্বিরুক্তির উদাহরণ?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. ঘন ঘন খ. ঝমঝম গ. ভাল ভাল ঘ. রাশি রাশি **উত্তর: খ**

৩৮. **কোনটি ধ্বন্যাত্মক দ্বিরুক্তির উদাহরণ?** [স্বাস্থ্য অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]
ক. ঘন ঘন খ. টনটন গ. বইটই ঘ. ধনজন **উত্তর: খ**

৩৯. **ধ্বন্যাত্মক দ্বিরুক্তির উদাহরণ কোনটি?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. চোখে চোখে খ. ঘেউ ঘেউ গ. কেউ কেউ ঘ. চুপচাপ **উত্তর: খ**

৪০. **ধ্বন্যাত্মক দ্বিরুক্তি শব্দের উদাহরণ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. ভয় টয় খ. টুপটাপ গ. কাছাকাছি ঘ. চোখে চোখে **উত্তর: খ**

৪১. **ধ্বন্যাত্মক দ্বিরুক্তি শব্দের উদাহরণ কোনটি?** [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]
ক. ধরাধরি খ. সরাসরি গ. নিশপিশ ঘ. গরম গরম **উত্তর: ক**

৪২. **ধ্বনিবাচক দ্বিরুক্ত শব্দ - / কোনটি ধ্বনিবাচক দ্বিরুক্তির উদাহরণ?** [সোনালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. দরদর খ. মড়মড় গ. কড়কড় ঘ. নড়নড় **উত্তর: খ, গ**

৪৩. **ধ্বন্যাত্মক শব্দ নয় কোনটি?** [এসডিএফ'র আইটি অফিসার: ১২]
ক. টলটল খ. টুপটাপ গ. ভনভন ঘ. ঝিরঝির **উত্তর: ক**

৪৪. **ধ্বন্যাত্মক দ্বিরুক্ত শব্দ নয় কোনটি?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ১০]
ক. মিন মিন খ. ঠা ঠা গ. কুট কুট ঘ. হাড়ে হাড়ে **উত্তর: ঘ**

৪৫. **দ্রুততাজ্ঞাপক দ্বিরুক্ত শব্দ** - [রূপালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. করকর খ. তরতর গ. মরমর ঘ. সরসর **উত্তর: খ**

৪৬. **কোনটি অনুভূতিজাত কাল্পনিক ধ্বনি?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সহকারী ব্যবস্থাপক: ২১
ক. ঠা ঠা রোদ খ. গরম গরম জিলাপি গ. জ্বর জ্বর লাগছে ঘ. ভয়ে ভয়ে ছিলাম **উত্তর: ক**

৪৭. **অতিরিক্ত কথা বলার ভাবজ্ঞাপক দ্বিরুক্তি** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. চড়চড় খ. গড়গড় গ. ফড়ফড় ঘ. হড়হড় **উত্তর: গ**

৪৮. **'সারা বাড়িটা খাঁ খাঁ করছে' এখানে 'খাঁ খাঁ' হলো** - [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার: ০৫]
ক. ধ্বন্যাত্মক শব্দ খ. মিশ্র শব্দ গ. দ্বিরুক্ত শব্দ ঘ. শব্দদ্বৈত **উত্তর: ক**

৪৯. **'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' কোন ধরনের শব্দ?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]
ক. শব্দের দ্বিরুক্তি খ. ছড়ার শব্দ গ. পদের দ্বিরুক্তি ঘ. ধ্বন্যাত্মক দ্বিরুক্তি / ধ্বনিব্যঞ্জনা **উত্তর: ঘ**

৫০. **'বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদেয় এলো বান' এখানে 'টাপুর টুপুর' কোন ধরনের শব্দ?** [২০তম বিসিএস]
ক. অবস্থাবাচক শব্দ খ. বাক্যালঙ্কার শব্দ গ. ধ্বন্যাত্মক শব্দ ঘ. দ্বিরুক্ত শব্দ **উত্তর: গ**

৫১. **'শুনে বুকটা তাঁর টিপ টিপ করছিল' এখানে 'টিপ টিপ' হলো** - [ঢাবি: ১৬-১৭]
ক. ধ্বন্যাত্মক দ্বিরুক্ত খ. অনন্বয়ী অব্যয় গ. অনুসর্গ অব্যয় ঘ. অনুকার অব্যয় **উত্তর: ক**

৫২. **'মাথামুন্ডু' কোন ধরনের শব্দ?** [জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনটেনডেন্ট অব সার্ভে: ০৭]
ক. ধ্বন্যাত্মক শব্দ খ. মিশ্র শব্দ গ. জটিল শব্দ ঘ. যুগ্মশব্দ **উত্তর: ক**

৫৩. **'মিটি মিটি', 'তিড়িং বিড়িং', 'হাপুস হুপুস' শব্দগুলো কোন ধরনের?** [বেরোবি: ১৯-২০]
ক. বহুবচন খ. অতিশয়োক্তি গ. বিপরীত শব্দ ঘ. ধ্বন্যাত্মক দ্বিরুক্তি **উত্তর: ঘ**

৫৪. **'কাটিতে কাটিতে ধান এল বরষা' এখানে 'কাটিতে কাটিতে' কোন অর্থে ব্যবহৃত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. নিরন্তর খ. বিলম্ব গ. সমাপ্তি ঘ. সম্ভাবনা **উত্তর: ক**

৫৫. **'কবি কবি ভাব কিন্তু ছন্দের অভাব' এখানে 'কবি কবি' কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী: ২৩]
ক. পৌনঃপুনিকতা অর্থে খ. ভাল অর্থে গ. পুনরাবৃত্তি অর্থে ঘ. উপহাস অর্থে **উত্তর: ঘ**

৫৬. **'ছোট ছোট জমি বিক্রি করে দাও' এই বাক্যে দ্বিরুক্ত শব্দ কী অর্থ প্রকাশ করে?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহকারী: ১৯]
ক. গভীরতা খ. সামান্যতা গ. সতর্কতা ঘ. আধিক্য **উত্তর: খ**

৫৭. **'জ্বর' এর সাথে কোন শব্দের দ্বিরুক্তিতে সামান্য অর্থ প্রকাশ পায়?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ০১]
ক. জারি খ. বিকার গ. জ্বর ঘ. ব্যাধি **উত্তর: গ**

৫৮. **'আমি আজ জ্বর জ্বর বোধ করছি' এখানে 'জ্বর জ্বর' দ্বিরুক্তি কী বুঝাচ্ছে?** [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]
ক. আধিক্য খ. সামান্য গ. পরস্পরতা ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৫৯. **'ঝির ঝির করে বাতাস বইছে' এখানে দ্বিরুক্ত শব্দটি কোন অর্থ প্রকাশ করেছে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]
ক. ভাবের গভীরতা খ. ধ্বনিব্যঞ্জনা গ. পৌনঃপুনিকতা ঘ. সামান্যতা **উত্তর: খ**

৬০. **'ডেকে ডেকে হয়রান হয়েছি' এখানে 'ডেকে ডেকে' দ্বিরুক্তিটি কোন অর্থে?** [৪৩তম বিসিএস]
ক. স্বল্পকাল স্থায়ী খ. দীর্ঘকাল স্থায়ী গ. অস্থিরতা ঘ. পৌনঃপুনিকতা **উত্তর: ঘ**

৬১. **কোনটি দ্বারা ভাবের 'আধিক্য' ও 'স্বল্পতা' দুটিই বুঝায়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]
ক. চোখে চোখে খ. বাছা বাছা গ. ভাবতে ভাবতে ঘ. হাড়ে হাড়ে **উত্তর: খ**

৬২. **'শিশুটি মা মা বলে কাঁদছে' এখানে 'মা মা' দ্বিরুক্তিটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. স্বল্পকাল স্থায়ী খ. আগ্রহ গ. আধিক্য ঘ. তীব্রতা **উত্তর: খ**

৬৩. **'রাশি' শব্দের দ্বিরুক্তিতে কোন অর্থ প্রকাশ পায়? / 'কৃষক হলেও তাঁর আছে রাশি রাশি ধন' এই বাক্যে 'রাশি রাশি' কী অর্থে ব্যবহৃত হয়েছে বা কী বুঝাচ্ছে?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০১]
ক. সামান্য খ. গভীরতা গ. আধিক্য ঘ. তীব্রতা **উত্তর: গ**

৬৪. **'রাত্রে লুচিমুচি কিছু খাইনে, স্রেফ ভাত' এই বাক্যে 'লুচিমুচি' শব্দদ্বৈত কী ভাব প্রকাশ করেছে?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. সাধারণ খ. প্রসন্ন গ. অবজ্ঞা ঘ. অনীহা **উত্তর: ঘ**

৬৫. **'লোকটি হাড়ে হাড়ে শয়তান' কী অর্থে বাক্যটিতে দ্বিরুক্ত শব্দের প্রয়োগ হয়েছে?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]
ক. সতর্কতা খ. শারীরিক গঠন গ. ভাবের প্রগাঢ়তা ঘ. আধিক্য **উত্তর: ঘ**

সমাস

০১. **'সমাস' শব্দের অর্থ কী?** [মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. সংশ্লেষণ খ. বিশ্লেষণ গ. সংক্ষেপণ ঘ. সংযোজন **উত্তর: গ**

০২. **সমাসের রীতি কোন ভাষা থেকে আগত?** [মাউশি অধিদপ্তরের থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা: ১৫]
ক. আরবি খ. ফারসি গ. ইংরেজি ঘ. সংস্কৃত **উত্তর: ঘ**

০৩. **পরস্পর অন্বয়যুক্ত দুই বা ততোধিক পদকে এক পদে পরিণত করার নাম - / অর্থসঙ্গতিবিশিষ্ট একাধিক পদের এক পদে পরিণত হওয়ার নাম -** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩]
ক. সন্ধি খ. প্রত্যয় গ. সমাস ঘ. পুরুষ **উত্তর: গ**

০৪. **সমাস ভাষাকে - / সমাস বাক্যকে -** [২৯তম বিসিএস]
ক. সংকোচন করে খ. সংক্ষেপ করে গ. অর্থবোধক করে ঘ. বিস্তৃত করে **উত্তর: খ**

০৫. **যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটির নাম কী?** [৮ম প্রভাষক নিবন্ধন]
ক. ব্যাসবাক্য খ. সমস্যমান পদ গ. সমাসবাক্য ঘ. সমস্তপদ **উত্তর: খ**

০৬. **সমাস নিষ্পন্ন পদটির নাম কী? / সমাসবদ্ধ পদকে কী বলে?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৮]
ক. সমস্যমান খ. সমস্তপদ গ. ব্যাসবাক্য ঘ. বিগ্রহবাক্য **উত্তর: খ**

০৭. **সমাসবদ্ধ পদের পরবর্তী অংশকে কী বলা হয়?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. উত্তর পদ খ. পরপদ গ. দক্ষিণ পদ ঘ. পূর্বপদ **উত্তর: ক, খ**

০৮. **ব্যাসবাক্য বা সমাসবাক্যের অপর নাম কী?** [৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন]
ক. সরল বাক্য খ. যৌগিক বাক্য গ. বিগ্রহবাক্য ঘ. জটিল বাক্য **উত্তর: গ**

০৯. **সাধারণত সমাসে কোন পদে কারক-বিভক্তি থাকে?** [কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সহকারী পরিদর্শক: ০৫]
ক. প্রথম পদে / পূর্বপদে খ. শেষ পদে গ. সর্বনাম পদে ঘ. বিশেষ্য পদে **উত্তর: ক, ঘ**

১০. **সমাস সাধিত পদ কোনটি?** [বিএসসি'র অফিসার: ১৮]
ক. চাষী খ. মানব গ. দম্পতি ঘ. বোনাই **উত্তর: গ**

১১. **নিচের কোন শব্দটি সমাসের মাধ্যমে গঠিত হয়েছে?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]
ক. আমরা খ. হিমাচল গ. বেখবর ঘ. ঘরামি **উত্তর: ক**

১২. **সমাসের সাহায্যে শব্দ গঠন হয়েছে -** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহকারী: ১৯]
ক. মিঠাই খ. চলন্ত গ. প্রতিদিন ঘ. কর্তব্য **উত্তর: গ**

১৩. **নিচের কোনটি সমাস নিষ্পন্ন শব্দের উদাহরণ?** [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৮]
ক. নিবাস খ. বড়াই গ. মনমাঝি ঘ. ছাত্রক **উত্তর: গ**

১৪. **'ঘোড়াডিম' কোন জাতীয় শব্দ?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]
ক. সমাসবদ্ধ খ. সন্ধি বিচ্ছেদজাত গ. পদ প্রকরণ ঘ. তৎসম শব্দ **উত্তর: ক**

১৫. **'অহিনকুল' শব্দটি কোন নিয়মে গঠিত হয়েছে? / 'কাজলকালো' শব্দটি কোন প্রক্রিয়ায় গঠিত?** [পিটিআই'র ইন্সট্রাক্টর: ১৯]
ক. প্রত্যয় খ. সমাস গ. সন্ধি ঘ. উপসর্গ **উত্তর: খ**

১৬. **'নবান্ন' শব্দটি কোন প্রক্রিয়ায় গঠিত? / 'সিংহাসন' শব্দটি কোন প্রক্রিয়ায় গঠিত?** [২৬তম বিসিএস]
ক. সমাস খ. অনুসর্গ গ. প্রত্যয় ঘ. উপসর্গ **উত্তর: ক**

১৭. **নিচের কোনটি শব্দটি সমাসবদ্ধ নয়?** [সিএজি কার্যালয়ের সিনিয়র একাউন্টস ক্লার্ক: ২২]
ক. গাছপাকা খ. বিদ্যালয় গ. সিংহাসন ঘ. দিলদরিয়া **উত্তর: খ**

১৮. **সমাস কত প্রকার? / পুরাতন বাংলা ব্যাকরণ অনুযায়ী সমাস কত প্রকার?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. ৩ প্রকার খ. ৪ প্রকার গ. ৫ প্রকার ঘ. ৬ প্রকার **উত্তর: ঘ**

১৯. **সমাস মূলত কত প্রকার? / নতুন বাংলা ব্যাকরণ অনুযায়ী সমাস মূলত কত প্রকার? / অর্থের প্রাধান্যের ভিত্তিতে বাংলা সমাস কত প্রকার?** [বেবিচকের হিসাব সহকারী: ২৩]
ক. ৭ প্রকার খ. ৬ প্রকার গ. ৫ প্রকার ঘ. ৪ প্রকার (দ্বিগু ও অব্যয়ীভাব ব্যতীত) **উত্তর: ঘ**

২০. **দ্বন্দ্ব বলতে কী বোঝায়?** [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. জোড়া খ. দুই গ. আগুনে পোড়া ঘ. সংগ্রাম **উত্তর: ক**

২১. **কোন সমাস পূর্বপদ ও পরপদ উভয়েরই অর্থ প্রাধান্যের ভিত্তিতে নিষ্পন্ন হয়? / কোন সমাসে উভয় পদের অর্থ প্রধান থাকে?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ২৩]
ক. দ্বন্দ্ব খ. কর্মধারয় গ. দ্বিগু ঘ. তৎপুরুষ **উত্তর: ক**

২২. **কোন সমাসে উভয়পদই বিশেষ্য?** [৯ম প্রভাষক নিবন্ধন]
ক. দ্বন্দ্ব খ. কর্মধারয় গ. তৎপুরুষ ঘ. প্রাদি সমাস **উত্তর: ক**

২৩. **দ্বন্দ্ব সমাসের ব্যাসবাক্যের সাধারণত কোন অব্যয়গুলো ব্যবহৃত হয়?** [ফায়ার সার্ভিসের ফায়ার ফাইটার: ২৩]
ক. যে, যিনি খ. যার, তার গ. এবং, ও ঘ. ন্যায়, রূপ **উত্তর: গ**

২৪. **কোনটি দ্বন্দ্ব সমাস?** [২০তম বিসিএস]
ক. বেশভূষা খ. নিঃসহায় গ. মানবহৃদয় ঘ. শতাব্দী **উত্তর: ক**
ব্যাখ্যা: দ্বন্দ্ব সমাসের উদাহরণ হলো আয়-ব্যয়, আগে-পাছে, কল-কারখানা, খাতা-পত্র, ঘর-দুয়ার, চা-বিস্কুট, ছোট-বড়, ছাত্র-শিক্ষক, ছেলে-বুড়ো, জ্বীন-পরী, জন-মানব, তুমি-আমি, তাল-তমাল, দা-কুমড়া, দেখা-শোনা, দয়া-মায়া, দোয়াত-কলম, ধুতি-চাদর, ধীরে-সুস্থে, নয়-ছয়, বুক-পিঠ, বেশ-ভূষা, মাঠ-ঘাট, মা-বাবা, মাতা-পিতা, মোল্লা-মৌলভী, মাথা-মুন্ডু, মাসি-পিসি, সত্য-মিথ্যা যা-তা, লাভ-লোকসান, সোনা-রূপা, স্বর্গ-নরক, সাত-সতেরো, সাত-পাঁচ, শাক-সবজি, হাত-পা, ছল-চাতুরী প্রভৃতি।

২৫. **কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?** [বার্ডের সহকারী পরিচালক: ২২]
ক. সিংহাসন খ. ভাই-বোন গ. কানাকানি ঘ. গাছপাকা **উত্তর: খ**

২৬. **কোনটি দ্বন্দ্ব সমাস?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১০]
ক. মধুকণ্ঠি খ. রাতকানা গ. গোমড়ামুখো ঘ. হাট-বাজার **উত্তর: ঘ**

২৭. **কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. দম্পতি খ. মহাবীর গ. নিটোল ঘ. প্রতিদিন **উত্তর: ক**

২৮. **কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?** [বিসিকের প্রকাশনা কর্মকর্তা: ২৩]
ক. ধীরে-সুস্থে খ. নবরত্ন গ. বিজয়োৎসব ঘ. ধনুকভাঙ্গা **উত্তর: ক**

২৯. **কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?** [দুদকের উপ-সহকারী পরিচালক: ২০]
ক. অন্যায় খ. আমরণ গ. অহি-নকুল ঘ. অনাসক্ত **উত্তর: গ**

৩০. **'আলোছায়া' পদটি কোন সমাস? / 'কুশীলব' শব্দটি কোন সমাসের অন্তর্গত?** [৩৭তম বিসিএস]
ক. দ্বন্দ্ব সমাস খ. অব্যয়ীভাব সমাস গ. তৎপুরুষ সমাস ঘ. কর্মধারয় সমাস **উত্তর: ক**

৩১. **'চর্ব্যচোষ্য' কোন সমাস? / 'পোকা-মাকড়' কোন সমাসযোগে গঠিত শব্দ? / 'সত্য-মিথ্যা' কোন সমাস?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]
ক. অব্যয়ীভাব গ. তৎপুরুষ গ. দ্বন্দ্ব ঘ. দ্বিগু **উত্তর: গ**

৩২. **'ছেলে-মেয়ে' কোন প্রকার দ্বন্দ্ব সমাস?** [গ্রন্থাগার অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. সাধারণ দ্বন্দ্ব খ. অলুক দ্বন্দ্ব গ. একশেষ দ্বন্দ্ব ঘ. সমার্থক দ্বন্দ্ব **উত্তর: ক**

৩৩. **'জায়া ও পতি' সমাস করলে কী হয়?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. স্বামী-স্ত্রী খ. পতি-পত্নী গ. দম্পতি ঘ. জায়া-পতি **উত্তর: গ**

৩৪. **'জমা-খরচ' সমস্ত পদটির সঠিক ব্যাসবাক্য কোনটি?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০৫]
ক. জমা ও খরচ খ. জমাকে খরচ গ. জমা থেকে খরচ ঘ. জমার খরচ **উত্তর: ক**

৩৫. **সহচর শব্দযোগে গঠিত দ্বন্দ্ব সমাসের উদাহরণ** - [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৮]
ক. ধূতি-চাদর খ. ঘর-বার গ. আকার-ইঙ্গিত ঘ. বুক-পিঠ **উত্তর: ক**

৩৬. **নিচের কোনটি সমার্থক শব্দযোগে দ্বন্দ্ব সমাস?** [বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের সহকারী ব্যবস্থাপক: ১৮]
ক. নাক-মুখ খ. লাভ-লোকসান গ. দেখা-শোনা ঘ. খাতা-পত্র **উত্তর: ঘ**

৩৭. **'হাট-বাজার' কোন অর্থে দ্বন্দ্ব সমাস?** [বাংলাদেশ রেলওয়ের গার্ড: ২২]
ক. মিলনার্থে খ. সমার্থে গ. বিপরীতার্থে ঘ. বিয়োগার্থে **উত্তর: খ**

৩৮. **'জ্বিন-পরী' কোন অর্থে দ্বন্দ্ব সমাস?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের উচ্চমান সহকারী: ২৩]
ক. মিলনার্থে খ. সমার্থে গ. বিপরীতার্থে ঘ. বিয়োগার্থে **উত্তর: ক**

৩৯. **নিচের কোনটি সমার্থক দ্বন্দ্ব সমাসের দৃষ্টান্ত নয়?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২২]
ক. সাজসজ্জা খ. লেনদেন গ. ছাইভস্ম ঘ. গোলাগুলি **উত্তর: খ**

৪০. **বিপরীতার্থক শব্দযোগে দ্বন্দ্ব সমাসের উদাহরণ নয় কোনটি?** [বিসিকের প্রমোশন অফিসার: ২৩]
ক. লাভ-লোকসান খ. আয়-ব্যয় গ. স্বর্গ-নরক ঘ. ছেলে-বুড়ো **উত্তর: গ**

৪১. **'সাহেব, বিবি ও গোলাম' কী সমাস? / 'হাত, পা, নাক, মুখ ও চোখ' কোন সমাস?** [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২৩]
ক. মিলনার্থক দ্বন্দ্ব খ. অলুক দ্বন্দ্ব গ. বিরোধার্থক দ্বন্দ্ব ঘ. বহুপদী দ্বন্দ্ব **উত্তর: ঘ**

৪২. **অলুক দ্বন্দ্ব সমাস সাধিত শব্দ কোনটি?** [১০ম শিক্ষক নিবন্ধন]
ক. দুধে-ভাতে খ. মাতা-পিতা গ. কম-বেশি ঘ. সাত-পাঁচ **উত্তর: ক**
ব্যাখ্যা: অলুক দ্বন্দ্ব সমাসের উদাহরণ হলো ঘরে-বাইরে, চলনে-বলনে, চোখে-মুখে, জলে-স্থলে, দুধে-ভাতে, দেশে-বিদেশে, পথে-প্রান্তরে, হাতে-কলমে, হাতে-পায়ে, হাটে-বাজারে প্রভৃতি।

৪৩. **অলুক দ্বন্দ্ব সমাসের উদাহরণ কোনটি?** [বিএমইটি'র ইন্সট্রাক্টর: ১৮]
ক. আমরা খ. দা-কুমড়া গ. হাতে-কলমে ঘ. প্রতিকূল **উত্তর: গ**

৪৪. **অলুক দ্বন্দ্ব সমাসের উদাহরণ কোনটি?** [বেপজা'র সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. দেশে-বিদেশে খ. মাতাপিতা গ. নরাধম ঘ. ধোয়ামোছা **উত্তর: ক**

৪৫. **কোনটি 'অলুক দ্বন্দ্ব' সমাসের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ঘরে-বাইরে খ. ঘর-বাড়ি গ. ভাই-বোন ঘ. আমরা **উত্তর: ক**

৪৬. **অলুক দ্বন্দ্ব সমাসের উদাহরণ কোনটি?** [আনসার ভিডিপি'র সার্কেল অ্যাডজুটেন্ট: ১৫]
ক. মায়ে-ঝিয়ে খ. ভাই-বোন গ. ঘর-বাড়ি ঘ. দম্পতি **উত্তর: ক**

৪৭. **নিচের কোনটি অলুক দ্বন্দ্ব সমাস?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৪]
ক. কাগজ ও পত্র = কাগজ পত্র খ. যাকে ও তাকে = যাকে তাকে
গ. কাগজ ও কলম = কাগজ কলম ঘ. সাপে ও নেউলে = সাপে নেউলে **উত্তর: খ, ঘ**

৪৮. **'জলে-স্থলে' কী সমাস? / 'পথে ও প্রান্তরে = পথে-প্রান্তরে' এটি কোন সমাস?** [৩৭তম বিসিএস]
ক. সমার্থক দ্বন্দ্ব খ. বিপরীতার্থক দ্বন্দ্ব গ. অলুক দ্বন্দ্ব ঘ. একশেষ দ্বন্দ্ব **উত্তর: গ**

৪৯. **দুইটি বিশেষ্য পদ একই ব্যক্তি বা বস্তুকে বুঝালে কোন সমাস হয়?** [এনএসআই'র কম্পিউটার অপারেটর: ২১]
ক. কর্মধারয় খ. তৎপুরুষ গ. দ্বিগু ঘ. বহুব্রীহি **উত্তর: ক**

৫০. **বিশেষণের সাথে বিশেষ্যের যে সমাস হয় তার নাম কী?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৯]
ক. দ্বন্দ্ব সমাস খ. কর্মধারয় সমাস গ. তৎপুরুষ সমাস ঘ. বহুব্রীহি সমাস **উত্তর: খ**

৫১. **কর্মধারয় সমাসে কোন পদ প্রধান? / কর্মধারয় সমাসে কোন পদের অর্থের প্রাধান্য থাকে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. পূর্বপদ খ. পরপদ গ. উভয় পদ ঘ. অন্য পদ **উত্তর: খ**

৫২. **কোন সমাসে পরপদের অর্থ প্রধান থাকে? / যে সমাসে পরপদের অর্থই প্রধানরূপে বোঝায় তাকে কোন সমাস বলে?** [১৬তম প্রভাষক নিবন্ধন]
ক. কর্মধারয় খ. তৎপুরুষ গ. দ্বিগু ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

৫৩. **উপসর্গের সাহায্যে কর্মধারয় সমাস গঠনের উদাহরণ -** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৮]
ক. সকাল খ. সততা গ. একাল ঘ. সমস্যা **উত্তর: ক**

৫৪. **কোনটি কর্মধারয় সমাসের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. ইন্দ্রজিৎ খ. একরোখা গ. কালান্তর ঘ. ইহকাল **উত্তর: ঘ**
ব্যাখ্যা: কর্মধারয় সমাসের উদাহরণ হলো কাঁচকলা, কাঁচামিঠা, কুশাসন, খাসমহল, গুরুদেব, গণ্যমান্য, গল্পপ্রেমিক, ঘনশ্যাম, চাঁদমুখ, চালাকচতুর, জজসাহেব, ডাক্তার সাহেব, দুরবস্থা, ভবনদী, প্রিয়সখা, মৌচাক, মহাপৃথিবী, মহাসঙ্কট, মহাত্মা, মহানবী, মহানদী, মহাজ্ঞান, মহাকাব্য, রাজর্ষি, রাঙামাটি, শান্তশিষ্ট, শুকতারা, সুন্দরলতা, হৃষ্টপুষ্ট, হলুদবাটা, ক্ষুধিত পাষাণ প্রভৃতি।

৫৫. **কোনটি কর্মধারয় সমাসের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. ভিক্ষার অভাব = দুর্ভিক্ষ খ. নীলকণ্ঠ যার = নীলকণ্ঠ গ. জায়া ও পতি = দম্পতি ঘ. একের অধিক দশ = একাদশ **উত্তর: ঘ**

৫৬. **কোনটি কর্মধারয় ঘটিত সমাস?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার: ১৯]
ক. মৌচাক খ. সেতার গ. ধোঁয়াশা ঘ. চৌচির (চৌ ভাগে চির) **উত্তর: ঘ**

৫৭. **'অধর পল্লব' কোন সমাসের উদাহরণ? / 'আনন্দাশ্রু' যে সমাসের উদাহরণ -** [এনএসআই'র সহকারী ফিল্ড স্টাফ: ২৩]
ক. কর্মধারয় খ. বহুব্রীহি গ. তৎপুরুষ ঘ. দ্বন্দ্ব **উত্তর: ক**

৫৮. **'কদাচার' শব্দটি কোন সমাস? / 'কাঁচকলা' কোন সমাসভুক্ত?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]
ক. কর্মধারয় খ. তৎপুরুষ গ. বহুব্রীহি ঘ. দ্বন্দ্ব **উত্তর: ক**

৫৯. **'খাসমহল' কোন সমাস? / 'খাস যে মহল = খাসমহল' কোন সমাস?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কর্মধারয় খ. তৎপুরুষ গ. অব্যয়ীভাব ঘ. বহুব্রীহি **উত্তর: ক**

৬০. **'গল্পপ্রেমিক' কোন সমাস? / 'চিকিৎসাশাস্ত্র' কোন সমাস?** [৪৩তম বিসিএস]
ক. অব্যয়ীভাব খ. কর্মধারয় গ. বহুব্রীহি ঘ. তৎপুরুষ **উত্তর: খ**

৬১. **'জীবন বীমা' কোন সমাস? / 'জজ সাহেব' কোন সমাসের উদাহরণ?** [৩৫তম বিসিএস]
ক. দ্বিগু খ. কর্মধারয় গ. দ্বন্দ্ব ঘ. বহুব্রীহি **উত্তর: খ**

৬২. **'নীলাকাশ' কোন সমাস? / 'নীল যে আকাশ = নীলাকাশ' কোন সমাস? / 'নরাধম' শব্দটি কোন সমাস?** [সিএজি কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৫]
ক. দ্বিগু সমাস খ. কর্মধারয় সমাস গ. দ্বন্দ্ব সমাস ঘ. তৎপুরুষ সমাস **উত্তর: খ**

৬৩. **'নীল যে অম্বর = নীলাম্বর' কোন সমাস? / 'প্রাণভয়' কোন সমাস?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. বহুব্রীহি খ. তৎপুরুষ গ. কর্মধারয় ঘ. অব্যয়ীভাব **উত্তর: গ**

৬৪. **'মহানবী' কোন সমাস? / 'মৌমাছি' বা 'মৌ সংগ্রহকারী মাছি' কোন সমাস?** [পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]
ক. দ্বিগু খ. বহুব্রীহি গ. তৎপুরুষ ঘ. কর্মধারয় **উত্তর: ঘ**

৬৫. **'রক্তাশোক' কোন সমাসের উদাহরণ? / 'শশব্যস্ত' কোন সমাস?** [বিডিবিএল'র সিনিয়র অফিসার: ১৭]
ক. দ্বিগু খ. কর্মধারয় গ. তৎপুরুষ ঘ. দ্বন্দ্ব **উত্তর: খ**

৬৬. **'শ্বেতবস্ত্র' শব্দটি কোন সমাস? / 'হারামণি' কোন সমাস? / 'হারিয়েছে যে মণি' কোন সমাস?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]
ক. দ্বিগু সমাস খ. কর্মধারয় সমাস গ. তৎপুরুষ সমাস ঘ. অব্যয়ীভাব সমাস **উত্তর: খ**

৬৭. **'হলুদ বাটা' কোন সমাস? / 'ক্ষুধিত পাষাণ' কোন সমাস?** [পিকেবি'র অফিসার: ১৯]
ক. বহুব্রীহি খ. কর্মধারয় গ. তৎপুরুষ ঘ. দ্বন্দ্ব **উত্তর: খ**

৬৮. **কোনটি রূপক কর্মধারয় সমাস?** [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. করকমল খ. কালস্রোত গ. করপল্লব ঘ. কচুকাটা **উত্তর: খ**
ব্যাখ্যা: রূপক কর্মধারয় সমাসের উদাহরণ হলো কালস্রোত, ক্রোধানল, জ্ঞানবৃক্ষ, জীবনপ্রদীপ, জীবনতরী, দিলদরিয়া, দেশমাতৃকা, প্রাণপাখি, বিদ্যাধন, বিষাদসিন্ধু, ভবনদী, ভানবৃক্ষ, মোহনিদ্রা, মনমাঝি, যৌবনবন, সুখসাগর, শোকসিন্ধু, শোকানল, ক্ষুধানল, ভানবৃক্ষ প্রভৃতি।

৬৯. **কোনটি রূপক কর্মধারয় সমাস?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]
ক. চন্দ্রমুখ খ. অরুণরাঙা গ. ক্রোধানল ঘ. বর্ণচোরা **উত্তর: গ**

৭০. **রূপক কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?** [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. জলযান খ. মনমাঝি গ. সিংহদ্বার ঘ. একাদশ **উত্তর: খ**

৭১. **'কালস্রোত' কোন সমাস?** [১৩তম প্রভাষক নিবন্ধন]
ক. উপমান কর্মধারয় খ. মধ্যপদলোপী কর্মধারয় গ. রূপক কর্মধারয় ঘ. উপমিত কর্মধারয় **উত্তর: গ**

৭২. **'জীবনস্রোত' কোন ধরনের কর্মধারয় সমাস? / 'দেহপিঞ্জর' শব্দটি কোন সমাস দ্বারা গঠিত?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৫]
ক. উপমান কর্মধারয় খ. উপমিত কর্মধারয় গ. রূপক কর্মধারয় ঘ. মধ্যপদলোপী কর্মধারয় **উত্তর: গ**

৭৩. **'বিষাদ সিন্ধু' কোন সমাস? / 'মনমাঝি' কোন সমাসের উদাহরণ?** [সিএজি কার্যালয়ের সিনিয়র একাউন্টস ক্লার্ক: ২২]
ক. দ্বিগু খ. রূপক কর্মধারয় গ. দ্বন্দ্ব ঘ. তৎপুরুষ **উত্তর: খ**

৭৪. **কোনটি রূপক সমাস নয়?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ২৩]
ক. বাহুলতা খ. কমলমুখ গ. বিষাদসিন্ধু ঘ. ভানবৃক্ষ **উত্তর: ক**

৭৫. **কোন পদটি রূপক কর্মধারয় সমাস নয়?** [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৮]
ক. যৌবনবন খ. ক্ষুধানল গ. জীবনপ্রদীপ ঘ. যুবজানি **উত্তর: ঘ**

৭৬. **নিচের কোনটি রূপক সমাসের উদাহরণ নয়?** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক. মোহনিদ্রা খ. শোকানল গ. মোমবাতি ঘ. দিলদরিয়া **উত্তর: গ**

৭৭. **কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাস?** [৮ম প্রভাষক নিবন্ধন]
ক. গুরুদেব খ. মৌমাছি গ. মহাজন ঘ. কাঁচামিঠে **উত্তর: খ**
ব্যাখ্যা: মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ হলো আয়কর, খেয়াখাট, ঘর জামাই, চিনিকল, চাল কুমড়া, জ্যোৎস্নারাত, জীবনবীমা, ধর্মঘট, পলান্ন, প্রাণভয়, বাষ্পযান, বিজয়পতাকা, মৌমাছি, মোমবাতি, সিংহাসন, শিক্ষানীতি, ষোড়শ, হাতঘড়ি, হাসিমুখ, হাতপাখা প্রভৃতি।

৭৮. **মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. অরুণরাঙ্গা খ. ঘরছাড়া গ. হাসিমুখ ঘ. ক্ষণস্থায়ী **উত্তর: গ**

৭৯. **কোনটি মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ?** [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. গায়ে হলুদ খ. চাল কুমড়া গ. ছায়ানি ঘ. ছায়াছবি **উত্তর: খ**

৮০. **মধ্যপদলোপী কর্মধারয়ের দৃষ্টান্ত -** [১৩তম বিসিএস]
ক. ঘর থেকে ছাড়া = ঘরছাড়া খ. হাসি মাখা মুখ = হাসিমুখ
গ. অরুণের মতো রাঙা = অরুণরাঙা ঘ. ক্ষণকাল ব্যাপী স্থায়ী = ক্ষণস্থায়ী **উত্তর: খ**

৮১. **মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?** [৪২তম বিসিএস]
ক. সিংহ চিহ্নিত আসন = সিংহাসন খ. জায়া ও পতি = দম্পতি
গ. কুসুমের মতো কোমল = কুসুমকোমল ঘ. মহান যে পুরুষ = মহামুরুষ **উত্তর: ক**

৮২. **'গোবর গণেশ' কোন সমাস? / 'জ্যোৎস্নারাত' কোন সমাসের দৃষ্টান্ত?** [৩০তম বিসিএস]
ক. মধ্যপদলোপী কর্মধারয় খ. ষষ্ঠী তৎপুরুষ গ. পঞ্চমী তৎপুরুষ ঘ. উপমান কর্মধারয় **উত্তর: ক**

৮৩. **'বিজয় পতাকা' কোন সমাস? / 'বিজয় নির্দেশক পতাকা = বিজয় পতাকা' কোন সমাস?** [বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের অফিস সহকারী: ২৩]
ক. মধ্যপদলোপী কর্মধারয় খ. উপমান কর্মধারয় গ. উপমিত কর্মধারয় ঘ. রূপক কর্মধারয় **উত্তর: ক**

৮৪. **'মুক্তিযুদ্ধ' কোন সমাস? / 'রেলগাড়ি' কোন সমাসের উদাহরণ?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. উপমিত কর্মধারয় খ. উপমান কর্মধারয় গ. রূপক কর্মধারয় ঘ. মধ্যপদলোপী কর্মধারয় **উত্তর: ঘ**

৮৫. **'সিংহাসন' কোন কর্মধারয় সমাস? / 'সংবাদপত্র' কোন সমাস?** [সিজিএ কার্যালয়ের কম্পিউটার অপারেটর: ২২]
ক. মধ্যপদলোপী কর্মধারয় খ. উপমান কর্মধারয় গ. উপমিত কর্মধারয় ঘ. রূপক কর্মধারয় **উত্তর: ক**

৮৬. **'শিক্ষানীতি' কোন সমাস? / 'স্মৃতিসৌধ' কোন সমাস?** [রূপালী ব্যাংকের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার: ২১]
ক. মধ্যপদলোপী কর্মধারয় খ. উপমান কর্মধারয় গ. উপমিত কর্মধারয় ঘ. রূপক কর্মধারয় **উত্তর: ক**

৮৭. **প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয়** - [২৭তম বিসিএস]
ক. উপমিত খ. উপমান গ. উপমেয় ঘ. রূপক **উত্তর: গ**
ব্যাখ্যা: উপমান অর্থ তুলনীয় বস্তু। প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয় উপমেয়, আর যার সাথে তুলনা করা হয়েছে তাকে বলা হয় উপমান। উপমান ও উপমেয়ের একটি সাধারণ ধর্ম থাকবে। সাধারণ ধর্মবাচক পদের সাথে উপমানবাচক পদের যে সমাস হয় তাকে উপমান কর্মধারয় সমাস বলে। উপমান কর্মধারয় সমাসের উদাহরণ হলো অগ্নিশর্মা, অরুণরাঙা, কাজলকালো, কচুকাটা, কুসমকোমল, গজমুর্খ, তুষারশুভ্র, তুষারশীতল, দুগ্ধধবল, ভ্রমরকালো, বিড়ালতপস্বী, বকধার্মিক, বরফসাদা, ভ্রমরকৃষ্ণ, মেঘকালো, সিঁদুররাঙা, শশব্যস্ত, শিশিরসিক্ত, শঙ্খধবল প্রভৃতি।

৮৮. **উপমান কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?** [৪১তম বিসিএস]
ক. শশব্যস্ত খ. কালচক্র গ. পরানপাখি ঘ. বহুব্রীহি **উত্তর: ক**

৮৯. **উপমান কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?** [৯ম শিক্ষক নিবন্ধন]
ক. মুখচন্দ্র খ. ক্রোধানল গ. তুষারশুভ্র ঘ. মনমাঝি **উত্তর: গ**

৯০. **'অরুণরাঙা' কোন সমাস নিষ্পন্ন সমস্ত পদ? / 'কাজলকালো' কোন সমাস?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ২৩]
ক. উপমান কর্মধারয় খ. মধ্যপদলোপী কর্মধারয় গ. রূপক কর্মধারয় ঘ. উপমিত কর্মধারয় **উত্তর: ক**

৯১. **'তুষার শুভ্র' কোন সমাসের উদাহরণ? / 'তুষারধবল' সমাসবদ্ধ পদটি কোন সমাসের উদাহরণ?** [পাট ও বস্ত্র মন্ত্রণালয়ের জুনিয়র ইন্সট্রাক্টর: ২০]
ক. রূপক কর্মধারয় খ. উপমিত কর্মধারয় গ. মধ্যপদলোপী কর্মধারয় ঘ. উপমান কর্মধারয় **উত্তর: ঘ**

৯২. **'বক ধার্মিক' কোন সমাসের উদাহরণ?** [বিকেবি'র সিনিয়র অফিসার: ১০]
ক. মধ্যপদলোপী কর্মধারয় খ. উপমান কর্মধারয় গ. উপমিত কর্মধারয় ঘ. রূপক কর্মধারয় **উত্তর: খ**

৯৩. **কোনটি উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহকারী: ১২]
ক. স্নেহনীড় খ. কুসুমকোমল গ. করপল্লব ঘ. ঘনশ্যাম **উত্তর: গ**
ব্যাখ্যা: সাধারন গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয় তাকে উপমিত কর্মধারয় সমাস বলে। উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ হলো অধরপল্লব, করপল্লব, করকমল, চরণপদ্ম, চাঁদমুখ, নয়নপদ্ম, পুরুষসিংহ, পদ্মআঁখি, ফুলকুমারী, বাহুলতা, মুখপদ্ম, মুখচন্দ্র, সোনামুখ, হাঁড়িমুখ প্রভৃতি।

৯৪. **'চাঁদমুখ' কোন সমাস?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক: ১৩]
ক. অব্যয়ীভাব খ. রূপক গ. উপমিত ঘ. উপমান **উত্তর: খ, গ**
ব্যাখ্যা: ড. মুহাম্মদ শহীদুল্লাহর মতে, চাঁদ রূপ মুখ = চাঁদমুখ হলো রূপক কর্মধারয় সমাস। ড. মুহাম্মদ এনামুল হক ও হায়াৎ মামুদের মতে, চাঁদের মতো মুখ বা চাঁদের ন্যায় মুখ = চাঁদমুখ, চাঁদের মতো বদন = চাঁদবদন, চন্দ্রের ন্যায় মুখ = চন্দ্রমুখ, মুখ চন্দ্রের ন্যায় = মুখচন্দ্র প্রভৃতি হলো উপমিত কর্মধারয় সমাস।

৯৫. **'চাঁদমুখ' এর ব্যাসবাক্য হলো** - [২৫তম বিসিএস]
ক. চাঁদ মুখের ন্যায় খ. চাঁদের মতো মুখ গ. চাঁদ মুখ যার ঘ. চাঁদ রূপ মুখ **উত্তর: খ, ঘ**

৯৬. **'চাঁদের ন্যায় মুখ = চাঁদমুখ' কোন প্রকারের কর্মধারয় সমাস?** [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. উপমিত কর্মধারয় খ. উপমান কর্মধারয় গ. রূপক কর্মধারয় ঘ. মধ্যপদলোপী কর্মধারয় **উত্তর: ক**

৯৭. **'করপল্লব' কোন সমাস? / 'মুখচন্দ্র' কোন সমাস?** [ডাক অধিদপ্তরের পোস্টাল অপারেটর: ২৩]
ক. মধ্যপদলোপী কর্মধারয় খ. উপমান কর্মধারয় গ. উপমিত কর্মধারয় ঘ. রূপক কর্মধারয় **উত্তর: গ**

৯৮. **'পুরুষ সিংহের ন্যায় = পুরুষসিংহ' এটি যে সমাসের উদাহরণ তার নাম হচ্ছে - / 'পুরুষ সিংহের ন্যায় = পুরুষসিংহ' কোন সমাস? / 'পুরুষসিংহ কোন সমাসের উদাহরণ?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. উপমান কর্মধারয় খ. উপমিত কর্মধারয় গ. রূপক কর্মধারয় ঘ. মধ্যপদলোপী কর্মধারয় **উত্তর: খ**

৯৯. **'চরণকমল' কোন সমাসের উদাহরণ? / 'সিংহপুরুষ' কোন সমাস?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. উপমান কর্মধারয় খ. উপপদ তৎপুরুষ গ. উপমিত কর্মধারয় ঘ. অব্যয়ীভাব **উত্তর: গ**

১০০. **'কাজলকালো' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. কাজলের ন্যায় কালো খ. কাজল ও কালো গ. কাজল রূপ কালো ঘ. কালো ও কাজল **উত্তর: ক**

১০১. **'কাঁচা মিঠা' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** [বিএইচবিএফসি'র অফিসার: ১৭]
ক. কাঁচা ও মিঠা খ. যা কাঁচা তাই মিঠা গ. কাঁচার মিঠা ঘ. কাঁচামিঠা **উত্তর: খ**

১০২. **'কচুকাটা' এর সঠিক ব্যাসবাক্য** - [এনআরবিসি ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২১]
ক. কচুর মতো কাটা খ. কচুকে কাটা গ. কচু ও কাটা ঘ. কচুকাটা **উত্তর: ক**

১০৩. **'গোলাপফুল' সমাসবদ্ধ পদটির ব্যাসবাক্য কোনটি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিপাই: ২১]
ক. গোলাপি রঙের ফুল খ. গোলাপের ফুল গ. গোলাপ নামের ফুল ঘ. গোলাপি ফুল **উত্তর: গ**

১০৪. **'নবপৃথিবী' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** [৭ম প্রভাষক নিবন্ধন]
ক. নব ও পৃথিবী খ. নব পৃথিবী যার গ. নব পৃথিবীর ন্যায় ঘ. নব যে পৃথিবী **উত্তর: ঘ**

১০৫. **'প্রাণভয়' শব্দের সঠিক ব্যাসবাক্য কোনটি?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. প্রাণের ভয় খ. প্রাণ যাওয়ার তরে ভয় গ. প্রাণের নিমিত্ত ভয় ঘ. প্রাণ যাওয়ার ভয় **উত্তর: ঘ**

১০৬. **'ফুলকুমারী' সমাসবদ্ধ পদের ব্যাসবাক্য** - [ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]
ক. ফুল ও কুমারী খ. ফুল যে কুমারী গ. ফুল কুমারীর ন্যায় ঘ. কুমারী ফুলের ন্যায় **উত্তর: ঘ**

১০৭. **'মহাকীর্তি' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** [মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. মহতী যে কীর্তি খ. মহা যে কীর্তি গ. মহান যে কীর্তি ঘ. মহান কীর্তি যার **উত্তর: ক**
ব্যাখ্যা: মহা যে কাব্য = মহাকাব্য, মহা যে পৃথিবী = মহাপৃথিবী, মহা যে সঙ্কট = মহাসঙ্কট, মহান যে পুরুষ = মহাপুরুষ, মহান যে ঋষি = মহাঋষি, মহান যে রাজা = মহারাজ, মহান যে জন = মহাজন, মহান যে নবী = মহানবী, মহান যে তর্ক = মহাতর্ক, মহৎ যে আত্মা = মহাত্মা, মহৎ যে জ্ঞান = মহাজ্ঞান, মহৎ যে জ্ঞানী = মহাজ্ঞানী, মহতী যে কীর্তি = মহাকীর্তি, মহতী যে সভা = মহাসভা, মহতী যে নদী = মহানদী, মহাকার যে প্লাবন = মহাপ্লাবন।

১০৮. **'মহানদী' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্টোর কিপার: ২১]
ক. মহতী যে নদী খ. মহা যে নদী গ. মহৎ যে নদী ঘ. মহীয়সী যে নদী **উত্তর: ক**

১০৯. **'মহাজ্ঞান' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ২৩]
ক. মহান যে জ্ঞান খ. মহা যে জ্ঞান গ. মহৎ যে জ্ঞান ঘ. মহতী যে জ্ঞান **উত্তর: গ**

১১০. **'সুন্দরলতা' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২৩]
ক. সুন্দরী যে লতা খ. সুন্দর যে লতা গ. সুন্দরের ন্যায় লতা ঘ. লতা সুন্দররের ন্যায় **উত্তর: ক**

১১১. **'লঙ্কাবাটা' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** [৮ম প্রভাষক নিবন্ধন]
ক. লঙ্কা ও বাটা খ. যা লঙ্কা তাই বাটা গ. লঙ্কার বাটা ঘ. বাটা যে লঙ্কা **উত্তর: ঘ**

১১২. **পূর্বপদে বিভক্তির লোপে যে সমাস হয় এবং যে সমাসে পরপদের অর্থ প্রধানভাবে বোঝায় তাকে কী বলে? / পূর্বপদের বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয় তাকে বলে** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. কর্মধারয় সমাস খ. তৎপুরুষ সমাস গ. বহুব্রীহি সমাস ঘ. দ্বিগু সমাস **উত্তর: খ**

১১৩. **তৎপুরুষ সমাসে কোন পদ প্রধান?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. পূর্বপদ খ. পরপদ গ. অন্যপদ ঘ. উভয়পদ **উত্তর: খ**

১১৪. **কোনটি তৎপুরুষ সমাস?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ১৯]
ক. মধুমাখা খ. ভালোমন্দ গ. যথাসাধ্য ঘ. সত্যনিষ্ঠ **উত্তর: ক**
ব্যাখ্যা: তৎপুরুষ সমাসের উদাহরণ হলো অকালপক্ক, একোন, কবিগুরু, গাছপাকা, গা-ঢাকা, জ্ঞানহীন, জ্ঞানশূন্য, চিরসুখী, ডাকমাশুল, তপোবন, দেশপ্রেম, ধানক্ষেত, পুষ্পসৌরভ, বনভোজন, বিয়েপাগল, বিপদাপন্ন, মধুমাখা, মনগড়া, মামাবাড়ি, যুদ্ধবিরতি, রথদেখা, মন্ত্রমুগ্ধ, ভোটাধিকার, এতিমখানা, জীবনানন্দ প্রভৃতি।

১১৫. **কোনটি তৎপুরুষ সমাস?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. তাল-তমাল খ. রাঙামাটি গ. শতবার্ষিকী ঘ. শ্রমলব্ধ **উত্তর: ঘ**

১১৬. **কোনটি তৎপুরুষ সমাস?** [১৩তম প্রভাষক নিবন্ধন]
ক. কালি-কলম খ. মধুমাখা গ. দশানন ঘ. মাতাপিতা **উত্তর: খ**

১১৭. **কোনটি তৎপুরুষ সমাস?** [পূবালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. রাজপথ খ. মহারাজ গ. ত্রিপদী ঘ. আনত **উত্তর: ক**

১১৮. **কোনটি তৎপুরুষ সমাস?** [বিএনসিএসি'র অফিস সহকারী: ২১]
ক. বাক্ দ্বারা দত্তা = বাগদত্তা খ. গমন ও আগমন = গমনাগমন গ. নদী মাতা যার = নদীমাতৃক ঘ. জীবন রক্ষার বীমা = জীবনবীমা **উত্তর: ক**

১১৯. **'এত ভঙ্গ বঙ্গদেশ তবু রঙ্গভরা' এই বাক্যে 'রঙ্গভরা' কোন সমাস?** [ঢাবি: ৯৮-৯৯]
ক. কর্মধারয় খ. বহুব্রীহি গ. তৎপুরুষ ঘ. অব্যয়ীভাব **উত্তর: গ**

১২০. **তৎপুরুষ সমাসের উদাহরণ নয়** - [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৯]
ক. ঊর্ণনাভ খ. পকেটমার গ. রাজপথ ঘ. বিলাতফেরত **উত্তর: ক**

১২১. **নিচের কোন সমস্তপদটি তৎপুরুষ সমাসের উদাহরণ নয়?** [তথ্য মন্ত্রনালয়ের সহকারী পরিচালক: ০৩]
ক. আমরা খ. মধুমাখা গ. বটতলা ঘ. বিলাত ফেরত **উত্তর: ক**

১২২. **কোনটি তৃতীয়া তৎপুরুষ সমাসের উদাহরণ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. নাই সিমা যার = অসীম খ. মুখ চন্দ্রের ন্যায় = মুখচন্দ্র গ. ঘর ও বাড়ি = ঘরবাড়ি ঘ. তেল দিয়ে ভাজা = তেলেভাজা **উত্তর: ঘ**

১২৩. **'অচেনা' কোন সমাস? / 'অর্ধচন্দ্র' কোন সমাস?** [প্রাধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৭]
ক. দিগু খ. দ্বন্দ্ব গ. কর্মধারয় ঘ. তৎপুরুষ **উত্তর: ঘ**

১২৪. **'অনুচিত' শব্দটি কোন সমাস? / আম কুড়ানো' কোন সমাস?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. দ্বন্দ্ব সমাস খ. অব্যয়ীভাব সমাস গ. বহুব্রীহি সমাস ঘ. তৎপুরুষ সমাস **উত্তর: ঘ**

১২৫. **'ইত্যাদি' কোন সমাস / 'ইতি হতে আদি = ইত্যাদি' কোন সমাস? / 'এতিমখানা' কোন সমাস?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. তৎপুরুষ খ. অব্যয়ীভাব গ. কর্মধারয় ঘ. বহুব্রীহি **উত্তর: ক**

১২৬. **'ছায়াশীতল' কোন সমাস? / 'ছায়াতে শীতল = ছায়াশীতল' কোন সমাস? / 'জনাকীর্ণ' কোন সমাস?** [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]
ক. বহুব্রীহি খ. তৎপুরুষ গ. কর্মধারয় ঘ. দ্বিগু **উত্তর: খ**

১২৭. **'তেলেভাজা' কোন সমাস? / 'দুঃখকে প্রাপ্ত' এটি কোন সমাস?** [বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের সহকারী ব্যবস্থাপক: ২৩]
ক. দ্বিগু খ. বহুব্রীহি গ. তৎপুরুষ ঘ. কর্মধারয় **উত্তর: গ**

১২৮. **'পুঁথিগত' কোন ধরনের সমাসবদ্ধ পদ - / 'পাপ হতে মুক্ত = পাপমুক্ত' কোন সমাস?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ২৩]
ক. কর্মধারয় খ. তৎপুরুষ গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব **উত্তর: খ**

১২৯. **'পুষ্পসৌরভ' কোন সমাসের উদাহরণ? / 'বইকে পড়া = বইপড়া' কোন সমাস?** [৩৮তম বিসিএস]
ক. তৎপুরুষ খ. কর্মধারয় গ. অব্যয়ীভাব ঘ. বহুব্রীহি **উত্তর: ক**

১৩০. **'বাগদত্তা' কোন সমাস? / 'বুদ্ধিজীবী' কোন সমাস?** [খাদ্য প্রকৌশল অধিদপ্তরের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]
ক. অব্যয়ীভাব খ. তৎপুরুষ গ. কর্মধারয় ঘ. বহুব্রীহি **উত্তর: খ**

১৩১. **'ভোটাধিকার' কোন সমাস? / 'ভূতপূর্ব' কোন সমাসের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. বহুব্রীহি খ. দ্বন্দ্ব গ. তৎপুরুষ ঘ. কর্মধারয় **উত্তর: গ**

১৩২. **'মেঘ দ্বারা শূন্য = মেঘশূন্য' কোন সমাস? / 'মধ্যাহ্ন' কোন সমাস?** [এমআরএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. তৎপুরুষ খ. কর্মধারয় গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব **উত্তর: ক**

১৩৩. **'মেঘলুপ্ত' কোন জাতীয় সমাসবদ্ধ পদ? / 'রাজপুত্র' কোন সমাসের উদাহরণ?** [বেবিচকের হিসাব সহকারী: ২৩]
ক. তৎপুরুষ খ. বহুব্রীহি গ. কর্মধারয় ঘ. দ্বন্দ্ব **উত্তর: ক**

১৩৪. **'রথ দেখা' কোন সমাস? / 'সংখ্যালঘু' শব্দটি কোন সমাস?** [সাধারণ বীমা কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ১৯]
ক. নিত্য খ. দ্বন্দ্ব গ. তৎপুরুষ ঘ. সহার্থক বহুব্রীহি **উত্তর: গ**

১৩৫. **কোনটি অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ?** [দুদকের সহকারী পরিচালক: ১৩]
ক. কলে ছাঁটা খ. মাথায় হাত গ. গায়ে হলুদ ঘ. হাতে কলমে **উত্তর: ক**
ব্যাখ্যা: অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ হলো অরণ্যে রোদন, কলের গান, কলে ছাঁটা, কলুর বলদ, কলেজে পড়া, গোড়ায় গলদ, গরুর গাড়ী, ঘিয়ে ভাজা, ঘোড়ার ডিম, চোখের বালি, চোখের দেখা, চায়ের বাটি, তেলে ভাজা, তাঁতে বোনা, দায়ে ঠেকা, দায়ে পড়া, দিনে ডাকাতি, নাকে খত, পায়ে ধরা, পোকায় কাটা, ভাগের মা, মনে রাখা, মনের মানুষ, মাটির মানুষ, মায়ে খেদানো, সাপের পা, সোনায় সোহাগা, সোনার বাংলা, হাতে কাটা, হাতের পাঁচ প্রভৃতি।

১৩৬. **নিচের কোনটি অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]
ক. সোনার তরী খ. দ্রুতগামী গ. ভারপ্রাপ্ত ঘ. প্রাণপ্রিয় **উত্তর: ক**

১৩৭. **নিচের কোনটি অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৫]
ক. বিড়ালচোখা খ. দেশে-বিদেশে গ. সোনার বাংলা ঘ. গায়ে হলুদ **উত্তর: গ**

১৩৮. **'কলুর বলদ' কোন সমাস? / 'ঘোড়ার ডিম' কোন সমাসের উদাহরণ?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. উপপদ তৎপুরুষ খ. অলুক তৎপুরুষ গ. মধ্যপদলোপী কর্মধারয় ঘ. উপমিত কর্মধারয় **উত্তর: খ**

১৩৯. **'চুলে-কাঁটা' যৌগিক পদটি কোন সমাসে নিষ্পন্ন?** [পিকেবি'র অফিসার: ১৪]
ক. বহুব্রীহি খ. তৎপুরুষ গ. কর্মধারয় ঘ. অলুক তৎপুরুষ **উত্তর: ঘ**

১৪০. **উপপদের সাথে কৃদন্ত পদের সমন্বয়ে যে সমাস হয় তাকে কোন সমাস বলে? / 'বিশেষ্য+ক্রিয়া' দ্বারা কোন সমাসকে বুঝায়?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. উপমান খ. উপমিত গ. কর্মধারয় ঘ. উপপদ তৎপুরুষ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: উপপদ তৎপুরুষ সমাসের উদাহরণ হলো কুম্ভকার, গ্রন্থকার, ছাপোষা, ছেলেধরা, জলচর, জলজ, ধামাধরা, পকেটমার, পঙ্কজ, পথিকৃৎ, বনচর, বর্ণচোরা, ভূঁইফোর, মনোজ, যাদুকর, স্বর্ণকার, স্থলচর, সর্বনাশা, নীলকর প্রভৃতি।

১৪১. **কোনটি উপপদ তৎপুরুষের উদাহরণ?** [১৭তম শিক্ষক নিবন্ধন]
ক. প্রতিবাদ খ. বিলাত ফেরত গ. উপগ্রহ ঘ. ছেলেধরা **উত্তর: ঘ**

১৪২. **কোনটি উপপদ তৎপুরুষের উদাহরণ?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৩]
ক. বর্ণচোরা খ. দলনেতা গ. গালভরা ঘ. ঘরহারা **উত্তর: ক**

১৪৩. **কোনটি উপপদ তৎপুরুষের উদাহরণ?** [সহকারী থানা / উপজেলা শিক্ষা অফিসার: ১০]
ক. প্রিয়ংবদা খ. প্রাণভয় গ. মুখভ্রষ্ট ঘ. নবযৌবন **উত্তর: ক**

১৪৪. **'খেচর' কোন সমাস? / 'পকেটমার' কোন সমাসের উদাহরণ?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]
ক. কর্মধারয় খ. উপপদ তৎপুরুষ গ. বহুব্রীহি ঘ. দ্বন্দ্ব **উত্তর: খ**

১৪৫. **'প্রিয়ংবদা' শব্দটি কোন সমাস? / 'বেতনভোগ' কোন সমাস?** [জনতা ব্যাংকের সিনিয়র আফসার [আইটি]: ১৮]
ক. উপপদ তৎপুরুষ খ. অলুক তৎপুরুষ গ. নঞ তৎপুরুষ ঘ. ষষ্ঠী তৎপুরুষ **উত্তর: ক**

১৪৬. **'মধুপ' যে সমাসের উদাহরণ - / 'সর্বনাশ করে যে = সর্বনাশা' এই ব্যাসবাক্যটি কোন সমাস?** [বিএসসি'র অফিসার: ১৮]
ক. ব্যতিহার বহুব্রীহি খ. অব্যয়ীভাব গ. উপপদ তৎপুরুষ ঘ. উপমিত কর্মধারয় **উত্তর: গ**

১৪৭. **'হরবোলা' কোন সমাস?** [জনতা ব্যাংকের অফিসার: ১৭]
ক. দ্বিগু খ. বহুব্রীহি গ. উপপদ তৎপুরুষ ঘ. কর্মধারয় **উত্তর: গ**

১৪৮. **'রথদেখা' কোন সমাস?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১৯]
ক. দ্বিতীয়া তৎপুরুষ খ. তৃতীয়া তৎপুরুষ গ. চতুর্থী তৎপুরুষ ঘ. পঞ্চমী তৎপুরুষ **উত্তর: ক**
ব্যাখ্যা: দ্বিতীয়া তৎপুরুষ সমাসের উদাহরণ হলো চিরস্থায়ী, চিরসুখী, চিরকুমারী, চিরকৃতজ্ঞ, চিরশত্রু, চিরবসন্ত, ছেলে-ভুলানো, তপোবন দর্শন, দীর্ঘস্থায়ী, বিপদাপন্ন, রথদেখা, সাহায্যপ্রাপ্ত, শরনিক্ষেপ, ক্ষণস্থায়ী প্রভৃতি।

১৪৯. **'মধুমাখা' কোন সমাস?** [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ১৭]
ক. চতুর্থী তৎপুরুষ খ. তৃতীয়া তৎপুরুষ গ. পঞ্চমী তৎপুরুষ ঘ. ষষ্ঠী তৎপুরুষ **উত্তর: খ**
ব্যাখ্যা: তৃতীয়া তৎপুরুষ সমাসের উদাহরণ হলো জ্ঞানহীন, চিনিপাতা, ছায়াশীতল, পুষ্পহীন, বাগবিতন্ডা, বিদ্যাহীন, মধুমাখা, মনগড়া, যুক্তিসঙ্গত, রত্নশোভিত, স্বর্ণমন্ডিত, শ্রমলব্ধ, শোকার্ত, হীরকখচিত প্রভৃতি।

১৫০. **'তপোবন' কোন সমাস?** [ভূমি মন্ত্রণালয়ের নিরীক্ষক: ২৩]
ক. বহুব্রীহি খ. দ্বন্দ্ব গ. কর্মধারয় ঘ. চতুর্থী তৎপুরুষ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: চতুর্থী তৎপুরুষ সমাসের উদাহরণ হলো গবেষণাগার, গ্রন্থাগার, ডাকমাশুল, তীর্থযাত্রা, দেশপ্রেম, দেবদত্ত, পদযাত্রা, পাঠাগার, বিয়েপাগল, বিশ্রামাগার, ভোজনাগার, মুক্তিযুদ্ধ, মুক্তিপণ, যুদ্ধযাত্রা, হজযাত্রা প্রভৃতি।

১৫১. **'দেবদত্ত' কোন সমাস?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৯]
ক. চতুর্থী তৎপুরুষ খ. প্রাদি তৎপুরুষ গ. পঞ্চমী তৎপুরুষ ঘ. তৃতীয় তৎপুরুষ **উত্তর: ক**

১৫২. **'বালিকা বিদ্যালয়' কোন সমাস?** [বিএডিসি'র হিসাব সহকারী: ১৯]
ক. কর্মধারয় খ. চতুর্থী তৎপুরুষ গ. বহুব্রীহি ঘ. ষষ্ঠী তৎপুরুষ **উত্তর: খ**

১৫৩. **'হজযাত্রা' কোন সমাসের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. ৩য়া তৎপুরুষ খ. ৪র্থী তৎপুরুষ গ. ৫মী তৎপুরুষ ঘ. ৭মী তৎপুরুষ **উত্তর: খ**

১৫৪. **'দলছুট' কোন সমাস?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১২]
ক. রূপক তৎপুরুষ খ. মধ্যপদলোপী কর্মধারয় গ. পঞ্চমী / অপাদান তৎপুরুষ ঘ. উপমিত কর্মধারয় **উত্তর: গ**
ব্যাখ্যা: পঞ্চমী বা অপাদান তৎপুরুষ সমাসের উদাহরণ হলো আগাগোড়া, ঋণমুক্ত, গ্রামছাড়া, জেলখালাস, জেলমুক্ত, দেশ পলাতক, পরানপ্রিয়, প্রাণাধিক, বোঁটাখসা, মেঘমুক্ত, মুখভ্রষ্ট, শাপমুক্ত, যুদ্ধবিরতি, স্কুল পালানো প্রভৃতি।

১৫৫. **'চায়ের বাগান' কোন সমাস?** [ক্রীড়া পরিদপ্তরের অফিস সহায়ক: ১৯]
ক. কর্মধারয় সমাস খ. সংখ্যাবাচক সমাস গ. ষষ্ঠী তৎপুরুষ সমাস ঘ. দ্বিগু সমাস **উত্তর: গ**
ব্যাখ্যা: ষষ্ঠী তৎপুরুষ সমাসের উদাহরণ হলো উপলখন্ড, কবিগুরু, কর্মকর্তা, খেয়াঘাট, গুণগ্রাম, গৃহকর্ত্রী, ছাত্রবৃন্দ, জীবন সঞ্চার, ঋর্ণাধারা, ধানক্ষেত, পাষাণস্তূপ, পঙ্গপাল, পুষ্পসৌরভ, পুষ্পরাজি, পুষ্পাঞ্জলি, ফুলবাগান, ভুজবল, মার্তন্ডপ্রায়, মৃগশিশু, মামা বাড়ী, রাজহংস, রাজসিংহ, রাজপথ, সুখসময়, শিক্ষকগণ হস্তিযুথ প্রভৃতি।

১৫৬. **'ধানের ক্ষেত' এর সমাস নির্ণয় করুন।** [১১তম প্রভাষক নিবন্ধন]
ক. ষষ্ঠী তৎপুরুষ খ. বহুব্রীহি গ. কর্মধারয় ঘ. অব্যয়ীভাব **উত্তর: ক**

১৫৭. **'পৌরসভা' কোন তৎপুরুষ সমাস?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১২]
ক. ষষ্ঠী খ. চতুর্থী গ. তৃতীয় ঘ. দ্বিতীয়া **উত্তর: ক**

১৫৮. **'সোনার বাংলা' শব্দটি কোন সমাস?** [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. ষষ্ঠী তৎপুরুষ খ. বহুব্রীহি গ. উপমিত কর্মধারয় ঘ. দ্বিগু **উত্তর: ক**

১৫৯. **'সাহিত্য বিশারদ' কোন সমাসের উদাহরণ?** [দুদকের উপ-সহকারী পরিচালক: ২০]
ক. দ্বিতীয় তৎপুরুষ খ. পঞ্চমী তৎপুরুষ গ. ষষ্ঠী তৎপুরুষ ঘ. সপ্তমী তৎপুরুষ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: সপ্তমী তৎপুরুষ সমাসের উদাহরণ হলো অকালপক্ব, অকালমৃত্যু, গোলাভরা, গাছপাকা, তমসাচ্ছন্ন, বনভোজন, রথারোহণ, সাহিত্য বিশারদ, সলিলসমাধি প্রভৃতি।

১৬০. **'অনেক' শব্দটি** - [১৩তম প্রভাষক নিবন্ধন]
ক. অলুক তৎপুরুষ খ. উপপদ তৎপুরুষ গ. নঞ তৎপুরুষ ঘ. নিত্য সমাস **উত্তর: গ**
ব্যাখ্যা: নঞ তৎপুরুষ সমাসের উদাহরণ হলো অক্ষত, অনেক, অনিষ্ট, অনুচিত, অপর্যাপ্ত, অবিশ্বাস্য, অনাসক্ত, আকাঁড়া, নাতিদীর্ঘ, নাতিশীতোষ্ণ, বেতমিজ, বেআইনি, বেসরকারি প্রভৃতি।

১৬১. **'অনাদর' কোন সমাস? / 'ন আদর = অনাদর' কোন সমাস?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]
ক. কর্মধারয় খ. নঞ তৎপুরুষ গ. বহুব্রীহি ঘ. দ্বিগু **উত্তর: খ**

১৬২. **'নাতিশীতোষ্ণ' কোন সমাসের উদাহরণ?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]
ক. দ্বিতীয়া তৎপুরুষ খ. নঞ তৎপুরুষ গ. উপপদ তৎপুরুষ ঘ. অলুক তৎপুরুষ **উত্তর: খ**

১৬৩. **'নয় কাঁড়া = আকাঁড়া' কোন সমাস?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৩]
ক. অব্যয়ীভাব খ. কর্মধারয় গ. দ্বন্দ্ব ঘ. নঞ তৎপুরুষ **উত্তর: ঘ**

১৬৪. **'বেআইনি' কোন সমাস?** [১০ম প্রভাষক নিবন্ধন]
ক. অব্যয়ীভাব খ. নঞ তৎপুরুষ গ. উপপদ তৎপুরুষ ঘ. নিত্য সমাস **উত্তর: খ**

১৬৫. **'বেতমিজ' কোন তৎপুরুষ সমাস?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]
ক. ৬ষ্ঠী খ. ২য়া গ. ৩য় ঘ. নঞ **উত্তর: ঘ**

১৬৬. **'অধর্ম' শব্দের সমস্যমান পদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. নয় ধর্ম খ. ধর্ম নেই যার গ. ধর্মহীন যে ঘ. ধর্মের অভাব **উত্তর: ক**

১৬৭. **'অর্ধমৃত' সমাসের সঠিক ব্যাসবাক্য কোনটি?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী পরিচালক: ২০]
ক. মৃত প্রায় যে খ. অর্ধ সময় ব্যাপিয়া মৃত গ. অর্ধ রূপে মৃত ঘ. অর্ধ মৃত যে **উত্তর: গ**

১৬৮. **'চিরসুখী' শব্দটির ব্যাসবাক্য কী?** [বিএইচবিএফসি'র অফিসার: ১১]
ক. চিরদিন সুখে থাকেন যিনি খ. চিরকাল ব্যাপিয়া সুখী গ. চিরসুখী যে ঘ. চিরকাল সুখী **উত্তর: খ**

১৬৯. **'দুর্ভিক্ষ' এর সঠিক ব্যাসবাক্য -** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. খাদ্যের অভাব খ. ভিক্ষার অভাব গ. ভীষণ খাদ্যাভাব ঘ. ভিক্ষুকের অভাব **উত্তর: খ**

১৭০. **'নাতজামাই' সমাসবদ্ধ পদের ব্যাসবাক্য -** [কর্মসংস্থান ব্যাংকের অফিসার: ১২]
ক. নাতনির জামাই খ. নাতির জামাই গ. যে নাতি সেই জামাই ঘ. নাতি রূপ জামাই **উত্তর: ক**

১৭১. **'বেআইনি' এর ব্যাসবাক্য কোনটি?** [দুদকের সহকারী পরিচালক: ২০]
ক. নয় আইনি খ. আইনি নয় গ. যা আইনি নয় ঘ. নহে আইনি **উত্তর: ক**

১৭২. **'বিস্ময়াপন্ন' সমস্ত পদটির সঠিক ব্যাসবাক্য কোনটি?** [৩৭তম বিসিএস]
ক. বিস্ময় দ্বারা আপন্ন খ. বিস্ময়ে আপন্ন গ. বিস্ময়কে আপন্ন ঘ. বিস্ময়ে যে আপন্ন **উত্তর: গ**

১৭৩. **'বিশ্বকবি' সমাস কী হবে?** [কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ১১]
ক. বিশ্ব রূপ কবি খ. যিনি বিশ্বের কবি গ. বিশ্ব ও কবি ঘ. বিশ্বের কবি **উত্তর: ঘ**

১৭৪. **'বিশ্ববিদ্যালয়' এর ব্যাসবাক্য কী?** [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. বিশ্বের বিদ্যালয় খ. বিশ্ববিদ্যার আলয় গ. বিশ্বস্ত ঘ. বিশ্ব রূপ আলয় **উত্তর: খ**

১৭৫. **'মৃগশিশু' শব্দটির ব্যাসবাক্য কোনটি?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৩]
ক. মৃগের শিশু খ. শিশুরূপ মৃগ গ. মৃগীর শিশু ঘ. শিশুর যে মৃগ **উত্তর: গ**

১৭৬. **'রাজপথ' এর ব্যাসবাক্য কোনটি হবে?** [১০ম শিক্ষক নিবন্ধন]
ক. পথের রাজা খ. রাজার পথ গ. রাজা নির্মিত পথ ঘ. রাজাদের পথ **উত্তর: ক**

১৭৭. **'রাজরানী' এর ব্যাসবাক্য হলো -** [এসএফডিএফ'র উপজেলা ব্যবস্থাপক: ১৩]
ক. রাজার রানী খ. রাজ রানী গ. রাজা ও রানী ঘ. রাজা রানী **উত্তর: ক**

১৭৮. **'হংসডিম্ব' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** [বাংলাদেশ বেতারের সহকারী সম্পাদক: ১৯]
ক. হাঁসের ডিম খ. হংসীর ডিম গ. হাঁস ও ডিম ঘ. হংস হতে যে ডিম **উত্তর: খ**

১৭৯. **অব্যয়ীভাব সমাসে 'অব্যয়' পদের অর্থ -** [৯ম প্রভাষক নিবন্ধন]
ক. পরিবর্তিত হয় খ. প্রধান থাকে গ. সংকুচিত হয় ঘ. বৃদ্ধি ঘটে **উত্তর: খ**

১৮০. **অব্যয়ীভাব সমাসের উদাহরণ কোনটি?** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ১৩]
ক. অহিনকুল খ. আমরা গ. উপকূল ঘ. বহুব্রীহি **উত্তর: গ**
ব্যাখ্যা: অব্যয়ীভাব সমাসের উদাহরণ হলো অনুগমন, অনুধাবন, অতিমানব, আলুনি, আপাদমস্তক, আসমুদ্রহিমাচল, আনত, আরক্তিম, উপকূল, উপকণ্ঠ, উদ্বেল, উপশহর, উপগ্রহ, উপবন, উপনদী, গরমিল, দুর্ভিক্ষ, নির্জল, নিরামিশ, নিমরাজি, প্রত্যক্ষ, পরোক্ষ, প্রতিদিন, প্রতিক্ষণ, প্রতিবাদ, পরোক্ষ, প্রতিকূল, প্রতিপক্ষ, প্রতিবিম্ব, প্রপিতামহ, ফিবছর, যথারীতি, যথাসাধ্য, হাভাত, হররোজ প্রভৃতি।

১৮১. **কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ?** [৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন]
ক. নির্জন খ. পঞ্চবটী গ. দেশান্তর ঘ. অনুতাপ **উত্তর: ঘ**

১৮২. **অব্যয়ীভাব সমাসের উদাহরণ কোনটি?** [সিজিএ কার্যালয়ের কম্পিউটার অপারেটর: ২২]
ক. একচোখা খ. দোনলা গ. উনপাঁজুরে ঘ. উপকণ্ঠ **উত্তর: ঘ**

১৮৩. **কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ?** [গণযোগাযোগ অধিদপ্তরের তথ্য অফিসার: ০৫]
ক. খোশমেজাজ খ. প্রতিদিন গ. অকাল ঘ. সেতার **উত্তর: খ**

১৮৪. **কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৪]
ক. দর্শনমাত্র খ. আমৃত্যু গ. জীবন্মৃত ঘ. সফল **উত্তর: খ**

১৮৫. **কোনটি ইষৎ অব্যয়ীভাব সমাস?** [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. আজীবন খ. আলুনী গ. আরক্তিম ঘ. আগাছা **উত্তর: গ**

১৮৬. **সমাসবদ্ধ শব্দ 'আনত' কোন সমাসের উদাহরণ? / 'আমরণ' কোন সমাস? / 'মরণ পর্যন্ত = আমরণ' কোন সমাস?** [৩১তম বিসিএস]
ক. তৎপুরুষ খ. কর্মধারয় গ. অব্যয়ীভাব ঘ. বহুব্রীহি **উত্তর: গ**

১৮৭. **'উপকথা' কোন সমাস? / 'উপশহর' শব্দটি কোন সমাস?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ২৩]
ক. দ্বন্দ্ব খ. দ্বিগু গ. অব্যয়ীভাব ঘ. কর্মধারয় **উত্তর: গ**

১৮৮. **'উপাচার্য' শব্দটি কোন সমাস সাধিত? / 'উপভাষা' কোন সমাসের উদাহরণ?** [১০ম শিক্ষক নিবন্ধন]
ক. তৎপুরুষ সমাস খ. কর্মধারয় সমাস গ. অব্যয়ীভাব সমাস ঘ. বহুব্রীহি সমাস **উত্তর: গ**

১৮৯. **'উপকূল' কোন সমাস? / 'কূলের সমীপে = উপকূল' এটি কোন সমাস?** [৩য় বিজেএস]
ক. বহুব্রীহি সমাস খ. তৎপুরুষ সমাস গ. অব্যয়ীভাব সমাস ঘ. দ্বন্দ্ব সমাস **উত্তর: গ**

১৯০. **'তাপের পশ্চাৎ = অনুতাপ' কোন সমাস? / 'নিরামিষ' কোন সমাস?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. অব্যয়ীভাব খ. তৎপুরুষ গ. কর্মধারয় ঘ. বহুব্রীহি **উত্তর: ক**

১৯১. **'বেহায়া' কোন সমাস? / 'বেমানান' কোন সমান? / 'মানানের অভাব = বেমানান' কোন সমান?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. দ্বন্দ্ব সমাস খ. নিত্য সমাস গ. বহুব্রীহি সমাস ঘ. অব্যয়ীভাব সমাস **উত্তর: ঘ**

১৯২. **'যথারীতি' কোন সমাসের দৃষ্টান্ত?** [৪৪তম বিসিএস]
ক. অব্যয়ীভাব খ. দ্বিগু গ. বহুব্রীহি ঘ. দ্বন্দ্ব **উত্তর: ক**

১৯৩. **'হা-ভাত' কোন সমাস? / 'ভাতের অভাব = হা-ভাত' কোন সমাস?** [ডাক অধিদপ্তরের পোস্টাল অপারেটর: ২৩]
ক. প্রাদি খ. অব্যয়ীভাব গ. উপপদ তৎপুরুষ ঘ. বহুব্রীহি **উত্তর: খ**

১৯৪. **'অনুগমন' শব্দের ব্যাসবাক্য নিচের কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. গমনের পশ্চাৎ খ. গমনের অগ্র গ. অনুরূপ গমন ঘ. পরস্পর গমন **উত্তর: ক**

১৯৫. **'আরক্তিম' সমাসবদ্ধ পদের ব্যাসবাক্য** - [রূপালী ব্যাংকের অফিসার: ১৩]
ক. অতি রক্তিম খ. ঈষৎ রক্তিম গ. আদ্যন্ত ঘ. আদি রক্তিম **উত্তর: খ**

১৯৬. **'উপজেলা' সমস্ত পদটির 'উপ' পূর্বপদটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২২]
ক. ক্ষুদ্র খ. আংশিক গ. সাদৃশ ঘ. সামীপ্য **উত্তর: গ**

১৯৭. **'উদ্বেল' শব্দটি কী অর্থে অব্যয়ীভাব সমাস হয়েছে?** [রূপালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. আবেগ অর্থে খ. বীপ্সা অর্থে গ. সামীপ্য অর্থে ঘ. অতিক্রম অর্থে **উত্তর: ঘ**

১৯৮. **'উপকণ্ঠ' শব্দটি সঠিক ব্যাসবাক্য কোনটি?** [১৪তম শিক্ষক নিবন্ধন]
ক. কণ্ঠের সমীপে খ. কণ্ঠের সদৃশ গ. উপ যে কণ্ঠ ঘ. কণ্ঠ পর্যন্ত **উত্তর: ক**

১৯৯. **'গরমিল' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** [৭ম শিক্ষক নিবন্ধন]
ক. মিল ও অমিল খ. অমিলের সদৃশ গ. মিলের অভাব ঘ. গর ও মিল **উত্তর: গ**

২০০. **'নিরুৎসাহ' শব্দের সঠিক ব্যাসবাক্য কোনটি?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. নাই উৎসাহ খ. উৎসাহের অভাব গ. উৎসাহ নাই যার ঘ. নঞ উৎসাহ **উত্তর: খ**

২০১. **'ফিকানীল' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহকারী: ১৯]
ক. ফিফা নীল যা খ. নীলের অভাব গ. ঈষৎ নীল ঘ. নীলের সদৃশ **উত্তর: গ**

২০২. **'সমুদ্র থেকে হিমালয় পর্যন্ত' বাক্যাংশের অংশ হিসেবে কোনটি সঠিক?** [বিকেবি'র অফিসার: ০৭]
ক. আসমুদ্র খ. হিমালয় পর্যন্ত গ. অসমুদ্র ঘ. আসমুদ্রহিমাচল **উত্তর: ঘ**

২০৩. **যে সমাসে পূর্বপদ ও পরপদের কোনোটির অর্থ না বুঝিয়ে অন্য কিছু বুঝায় তাকে কোন সমাস বলে?** [বাণিজ্য মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]
ক. দ্বিগু খ. তৎপুরুষ গ. বহুব্রীহি ঘ. কর্মধারয় **উত্তর: গ**
ব্যাখ্যা: বহুব্রীহি সমাস আট প্রকার। যথা- সমানাধিকরণ, ব্যাধিকরণ, ব্যতিহার, নঞ, মধ্যপদলোপী, প্রত্যয়ান্ত, অলুক, সংখ্যাবাচক বহুব্রীহি। বহুব্রীহি সমাসের উদাহরণ হলো একচোখা, ঘরমুখো, দোটানা, দোমনা, দোনলা, একঘরে, ঊনপাঁজুরে, আয়তলোচনা, মহাত্মা, নীলবসনা, ধীরবুদ্ধি, স্থিরপ্রতিজ্ঞ, সবান্ধব, সফল, সহকর্মী, সহোদর, পদ্মনাভ, উর্ণনাভ, যুবজানি, সুগন্ধি, মৎস্যগন্ধা, বিপত্নীক, নির্ভীক প্রভৃতি।

২০৪. **বহুব্রীহি সমাস কয় প্রকার?** [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]
ক. সাত প্রকার খ. ছয় প্রকার গ. আট প্রকার ঘ. তিন প্রকার **উত্তর: গ**

২০৫. **কোনটি বহুব্রীহি সমাস?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. সুপুরুষ খ. দশানন গ. সাদাকালো ঘ. চৌরাস্তা **উত্তর: খ**

২০৬. **কোনটি বহুব্রীহি সমাস?** [বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]
ক. একগুঁয়ে খ. কাচামিঠা গ. রাজপথ ঘ. উনিশ-বিশ **উত্তর: ক**

২০৭. **কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?** [বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. তেমাথা খ. মনগড়া গ. চা-বিস্কুট ঘ. মহাত্মা **উত্তর: ঘ**

২০৮. **কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৯]
ক. চৌচালা খ. চন্দ্রমুখ গ. কায়মনোবাক্যে ঘ. রেলগাড়ী **উত্তর: ক**

২০৯. **বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. চিরসুখ খ. সুগন্ধি গ. খেয়াঘাট ঘ. আজীবন **উত্তর: খ**

২১০. **বহুব্রীহি সমাসবদ্ধ পদ কোনটি?** [৩৬তম বিসিএস]
ক. জনশ্রুতি খ. অনমনীয় গ. খাসমহল ঘ. তপোবন **উত্তর: ক, খ**

২১১. **কোনটি বহুব্রীহি সমাসে নিষ্পন্ন?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. চুলাচুলি খ. সিংহাসন গ. চৌরাস্তা ঘ. বীণাপানি **উত্তর: ঘ**

২১২. **নিচের কোন শব্দটি বহুব্রীহি সমাস সাধিত?** [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ২০]
ক. দ্বিচক্র খ. চৌরাস্তা গ. ধোয়ামোছা ঘ. বুদ্ধিজীবী **উত্তর: ক**

২১৩. **কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. ওলকপি খ. কবিগুরু গ. আটঘাট ঘ. উনপাঁজুরে **উত্তর: ঘ**

২১৪. **নিচের কোন শব্দটি বহুব্রীহি সমাসের উদাহরণ?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. বীণাপাণি খ. চৌরাস্তা গ. বনস্পতি ঘ. সিংহাসন **উত্তর: ক**

২১৫. **কোন শব্দটি বহুব্রীহি সমাসে নিষ্পন্ন?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৮]
ক. দশানন খ. সিংহাসন গ. চৌরাস্তা ঘ. চাঁদবদন **উত্তর: ক**

২১৬. **কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. এক অধিক দশ = একাদশ খ. দুঃখকে অতীত = দুঃখাতীত গ. মানানের অভাব = বেমানান ঘ. হাতে হাতে যে দ্বন্দ্ব = হাতাহাতি **উত্তর: ঘ**

২১৭. **কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?** [মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. সু বর্ন যার = সুবর্ণ খ. বৃষ্টিতে ধৌত = বৃষ্টি ধৌত গ. রোজ রোজ = হররোজ ঘ. ক্রোধ রুপ অনল = ক্রোধানল **উত্তর: ক**

২১৮. **বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৩]
ক. সত্য কথা বলে যে = সত্যবাদী খ. স্ত্রীর সহিত বর্তমান = সস্ত্রীক
গ. অর্থকে অতিক্রম না করিয়া = যথার্থ ঘ. যাহা কাঁচা তাহাই মিঠা = কাঁচামিঠা **উত্তর: খ**

২১৯. **কোনটি বহুব্রীহি সমাস নয়?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৮]
ক. সজল খ. স্বপ্ন গ. সুশ্রী ঘ. একগুঁয়ে **উত্তর: খ**

২২০. **নিচের কোনটি নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাসের উদাহরণ?** [সিএজি কার্যালয়ের অডিটর: ২২]
ক. অন্তরীপ খ. জবরদস্তি গ. অকেজো ঘ. আশীবিষ **উত্তর: ক**
ব্যাখ্যা: নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাসের উদাহরণ হলো দ্বীপ, অন্তরীপ, নরপশু, জীবন্মৃত, পন্ডিতমুর্খ প্রভৃতি।

২২১. **নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সমাসের উদাহরণ? / নিচের কোনটি নিপাতনে সিদ্ধ বহুব্রীহি সমাসের উদাহরণ?** [জাবি: ১৮-১৯]
ক. খোশমেজাজ খ. বেপরোয়া গ. কানেখাটো ঘ. পন্ডিতমূর্খ **উত্তর: ঘ**

২২২. **'অপয়া' শব্দটি কোন সমাস? / 'অসুখ' কোন সমাস? / 'নাই সুখ যার = অসুখ' কোন সমাস?** [প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিস সহায়ক: ২৩]
ক. কর্মধারয় সমাস খ. বহুব্রীহি সমাস গ. তৎপুরুষ সমাস ঘ. অব্যয়ীভাব সমাস **উত্তর: খ**

২২৩. **'অবোধ' কোন সমাস?/ 'বোধ নেই যার = অবোধ' কোন সমাস? / 'আশীতে বিষ যার = আশীবিষ' কোন সমাস? / 'আশীবিষ' কোন সমাস?**
[প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. তৎপুরুষ খ. কর্মধারয় গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব **উত্তর: গ**

২২৪. **'উদ্বাস্তু' কোন সমাস? / 'চৌচালা' কোন সমাসের উদাহরণ?** [১১তম শিক্ষক নিবন্ধন]
ক. বহুব্রীহি খ. দ্বিগু গ. তৎপুরুষ ঘ. কর্মধারয় **উত্তর: ক**

২২৫. **'দিগম্বর' কোন সমাস? / 'দিক অম্বর যার = দিগম্বর' কোন সমাস?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. তৎপুরুষ খ. বহুব্রীহি গ. কর্মধারয় ঘ. অব্যয়ীভাব **উত্তর: খ**

২২৬. **'দশ আনন যার = দশানন' কোন সমাস? / 'নিঃসহায়' শব্দটি কোন সমাস?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৩]
ক. দ্বন্দ্ব খ. কর্মধারয় গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব **উত্তর: গ**

২২৭. **'বিড়ালাক্ষী' কোন সমাস? / 'বহুব্রীহি' কোন সমাস?** [বিআরটিএ'র পরিদর্শক: ২৩]
ক. অব্যয়ীভাব খ. অলুক দ্বন্দ্ব গ. বহুব্রীহি ঘ. যষ্ঠী তৎপুরুষ **উত্তর: গ**

২২৮. **'বীণাপাণি' কোন সমাস? / 'বিগত হয়েছে পত্নী যার = বিপত্নীক' শব্দটির সমাস হলো** - [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. অব্যয়ীভাব খ. বহুব্রীহি গ. কর্মধারয় ঘ. অব্যয়ীভাব **উত্তর: খ**

২২৯. **'বেওয়ারিশ' কোন সমাস? / 'মৎসগন্ধা' যে সমাসের উদাহরণ** - [৭ম বিজেএস]
ক. কর্মধারয় খ. তৎপুরুষ গ. দ্বিগু ঘ. বহুব্রীহি **উত্তর: ঘ**

২৩০. **'সবান্ধব' কোন সমাস? / 'সুবর্ণ' কোন সমাস? / স্থিরপ্রতিজ্ঞ কোন সমাস?** [বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের অফিস সহকারী: ২৩]
ক. দ্বন্দ্ব খ. তৎপুরুষ গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব **উত্তর: গ**

২৩১. **'সচিত্র' কোন সমাস? / 'সহোদর' কোন সমাস? / 'সবিনয়' শব্দটি কোন সমাস?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কর্মধারয় খ. তৎপুরুষ গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব **উত্তর: গ**

২৩২. **হা-ভাতে' কোন সমাস? / 'ভাতের অভাব যার = হা-ভাতে' কোন সমাস?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০০]
ক. প্রাদি খ. অব্যয়ীভাব গ. উপপদ তৎপুরুষ ঘ. বহুব্রীহি **উত্তর: ঘ**

২৩৩. **পূর্বপদ বিশেষণ এবং পরপদ বিশেষ্য হলে কোন বহুব্রীহি সমাস হয়?** [৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন]
ক. সমানাধিকরণ খ. প্রত্যয়ান্ত গ. ব্যাধিকরন ঘ. ব্যতিহার **উত্তর: ক**

ব্যাখ্যা: সমানাধিকরণ বহুব্রীহি সমাসের উদাহরণ হলো একগুঁয়ে, খোশমেজাজ, নীলকণ্ঠ, পীতাম্বর, সুশীল, সুশ্রী, হতশ্রী, হৃতসর্বস্ব প্রভৃতি।

২৩৪. **'খোশমেজাজ' যে ধরনের সমাসের উদাহরণ** - [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৮]

ক. সাধারণ কর্মধারয় খ. সমানাধিকরণ বহুব্রীহি গ. ব্যাধিকরণ বহুব্রীহি ঘ. উপপদ তৎপুরুষ **উত্তর: খ**

২৩৫. **যে বহুব্রীহি সমাসে পূর্ব বা পরপদের কোনো পরিবর্তন হয় না তাকে কোন বহুব্রীহি বলে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৮৯]

ক. ব্যতিহার খ. অলুক বহুব্রীহি গ. প্রত্যয়ান্ত বহুব্রীহি ঘ. ব্যাধিকরণ বহুব্রীহি **উত্তর: খ**

ব্যাখ্যা: অলুক বহুব্রীহি সমাসের উদাহরণ হলো কানে কলম, কানে খাটো, গলায় গামছা, গায়ে পড়া, গায়ে হলুদ, মাথায় পাগড়ি, মাথায় ছাতা, মুখে ভাত, হাতে ছড়ি, হাতে বেড়ি প্রভৃতি।

২৩৬. **'কানে কলমে' কোন সমাস? / 'গায়ে হলুদ' কোন সমাস?** [এনএসআই'র সহকারী পরিচালক: ২২]

ক. অলুক দ্বন্দ্ব খ. অলুক তৎপুরুষ গ. অলুক বহুব্রীহি ঘ. ব্যতিহার বহুব্রীহি **উত্তর: গ**

২৩৭. **'গলায় গামছা যার' এটি কোন ধরনের বহুব্রীহি সমাসের ব্যাসবাক্য?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]

ক. নিপাতন বহুব্রীহি খ. অলুক বহুব্রীহি গ. ব্যতিহার বহুব্রীহি ঘ. ব্যাধিকরণ বহুব্রীহি **উত্তর: খ**

২৩৮. **যে বহুব্রীহি সমাসের পূর্বপদ এবং পরপদ উভয়ই বিশেষ্য তাকে কোন সমাস বলে?** [বাংলাদেশ রেলওয়ের সহকারী সার্জন: ০৫]

ক. অলুক বহুব্রীহি খ. সংখ্যাবাচক বহুব্রীহি গ. মধ্যপদলোপী বহুব্রীহি ঘ. ব্যাধিকরণ বহুব্রীহি **উত্তর: ঘ**

ব্যাখ্যা: ব্যাধিকরণ বহুব্রীহি সমাসের উদাহরণ হলো আশীবিষ, কথাসর্বস্ব, গোঁফখেজুরে, ছা-পোষা, দু কানকাটা, ধামাধরা, নদীমার্তৃক, পা-চাটা, বীণাপাণি, বোঁটাখসা প্রভৃতি।

২৩৯. **কোনটি ব্যাধিকরণ বহুব্রীহি সমাস?** [আমদানি-রপ্তানি দপ্তরের নির্বাহী অফিসার: ০৭]

ক. বীণাপানি খ. রাখীভাই গ. নিখোঁজ ঘ. চুলাচুলি **উত্তর: ক**

২৪০. **কোনটি ব্যতিহার বহুব্রীহির উদাহরণ?** [৩৯তম বিসিএস]

ক. দোতলা খ. আশীবিষ গ. কানাকানি ঘ. অজানা **উত্তর: গ**

ব্যাখ্যা: ব্যতিহার বহুব্রীহি সমাসের উদাহরণ হলো কানাকানি, কোলাকুলি, কাড়াকাড়ি, গালাগালি, গলাগলি, গুঁতাগুঁতি, ঘুষাঘুষি, চুলাচুলি, দেখাদেখি, রক্তারক্তি, লাঠালাঠি, হাতাহাতি, হাসাহাসি প্রভৃতি।

২৪১. **নিচের সমাসবদ্ধ পদগুলোর মাঝে কোনটি ব্যতিহার বহুব্রীহি'র উদাহরণ?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০৩]

ক. দশহাতি খ. হাতাহাতি গ. দশানন ঘ. দ্বিপদ **উত্তর: খ**

২৪২. **ব্যতিহার বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৭]

ক. ঋণ থেকে মুক্ত = ঋণমুক্ত খ. অক্ষির অগোচরে = পরোক্ষ

গ. হাতে চালানো পাখী = হাতপাখা ঘ. কোলে কোলে যে মিলন = কোলাকুলি **উত্তর: ঘ**

২৪৩. **'কানে কানে যে কথা = কানাকানি' কোন বহুব্রীহি সমাসের উদাহরণ? / 'কানাকানি' কোন বহুব্রীহি সমাসের উদাহরণ?** [বিভিন্ন মন্ত্রনালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৭]

ক. অলুক বহুব্রীহি খ. ব্যতিহার বহুব্রীহি গ. অব্যয়ীভাব ঘ. সপ্তমী তৎপুরুষ **উত্তর: খ**

২৪৪. **'কোলাকুলি' কোন সমাস? / 'লাঠালাঠি' কোন সমাস?** [২৬তম বিসিএস]

ক. প্রাদি সমাস খ. ব্যতিহার বহুব্রীহি গ. তৎপুরুষ ঘ. কর্মধারয় **উত্তর: খ**

২৪৫. **পদলোপী বহুব্রীহি সমাসের উদাহরণ - / মধ্যপদলোপী বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি?** [বিএসসি'র অফিসার: ২২]

ক. গায়েপড়া খ. কানেখাটো গ. হাতেখড়ি ঘ. সেতার **উত্তর: গ**

ব্যাখ্যা: মধ্যপদলোপী বহুব্রীহি সমাসের উদাহরণ হলো গায়ে হলুদ, বিড়ালাক্ষী, বিড়ালচোখী, মেনিমুখো, হাতেখড়ি প্রভৃতি।

২৪৬. **নিচের কোনটি মধ্যপদলোপী বহুব্রীহি সমাসের উদাহরণ নয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]

ক. মেনিমুখো খ. হাতেখড়ি গ. বেতার ঘ. বিড়ালচোখি **উত্তর: গ**

২৪৭. **'গোঁফ খেজুরে' কোন সমাস? / 'চন্দ্রের ন্যায় সুন্দর যার মুখ = চন্দ্রমুখী' এটি কোন সমাসের উদাহরণ?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিটেনডেন্ট: ১৯]

ক. মধ্যপদলোপী বহুব্রীহি খ. ব্যতিহার বহুব্রীহি গ. ব্যাধিরণ বহুব্রীহি ঘ. দ্বিগু **উত্তর: ক**

২৪৮. **'মীনের মতো অক্ষি যার' কোন সমাস? / 'মেঘের মত নাদ যার = মেঘনাদ' কোন সমাস?** [বিএসসি'র অফিসার: ২২]

ক. সমাধিকরণ বহুব্রীহি খ. মধ্যপদলোপী বহুব্রীহি গ. ব্যাধিকরণ বহুব্রীহি ঘ. ব্যতিহার বহুব্রীহি **উত্তর: খ**

২৪৯. **'সোনামুখী' কোন সমাস?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. সমাধিকরণ বহুব্রীহি খ. মধ্যপদলোপী বহুব্রীহি গ. ব্যাধিকরণ বহুব্রীহি ঘ. ব্যতিহার বহুব্রীহি **উত্তর: খ**

২৫০. **'হাতেখড়ি' সমস্ত পদটির সঠিক ব্যাসবাক্য কোনটি?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ২৩]

ক. হাতের খড়ি খ. খড়ির হাত গ. হাতে খড়ি ঘ. হাতে খড়ি দেওয়া হয় যে অনুষ্ঠানে **উত্তর: ঘ**

২৫১. **'সেতার' কোন সমাস?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]

ক. মধ্যপদলোপী কর্মধারয় খ. তৎপুরুষ গ. সংখ্যাবাচক বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব **উত্তর: গ**

ব্যাখ্যা: সংখ্যাবাচক বহুব্রীহি সমাসের উদাহরণ হলো একচালা, একতারা, আটহাতি, চৌচালা, চৌদ্দশিক, চারহাতি, তেপায়া, তেতালা, দোচালা, দোতালা, দোতারা, দোনলা, দশগজি, দশরথ, পঞ্চানন, সেতার, সপ্তপদী,ষড়ানন প্রভৃতি।

২৫২. **কোনটি নঞ বহুব্রীহি সমাস?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]

ক. হেডমাস্টার খ. ত্রিফলা গ. হাতেখড়ি ঘ. অনমনীয় **উত্তর: ঘ**

ব্যাখ্যা: নঞ বহুব্রীহি সমাসের উদাহরণ হলো অবুঝ, অকেজো, অজ্ঞান, অজানা, নির্ভুল, নিরুপায়, নির্ঝঞ্ঝাট, নাজানা, নাচার, বেতার, বেহেড, বেপরোয়া প্রভৃতি।

২৫৩. **'অধর্ম' শব্দের সমস্যমান পদ কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৭]
ক. ধর্ম নেই যার | খ. ধর্মহীন যে | গ. ধর্মের অভাব | ঘ. নেই ধর্ম যার | **উত্তর: ঘ**

২৫৪. **'আমূল' শব্দের ব্যাসবাক্য কোনটি?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. নয় মূল | খ. মূল থেকে | গ. ন মূল | ঘ. মূল পর্যন্ত | **উত্তর: ঘ**

২৫৫. **'কৃতবিদ্য' শব্দের ব্যাসবাক্য কোনটি?** [এনএসআই'র ফিল্ড অফিসার: ২৩]
ক. কৃত যে বিদ্য | খ. কৃত যে বিদ্যা | গ. কৃত বিদ্যা যার | ঘ. কৃত হয়েছে যার বিদ্যা | **উত্তর: গ**

২৫৬. **'গজানন' এর ব্যাসবাক্য কোনটি?** [জীবন বীমা কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২০]
ক. গজ ও আনন | খ. গজের আনন | গ. গজ আনন যার | ঘ. যে গজ সে আনন | **উত্তর: গ**

২৫৭. **'জীবন্মৃত' এর ব্যাসবাক্য কোনটি?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৩]
ক. জীবিত কিন্তু মৃত | খ. জীবিত থেকেও যে মৃত | গ. মৃতের ন্যায় জীবিত | ঘ. যে জীবিত সেই মৃত | **উত্তর: খ**

২৫৮. **'দ্বীপ' শব্দটির ব্যাসবাক্য কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. দুদিকে অপ যার | খ. দ্বীপের মতো | গ. চার দিকে জল যার | ঘ. দুদিকে আবদ্ধ জল যার | **উত্তর: ক**

২৫৯. **'নদীমাতৃক' শব্দের সমাস হলো** - [৬ষ্ঠ বিজেএস]
ক. নদী মাতা যার | খ. নদীতে মাতা আছে যার | গ. নদী ও মাতা | ঘ. নদী এবং মাতৃকা | **উত্তর: ক**

২৬০. **'পণ্ডিতমূর্খ' শব্দটির ব্যাসবাক্য কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. পণ্ডিত ও মূর্খ | খ. পণ্ডিত হয়েও যিনি মুর্খ | গ. যিনি পণ্ডিত তিনিই মূর্খ | ঘ. মূর্খের ন্যায় যে পণ্ডিত | **উত্তর: খ**

২৬১. **'রক্তারক্তি' এই সমাসবদ্ধ পদ বা সমস্তপদের ব্যাসবাক্য** - [ঢাবি: ০১-০২]
ক. রক্ত দ্বারা রঞ্জিত | খ. রক্তের প্রবাহ | গ. পরস্পরের রক্তপাত | ঘ. বহুলোকের রক্তপাত | **উত্তর: গ**

২৬২. **'রাজর্ষি' শব্দটির ব্যাসবাক্য কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৬]
ক. যিনি রাজা তিনিই ঋষি | খ. যিনি ঋষি তিনিই রাজা | গ. রাজার ন্যায় ঋষি | ঘ. রাজা ও ঋষি | **উত্তর: ক**

২৬৩. **'সতীর্থ' সমাসবদ্ধ পদের ব্যাসবাক্য** - [জনতা ব্যাংকের অফিসার: ১৪]
ক. তীর্থসহ | খ. সতী রূপ তীর্থ | গ. তীর্থের সমীপে | ঘ. সমান তীর্থ যার | **উত্তর: ঘ**

২৬৪. **'শশাঙ্ক' শব্দের ব্যাসবাক্য কী হবে?** [বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের অফিস সহকারী: ২৩]
ক. শশের অঙ্ক | খ. অঙ্কের শশ | গ. অঙ্কে শশ যার | ঘ. শশ অঙ্ক যার | **উত্তর: ঘ**

২৬৫. **সমাহার অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয় তাকে কী সমাস বলে? / সংখ্যাবাচক শব্দ পূর্বে বসে সমষ্টি বা সমাহার বা মিলন বোঝালে কোন সমাস হয়?** [পিকেবি'র অফিসার: ১৯]
ক. দ্বিগু | খ. অব্যয়ীভাব | গ. বহুব্রীহি | ঘ. কর্মধারয় | **উত্তর: ক**

২৬৬. **অনেক ব্যাকরণবিদ দ্বিগু সমাসকে কোন সমাসের অন্তর্ভুক্ত করেছেন?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ১০]
ক. কর্মধারয় | খ. দ্বন্দ্ব | গ. অব্যয়ীভাব | ঘ. তৎপুরুষ | **উত্তর: ক**

২৬৭. **নিচের কোনটি দ্বিগু সমাসের সমস্তপদ?** [৭ম শিক্ষক নিবন্ধন]
ক. সাতসমুদ্র | খ. প্রতিদিন | গ. নীলকণ্ঠ | ঘ. মুখেভাত | **উত্তর: ক**

২৬৮. **কোনটি দ্বিগু সমাস?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. পুরুষসিংহ | খ. চৌরাস্তা | গ. হাটবাজার | ঘ. কোনোটিই নয় | **উত্তর: খ**
ব্যাখ্যা: দ্বিগু সমাসের উদাহরণ হলো চতুষ্পদী, চতুরঙ্গ, চৌরাস্তা, চতুর্দশপদী, চৌকাঠ, তেমাথা, ত্রিফলা, ত্রিপদী, ত্রিরত্ন, ত্রিভুবন, ত্রিলোক, দশচক্র, দু'আনি, নবরত্ন, পসুরি, পঞ্চপদ, সপ্তাহ, শতাব্দী, শতবার্ষিকী প্রভৃতি।

২৬৯. **কোনটি দ্বিগু সমাস?** [১৩তম প্রভাষক নিবন্ধন]
ক. সপ্তাহ | খ. পরিভ্রমণ | গ. আমরণ | ঘ. মনগড়া | **উত্তর: ক**

২৭০. **কোনটি দ্বিগু সমাসসিদ্ধ শব্দ?** [তিতাস গ্যাসের সহকারী প্রকৌশলী: ১১]
ক. দম্পতি | খ. ক্রোধানল | গ. ষড়ঋতু | ঘ. তৈলাক্ত | **উত্তর: গ**

২৭১. **কোনটি দ্বিগু সমাসের উদাহরণ নয়?** [ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২১]
ক. চৌরাস্তা | খ. তেপায়া | গ. পঞ্চবটী | ঘ. দশগজি | **উত্তর: খ, ঘ**

২৭২. **'চৌরাস্তা' কোন সমাস? / 'চার রাস্তার সমাহার = চৌরাস্তা' কোন সমাস?** [বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের অফিস সহকারী: ২৩]
ক. দ্বন্দ্ব | খ. অব্যয়ীভাব | গ. বহুব্রীহি | ঘ. দ্বিগু | **উত্তর: ঘ**

২৭৩. **'তেপান্তর' কোন সমাস? / 'তিন প্রান্তরের সমাহার = তেপান্তর' কোন সমাস?** [ডাক অধিদপ্তরের পোস্টম্যান: ২৩]
ক. তৎপুরুষ | খ. দ্বিগু | গ. কর্মধারয় | ঘ. দ্বন্দ্ব | **উত্তর: খ**

২৭. **'ত্রিভুজ' কোন সমাস? / 'ত্রিফলা' কোন সমাস?** [ইসলামী ব্যাংকের ফিল্ড অফিসার: ২২]
ক. বহুব্রীহি | খ. দ্বন্দ্ব | গ. তৎপুরুষ | ঘ. দ্বিগু | **উত্তর: ঘ**

২৭৫. **'পঞ্চনদ' কোন সমাসের উদাহরণ? / 'সপ্তর্ষি' শব্দটি কোন সমাস?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]
ক. দ্বিগু সমাস খ. বহুব্রীহি সমাস গ. তৎপুরুষ সমাস ঘ. দ্বন্দ্ব সমাস **উত্তর: ক**

২৭৬. **'শতাব্দী' কোন সমাস?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. বহুব্রীহি খ. তৎপুরুষ গ. অব্যয়ীভাব ঘ. দ্বিগু **উত্তর: ঘ**

২৭৭. **কোন সমাসে ব্যাসবাক্য হয় না? / যে সমাসে ব্যাসবাক্য হয় না, কিংবা তা করতে গেলে অন্য পদের সাহায্য নিতে হয় তাকে বলা হয়? / ব্যাসবাক্য হয় না কোন সমাসের?** [২৪তম বিসিএস]
ক. দ্বন্দ্ব সমাস খ. কর্মধারয় সমাস গ. অব্যয়ীভাব সমাস ঘ. নিত্য সমাস **উত্তর: ঘ**

২৭৮. **যে সমাসে পদগুলি নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের প্রয়োজন হয় না তাকে কোন সমাস বলে?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৯]
ক. নিত্য সমাস খ. অলুক দ্বন্দ্ব গ. প্রাদি সমাস ঘ. অব্যয়ীভাব **উত্তর: ক**

২৭৯. **নিচের কোনটি নিত্য সমাস?** [১১তম শিক্ষক নিবন্ধন]
ক. ভালমন্দ খ. বেয়াদব গ. পঞ্চনদ ঘ. দেশান্তর **উত্তর: ঘ**
ব্যাখ্যা: নিত্য সমাসের উদাহরণ হলো আমরা, উপায়ন্তর, কালসাপ, কালান্তর, গ্রামান্তর, জলমাত্র, ধর্মান্তর, দেশান্তর, দীপান্তর, দর্শনমাত্র, বিরানব্বই, মতান্তর, মানুষটি, যুগান্তর, রূপান্তর, লোকান্তর, স্থানান্তর ইত্যাদি।

২৮০. **নিচের কোনটি নিত্য সমাস?** [১১তম শিক্ষক নিবন্ধন]
ক. তেলেভাজা খ. নিখরচা গ. নীলকণ্ঠ ঘ. কালসাপ **উত্তর: ঘ**

২৮১. **কোনটি নিত্য সমাসের সমস্তপদ?** [জনতা ব্যাংকের অফিসার: ১৯]
ক. সেতার খ. প্রত্যহ গ. গ্রামান্তর ঘ. সহোদর **উত্তর: গ**

২৮২. **কোনটি নিত্য সমাসের সমস্ত পদ?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৯]
ক. যুগান্তর খ. মনমাঝি গ. নরপশু ঘ. উপনদী **উত্তর: ক**

২৮৩. **'কেবল দর্শন = দর্শনমাত্র' ব্যাসবাক্যটি কোন সমাসের অন্তর্ভুক্ত? / 'দর্শনমাত্র' কোন সমাস?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. অলুক তৎপুরুষ খ. নিত্য সমাস গ. উপমান কর্মধারয় ঘ. উপমিত কর্মধারয় **উত্তর: খ**

২৮৪. **'লোকান্তর' কোন সমাস? / 'অন্য দেশ = দেশান্তর' কোন সমাসের উদাহরণ?** [ভূমি মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. দ্বন্দ্ব সমাস খ. কর্মধারয় সমাস গ. অব্যয়ীভাব সমাস ঘ. নিত্য সমাস **উত্তর: ঘ**

২৮৫. **'দুই এবং নব্বই = বিরানব্বই' কোন ধরনের সমাসের উদাহরণ?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. প্রাদি সমাস খ. দ্বিগু সমাস গ. অব্যয়ীভাব সমাস ঘ. নিত্য সমাস **উত্তর: ঘ**

২৮৬. **'আমি, তুমি ও সে'** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. সবাই খ. আমরা গ. আমাদের ঘ. সকলে **উত্তর: খ**

২৮৭. **'আমরা' এই শব্দটিকে ভেঙ্গে লিখলে হবে** - [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]
ক. আমি ও সে খ. তুমি ও আমি গ. তুমি, আমি ও সে ঘ. প্রতিটি উত্তরই সঠিক **উত্তর: গ**

২৮৮. **যে সমাসে পূর্বপদের বিভক্তি লোপ হয় না তাকে বলে - / কোন সমাসে সমস্যমান পদের বিভক্তি লোপ পায় না? / কোন সমাসে পূর্বপদের বিভক্তি লোপ হয় না?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ২৩]
ক. নিত্য সমাস খ. প্রাদি সমাস গ. দ্বন্দ্ব সমাস ঘ. অলুক সমাস **উত্তর: ঘ**

২৮৯. **পূর্বপদে উপসর্গ বসে যে সমান হয় তাকে বলে** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. অলুক সমাস খ. রূপক সমাস গ. নিত্য সমাস ঘ. প্রাদি সমাস **উত্তর: ঘ**

২৯০. **কোনটি প্রাদি সমাস?** [বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ১৩]
ক. পুরুষসিংহ খ. কাপুরুষ গ. হাট-বাজার ঘ. প্রবচন **উত্তর: ঘ**
ব্যাখ্যা: প্রাদি সমাসের উদাহরণ হলো অনুতাপ, পরিভ্রমণ, প্রবচন, প্রভাত, প্রবন্ধ, প্রগতি প্রভৃতি।

২৯১. **কোনটি প্রাদি সমাসের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. গৃহস্থ খ. ছা-পোষা গ. উপকূল ঘ. প্রগতি **উত্তর: ঘ**

২৯২. **'অনুতাপ' পদটির সঠিক ব্যাসবাক্য কোনটি?** [জনতা ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৯]
ক. তাপের ক্ষুদ্র খ. তাপের অণু গ. অনুতে যে তাপ ঘ. অনুরূপ তাপ **উত্তর: গ**

২৯৩. **'প্রবন্ধ' কোন সমাস?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. কর্মধারয় খ. প্রাদি গ. অব্যয়ীভাব ঘ. নিত্য **উত্তর: খ**

২৯৪. **কোনটি প্রাদি ও অব্যয়ীভাব উভয় সমাসই হয়?** [সামরিক ভূমি অধিদপ্তরের সহকারী শিক্ষক: ২৩]
ক. পরিভ্রমণ খ. প্রভাব গ. অতিমানব ঘ. উদ্বেল **উত্তর: ক**

২৯৫. **যেসব সমাসের প্রচুর উদাহরণ পাওয়া যায় না তাকে কী বলে?** [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৮]
ক. অপ্রধান সমাস খ. প্রধান সমাস গ. অলুক সমাস ঘ. অব্যয়ীভাব সমাস **উত্তর: ক**

২৯৬. **নিচের কোনটি অপ্রধান সমাস?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]
ক. প্রাদি সমাস খ. অলুক সমাস গ. নিত্য সমাস ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

ধাতু, প্রকৃতি ও প্রত্যয়

০১. **ক্রিয়াপদের মূল অংশকে কী বলে? / ক্রিয়ার যে অংশকে বিশ্লিষ্ট করা যায় না, তাকে বলে - / ক্রিয়া প্রকৃতির অন্য নাম কী?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]

ক. বিভক্তি খ. কারক গ. ধাতু ঘ. প্রত্যয় **উত্তর: গ**

০২. **শব্দের ধাতু বুঝাতে কোন চিহ্ন ব্যবহৃত হয়?** [সিজিএ কার্যালয়ের জুনিয়র অডিটর: ২২]

ক. ≠ খ. ε গ. √ ঘ. < **উত্তর: গ**

০৩. **ধাতু বা প্রকৃতির অন্ত্যধ্বনির আগের ধ্বনির নাম কী? / ধাতু বা শব্দের শেষ বর্ণের আগের বর্ণকে কী বলে?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০৩]

ক. অনুধা খ. ব্যবধা গ. উপধা ঘ. মতধা **উত্তর: গ**

০৪. **ধাতু কয় প্রকার?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১২]

ক. এক খ. দুই গ. তিন ঘ. চার **উত্তর: গ**

ব্যাখ্যা: ধাতু তিন প্রকার। যথা- মৌলিক, সাধিত ও যৌগিক ধাতু। যে ধাতু বিশ্লেষণ করা যায় না তাকে মৌলিক ধাতু বলে। মৌলিক ধাতুর অপর নাম সিদ্ধ বা স্বয়ংসিদ্ধ ধাতু। মৌলিক ধাতু বা কোনো নাম শব্দের সাথে 'আ' প্রত্যয় যোগে যে ধাতু গঠিত হয় তাকে সাধিত ধাতু বলে। সাধিত ধাতু ৩ প্রকার। যথা- নাম ধাতু, প্রযোজক ধাতু ও কর্মবাচ্যের ধাতু।

০৫. **যে ধাতু বিশ্লেষণ করা যায় না তাকে বলা হয় - / যে ধাতুকে প্রকৃতি-প্রত্যয় রূপে বিশ্লেষণ করা যায় না তাকে বলে -** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ০৫]

ক. সাধিত ধাতু খ. মৌলিক ধাতু গ. যৌগিক ধাতু ঘ. সংযোগমূলক ধাতু **উত্তর: খ**

০৬. **মৌলিক ধাতুর অপর নাম কী?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]

ক. নাম ধাতু খ. প্রযোজক ধাতু গ. সাধিত ধাতু ঘ. সিদ্ধ ধাতু **উত্তর: ঘ**

০৭. **'পড়া' কোন ধাতু? / 'সে ঘুমাচ্ছে' বাক্যে 'ঘুমা' কোন ধাতু?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]

ক. মৌলিক খ. সাধিত গ. যৌগিক ঘ. বাংলা **উত্তর: খ**

০৮. **বিশেষ্য, বিশেষণ এবং অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগ করে যে ধাতু গঠিত হয়, তাকে বলে - / বিশেষ্য, বিশেষণ এবং অনুকার অব্যয়ের পরে 'আ' প্রত্যয় যোগ করে গঠিত ধাতুর নাম -** [রাবি ১৭-১৮]

ক. মৌলিক ধাতু খ. সংযোগমূলক ধাতু গ. নাম ধাতু ঘ. প্রযোজক ধাতু **উত্তর: গ**

০৯. **কোন ধাতুগুলো মূলত এক -** [বিপিডিবি'র সহকারী পরিচালক: ১৩]

ক. সংযোগমূলক ধাতু ও সাধিত ধাতু খ. সমধাতু ও প্রযোজক ধাতু
গ. কর্মবাচ্যের ধাতু ও সংযোগমূলক ধাতু ঘ. প্রযোজক ধাতু ও কর্মবাচ্যের ধাতু **উত্তর: ঘ**

১০. **কোনটি নাম ধাতু?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]

ক. খা খ. কর গ. ঘুমা ঘ. ছাড় **উত্তর: গ**

১১. **কোনটি নাম ধাতুর উদাহরণ?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]

ক. দেখায় খ. পড়াচ্ছি গ. মুচড়ানো ঘ. শোনায় **উত্তর: গ**

১২. **কোনটি নাম ধাতুর উদাহরণ?** [৪৩তম বিসিএস]

ক. বেতা খ. কর গ. পড় ঘ. চল **উত্তর: ক**

১৩. **কোনটি বাংলা ধাতু?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]

ক. কাট্ খ. কৃ গ. মাগ্ ঘ. গম্ **উত্তর: ক**

ব্যাখ্যা: মৌলিক ধাতু তিন প্রকার। যথা- বাংলা, সংস্কৃত ও বিদেশি ধাতু। বাংলা ধাতুগুলো হলো আঁক্, কহ্, কাট্, কর্, কাঁদ্, কেন্, খা, গড়্, ঘষ্, চিব্, ছিড়্, দল্, দেখ্, ধর্, পড়্, বাঁধ্, বুঝ্, রাখ্, শুন্, থাক্, হাস্, নাচ্। সংস্কৃত ধাতুগুলো হলো অঙ্ক, কথ্, কৃৎ, কৃ, ক্রন্দ্, ক্রী, খাদ্, গঠ্, ঘৃষ্, চব্, ছিদ্, দল্, দৃশ্, ধৃ, পঠ্, বন্ধ্, বুধ্, রক্ষ্, শ্রু, স্থা, হস্, হৃ। বিদেশি ধাতুগুলো হলো আট্, খাট্, চেঁচ্, চাহ্, জম্, ঝুল্, টুট্, টান্, ডাক্, ঠুট্, ঠেল্, ফির্, বিগড়্, ভর্, ভিজা, মাগ্, লটক্।

১৪. **নিচের কোনটি বাংলা ধাতুর দৃষ্টান্ত?** [৪৪তম বিসিএস]

ক. কহ্ খ. কথ্ গ. বুধ্ ঘ. গঠ্ **উত্তর: ক**

১৫. **কোনটি খাঁটি বাংলা ধাতু?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ১০]

ক. কৃ খ. টান গ. হাস্ ঘ. আট **উত্তর: গ**

১৬. **এখানে ব্যবহৃত একটি মাইকেলি ধাতুর দৃষ্টান্ত হলো -** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৮]

ক. বেড়ি খ. পবিত্রি গ. ঢালি ঘ. রাঙি **উত্তর: খ**

১৭. **অসম্পূর্ণ বা পঙ্গু ধাতুর দৃষ্টান্ত কোনটি?** [উপজেলা / থানা শিক্ষা অফিসার: ৯৯]

ক. √খা খ. √যা গ. √কর্ ঘ. √দেখ্ **উত্তর: খ**

১৮. **নিচের কোনটি ণিজন্ত ধাতু? / কোনটি প্রযোজক ধাতু?** [জনতা ব্যাংকের অফিসার: ১৯]

ক. ধুমা খ. চমক গ. দেখা ঘ. করা **উত্তর: গ, ঘ**

১৯. **কোনটি সংস্কৃত মূল ধাতু?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. কাট্ খ. খাট্ গ. খাদ্ ঘ. ফির্ **উত্তর: গ**

২০. **বাংলা ভাষার ধাতুর রূপ কয়টি? / ধাতুর গণ কয়টি?** [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার: ০৫]
ক. ১০ খ. ১৫ গ. ২০ ঘ. ২৫ **উত্তর: গ**
ব্যাখ্যা: ধাতুর বানানের ধরনকে ধাতুর গণ বলে। ধাতুর গণ ২০ টি। যথা- উঠ, উলটা, কহ, কর, কাট, খা, গাহ, ঘুরা, চটকা, ছোবলা, বিগড়া, দৌড়া, দি, ধোয়া, নাহা, ফিরা, লাফা, লিখ, শু, হ।

২১. **'উঁচা' এর আদিগণ কোনটি?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ১৯]
ক. গোছা খ. ঘুরা গ. শিখা ঘ. খোঁচা **উত্তর: খ**

২২. **'গমন' শব্দের মূল ধাতু কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ১০]
ক. গতি খ. গত গ. গম্য ঘ. গম্ **উত্তর: ঘ**

২৩. **ধাতুর পর কোন প্রত্যয় যুক্ত করে ভাববাচক বিশেষ্য বুঝায়?** [ভূমি মন্ত্রণালয়ের নিরীক্ষক: ২৩]
ক. আই খ. আল গ. আন ঘ. আও **উত্তর: ক, ঘ**

২৪. **ধাতুর শেষে 'অন্ত' প্রত্যয় যোগ করলে কোন পদ গঠিত হয়?** [দুদকের সহকারী পরিদর্শক: ০৪]
ক. বিশেষ্য খ. অব্যয় গ. বিশেষণ ঘ. ক্রিয়া **উত্তর: গ**

২৫. **কোন শব্দে ধাতুর সঙ্গে কৃৎ প্রত্যয় যুক্ত হয়েছে?** [১২তম বিসিএস]
ক. ঠগী খ. পানসে গ. পাঠক ঘ. সেলামী **উত্তর: গ**

২৬. **'পাঠক' শব্দটি কোন শ্রেণির ধাতু দ্বারা বা হতে গঠিত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. বিদেশি খ. সংস্কৃত গ. খাঁটি বাংলা ঘ. দেশি **উত্তর: খ**

২৭. **'কাজটি ভালো দেখায় না' এই বাক্যর 'দেখায়' ক্রিয়াটি কোন ধাতুর উদাহরণ?** [মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. মৌলিক ধাতু খ. নাম ধাতু গ. প্রযোজক ধাতু ঘ. কর্মবাচ্যের ধাতু **উত্তর: ঘ**

২৮. **'হের ঐ দুয়ারে দাঁড়িয়ে কে?' এই বাক্যে 'হের' কোন ধাতু?** [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৮]
ক. আরবি খ. ফারসি গ. হিন্দি ঘ. অজ্ঞাতমূল **উত্তর: ঘ**

২৯. **'লোকটি ভিক্ষা মেগে খায়' এই বাক্যে 'মাগ' ধাতুটি কোন ভাষার?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. হিন্দি খ. বাংলা গ. উর্দু ঘ. আরবি **উত্তর: ক**

৩০. **'যা কিছু হারায় গিন্নী বলেন, কেষ্টা বেটাই চোর' এখানে 'হারায়' কোন ধাতু?** [২৬তম বিসিএস]
ক. প্রযোজ্য ধাতু খ. ভাববাচ্যের ধাতু গ. সংযোগমূলক ধাতু ঘ. কর্মবাচ্যের ধাতু **উত্তর: ঘ**
ব্যাখ্যা: অনেক পরীক্ষায় উক্ত প্রশ্নের অপশনে কর্মবাচ্যের ধাতু থাকে না। সেক্ষেত্রে কর্মবাচ্যের ধাতু না থাকলে প্রযোজক ধাতু উত্তর দেবেন।

৩১. **প্রকৃতি বলতে কী বোঝায়?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. ধাতুর মূল খ. শব্দের মূল গ. প্রত্যয়যুক্ত শব্দ ঘ. শব্দ ও ধাতুর মূল **উত্তর: ঘ**

৩২. **শব্দ ও ধাতুর মূলকে বলে - / শব্দের মূলকে কী বলে? / যে ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয় তার নাম কী? / যে ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয় তার নাম -** [ডাক অধিদপ্তরের পোস্টাল অপারেটর: ২৩]
ক. বিভক্তি খ. ধাতু গ. প্রকৃতি ঘ. কারক **উত্তর: গ**

৩৩. **যে শব্দ বা কোনো শব্দের যে অংশকে আর কোনো ক্ষুদ্রতম অংশে ভাগ করা যায় না, তাকে কী বলে?** [জনতা ব্যাংকের অফিসার: ১৯]
ক. সন্ধি খ. প্রকৃতি গ. প্রত্যয় ঘ. সমাস **উত্তর: খ**

৩৪. **'অসৎ' এর প্রকৃতি কী?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. √স+ঈ খ. √স+ই গ. √সৎ+অ ঘ. √অস্+অৎ **উত্তর: ঘ**

৩৫. **বিভক্তিহীন নাম শব্দকে বলে -** [৩৯তম বিসিএস]
ক. প্রাতিপদিক খ. সাধিত পদ গ. নামপদ ঘ. ক্রিয়াপদ **উত্তর: ক**

৩৬. **নিচের কোন শব্দটি প্রাতিপদিক?** [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. লাঙল খ. দম্পতি গ. লেখা ঘ. সাধিত **উত্তর: ক**

৩৭. **যে বর্ণ বা বর্ণ সমষ্টি ধাতু বা শব্দের পরে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে বলে - / শব্দ গঠনের জন্য শব্দ বা নাম প্রকৃতির এবং ক্রিয়াপ্রকৃতির পরে যে শব্দাংশ যুক্ত হয় তাকে কী বলে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. ক্রিয়া খ. উপসর্গ গ. বিভক্তি ঘ. প্রত্যয় **উত্তর: ঘ**

৩৮. **ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার উদ্দেশ্য কী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. নতুন শব্দ গঠন খ. বাক্যে অলঙ্কার গ. শব্দের মিলন ঘ. ভাষা সংক্ষেপণ **উত্তর: ক**

৩৯. **শব্দের কোথায় প্রত্যয় বসে?** [যোগাযোগ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. পূর্বে খ. মাঝে গ. পরে ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

৪০. **কোনটি প্রত্যয়ান্ত শব্দ?** [মাধ্যমিক বিদ্যাল্যের সহকারী শিক্ষক: ০৬]
ক. লামা খ. জামা গ. গামা ঘ. হেমা **উত্তর: ঘ**

৪১. **প্রত্যয় দিয়ে গঠিত শব্দ** - [বিএসসি'র অফিসার: ২২]
ক. শীতার্ত খ. ভরপেট গ. লালাপেড়ে ঘ. গ্রামীণ **উত্তর: ঘ**

৪২. **প্রত্যয়বাচক শব্দের দৃষ্টান্ত** - [অগ্রণী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৭]
ক. মায়ের খ. ঘুমাচ্ছন্ন গ. শোওয়া ঘ. অতল **উত্তর: গ**

৪৩. **নিচের কোন শব্দটি প্রত্যয় সাধিত?** [৩৫তম বিসিএস]
ক. প্রলয় খ. খণ্ডিত গ. নিঃশ্বাস ঘ. অনুপম **উত্তর: খ**

৪৪. **প্রত্যয়-সাধিত শব্দ কোনটি?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]
ক. পঙ্কজ খ. রাজপুত গ. গোলাপ ঘ. গোলাপি **উত্তর: ঘ**

৪৫. **নিচের কোন শব্দটি প্রত্যয়যোগে গঠিত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০
ক. নির্ভয় খ. ভালোমন্দ গ. ভাবার্থ ঘ. ভৌগোলিক **উত্তর: ঘ**

৪৬. **'ঢাকাই' শব্দটি কোনটি যোগে গঠিত? / 'তান্ডব' শব্দটি কোনটি যোগে গঠিত?** [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ২০]
ক. প্রত্যয় খ. সন্ধি গ. সমাস ঘ. উপসর্গ **উত্তর: ক**

৪৭. **'দোলনা' শব্দটি কোনটি যোগে গঠিত? / 'ফোড়ন' শব্দটি কোনটি যোগে গঠিত? / 'ভাস্বর' শব্দটি কোনটি যোগে গঠিত? / সাংবাদিক শব্দে 'ইক' অংশটুকু কী?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. উপসর্গ খ. সন্ধি গ. সমাস ঘ. প্রত্যয় **উত্তর: ঘ**

৪৮. **'জনতা' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত হয়েছে? / 'বৈশিষ্ট্য' শব্দটি কোন নিয়মে গঠিত হয়েছে? / 'সৌন্দর্য' শব্দটি গঠিত হয়েছে** - [বিআরইবি'র সহকারী সচিব: ১৩]
ক. প্রত্যয়যোগে খ. উপসর্গযোগে গ. সন্ধিযোগে ঘ. বচনের সাহায্যে **উত্তর: ক**

৪৯. **প্রত্যয়গতভাবে শুদ্ধ নয় কোনটি?** [১৬তম বিসিএস]
ক. উৎকৃষ্টতা খ. উৎকর্ষ গ. উৎকৃষ্ট ঘ. উৎকর্ষতা **উত্তর: ঘ**

৫০. **প্রত্যয়ঘটিত অশুদ্ধ শব্দের দৃষ্টান্ত হলো** - [সেসিপ'র গবেষণা কর্মকর্তা: ১৫]
ক. পুরষ্কার খ. অর্ধরাত্রি গ. প্রতিদ্বন্দ্বীতা ঘ. ষ্টেডিয়াম **উত্তর: গ**

৫১. **নিচের কোন শব্দটি প্রত্যয়যোগে গঠিত হয়নি?** [৩৬তম বিসিএস]
ক. সভাসদ খ. শুভেচ্ছা গ. ফলবান ঘ. তন্বী **উত্তর: খ**

৫২. **নিচের কোন শব্দটি প্রত্যয়যোগে গঠিত হয়নি?** [প্রাক- প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক: ১৩]
ক. সাংবাদিক খ. ঘরবাড়ি গ. হতভাগিনী ঘ. প্রাণি **উত্তর: খ**

৫৩. **'উৎকর্ষতা' কী কারণে অশুদ্ধ? / 'ভারসাম্যতা' কী কারণে অশুদ্ধ?** [২৪তম বিসিএস]
ক. সন্ধিজনিত খ. প্রত্যয়জনিত গ. উপসর্গজনিত ঘ. বিভক্তিজনিত **উত্তর: খ**

৫৪. **বাংলা ভাষায় 'ত্ব' যে ধরনের ব্যাকরণিক উপাদান** - [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১০]
ক. উপসর্গ খ. ফলা গ. প্রত্যয় ঘ. বিশেষণ **উত্তর: গ**

৫৫. **'ফুলদানি' শব্দের 'দানি' এর ভাষিক পরিচয়** - [সোনালী ব্যাংকে অফিসার (ক্যাশ): ১৪]
ক. বিভক্তি খ. প্রত্যয় গ. শব্দ প্রত্যয় ঘ. ধাতু **উত্তর: গ**

৫৬. **'ষ্ণ' প্রত্যয়যুক্ত শব্দে মূল স্বরের কী হয়?** [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২৩]
ক. বৃদ্ধি খ. গম গ. আগম ঘ. ইৎ **উত্তর: ক**

৫৭. **'প্রচলিত' শব্দটি কোন প্রত্যয় যোগে গঠিত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ঈয় প্রত্যয় খ. ইত প্রত্যয় গ. ই প্রত্যয় ঘ. ত প্রত্যয় **উত্তর: খ**

৫৮. **কোন শব্দটি 'ইক' প্রত্যয়যুক্ত নয়?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]
ক. ধনিক খ. বণিক গ. মাসিক ঘ. ভাষিক **উত্তর: খ**

৫৯. **নিচের কোন শব্দের 'ইক' প্রত্যয়যুক্ত গঠন ব্যাকরণসিদ্ধ না হলেও বহুল আলোচিত?** [আইসিবি ব্যাংকের অফিসার: ১৪]
ক. প্রশাসনিক খ. মৌখিক গ. ঔপনিবেশিক ঘ. শারীরিক **উত্তর: গ**

৬০. **নিচের কোনটি 'ইমন' প্রত্যয়যোগে গঠিত?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]
ক. কুসুমিত খ. মোলায়েম গ. পঙ্কিল ঘ. নীলিমা **উত্তর: ঘ**

৬১. **কোনটি 'নিপাতনে সিদ্ধ' প্রত্যয়যুক্ত শব্দ?** [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. শৈব খ. সৌর গ. দৈব ঘ. চৈত্র **উত্তর: খ**

৬২. **'য' প্রত্যয়যোগে গঠিত শব্দ কোনটি?** [প্রবাসী কল্যাণ ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. অন্নতা খ. দারিদ্র্য গ. সহযোগিতা ঘ. নাগরিক **উত্তর: খ**

৬৩. **'চোর' শব্দের সাথে 'আ' প্রত্যয় যুক্ত হলে কী অর্থ প্রকাশ পায়?** [সিটি ব্যাংকের প্রবেশনারী অফিসার: ১১]
ক. শ্রদ্ধা খ. সাদৃশ্য গ. সামীপ্য ঘ. অবজ্ঞা **উত্তর: ঘ**

৬৪. **'নোনতা' শব্দে 'তা' প্রত্যয়টি ব্যবহৃত হয়েছে** - [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. নিন্দিত অর্থে খ. সদৃশ অর্থে গ. ঈষৎ অর্থে ঘ. যুক্ত অর্থে **উত্তর: গ**

৬৫. **কোন শব্দের প্রত্যয় 'উপজীবিকা' অর্থে ব্যবহৃত হয়েছে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০২]
ক. গেঁয়ো খ. মেছো গ. টেঁকো ঘ. গেন্ডো **উত্তর: খ**

৬৬. **কোন শব্দের প্রত্যয় 'উপকরণ' অর্থে ব্যবহৃত হয়েছে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. পাথুরে খ. মেছো গ. গেঁয়ো ঘ. নেয়ে **উত্তর: ক**

৬৭. **নিম্নের কোনটিতে 'বৃত্তি' অর্থে 'ঈ' প্রত্যয় যুক্ত হয়েছে?** [১১তম শিক্ষক নিবন্ধন]
ক. জমিদারি খ. পোদ্দারি গ. উমেদারি ঘ. সরকারি **উত্তর: খ**

৬৮. **প্রত্যয় কত প্রকার?** [বন অধিদপ্তরের বন প্রহরী: ১৫]
ক. ২ প্রকার (কৃৎ ও তদ্ধিত) খ. ৩ প্রকার গ. ৪ প্রকার ঘ. ৫ প্রকার **উত্তর: ক**

৬৯. **ক্রিয়া বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে -** [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. ধাতু প্রত্যয় খ. শব্দ প্রত্যয় গ. কৃৎ প্রত্যয় ঘ. তদ্ধিত প্রত্যয় **উত্তর: গ**

৭০. **কৃৎ প্রত্যয় কাকে বলে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী: ২১]
ক. শব্দের সঙ্গে যুক্ত প্রত্যয়কে খ. অর্থের সঙ্গে যুক্ত প্রত্যয়কে
গ. ধাতুর সঙ্গে যুক্ত প্রত্যয়কে ঘ. উপসর্গের সঙ্গে যুক্ত প্রত্যয়কে **উত্তর: গ**

৭১. **ধাতুর সঙ্গে কৃৎ প্রত্যয় যোগে যে নতুন শব্দ গঠিত হয় তাকে কী বলে? / ধাতুর সাথে কৃৎ প্রত্যয় যোগে গঠিত নতুন শব্দকে কী বলে? ধাতু ও কৃৎ প্রত্যয় যোগে গঠিত নতুন শব্দ হলো -** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০৩]
ক. তদ্ধিতান্ত শব্দ খ. তদ্ধিত প্রত্যয় গ. কৃদন্ত শব্দ ঘ. প্রাতিপদিক **উত্তর: গ**

৭২. **কৃদন্ত পদের পূর্ববর্তী পদকে কী বলে? / ধাতুর পূর্ববর্তী পদকে কী বলে?** [৪৫তম বিসিএস]
ক. উপপদ খ. প্রাতিপদিক গ. প্রপদ ঘ. পূর্বপদ **উত্তর: ক**

৭৩. **কোনটি কৃৎ প্রত্যয়ের উদাহরণ?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ- পরিদর্শক: ১৮]
ক. ঢাকা+ই খ. মিশ+উক গ. চোর+আ ঘ. সোনা+আলি **উত্তর: খ**
ব্যাখ্যা: কৃৎ প্রত্যয়যুক্ত শব্দের উদাহরণ হলো খাওয়া, রাঁধা, কাটা, ফুটন্ত, উড়ন্ত, বাঁধন, খেলনা, দোলনা, লড়াই, ঢালাই, মোড়ক, জনক, গায়ক, ঘাতক, গ্রাহক, পাঠক, করণীয়, দর্শনীয়, শোচনীয়, তৃপ্ত, উক্ত, সিক্ত, চলমান, দীপ্যমান, নয়ন, মন্তব্য, গন্তব্য, ঈশ্বর, ক্রোধ প্রভৃতি।

৭৪. **'√কাঁদ্+অন' কোন প্রত্যয়ের অন্তর্ভুক্ত?** [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. বাংলা কৃৎ প্রত্যয় খ. তদ্ধিত প্রত্যয় গ. প্রাতিপদিক ঘ. সংস্কৃত তদ্ধিত প্রত্যয় **উত্তর: ক**

৭৫. **বাংলা কৃৎ প্রত্যয় সাধিত শব্দ কোনটি?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৮]
ক. চামার খ. ধারালো গ. মোড়ক ঘ. পোষ্টাই **উত্তর: গ**

৭৬. **বাংলা কৃৎ প্রত্যয় সাধিত শব্দ কোনটি?** [৪০তম বিসিএস]
ক. কারক খ. লিখিত গ. বেদনা ঘ. খেলনা **উত্তর: ঘ**

৭৭. **কৃৎ প্রত্যয়যোগে গঠিত শব্দ নয় কোনটি?** [এনএসআই'র সহকারী ফিল্ড স্টাফ: ২৩]
ক. নাচন খ. কেষ্টা গ. স্থান ঘ. শুনানী **উত্তর: খ**

৭৮. **'চলন্ত' একটি -** [শিল্প মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১৯]
ক. কৃৎ প্রত্যয় খ. তদ্ধিত প্রত্যয় গ. তদ্ধিদান্ত পদ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

৭৯. **গুণ ও বৃদ্ধি হলো -** [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. নাম-প্রকৃতির পরিবর্তন খ. কৃৎ-প্রকৃতির অন্তস্বরের পরিবর্তন গ. প্রাতিপদিকের পরিবর্তন ঘ. কৃৎ-প্রকৃতির আদিস্বরের পরিবর্তন **উত্তর: ঘ**

৮০. **তদ্ধিত প্রত্যয় কোন প্রকৃতির সাথে যুক্ত হয়?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ২৩]
ক. বিশেষণ প্রকৃতি খ. বিশেষ্য প্রকৃতি গ. নাম প্রকৃতি ঘ. ক্রিয়া প্রকৃতি **উত্তর: গ**

৮১. **তদ্ধিত প্রত্যয়যুক্ত শব্দ কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. দর্শন খ. ঘর্ষণ গ. বর্ষণ ঘ. বাংলাদেশি **উত্তর: ঘ**
ব্যাখ্যা: তদ্ধিত প্রত্যয়যুক্ত শব্দের উদাহরণ হলো পাথুরে, জেলে, কেষ্টা, একালে, মেঘলা, চোরা, খ্যাপাটে, সোনালি, বাঘা, ঢাকাই, সাহিত্যিক, সামাজিক, নাগরিক, গৌরব, পার্থিব, বৈষ্ণব, জৈন, সভ্য, সাম্য, সৌন্দর্য, ধৈর্য্য, মহিমা, রক্তিমা, পঙ্কিল, চঞ্চলতা, গুরুত্ব, বন্ধুত্ব, ঘনত্ব প্রভৃতি।

৮২. **কোনটি তদ্ধিত প্রত্যয়?** [সিএজি কার্যালয়ের জুনিয়র অডিটর: ১১]
ক. চলন্ত খ. ঢাকাই গ. পাচক ঘ. গায়ক **উত্তর: খ**

৮৩. **কোনটি তদ্ধিত প্রত্যয়?** [এসএফডিএফ'র সহকারী হিসাবরক্ষক: ২৩]
ক. চোরা খ. চালক গ. পুজক ঘ. সত্যবাদী **উত্তর: ক**

৮৪. **কোনটি বাংলা তদ্ধিত প্রত্যয়?** [প্রাক- প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক: ১৩]
ক. রাঁধুনী খ. ঘরামি গ. ধোলাই ঘ. পানীয় **উত্তর: খ**

৮৫. **কোনটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয়?** [শ্রম অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৫]
ক. ভাস্কর্য খ. মন্ত্রণা গ. সৃষ্টি ঘ. কার্য **উত্তর: ক**

৮৬. **কোন শব্দটিতে বিদেশি প্রত্যয় ব্যবহৃত হয়েছে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. চালবাজ খ. কানকাটা গ. বেআক্কেল ঘ. দিগগজ **উত্তর: ক**

৮৭. **'আভাসিত' শব্দটির প্রত্যয়** - [ষ্ট্যান্ডার্ড ব্যাংকের অফিসার: ১২]
ক. বাংলা কৃৎ প্রত্যয় খ. বাংলা তদ্ধিত প্রত্যয় গ. সংস্কৃত কৃৎ প্রত্যয় ঘ. বিদেশি তদ্ধিত প্রত্যয় **উত্তর: গ**

৮৮. **'চলনসই' শব্দের 'সই' - / 'টেকসই' শব্দের 'সই' কোন ধরনের প্রত্যয়?** [১৩তম বিজেএস]
ক. বাংলা কৃৎ প্রত্যয় খ. বাংলা তদ্ধিত প্রত্যয় গ. সংস্কৃত কৃৎ প্রত্যয় ঘ. বিদেশি তদ্ধিত প্রত্যয় **উত্তর: ঘ**

৮৯. **'ছাপাখানা' শব্দের 'ছাপা' কোন ধরনের প্রত্যয়?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. বাংলা কৃৎ প্রত্যয় খ. বাংলা তদ্ধিত প্রত্যয় গ. সংস্কৃত কৃৎ প্রত্যয় ঘ. বিদেশি তদ্ধিত প্রত্যয় **উত্তর: ঘ**

৯০. **'বাবুর্চি' শব্দের 'চি' প্রত্যয়টি** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক: ১২]
ক. ফারসি খ. আরবি গ. সংস্কৃত ঘ. তুর্কি **উত্তর: ঘ**

৯১. **কোনটি বিদেশি প্রত্যয়যুক্ত শব্দ?** [৬ষ্ঠ প্রভাষক নিবন্ধন]
ক. বাঁদরামি খ. অংশীদার গ. কর্তব্য ঘ. বাছাই **উত্তর: খ**

৯২. **কোনটি বিদেশি প্রত্যয়যুক্ত শব্দ নয়?** [তথ্য মন্ত্রণালয়ের তথ্য অফিসার: ০৫]
ক. দারোয়ান খ. জমিদারি গ. কারিগর ঘ. গিন্নীপনা **উত্তর: খ**

৯৩. **প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কোনটি ঠিক?** [শ্রম মন্ত্রণালয়ের শ্রম অফিসার: ০৬]
ক. উৎ+ভিদ্ খ. উদ+ভিদ গ. উদ্+ভিদ ঘ. উত+ভিদ **উত্তর: ক**

৯৪. **প্রকৃতি ও প্রত্যয় হিসেবে কোনটি শুদ্ধ?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. অদিত+অ = আদিত্য খ. দায়+বান = দয়াবান গ. কবি+য = কাব্য ঘ. রূপ+অসী = রূপসী **উত্তর: গ**

৯৫. **কোনটি শুদ্ধ?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. √গৈ+ক্তি = গীতি খ. √গৈ+ক্তী = গীতি গ. √গৈ+ক্তি = গিতী ঘ. গৈ+√ক্তি = গীতি **উত্তর: ক**

৯৬. **'আগ্নেয়' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. অগ্নী+এয় খ. অগ্নি+ষ্ণেয় গ. অগ্নি+এয় ঘ. অগ্নি+য় **উত্তর: খ**

৯৭. **'ইচ্ছুক' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [এলজিইডি'র কার্য সহকারী: ২৩]
ক. ইচ্ছা+উক খ. ইচ্ছু+উক গ. ইচ্ছা+ক্তি ঘ. ইচ্ছুক+উক **উত্তর: ক**

৯৮. **'উক্ত' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. √বচ+ক্ত খ. √বিচ+তি গ. √উক+তি ঘ. √উক+ত **উত্তর: ক**

৯৯. **'উক্তি' এর সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [১১তম বিসিএস]
ক. √উক+তি খ. √উচ্+ক্তি গ. √বচ্+ক্তি ঘ. √বচ্+তি **উত্তর: গ**

১০০. **'ঐকতান' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. একতান+অ খ. ঐক্য+তান গ. একতান+জ ঘ. একতা+ইন **উত্তর: ক**

১০১. **'কাব্য' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [অর্থ মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ১২]
ক. কবি+অ খ. কবি+য গ. কবিতা+অ ঘ. কবিতা+য **উত্তর: খ**

১০২. **কৈশোর' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [পল্লী সঞ্চয় ব্যাংকের ক্যাশ সহকারী: ১৮]
ক. কিশোর+ষ্ণ খ. কৈশো+র গ. কৈ+শোর ঘ. কে+শোর **উত্তর: ক**

১০৩. **'কুসুমিত' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. কুসুম+উত খ. কুসুম+ত গ. কুসুম+ইত ঘ. কুসুম+ঈত **উত্তর: গ**

১০৪. **'কার্য' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ০৬]
ক. কৃ+র্য খ. কর+য্য গ. কৃ+ঘ্যণ্ ঘ. কর+র্য্য **উত্তর: গ**

১০৫. **'কৃষ্টি' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [৪২তম বিসিএস]
ক. কৃষ+তি খ. কৃষ+টি গ. কৃ+ইষ্টি ঘ. কৃষ+ইষ্টি **উত্তর: ক**

১০৬. **'কুণ্ঠিত' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [বিএসসি'র সহকারী প্রোগ্রামার: ২০]
ক. কুণ্ঠ+ইত খ. কুণ্ঠ+ঈত গ. কুণ্ঠ+ত ঘ. কুণ্ঠ+ত্ **উত্তর: গ**

১০৭. **'খেলনা' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. খেলনা খ. খেল্+অনা গ. খে+আলনা ঘ. খেলন+আ **উত্তর: খ**

১০৮. **'গায়ক' শব্দটির সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. √গি:+অক খ. √গায়+নক গ. √গৈ:+ণক ঘ. √গৈ+অক **উত্তর: ঘ**

১০৯. **'গ্রহণীয়' এর প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. গ্রহণ+ঈয় খ. গ্রহ+অণীয় গ. গ্রহ+অনীয় ঘ. গ্রহ+ণীয় **উত্তর: গ**

১১০. **'গৌরব' শব্দের প্রকৃতি-প্রত্যয় নিচের কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. গৌর+অব খ. গুরু + অব গ. গুরু + ঞ ঘ. গুরু + ষ্ণ **উত্তর: ঘ**

১১১. **'চলন্ত' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২৩]
ক. √চলন+ত খ. √চল+ন্ত গ. √চল্+অন্ত ঘ. √চলন+অ **উত্তর: গ**

১১২. **'ছিন্ন' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কী?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ১৮]
ক. ছিদ+ন্ন খ. ছিদ+ক্ত গ. ছিন+ন ঘ. ছিদ্+ন **উত্তর: খ**

১১৩. **'জেলে' এর প্রকৃতি কী?** [বেবিচকের হিসাব সহকারী: ২৩]
ক. জাল+ইয়া খ. জেল+এ গ. জাল+আ ঘ. জালা+এ **উত্তর: ক**

১১৪. **'জাগরূক' শব্দটি ধাতু ও প্রত্যয়যোগে সৃষ্ট হয়েছে এভাবে** – [বিএমইটি'র ইন্সট্রাক্টর: ১৮]
ক. জাগ+রূক খ. জাগৃ+উক গ. জাগ্র+উক ঘ. জাগর+উক **উত্তর: খ**

১১৫. **'জাগরিত' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? / 'জাগরিত' শব্দের গঠন হলো** – [সোনালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. √জাগৃ+ত খ. √জাগ+রিত গ. √জাগৃ+ইত ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

১১৬. **'তবলচি' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [বিডিবিএল'র সিনিয়র অফিসার: ১৭]
ক. তবলা+চি খ. তবল+চি গ. তব+লচি ঘ. তবলচ+ই **উত্তর: খ**

১১৭. **'দর্শনীয়' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়** – [১৬তম প্রভাষক নিবন্ধন]
ক. √দর্শন+ইয় খ. √দৃশ্+অনীয় গ. √দৃশ্য+নীয় ঘ. √দর্শন+ঈয় **উত্তর: খ**

১১৮. **'দুগ্ধ' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. √দুক্+ত খ. √দুক+হ গ. √দুহ্+ত ঘ. √দুহ্+ধ **উত্তর: গ**

১১৯. **'দীপ্যমান' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. √দীপ্য+মান খ. √দিপ্য+মানচ গ. √দিপ+শানচ ঘ. √দীপ+শানচ্ **উত্তর: ঘ**

১২০. **'দোলনা' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [১৮তম বিসিএস]
ক. দু+না খ. দোল্+না গ. দুল্+অনা ঘ. দোলনা+আ **উত্তর: গ**

১২১. **'দ্রাঘিমা' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ০৬]
ক. দীর্ঘ+ইমন খ. দীর্ঘ+ইমা গ. দীর্ঘ+ইলিমা ঘ. দ্রাঘ+ইমা **উত্তর: ক**

১২২. **'ধার্য' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. √ধৃ+য্য খ. √ধৃ+য গ. √ধার+য ঘ. √ধৃ+ঘ্যণ্ **উত্তর: ঘ**

১২৩. **'নায়ক' শব্দের কৃপ্রত্যয় হচ্ছে** – [১২তম বিসিএস]
ক. নি:+অক খ. নী+অক গ. ণী+অক ঘ. √ণী+ণক **উত্তর: ঘ**

১২৪. **'নেতা' শব্দের যথার্থ প্রকৃতি প্রত্যয় কোনটি?** [বিটিভির সহকারী প্রকৌশলী: ১৭]
ক. √নি+তৃ খ. √নী+তা গ. √নে+তাই ঘ. √নৃ+তা **উত্তর: খ**

১২৫. **'নয়ন' শব্দটির সঠিক প্রত্যয় নির্ণয় করুন।** [১৩তম প্রভাষক নিবন্ধন]
ক. নী+অন খ. নে+অন গ. নৌ+অন ঘ. নয়+ন **উত্তর: ক**

১২৬. **'নীলিমা' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [১৪তম শিক্ষক নিবন্ধন]
ক. নীল+ইমন খ. নীল+ইমা গ. নিলী+মা ঘ. নী+ইলিমা **উত্তর: ক**

১২৭. **'পাঠক' শব্দের যথার্থ প্রকৃতি প্রত্যয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. √পাঠ+অক খ. √পঠ্+অক / √পঠ্+ণক গ. √পা+ঠক ঘ. √পঠ+টক **উত্তর: খ**

১২৮. **'প্রাচুর্য' শব্দের যথার্থ প্রকৃতি প্রত্যয় কোনটি?** [১২তম প্রভাষক নিবন্ধন]
ক. প্রো+চুর্য খ. প্রচুর+য গ. প্রাচুর+য্য ঘ. প্রচুর+য **উত্তর: খ**

১২৯. **'প্রচুর + য = প্রাচুর্য' কোন প্রত্যয়?** [৪১তম বিসিএস]
ক. কৃৎ প্রত্যয় খ. তদ্ধিত প্রত্যয় গ. বাংলা কৃৎ প্রত্যয় ঘ. সংস্কৃত কৃৎ প্রত্যয় **উত্তর: খ**

১৩০. **'প্রেম' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৩]
ক. প্রে+ম খ. প্রি+এম গ. প্রিয়+ইমন ঘ. প্রেম+অ+ব **উত্তর: গ**

১৩১. **'পাক' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]
ক. প+আঁক খ. পাক+অ গ. পচ্+ঘঞ ঘ. পাক্+অ **উত্তর: গ**

১৩২. **'পাকড়াও' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [ফায়ার সার্ভিসের ফায়ার ফাইটার: ২৩]
ক. √পাক্+ড়াও খ. √পা+কড়াও গ. √পাকড়+আও ঘ. √পাকড়া+ও **উত্তর: গ**

১৩৩. **'বাক্য' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [দুদকের সহকারী পরিদর্শক: ০৪]
ক. √বাক্+ত খ. √বচ্+য গ. √বাক্+ত ঘ. √বাচ্+য **উত্তর: খ**

১৩৪. **'বক্তব্য' এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?** [১০ম শিক্ষক নিবন্ধন]
ক. √বক+তব্য খ. √বক+অব্য গ. √বক্ত+ব্য ঘ. √বচ্+তব্য **উত্তর: ঘ**

১৩৫. **'বর্ষীয়ান' এর প্রত্যয়** – [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৯]
ক. বৃদ্ধ+ইয়স খ. বৃদ্ধ+ঈয়স গ. বৃদ্ধ+ত্রীয়স ঘ. বৃদ্ধ+নীরস **উত্তর: খ**

১৩৬. **'বাঁধ+অন = বাঁধন' কোন শব্দ?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৯]
ক. কৃদন্ত শব্দ খ. তদ্ধিতান্ত শব্দ গ. ধন্যাত্মক শব্দ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

১৩৭. **'বান্ধব' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [সামাজিক বনি অধিদপ্তরের সহকারী শিক্ষক: ২৩]
ক. বন্ধ+অ খ. বন্ধ+ষ্ণ গ. বন্ধু+অ ঘ. বন্ধু+বা **উত্তর: খ**

১৩৮. **'বর্গাদার' কোন প্রত্যয়ের উদাহরণ?** [পৌরপূর্ত অধিদপ্তরের সহকারী প্রকৌশলী: ৯৯]
ক. বর্গ+আদার খ. বর্গ+দর গ. বর্গা+দার ঘ. বর্গা+তুচ **উত্তর: গ**

১৩৯. **'বর্ধিষ্ণু' শব্দের প্রকৃতি-প্রত্যয় কী?** [শিক্ষোবি'র অফিসার: ১৪]
ক. বর্ধ+ইষ্ণু খ. বর্ধমান+ইষ্ণু গ. বর্ধি+ষ্ণু ঘ. বৃধ্+ইষ্ণু **উত্তর: ঘ**

১৪০. **'বার্ষিক' শব্দের প্রকৃতি-প্রত্যয় কী?** [পৌরপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]
ক. বর্ষ+ষ্ণিক খ. ব+ষ্ণিক গ. বরস+ইক ঘ. বর্ষা+ষ্ণিক **উত্তর: ক**

১৪১. **'বুদ্ধি' শব্দটির সঠিক প্রকৃতি ও প্রত্যয় হলো** - [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]
ক. বুদ্+ধি খ. বুধ+দি গ. বুধ্+তি ঘ. বুদ্ধ+ই **উত্তর: গ**

১৪২. **'ভোজন' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [বন অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ভোজ+অন খ. ভোন+ন গ. ভুজ+অনট ঘ. ভো+অন **উত্তর: গ**

১৪৩. **'মাধ্যমিক' এর প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]
ক. মাধ্য+ষ্ণিক খ. মাধ্য+মিক গ. মাধ্যমিক+অ ঘ. মধ্যম+ষ্ণিক **উত্তর: ঘ**

১৪৪. **'মশারি' এর প্রকৃতি-প্রত্যয় হচ্ছে** - [এসএফডিএফ'র মাঠ কর্মকর্তা: ১৩]
ক. মশা+রি খ. মশা+অরি গ. মশা+আরি ঘ. মশা+আরী **উত্তর: গ**

১৪৫. **'মেধাবী' শব্দটির সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. মেধা+বী খ. মেধা+বিন্ গ. মেধা+ই ঘ. মি+আদবি **উত্তর: খ**

১৪৬. **'মানব' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [১৭তম শিক্ষক নিবন্ধন]
ক. মানব+ও খ. মনুষ্য+অ গ. মনু+ষ্ণ ঘ. মনু+অব **উত্তর: গ**

১৪৭. **'মেছো' শব্দের প্রকৃতি-প্রত্যয় কী?** [২৭তম বিসিএস]
ক. মাছ+ও খ. মেছ+ও গ. মাছি+উ+ও ঘ. মাছ+উয়া+ও **উত্তর: ঘ**

১৪৮. **'মহিমা' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [সোনালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. মহিমা খ. মহৎ+ইমন গ. মহা+ইমা ঘ. মহিম+আ **উত্তর: খ**

১৪৯. **'মুক্ত' এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করুন।** [১১তম শিক্ষক নিবন্ধন]
ক. √মু+ক্ত খ. √মুহ্+ক্ত গ. √মুক্+ক্তি ঘ. √মুচ্+ক্ত **উত্তর: ঘ**

১৫০. **'মুক্তি' এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করুন।** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. √মুচ+ক্তি খ. √মুহ+ক্তি গ. √মুক্+ক্তি ঘ. √মৃচ+ক্তি **উত্তর: ক**

১৫১. **'রক্ত' এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করুন।** [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার: ০৫]
ক. রুজ্+ত খ. রন+ত গ. রক্+ক্ত ঘ. রনজ্+ত **উত্তর: ঘ**

১৫২. **'রূঢ়ি' এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করুন।** [বেসিক ব্যাংকের সহকারী ব্যবস্থাপক: ১৮]
ক. √রুহ্+তি খ. √রহ্+তি গ. √রুৎ+তি ঘ. √রুহ্+ধী **উত্তর: ক**

১৫৩. **'সৎ' এর প্রকৃতি কী?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. √স+ঈ খ. √স+ই গ. √অস্+অৎ ঘ. √অস্+অৎ (তৃ) **উত্তর: ঘ**

১৫৪. **'সৈনিক' এর প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]
ক. সেনা+য়িক খ. সৈন্য+ইক গ. সেনা+ইক ঘ. সৈন্য+য়িক **উত্তর: গ**

১৫৫. **'সৃষ্টি' এর প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [সমবায় অধিদপ্তরের পরিদর্শক: ২৩]
ক. সৃষ+টি খ. সৃশ+তি গ. √সৃজ্+তি ঘ. শ্রী+টি **উত্তর: গ**

১৫৬. **'সাহচর্য' শব্দের শুদ্ধ গঠন কোনটি?** [সোনালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. সাহ+চর+র্য খ. সহচর+ য-ফলা গ. সহচর+য ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

১৫৭. **'সাহিত্য' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [বিআরইবি'র সহকারী পরিচালক (প্রশাসন): ১৬]
ক. সহিত+য খ. সাহি+ত্য গ. সাহিত্য+অ ঘ. সাহিত+ষ্ণ **উত্তর: ক**

১৫৮. **'সর্বাঙ্গীণ' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [৪০তম বিসিএস]
ক. সর্বঙ্গ+ঈন খ. সর্ব+অঙ্গীন গ. সর্ব+ঙ্গীন ঘ. সর্বাঙ্গ+ঈন **উত্তর: ঘ**

১৫৯. **'স্মরণ' এর প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [ক্রীড়া পরিদপ্তরের অফিস সহকারী: ১৯]
ক. √স্ব+অরন খ. √স্মৃ+অন গ. √স্মর+ণ ঘ. √স্মৃ+রণ **উত্তর: খ**

১৬০. **'সাংস্কৃতিক' শব্দের 'ইক' প্রত্যয়টি যে শব্দশ্রেণিকে নির্দেশ করে** - [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৯]
ক. বিশেষ্য খ. বিশেষণ গ. ক্রিয়াবিশেষণ ঘ. ক্রিয়া **উত্তর: খ**

১৬১. **'সত্য' এর প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৩]
ক. সতি+য খ. সতি+অ গ. সৎ+অ ঘ. সৎ+য **উত্তর: ঘ**

১৬২. **'স্থায়ী' এর প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. স্তান+ইন খ. স্থান+ইন গ. স্তান+ঈন ঘ. স্থান+ঈন **উত্তর: খ**

১৬৩. **'শৈশব' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]
ক. শিশু+ষ্ণ খ. শিশু+ষ্ণ্য গ. শিশু+শব ঘ. শৈ+শব **উত্তর: ক**

১৬৪. **'শান্তি' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [বাংলাদেশ বেতারের সহকারী সম্পাদক: ১৯]
ক. √শাম+তি খ. √শম+ক্তি গ. √শান্ত+ঈ ঘ. √শম+ক্তি **উত্তর: ঘ**

১৬৫. **'শ্রবণ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [১১তম শিক্ষক নিবন্ধন]
ক. শ্রবণ+অ খ. √শ্রী+অন গ. √শ্রু+অন ঘ. √শ্রব+অন **উত্তর: গ**

১৬৬. **'শ্রব্য' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৮]
ক. শ্রু+ব খ. শ্র+য গ. শ্রু+য ঘ. শ্র+ব **উত্তর: গ**

১৬৭. **'শ্রদ্ধা' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [৩৮তম বিসিএস]
ক. শ্রৎ+√ধা+অ+আ খ. √শ্রৎ+√ধা+আ গ. √শ্র+√ধা+আ ঘ. √শ্রু+ধা+আ **উত্তর: ক**

১৬৮. **'ক্ষয়িষ্ণু' এর প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ১৩]
ক. √ক্ষা+ইষ্ণু খ. √ক্ষু+ইষ্ণু গ. √ক্ষি+ইষ্ণু ঘ. √খ+ইষ্ণু **উত্তর: গ**

সমার্থক শব্দ

০১. **সাধারণত কোন ধরনের শব্দের সমার্থক শব্দ হয় না?** [বাংলাদেশ কৃষি ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ১২]
ক. সাধিত শব্দ খ. অজ্ঞাতমূল শব্দ গ. সংকর শব্দ ঘ. পারিভাষিক শব্দ (সূত্র: ড. হায়াৎ মামুদ) **উত্তর: ঘ**

০২. **সমার্থক শব্দ ব্যবহার করলে বাক্যের** - [৮ম প্রভাষক নিবন্ধন]
ক. অর্থ পরিবর্তিত হয় খ. অর্থের অবনতি ঘটে গ. সৌন্দর্য বৃদ্ধি পায় ঘ. সৌন্দর্য হ্রাস পায় **উত্তর: গ**

০৩. **সমার্থক শব্দ ব্যবহার করলে** - [৯ম প্রভাষক নিবন্ধন]
ক. শব্দ ভাণ্ডার সমৃদ্ধ হয় খ. শব্দার্থ পরিবর্তিত হয় গ. শব্দার্থের অবনতি ঘটে ঘ. শব্দ ভাণ্ডার হ্রাস পায় **উত্তর: ক**

০৪. **'অগ্নি' এর সমার্থক বা প্রতিশব্দ কোনটি?** [বিআরইবি'র মিটার রিডার: ২৩]
ক. পাবক খ. দিবা গ. অনিল ঘ. সমীরণ **উত্তর: ক**
ব্যাখ্যা: অগ্নি শব্দের সমার্থক শব্দগুলো হলো আগুন, পাবক, অনল, বহ্নি, হুতাশন, সর্বভুক, বৈশ্বানর, শিখা, কৃশানু, বীতিহোত্র, বায়ুসখা, সপ্তাংশু, হোমাগ্নি ইত্যাদি।

০৫. **'পাবক' নিচের কোন শব্দের প্রতিশব্দ?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৫]
ক. কিরণ খ. দিবস গ. অগ্নি ঘ. বাতাস **উত্তর: গ**

০৬. **'চিতা' এর প্রতিশব্দ কোনটি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. মন খ. হৃদয় গ. আগুন ঘ. প্রাণ **উত্তর: গ**

০৭. **কোনটি 'অগ্নি' এর সমার্থক শব্দ নয়?** [পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী: ১৪]
ক. বহ্নি খ. হুতাশন গ. পাবক ঘ. অলক **উত্তর: ঘ**

০৮. **'অবিনাশী' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?** [সমবায় অধিদপ্তরের পরিদর্শক: ২৩]
ক. অক্ষয় খ. শ্বাশত গ. চিরন্তন ঘ. ক্ষণস্থায়ী **উত্তর: ঘ**
ব্যাখ্যা: অবনাশী শব্দের সমার্থক শব্দগুলো হলো অমর, অক্ষয়, শ্বাশত, চিরন্তন ইত্যাদি।

০৯. **'অন্ধকার' শব্দের সমার্থক শব্দ** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. পাবক খ. মনোজ গ. ধারাপাত ঘ. তমসা **উত্তর: ঘ**
ব্যাখ্যা: অন্ধকার শব্দের সমার্থক শব্দগুলো হলো আধাঁর, অমানিশা, তিমির, তমস, শর্বর, আন্ধার, নভাক, অমা, তমসা ইত্যাদি।

১০. **'অশ্রু' শব্দের প্রতিশব্দ** - [সিজিএ কার্যালয়ের অডিটর: ২২]
ক. নীর খ. সরিৎ গ. নেত্রবারি ঘ. বিধু **উত্তর: গ**
ব্যাখ্যা: অশ্রু শব্দের সমার্থক শব্দগুলো হলো অশ্রুবারি, নেত্রবারি, নেত্রনীর, লোর, নয়নজল, চোখের জল, চোখের পানি প্রভৃতি।

১১. **'অপবাদ' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]
ক. পরচর্চা খ. অশ্লীল গ. গালাগা ঘ. দোষারোপ / অপযশ / নিন্দা **উত্তর: ঘ**

১২. **'অনুপম' এর সমার্থক শব্দ কোনটি?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ১৫]
ক. অকল্পনীয় খ. মনোরম গ. অতুল্য ঘ. অপরিমিত **উত্তর: খ**

১৩. **'অনুশীলন' শব্দের সমার্থক নয় নিচের কোনটি?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. রেওয়াজ খ. মকশো গ. তালিম ঘ. তালাশ **উত্তর: ঘ**

১৪. **'অভিরাম' এর সমার্থক শব্দ কোনটি?** [সুন্দরবন গ্যাস কোম্পানির সিনিয়র টেকনিশিয়ান: ২৩]
ক. অভিভূত খ. রমণীয় গ. সাদৃশ্য ঘ. অভিরুচি **উত্তর: খ**

১৫. **'অতিশয়' এর সমার্থক শব্দ** - [ইবি: ০৪-০৫]
ক. একান্ত খ. সদাশয় গ. অগ্রণী ঘ. নিবিড় **উত্তর: ক**

১৬. **'অভিলাষ' শব্দটির অর্থ কী?** [সিএজি কার্যালয়ের অডিটর: ১৫]
ক. ইচ্ছা খ. উল্লাস গ. অলক ঘ. আকাশ **উত্তর: ক**

১৭. **'আকাশ' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [বিআরইবি'র সহকারী জেনারেল ম্যানেজার: ২২]
ক. অশনি খ. অম্বর গ. বিভাবরী ঘ. নীলাম্বু **উত্তর: খ**
ব্যাখ্যা: আকাশ শব্দের সমার্থক শব্দগুলো হলো অম্বর, অনন্ত, অন্তরীক্ষ, ব্যোম, দ্যুলোক, অভ্র, নভঃ, গগন, নভোস্থল, নভোলোক, নক্ষত্রলোক, ছায়ালোক, নভোমন্ডল, নীলিমা ইত্যাদি।

১৮. **'আকাশ' এর সমার্থক শব্দ নয়** - [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ১২]
ক. গগন খ. অন্তরীক্ষ গ. অম্বর ঘ. ভুবন **উত্তর: ঘ**

১৯. **'আনন্দ' এর সমার্থক শব্দ নয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. উচ্ছ্বাস খ. উল্লাস গ. শ্রান্তি ঘ. স্ফুরণ **উত্তর: গ**
ব্যাখ্যা: আনন্দ শব্দের সমার্থক শব্দগুলো হলো পুলক, হর্ষ, আহলাদ, সুখ, স্ফূর্তি, ফূর্তি, সন্তোষ, পরিতোষ, প্রফুল্লতা, প্রসন্নতা, আমোদ, প্রমোদ, হাসি, উল্লাস, হৃষ্টটা, মজা, তুষ্টি, খুশি, হাসিখুশি, উচ্ছ্বাস, স্ফুরণ ইত্যাদি।

২০. **'আনন্দ' এর প্রতিশব্দ নয় কোনটি?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৬]
ক. উল্লাস খ. দিপ্তী গ. খুশি ঘ. আহলাদ **উত্তর: খ**

২১. **'আনন্দ' এর সমার্থক শব্দ নয়** - [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ১১]
ক. হর্ষ খ. পুলক গ. সুখ ঘ. বিষাদ **উত্তর: ঘ**

২২. **'আলো' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [বিএসসি'র অফিসার: ২২]
ক. ময়ূখ খ. রওশন গ. ভাতি ঘ. তামিস্রা **উত্তর: ঘ**
ব্যাখ্যা: আলো শব্দের সমার্থক শব্দগুলো হলো কিরণ, কর, প্রভা, দীপ্তি, জ্যোতি, ময়ুখ, বিভা, রশ্মি, অংশু, আলো, আলোক, ভাতি, ময়ুখ, রওশন, উজ্জ্বল, আভা, জেল্লা, প্রদীপ্ত, নুর ইত্যাদি।

২৩. **'অংশু' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [জনতা ব্যাংকের অফিসার: ২৩]
ক. ঝটিকা খ. শিখা গ. কর ঘ. প্রভা **উত্তর: ক, খ**

২৪. **'ভাতি'র সমার্থক শব্দ** - [আমদানি-রপ্তানি দপ্তরের নির্বাহী অফিসার: ০৭]
ক. রাত খ. আঁধার গ. ভোর ঘ. আলো **উত্তর: ঘ**

২৫. **'কিরণ' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]
ক. প্রভা খ. ঢেউ গ. ভাগ্য ঘ. হর্ষ **উত্তর: ক**

২৬. **'কিরণ' এর সমার্থক নয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. রবি খ. রশ্মি গ. প্রভা ঘ. কর **উত্তর: ক**

২৭. **'আমন্ত্রণ' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?** [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. আহবান খ. নিমন্ত্রণ গ. প্রত্যাবান ঘ. আবাহন **উত্তর: গ**

২৮. **'আশীর্বাদ' এর প্রতিশব্দের শুদ্ধ বানান কোনটি?** [কর্মসংস্থান ব্যাংকের অফিসার: ০১]
ক. আশিস খ. আশীষ গ. আশীস ঘ. আশীশ **উত্তর: ক**

২৯. **'ইতি' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. অবসান খ. বরেণ্য গ. শেষ ঘ. বিরাম **উত্তর: খ**

৩০. **'ইচ্ছা' এর সমার্থক শব্দ**- [সেসিপ'র সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা: ১৫]
ক. অভিলাষ খ. স্বেচ্ছা গ. সৃজনী ঘ. আগ্রহী **উত্তর: ক**

৩১. **'উচ্ছ্বাস' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. স্ফুরণ খ. উদ্ভাসিত / পুলক গ. স্ফীত / উল্লাস ঘ. বিকাশ **উত্তর: খ**

৩২. **'ঢেউ' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. কল্লোল খ. স্রোতস্বিনী গ. শৈবালিনী ঘ. শশাঙ্ক **উত্তর: ক**
ব্যাখ্যা: ঢেউ শব্দের সমার্থক শব্দগুলো হলো উর্মি, তরঙ্গ, হিল্লোল, কল্লোল, বীচি, তরঙ্গমালা, লহরী, উল্লোল, উর্মিলহরী, দোলা ইত্যাদি।

৩৩. **'উর্মি' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [অর্থ মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ১২]
ক. ঢেউ খ. সোজা গ. অসংহত ঘ. ঋজু **উত্তর: ক**

৩৪. **'বীচি' শব্দের সমার্থক শব্দ** - [বিআরইবি'র সহকারী পরিচালক [প্রশাসন]: ১৩]
ক. অঙ্কুর খ. তরঙ্গ গ. নদী ঘ. আঁটি **উত্তর: খ**

৩৫. **'উপক্রম' শব্দের যথার্থ সমার্থক শব্দ কোনটি?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৫]
ক. সূত্রপাত খ. চেষ্টা গ. প্রয়াস ঘ. আরম্ভ **উত্তর: ক**

৩৬. **'উচাটন' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [দুদকের কনস্টেবল: ২২]
ক. উৎপাটিত খ. উৎকণ্ঠা গ. উদ্দীপন ঘ. বন্ধনহীন **উত্তর: খ**

৩৭. **'উপাধান' এর সমার্থক শব্দ কোনটি?** [আইসিবি ব্যাংকের অফিসার: ১১]
ক. বালিশ খ. দূত গ. পোশাক ঘ. পরিচ্ছদ **উত্তর: ক**

৩৮. **'উষ্ণীষ' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. অত্যন্ত উষ্ণ খ. কুসুম কুসুম উষ্ণ গ. পাগড়ি ঘ. শীতের আমেজ **উত্তর: গ**

৩৯. **'উদ্যত' এর সমার্থক শব্দ কোনটি?** [আইসিবি ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. অবিনীত খ. দুর্বিনীত গ. সংকল্পবদ্ধ ঘ. বলিষ্ঠ **উত্তর: ঘ**

৪০. **'ঋত্বিক' শব্দটির প্রতিশব্দ** - [নির্বাচন কমিশন সচিবালয়ের স্টোর কিপার: ১৯]
ক. বৃষভ খ. এলানো গ. ঋজু ঘ. হোমক **উত্তর: ঘ**

৪১. **'ঐক্য' এর সমার্থক শব্দ কোনটি?** [বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ কর্পোরেশনের অফিস সহকারী: ২২]
ক. ঐকান্তিক খ. একতা গ. একনিষ্ঠ ঘ. প্রগাঢ় **উত্তর: খ**

৪২. **'কোকিল' এর সঠিক প্রতিশব্দ কোনটি?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৭]
ক. কলকণ্ঠ খ. পিক গ. বসন্তদূত ঘ. সবগুলোই **উত্তর: ঘ**
ব্যাখ্যা: কোকিল শব্দের সমার্থক শব্দগুলো হলো অন্যপুষ্ঠ, পরপুষ্ট, কাকপুষ্ঠ, কলকণ্ঠ, বসন্তদূত, পিক, পরভৃত, মধুবন, অন্যভৃত ইত্যাদি।

৪৩. **'অন্যপুষ্ট' কোন পাখিকে বলা হয়?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের ভিএফএ: ২০]
ক. কাক খ. কোকিল গ. কবুতর ঘ. ময়না **উত্তর: খ**

৪৪. **'কাক' এর সমার্থক কোন শব্দটি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. পরভৃৎ / বায়স খ. বারিধারা গ. প্রভা ঘ. অবলা **উত্তর: ক**

৪৫. **'কটি' এর সমার্থক নয় কোন শব্দটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. কোমর খ. কাঁচুলি গ. মাজা ঘ. কাঁকাল **উত্তর: খ**

৪৬. **'কুহক' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. কুহেলী খ. ভুম গ. ঋষি ঘ. মায়া **উত্তর: ঘ**

৪৭. **'কপোত' শব্দটির সঠিক অর্থ কোনটি?** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১০]
ক. বক খ. কবুতর / পায়রা গ. হারগিলা ঘ. ময়ূর **উত্তর: খ**

৪৮. **'কপোল' এর প্রতিশব্দ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. কপাল খ. গণ্ডদেশ গ. গাল ঘ. খ ও গ উভয়ই **উত্তর: ঘ**

৪৯. **'কন্যা' শব্দের সমার্থক কোনটি?** [বেবিচকের সহকারী প্রকৌশলী: ২৩]
ক. অনুজা খ. অবলা গ. সূত ঘ. তনয়া **উত্তর: ঘ**
ব্যাখ্যা: কন্যা শব্দের সমার্থক শব্দগুলো হলো আত্মজা, দুহিতা, নন্দিনী, তনয়া, সুতা, মেয়ে, দুলালী, পুত্রী, তনজা, লেড়কি, ঝি, স্বজা ইত্যাদি।

৫০. **'নন্দিনী' এর সমার্থক শব্দ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২৩]
ক. ননদিনী খ. নারী গ. তনয়া ঘ. সুন্দরী **উত্তর: গ**

৫১. **'কন্যা' এর সমার্থক নয় কোনটি?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার: ১৭]
ক. আত্মজা খ. স্বজা গ. সুতা ঘ. অংশু **উত্তর: ঘ**

৫২. **'কুহক' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী: ১৩]
ক. কুহেলী খ. ভূম গ. ঋষি ঘ. মায়া **উত্তর: ঘ**

৫৩. **'কুহক' এর সমার্থক নয় কোন শব্দটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. মায়া খ. ভেল্কি গ. বিরাগ ঘ. ছলনা **উত্তর: গ**
ব্যাখ্যা: কুহক শব্দের সমার্থক শব্দ হলো মায়া, ভেলকি, ছল, ইন্দ্রজাল, প্রতারণা, ধোঁকা প্রভৃতি।

৫৪. **'কবুতর' এর প্রতিশব্দ কোনটি?** [বেবিচকের হিসাব সহকারী: ২৩]
ক. মন্দ খ. পারাবাত গ. ললাট ঘ. লহণ **উত্তর: খ**
ব্যাখ্যা: কবুতরের সমার্থক শব্দ হলো কপোত, পায়রা, পারাবত, নোটন, লোটন ইত্যাদি।

৫৫. **'কবুতর' এর বিকল্প শব্দ নয় কোনটি?** [শ্রম অধিদপ্তরের মেডিকেল অফিসার: ০৩]
ক. কপোত খ. পারাবাত গ. কাকাতুয়া ঘ. পায়রা **উত্তর: গ**

৫৬. **'কপাল' এর সমার্থক** - [৩৫তম বিসিএস]
ক. কপোল খ. ললাট গ. মস্তক ঘ. কাপালিক **উত্তর: খ**
ব্যাখ্যা: কপালের সমার্থক শব্দগুলো হলো ললাট, ভাল, ভাগ্য, নিয়তি, দৈব, অলিক, অদৃষ্ট, গোধি, রগ ইত্যাদি।

৫৭. **'কান্না' এর সমার্থক শব্দ** - [পল্লী উন্নয়ন বোর্ডের মাঠকর্মী: ১৪]
ক. বিলাপ খ. আহাজারি গ. রোনাজারি ঘ. অশ্রু **উত্তর: গ**

৫৮. **'কলহ' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]
ক. ঝগড়া খ. বিবাদ গ. কাটরা ঘ. কোন্দল **উত্তর: গ**

৫৯. **'কোরক' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [বিভিন্ন মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৮]
ক. কৃতকর্ম খ. কুঁড়ি গ. কড়ি ঘ. কুহক **উত্তর: খ**

৬০. **'কূল' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৮]
ক. তীর খ. তট গ. কুন্তল ঘ. অবধি **উত্তর: গ**

৬১. **'কুল' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [দুদকের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]
ক. গোত্র খ. কিনারা গ. তীর ঘ. তট **উত্তর: ক**

৬২. **'কূল' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. জাতি খ. প্রবর গ. অবধি ঘ. গোত্র **উত্তর: গ**

৬৩. **'কৃপাণ' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]
ক. দয়া খ. কিপটে লোক গ. বার্তা ঘ. তরবারি **উত্তর: ঘ**

৬৪. **'কেশ' এর সমার্থক শব্দ নয়** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. কুন্তল খ. চুল গ. ললাট ঘ. অলক **উত্তর: গ**
ব্যাখ্যা: কেশ শব্দের সমার্থক শব্দগুলো হলো চুল, চিকুর, অলক, কেশপাশ, কুন্তল, কেশদাম, কবরী, মৃধজ, চিকুরজাল ইত্যাদি।

৬৫. **'চুল' এর সমার্থক শব্দ নয়** - [বেবিচকের সহকারী প্রকৌশলী: ২৩]
ক. কুন্তল খ. অলক গ. চিকুর ঘ. তনু **উত্তর: ঘ**

৬৬. **'কলহ' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [বিআরইবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]
ক. ঝগড়া খ. বিবাদ গ. কাটরা ঘ. কোন্দল **উত্তর: গ**

৬৭. **'কমল' শব্দের সমার্থক শব্দ হচ্ছে** - [এলজিআরডি মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ১৭]
ক. কান্তার খ. লহর গ. পুষ্কর ঘ. আস্তর **উত্তর: গ**

৬৮. **'খবর' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [বিএসসি'র অফিসার: ১৮]
ক. সন্দেশ খ. সততা গ. নাথ ঘ. সুকান্ত **উত্তর: ক**
ব্যাখ্যা: খবর শব্দের সমার্থক শব্দগুলো হলো সন্দেশ, সমাচার, বার্তা, তত্ত্ব, ফরমান, সংবাদ, তথ্য, বৃত্তান্ত, নিউজ, বিবরণ, খোঁজ, সন্ধান, অনুসন্ধান, খবরাখবর, তত্ত্বতালাশ প্রভৃতি।

৬৯. **'সন্দেশ' এর সমার্থক শব্দ নয় কোনটি?** [ডাক বিভাগের কম্পিউটার অপারেটর: ২২]
ক. ফরমান খ. উক্তি গ. সন্ধান ঘ. অনুসন্ধান **উত্তর: খ**

৭০. **'খক্ষ' এর সমার্থক শব্দ কোনটি?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৫]
ক. অসি খ. ভল্ল (ভল্ল অর্থ: বর্শা) গ. কৃপাণ ঘ. তরবারি **উত্তর: খ**

৭১. **'খড়গ' এর সমার্থক শব্দ নয়** - [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]
ক. অসি খ. চাকু গ. কৃপান ঘ. তরবারি **উত্তর: খ**
ব্যাখ্যা: খড়গ শব্দের সমার্থক শব্দগুলো হলো তরবারি, তলোয়ার, কৃপান, অসি, মমি প্রভৃতি।

৭২. **'খড়গ' এর সমার্থক শব্দ নয় কোনটি?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১২]
ক. অসি খ. ভল্ল গ. কৃপাণ ঘ. তরবারি **উত্তর: খ**

৭৩. **'গরু' শব্দের সমার্থক শব্দ** - [রাজউকের ইমারত পরিদর্শক: ১২]
ক. পয়স্বিনী খ. তরঙ্গিনী গ. স্রোতস্বিনী ঘ. মায়াবিনী **উত্তর: ক**
ব্যাখ্যা: গরু শব্দের সমার্থক শব্দগুলো হলো ধেনু, পয়স্বিনী, গাভী, গো প্রভৃতি।

৭৪. **'ধেনু' শব্দের সমার্থক শব্দ** - [নির্বাচন কমিশন সচিবালয়ের স্টোর কিপার: ১৯]
ক. গরু খ. দড়ি গ. ধনু ঘ. তীর **উত্তর: ক**

৭৫. **'গঙ্গা' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. গোমতি খ. কৃষ্ণবেণী গ. কাবেরী ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

৭৬. **'গুড়গুড়ি' এর সঠিক প্রতিশব্দ** - [ঢাবি: ০৭-০৮]
ক. ফরসি খ. তামাকপাত্র গ. গুড়গুড় শব্দ ঘ. গুড়িগুড়ি বৃষ্টি **উত্তর: ক**

৭৭. **'গৃহ' এর সমার্থক শব্দ নয়** - [কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. নিবাস খ. ঘরোয়া গ. ভবন ঘ. ঘর **উত্তর: খ**
ব্যাখ্যা: গৃহ শব্দের সমার্থক শব্দগুলো হলো আলয়, নিলয়, আবাস, আগার, সদন, নিকেতন, ধাম, বাটী, নিকেত, মঞ্জিল, আশ্রয়, ভিলা, ভবন, মহল, কুঠি, হাউজ, বাড়ি, প্যালেস, ইমারত, বাসস্থান, আস্তানা, বাটিকা, সৌধ, কক্ষ, কুলয় ইত্যাদি।

৭৮. **'নিকেতন' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১২]
ক. গৃহ খ. আগার গ. নিবিড় ঘ. বাটী **উত্তর: গ**

৭৯. **'গৃহ' শব্দের সমার্থক শব্দ নয়** - [রূপালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. নিকেতন খ. সদন গ. নীর ঘ. ধাম **উত্তর: গ**

৮০. **'ঘর' এর সমার্থক শব্দ নয় কোনটি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. আলয় খ. বিপনী গ. আবাস ঘ. নিকেতন **উত্তর: খ**

৮১. **'ঘোড়া' এর সমার্থক কোন শব্দটি?** [১১তম প্রভাষক নিবন্ধন]
ক. তুরঙ্গ খ. ভূজঙ্গ গ. কুরঙ্গ ঘ. বিহঙ্গ **উত্তর: ক**
ব্যাখ্যা: অশ্ব শব্দের সমার্থক শব্দগুলো হলো ঘোড়া, ঘোটক, তুরঙ্গ, তুরগ, হয়, বাজী, বামী, কীকট, টাঙন ইত্যাদি।

৮২. **'হয়' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. হাতি খ. ঘোড়া গ. ভালুক ঘ. হরিণ **উত্তর: খ**

৮৩. **'ঘোড়া' এর সমার্থক শব্দ নয় কোনটি?** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ১০]
ক. অশ্ব খ. ঘোটক গ. তুরগ ঘ. গর্দভ **উত্তর: ঘ**

৮৪. **'চাঁদ' এর সমার্থক শব্দ** - [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]
ক. ভানু খ. নিশীথিনী গ. কোমলকান্ত ঘ. রজনীকান্ত **উত্তর: ঘ**
ব্যাখ্যা: চাঁদ শব্দের সমার্থক শব্দগুলো হলো কলাভৃৎ, চন্দ্র, বিধু, ইন্দু, শশী, শশাঙ্ক, সুধাকর, সীতাকর, সোম, কালানিধি, হিমাংশু, মৃগাঙ্ক, কলাধর, নিশাপতি, কুমুদনাথ, রজনীকর, হেলাল, রাকা ইত্যাদি।

৮৫. **'বিধু' শব্দের সমার্থক কোনটি?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]
ক. সূর্য খ. নক্ষত্র গ. গ্রহ ঘ. চাঁদ **উত্তর: ঘ**

৮৬. **'হেলাল' শব্দের সমার্থক কোনটি?** [এলজিইডি'র কমিউনিটি অর্গানাইজার: ২৩]
ক. রাকা খ. আদিত্য গ. আংশুমান ঘ. ফাল্গুনী **উত্তর: ক**

৮৭. **'কলাভৃৎ' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৯]
ক. অগ্নি খ. চন্দ্র গ. জল ঘ. সূর্য **উত্তর: খ**

৮৮. **'শশঙ্ক' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২১]
ক. সমুদ্র খ. সূর্য গ. সৈকত ঘ. চাঁদ **উত্তর: ঘ**

৮৯. **'চোখ' এর প্রতিশব্দ নয় কোনটি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক: ১৩]
ক. নয়ন খ. লোচন গ. সলিল ঘ. অক্ষি **উত্তর: গ**
ব্যাখ্যা: চোখ শব্দের সমার্থক শব্দগুলো হলো নেত্র, চক্ষু, অক্ষি, নয়ন, দর্শন, দৃষ্টি, লোচন, নজর ইত্যাদি।

৯০. **'নেত্র' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [জনতা ব্যাংকের অফিসার: ১২]
ক. চোখ খ. চন্দ্র গ. সূর্য ঘ. ক্ষেত্র **উত্তর: ক**

৯১. **'জলাশয়' শব্দের সমার্থক শব্দ হচ্ছে** - [১২তম প্রভাষক নিবন্ধন]
ক. সরোবর খ. জলধর গ. অম্বু ঘ. সলিল **উত্তর: ক**

৯২. **'জাঙ্গাল' এর প্রতিশব্দ** - [ঢাবি: ০৬-০৭]
ক. স্তুপ খ. আবর্জনা গ. বাঁধ ঘ. জঙ্গল **উত্তর: গ**

৯৩. **'জিজ্ঞাসা' এর সমার্থক শব্দ নয় কোনটি?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. শুধানো খ. পুছা গ. জবাব ঘ. জেরা **উত্তর: গ**

৯৪. **'জিজ্ঞাসা' এর সমার্থক শব্দ নয় কোনটি?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. শুধানো খ. পুছা গ. জবাব ঘ. জেরা **উত্তর: গ**

৯৫. **'জ্যোৎস্না' এর সমার্থক শব্দ নয় কোনটি?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১২]
ক. কৌমুদী খ. চন্দ্রকর গ. সরোবর ঘ. শশিকর **উত্তর: গ**
ব্যাখ্যা: জ্যোৎস্না শব্দের সমার্থক শব্দগুলো হলো কৌমুদী, চাঁদনী, চন্দ্রপ্রভা, চন্দ্রিমা, শশিকর, চন্দ্রিকা, দীপিকা, জোছনা, চাঁদনী, পূর্ণেন্দু, চন্দ্রকর ইত্যাদি।

৯৬. **'তাম্বুলিক' শব্দের সমার্থক নয় কোনটি?** [৩৯তম বিসিএস]
ক. বারুই খ. পান-ব্যবসায়ী গ. পঙ্কর ঘ. তামসিক **উত্তর: ঘ**

৯৭. **'দক্ষ' এর সমার্থক নয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. নিপুণ খ. পটু গ. পারদর্শী ঘ. দর্প **উত্তর: ঘ**

৯৮. **'দেউল' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [ঢাবি: ১৮-১৯]
ক. দেওয়ালি খ. দেওয়াল গ. দলিল ঘ. দেবালয় **উত্তর: ঘ**

৯৯. **'দেবতা' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [বিএসসি'র অফিসার: ১৯]
ক. বিভূতি খ. সুর গ. দেউল ঘ. ভুত **উত্তর: খ**

১০০. **'দেহ' শব্দের সমার্থক নয় কোনটি?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৯]
ক. গাত্র খ. গা গ. তনু ঘ. নেত্র **উত্তর: ঘ**
ব্যাখ্যা: দেহ শব্দের সমার্থক শব্দগুলো হলো গা, শরীর, অঙ্গ, তনু, কায়া, কলেবর, গাত্র, কায় প্রভৃতি।

১০১. **'দোকান' এর প্রতিশব্দ** - [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর: ১৬]
ক. স্তূপ খ. আবর্জনা গ. আপণ ঘ. জঙ্গল **উত্তর: গ**
ব্যাখ্যা: দোকান শব্দের প্রতিশব্দগুলো হলো আপণ, বিপনী, হাট, পণ্যশালা, পণ্যগৃহ, পণ্যনিকেতন, পণ্যবিচিত্রা প্রভৃতি।

১০২. **'নদী' শব্দের প্রতিশব্দ কোনটি?** [আইইআর'র উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর: ২০]
ক. নলিনী খ. নীলিমা গ. তটিনী ঘ. তনিমা **উত্তর: গ**
ব্যাখ্যা: নদী শব্দের সমার্থক শব্দগুলো হলো তটিনী, প্রবাহিনী, স্রোতস্বিনী, শৈবলিনী, সরিৎ, বহা, স্রোতবাহা, কলস্বিনী, তরঙ্গিনী, গাঙ, কুলবতী, সমুদ্রবল্লভা পয়স্বিনী, নির্ঝরিণী ইত্যাদি।

১০৩. **কোনটি নদীর সমার্থক নয়?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]
ক. সরিৎ খ. তটিনী গ. গাং ঘ. পতিত পাবন **উত্তর: ঘ**

১০৪. **'নারী' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৮]
ক. ধ্বনি খ. লারা গ. সখি ঘ. ধনি **উত্তর: ঘ**
ব্যাখ্যা: নারী শব্দের সমার্থক শব্দগুলো হলো ধনি, বনিতা, কামিনী, কান্তা, বামা, রমণী, অঙ্গনা, রামা, ললনা, ভমিনী, পত্নী, মহিলা, জেনানা, সীমন্তিনী, বালা, স্ত্রীলোক, অবলা, মানবী, ললিতা ইত্যাদি।

১০৫. **'ঝি' এর সমার্থক শব্দ কোনটি?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. ঠাকুরঝি খ. বণিতা গ. শ্বশ্রূ ঘ. সুত **উত্তর: খ**

১০৬. **'নারী' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার (ক্যাশ): ১১]
ক. সামন্তিনী খ. কামিনী গ. আত্মজ ঘ. ভামিনী **উত্তর: গ**

১০৭. **'পল' শব্দের প্রতিশব্দ কোনটি?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. পদ্মপাতা খ. ডোবা গ. পাপড়ি ঘ. তরঙ্গ **উত্তর: খ**

১০৮. **'পতাকা' এর সমার্থক শব্দ** - [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার অফিসার: ২২]
ক. কেতন খ. মার্গ গ. নলিন ঘ. ভাজন **উত্তর: ক**

১০৯. **'পরাহত' এর সমার্থক শব্দ** - [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিভিলিয়ান স্টাফ অফিসার: ১৬]
ক. নিহত খ. আহত গ. পরাজিত ঘ. অপরাজিত **উত্তর: গ**

১১০. **'পয়জার' এর সমার্থক শব্দ কোনটি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. সুতার খ. পাদুকা গ. উন্মাদ ঘ. দাঁড়িপাল্লা **উত্তর: খ**

১১১. **'পর্বত' এর প্রতিশব্দ কোনটি?** [এনএসআই'র ফিল্ড অফিসার: ২৩]
ক. তুরাগ খ. ভুজ গ. আগার ঘ. নগ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: পর্বত শব্দের সমার্থক শব্দগুলো হলো অচল, অদ্রি, পাহাড়, ভূধর, মহীধর, ক্ষিতিধর, মেদিনীধর, মহীধ্র, গিরি, নগ, শৈল, শৃঙ্গী, জীমূত, ভূভৃৎ, শৃঙ্গধর, পৃথ্বীধর, বসুধাধর ইত্যাদি।

১১১. **'পর্বত' এর সমার্থক নয় কোনটি?** [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]
ক. অদ্রি খ. গিরি গ. মার্তণ্ড ঘ. ভূধর **উত্তর: গ**

১১২. **'পরভৃত' এর সমার্থক শব্দ কোনটি?** [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ১৮]
ক. প্রভৃত্ব খ. পরাজিত গ. কাক ঘ. কোকিল **উত্তর: ঘ**

১১৩. **'পথ' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. সরণি খ. সমরনি গ. স্বরণী ঘ. সরনি **উত্তর: ক**

১১৪. **'পদ্ম' এর সমার্থক শব্দ কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড সুপারভাইজার: ১৮]
ক. মনসিজ খ. জলধর গ. অরবিন্দ ঘ. অঞ্জন **উত্তর: গ**
ব্যাখ্যা: পদ্ম শব্দের সমার্থক শব্দগুলো হলো অরবিন্দ, কমল, উৎপল, শতদল, তামরস, কুমুদ, কুবলয়, কোকনদ, রাজীব, পুষ্কর, পঙ্কজ, সরোজ, অম্বুজ, নীলকোমল, নীলোৎপল, নলিনী ইত্যাদি।

১১৫. **'পদ্ম' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৯]
ক. রঙ্গন খ. কমল গ. পঙ্কজ ঘ. উৎপল **উত্তর: ক**

১১৬. **'পাখি' এর সমার্থক শব্দ কোনটি?** [নির্বাচন কমিশন সচিবালয়ের স্টোর কিপার: ১৯]
ক. বিহঙ্গ খ. বারি গ. উদধি ঘ. বীচি **উত্তর: ক**
ব্যাখ্যা: বিহগ শব্দের সমার্থক শব্দগুলো হলো পাখি, বিহঙ্গ, বিহঙ্গম, খগ, খেচর, পক্ষী, দ্বিজ, গরুড়, চিড়িয়া, শকুন্ত, গগনগতি ইত্যাদি।

১১৭. **'পাখি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?** [১০ম শিক্ষক নিবন্ধন]
ক. বিহগ খ. গরুড় গ. পৃপ ঘ. বিহঙ্গ **উত্তর: গ**

১১৮. **'পাথর' শব্দটির প্রতিশব্দ নয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. অশ খ. মণি গ. পাষাণ ঘ. নগ **উত্তর: ঘ**

১১৯. **'পানি' এর সমার্থক শব্দ কোনটি?** [বিএসইসি'র অফিস সহায়ক: ২১]
ক. বারি খ. কেকা গ. সম্বর ঘ. সারঙ্গ **উত্তর: ক**

ব্যাখ্যা: পানি শব্দের সমার্থক শব্দগুলো হলো অম্বু, জল, সলিল, উদক, বারি, নীর, পয়, প্রাণদ, অম্ভ, বারুণ, অর্ণ ইত্যাদি।

১২০. **'জল' শব্দের সমার্থক নয় কোনটি?** [৩৫তম বিসিএস]
ক. সলিল খ. উদক গ. জলধি ঘ. নীর **উত্তর: গ**

১২১. **'নীর' শব্দের সমার্থক শব্দ** - [রাজউকের ইমারত পরিদর্শক: ২২]
ক. অগ্নি খ. চন্দ্র গ. বারি ঘ. পর্বত **উত্তর: গ**

১২২. **'পুত্র' এর সমার্থক শব্দ কী?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৯]
ক. প্রসুন খ. আত্মজ গ. অদ্রি ঘ. বামা **উত্তর: খ**

ব্যাখ্যা: পুত্র শব্দের সমার্থক শব্দগুলো হলো নন্দন, সুত, তনয়, দুলাল, আত্মজ, অঙ্গজ, ছেলে, খোকা, দারবা, লেড়কা, কুমার, পুত, স্বজ, কুমার প্রভৃতি।

১২৩. **'নন্দন' শব্দের সমার্থক শব্দ** - [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৯]
ক. তন্ময় খ. তপন গ. নিঝর ঘ. তনয় **উত্তর: ঘ**

১২৪. **'পৃথিবী' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. বসুধা খ. সবিতা গ. মিহির ঘ. ভূধর **উত্তর: ক**

ব্যাখ্যা: পৃথিবী শব্দের সমার্থক শব্দগুলো হলো অদিতি, ক্ষিতি, বসুধা, বসুন্ধরা, ধরণী, ধরিত্রী, ধরা, পৃথ্বী, অবনী, মহী, মেদিনী, জাহান, বিশ্ব, দুনিয়া, ভূগোল, ভূমি, অখিল, ভূতল, ধরা, ধরাতল, মর্ত, মর্ত্যলোক ইত্যাদি।

১২৫. **'মেদিনী' শব্দের সমার্থক শব্দ নিচের কোনটি?** [স্বাস্থ্য অধিদপ্তরে স্বাস্থ্য সহকারী: ১০]
ক. আকাশ খ. পৃথিবী গ. সমুদ্র ঘ. প্রভাকর **উত্তর: খ**

১২৬. **'জাহান' শব্দের সমার্থক শব্দ** - [রাজউকের ইমারত পরিদর্শক: ২২]
ক. বিশাল খ. বিশ্ব গ. তনয়া ঘ. সূর্য **উত্তর: খ**

১২৭. **'পৃথিবী' এর সমার্থক শব্দ নয় কোনটি?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]
ক. অবনি খ. বসুধা গ. অচলা ঘ. নবনী **উত্তর: ঘ**

১২৮. **'প্রতীক্ষা' শব্দের প্রতিশব্দ কোনটি?** [রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৭]
ক. নিবর্তক খ. ইনতিজার গ. বিলম্ব ঘ. সমাপন্ন **উত্তর: খ**

১২৯. **'প্রীণন' শব্দের প্রতিশব্দ কোনটি?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. প্রীতিসম্পাদন খ. নির্যাতন গ. দোহন ঘ. পলায়ন **উত্তর: ক**

১৩০. **'প্রকৃত' এর সমার্থক পদ কোনটি?** [বিআরডিবি'র হিসাব সহকারী: ১৪]
ক. প্রকৃত খ. স্বাভাবিক গ. যথার্থ ঘ. বেমানান **উত্তর: গ**

১৩১. **'প্রকর্ষ' শব্দের সমার্থক শব্দ**- [৩৬তম বিসিএস]
ক. উৎকর্ষতা খ. অপকর্ষ গ. উৎকর্ষ ঘ. অপকর্ষতা **উত্তর: গ**

১৩২. **'প্রত্যুষ' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৯]
ক. অবক্র খ. উষা গ. সলিল ঘ. অম্বর **উত্তর: খ**

১৩৩. **'প্রভাত সূর্য' এর সমার্থক শব্দ কোনটি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. রবি খ. দিনমণি গ. অরুণ ঘ. ভানু **উত্তর: গ**

১৩৪. **'ফুল' এর সমার্থক শব্দ কোনটি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৮]
ক. ক্ষর খ. সিত গ. প্রসুন ঘ. সুন্দর **উত্তর: গ**

ব্যাখ্যা: ফুল শব্দের সমার্থক শব্দগুলো হলো পুষ্প, প্রসুন,ফুল, কুসুম, রঙ্গন, মুঞ্জরী, অংকুর, সুমন ইত্যাদি।

১৩৫. **'পুষ্প' এর প্রতিশব্দ হলো** - [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ২২]
ক. ভ্রমর খ. পত্র গ. ফল ঘ. পুষ্প **উত্তর: ঘ**

১৩৬. **'পুষ্প' এর সমার্থক শব্দ নয়** - [বিআরইবি'র মিটার রিডার: ২৩]
ক. ফুল খ. কুসুম গ. অবনী ঘ. প্রসূন **উত্তর: গ**

১৩৭. **'বন' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৭]
ক. গহন খ. কানন গ. অটবি ঘ. বিটপী **উত্তর: ঘ**

ব্যাখ্যা: বন শব্দের সমার্থক শব্দগুলো হলো অরণ্য, অরণ্যানী, অটবি, কুঞ্জ, বিপিন, বনানী, বন, গহন, কানন, জঙ্গল, বনশ্রী ইত্যাদি।

১৩৮. **'বন' এর প্রতিশব্দ নয় কোনটি?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৬]
ক. অটবি খ. বনানী গ. বিপিন ঘ. সরোজ **উত্তর: ঘ**

১৩৯. **'বন্ধুর' শব্দের সমার্থক শব্দ** - [বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]
ক. অসমতল খ. কঠিন গ. সমতল ঘ. মসৃণ **উত্তর: ক**

১৪০. **'বস্ত্র' এর প্রতিশব্দ কোনটি?** [বিএসইসি'র অফিস সহায়ক: ০৯]
ক. কেকা খ. বনানী গ. সলিল ঘ. পরিচ্ছদ **উত্তর: ঘ**

ব্যাখ্যা: বস্ত্র শব্দের সমার্থক শব্দগুলো হলো পরিচ্ছদ, বসন, পোশাক, আছাদন, অম্বর, কাপড়, বাস, টেক্সটাইল, সুচেল প্রভৃতি।

১৪১. **'বাতুল' এর সমার্থক শব্দ কোনটি?** [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ১২]
ক. নির্বোধ খ. উন্মাদ গ. বেকুব ঘ. বাতিল **উত্তর: খ**

১৪২. **'বায়ু' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ১৯]
ক. বাত খ. অলি গ. বলাহক ঘ. বারি **উত্তর: ক**
ব্যাখ্যা: বায়ু শব্দের সমার্থক শব্দগুলো হলো অনিল, পবন, সমীর, সমীরণ, অনিল, মরুৎ, বাতাস, গন্ধবাহ, বায়, হাওয়া, বাত, প্রভঞ্জন ইত্যাদি।

১৪৩. **'গন্ধবহ' শব্দের সমার্থক কোনটি? / 'গন্ধবাহ' শব্দের সমার্থক কোনটি?** [বাংলাদেশ বেতারের সহকারী সম্পাদক: ১৯]
ক. ভুধর খ. মহোদর গ. শিষ্য ঘ. বাতাস **উত্তর: ঘ**

১৪৪. **'মরুৎ' শব্দের সমার্থক শব্দ -** [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ১৭]
ক. পানি খ. বাতাস গ. মাটি ঘ. মরূদ্যান **উত্তর: খ**

১৪৫. **'বাতাস' শব্দের সমার্থক নয় কোনটি?** [৩২তম বিসিএস]
ক. পাবক খ. মারুত গ. পবন ঘ. অনিল **উত্তর: ক**

১৪৬. **'বিদ্যুৎ' শব্দের সমার্থক শব্দ -** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. প্রভাকর খ. সুধাকর গ. ক্ষণপ্রভা ঘ. দ্রুম **উত্তর: গ**
ব্যাখ্যা: বিদ্যুৎ শব্দের সমার্থক শব্দগুলো হলো ক্ষণপ্রভা, বিজলী, বিজুরি, চপলা, সৌদামিনী, দামিনী, শম্পা, তড়িৎ, চঞ্চলা, ক্ষণদ্যুতি ইত্যাদি।

১৪৭. **'ক্ষণপ্রভা এর প্রতিশব্দ কী?** [রাবি: ০৬-০৭]
ক. মধুকর খ. প্রভাত গ. বিজলী ঘ. অস্থায়ী **উত্তর: গ**

১৪৮. **'বিজুরি' শব্দের সমার্থক শব্দ -** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. চপলা খ. মেঘ গ. গগন ঘ. ছায়া **উত্তর: ক**

১৪৯. **'বিষ' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?** [আইসিটি বিভাগের সহকারী প্রোগ্রামার: ১৭]
ক. কালকূট খ. ময়ূখ গ. গরল ঘ. জহর **উত্তর: খ**

১৫০. **'বিধুর' শব্দের সঠিক অর্থ কোনটি?** [খাদ্য অধিদপ্তরে খাদ্য পরিদর্শক: ০৯]
ক. কঠিন খ. জ্ঞানী গ. কাতর ঘ. বলিষ্ঠ **উত্তর: গ**

১৫১. **'বিবাহ' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা: ১৬]
ক. পরিণয় খ. পাণি গ্রহণ গ. পাণি পীড়ন ঘ. পাণি প্রার্থী **উত্তর: ঘ**

১৫২. **'বৃক্ষ' এর সমার্থক শব্দ নির্ণয় কর।** [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ১৪]
ক. বায়স খ. গুল্ম গ. তরু ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**
ব্যাখ্যা: বৃক্ষ শব্দের সমার্থক শব্দগুলো হলো তরু, মহীরুহ, দ্রুম, শিখরী, বিটপী, পাদপ, পল্লবী, গাছ, উদ্ভিদ, শাখী, পর্ণী, গুল্ম, শৃঙ্গী ইত্যাদি।

১৫৩. **'বৃক্ষ' এর সমার্থক শব্দ কোনটি?** [৩২তম বিসিএস]
ক. নীরধি খ. কপালি গ. বিটপী ঘ. অবনি **উত্তর: গ**

১৫৪. **'বৃক্ষ' শব্দের সমার্থক নয় কোনটি?** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ২০]
ক. তরু খ. বিটপী গ. কানন ঘ. মহীরুহ **উত্তর: গ**

১৫৫. **'বৃক্ষ' শব্দের প্রতিশব্দ নয় -** [বাংলাদেশ রেলওয়ের সহকারী কমান্ডেন্ট: ০৭]
ক. বিটপী খ. মহীরূহ গ. বিপণি ঘ. পাদপ **উত্তর: গ**

১৫৬. **'বিটপী' শব্দের সমার্থক শব্দ নয়?** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১২]
ক. পাদপ খ. দ্রুম গ. তৃণ ঘ. তরু **উত্তর: গ**

১৫৭. **'ব্যবসায়ী' এর প্রতিশব্দ -** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৩]
ক. বেনে খ. কারবার গ. বর্ণিক ঘ. বার্ণিক **উত্তর: ক**

১৫৮. **'ব্রততী' শব্দের প্রতিশব্দ কোনটি?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. ধার্মিক খ. দৃঢ়প্রতিজ্ঞা গ. লতা ঘ. লজ্জাবতী **উত্তর: গ**

১৫৯. **'ব্রাত্য' শব্দের সমার্থক -** [নির্বাচন কমিশনের সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৮]
ক. পতিত খ. ব্যত্যয় গ. ন্যূহ ঘ. ব্রত **উত্তর: ক**

১৬০. **'মন' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]
ক. চিত্ত খ. অন্তর গ. দিল ঘ. শাহ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: ময়ুর শব্দের সমার্থক শব্দগুলো হলো হৃদয়, অন্তর, হিয়া, পরান, দিল, হিয়া, চিত্ত, অন্তরাত্মা, মানসলোক, মনোজগত প্রভৃতি।

১৬১. **'মকর' এর সমার্থক শব্দ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. অলংকার খ. কুমির / শুশুক গ. শাড়ী ঘ. চারুকার্য **উত্তর: খ**

১৬২. **'ময়ূর' শব্দটির সমার্থক কোনটি?** [বাংলাদেশ কৃষি ব্যাংকের অফিসার (আইটি): ১৬]
ক. কলাপী খ. বনিতা গ. শিলীমুখ ঘ. দ্বিজ **উত্তর: ক**
ব্যাখ্যা: ময়ুর শব্দের সমার্থক শব্দগুলো হলো কেকা, কলাপী, কেকী, বহী, শিখী, শিখন্ডী, সিতাপাঙ্গা প্রভৃতি।

১৬৩. **'মার্জার' কোন নামটির সমার্থক?** [ডাক অধিদপ্তরের এস্টিমেটর: ১৮]
ক. কুকুর খ. বিড়াল গ. গর্দভ ঘ. শিয়াল **উত্তর: খ**

১৬৪. **'মেঘ' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. বারিদ খ. ভূধর গ. শূন্য ঘ. নীর **উত্তর: ক**
ব্যাখ্যা: মেঘ শব্দের সমার্থক শব্দগুলো হলো কাদম্বিনী, জলধর, জলদ, অম্বুধর, অম্বুদ, নীরদ, নীরধর, পয়ধর, পয়দ, তোয়ধর, দোয়দ, বারিদ, জীমূত, বলাহক, বারিমুক, জলমুক প্রভৃতি।

১৬৫. **'বলাহক' শব্দের সমার্থক শব্দ –** [১৩তম প্রভাষক নিবন্ধন]
ক. জলাশয় খ. নদী গ. মেঘ ঘ. আকাশ **উত্তর: গ**

১৬৬. **'মেঘ' শব্দের সমার্থক নয় কোনটি?** [প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৪]
ক. ঘন খ. অভ্র গ. গহন ঘ. নীরধর **উত্তর: গ**

১৬৭. **'মেঘ' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. অন্তরীক্ষ খ. বারিদ গ. জলদ ঘ. জীমূত **উত্তর: ক**

১৬৮. **'মেঘ' এর সঠিক সমার্থক শব্দ নয় কোনটি?** [জনতা ব্যাংকের অফিসার (ক্যাশ): ২০]
ক. পাদপ খ. বারিদ গ. অম্বুদ ঘ. জলদ **উত্তর: ক**

১৬৯. **'কাদম্বিনী' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [৪৪তম বিসিএস]
ক. কুমুদিনী খ. বারিধারা গ. মেঘমালা ঘ. শর্বরী **উত্তর: গ**

১৭০. **'মুখচোরা' এর সমার্থক শব্দ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৩]
ক. ভীরু খ. নিশ্চুপ গ. সংযত ঘ. লাজুক **উত্তর: ঘ**

১৭১. **'সিংহ' শব্দের প্রতিশব্দ কোনটি?** [মার্কেন্টাইল ব্যাংকের অফিসার: ১০]
ক. রাজা খ. পশুরাজ গ. পাদপ ঘ. নৃপতি **উত্তর: খ**
ব্যাখ্যা: সিংহ শব্দের প্রতিশব্দগুলো হলো কেশরী, মৃগেন্দ্র, মৃগরাজ, পশুরাজ, হরি, সিংহী, মৃগপতি, হর্ষক্ষ প্রভৃতি।

১৭২. **'মৃগেন্দ্র' এর প্রতিশব্দ –** [পিবিডিএফ'র মাঠ কর্মকর্তা: ১৩]
ক. মৃগ খ. মৃগী গ. সিংহ ঘ. মৃগয়া **উত্তর: গ**

১৭৩. **'মৌমাছি' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [বিআরটিএ' কম্পিউটার অপারেটর: ১৭]
ক. অলি খ. শিখন্ডী গ. ফড়িং ঘ. হরি **উত্তর: ক**
ব্যাখ্যা: মৌমাছি শব্দের সমার্থক শব্দগুলো হলো ভ্রমর, মক্ষিকা, অলি, মধুপ, ভোমরা, মধুলেহ, মধুকর, শিলীমুখ, মধুলিট, মধুভৃৎ, মধুমক্ষিকা, ষটপদ, দ্বিরেফ, পুষ্পকীট, মধুকৃৎ, মধুপায়ী, মধুজ, মধুব্রত, আর্ঘা প্রভৃতি।

১৭৪. **'মক্ষিকা' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [মৎস্য অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. মৌমাছি খ. মাছি গ. বোলতা ঘ. ফড়িং **উত্তর: ক**

১৭৫. **'শিলীমুখ' শব্দের প্রতিশব্দ কোনটি?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. ভ্রমর / মৌমাছি খ. গুহা গ. চুলো ঘ. তীক্ষ্ম পাথর **উত্তর: ক**

১৭৬. **'ভ্রমর' অর্থে শুদ্ধ নয় নিচের কোন শব্দটি?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৯]
ক. মধুলেহ খ. ভোমরা গ. মধুময় ঘ. মৌমাছি **উত্তর: গ**

১৭৭. **'যবন' শব্দের সমার্থক কোনটি?** [বন অধিদপ্তরের বন প্রহরী: ১৫]
ক. হিন্দু খ. মুসলিম গ. বৌদ্ধ ঘ. রজনী **উত্তর: খ**

১৭৮. **'যুদ্ধ' শব্দের সমার্থক কোনটি?** [বন অধিদপ্তরের বন প্রহরী: ১৮]
ক. কুমুদ খ. সমর গ. সলিল ঘ. সমাধি **উত্তর: খ**
ব্যাখ্যা: যুদ্ধ শব্দের সমার্থক শব্দগুলো হলো আহব, অনীক, সমর, রণ, বিগ্রহ, সংগ্রাম প্রভৃতি।

১৭৯. **'রাজা' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. নরেন্দ্র খ. জমিদার গ. মহেন্দ্র ঘ. সফেদ **উত্তর: ক**
ব্যাখ্যা: রাজা শব্দের সমার্থক শব্দগুলো হলো নৃপেন্দ্র, নৃপতি, ক্ষিতীশ, মহীন্দ্র, নরেশ, রাজ্যপাল, মহীপাল, মহীনাথ, নরপাল, নৃপ, মহীপ, সম্রাট, ভূপতি প্রভৃতি।

১৮০. **'নরেন্দ্র' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১২]
ক. রাজা খ. ভূপাল গ. কিরণমালী ঘ. নৃপ **উত্তর: গ**

১৮১. **'রাজা' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার (ক্যাশ): ১১]
ক. নরেন্দ্র খ. কিরণমালী গ. নৃপতি ঘ. ভূপাল **উত্তর: খ**

১৮২. **'রাত্রি' শব্দটির কোনটি সমার্থক নয়?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৫]
ক. শর্বরী খ. রজনী গ. যামিনী ঘ. বারিদ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: রাত্রি শব্দের সমার্থক শব্দগুলো হলো রাত, নিশা, নিশি, নিশীথ, নিশীথিনী, অমানিশা, শর্বরী, বিভাবরী, যামিনী, রজনী, ত্রিযামা, যামী, তামসী, অসুরা, যামিকা ইত্যাদি।

১৮৩. **'রাত্রি' শব্দটির সমার্থক নয় কোনটি?** [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. শর্বরী খ. কাদম্বিনী গ. যামিনী ঘ. ত্রিযামা **উত্তর: খ**

১৮৪. **'রোয়াক' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [নির্বাচন কমিশনের কম্পিউটার অপারেটর: ১৭]
ক. চৌকাঠ খ. দাওয়া / বারান্দা গ. দরজা ঘ. জানালা **উত্তর: খ**

১৮৫. **'লক্ষ্য' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১২]
ক. গন্তব্য খ. মনজিল গ. অভীষ্ট ঘ. জটিল পথ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: লক্ষ্য শব্দের সমার্থক শব্দগুলো হলো গন্তব্য, অভীষ্ট, মনজিল, উদ্দেশ্য প্রভৃতি।

১৮৬. **'গন্তব্য' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার (ক্যাশ): ১১]
ক. জটিল পথ খ. অভীষ্ট গ. লক্ষ্য ঘ. মনজিল **উত্তর: ক**

১৮৭. **'সংসর্প' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. আঁকাবাঁকা খ. উন্মুক্ত গ. উদার ঘ. হিংস্র **উত্তর: ক**

১৮৮. **'সাগর' শব্দের প্রতিশব্দ কোনটি?** [এনএসআই'র ফিল্ড অফিসার: ১৭]
ক. নদী খ. অর্ণব গ. অম্বর ঘ. তটিনী **উত্তর: খ**
ব্যাখ্যা: সাগর শব্দের সমার্থক শব্দগুলো হলো সমুদ্র, অর্ণব, বারিনিধি, পয়োনিধি, অম্বুধি, পারাবার, সিন্ধু, জলধি, রত্নাকর, পয়োধি, পাথার, জলধর, বারীন্দ্র, দ্বীপী ইত্যাদি।

১৮৯. **'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?** [বাংলাদেশ কৃষি ব্যাংকের সুপারভাইজার: ১২]
ক. সাগর খ. স্রোতস্বিনী গ. পারাবার ঘ. অর্ণব **উত্তর: খ**

১৯০. **'সাদা' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৮]
ক. অর্ণব খ. শুভ্র গ. হেম ঘ. সুমন **উত্তর: খ**
ব্যাখ্যা: সাদা শব্দের সমার্থক শব্দগুলো হলো সিত, শুক্ল, সফেদ, সিতি, শুচি, শুভ্র, ধবল, শ্বেতা, শ্বেতবর্ণ, দুধবর্ণ, প্রসিত, বলক্ষ প্রভৃতি।

১৯১. **'সিত' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. বস্ত্র খ. শুক্ল গ. শীত ঘ. অন্ধকার **উত্তর: খ**

১৯২. **'সাপ' শব্দের সমার্থক কোনটি?** [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৮]
ক. অর্নব খ. অহি গ. গজ ঘ. সুর **উত্তর: খ**
ব্যাখ্যা: অহি শব্দের সমার্থক শব্দগুলো হলো সাপ, ভুজঙ্গম, পন্নগ, হরি, কাকোদর, ফণী, সর্প, বিষধর, উরগ, নাগ, ভুজঙ্গ, বায়ুভুক ইত্যাদি।

১৯৩. **'বায়ুভুক' শব্দটির সমার্থক শব্দ কোনটি?** [১৫তম প্রভাষক নিবন্ধন]
ক. চারু খ. উরগ গ. শিখী ঘ. বর্হী **উত্তর: খ**

১৯৪. **'কাকোদর' শব্দটির সমার্থক শব্দ** - [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ০৯]
ক. সাপ খ. গরু গ. কেঁচো ঘ. ঘোড়া **উত্তর: ক**

১৯৫. **'সাপ' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?** [ক্রীড়া পরিদপ্তরের অফিস সহকারী: ১৯]
ক. সর্প খ. ফণী গ. অলক ঘ. নাগ **উত্তর: গ**

১৯৬. **'সোনা' এর সমার্থক শব্দ কোনটি?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ১২]
ক. অলংকার খ. কুর্বুর গ. শাড়ী ঘ. চারুকার্য **উত্তর: খ**
ব্যাখ্যা: সোনা শব্দের সমার্থক শব্দগুলো হলো স্বর্ণ, সুবর্ণ, হিরণ, কনক, কাঞ্চন, হেম, অগ্নিরাজ, পিঙ্গান, কুর্বুর, অগ্রিভ প্রভৃতি।

১৯৭. **'সুন্দর' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সিনিয়র অফিসার: ১৮]
ক. হিরণ্য খ. সুবর্ণ গ. অরঞ্জিত ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**
ব্যাখ্যা: সুন্দর শব্দের সমার্থক শব্দগুলো হলো মনোরম, মনোহর, শোভন, রমণীয়, চারু, রম্য, সুশোভন, সুকান্ত, সুচারু, লাবণ্যময়, শুভাময়, শোভাযুক্ত, সুদর্শন, কান্তিমান, কান্তিমতী, কান্তিযুক্ত, অনুপম প্রভৃতি।

১৯৮. **'মনোরম' এর সমার্থক শব্দ কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. কঠিন খ. উদ্ধত গ. অকল্পনীয় ঘ. অনুপম **উত্তর: ঘ**

১৯৯. **'চারু' এর সমার্থক শব্দ কোনটি?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২৩]
ক. হোম খ. রম্য গ. কর ঘ. অন্ত **উত্তর: খ**

২০০. **'সুন্দর' এর সমার্থক শব্দ নয় কোনটি?** [তথ্য মন্ত্রণালয়ের তথ্য অফিসার: ০৫]
ক. সুচারু খ. সুকান্ত গ. সুবর্ণ ঘ. শোভন **উত্তর: গ**

২০১. **'সূর্য' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [৩৮তম বিসিএস]
ক. অর্ণব খ. অর্ক গ. প্রসূন ঘ. পল্লব **উত্তর: খ**
ব্যাখ্যা: সূর্য শব্দের সমার্থক শব্দগুলো হলো অর্ক, অরুণ, আদিত্য, আফতাব, প্রভাকর, দিবাকর, দিবাবসু, বিভাকর, বিভাবসু, ভানু, ভাস্কর, তপন, মার্তন্ড, সবিতা, মিহির, দিনেশ, কিরণমালী, অংশুমালী, অংশুধর, অংশুপতি, অংশুবাণ, অংশুমান দিনপতি ইত্যাদি।

২০২. **'সূর্য' শব্দের সমার্থক শব্দ নয়?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]
ক. আফতাব খ. বারীন্দ্র গ. আদিত্য ঘ. অর্ক **উত্তর: খ**

২০৩. **'স্বর্গ' এর সমার্থক শব্দ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. সবিতা খ. উদধি গ. ভৃঙ্গ ঘ. ত্রিদিব **উত্তর: ঘ**
ব্যাখ্যা: স্বর্গ শব্দের সমার্থক শব্দগুলো হলো অমরাবতী, দ্যুলোক, ত্রিদিব, বেহেশত, জান্নাত, ইন্দ্রালয়, দিব্যলোক, দেবপুরী, সুরলোক, দেবলোক, ধ্রুবলোক, দেবভূমি প্রভৃতি।

২০৪. **'স্বামী' শব্দের প্রতিশব্দ কোনটি?** [সোনালী ব্যাংকের অফিসার: ০৮]
ক. কান্ত খ. দয়িত গ. নাথ ঘ. সবগুলোই **উত্তর: ঘ**
ব্যাখ্যা: স্বামী শব্দের প্রতিশব্দগুলো হলো কান্ত, নাথ, দয়িত, পতি, অধিপতি, প্রভু, মালিক, মনিব প্রভৃতি।

২০৫. **'স্ত্রী' শব্দের প্রতিশব্দ কোনটি?** [পুবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ০৮]
ক. স্রোতস্বিনী খ. ভার্যা গ. অহি ঘ. কুন্তল **উত্তর: খ**
ব্যাখ্যা: স্ত্রী শব্দের সমার্থক শব্দগুলো হলো কলত্র, দারা, ভার্যা, বনিতা, পত্নী, সহধর্মিণী, অর্ধাঙ্গিনী, জায়া, বধু, অঙ্গনা, দয়িতা, দার, ধনিকা, বিবি, গৃহিনী, সঙ্গিনী, জীবনসঙ্গিনী, জানি, আয়তি, ঘরনি, জায়া প্রভৃতি।

২০৬. **'জায়া' শব্দের সমার্থক শব্দ** - [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. অর্ধাঙ্গিনী খ. কন্যা গ. নন্দিনী ঘ. ভগিনী **উত্তর: ক**

২০৭. **কোনটি স্ত্রী শব্দের প্রতিশব্দ নয়?** [জাতীয় সংসদ সচিবালয়ের প্রটোকল অফিসার: ০৬]
ক. দয়িতা খ. জায়া গ. অঙ্গনা ঘ. কান্তা **উত্তর: ঘ**

২০৮. **'স্বার্থহীনতা' এর সমার্থকতা পাওয়া যায় যে শব্দে** – [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. সহিত খ. লোকহিত গ. যথোচিত ঘ. সংহতি **উত্তর: খ**

২০৯. **'শত্রু' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [দুদকের উপ-সহকারী পরিচালক: ২০]
ক. রিপু খ. পারীন্দ্র গ. ফণী ঘ. ত্রিযামা **উত্তর: ক**
ব্যাখ্যা: শত্রু শব্দের সমার্থক শব্দগুলো হলো প্রতিপক্ষ, অরি, বিপু, বৈরি, অরাতি, অরক প্রভৃতি।

২১০. **'শুদ্ধ' শব্দের সমার্থক শব্দ কোনটি?** [তিতাস গ্যাস ফিল্ডের সহকারী অফিসার: ১৮]
ক. শান্ত খ. শুচি গ. সুশীল ঘ. ভদ্র **উত্তর: খ**
ব্যাখ্যা: শুদ্ধ শব্দের সমার্থক শব্দগুলো হলো শুচি, পবিত্র, নির্ভুল, নির্দোষ, শোধিত, নির্মল, নির্ভেজাল, অবিমিশ্র, খাঁটি প্রভৃতি।

২১১. **'শিষ্টাচার' এর সমার্থক শব্দ কোনটি?** [১১তম বিসিএস]
ক. নিষ্ঠা খ. সংযম গ. সততা ঘ. সদাচার **উত্তর: ঘ**

২১২. **'হরিণ' শব্দের প্রতিশব্দ** - [প্রবাসী কল্যাণ ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. শশক খ. কুরঙ্গ গ. কৃঙ্গ ঘ. চমরী **উত্তর: খ**
ব্যাখ্যা: হরিণ শব্দের সমার্থক শব্দগুলো হলো কুরঙ্গ, শম্বর, মৃগ, সুনয়ন, ঋষ্য, সারঙ্গ প্রভৃতি।

২১৩. **'হরিণ' শব্দের সমার্থক শব্দ কোনটি** - [বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সিনিয়র অফিসার: ১৮]
ক. শম্বর খ. দ্বিপ গ. করী ঘ. কেশরী **উত্তর: ক**

২১৪. **'হাতি' শব্দের প্রতিশব্দ কোনটি?** [৪৪তম বিসিএস]
ক. কুরঙ্গ খ. ভুজঙ্গ গ. কর ঘ. কেশরী **উত্তর: গ**
ব্যাখ্যা: হাতি শব্দের সমার্থক শব্দগুলো হলো করী, দ্বিপ, গজ, মাতঙ্গ, কুঞ্জর, ঐরাবত, দ্বিরদ, দ্বি, দন্তী, বারণ, ক্ষুদ্রাক্ষু ইত্যাদি।

২১৫. **'হস্তী' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?** [পুবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১২]
ক. কুঞ্জর খ. মাতঙ্গ গ. বিহঙ্গ ঘ. দ্বিপ **উত্তর: গ**

২১৬. **'হাত' শব্দের প্রতিশব্দ কোনটি?** [বিআরটিএ'র অফিস সহায়ক: ১৪]
ক. শম্পা খ. কনক গ. বাহু ঘ. সিত **উত্তর: গ**
ব্যাখ্যা: হাত শব্দের সমার্থক শব্দগুলো হলো হস্ত, বাহু, পাণি, ভুজ, কর প্রভৃতি।

২১৭. **কোনটি প্রতিশব্দ নয়?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১২]
ক. বামা খ. রামা গ. সুত ঘ. কান্তা **উত্তর: গ**

২১৮. **কোনটি প্রতিশব্দ নয়?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ২৩]
ক. মিহির খ. বিজলী গ. অরুণ ঘ. দিনেশ **উত্তর: খ**

২১৯. **কোনটি প্রতিশব্দ নয়?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১২]
ক. তপন খ. অর্ক গ. সুর ঘ. অনিল **উত্তর: ঘ**

২২০. **কোনটি প্রতিশব্দ নয়?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১২]
ক. কৌমুদী খ. শতদল গ. উৎপল ঘ. নলিনী **উত্তর: ক**

২২১. **কোনটি প্রতিশব্দ নয়?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১২]
ক. আগার খ. ধাম গ. নিকেতন ঘ. তোয় **উত্তর: ঘ**

২২২. **কোনটি সমার্থক নয়?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১১]
ক. বারিধি খ. বারীশ গ. সুধাকর ঘ. রত্নাকর **উত্তর: গ**

২২৩. **সমার্থক নয় কোনটি?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৪]
ক. সৌদামিনী খ. শম্পা গ. চপলা ঘ. মরুৎ **উত্তর: ঘ**

২২৪. **কোনটি সমার্থক শব্দ নয়?** [বিটিভি'র রিসার্চ অফিসার: ০৬]
ক. পাবক খ. পবন গ. বহ্নি ঘ. অনল **উত্তর: খ**

২২৫. **কোনটি সমার্থক শব্দ নয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০২]
ক. অনল খ. পাবক গ. বিভাবরী ঘ. হুতাশন **উত্তর: গ**

২২৬. **কোনটি সমার্থক শব্দ নয়?** [অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ক. আলয় খ. বিপণী গ. আবাস ঘ. নিকেতন **উত্তর: খ**

২২৭. **কোনটি সমার্থক শব্দ নয়?** [১৬তম প্রভাষক নিবন্ধন]
ক. পাবক খ. পবন গ. বহ্নি ঘ. অনল **উত্তর: খ**

২২৮. **কোনটি সমার্থক শব্দ নয়?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. গুজব খ. সংবাদ গ. সন্দেশ ঘ. বার্তা **উত্তর: ক**

২২৯. **নিচের কোনটি সমার্থক শব্দ নয়?** [এলজিআরডি মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ০৫]
ক. জলাশয় খ. পুকুর গ. দীঘি ঘ. ঢেউ **উত্তর: ঘ**

২৩০. **সমার্থক যুগ্ম শব্দটি চিহ্নিত করুন।** [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক. হাসি - খুশি খ. আকাশ - পাতাল গ. কালি - কলম ঘ. দিন - দিন **উত্তর: ক**

২৩১. **প্রতিশব্দদ্বয় -** [১০ম প্রভাষক নিবন্ধন]
ক. প্যান্ট - কোর্তা খ. মৎস্য - মাংস গ. লাল - লোহিত ঘ. ফ্রুট - ফুল **উত্তর: গ**

২৩২. **নিচের কোন জোড় সমার্থক শব্দের দৃষ্টান্ত?** [রূপালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৩]।
ক. হয়, বাজী খ. রওশন, আসমান গ. সওদা, জবান ঘ. লোচন, চিকুর **উত্তর: ক**

২৩৩. **নিচের কোন দুইটি সমার্থক শব্দ?** [সাধারণ বীমা কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ১৯]
ক. কৃশানু : পাবক খ. বারিদ : সুধাকর গ. অম্বু : অহন ঘ. বীচি : ওদন **উত্তর: ক**

২৩৪. **সমার্থক শব্দগুচ্ছ নির্ণয় করুন।** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. পিক, কলকণ্ঠ, পারাবত খ. কজ্জল, অঞ্জল, মালিন্য গ. অরিক, অদৃষ্ট, কপোল ঘ. উর্মি, বীচি, হিল্লোল **উত্তর: ঘ**

২৩৫. **সমার্থক শব্দগুচ্ছ সনাক্ত করুন।** [২৩তম বিসিএস]
ক. দীর্ঘিকা, নদী, প্রণালী খ. শৈবলিনী, তরঙ্গিনী, সরিৎ গ. গাঙ, তটিনী, অর্ণব ঘ. স্রোতস্বিনী, নির্ঝরিণী, সিন্ধু **উত্তর: খ**

২৩৬. **সমার্থক শব্দগুচ্ছ নির্ণয় করুন।** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. বুধ, বিজ্ঞ, মনীষী খ. নগ, নাগ, অদ্রি গ. অশনি, কুলিন, প্রসূন ঘ. অটবী, বিপিন, মারুত **উত্তর: ক**

২৩৭. **সমার্থক শব্দগুচ্ছ নির্ণয় করুন।** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. বাজী, তুরঙ্গম, ভুজঙ্গ খ. তমঃ, তমিস্র, শুক্ল গ. সর্বভুক, কৃশানু, বৈশ্বানর ঘ. কুটুম্ব, আগন্তুক, অনাহূত **উত্তর: গ**

২৩৮. **সমার্থক শব্দগুচ্ছ নির্দেশ কর।** [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ১৪]
ক. রামা, বামা, ধামা, কামিনী খ. পঙ্কজ, উৎপল, শতদল, অরবিন্দ
গ. ঘন, বারিদ, জলধর, তরল ঘ. ক্ষণপ্রভা, সৌদামিনী, চপল, তরঙ্গিনী **উত্তর: খ**

২৩৯. **সমার্থক শব্দজোড় সনাক্ত কর।** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১২]
ক. সিথি, সিতি খ. শত্রু, শ্বশ্রূ গ. সলিল, সলীল ঘ. শ্বেত, সিত **উত্তর: ঘ**

২৪০. **সমার্থক নয় এমন শব্দগুচ্ছ শনাক্ত করুন।** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. কুকুর, কুক্কুট, সারমেয় খ. জায়া, ভার্যা, সহধর্মিণী গ. অরবিন্দ, কুবলয়, কোকনদ ঘ. মার্গ, সরণি, সড়ক **উত্তর: ক**

২৪১. **সমার্থক নয় এমন শব্দগুচ্ছ শনাক্ত করুন।** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. অম্বর, ব্যোম, শূন্য খ. বিভূ, বিশ্বপতি, নিশানাথ গ. কেশব, গোপাল, জ্ঞানার্জন ঘ. মঙ্গল, কল্যাণ, শুভদ **উত্তর: খ**

২৪২. **শব্দগুচ্ছ সমার্থক নয় -** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ৯৯]
ক. অম্বর, গগন, নভঃ, ব্যোম খ. অচল, অদ্রি, ভূধর, শৈল গ. কুঞ্জর, গজ, মাতঙ্গ, তুরঙ্গ ঘ. অর্ণব, জলধি, পারাবার, রত্নাকার **উত্তর: গ**

২৪৩. **কোনটি সমার্থক শব্দগুচ্ছ নয়?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৬]
ক. বাঘ, শার্দুল, শের, ব্যাঘ্র খ. অশ্ব, হয়, মাতঙ্গ, তুরঙ্গ
গ. রূপ, আকার, আদল, আকৃতি ঘ. আয়তন, পরিসর, পরিধি, পরিমাণ **উত্তর: খ**

২৪৪. **কোনটি ভিন্নার্থক?** [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. খদ্দর খ. খদির গ. খদ্দি ঘ. খাদি **উত্তর: খ**

২৪৫. **কোনটি ভিন্নার্থক শব্দ?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৮]
ক. নৃপতি খ. নগেন্দ্র গ. ভূপতি ঘ. নরেন্দ্র **উত্তর: খ**

২৪৬. **কোনটি শব্দটি ভিন্নার্থক?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]
ক. কামিনী খ. রামা গ. অঙ্গনা ঘ. চারু **উত্তর: ঘ**

২৪৭. **কোনটি ভিন্নার্থক?** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অফিসার: ১৪]
ক. অর্ক খ. কনক গ. আদিত্য ঘ. আফতাব **উত্তর: খ**

২৪৮. **নিচের কোনটি অর্থগত দিক থেকে সাদৃশ্যপূর্ণ নয়?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অডিটর: ১৯]
ক. অলক খ. চিকুর গ. কবরী ঘ. লোচন **উত্তর: ঘ**

২৪৯. **নিচের যে প্রতিশব্দটি বেমানান** - [বিএসসি'র সিনিয়র অফিসার: ২১]
ক. বিবস্বান খ. বিটপী গ. দ্রুম ঘ. পাদপ **উত্তর: ক**

২৫০. **যে সম্পর্কটি বিসদৃশ** - [ঢাবি: ১৮-১৯]
ক. বারিধি : বারিদ খ. কাঞ্চন : সুবর্ণ গ. মৃগেন্দ্র : কেশরী ঘ. সবিতা : তপন **উত্তর: ক**

২৫১. **কোন শব্দ যুগল সমার্থক নয়?** [১০ম প্রভাষক নিবন্ধন]
ক. অটবি, বিটপী খ. হেম, সুবর্ন গ. তটিনী, ঝর্ণা ঘ. ধরা, মেদিনী **উত্তর: গ**

২৫২. **নিচের কোনটি সমার্থক শব্দের জুটি নয়?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৯]
ক. পাঁশুটে : পাণ্ডুর খ. অয় : লোহা গ. পদ্ম : পঙ্কজ ঘ. অনিকেত : অপবিত্র **উত্তর: ঘ**

২৫৩. **নিচের কোন শব্দমালা খাপ খায় না এমন শব্দ কোনটি?** [বিডিবিএল'র সিনিয়র অফিসার: ১১]
৩৭৫. **'শিখণ্ডী' শব্দের অর্থ কী?** [৩১তম বিসিএস]
ক. কবুতর খ. কোকিল গ. খরগোশ ঘ. ময়ুর **উত্তর: ঘ**

৩৭৬. **'শ্রীঘর' এর বৈশিষ্ট্যপূর্ণ অর্থ কী?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৩]
ক. সুদৃশ্য ঘর খ. বৈঠকখানা গ. জেলখানা ঘ. সরাইখানা **উত্তর: গ**

৩৭৭. **'শ্মশ্রু' এর অর্থ কী?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. দাড়ি-গোঁফ খ. শাশুড়ি গ. শত্রু ঘ. অশ্রু **উত্তর: খ**

৩৭৮. **'শ্মশ্রু' এর অর্থ কী?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৩]
ক. দাড়ি-গোঁফ খ. শাশুড়ি গ. শত্রু ঘ. অশ্রু **উত্তর: ক**

৩৭৯. **'শম' শব্দের অর্থ কী?** [বিভিন্ন মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা: ৯৭]
ক. সমান খ. মৃত্যু গ. শান্তি ঘ. বন্ধন **উত্তর: গ**

৩৮০. **'শীকর' শব্দের অর্থ কী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. শিশির খ. নীহারিকা গ. জলকণা ঘ. পদ্মফুল **উত্তর: গ**

৩৮১. **'শবল' শব্দের অর্থ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. শরব বাহক খ. গাঁইতি গ. শক্তিমান ঘ. বহুবর্ণিল **উত্তর: ঘ**

৩৮২. **'শরণ' শব্দের অর্থ কী?** [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ২০]
ক. রাস্তা খ. মনে করা গ. বিপদ ঘ. আশ্রয় **উত্তর: ঘ**

৩৮৩. **'শাকে দিনু কানাসোঁআ পানি' এখানে 'কানসোঁআ' শব্দের অর্থ** - [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ১০]
ক. কানছোঁয়া খ. কান পর্যন্ত গ. কানায় কানায় পরিপূর্ণ ঘ. কানে কোনা **উত্তর: গ**

৩৮৪. **'শির নেহারি নতশির ঐ শিখর হিমাদ্রির' এখানে 'নেহারি' শব্দের অর্থ কী?** [চবি: ০৮-০৯]
ক. দেখে খ. মাথা গ. পর্বত ঘ. চূড়া **উত্তর: ক**

৩৮৫. **'শম্বর' অর্থ কী?** [রূপালী ব্যাংকের অফিসার: ১০]
ক. ব্যাঘ্র খ. জলহস্তী গ. হরিণ ঘ. সিংহ **উত্তর: গ**

৩৮৬. **'শুক্তি' শব্দের অর্থ** - [গ্রন্থাগার অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. মাছ খ. ঝিনুক গ. স্বচ্ছ ঘ. সুতোর কাজ **উত্তর: খ**

৩৮৭. **'শ্বাপদ' শব্দের অর্থ** – [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২০]
ক. বিপদ খ. শাপলা গ. শহর ঘ. হিংস্র মাংসাশী শিকারি জন্তু **উত্তর: ঘ**

৩৮৮. **'শ্বাপদ = শ্বন+পদ' এখানে 'শ্বন' শব্দের অর্থ কী?** [ঢাবি: ১৮-১৯]
ক. সারমেয় / কুকুর খ. ধারালো গ. তীক্ষ্ম নখযুক্ত ঘ. হিংস্র **উত্তর: ক**

৩৮৯. **'শশাঙ্ক' শব্দের সঠিক অর্থ কোনটি?** [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ২০]
ক. খরগোশ খ. সমুদ্র গ. সূর্য ঘ. চাঁদ **উত্তর: ঘ**

৩৯০. **'হিল্লোল' শব্দের অর্থ কী?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৩]
ক. সাহস খ. হাসি ঠাট্টা গ. কম্পন ঘ. তরঙ্গ **উত্তর: ঘ**

৩৯১. **'হরিৎ' অর্থ কী?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]
ক. হলুদ খ. বেগুনি গ. ধূসর ঘ. সবুজ **উত্তর: ঘ**

৩৯২. **'হর্ষ' শব্দের অর্থ কী? / 'হর্ষণ' শব্দের অর্থ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২৪]
ক. হলুদ খ. বিষাদ গ. দুষ্ট ঘ. আনন্দ **উত্তর: ঘ**

৩৯৩. **'হেম' শব্দের অর্থ কী?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ২৩]
ক. স্বর্ণ খ. সুধাকর গ. মুক্তা ঘ. রত্ন **উত্তর: ক**

৩৯৪. **'ক্ষিতিতল' শব্দের অর্থ কী?** [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক: ৯৫]
ক. কেঁচো খ. লাঙ্গল গ. ভূতল ঘ. নভেতল **উত্তর: গ**

শব্দের প্রয়োগ

০১. **কোনটি পরিচ্ছদ?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৪]
ক. দুকূল খ. দু-কূল গ. পিপুল ঘ. শিমুল **উত্তর: খ**

০২. **কোনটি অঙ্গ-ভূষণ?** [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক: ১৪]
ক. মৃদঙ্গ খ. মৃগয়া গ. মীনাক্ষি ঘ. মেখলা **উত্তর: ঘ**

০৩. **এক জাতীয় নয়** – [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৪]
ক. অভিনয় খ. তনয় গ. প্রণয় ঘ. বিনয় **উত্তর: খ**

০৪. **কোনটি নানার্থক?** [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. তড়িৎ খ. তদ্ধিত গ. তর্ক ঘ. তরবার **উত্তর: খ**

০৫. **এক গোত্রীয় নয়** – [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. সুজন খ. উড়িয়া গ. একাকী ঘ. অগ্রণী **উত্তর: খ**

০৬. **স্বর্গের সঙ্গে সম্পৃক্ত** – [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. মেনি খ. মেরু গ. মেনকা ঘ. মেহেদি **উত্তর: গ**

০৭. **কোনটি তুলনা জ্ঞাপক শব্দ?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৪]
ক. প্রমিত খ. প্রামাণ্য গ. প্রমাণ ঘ. প্রমাণিত **উত্তর: খ**

০৮. **অতিশয় বা সাংঘাতিক কিছু বোঝাতে ব্যবহৃত হয়** – [৩৫তম বিসিএস]
ক. ভীষণ খ. ভীশন গ. ভীষন ঘ. ভিশন **উত্তর: ক**

০৯. **কোন সমুচ্চারিত শব্দদ্বয়ের অর্থ পৃথক নয়?** [প্রবাসী কল্যাণ ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. দেড়ী, দেরি খ. পাড়ি, পারি গ. সিত, শীত ঘ. ধুলা, ধূলা **উত্তর: ঘ**

১০. **নিচের কোন জোড়কে যথার্থ সমোচ্চারিত শব্দের দৃষ্টান্ত হিসেবে মেনে নেয়া যায় না? / যথার্থ সমোচ্চারিত শব্দের দৃষ্টান্ত নয় কোনটি?** [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. অভি-অভী খ. অসুর-অশূর গ. দ্বীপ-দ্বিপ ঘ. আধি-আঁধি **উত্তর: ঘ**

১১. **কোনটি দ্বারা 'আগ্রহ' বুঝায়?** [বিএমইটি'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. মাথা খাওয়া খ. মাথা দেওয়া গ. মাথা ব্যথা ঘ. হাতে হাতে **উত্তর: গ**

১২. **'আঠারো বছর বয়স' কবিতায় 'আঠারো' অর্থ** – [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ৯৯]
ক. ঔদ্ধত্য খ. প্রতিবাদ গ. জাগরণ ঘ. যৌবন **উত্তর: ঘ**

১৩. **'ঐ চাকরির আশা ছেড়েছি' বাক্যটিতে কোন অর্থ প্রকাশ পায়?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার: ১৭]
ক. মুক্ত করা খ. ত্যাগ করা গ. বিরাগ ঘ. হতাশা **উত্তর: ঘ**

১৪. **'সাহায্যের অভাবে স্কুলটি উঠে গেছে' বাক্যে 'উঠে' শব্দের অর্থ** – [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ০০]
ক. ভেঙে পড়া খ. বন্ধ হওয়া গ. স্থানান্তরিত হওয়া ঘ. উন্নতি করা **উত্তর: খ**

১৫. **'কার্যে বিরতি' অর্থে কোন কোনটি প্রযোজ্য?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. হাত করা খ. হাত গুটান গ. হাত থাকা ঘ. হাত আসা **উত্তর: খ**

১৬. **'কানে তোলা' বাক্যাংশের বিশিষ্ট অর্থ কী?** [উপজেলা / থানা শিক্ষা অফিসার: ৯৯]
ক. কোনো কথা উত্থাপন করা খ. কান ধরে তোলা গ. কান পেতে শোনা ঘ. কুমন্ত্রণা দেওয়া **উত্তর: ক**

১৭. **'কর্মভোগ এড়ানো যায় না' এখানে 'কর্ম' কোন অর্থ প্রকাশ করে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. কর্তব্য খ. কৃতকর্ম গ. কপাল ঘ. অনুষ্ঠান **উত্তর: খ**

১৮. **'দুই ভাইয়ের মধ্যে কোনো কথা নেই' এখানে 'কথা' শব্দটি কোন অর্থে প্রয়োগ করা হয়েছে?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৯]
ক. গল্প খ. তর্ক গ. অসদ্ভাব ঘ. পরামর্শ **উত্তর: গ**

১৯. **কোন বাক্যে 'কথা' শব্দটি তুলনা অর্থে ব্যবহৃত হয়েছে?** [জনতা ব্যাংকের অফিসার: ২৩]
ক. লোকটিক যেই কথা সেই কাজ খ. সেঁজুতির সাথে আমার কথা নাই
গ. তুমি ধনীর ছেলে, তোমার সাথে কার কথা ঘ. আমাদের পাড়ায় একটি স্কুল খোলার কথা চলছে **উত্তর: ক**

২০. **'তুমি আমার কাঁচকলা করবে' এখানে 'কাঁচকলা' কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. বিরোধার্থক খ. অবজ্ঞাসূচক গ. বিস্ময়সূচক ঘ. নঞর্থক **উত্তর: খ**

২১. **'কোন বাতে খাতা নাহি পায়' এই বাক্যে 'খাতা' কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]
ক. দোষ খ. দল গ. হিসাবের বই ঘ. শুভ্র **উত্তর: ক**

২২. **'সে তোমার মাথা খেয়েছে' এই বাক্যে 'খাওয়ার' অর্থ কী?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ইন্সট্রাক্টর: ০৩]
ক. মস্তক কামড়ে খাওয়া খ. সর্বনাশ করা গ. পাগলামি করা ঘ. মাথায় আঘাত করা **উত্তর: খ**

২৩. **নিচের কোন বাক্যে 'গুণ' ধর্ম অর্থে ব্যবহৃত হয়েছে?** [সহকারী থানা / উপজেলা শিক্ষা অফিসার: ০৯]
ক. তাঁর অনেক গুণ খ. দ্রব্যের গুণ জানতে হয় গ. ঔষধটি গুণে ধরেছে ঘ. নিজের গুণ কীর্তন বন্ধ কর **উত্তর: খ**

২৪. **'চিনে জোঁক' বিশিষ্টার্থে বুঝায়** – [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. লোভী খ. নিষ্ঠুর গ. স্বার্থপর ঘ. নাছোড়বান্দা **উত্তর: ঘ**

২৫. **'চাল নেই, চুলো নেই, মুখে বড় কথা' এখানে 'চাল' শব্দটি কোন অর্থে প্রয়োগ করা হয়েছে?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৯]
ক. ফন্দি খ. আশ্রয় গ. ব্যবহার ঘ. গুণ **উত্তর: খ**

২৬. **'এত অল্প টাকায় মাস চলবে না' এখানে 'চলা' কোন অর্থ প্রকাশ করেছে?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ০১]
ক. সংকুলান হওয়া খ. প্রচলিত হওয়া গ. অবলম্বন করা ঘ. সময় দেওয়া **উত্তর: ক**

২৭. **'বড় যদি হতে চাও, ছোট হও তবে' এই বাক্যে 'ছোট' শব্দটি দ্বারা কী বুঝানো হয়েছে?** [ঢাবি: ০১-০২]
ক. নম্র খ. নীচ গ. ইতর ঘ. সবগুলোই **উত্তর: ক**

২৮. **কোন বাক্যে 'ছাড়া' শব্দটি 'ত্যাগ করা' অর্থে ব্যবহৃত হয়েছে?** [বিবিএস'র কম্পিউটার অপারেটর: ৯৫]
ক. আমি ভাই হাল ছেড়ে দিয়েছি খ. ঘাম দিয়ে জ্বর ছেড়েছে
গ. ঝগড়া করে শিকদার সাহেব চাকুরী ছেড়েছেন ঘ. ঝর্ণা গলা ছেড়ে গান গাচ্ছে **উত্তর: গ**

২৯. **নিচের কোনটি 'দুর্বল' অর্থের প্রকাশক?** [জনতা ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৫]
ক. কাঁচা ঘুম খ. কাঁচা বয়স গ. অঙ্কে কাঁচা ঘ. কাঁচা রাস্তা **উত্তর: গ**

৩০. **নিচের কোন শব্দটি 'দক্ষ' অর্থে ব্যবহৃত হয়েছে?** [৮ম শিক্ষক নিবন্ধন]
ক. পাকা আম খেতে মিষ্টি খ. ছেলেটি অঙ্কে পাকা গ. পাকা সোনার খাদ থাকে না ঘ. শাড়িটির রং পাকা **উত্তর: খ**

৩১. **নিচের কোনটিতে 'দ্রুততা' এর বিশিষ্টার্থক প্রয়োগ ঘটেছে?** [রূপালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৩]
ক. নাকে খত খ. নাক গলাতে গ. নাকে মুখে ঘ. নাক কেটে **উত্তর: গ**

৩২. **'বুঝি না বাপু এ তোমার কেমন ধারা' বাক্যটিতে 'ধারা' কোন অর্থ প্রকাশ করেছে?** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা: ০৯]
ক. বর্ষণ খ. আচরণ গ. আইন ঘ. ঝুঁকি **উত্তর: খ**

৩৩. **'যারে সইতে নারি তাঁর চলন বাঁকা' বাক্যটিতে 'নারি' কোন অর্থ প্রকাশ করেছে?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৯]
ক. স্ত্রীলোক খ. স্ত্রীজাতি গ. সক্ষম ঘ. না পারি **উত্তর: ঘ**

৩৪. **কোন বাক্যে 'শক্ত' শব্দটি 'নির্দয়' অর্থে ব্যবহৃত হয়েছে?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ৯৯]
ক. সে বড় শক্ত পীড়ায় ভুগছে খ. পাটাতনটি শক্ত কাঠে তৈরী গ. কাউকে শক্ত কথা বলতে নেই ঘ. এমন শক্ত লোক আমি দ্বিতীয়টি দেখিনি **উত্তর: ঘ**

৩৫. **'নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ করতে চাও?' এখানে 'নাক' কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. নাসিকা খ. লজ্জাজনক শাস্তি গ. অবজ্ঞা করা ঘ. ক্ষতি স্বীকার **উত্তর: ঘ**

৩৬. **'পা চালাও' বলতে বুঝায়** – [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২৩]
ক. লাথি মারো খ. দ্রুত চলো গ. পায়ের কাজ করো ঘ. পা কাজে লাগাও **উত্তর: খ**

৩৭. **কোনটির অর্থ 'পক্ব' অর্থে প্রকাশ পায়?** [২৬তম বিসিএস]
ক. পাকা বাড়ি খ. পাকা রং গ. পাকা কাজ ঘ. পাকা আম **উত্তর: ঘ**

৩৮. **কোন বাক্যে 'পা' শব্দটি অবজ্ঞার্থে ব্যবহৃত?** [বাংলাদেশ কৃষি ব্যাংকের সুপারভাইজার: ১২]
ক. ভাই, কারো পায়ে ধরো না খ. উপোস করবো তবু কারো পা চাটবো না
গ. হাতের লক্ষ্মী পায়ে ঠেলো না ঘ. বড় সাহেবের পায়ে তেল দিয়ে সে প্রমোশন পেল **উত্তর: গ**

৩৯. **কোন বাক্যে 'বড়' শব্দটি 'ধনী' অর্থে ব্যবহৃত হয়েছে?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ৩০]
ক. সেলিম সাহেব একজন বড়লোক খ. সেলিম সাহেব বড় ভাল মানুষ
গ. সেলিম সাহেব বড় মনের অধিকারী ঘ. সেলিম সাহেব বড় ঘরে বিয়ে করেছেন **উত্তর: ক**

৪০. **'ধর্মের বিধি মেনে চলবে' এই বাক্যে 'বিধি' শব্দের অর্থ –** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. বিধাতা খ. নিয়ম গ. আইন ঘ. নির্দেশ **উত্তর: ঘ**

৪১. **'মুখ তোলা' বাক্যাংশের বিশিষ্ট অর্থ কী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. নিজের মুখ উপরে তোলা খ. অন্যের মুখ তুলে ধরা গ. প্রসন্ন হওয়া ঘ. নষ্ট করা **উত্তর: গ**

৪২. **কোন বাক্যে 'মাথা' শব্দটি 'বুদ্ধি' অর্থে ব্যবহৃত?** [১০ম বিসিএস]
ক. তিনিই সমাজের মাথা খ. মাথা খাঁটিয়ে কাজ করবে
গ. মাথা নেই তার মাথা ব্যথা ঘ. লজ্জায় আমার মাথা কাটা গেল **উত্তর: খ**

৪৩. **নিচের কোন শব্দটি 'রোগ' অর্থে ব্যবহৃত হয়েছে?** [৭ম শিক্ষক নিবন্ধন]
ক. মাথা ব্যথা খ. মাথা ঘামান গ. মাথা ধরা ঘ. মাথা দেওয়া **উত্তর: গ**

৪৪. **'কার মাথায় হাত বুলিয়েছ' এখানে 'মাথা' শব্দের অর্থ –** [২৪তম বিসিএস]
ক. স্বভাব নষ্ট করা খ. স্পর্ধা বাড়া গ. ফাঁকি দেওয়া ঘ. উপায় **উত্তর: গ**

৪৫. **'তিনি এ গ্রামের মাথা' এই বাক্যে 'মাথা' বলতে কী বুঝানো হয়েছে?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সহকারী পরিচালক: ০১]
ক. মস্তক খ. প্রধান গ. সাধু ঘ. সৎ **উত্তর: খ**

৪৬. **'মাথা খাও, ভুলিওনা খেয়ো মনে করে' এই বাক্যে 'মাথা' বলতে কী বুঝানো হয়েছে? / 'মাথা খাও, পত্র দিতে ভুলো না' এখানে 'মাথা খাওয়া'র অর্থ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. মাথা খাওয়া খ. মাথা ধরা গ. মাথা ব্যথা ঘ. মাথার দিব্যি / দিব্যি দেওয়া **উত্তর: ঘ**

৪৭. **'যত বড় মুখ নয় তত বড় কথা' এখানে 'মুখ' বলতে কী বুঝাচ্ছে?** [২১তম বিসিএস]
ক. অনুভূতি খ. গালি গ. প্রত্যঙ্গ ঘ. শক্তি **উত্তর: ঘ**

৪৮. **'টাকাটা ধার দিয়ে তুমি আমার মুখ রেখেছ' এই বাক্যে 'মুখ' কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০৯]
ক. আধিপত্য খ. সুনাম গ. মূল্য ঘ. সম্মান **উত্তর: ঘ**

৪৯. **'নদীটি উত্তরমুখে প্রবাহিত' এখানে 'মুখ' কোন অর্থ প্রকাশ করে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. মর্যাদা খ. প্রত্যঙ্গ বিশেষ গ. দিক ঘ. তিরস্কার **উত্তর: গ**

৫০. **'আয়নায় মুখ দেখ না' এই বাক্যে 'মুখ' কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]
ক. বদন খ. মর্যাদা গ. প্রতিবিম্ব ঘ. বদনগহ্বর **উত্তর: ক**

৫১. **'ওমন কথা মুখে আনতে নেই' এই বাক্যে 'মুখ' কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২৩]
ক. বাগযন্ত্র খ. তিরস্কার গ. বদন ঘ. অমঙ্গল **উত্তর: ঘ**

৫২. **'মুখ' শব্দটি কোন বিশিষ্ট অর্থে ব্যবহৃত হয় না?** [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার: ১৪]
ক. গালমন্দ খ. সদ্ভাব গ. মর্যাদা ঘ. দিক **উত্তর: খ**

৫৩. **'রি রি করা' দিয়ে কী প্রকাশ পায়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. কড়া মেজাজ খ. তীব্র মেজাজ গ. তীব্র ক্রোধ গ. তীব্র ব্যথা **উত্তর: গ**

৫৪. **'আম্মা লাল তেরি খুন কিয়া খুনিয়া' বাক্যটিতে 'লাল' কোন অর্থ প্রকাশ করেছে?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০০]
ক. লাল রঙ খ. রক্ত গ. সন্তান ঘ. লালিত্য **উত্তর: গ**

৫৫. **'এই ব্যাপারে তোমার কোনো হাত নেই' এখানে 'হাত' কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [বিআরডিবি'র মাঠ সংগঠক: ১৩]
ক. যশ খ. কর্তৃত্ব গ. জ্ঞান ঘ. অভিজ্ঞতা **উত্তর: খ**

৫৬. **'ডাক্তার সাহেবের হাতযশ ভালো' এই বাক্যে 'হাত' ব্যবহৃত হয়েছে –** [১৫তম প্রভাষক নিবন্ধন]
ক. অধিকার অর্থে খ. বশ অর্থে গ. অভ্যাস অর্থে ঘ. নিপুণতা **উত্তর: ঘ**

৫৭. **'তার দুই হাতেই আংটি' এই বাক্যে 'হাতেই' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ২৩]
ক. দক্ষতা খ. প্রাচুর্যতা গ. আঙ্গুল ঘ. কর্তৃত্ব **উত্তর: গ**

৫৮. **কোন বাক্যে 'হাত' শব্দটি দক্ষতা অর্থে ব্যবহৃত হয়েছে?** [বিএমইটি'র ইন্সট্রাক্টর: ১৮]
ক. লোকটির হাতটান আছে খ. তাঁর লেখার হাত আছে গ. পরের কাছে হাত পেত না ঘ. করিম রহিমের ডান হাত **উত্তর: খ**

কারক ও বিভক্তি

০১. **'কারক' (কৃ+ণক) শব্দটির অর্থ কী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. যা পদকে সম্পাদন করে খ. যা পদকে সম্পাদন করে গ. যা ক্রিয়া সম্পাদন করে ঘ. যা সমাস সম্পাদন করে **উত্তর: গ**

০২. **ক্রিয়াপদের সাথে সম্পর্কযুক্ত পদকে কী বলে? / বাক্যের ক্রিয়ার সাথে অন্যান্য পদের যে সম্পর্ক তাকে কী বলে? / ক্রিয়ার সাথে অন্যান্য পদের যে সম্পর্কের নাম কী?** [৪০তম বিসিএস]
ক. বিভক্তি খ. কারক গ. প্রত্যয় ঘ. অনুসর্গ **উত্তর: খ**

০৩. **বাক্যস্থিত ক্রিয়াপদের সাথে কোন পদের সম্পর্ককে কারক বলে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. বিশেষণ পদের খ. অব্যয় পদের গ. নাম পদের ঘ. ক্রিয়া বিশেষণ পদের **উত্তর: গ**

০৪. **কারক কয় প্রকার? / কারক কত প্রকার?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ৫ প্রকার খ. ৬ প্রকার গ. ৭ প্রকার গ. ৮ প্রকার **উত্তর: খ**

০৫. **রবীন্দ্রনাথ কোন কারক বাদ দিতে চেয়েছিলেন? / অনেক ব্যাকরণবিদই কোন কারককে স্বীকার করেন না?** [৪৩তম বিসিএস]
ক. করণ কারক খ. সম্প্রদান কারক গ. অপাদান কারক ঘ. অধিকরণ কারক **উত্তর: খ**

০৬. **বাক্যের প্রতিটি শব্দের সাথে অন্বয় সাধনের জন্য যে সকল বর্ণ যুক্ত হয় তাদের কী বলে?** [জনতা ব্যাংকের অফিসার: ২৩]
ক. কারক খ. বিভক্তি গ. সমাস ঘ. সম্বন্ধ পদ **উত্তর: খ**

০৭. **কোন ক্ষেত্রে বিভক্তির প্রয়োজন হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২৩]
ক. কারক খ. সন্ধি গ. প্রকৃতি ঘ. সমাস **উত্তর: ক**

০৮. **শব্দকে পদ হতে হলে এতে যোগ করার প্রয়োজন হয়** - [বিএইচবিএফসি'র অফিসার: ১৭]
ক. প্রত্যয় খ. বিভক্তি গ. উপসর্গ ঘ. অনুসর্গ **উত্তর: খ**

০৯. **বিভক্তি প্রধানত কত প্রকার?** [এলজিইডি'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ২ প্রকার খ. ৩ প্রকার গ. ৪ প্রকার ঘ. ৫ প্রকার **উত্তর: ক**

বিভক্তি কী?	শব্দ বিভক্তি	একবচন	বহুবচন
বাক্যস্থিত একটি শব্দের সাথে অন্য শব্দের অন্বয় সাধনের জন্য শব্দের সাথে যে সকল বর্ণ যুক্ত হয় তাকে বিভক্তি বলে। বিভক্তি দুই প্রকার। যথা- নাম বা শব্দ বিভক্তি ও ক্রিয়া বিভক্তি। বাংলা নাম বা শব্দ বিভক্তি সাত প্রকার। যথা- প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী। পাশের ছকে নাম বা শব্দ বিভক্তিগুলো দেখানো হলো।	প্রথমা	শূন্য, অ, এ, তে, এতে	রা, এরা, গুলি, গণ, বৃন্দ
	দ্বিতীয়া	কে, রে	দিগকে, দিগরে
	তৃতীয়া	দ্বারা, দিয়া, কর্তৃক	দিগকে দ্বারা, দিগ কর্তৃক
	চতুর্থী	কে, রে, জন্য, নিমিত্ত	দিগেকে, দিগেরে, দের, তরে
	পঞ্চমী	হতে, থেকে, চেয়ে	দিগ হতে, দের থেকে, দিগের চেয়ে
	ষষ্ঠী	র, এর	দিগের, দের
	সপ্তমী	এ, য়, তে	দিগে, দিগেতে

১০. **'দ্বারা', 'দিয়া', 'কর্তৃক' বাংলা বানান অনুযায়ী কোন বিভক্তি?** [৪০তম বিসিএস]
ক. তৃতীয়া বিভক্তি খ. প্রথমা বিভক্তি গ. দ্বিতীয়া বিভক্তি ঘ. শূন্য বিভক্তি **উত্তর: ক**

১১. **'হতে', 'থেকে', 'চেয়ে' বাংলা বানান অনুযায়ী কোন বিভক্তি?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ২৩]
ক. প্রথমা বিভক্তি খ. সপ্তমী বিভক্তি গ. দ্বিতীয়া বিভক্তি ঘ. পঞ্চমী বিভক্তি **উত্তর: ঘ**

১২. **বিভক্তি চিহ্ন স্পষ্ট না হলে সেখানে কোন বিভক্তি আছে বলে মনে করা হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৫]
ক. শূন্য খ. দ্বিতীয়া গ. তৃতীয়া ঘ. চতুর্থী **উত্তর: ক**

১৩. **সমন্ধ পদে কোন বিভক্তি যুক্ত হয়ে থাকে? / সম্বন্ধ পদে কোন বিভক্তি যুক্ত হয়?** [১৬তম প্রভাষক নিবন্ধন]
ক. য় বা তে / য় খ. এ বা এতে / এ গ. র বা এর / র ঘ. থেকে বা চেয়ে / কে **উত্তর: গ**

১৪. **নিচের কোনটি সম্বন্ধ পদের বিভক্তি নয়?** [বিএসসি'র অফিসার: ১৮]
ক. র খ. এর গ. রা ঘ. কার **উত্তর: গ**

১৫. **'জাল দ্বারা মাছ ধরা হয়' এখানে 'দ্বারা' কী?** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]
ক. অনুসর্গ খ. উপসর্গ গ. বিভক্তি ঘ. তদ্ধিত প্রত্যয় **উত্তর: গ**

১৬. **'পরাগ বইটি দিয়ে যাও' বাক্যে 'পরাগ' কোন পদ?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. সম্বোধন পদ খ. সম্বন্ধ পদ গ. বিশেষ্য পদ ঘ. সর্বনাম পদ **উত্তর: ক**

১৭. **কর্তৃকারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. ছাগলে কিনা খায় খ. টাকায় টাকা আনে গ. আরেফ বই পড়ে ঘ. ডাক্তার ডাক **উত্তর: গ**
ব্যাখ্যা: বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে তাকে ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক বলে। ক্রিয়ার সঙ্গে 'কে' বা 'কারা' যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাই কর্তৃকারক।

১৮. **কোনটি কর্তৃকারকে সপ্তমী বিভক্তির উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. কোদালে মাটি কাটব খ. জাহাজ চট্টগ্রাম ছাড়ল গ. সাপের হাসি বেদে চেনে ঘ. আমারে তুমি রক্ষা করো **উত্তর: গ**

১৯. **'আমাকে যেতে হবে' বাক্যে 'আমাকে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কর্তৃকারকে দ্বিতীয়া খ. কর্মে দ্বিতীয়া গ. করণে দ্বিতীয়া ঘ. অপাদানে দ্বিতীয়া **উত্তর: ক**

২০. **'গৃহহীন চিরদিন থাকে পরাধীন' এই বাক্যে 'গৃহহীন' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? / 'গুণহীন চিরদিন থাকে পরাধীন' এই বাক্যে 'গুণহীন' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. কর্তৃকারকে শূণ্য খ. কর্মকারকে শূণ্য গ. করণে শূণ্য ঘ. অপাদানে শূণ্য **উত্তর: ক**

২১. **'ছাগলে কিনা খায়' কোন কারক? / পয়মন্তি এলো। এখানে 'পয়মন্তি' কোন কারক?** [এলজিইডি'র সার্ভেয়ার: ২৩]
ক. কর্তৃ কারক খ. কর্ম কারক গ. করণ কারক ঘ. অপাদান কারক **উত্তর: ক**

২২. **'জেলে ভাই ধরে মাছ মেঘের ছায়ায়' এখানে 'জেলে' কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২৩]
ক. কর্তৃকারকে ৭মী খ. কর্তৃকারকে ১মা গ. অধিকরণ কারকে ৭মী ঘ. কর্মকারকে ১মা **উত্তর: খ**

২৩. **'টাকায় টাকা আনে' এখানে 'টাকায়' কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. কর্তৃকারকে ৭মী খ. কর্মকারকে ৭মী গ. অপাদানে ৭মী ঘ. করণে ৭মী **উত্তর: ক**

২৪. **'তাঁকে দিয়ে কিছু হবে না' বাক্যে 'তাঁকে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. কর্তৃকারকে দ্বিতীয়া খ. কর্মে দ্বিতীয়া গ. করণে দ্বিতীয়া ঘ. অধিকরণে দ্বিতীয়া **উত্তর: ক**

২৫. **'দশে মিলে করি কাজ' বাক্যে 'দশে' কোন কারকে কোন বিভক্তি?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৯]
ক. কর্তৃকারকে ২য়া খ. সম্প্রদান কারকে ৭মী গ. কর্তৃকারকে ৭মী ঘ. কর্তৃকারকে ৪র্থী **উত্তর: গ**

২৬. **'পাছে লোকে কিছু বলে' বাক্যে 'লোকে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [বিএমইটি'র অফিস সহায়ক: ২৩]
ক. কর্তৃকারকে ৭মী খ. কর্মে দ্বিতীয়া গ. করণে দ্বিতীয়া ঘ. অধিকরণে দ্বিতীয়া **উত্তর: ক**

২৭. **'বুলবুলিতে ধান খেয়েছে' এই বাক্যের 'বুলবুলিতে' শব্দে কোন কারক ও কোন বিভক্তি রয়েছে?** [মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. করণে ৭মী খ. অধিকরণে ৭মী গ. কর্তৃকারকে ৭মী ঘ. অপাদানে ৭মী **উত্তর: গ**

২৮. **'সকলকে মরতে হবে' বাক্যে 'সকলকে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কর্তৃকারকে দ্বিতীয়া খ. কর্মকারকে দ্বিতীয়া গ. অপাদানে দ্বিতীয়া ঘ. অধিকরণে দ্বিতীয়া **উত্তর: ক**

২৯. **'সাপের হাসি বেদে চেনে' বাক্যে 'বেদে' শব্দটি কোন কারকে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কর্তৃ কারক খ. কর্ম কারক গ. করণ কারক ঘ. অপাদান কারক **উত্তর: ক**

৩০. **'হেথায় সবারে হবে মিলিবারে' ব্যাকটিতে 'সবারে' কোন কারক?** [সোনালী ব্যাংকের অফিসার: ১৮]
ক. কর্তৃ খ. কর্ম গ. অধিকরণ ঘ. অপাদান **উত্তর: ক**

৩১. **'পাহাড়ের ঢাল বেয়ে জল নামছে' বাক্যে 'জল' কোন কারকে কোন বিভক্তি?** [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. কর্তৃকারকে ৭মী খ. অপাদানে ৭মী গ. কর্তৃকারকে শূন্য ঘ. অধিকরণে ২য়া **উত্তর: গ**

৩২. **ক্রিয়ার বিষয়কে কী বলে?** [বাংলাদেশ রেলওয়ের সহকারী সার্জন: ০৩]
ক. কর্ম খ. পদ গ. সমাস ঘ. করণ **উত্তর: ক**
ব্যাখ্যা: যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে তাকে কর্ম কারকবলে। বাক্যের ক্রিয়াকে 'কী' বা 'কাকে' দিয়ে প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায় তাই কর্ম কারক।

৩৩. **'মুষলধারে বৃষ্টি পড়ছে' এখানে 'বৃষ্টি' শব্দটি কোন কর্তা?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২৪]
ক. ব্যতিহার কর্তা খ. মুখ্য কর্তা গ. প্রযোজক কর্তা ঘ. প্রযোজ্য কর্তা **উত্তর: খ**

৩৪. **ব্যতিহার কর্তার উদাহরণ কোনটি?** [১১তম শিক্ষক নিবন্ধন]
ক. ছেলেরা ফুটবল খেলছে খ. মুষলধারে বৃষ্টি পড়ছে
গ. বাঘে-মহিষে এক ঘাটে জল খায় ঘ. শিক্ষক ছাত্রদের ব্যাকরণ পড়াচ্ছেন **উত্তর: গ**

৩৫. **কোন বাক্যে কর্তায় এ বিভক্তির উদাহরণ দেওয়া হয়েছে?** [কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ০১]
ক. অন্ধজনে দেহ আলো খ. ঘর ভরেছে অন্ধজনে
গ. হাত বাড়িয়ে কর্মে টান অন্ধজনে ঘ. অন্ধজনে বদ্ধ ঘরে, দিবা রাত্রি কষ্ট করে **উত্তর: ঘ**

৩৬. **কোন বাক্যে কর্তায় এ বিভক্তির উদাহরণ দেওয়া হয়েছে?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ২৩]
ক. অন্ধজনে দেহ আলো খ. পাগলে কিনা বলে গ. বনে বাঘ থাকে ঘ. ফুলে ফুলে বাগান ভরা **উত্তর: খ**

৩৭. **'আমার যাওয়া হয়নি' এই বাক্যে 'আমার' কোন কারকে কোন বিভক্তি?** [১১তম শিক্ষক নিবন্ধন]
ক. কর্মে শূন্য খ. কর্তায় শূন্য গ. কর্তায় ষষ্ঠী ঘ. কর্মে ষষ্ঠী **উত্তর: খ**

৩৮. **'জল পড়ে পাতা নড়ে' এই বাক্যে 'জল' ও 'পাতা' কোন কারকে কোন বিভক্তি?** [১০ম শিক্ষক নিবন্ধন]
ক. কর্মে শূন্য খ. কর্তায় প্রথমা গ. কর্তায় ষষ্ঠী ঘ. কর্মে ষষ্ঠী **উত্তর: খ**

৩৯. **'গির্জায় গিয়ে যিশু ভজে সে' এখানে 'যিশু' কোন কারকে কোন বিভক্তি?** [এলজিইডি'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. কর্মে সপ্তমী খ. কর্মে দ্বিতীয়া গ. কর্মে শূন্য ঘ. কর্তায় শূন্য **উত্তর: গ**

৪০. **'পরীক্ষা এলেই তার চোখে জল ঝরে' বাক্যে 'পরীক্ষা' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৭]
ক. কর্মে শূন্য খ. কর্তায় শূন্য গ. অপাদানে পঞ্চমী ঘ. অধিকরণে ষষ্ঠী **উত্তর: ক**

৪১. **'ভাইয়ে ভাইয়ে বেশ মিল' বাক্যে 'ভাইয়ে ভাইয়ে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কর্তায় ১মা খ. কর্তায় ২য়া গ. কর্তায় ৭মী ঘ. কর্মে ২য়া **উত্তর: গ**

৪২. **'রাজায় রাজায় লড়াই করছে' এই বাক্যে 'রাজায় রাজায়' কী?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ২৩]
ক. প্রযোজক কর্তা খ. মুখ্য কর্তা গ. ব্যতিহার কর্তা ঘ. ণিজন্ত কর্তা **উত্তর: গ**

৪৩. **'সুখে থেকো এই দোয়া করি' কোন কারক?** [১৬তম প্রভাষক নিবন্ধন]
ক. অপাদান খ. কর্ম গ. অধিকরণ ঘ. করণ **উত্তর: খ**

৪৪. **যাকে উদ্দেশ্য করে ক্রিয়া সম্পাদিত হয় তাকে বলে -** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ১১]
ক. কর্তৃকারক খ. সম্প্রদান কারক গ. করণ কারক ঘ. কর্মকারক **উত্তর: ঘ**

৪৫. **'আমার গানের মালা আমি করব কারে দান' বাক্যে 'মালা' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. কর্তৃকারকে শূন্য খ. কর্মকারকে শূন্য গ. করণ কারকে শূন্য ঘ. অপাদান কারকে শূন্য **উত্তর: খ**

৪৬. **'আমার গানের মালা আমি করব কারে দান' এই বাক্যে 'কারে' শব্দটি কারক ও বিভক্তি কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৮]
ক. করণে সপ্তমী খ. অপাদানে সপ্তমী গ. কর্মে সপ্তমী ঘ. কর্তায় সপ্তমী **উত্তর: গ**

৪৭. 'আমাদের একটি গল্প বলুন' বাক্যে 'আমাদের' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. কর্মে ষষ্ঠী খ. কর্মে ২য়া গ. অপাদানে ৫মী ঘ. সম্প্রদানে ষষ্ঠী **উত্তর: ক**

৪৮. 'আমার ভাত খাওয়া হইলো না' কোন কারকে কোন বিভক্তি? [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১২]
ক. কর্মে সপ্তমী খ. করণে শূন্য গ. সম্প্রদানে শূন্য ঘ. কর্মে শূন্য **উত্তর: ঘ**

৪৯. 'এমন ছেলে আর দেখিনি' বাক্যে 'ছেলে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য **উত্তর: খ**

৫০. 'করিমকে রহিম গতকাল মেরেছে' বাক্যে কর্মকারক সূচক শব্দ কোনটি? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৬]
ক. রহিম খ. করিমকে গ. গতকাল ঘ. মেরেছে **উত্তর: খ**

৫১. 'কারক পড়ায় তারক ঠাকুর' এই বাক্যে 'কারক' কোন কারক? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কর্ম খ. সম্প্রদান গ. কর্তা ঘ. করণ **উত্তর: ক**

৫২. 'খালেদ বই পড়ে' / 'আমি বই পড়ি' বাক্যে 'বই' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. করণে শূন্য খ. অধিকরণে শূন্য গ. কর্মে শূন্য ঘ. অপাদানে শূন্য **উত্তর: গ**

৫৩. 'গুণহীনে ত্যাগ কর' বাক্যে 'গুণহীনে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. কর্মে ৭মী খ. অধিকরণে ৭মী গ. সম্প্রদানে ৭মী ঘ. অপাদানে ৭মী **উত্তর: ক**

৫৪. 'ঘোড়া গাড়ি টানে' কোন কারকে কোন বিভক্তি? [ডাক বিভাগের অফিস সহায়ক: ২২]
ক. করণে শূন্য খ. অধিকরণে শূন্য গ. কর্মে শূন্য ঘ. অপাদানে শূন্য **উত্তর: গ**

৫৫. 'চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে' এখানে 'চণ্ডালে' কোন কারকে কোন বিভক্তি? [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]
ক. কর্তৃকারকে ২য়া খ. অপাদানে সপ্তমী গ. কর্মে ৭মী ঘ. অধিকরণে ২য়া **উত্তর: গ**

৫৬. 'ছেলেরা ক্রিকেট খেলে' বাক্যে 'ক্রিকেট' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য **উত্তর: ক**

৫৭. 'জিজ্ঞাসিব জনে জনে' এই বাক্যে 'জনে জনে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. কর্তায় সপ্তমী খ. কর্মে সপ্তমী গ. করণে পঞ্চমী ঘ. অপাদানে সপ্তমী **উত্তর: খ**

৫৮. 'ডাক্তার ডাক' কোন কারকে কোন বিভক্তি? [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. কর্তৃকারকে শূন্য খ. কর্তৃকারকে দ্বিতীয়া গ. কর্মকারকে শূন্য ঘ. অপাদান কারকে শূন্য **উত্তর: গ**

৫৯. 'দোষী ছাত্রটিকে জরিমানা করা হয়েছে' এখানে 'ছাত্রটিকে' কোন কারকে কোন বিভক্তি? [১১তম প্রভাষক নিবন্ধন]
ক. কর্তায় দ্বিতীয়া খ. করণে দ্বিতীয়া গ. অধিকরণে দ্বিতীয়া ঘ. কর্মকারকে দ্বিতীয়া **উত্তর: ঘ**

৬০. 'প্রিয়জনে যাহা দিতে চাই তাই দিই দেবতারে' বাক্যে 'প্রিয়জনে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৭]
ক. অধিকরণে প্রথমা খ. কর্মে সপ্তমী গ. অপাদানে সমী ঘ. সম্প্রদানে সপ্তমী **উত্তর: খ**

৬১. 'রেখো মা দাসেরে মনে' এই বাক্যে 'দাসেরে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. করণে ২য়া খ. কর্মে ২য়া গ. অপাদানে ৩য়া ঘ. অধিকরণে ২য়া **উত্তর: খ**

৬২. 'রহিম ধোপাকে কাপড় ধুতে দিল' বাক্যে 'ধোপাকে' কোন কারক? [মাউশি অধিদপ্তরের উচ্চমান সহকারী: ১৩]
ক. কর্তৃকারক খ. কর্মকারক গ. সম্প্রদান কারক ঘ. অপাদান কারক **উত্তর: খ**

৬৩. 'সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা' এই বাক্যে 'ঔষধ' কোন কারকে কোন বিভক্তির উদাহরণ? [২৫তম বিসিএস]
ক. কর্মকারকে শূন্য খ. সম্প্রদানে সপ্তমী গ. অধিকরণে শূন্য ঘ. কর্তৃকারকে শূন্য **উত্তর: ক**

৬৪. 'সুখে থেকো, এই দোয়া করি' কোন কারক? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কর্তৃকারক খ. কর্মকারক গ. সম্প্রদান কারক ঘ. অপাদান কারক **উত্তর: খ**

৬৫. 'শুক্রবার স্কুল বন্ধ' বাক্যে 'স্কুল' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? / 'শুক্রবার বিদ্যালয় বন্ধ' বাক্যে 'বিদ্যালয়' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য **উত্তর: খ**

৬৬. 'শুধু বিঘে দুই ছিল মোর ভুই' এখানে 'ভুঁই' কোন কারকে কোন বিভক্তি? [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১২]
ক. কর্মে ৭মী খ. করণে শূন্য গ. কর্মে শুন্য ঘ. অধিকরণে শূন্য **উত্তর: গ**

৬৭. 'কষ্ট না করলে কেষ্ট মিলে না' বাক্যে 'কষ্ট' কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. কর্মে শূন্য খ. সম্প্রদানে সপ্তমী গ. অধিকরণে শূন্য ঘ. কর্তৃকারকে শূন্য **উত্তর: ক**

৬৮. কর্তা যা দ্বারা ক্রিয়া সম্পাদন করেন তাকে বলে - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. করণ কারক খ. কর্মকারক গ. অপাদান কারক ঘ. কর্তৃকারক **উত্তর: ক**
ব্যাখ্যা: করণ শব্দের অর্থ যন্ত্র, উপকরণ, সহায়ক বা উপায়। ক্রিয়া সম্পাদনের উপকরণ, সহায়ক বা উপায়কে করণ কারক বলে। বাক্যের ক্রিয়াকে 'কীসের সাহায্যে' বা 'কী উপায়ে' যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাই করণ কারক।

৬৯. কোনটি করণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. কালির দাগ সহজে ওঠে না খ. বুদ্ধি খাটিয়ে কাজ কর গ. দুধ থেকে দুই হয় ঘ. এ বছর খুব বন্যা হয়েছে **উত্তর: খ**

৭০. **নিচের কোন বাক্যে করণ কারকে শূন্য বিভক্তি ব্যবহৃত হয়েছে?** [১২তম বিসিএস]
ক. ঘোড়াকে চাবুক মার খ. ডাক্তার ডাক গ. গাড়ি স্টেশন ছেড়েছে ঘ. মুষলধারে বৃষ্টি পড়ছে **উত্তর: ক**

৭১. **'অল্প শোকে কাতর' বাক্যে 'শোকে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. কর্তৃকারকে ২য়া খ. করণ কারকে ৭মী গ. অপাদান কারকে ৭মী ঘ. অধিকরণ কারকে ৭মী **উত্তর: খ**

৭২. **'অহঙ্কার পতনের মূল' বাক্যে 'অহঙ্কার' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য **উত্তর: খ**

৭৩. **'আলোয় আঁধার কাটে' বাক্যে 'আলোয়' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. অধিকরণে ৭মী খ. করণে ৭মী গ. অপাদানে ৭মী ঘ. কর্তায় ৭মী **উত্তর: খ**

৭৪. **'আলোয় আঁধার দূর হয়' বাক্যে 'আলোয়' শব্দটি কোন কারকের উদাহরণ?** [মাউশি অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২৩]
ক. অপাদান খ. করণ গ. সম্প্রদান ঘ. অধিকরণ **উত্তর: খ**

৭৫. **'অণুতে গঠিত হিমাচল' কোন কারকে কোন বিভক্তি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. অধিকরণে ৭মী খ. করণে ৭মী গ. অপাদানে ৭মী ঘ. কর্তায় ৭মী **উত্তর: খ**

৭৬. **'আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়' বাক্যে 'ছলনে' কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৭]
ক. করণে সপ্তমী খ. অধিকরণে সপ্তমী গ. অপাদানে সপ্তমী ঘ. কর্মে সপ্তমী **উত্তর: ক**

৭৭. **'এ সাবানে কাপড় কাচা চলবে না' এখানে 'সাবানে' কোন কারকে কোন বিভক্তি?** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. কর্তায় প্রথমা খ. করণে প্রথমা গ. কর্মে সপ্তমী ঘ. করণে সপ্তমী **উত্তর: ঘ**

৭৮. **'এ পেন্সিলে ভালো লেখা হয়' এই বাক্যে 'পেন্সিলে' কোন কারকে কোন বিভক্তি?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহকারী: ১৯]
ক. অধিকরণে ৭মী খ. কর্মে ৭মী গ. অপাদানে ৭মী ঘ. করণে ৭মী **উত্তর: ঘ**

৭৯. **'এত শঠতা, এত যে ব্যথা, তবু যেন তা মধুতে মাখা' এই বাক্যে 'মধুতে' কোন কারক?** [৭ম বিজেএস]
ক. কর্মে সপ্তমী খ. অপাদানে সপ্তমী গ. করণে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী **উত্তর: গ**

৮০. **'কপোল ভাসিয়া গেল নয়নের জলে' বাক্যে 'জলে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [বিএসসি'র অফিসার: ২৩]
ক. কর্মে শূন্য খ. করণে ৭মী গ. অধিকরণে শূন্য ঘ. কর্মে ২য়া **উত্তর: খ**

৮১. **'কালির দাগ দাও' বাক্যে 'কালির' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. অধিকরণে শূন্য খ. অপাদানে শূন্য গ. করণে ষষ্ঠী ঘ. কর্মে ২য়া **উত্তর: গ**

৮২. **'কথা নয়, কাজে পরিচয়' বাক্যে 'কাজে' পদটির কারক কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. অধিকরণ খ. কর্ম গ. করণ ঘ. অপাদান **উত্তর: গ**

৮৩. **'ছেলেরা মাঠে বল খেলে' এখানে করণ কারক প্রকাশ করে কোনটি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৯]
ক. ছেলেরা খ. মাঠে গ. বল ঘ. খেলে **উত্তর: গ**

৮৪. **'ছেলেরা বল খেলে' কোন কারক? / 'ছাত্ররা বল খেলে' বাক্যে 'বল' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [বিএসএমএমইউ'র সিনিয়র স্টাফ নার্স: ০৬]
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য গ. অপাদানে পঞ্চমী ঘ. সম্প্রদানে শূন্য **উত্তর: খ**

৮৫. **'জগতে কীর্তিমান হও সাধনায়' বাক্যে 'সাধনায়' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. কর্তায় ৭মী খ. কর্মে ২য়া গ. অধিকরণে ৭মী ঘ. করণে ৭মী **উত্তর: ঘ**

৮৬. **'জ্ঞানে বিমল আনন্দ হয়' কোন কারক?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্টোর কিপার: ২১]
ক. কর্ম খ. করণ গ. অপাদান ঘ. সম্প্রদান **উত্তর: খ**

৮৭. **'টাকায় কি না হয়' বাক্যে 'টাকায়' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]
ক. অপাদানে ৭মী খ. কর্মে শূন্য গ. করণে ৭মী ঘ. কর্তায় ২য়া **উত্তর: গ**

৮৮. **'টাকায় অসাধ্য সাধন হয়' বাক্যে 'টাকায়' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. কর্মকারকে সপ্তমী খ. করণ কারকে সপ্তমী গ. অধিকরণ কারকে সপ্তমী ঘ. অপাদান কারকে সপ্তমী **উত্তর: খ**

৮৯. **'টাকায় সবই হয়' এখানে 'টাকায়' কোন কারকে কোন বিভক্তি?** [পায়রা বন্দরের অফিস সহায়ক: ২৩]
ক. কর্মে দ্বিতীয়া খ. সম্প্রদানে সপ্তমী গ. অপাদানে সপ্তমী ঘ. করণে সপ্তমী **উত্তর: ঘ**

৯০. **'টানে এক আঁক বক' বাক্যে 'টানে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [দুদকের সহকারী উপ-পরিদর্শক: ০৪]
ক. কর্মকারকে সপ্তমী খ. করণ কারকে সপ্তমী গ. অধিকরণ কারকে সপ্তমী ঘ. অপাদান কারকে সপ্তমী **উত্তর: খ**

৯১. **'তিনি চোখে দেখেন না' বাক্যে 'চোখে' কোন কারক?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. করণ কারক খ. অপাদান কারক গ. সম্প্রদান কারক ঘ. অধিকরণ কারক **উত্তর: ক**

৯২. **'তাহলে তুমি লাঠি খেলতে জান না' এখানে 'লাঠি' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৩]
ক. কর্তায় তৃতীয়া খ. কর্মে প্রথমা গ. করণে তৃতীয়া ঘ. করণে প্রথমা **উত্তর: ঘ**

৯৩. **'তিরিশ বছর ভিজায়ে রেখেছি দুই নয়নের জলে' এখানে 'জলে' শব্দটির কারক ও বিভক্তি কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. কর্মে শূন্য খ. করণে সপ্তমী গ. কর্মে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী **উত্তর: খ**

৯৪. **'নীল আকাশের নিচে আমি রাস্তা চলেছি একা' বাক্যে 'রাস্তা' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [এসএফডিএফ'র সহকারী হিসাবরক্ষক: ২৩]
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য গ. অপাদানে শূন্য ঘ. সম্প্রদানে শূন্য **উত্তর: খ**

৯৫. 'নৌকায় নদী পার হলাম' এখানে 'নৌকায়' কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. কর্মে ৭মী খ. করনে ৭মী গ. অধিকরণে ৫মী ঘ. সম্প্রদানে ৪র্থী **উত্তর: খ**

৯৬. 'ফুলে ফুলে ঘর ভরেছে' কোন কারকে কোন বিভক্তি? [এলজিইডি'র অফিস সহায়ক: ২৩]
ক. কর্মে প্রথমা খ. অপাদানে সপ্তমী গ. করণে সপ্তমী ঘ. করণে শুন্য **উত্তর: গ**

৯৭. 'ব্যায়ামে শরীর ভালো থাকে' বাক্যে 'ব্যায়ামে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. করণে ৭মী খ. কর্মে ৭মী গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী **উত্তর: ক**

৯৮. 'বগুড়ার চিনিপাতা দই সুস্বাদু' বাক্যটিতে 'চিনিপাতা' কোন কারক? [নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য কর্মকর্তা: ১৯]
ক. অধিকরণ খ. অপাদান গ. করণ ঘ. কর্ম **উত্তর: গ**

৯৯. 'বুদ্ধি খাটিয়ে কাজ কর' বাক্যে 'অহঙ্কার' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [সিজিএ কম্পিউটার অপারেটর: ২২]
ক. কর্মে শূন্য খ. করণে শূন্য গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য **উত্তর: খ**

১০০. 'বিদ্যুতে আলো হয়' বাক্যটিতে 'বিদ্যুতে' কোন কারক? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. অধিকরণ খ. অপাদান গ. করণ ঘ. কর্ম **উত্তর: গ**

১০১. 'বিষের জ্বালায় বিশ্বজুড়ে' এর কারক ও বিভক্তি কী? [সমবায় অধিদপ্তরের পরিদর্শক: ২৩]
ক. করণে ৭মী খ. কর্তায় শূন্য গ. অধিকরণে ৭মী ঘ. কর্মে ২য়া **উত্তর: ক**

১০২. 'মেঘে ঢাকা তারা দেখা যায় না' বাক্যটিতে 'মেঘে' কোন কারক? [নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য কর্মকর্তা: ১৯]
ক. করণ খ. অপাদান গ. অধিকরণ ঘ. কর্ম **উত্তর: ক**

১০৩. 'যখন পড়বে না মোর পায়ের চিহ্ন' কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. কর্মকারকে দ্বিতীয়া খ. করণ কারকে ষষ্ঠী গ. অপাদান কারকে ষষ্ঠী ঘ. অধিকরণ কারকে ষষ্ঠী **উত্তর: খ**

১০৪. 'রনি ফুটবল খেলে' বাক্যটিতে 'ফুটবল' কোন কারক? [বিটিভি'র বিজ্ঞাপন আধিকারিক: ০৬]
ক. অধিকরণ খ. অপাদান গ. করণ ঘ. কর্ম **উত্তর: গ**

১০৫. 'লাঠির ঘায়ে সাপটি মারা পড়ল' বাক্যে 'লাঠির' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৭]
ক. কর্তৃকারকে ষষ্ঠী খ. কর্মকারকে ষষ্ঠী গ. করণ কারকে ষষ্ঠী ঘ. অপাদান কারকে ষষ্ঠী **উত্তর: গ**

১০৬. 'শিকারি বিড়াল গোঁফে চেনা যায়' এই বাক্যে 'গোঁফে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [উপজেলা / থানা শিক্ষা অফিসার: ৯৬]
ক. করণে সপ্তমী খ. সম্প্রদানে সপ্তমী গ. অধিকরণে সপ্তমী ঘ. কর্মে সপ্তমী **উত্তর: ক**

১০৭. 'শরতে ধরাতল শিশিরে ঝলমল' এই বাক্যে 'শিশিরে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২৩]
ক. করণে সপ্তমী খ. সম্প্রদানে সপ্তমী গ. অধিকরণে সপ্তমী ঘ. কর্মে সপ্তমী **উত্তর: ক**

১০৮. কোনটি সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তির উদাহরণ? [১৬তম প্রভাষক নিবন্ধন]
ক. ভিক্ষা দাও দেখিলে ভিক্ষুক খ. ভিক্ষা দাও দুয়ারে ভিক্ষুক গ. ভিক্ষুককে ভিক্ষা দেয় ঘ. ভিক্ষুককে ভিক্ষা দাও **উত্তর: ঘ**
ব্যাখ্যা: সম্প্রদান অর্থ শর্ত ছাড়া কিছু উপহার দেওয়া বা দান করা। যাকে কোনো কিছু উপহার দেওয়া বা দান করা হলো তিনি সম্প্রদান কারক আর যা দেওয়া হলো তা কর্ম কারক।

১০৯. 'অন্ধজনে দয়া কর' কোন কারকে কোন বিভক্তি? [মাউশি অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]
ক. কর্মে সপ্তমী খ. কর্তায় সপ্তমী গ. কর্মে শূন্য ঘ. সম্প্রদানে সপ্তমী **উত্তর: ঘ**

১১০. 'অন্ধজনে দেহ আলো' এখানে 'অন্ধজনে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৩]
ক. কর্মে সপ্তমী খ. কর্তৃকারকে শূন্য গ. সম্প্রদানে সপ্তমী ঘ. করণে সপ্তমী **উত্তর: গ**

১১১. 'গুরুজনে ভক্তি কর' এখানে 'গুরুজনে' কোন কারক? / 'গুরুজনে কর শ্রদ্ধা' কোন কারক? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৩]
ক. কর্তৃকারক খ. করণ কারক গ. কর্মকারক ঘ. সম্প্রদান কারক **উত্তর: ঘ**

১১২. 'তোমার পূজার ছলে তোমায় ভুলেই থাকি' বাক্যে 'তোমার' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. সম্প্রদানে ৬ষ্ঠী খ. কর্মে ৭মী গ. সম্প্রদানে ৭মী ঘ. অপাদানে ৬ষ্ঠী **উত্তর: ক**

১১৩. 'দেবতার ধন কে যায় ফিরায়ে লয়ে' এই বাক্যে দেবতার পদটি – [প্রবাসী কল্যাণ ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. সম্প্রদানে ষষ্ঠী খ. সম্বন্ধে ষষ্ঠী গ. কর্মে ষষ্ঠী ঘ. কর্তায় ষষ্ঠী **উত্তর: ক**

১১৪. 'পলাতক দাসে দাও স্বাধীনতা' এখানে 'দাসে' কোন কারকে কোন বিভক্তি? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. করণে সপ্তমী খ. কর্মে সপ্তমী গ. অধিকরণে পঞ্চমী ঘ. সম্প্রদানে সপ্তমী **উত্তর: ঘ**

১১৫. 'ভিখারিকে ভিক্ষা দাও' কোন কারকে কোন বিভক্তি? [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. অপাদানে ৪র্থী খ. কর্মে ৪র্থী গ. সম্প্রদানে ৪র্থী ঘ. অধিকরণে ৪র্থী **উত্তর: গ**

১১৬. 'গৃহহীনে গৃহ দাও' এখানে 'গৃহহীনে' কোন কারক? [এলজিইডি'র হিসাব সহকারী: ২১]
ক. কর্তৃকারক খ. করণ কারক গ. কর্মকারক ঘ. সম্প্রদান কারক **উত্তর: ঘ**

১১৭. 'দেশের জন্য প্রাণ দাও' কোন কারক? / 'দেশের জন্য সেবা কর' এখানে 'দেশের' কোন কারকে কোন বিভক্তি? [এলজিইডি'র হিসাব সহকারী: ২১]
ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য গ. কর্মে ষষ্ঠী ঘ. সম্প্রদানে ষষ্ঠী **উত্তর: ঘ**

১১৮. 'শিক্ষককে শ্রদ্ধা কর' কোন কারকে কোন বিভক্তি? [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১২]
ক. সম্প্রদানে ২য়া খ. কর্মে ৭মী গ. সম্প্রদানে ৭মী ঘ. অপাদানে ২য়া **উত্তর: ক**

১১৯. **কোনটি অপাদান কারক?** [৩৯তম বিসিএস]
ক. জিজ্ঞাসিব জনে জনে খ. ট্রেন স্টেশন ছেড়েছে গ. বনে বাঘ আছে ঘ. গৃহহীনে গৃহ দাও **উত্তর: খ**
ব্যাখ্যা: অপাদান শব্দের অর্থ উৎপন্ন বা বিচ্যুত। যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয় তাকে অপাদান কারক বলে। যার থেকে কোনো কিছু তৈরি, সৃষ্টি, জন্ম বা উৎপন্ন হওয়া বুঝায় সেটা অপাদান কারক। আর যা তৈরি, সৃষ্টি, জন্ম বা উৎপন্ন হলো তা কর্মকারক।

১২০. **'আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে?' বাক্যে 'রাঘবে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. কর্মে ২য়া খ. অপাদানে ৭মী গ. করণে ৭মী ঘ. অপাদানে ৫মী **উত্তর: খ**

১২১. **'কালো মেঘ থেকে বৃষ্টি হয়' এই বাক্যের 'মেঘ থেকে' কোন কারক? / 'কাল মেঘে বৃষ্টি হয়' এখানে 'মেঘে' শব্দটি কোন কারক?** [তুলা উন্নয়ন বোর্ডের তুলা উন্নয়ন কর্মকর্তা: ০৬]
ক. কর্তৃকারক খ. কর্মকারক গ. অপাদান ঘ. অধিকরণ **উত্তর: গ**

১২২. **'গাড়ী স্টেশন ছাড়ল' বাক্যে 'স্টেশন' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [১২তম প্রভাষক নিবন্ধন]
ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য গ. অপাদানে শূন্য ঘ. অধিকরণে শূন্য **উত্তর: গ**

১২৩. **'গাছ থেকে ফল পড়ে' কোন কারক?** [ইসলামী ব্যাংকের ফিল্ড অফিসার: ২২]
ক. অপাদান খ. করণ গ. অধিকরণ ঘ. সম্প্রদান **উত্তর: ক**

১২৪. **'গাছ হতে ফলটি পড়ল' বাক্যে কোন কারকে কোন বিভক্তি?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৮]
ক. কতায় শূন্য খ. কর্মে শূন্য গ. অপাদানে ৫মী ঘ. অধিকরণে শূন্য **উত্তর: গ**

১২৫. **'ছাদ থেকে পানি পড়ে' কোন কারকে কোন বিভক্তি?** [সিজিএ কার্যালয়ের জুনিয়র অডিটর: ২২]
ক. কতায় শূন্য খ. কর্মে শূন্য গ. অপাদানে ৫মী ঘ. অধিকরণে শূন্য **উত্তর: গ**

১২৬. **'ঝিনুক থেকে মুক্তা মেলে' এখানে 'ঝিনুক' কোন কারক?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. অপাদান কারক খ. সম্প্রদান কারক গ. কর্ম কারক ঘ. অধিকরণ কারক **উত্তর: ক**

১২৭. **'টাকায় টাকা হয়' বাক্যে 'টাকায়' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কর্তায় ৭মী খ. করণে ৭মী গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী **উত্তর: গ**

১২৮. **'তার চোখ দিয়ে পানি পড়ে' বাক্যে 'চোখ দিয়ে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কর্মে ৩য়া খ. করণে ৩য়া গ. অপাদানে ৩য়া ঘ. অধিকরণে ৩য়া **উত্তর: গ**

১২৯. **'তিলে তৈল হয়' বাক্যে 'তিলে' কোন কারকে কোন বিভক্তি?** [সমবায় অধিদপ্তরের ক্যাশিয়ার: ২৩]
ক. কর্তৃকারকে প্রথমা খ. অপাদানে সপ্তমী গ. সম্প্রদানে চতুর্থী ঘ. অধিকরণে সপ্তমী **উত্তর: খ**

১৩০. **'পরাজয়ে ডরে না বীর' বাক্যে 'পরাজয়ে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কর্মে ২য়া খ. করণে ৭মী গ. অপাদানে ৫মী ঘ. অপাদানে ৭মী **উত্তর: ঘ**

১৩১. **'পাপে বিরত হও' এখানে 'পাপে' কোন কারকে কোন বিভক্তি?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. কর্মকারকে তৃতীয়া খ. অপাদান কারকে শূন্য গ. অপাদান কারকে সপ্তমী ঘ. অধিকরণ কারকে সপ্তমী **উত্তর: গ**

১৩২. **'বিপদে মোরে রক্ষা কর এ নহে মোর প্রার্থনা' বাক্যে 'বিপদে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৭]
ক. করণে সপ্তমী খ. অপাদানে পঞ্চমী গ. অপাদানে সপ্তমী ঘ. কর্তায় শূন্য **উত্তর: গ**

১৩৩. **'বাদলের ধারা ঝরে ঝর ঝর' এখানে 'বাদলের' পদটির কারক ও বিভক্তি কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৫]
ক. কর্মে ২য়া খ. করণে ৭মী গ. অপাদানে ৫মী ঘ. অপাদানে ৬ষ্ঠী **উত্তর: ঘ**

১৩৪. **'বেলা যে পড়ে এলো জলকে চল' এখানে 'জলকে' কোন কারকে কোন বিভক্তি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]
ক. করণে ৭মী খ. নিমিত্তার্থে ৪র্থ গ. কর্মে ২য়া ঘ. সম্প্রদানে ৪র্থ **উত্তর: খ**

১৩৫. **'বাবাকে বড্ড ভয় পাই' এখানে 'বাবাকে' শব্দটি কোন কারক ও বিভক্তি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৯]
ক. কর্মে ২য়া খ. অপাদানে ২য়া গ. কর্মে ৪র্থী ঘ. অপাদানে ৫মী **উত্তর: খ**

১৩৬. **'ভূতকে আবার কিসের ভয়' বাক্যে 'ভূতকে' শব্দের কারক ও বিভক্তি নির্ণয় করুন।** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. কালাধিকরণে ২য়া বিভক্তি খ. ভাবাধিকরণে ২য়া বিভক্তি গ. অপাদানে ২য়া বিভক্তি ঘ. কর্মে ২য়া বিভক্তি **উত্তর: গ**

১৩৭. **'মেঘে বৃষ্টি হয়' এখানে 'মেঘে' কোন কারক?** [জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরে ব্যক্তিগত সহকারী: ১৩]
ক. অধিকরণ খ. অপাদান গ. করণ ঘ. কর্ম **উত্তর: খ**

১৩৮. **'মনে পড়ে সেই জ্যৈষ্ঠের দুপুরে পাঠশালা পলায়ন' বাক্যে 'পাঠশালা' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৯]
ক. অপাদানে ষষ্ঠী খ. কর্মে ষষ্ঠী গ. অপাদানে শূন্য ঘ. করণে শূন্য **উত্তর: গ**

১৩৯. **'যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্যা হয়' বাক্যে 'বাঘের' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. অপাদানে ষষ্ঠী খ. কর্মে ষষ্ঠী গ. অপাদানে সপ্তমী ঘ. করণে শূন্য **উত্তর: ক**

১৪০. **'লোভে পাপ পাপে মৃত্যু' বাক্যের নিম্নরেখ পদের কারক নির্ণয় করুন।** [১০ম প্রভাষক নিবন্ধন]
ক. কর্মকারকে ৭মী খ. সম্প্রদান কারকে ৭মী গ. অপাদান কারকে ৭মী ঘ. অধিকরণ কারকে ৭মী **উত্তর: গ**

১৪১. **'সব ঝিনুকে মুক্তা মিলে না' বাক্যে 'ঝিনুকে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [নির্বাচন কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. কর্তায় দ্বিতীয়া খ. অপাদানে ৭মী গ. কর্মে দ্বিতীয়া ঘ. অধিকরণে ৭মী **উত্তর: খ**

১৪২. 'স্কুল পালিয়ে রবীন্দ্রনাথ হওয়া যায় না' এখানে 'স্কুল' কোন কারকে কোন বিভক্তি? [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ১৩]
ক. কর্তায় শূন্য খ. অপাদানে শূন্য গ. করণে শূন্য ঘ. অধিকরণে শূন্য **উত্তর: খ**

১৪৩. 'সাদা মেঘে বৃষ্টি হয় না' এখানে 'মেঘে' কোন কারক? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কর্ম কারক খ. অপাদান কারক গ. সম্প্রদান কারক ঘ. অধিকরণ কারক **উত্তর: খ**

১৪৪. 'সেখানে বাঘের ভয় নেই' বাক্যে 'বাঘের' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]
ক. কর্মে ৬ষ্ঠী খ. কর্তৃকারকে ৬ষ্ঠী গ. অপাদানে ৬ষ্ঠী ঘ. অধিকরণে ৬ষ্ঠী **উত্তর: গ**

১৪৫. 'সেই সুমধুর স্তব্ধ দুপুর, পাঠশালা পলায়ন' এখানে 'পাঠশালা পলায়ন' কোন কারকের উদাহরণ? [রূপালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. কর্মকারক খ. অধিকরণ কারক গ. অপাদান কারক ঘ. একটিও নয় **উত্তর: গ**

১৪৬. অধিকরণ কারক কত প্রকার? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৪]
ক. দুই প্রকার খ. তিন প্রকার গ. চার প্রকার ঘ. পাঁচ প্রকার **উত্তর: খ**
ব্যাখ্যা: ক্রিয়া সম্পাদনের কাল বা সময় এবং স্থানকে অধিকরণ কারক বলে।

১৪৭. সামীপ্য অর্থ কোন অধিকরণ হয়? [১৪তম শিক্ষক নিবন্ধন]
ক. অভিব্যাপক খ. আধারাধিকরণ গ. ঐকদেশিক ঘ. কালাধিকরণ **উত্তর: গ**

১৪৮. অধিকরণ কারকের উদাহরণ কোনটি? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. তিলে তৈল আছে খ. দুধ থেকে ঘি হয় গ. তিল থেকে তেল হয় ঘ. মেঘ থেকে বৃষ্টি হয় **উত্তর: ক**

১৪৯. অধিকরণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. আমার আহারে রুচি নাই খ. আগামীকাল বাড়ি যাব গ. আকাশ মেঘে আচ্ছন্ন ঘ. কাজে অবসর নিলাম **উত্তর: খ**

১৫০. অধিকরণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি? [বিএসসি'র অফিসার: ২২]
ক. সারারাত বৃষ্টি ছিল খ. ভোরে সূর্য উঠে গ. বাড়ী থেকে নদী দেখা যায় ঘ. সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু **উত্তর: ক**

১৫১. অধিকরণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ আছে কোন বাক্যটিতে? [২৪তম বিসিএস]
ক. ডানার রৌদ্রের গন্ধ মুছে ফেলে চিল খ. ফুলের গন্ধে ঘুম আসে না একলা জেগে রই
গ. কাজের পরিচয় ফলে বোঝা যায় ঘ. আকাশে তো আমি রাখি নাই মোর উড়িবার ইতিহাস **উত্তর: ঘ**

১৫২. ভাবাধিকরণের উদাহরণ কোনটি সঠিক? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৮৯]
ক. বাড়ি থেকে নদী দেখা যায় খ. আমি ঢাকায় যাই গ. তিলে তৈল আছে ঘ. সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয় **উত্তর: ঘ**

১৫৩. 'আজকে নগদ কালকে ধার' বাক্যে 'আজকে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. অপাদানে ২য়া খ. অধিকরণে ২য়া গ. কর্মে শূন্য ঘ. করণে ২য়া **উত্তর: খ**

১৫৪. 'আষাঢ়ে বৃষ্টি নামে' বাক্যে 'আষাঢ়ে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী **উত্তর: ঘ**

১৫৫. 'আয়ু যেন পদ্ম পাতায় নীর' এই বাক্যে বাক্যে 'পদ্ম পাতায়' কোন কারক? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. কর্মকারক খ. করণকারক গ. অপাদান কারক ঘ. অধিকরণ কারক **উত্তর: ঘ**

১৫৬. 'আমরা স্বাধীন বাংলাদেশের নাগরিক' এই বাক্যে 'বাংলাদেশের' কোন কারক? / 'আমরা স্বাধীন বাংলাদেশের নাগরিক' এখানে 'বাংলাদেশের' কোন কারকে কোন বিভক্তি? [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ১০]
ক. কর্মে ৬ষ্ঠী খ. করণে শূন্য গ. অধিকরণে ৬ষ্ঠী ঘ. করণে সপ্তমী **উত্তর: গ**

১৫৭. 'আকাশে চাঁদ উঠেছে' এখানে 'আকাশে' কোন প্রকারের অধিকরণ? [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. ভাবাধিকরণ খ. ঐকদেশিক অধিকরণ গ. কালাধিকরণ ঘ. বৈষয়িক অধিকরণ **উত্তর: খ**

১৫৮. 'আকাশে চাঁদ উঠেছে' এখানে 'আকাশে' কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. অধিকরণে সপ্তমী খ. সম্প্রদানে চতুর্থী গ. করণে ষষ্ঠী ঘ. কর্মে শুন্য **উত্তর: ক**

১৫৯. 'আজকে তোমায় দেখতে এলাম জগৎ আলো নূরজাহান' এই বাক্যে 'আজকে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ১৯
ক. করণে ৫মী খ. অধিকরণে ২য়া গ. অপাদানে ২য় ঘ. কর্মে ১মা **উত্তর: খ**

১৬০. 'আমি ঢাকা যাব' এখানে 'ঢাকা' কোন কারক? [ডদকের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]
ক. কর্ম খ. করণ গ. অপাদান ঘ. অধিকরণ **উত্তর: ঘ**

১৬১. 'আকাশে তো আমি রাখিনাই মোর উড়িবার ইতিহাস' এই বাক্যে 'আকাশে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [২৪তম বিসিএস]
ক. কর্তৃকারকে সপ্তমী খ. কর্মকারকে সপ্তমী গ. অপাদান কারকে তৃতীয়া ঘ. অধিকরণ কারকে সপ্তমী **উত্তর: ঘ**

১৬২. 'একদিন পাপের ফল ফলবে' কোন কারকে কোন বিভক্তি? [বিএসসি'র অফিসার (ক্যাশ): ১৯]
ক. অধিকরণে শূন্য খ. সম্প্রদানে চতুর্থী গ. করণে ষষ্ঠী ঘ. কর্মে শুন্য **উত্তর: ক**

১৬৩. 'এ যুদ্ধে বাঁধা দিয়ো না' কোন কারকে কোন বিভক্তি? / 'এ দেহে প্রাণ নেই' বাক্যের 'দেহে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২৩]
ক. অধিকরণে ৭মী খ. অপাদানে ৭মী গ. করণে ৭মী ঘ. কর্তৃকারকে ৭মী **উত্তর: ক**

১৬৪. 'কাননে কুসুম কলি সকলি ফুটিল' এই বাক্যে 'কাননে' কোন কারকে কোন বিভক্তি? [বিএসসি'র অফিসার: ২২]
ক. কর্মে সপ্তমী খ. করণে শূন্য গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী **উত্তর: ঘ**

১৬৫. **'কান্নায় শোক কমে' বাক্যে 'কান্নায়' কোন কারক?** [বিআরইবি'র মিটার রিডার: ২৩]
ক. করণ কারক খ. অপাদান কারক গ. সম্প্রদান কারক ঘ. অধিকরণ কারক **উত্তর: ঘ**

১৬৬. **'খনিতে সোনা পাওয়া যায়' বাক্যে 'খনিতে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. করণে ৭মী খ. কর্মে ৭মী গ. অধিকরণে ৭মী ঘ. কর্তায় ৭মী **উত্তর: গ**

১৬৭. **'খিলিপান দিয়ে ঔষধ খাবে' বাক্যে 'খিলিপান দিয়ে' কোন কারকে কোন বিভক্তি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিপাই: ২১]
ক. অধিকরণে পঞ্চমী খ. অপাদানে পঞ্চমী গ. করণে তৃতীয়া ঘ. অধিকরণে তৃতীয়া **উত্তর: ঘ**

১৬৮. **'ঘরেতে ভ্রমর এল গুণগুণিয়ে' এখানে 'ঘরেতে' কোন কারকে কোন বিভক্তি?** [অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৫]
ক. অধিকরণে পঞ্চমী খ. অপাদানে পঞ্চমী গ. করণে তৃতীয়া ঘ. অধিকরণে সপ্তমী **উত্তর: ঘ**

১৬৯. **'ছাদ থেকে চাঁদ দেখা যায়' এই বাক্যে 'ছাদ থেকে' কোন কারকে কোন বিভক্তি? / 'ছাদ থেকে নদী দেখা যায়' এই বাক্যে 'ছাদ থেকে' কোন কারকে কোন বিভক্তি?** [এলজিইডি'র কমিউনিটি অর্গানাইজার: ২৩]
ক. কর্মে সপ্তমী খ. করণে শূন্য গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে পঞ্চমী **উত্তর: ঘ**

১৭০. **'তিনি ব্যাকরণে পন্ডিত' বাক্যে 'ব্যাকরণে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? / 'রাজীব বাংলা ব্যাকরণে ভালো' এটি কোন কারক?** [এনএসআই'র ফিল্ড অফিসার: ২৩]
ক. করণে ৭মী দ্রুখ. কর্মে ৭মী গ. অধিকরণে ৭মী ঘ. অপাদানে ৭মী **উত্তর: গ**

১৭১. **'তিনি বাড়ী নেই' এখানে 'বাড়ী' কোন কারক?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট: ১৯]
ক. অধিকরণে শূন্য খ. অধিকরণে ৭মী গ. অপাদানে ৭মী ঘ. কর্মে শূন্য **উত্তর: ক**

১৭২. **'ধর্মে তোমার মতি হোক' বাক্যে 'ধর্মে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. করণে সপ্তমী খ. কর্মে সপ্তমী গ. কর্তৃকারকে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী **উত্তর: ঘ**

১৭৩. **'নদীর মাছ সুস্বাদু' বাক্যে 'নদীর' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কর্তায় ৬ষ্ঠী খ. কর্মে ৬ষ্ঠী গ. অধিকরণে ৬ষ্ঠী ঘ. অপাদানে ৬ষ্ঠী **উত্তর: গ**

১৭৪. **'নেহাল অঙ্কে খুব কাঁচা' বাক্যে 'অঙ্কে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. কর্মে ৭মী খ. করণে ৭মী গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী **উত্তর: ঘ**

১৭৫. **'নৌকা ঘাটে বাধা' বাক্যে 'ঘাটে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [গণপূর্ত অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. কর্তায় ৬ষ্ঠী খ. কর্মে ৬ষ্ঠী গ. অধিকরণে ৭মী ঘ. অপাদানে ৬ষ্ঠী **উত্তর: গ**

১৭৬. **'পড়াশোনায় মন দাও' বাক্যে 'পড়াশোনায়' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. কর্তায় ৭মী খ. কর্মে ৭মী গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী **উত্তর: ঘ**

১৭৭. **'পাতায় পাতায় পড়ে নিশির শিশির' এখানে 'পাতায় পাতায়' কোন কারকে কোন বিভক্তি?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৯]
ক. অধিকরণে ষষ্ঠী খ. অধিকরণে ৭মী গ. অপাদানে ষষ্ঠী ঘ. অপাদানে ৭মী **উত্তর: খ**

১৭৮. **'পৃথিবীতে কে কাহার?' এই বাক্যে 'পৃথিবীতে' পদটি কোন কারকে কোন বিভক্তি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. অপাদানে পঞ্চমী খ. কর্মে দ্বিতীয়া গ. অধিকরণে সপ্তমী ঘ. করণে তৃতীয়া **উত্তর: গ**

১৭৯. **'পুকুরে মাছ আছে' বাক্যে 'পুকুরে' কোন কারকে কোন বিভক্তি? / 'তিলে তৈল আছে' কোন কারকে কোন বিভক্তি? / 'বনে বাঘ আছে' কোন কারকে কোন বিভক্তি? / 'সমুদ্রে মাছ আছে' বাক্যে 'সমুদ্রে' কোন কারকে কোন বিভক্তি?** [এলজিইডি'র সার্ভেয়ার: ২৩]
ক. করণে সপ্তমী খ. কর্তায় সপ্তমী গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী **উত্তর: ঘ**

১৮০. **'পড়ায় আমার মন বসে না' এখানে 'পড়ায়' কোন কারকে কোন বিভক্তি?** [১৩ম প্রভাষক নিবন্ধন]
ক. কর্মকারকে ৭মী খ. অধিকরণ কারকে ৭মী গ. অপাদান কারকে ৭মী ঘ. করণ কারকে ৭মী **উত্তর: খ**

১৮১. **'পরের দিন উৎসব' বাক্যে মাঝের শব্দটি কোন কারকের উদাহরণ?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. কর্ম কারক খ. অধিকরণ কারক গ. সম্প্রদান কারক ঘ. করণ কারক **উত্তর: খ**

১৮২. **'বাবা বাড়ি নেই' বাক্যটিতে 'বাড়ি' কোন কারকে কোন বিভক্তি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]
ক. কর্মে শূন্য খ. কর্তৃকারকে শূন্য গ. অধিকরণে শূন্য ঘ. অপাদানে শূন্য **উত্তর: গ**

১৮৩. **'বাড়ি থেকে নদী দেখা যায়' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [পল্লী সঞ্চয় ব্যাংকের ক্যাশ সহকারী: ১৮]
ক. কর্তায় সপ্তমী খ. অধিকরণে পঞ্চমী গ. কর্মে দ্বিতীয়া ঘ. অপাদানে শূন্য **উত্তর: খ**

১৮৪. **'ভোরবেলা সঞ্জীবের ঘুম ভেঙ্গে গেল' এখানে 'ভোরবেলা' কোন কারকে কোন বিভক্তি?** [বিএডিসি'র হিসাব সহকারী: ১৯]
ক. কর্তৃকারকে ৭মী খ. করণে ৭মী গ. অধিকরণে ৭মী ঘ. অপাদানে ৭মী **উত্তর: গ**

১৮৫. **'মাঠে ধান ফলেছে' বাক্যে 'মাঠে' কোন কারক?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. ভাবাধিকরণ খ. বিষয়াধিকরণ গ. কালাধিকরণ ঘ. স্থানাধিকরণ **উত্তর: ঘ**

১৮৬. **'রাজার দুয়ারে হাতি বাঁধা' কোন কারকের উদাহরণ?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]
ক. করণ খ. সম্প্রদান গ. অপাদান ঘ. অধিকরণ **উত্তর: ঘ**

১৮৭. **'রাজার দুয়ারে হাতি বাঁধা' এখানে 'দুয়ারে' পদটি কোন কারক?** [আইসিবি ব্যাংকের অফিসার: ১১]
ক. ঐক্যদেশিক খ. অভিব্যাপক গ. কালাধিকরণ ঘ. বৈষয়িক **উত্তর: ক**

১৮৮. **'রহিম বিজ্ঞানে ভালো' এই বাক্যে 'বিজ্ঞানে' কোন কারক?** [পুবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ০১]
ক. অপাদান খ. করণ গ. সম্প্রদান ঘ. অধিকরণ **উত্তর: ঘ**

১৮৯. 'রাতে তারা দেখা যায়' এই বাক্যে 'রাতে' কোন কারকে কোন বিভক্তি? [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]
ক. অপাদানে ৭মী খ. কর্তায় ৭মী গ. অধিকরণে ৭মী ঘ. কর্মে ৭মী **উত্তর: গ**

১৯০. 'রোববার স্কুল বন্ধ' এখানে 'রোববার' কোন কারকে কোন বিভক্তি? [নিপোর্টের কম্পিউটার অপারেটর: ১৮]
ক. কর্তায় শূন্য খ. অপাদানে শূন্য গ. অধিকরণে শূন্য ঘ. কর্মে শূন্য **উত্তর: গ**

১৯১. 'সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা' এখানে 'সর্বাঙ্গে' কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. কর্তায় ৭মী খ. অপাদানে তৃতীয়া গ. অধিকরণে তৃতীয়া ঘ. অধিকরণে সপ্তমী **উত্তর: ঘ**

১৯২. 'সাগরের গভীরে আছে এক বিচিত্র রাজ্য' এখানে 'গভীরে' কোন কারক? [বিএনসিসি'র অফিস সহকারী: ২১]
ক. অধিকরণ খ. করণ গ. সম্প্রদান ঘ. অপাদান **উত্তর: ক**

ক. জিগীষা খ. জয়োৎসব গ. জয়তিথি ঘ. জিজ্ঞাসা **উত্তর: ক**

৯৩. **'জয় সূচনা করে এরূপ তিথি' এক কথায়** – [বাংলাদেশ রেলওয়ের সহকারী সার্জন: ০৫]
ক. শুভ তিথি খ. জয়োৎসব গ. জয়তিথি ঘ. জয়ন্তী **উত্তর: ক**

৯৪. **'জানতে না পারে এরূপভাবে' এক কথায়** – [জাবি: ১৯-২০]
ক. অজানা খ. জ্ঞাতার্থে গ. অজান্তে ঘ. অজ্ঞাতসারে **উত্তর: ঘ**

৯৫. **'জানা উচিত' এক কথায়** – [বাখরাবাদ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. জিজ্ঞাসা খ. জ্ঞাতব্য গ. আদম্য ঘ. জ্ঞানচীত **উত্তর: খ**

৯৬. **'জানা যায়নি যা' এক কথায়** – [মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. অজ্ঞেয় খ. জ্ঞাতব্য গ. জ্ঞেয় ঘ. জ্ঞাতা **উত্তর: ক**

৯৭. **'টঙ্কার' শব্দের সম্প্রসারিত বাক্য কোনটি?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. ট্যাংকের শব্দ খ. ধনুষ্টংকার রোগী গ. ধনুকের ছিলার শব্দ ঘ. ধাতব টাকার শব্দ **উত্তর: গ**

৯৮. **ডায়মন্ড জুবিলি কত বছরে অনুষ্ঠিত হয়?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০০]
ক. ৫০ বছর খ. ৬০ বছর গ. ৮০ বছর ঘ. ৭৫ বছর **উত্তর: খ**

৯৯. **'তিতিক্ষা' শব্দ দ্বারা বুঝায় –** [নির্বাচন কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. লাভ করার ইচ্ছা খ. গমন করার ইচ্ছা গ. ক্ষমা করার ইচ্ছা ঘ. ত্যাগ করার ইচ্ছা **উত্তর: গ**

১০০. **'তুলার তৈরি' কে এক কথায় কী বলে?** [জবি: ১৩-১৪]
ক. তুলোট খ. তুলটে গ. তুলতুলে ঘ. তুলার মতো **উত্তর: ক**

১০১. **'তিন মোহনার মিলন যেখানে' কে এক কথায় কী বলে?** [ইসলামী ব্যাংকের অফিসার: ১৩]
ক. তিন মোহনা খ. ত্রয়ী গ. ত্রিমোহনা ঘ. তেমোহনা **উত্তর: ঘ**

১০২. **'দেখবার ইচ্ছা' কে এক কথায় কী বলে?** [বাংলাদেশ কৃষি ব্যাংকের অফিসার: ১৬]
ক. বিবক্ষা খ. তিতিক্ষা গ. দীক্ষা ঘ. দিদৃক্ষা **উত্তর: ঘ**

১০৩. **'দান করার ইচ্ছা' কে এক কথায় কী বলে?** [বাংলাদেশ রেলওয়ের ওয়েম্যান: ২৩]
ক. দিৎসা খ. দিসা গ. দানবীর ঘ. দোসা **উত্তর: ক**

১০৪. **'দিন ও রাতের সন্ধিক্ষণ' / 'দিনের আলো ও সন্ধ্যার আলোর মিলন' কে এক কথায় কী বলে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২৩]
ক.পূর্বাহ্ন খ. সায়াহ্ন গ. গোধূলি ঘ. অপরাহ্ন **উত্তর: গ**

১০৫. **'দিনের শেষভাগ' / 'দিবসের শেষ ভাগ' এক কথায় কী হবে?** [এলজিইডি'র সার্ভেয়ার: ২৩]
ক. অপরাহ্ন খ. পূর্বাহ্ন গ. অপরাহ্ণ ঘ. মধ্যাহ্ন **উত্তর: গ**

১০৬. **'দান গ্রহণ করা উচিত নয় যার থেকে' এক কথায় –** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৬]
ক. অচ্ছুত খ. অপ্রতিগৃহ্য গ. দুহ্য ঘ. অবাচী **উত্তর: খ**

১০৭. **'দীপ্তি পাচ্ছে এমন' এক কথায় কী হবে?** [১১তম শিক্ষক নিবন্ধন]
ক. দ্বীপ্যমান খ. দীপ্তিমান গ. দীপ্যমান ঘ. দেদীপ্যমান **উত্তর: গ**

১০৮. **'দ্বারে থাকে যে' এক কথায় কী হবে?** [বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক: ১১]
ক. দ্বাররক্ষী খ. দৌবারিক গ. দ্বারিকা ঘ. দারোয়ান **উত্তর: খ**

১০৯. **'দুইয়ের মধ্যে একটি' এর এক কথায় প্রকাশ কী হবে?** [বিএডিসি'র হিসাব সহকারী: ১৯]
ক. অন্যতর খ. অন্যতম গ. দোয়াতি ঘ. দৌবারিক **উত্তর: ক**

১১০. **'দুইবার জন্মে যা' এর বাক্য সংকোচন কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. দ্বিজন্মা খ. পুনর্জন্মা গ. দ্বৈত জন্মা ঘ. দ্বিজ **উত্তর: ঘ**

১১১. **'দিতে হবে' কে এক কথায় কী বলে?** [ক্রীড়া পরিদপ্তরের অফিস সহকারী: ১১]
ক. ভূতপূর্ব খ. দেয় গ. জিতন্দ্রি ঘ. অনলান্ত **উত্তর: খ**

১১২. **'দেহের বয়স অনুযায়ী মনের বয়স না বাড়লে' তাকে এক কথায় কী বলে?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৫]
ক. শারীরিক প্রতিবন্ধী খ. মনোবিকারগ্রস্ত গ. মানসিক রোগী ঘ. বুদ্ধিপ্রতিবন্ধী **উত্তর: ঘ**

১১৩. **'দেবতা থেকে উৎপন্ন' কে এক কথায় কী বলে?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. দৈবিক খ. দৈবাগত গ. আধিদৈবিক ঘ. অধিদৈবিক **উত্তর: গ**

১১৪. **'ধূলার মতো রঙ যার' এক কথায় প্রকাশ কী হবে?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১২]
ক. পাংশুল খ. ধূসর গ. আরক্ত ঘ. পীত **উত্তর: ক**

১১৫. **'নিজের দ্বারা অর্জিত' এক কথায় –** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৪]
ক. স্বকীয় খ. স্বর্জিত গ. স্বোপার্জিত ঘ. আত্মোর্জিত **উত্তর: গ**

১১৬. **'নিজেকে যে নিজেই সৃষ্টি করেছে' এক কথায় –** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. স্বয়ম্ভু খ. জগদ্ধাত্রী গ. যুধিষ্ঠির ঘ. রবাহূত **উত্তর: ক**

১১৭. **'নাদ' শব্দের অর্থ কী?** [১৩তম প্রভাষক নিবন্ধন]
ক. মেঘের ডাক খ. বাঘের ডাক গ. সিংহের ডাক ঘ. ময়ূরের ডাক **উত্তর: গ**

১১৮. **'নূপুরের ধ্বনি' এক কথায় কী বলে?** [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২৩]
ক. শিঞ্জন খ. রুমঝুম গ. ঝংকার ঘ. নিক্বণ **উত্তর: ঘ**

১১৯. **'নির্মোক' কোন শব্দগুচ্ছের সংকুচিত রূপ?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৯]
ক. পশুর খোলস খ. নির্মোহ লোক গ. নিমোক রাখার পাত্র ঘ. সাপের খোলস **উত্তর: ঘ**

১২০. **'নষ্ট হওয়া স্বভাব যার' তাকে কী বলে? / 'যা চিরস্থায়ী নয়' এক কথায় –** [২৫তম বিসিএস]
ক. নষ্ট স্বভাব খ. ফেলনা গ. নশ্বর ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

১২১. **'নষ্ট হওয়া স্বভাব নয় যার' / 'যা কখনো নষ্ট হয় না' এক কথায় কী হবে?** [ডাক অধিদপ্তরের পোস্টম্যান: ২৩]
ক. অবিনশ্বর খ. নশ্বর গ. নষ্ট স্বভাব ঘ. বিনষ্ট **উত্তর: ক**

১২২. **'প্রতিষ্ঠা লাভ করেছে যে' এক কথায় –** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৫]
ক. প্রতিষ্ঠিত খ. সফল গ. লব্ধপ্রতিষ্ঠ ঘ. প্রতিষ্ঠালব্ধ **উত্তর: গ**

১২৩. **'পান করার যোগ্য' এক কথায়** - [ভূমি মন্ত্রণালয়ের নিরীক্ষক: ২৩]
ক. পানীয় খ. পিপাসা গ. তৃষ্ণা ঘ. পেয় **উত্তর: ঘ**

১২৪. **'পা ধুইবার জল' বাক্যটি সংকোচন করলে কী হয়?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৪]
ক. পঙ্কজ খ. প্রিয়ংবদা গ. পাদক ঘ. পাদ্য **উত্তর: ঘ**

১২৫. **'পাখির ডাক' এক কথায় প্রকাশ করুন।** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. কেকা খ. হ্রেষা গ. কূজন ঘ. অজিন **উত্তর: গ**

১২৬. **'পরকে প্রতিপালন করে যে' তাকে এক কথায় কী বলে?** [অগ্রণী ব্যাংকের অফিসার: ১০]
ক. পরভূত খ. পরভৃৎ গ. প্রতিপালক ঘ প্রতিপোষক **উত্তর: খ**

১২৭. **'পুরুষের কর্ণভূষণ' এক কথায়** - [মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. পুরুষকর্ণ খ. পুরুষালী গ. বীরবৌল / বীরবৌলি ঘ. বীরবল **উত্তর: গ**

১২৮. **'গ্রন্থাদির টীকা' এক কথায়** - [দুদকের উপ-সহকারী পরিচালক: ২০]
ক. রাসভ খ. দীপিকা গ. গব্য ঘ. শ্বাদ্বল **উত্তর: খ**

১২৯. **'পাওয়ার ইচ্ছা' কে এক কথায় কী বলে?** [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ১৬]
ক. জিগীষা খ. ঈপ্সা গ. বুভুক্ষা ঘ. লিপ্সা **উত্তর: খ**

১৩০. **'পঙ্কে জন্মে যা' এক কথায় কী হবে?** [বাংলাদেশ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ১১]
ক. পঙ্কজ খ. পাঙ্ক গ. পাঙ্ক ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

১৩১. **'পশ্চাতে জন্মেছে যে' এক কথায়** - [কর্মসংস্থান ব্যাংকের অফিসার (ক্যাশ): ১২]
ক. ছোট ভাই খ. সহদর গ. অনুজ ঘ. সবগুলোই **উত্তর: গ**

১৩২. **'পূর্বের জন্মের কথা স্মরণ আছে যার' এক কথায় - / 'পূর্বজন্ম স্মরণ করে যে' এক কথায়** - [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৩]
ক. পূর্বসুরী খ. জাতিস্মর গ. পাণ্ডিতস্য ঘ. তীক্ষ্ণধী **উত্তর: খ**

১৩৩. **'পিতার মৃত্যুর পর জন্ম হয়েছে যে সন্তানের' বাক্যটিকে সংকোচন করলে হবে** - [পূবালী ব্যাংকের অফিসার: ১৪]
ক. পিতৃপিতৃব্য খ. মরণোত্তর জাতক গ. অজ্ঞাত কুলশীল ঘ. জারজ জাতক **উত্তর: খ**

১৩৪. **'পথ চলার খরচ' কথাটির সংক্ষিপ্ত রূপ** - [পূবালী ব্যাংকের অফিসার: ১৪]
ক. খোরাকি খ. হাত খরচ গ. পাথেয় ঘ. পার্থিব **উত্তর: গ**

১৩৫. **'পুর্নিমার চাঁদ' কে এক কথায় কী বলে?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের অফিস সহায়ক: ১৪]
ক. রাকা খ. পূর্ণাদ গ. আলোকিত চাঁদ ঘ. গোলাকার চাঁদ **উত্তর: ক**

১৩৬. **'পায়ে হেঁটে গমন করে না যে' এক কথায়** - [বিকেবি'র অফিসার (ক্যাশ): ১১] [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী: ২৩]
ক. প্লবগ খ. ভুজঙ্গ গ. পন্নগ ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

১৩৭. **'পরিমিত ব্যয় করেন যিনি' এক কথায়** - [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ২১]
ক. মিতব্যয়ী খ. কৃপণ গ. অপচয়কারী ঘ. বিলাসী **উত্তর: ক**

১৩৮. **'পাঁচ সেরের সমাহার' এক কথায়** - [পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]
ক. পরিমেয় খ. পশুরী গ. চতুরঙ্গ ঘ. পৌরুষ **উত্তর: খ**

১৩৯. **'প্রবেশ করার ইচ্ছা' কে এক কথায় কী বলা হয়?** [পায়রা বন্দরের অফিস সহায়ক: ২৩]
ক. বিবিক্ষা খ. বিবিক্ত গ. বিবাসন ঘ. বিবর্ধন **উত্তর: ক**

১৪০. **'পরস্পর আঘাত' এক কথায়** - [পূবালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৪]
ক. প্রত্যাঘাত খ. সংঘর্ষ গ. সংঘাত ঘ. আহত **উত্তর: গ**

১৪১. **'প্রাণ ওষ্ঠাগত হওয়ার মতো অবস্থা' এক কথায়** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. বরাভয় খ. লবেজান গ. রোদসী ঘ. বীরবৌলি **উত্তর: খ**

১৪২. **'পরের অন্নে যে বেঁচে থাকে' এর এক কথায় প্রকাশ কোনটি?** [টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর: ২০]
ক. পরান্নজীবী খ. পরান্নভোজী গ. পরজীবী ঘ. পরাশ্রয়ী **উত্তর: ক**

১৪৩. **'পা দিয়ে পান করে যে' এক কথায়** - [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী: ২৩]
ক. পাদপ খ. নগ গ. পন্নগ ঘ. পানিপান **উত্তর: ক**

১৪৪. **'প্রোষিতভর্তৃকা' শব্দটির অর্থ কী?** [৪০তম বিসিএস]
ক. ভৎসনাপ্রাপ্ত তরুণী খ. যে নারীর স্বামী বিদেশে অবস্থান করে
গ. ভূমিতে প্রোথিত তরুমূল ঘ. যে বিবাহিতা নারী পিত্রালয়ে অবস্থান করে **উত্তর: খ**

১৪৫. **'পুণ্যকর্ম সম্পাদনের জন্য শুভদিন' এর এক কথায় প্রকাশ কোনটি?** [জাতীয় সংসদ সচিবালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ২৩]
ক. পুন্যাহ খ. পুন্যাহ গ. পুন্যাহ ঘ. পুণ্যাহ **উত্তর: ঘ**

১৪৬. **'পঞ্চম হইতে দশম বর্ষীয় বালক' এক কথায়** - [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২৩]
ক. কুমার খ. কুলক গ. পরিমল ঘ. সমা **উত্তর: ক**

১৪৭. 'পাটের ব্যবসায়ী' এক কথায় - [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২৩]
ক. প্যাটাল খ. পাটেশ্বরী গ. পাটোয়ারী ঘ. বারুই **উত্তর: খ**

১৪৮. 'ফল পাকলে যে গাছ মারা যায়' তাকে এক কথায় কী বলে? / 'একবার ফল দিয়ে যে গাছ মারা যায়' তাকে এক কথায় কী বলে? [বিএমইটি অফিস সহায়ক: ২৩]
ক. ঔষধি খ. ওষধি / ওষধী গ. ঔষধী ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

১৪৯. 'বাঘের চামড়া' কে এক কথায় কী বলে - [সিটি ব্যাংকের প্রবেশনারী অফিসার: ১১]
ক. অজিন খ. শিঞ্জন গ. কৃতি ঘ. কৃত্তি **উত্তর: ঘ**

১৫০. 'বহু দেখেছে যে' এক কথায় কী হবে? / 'যিনি অনেক দেখেছেন' এক কথায় - [বিএসসি'র অফিসার (ক্যাশ): ১৯]
ক. দূরদর্শী খ. সমদর্শী গ. দার্শনিক ঘ. ভূয়োদর্শী / বহুদর্শী **উত্তর: ঘ**

১৫১. 'বলার ইচ্ছা' এক কথায় - [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৮]
ক. বিলেচ্ছা খ. বলেচ্ছা গ. বলব ঘ. বিবক্ষা **উত্তর: ঘ**

১৫২. 'বিনা যত্নে উৎপন্ন হয় যা' / 'যা বিনা যত্নে উৎপন্ন হয়েছে' এর বাক্য সংকোচন কী? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. অযত্নলব্ধ খ. অনায়াসলব্ধ গ. অযত্নসম্ভূত ঘ. অযত্নজাত **উত্তর: গ**

১৫৩. 'বন্দুকের গুলি ছোড়া অনুশীলনের জন্য স্থাপিত লক্ষ্য' এক কথায় কী হবে? [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. চতুরঙ্গ খ. চাঁদমারি গ. অধ্যাস ঘ. নিশানা **উত্তর: খ**

১৫৪. 'বড় ভাই থাকতে ছোট ভাইয়ের বিয়ে' এর এক কথায় প্রকাশ কী? / 'জ্যেষ্ঠের অবিবাহিত অবস্থায় কনিষ্ঠের বিয়ে' এর এক কথায় প্রকাশ কী? [পিকেবি'র অফিসার: ১৯]
ক. পরিবেদন খ. চিরকুমার গ. লবেজান ঘ. অভিসার **উত্তর: ক**

১৫৫. 'বীর সন্তান প্রসব করে যে নারী' এক কথায় তাকে কী বলে? [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. বীরপুত্র খ. রত্নগর্ভা গ. স্বর্ণমাতা ঘ. বীরপ্রসূ **উত্তর: ঘ**

১৫৬. 'বাহুতে ভর করে চলে যে' কে এক কথায় কী বলে? [সহকারী থানা / উপজেলা শিক্ষা অফিসার: ১৫]
ক. সব্যসাচী খ. বুভুক্ষা গ. ভুজঙ্গ ঘ. বাহুঙ্গ **উত্তর: গ**

১৫৭. 'বুকে ভর দিয়ে চলে যে প্রাণী' এক কথায় - [এনএসআই'র ফিল্ড অফিসার: ২১]
ক. পারগ খ. উরগ গ. বিহগ ঘ. মোরগ **উত্তর: খ**

১৫৮. 'বিশ্বজনের হিতকর' এক কথায় কী হবে? [বিএইচবিএফসি'র ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. বিশ্বজনীন খ. সর্বজনীন গ. সার্বজনীন ঘ. হিতৈষী **উত্তর: ক**

১৫৯. 'বাইরের জগত সম্পর্কে ধারণা নেই' এমন ব্যক্তিকে এক কথায় বলে - [পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]
ক. মূর্খ খ. কূপমুন্ডুক গ. ক্ষুদ্রমনা ঘ. বর্বর **উত্তর: খ**

১৬০. 'বেলাকে অতিক্রান্ত' পদের অর্থ কী / 'বেলাকে অতিক্রান্ত' এক কথায় প্রকাশ কী? [আইসিবি ব্যাংকের অফিসার: ১১]
ক. অবেলা খ. গোধূলি গ. উদ্বেল ঘ. সাঁঝ **উত্তর: গ**

১৬১. 'বর্ণনা করা যায় না যা' এ বাক্যের সংক্ষিপ্ত রূপ কী? [দুদকের সহকারী পরিচালক: ৯৪]
ক. বর্ণনাতীত খ. অনির্বচনীয় গ. অবর্ণনীয় ঘ. নির্বচনীয় **উত্তর: গ**

১৬২. 'বেশি কথা বলে যে' এক কথায় প্রকাশ কী? [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ১২]
ক. অবাচাল খ. বাচাল গ. মিতভাষী ঘ. অবেলা **উত্তর: খ**

১৬৩. 'বৃষ্টির জল' এর এক কথায় প্রকাশ কী হবে? [বাংলাদেশ হাউস বিল্ডিং ফিন্যান্স কর্পোরেশনের অফিসার: ১১]
ক. অমিয় খ. শ্বাদল গ. বেসাতি ঘ. শীকর **উত্তর: ঘ**

১৬৪. 'ভোজন করার ইচ্ছা' এক কথায় কী হবে? [পিকেবি'র অফিস সহায়ক: ২৩]
ক. পেটুক খ. ভোজনবিলাসী গ. বুভুক্ষা ঘ. খাদক **উত্তর: গ**

১৬৫. 'মৃত্তিকা দিয়ে তৈরি' এক কথায় কী হবে? [৪৪তম বিসিএস]
ক. মৃন্ময় খ. মেটেল গ. চিন্ময় ঘ. মন্ময় **উত্তর: ক**

১৬৬. 'মেঘের ডাক' এর বাক্য সংকোচন - [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. মৃন্ময় খ. জীমূতমন্দ্র গ. জীমূতনাদ ঘ. খ ও গ উভয়ই **উত্তর: ঘ**

১৬৭. 'মর্মকে পীড়া দেয় যা' এক কথায় কী হবে? [কর্মসংস্থান ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৫]
ক. মর্মন্তুদ খ. মর্মভেদী গ. পীড়াদায়ক ঘ. মর্মস্পর্শী **উত্তর: ক**

১৬৮. 'মকমক' হলো - [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৮]
ক. মখমল খ. ঝলমল করা গ. ব্যাঙের ডাক ঘ. চকচক করা **উত্তর: গ**

১৬৯. 'মোটাও নয়, রোগাও নয়' এক কথায় - [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]
ক. দোহারা খ. মোটাসোটা গ. একহারা ঘ. আঁটসাঁট **উত্তর: ক**

১৭০. 'মৃতের মত অবস্থা যার' তাকে এক কথায় কী বলা হয়? [মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. মুমুর্ষ খ. মুমূর্ষু গ. মূমূর্ষ ঘ. মূমুর্ফ **উত্তর: খ**

১৭১. 'মুক্তি পেতে ইচ্ছুক' কে এক কথায় কী বলে? / 'মুক্তি লাভের ইচ্ছা' কে এক কথায় কী বলে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২৪]
ক. মুমুক্ষু খ. মুমূক্ষু গ. মুমূর্ষ ঘ. মুমুক্ষা **উত্তর: ক**

১৭২. 'ময়ূরের ডাক' কে এক কথায় কী বলে? [সেসিপ'র গবেষণা কর্মকর্তা: ১৫]
ক. কূণ্ড খ. কেকা গ. কৃত্তি ঘ. কীর্তি **উত্তর: খ**

১৭৩. 'ময়ূরের পুচ্ছ বিস্তার' কে এক কথায় কী বলে? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. কেকা খ. ডানা গ. পেখম ঘ. পুচ্ছাগ্র **উত্তর: গ**

১৭৪. 'মুষ্টি দ্বারা যাহার পরিমাণ করা যায়' কে এক কথায় কী বলে? [ডিটিসিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. মুষ্টিযোগ খ. মুষ্টি পরিমাণ গ. মুষ্টিমেয় ঘ. মুষ্টিসম **উত্তর: গ**

১৭৫. 'মনে যার জন্ম' এক কথায় - [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. মনসিজ খ. মৃন্ময় গ. মুষ্টিমেয় ঘ. মনোরথ **উত্তর: ক**

১৭৬. 'যা বাক্য ও মনের অগোচরে' এক কথায় - [জনতা ব্যাংকের অফিসার: ২৩]
ক. অনাস্বাদিতপূর্ব খ. মনসিজ গ. বিবমিষা ঘ. অবাঙ্মানসগোচর **উত্তর: ঘ**

১৭৭. 'যা বলা হবে' এর বাক্য সংকোচন কোনটি? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. উক্ত খ. বক্তব্য গ. ভবিতব্য ঘ. অনুমিত **উত্তর: খ**

১৭৮. 'যা কোথাও উঁচু কোথাও নিচু' এক কথায় - / 'কোথাও উন্নত কোথাও অবনত' কে এক কথায় - [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ১৩]
ক. বন্ধুর খ. বর্ধিষ্ণু গ. প্রত্যুদ্গমন ঘ. মেদুর **উত্তর: ক**

১৭৯. 'যা কষ্টে নিবারণ করা যায়' কে এক কথায় কী বলে? [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১০]
ক. অনিবার্য খ. দুর্নিবার গ. অনির্বাণ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

১৮০. 'যা কষ্টে লাভ করা যায়' এক কথায় কী হবে? [বাংলাদেশ বিমানের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্ট: ২৩]
ক. অলভ্য খ. দুর্লভ গ. দুর্জয় ঘ. কষ্টসাধ্য **উত্তর: খ**

১৮১. 'যা কষ্টে জয় করা যায়' এক কথায় কী হবে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. কষ্টার্জিত খ. পরিশ্রমলব্ধ গ. দুর্জয় ঘ. দুর্লভ **উত্তর: গ**

১৮২. 'যা অনায়াসে লাভ করা যায়' তা হলো - [দুদকের পরিদর্শক: ০৪]
ক. সহজলভ্য খ. অনায়াসলভ্য গ. সুলভ ঘ. অদুর্লভ **উত্তর: ক**

১৮৩. 'যা চুষে খাওয়া হয়' কে এক কথায় কী বলে? [সেসিপ'র গবেষণা কর্মকর্তা: ১৫]
ক. লেহ্য খ. চুষ্য গ. চব্য ঘ. পেয় **উত্তর: খ**

১৮৪. 'যা চেটে খেতে হয়' কে এক কথায় কী বলে? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ১৩]
ক. চর্ব্য খ. চোষ্য গ. লেহ্য ঘ. পেয় **উত্তর: গ**

১৮৫. 'যা বলা উচিত নয়' কে এক কথায় কী বলে? [বিটিভি'র বিজ্ঞাপন আধিকারিক: ০৬]
ক. কুকথ্য খ. অকথ্য গ. অসত্য ঘ. অযোগ্য **উত্তর: খ**

১৮৬. 'যা প্রমাণ করা যায় না' কে এক কথায় কী বলে? [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ক. অভূতপূর্ব খ. অপ্রতক গ. অপ্রমেয় ঘ. অপসৃয়মান **উত্তর: গ**

১৮৭. 'যা অধ্যয়ন করা হয়েছে' এক কথায় হবে - [এনএসআই'র সহকারী ফিল্ড স্টাফ: ২৩]
ক. পঠিত খ. অধীত গ. অধ্যয়িত ঘ. অধ্যায়িত **উত্তর: খ**

১৮৮. 'যা অনেক কষ্টে অধ্যয়ন করা যায়' এক কথায় কী হবে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. দুরধ্যয় খ. দুষ্প্রাপ্য গ. অধ্যয়িত ঘ. দুর্দমনীয় **উত্তর: ক**

১৮৯. 'যা ভবিষ্যতে ঘটব' কে এক কথায় কী বলে? [কর্মসংস্থান ব্যাংকের অফিসার: ০১]
ক. ভবিষ্যৎ খ. ভবিষ্য গ. ভবিতব্য ঘ. অভব্য **উত্তর: গ**

১৯০. 'যা লাফিয়ে চলে' বাক্যের এক কথায় প্রকাশ কী? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১৯]
ক. উল্লম্ফ খ. লাফবাজ গ. সুবক্তা ঘ. প্লবগ **উত্তর: ঘ**

১৯১. 'যা নিন্দার যোগ্য নয়' বাক্যের এক কথায় প্রকাশ কী? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. নিন্দনীয় খ. প্রশংসনীয় গ. অনিন্দ্য ঘ. প্রশংসাযোগ্য **উত্তর: গ**

১৯২. 'যা সাধারণের মধ্যে দেখা যায় না' এক কথায় - [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক: ০৯]
ক. অনন্য রকম খ. অসাধারণ গ. সাধারণ ঘ. অনন্যসাধারণ **উত্তর: ঘ**

১৯৩. 'যা পূর্বে ছিল এখন নেই' তাকে কী বলে? [১৩তম বিসিএস]
ক. অভূতপূর্ব খ. ভূতপূর্ব গ. অদৃষ্টপূর্ব ঘ. অনিবার্য **উত্তর: খ**

১৯৪. 'যা পূর্বে দেখা যায়নি' তাকে কী বলে? [জনতা ব্যাংকের অফিসার: ২৩]
ক. অভূতপূর্ব খ. অদৃষ্ট গ. অদৃষ্টপূর্ব ঘ. অপূর্ব **উত্তর: গ**

১৯৫. 'যা বিলুপ্ত হচ্ছে' এক কথায় প্রকাশ কী হবে? [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]
ক. বিলুপ্তজাত খ. বিলীয়মান গ. অস্থাবর ঘ. ক্ষয়মান **উত্তর: খ**

১৯৬. **'যা চিরস্থায়ী নয়' এক কথায় কী হবে?** [১৬তম বিসিএস]
ক. অস্থায়ী খ. চিরন্তন গ. ক্ষণস্থায়ী ঘ. নশ্বর **উত্তর: ঘ**

১৯৭. **'যা নিবারণ করা যায় না' এক কথায় কী হবে?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. অনিবারিত খ. নির্বাণ গ. অনিবারণযোগ্য ঘ. দুর্নিবার **উত্তর: ক**

১৯৮. **'যা দমন করা যায় না' এক কথায় হবে** - [এমআরএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. দুর্দমনীয় খ. দুর্দম গ. অদম্য ঘ. অসম্ভব **উত্তর: গ**

১৯৯. **'যা বলা হয়নি' এক কথায় হবে** - [১২তম বিসিএস]
ক. অবহিত খ. অনুক্ত গ. অবাচ্য ঘ. অনুল্লেখ **উত্তর: খ**

২০০. **'যা উদিত হয়নি' বাক্যের এক শব্দের প্রকাশ রূপ কী?** [বিআরইবি'র মিটার রিডার: ২৩]
ক. অনুদিত খ. অনূদিত গ. অনুবাদিত ঘ. আনুদিত **উত্তর: ক**

২০১. **'যা দেরিতে বা বিলম্বে হয়' বাক্যের এক শব্দের প্রকাশ রূপ কী?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. নাবুড়ি খ. নাবি গ. নাব্য ঘ. নব্য **উত্তর: খ**

২০২. **'যা বপন করা হইয়াছে' এই বাক্যাংশের সংক্ষিপ্ত রূপ কী?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের উচ্চমান সহকারী: ২৩]
ক. সুপ্ত খ. উপ্ত গ. গুপ্ত ঘ. লুপ্ত **উত্তর: খ**

২০৩. **'যা দীপ্তি পাচ্ছে' এক কথায় কী হবে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. সন্দীপন খ. দীপ্তিমান গ. আলোকিত ঘ. দেদীপ্যমান **উত্তর: ঘ**

২০৪. **'যা বালকের মধ্যেই সুলভ' এক কথায় কী হবে?** [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২৩]
ক. বাল্যসুলভ খ. বাল্যকাল গ. অতি বালক ঘ. বালসুলভ / বালক সুলভ / বালকোচিত **উত্তর: ঘ**

২০৫. **'যা আঘাত পায়নি' বাক্যের এক শব্দের প্রকাশ রূপ কী?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. অনঘাত খ. অনিরুদ্ধ গ. অনাঘাত ঘ. অনাহত **উত্তর: ঘ**

২০৬. **'যা অবশ্যই ঘটবে' এক কথায় প্রকাশ করলে হবে** - [ভূমি মন্ত্রণালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. সম্ভাবনাময়। খ. দুর্নিবার গ. অবশ্যম্ভাবী ঘ. সম্ভাব্য **উত্তর: গ**

২০৭. **'যা হবে' বাক্যটি সংকোচন করলে হবে** - [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]
ক. ভাবি খ. অবশ্য গ. ভাবী ঘ. অবশ্যম্ভাবী **উত্তর: ক**

২০৮. **'যা কখনও নষ্ট হয় না' বাক্যটি সংকোচন করলে হবে** - [অর্থ মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৫]
ক. অবিনশ্বর খ. অবিনষ্ট গ. অনাহত ঘ. অনষ্টভাব **উত্তর: ক**

২০৯. **'যা জল দেয়' এর এক কথায় প্রকাশ কী?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের ল্যাবরেটরী টেকনিশিয়ান: ২৩]
ক. পাটোয়ারী খ. জলদ গ. জলাধার ঘ. জলধি **উত্তর: খ**

২১০. **'যা বারবার দুলছে' এর এক কথায় প্রকাশ কী?** [এনএসআই'র কম্পিউটার অপারেটর: ২১]
ক. দুল্যমান খ. দোদুল্যমান গ. দোলায়মান ঘ. ঝুলন্ত **উত্তর: খ**

২১১. **'যা ভাষায় প্রকাশ করা যায় না' তাকে এক কথায় বলে** - [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অডিটর: ১৯]
ক. অনির্বাণ খ. অনির্দেশ্য গ. অনির্বচনীয় ঘ. অনির্ণেয় **উত্তর: গ**

২১২. **'যা স্থায়ী নয়' এর বাক্য সংকোচন কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. নশ্বর খ. অস্থায়ী গ. ক্ষণস্থায়ী ঘ. ক্ষণিক **উত্তর: খ**

২১৩. **'যা উচ্চারণ করা যায় না' এর এক কথায় প্রকাশ কী হবে?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহকারী: ১৯]
ক. দুরুচ্চার্য খ. দুরপনেয় গ. অবরোদ্ধ ঘ. অনুচ্চার্য **উত্তর: ঘ**

২১৪. **'যা সহজে উত্তীর্ণ হওয়া যায় না' এর এক কথায় প্রকাশ কী?** [আমদানি-রপ্তানি দপ্তরের অফিস সহায়ক: ২০]
ক. দুর্গম খ. দুস্তর গ. দুর্জয় ঘ. দুর্লভ **উত্তর: খ**

২১৫. **'যা পূর্বে কখনো হয়নি' এর সঠিক বাক্য সংকোচন হলো** - [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী পরিচালক: ২০]
ক. ভূতপূর্ব খ. অভূতপূর্ব গ. অদৃষ্টপূর্ব ঘ. অশ্রুতপূর্ব **উত্তর: খ**

২১৬. **'যা অতি দীর্ঘ নয়' এর সঠিক বাক্য সংকোচন হলো** - [এলজিইডি'র অফিস সহায়ক: ২৩]
ক. নদীর্ঘ খ. নাতিদীর্ঘ গ. অতিদীর্ঘ ঘ. অপাক্ষ **উত্তর: খ**

২১৭. **'যে মেঘে প্রচুর বৃষ্টি হয়' এক কথায়** - [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২৩]
ক. সংবর্ত খ. অর্কেস্ট্রা গ. তান্ডব ঘ. টঙ্কার **উত্তর: ক**

২১৮. **'যে আপনার রং লুকায়' তাকে এক কথায় - / 'যার প্রকৃত বর্ণ ধরা যায় না' এক কথায়** - [আইসিটি বিভাগের সহকারী প্রোগ্রামার: ২০]
ক. অদৃশ্য খ. বর্ণচোরা গ. ভূতপূর্ব ঘ. ফুলেল **উত্তর: খ**

২১৯. **'যে নারীর হাসি সুন্দর' তাকে এক কথায় কী বলে?** [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২৩]
ক. সুস্মিতা খ. সুহাসিনী গ. সুহাসি ঘ. সুচিস্মিতা **উত্তর: ক**

২২০. **'যে নারীর স্বামী বিদেশে থাকে' এক কথায়** - [এনএসাই'র জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]
ক. প্রষিতভর্তৃকা খ. প্রেষিতভার্যা গ. প্রোষিতভর্তৃকা ঘ. প্রেসিতভর্তৃকা **উত্তর: গ**

২২১. **'যে বহু বিষয় জানে' তাকে এক কথায় বলে** - [সোনালী ব্যাংকের অফিসার: ১৮]
ক. সর্বজ্ঞ খ. সবজান্তা গ. বহুজ্ঞ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

২২২. **'যে নারীর সন্তান হয় না' এক কথায়** - [উত্তরা ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৭]
ক. নিঃসন্তান খ. মৃতবৎসা গ. বন্ধ্যা ঘ. ক্লৈণ **উত্তর: গ**

২২৩. **'যে নারীর হিংসা নেই' তাকে এক কথায় বলে** - [বাখরাবাদ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ১৭]
ক. অনসূয়া খ. প্রিয়ংবদা গ. অবলা ঘ. অহিংস **উত্তর: ক**

২২৪. **'যে বন হিংস্র জন্তুতে পরিপূর্ণ' এক কথায় কী হবে?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৯]
ক. দুর্গম খ. অরণ্য জনপদ গ. বিপদসংকুল ঘ. শ্বাপদসংকুল **উত্তর: ঘ**

২২৫. **'যে পুরুষ বিয়ে করেছে' এর এক কথায় প্রকাশ কী?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. অকৃতদার খ. অনূঢ়া গ. কৃতদার ঘ. কুম্ভীলক **উত্তর: গ**

২২৬. **'যে জীবনে বিয়ে করবে না বলে প্রতিজ্ঞা করেছে' এর এক কথায় প্রকাশ কী?** [মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. চিরকুমার খ. অনূঢ়া গ. কৃতদার ঘ. বিবাহে ভীতু **উত্তর: ক**

২২৭. **'যে ভূমিতে ফসল জন্মায় না' এক কথায় কী হবে?** [১৫তম বিসিএস]
ক. পতিত খ. বন্ধ্যা গ. অনুর্বর ঘ. উষর **উত্তর: ঘ**

২২৮. **'যে বাস্তু বা বস্তি থেকে উৎখাত হয়েছে' এক কথায় কী হবে?** [পূবালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৪]
ক. উদ্বাস্তু খ. সর্বহারা গ. বস্তিহীন ঘ. কাঙ্গাল **উত্তর: ক**

২২৯. **'যে লেখক অন্যের ভাব, ভাষা প্রভৃতি চুরি করে নিজের নামে চালায়' তাকে বলা হয়** - [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২৩]
ক. লিপিকার খ. কুসীদজীবী গ. নকলবাজ ঘ. কুম্ভীলক **উত্তর: ঘ**

২৩০. **'যে পুরুষের এ যাবৎ দাড়ি-গোঁফ গজায়নি' তাকে কী বলে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৫]
ক. অজাতশত্রু খ. অজাতমিত্র গ. অজাতশ্মশ্রু ঘ. বর্ণচোরা **উত্তর: গ**

২৩১. **'যে ব্যক্তি এক ঘর থেকে অন্য ঘরে ভিক্ষা করে বেড়ায়' এক কথায় কী হবে?** [সোনালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৮]
ক. মাধুকরী খ. মধুকর গ. অর্বাচীন ঘ. অবিমৃষ্যকারী **উত্তর: ক**

২৩২. **'যে উপকারীর উপকার স্বীকার করে' এক কথায় কী হবে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. অকৃতার্থ খ. কৃতজ্ঞ / অকৃতঘ্ন গ. কৃতঘ্ন ঘ. অকৃতজ্ঞ **উত্তর: খ**

২৩৩. **'যে উপকারীর উপকার স্বীকার করে না' তাকে এক কথায় কী বলে?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৩]
ক. উপচিকীর্ষা খ. অকৃতজ্ঞ গ. কৃতঘ্ন ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

২৩৪. **'যে উপকারীর অপকার করে' এক কথায় কী হবে?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৬]
ক. কৃতজ্ঞ খ. অকৃতজ্ঞ গ. কৃতঘ্ন ঘ. অকৃতার্থ **উত্তর: গ**

২৩৫. **'যে বিষয়ে কোনো বিতর্ক নেই' এক কথায় কী হবে?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. নির্বাক খ. হতবাক গ. অভিজ্ঞ ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

২৩৬. **'যে বিষয়ে কোনো বিতর্ক বা বিবাদ বা বিরোধ নেই' এক কথায় কী হবে?** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. অবিমৃষ্যকারী খ. অবিতর্ক গ. অবিমিশ্যকারী ঘ. অবিসংবাদী / অবিসংবাদিত **উত্তর: ঘ**

২৩৭. **'যে বিষয়ে মতভেদ নেই এমন' এর এক কথায় প্রকাশ** - [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. ঐকমত্য খ. অবিসংবাদিত গ. মীমাংসিত ঘ. নিরঙ্কুশ **উত্তর: ক**

২৩৮. **'যে রোগ নির্ণয়ে হাতড়ে মরে' কে এক কথায় কী বলে?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. অনভিজ্ঞ খ. অরিন্দম গ. হাতুড়ে ঘ. ওষধি **উত্তর: গ**

২৩৯. **'যে ব্যক্তি পূর্বজন্মের কথা স্মরণ করতে পারে' এক কথায় প্রকাশ** - [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৩]
ক. লব্ধপ্রতিষ্ঠ খ. জাতিস্মর গ. ভুজঙ্গম ঘ. প্রত্যুৎপন্নমতি **উত্তর: খ**

২৪০. **'যে প্রবীণ নয়' কে এক কথায় কী বলে?** [সহকারী থানা / উপজেলা শিক্ষা অফিসার: ১৫]
ক. বৃদ্ধ খ. নবীন গ. শিশু ঘ. যুবতী **উত্তর: খ**

২৪১. **'যে ব্যক্তি মূর্খ কিন্তু চতুর' কে এক কথায় কী বলে?** [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ১৪]
ক. ধূর্ত খ. চতুর গ. গন্ডমুর্খ ঘ. শিয়াল পন্ডিত **উত্তর: ক**

২৪২. **'যে ব্যয় করতে কুণ্ঠাবোধ করে' তাকে এক কথায় কী বলে?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ১৬]
ক. কৃপণ খ. ব্যয়কুণ্ঠ গ. মিতব্যয়ী ঘ. হিসেবী **উত্তর: ক**

২৪৩. **'যে গাছে ফল ধরে কিন্তু ফুল ধরে না' তাকে এক কথায় কী বলে?** [এসএফডিএফ'র সহকারী হিসাবরক্ষক: ২৩]
ক. পরগাছা খ. আগাছা গ. বর্ণচোরা ঘ. বনস্পতি **উত্তর: ঘ**

২৪৪. **'যে গাছ কোনো কাজে লাগে না' তাকে এক কথায় কী বলে?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. পরগাছা খ. আগাছা গ. ওষধি ঘ. বনস্পতি **উত্তর: খ**

২৪৫. **'যে গাছে উঠতে পটু' এক কথায়** - [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. গাছো খ. গাছি গ. গেছো ঘ. আরোহী **উত্তর: গ**

২৪৬. **'যে স্ত্রীলোক বা নারী প্রিয় কথা বলে' তাকে বলা হয় - / 'প্রিয় কথা বলে যে নারী' এক কথায়** - [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৩]
ক. প্রিয়ংবদা খ. মাধুকর গ. মাধুকর ঘ. কেকা **উত্তর: ক**

২৪৭. **যে মদের নেশা করে' এক কথায় কী বলে** - [বিত্তিয় মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]
ক. মদপ্রেমিক খ. মদের নেশা গ. মদচুর ঘ. মাতাল **উত্তর: ঘ**

২৪৮. **'যে রমণী বা নারীর স্বামী বিদেশে থাকে' তাকে বলা হয়** - [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০০]
ক. প্রোষিতভর্তৃকা খ. প্রষিতভর্তৃকা গ. প্রোষিতভার্য ঘ. প্রোসিতভর্তৃকা **উত্তর: ক**

২৪৯. **'যে স্বামীর স্ত্রী প্রবাসে থাকে' তাকে কী বলে?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার (ক্যাশ): ১৬]
ক. প্রোষিতভর্তৃকা খ. পোষিতা গ. প্রবাসিনী ঘ. প্রোষিতপত্নীক **উত্তর: ঘ**

২৫০. **'যে নারীর সন্তান বাঁচে না' এক কথায় কী বলে?** [গণপূর্ত অধিদপ্তরের সহকারী প্রকৌশলী: ৯৯]
ক. মৃতমা খ. মৃত জননী গ. মৃতবৎসা ঘ. কাকবন্ধ্যা **উত্তর: গ**

২৫১. **'যে নারীর পতি নেই, পুত্রও নেই' এক কথায় কী হবে? / 'যে নারীর স্বামী ও পুত্র নেই' এক কথায়** - [এনএসআই'র ফিল্ড অফিসার: ২৩]
ক. বিধবা খ. অবীরা গ. কাকবন্ধ্যা ঘ পতিপুত্রহীনা **উত্তর: খ**

২৫২. **'যে ভবিষ্যত না ভেবেই কাজ করে' এক কথায় কী হবে?** [জেলা প্রশাসকের কার্যালয়ের ইউনিয়ন পরিষদ সচিব: ২৩]
ক. অপরিণামদর্শী খ. অবিবেচক গ. অবিমৃষ্যকারী ঘ. অকালজ্ঞানী **উত্তর: গ**

২৫৩. **'যে শুনেই মনে রাখতে পারে' / 'শোনা মাত্র স্মরণ রাখতে পারে যে' এক কথায় প্রকাশ করলে হবে** - [বিএইচবিএফসি'র ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. মেধাবী খ. অশ্রুতপূর্ব গ. শ্রুতিধর ঘ. জাতিঃস্বর **উত্তর: গ**

২৫৪. **'যে ভরণ পোষণ করে' এক কথায় বলে** - [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৯]
ক. কর্তা খ. ভর্তা গ. প্রতিপালক ঘ. প্রোষিতভর্তৃকা **উত্তর: খ**

২৫৫. **'যে সকল অত্যাচার সয়ে যায়' এক কথায় কী হবে?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার (ক্যাশ): ১৩]
ক. সর্বংসহা খ. সর্বসহ্যকারী গ. সহ্যকারী ঘ. অত্যাচারী **উত্তর: ক**

২৫৬. **'যে অনবরত কাঁদছে' সংকোচিত রূপ হলো** - [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ০৫]
ক. বাষ্পায়মান খ. রোরুদ্যমান গ. স্যাসয়মান ঘ. ধূমায়মান **উত্তর: খ**

২৫৭. **'যে নিজেই স্বামী নির্বাচন করে' এমন নারীকে বলে** - [ইসলামী ব্যাংকের অফিসার: ১৩]
ক. অনূঢ়া খ. স্বয়ংবরা গ. নবোঢ়া ঘ. বিবাহিতা **উত্তর: খ**

২৫৮. **'যে কন্যার বিয়ে হয়নি' এক কথায় বলে** - [দুদকের পরিদর্শক: ০৩]
ক. অবীরা খ. অনূঢ়া গ. নবোঢ়া ঘ. মুখরা **উত্তর: খ**

২৫৯. **'যে প্রবীণ নয়' এক কথায় বলে** - [বেবিচকের হিসাব সহকারী: ২৩]
ক. বৃদ্ধ খ. নবীন গ. শিশু ঘ. যুবতী **উত্তর: খ**

২৬০. **'যে কোনো বিষয়ে স্পৃহা হারিয়েছে' এক কথায় বলে** - [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]
ক. নিস্পৃহ খ. স্পৃহাহীন গ. অস্পৃহ ঘ. বীতস্পৃহ **উত্তর: ঘ**

২৬১. **'যে আল্লাহর অস্তিত্ব আছে বা নেই কোনোটাই বিশ্বাস করার যৌক্তিকতা নেই বলে মনে করে' এক কথায় বলে** - [১৬তম প্রভাষক নিবন্ধন]
ক. আস্তিক খ. নাস্তিক গ. অজ্ঞেয়বাদী ঘ. ধর্মত্যাগী **উত্তর: গ**

২৬২. **'যিনি অধিক কথা বলেন না' এক কথায় কী হবে? / 'কম কথা বলে যে' এক কথায় কী?** [এনএসআই'র ফিল্ড অফিসার: ১৭]
ক. সংযত খ. মিতভাষী গ. অল্পভাষী ঘ. সন্ন্যাসী **উত্তর: খ**

২৬৩. **'যিনি নৌকা চালান' এক কথায় প্রকাশ কী?** [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরী অ্যাটেনডেন্ট: ২০]
ক. তাতি খ. জেলে গ. রাখাল ঘ. মাঝি **উত্তর: ঘ**

২৬৪. **'যিনি বিদ্যা লাভ করিয়াছেন' এক কথায় প্রকাশ কী? / বিদ্যা অর্জন করেছেন এমন ব্যক্তিকে বলা হয়** - [জনতা ব্যাংকের অফিসার: ২০]
ক. কৃতবিদ্যা খ. কৃতবিদ্য গ. কৃতবিদ্যান ঘ. কৃতবিদ্দান **উত্তর: খ**

২৬৫. **'যিনি ভালো ব্যাকরণ জানেন' কে এক কথায় কী বলে?** [১ম বিজেএস]
ক. ব্যাকরণবিদ খ. ব্যাকরণ বিশেষজ্ঞ গ. বৈয়াকরণ ঘ. বৈয়াকরণিক **উত্তর: গ**

২৬৬. **'যিনি স্মৃতিশাস্ত্র জানেন' এক কথায় কী?** [উত্তরা ব্যাংকের অফিসার: ০৮]
ক. সন্দীপন খ. নির্ভয় গ. নৈয়ায়িক ঘ. স্মার্ত **উত্তর: ঘ**

২৬৭. **'যিনি ন্যায়শাস্ত্র জানেন' এক কথায় কী?** [৪২তম বিসিএস]
ক. সন্দীপন খ. নির্ভয় গ. নৈয়ায়িক ঘ. স্মার্ত **উত্তর: গ**

২৬৮. **'যিনি বক্তৃতা দানে পটু' তাকে বলে** - [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ২৩]
ক. বাকপটু খ. বাগ্মী গ. সুবক্তা ঘ. অনলবর্ষী **উত্তর: খ**

২৬৯. **'যিনি যুদ্ধে স্থির থাকেন' এক কথায়** - [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৪]
ক. বীরযোদ্ধা খ. যুধিষ্ঠির গ. স্থিরযোদ্ধা ঘ. সর্বংসহ **উত্তর: খ**

২৭০. **'যিনি সর্বত্র গমন করেন' এক কথায়** - [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. সর্বত্রগামী খ. সর্বগ গ. সর্বগম্য ঘ. সর্বগামী **উত্তর: খ**

২৭১. **'যার বসন আলগা' এর বাক্য সংকোচন কোনটি?** [বিসিএস'র পরিসংখ্যান সহকারী: ২০]
ক. আলগা বসনা খ. অসংবৃত গ. লজ্জাহীন ঘ. সংযুক্তিহীনতা **উত্তর: খ**

২৭২. **'যার কোন কিছু থেকেই ভয় নেই' এক কথায়** - [প্রবাসী কল্যাণ ব্যাংকের সিনিয়র অফিসার: ১৮]
ক. অভয় খ. ভয়শূন্য গ. অকুতোভয় ঘ. নির্ভীক **উত্তর: গ**

২৭৩. **'যার তল স্পর্শ করা যায় না' এক কথায়** - [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উচ্চমান সহকারী: ১৮]
ক. অতলস্পর্শ খ. তলাহীন গ. স্পর্শহীন ঘ. অতল **উত্তর: ক**

২৭৪. **'যার তুলনা নাই' এক কথায় কী বলে?** [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]
ক. অতুল্য খ. অতুলনীয় গ. তুলনাহীন ঘ. বৈতুল্য **উত্তর: খ**

২৭৫. **'যার দুই হাত সমান চলে' / 'যে ব্যক্তির দুই হাত সমান চলে' তাকে কী বলে?** [বিএমইটি'র অফিস সহায়ক: ২৩]
ক. দু'হাতি খ. সমান তালী গ. সব্যসাচী ঘ. তবলা বাদক **উত্তর: গ**

২৭৬. **'যার জ্যোতি বেশিক্ষণ স্থায়ী হয় না' তাকে বলে** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. ক্ষণপ্রভা খ. ক্ষণস্থায়ী জ্যোতি গ. রগ ঘ. অনসূয়া **উত্তর: ক**

২৭৭. **'যার অনেক বুদ্ধি আছে' এক কথায় - / 'যার অনেক বুদ্ধি আছে' তাঁকে বাঘধারা দিয়ে প্রকাশ করুন।** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. গভীর জলের মাছ খ. বুদ্ধির ঢেঁকি গ. বিড়াল তপস্বী ঘ. ভূষণ্ডির কাক **উত্তর: ক**

২৭৮. **'যার আকার কুৎসিত' এক কথায় প্রকাশ করুন।** [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ১২]
ক. কৃশী খ. বিশ্রী গ. কদর্য ঘ. কদাকার **উত্তর: ঘ**

২৭৯. **'যার আগমনের কোনো তিথি নেই' এক কথায় কী হবে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ভিখারী খ. অতিথি গ. শরণার্থী ঘ. একাদশে বৃহস্পতি **উত্তর: খ**

২৮০. **'যার কিছু নেই' এক কথায় প্রকাশ করলে হবে** - [নির্বাচন কমিশন সচিবালয়ের স্টোর কিপার: ১৯]
ক. ভিখারী খ. দরিদ্র গ. হৃতসর্বস্ব ঘ. অকিঞ্চন **উত্তর: গ**

২৮১. **'যার কোনো উপায় নেই' এক কথায় কী হবে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. নাচার খ. নিরুপায় গ. অনন্যোপায় ঘ. অনুপায় **উত্তর: খ**

২৮২. **'যার বাসস্থান নেই' বাক্যের এক কথায় প্রকাশ কী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. অনিকেতন খ. উদ্বাস্তু গ. অনুজ ঘ. একাহারী **উত্তর: ক**

২৮৩. **'যার চক্ষুলজ্জা নেই' কে এক কথায় কী বলে?** [জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী: ১৩]
ক. চশমখোর খ. নির্লজ্জ গ. চাক্ষুষ ঘ. চোষ্য **উত্তর: ক, খ**

২৮৪. **'যার স্ত্রী মারা গিয়েছে' এক কথায় কী বলে?** [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১০]
ক. বিধবা খ. বিপত্নীক গ. সপত্নীক ঘ. বিপদাত্মক **উত্তর: খ**

২৮৫. **'যার জিহ্বা লকলক করে' এক কথায় কী বলে?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৯]
ক. লেহ্য খ. লিপ্সা গ. লেলিহান ঘ. যুযুৎসু **উত্তর: গ**

২৮৬. **'যার শুভক্ষণে জন্ম' এক কথায় প্রকাশ হবে** - [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২৩]
ক. শুভজন্ম খ. ক্ষণজন্মা গ. শুভার্থী ঘ. জন্মশুভ **উত্তর: খ**

২৮৭. **'যার বংশ পরিচয় ও স্বভাব কেউ জানে না' সঠিক উত্তর কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. অজ্ঞাতকুলশীল খ. অচিন্ত্য গ. অনাহত ঘ. অবিনশ্বর **উত্তর: ক**

২৮৮. **'যার নাম কেউ জানে না' সঠিক উত্তর কোনটি?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]
ক. অজ্ঞাতনামা খ. অজ্ঞাত গ. অবিদিত ঘ. বেনামী **উত্তর: ক**

২৮৯. **'যার অন্য উপায় নেই' এক কথায় বলে** - [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]
ক. নিরুপায় খ. অনন্যোপায় গ. অসহায় ঘ. সর্বহারা **উত্তর: খ**

২৯০. **'যাদের বসতবাড়ি আছে কিন্তু কৃষি জমি নেই' তাদের কী বলে?** [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৩]
ক. বর্গা চাষী খ. ক্ষুদ্র চাষী গ. ভূমিহীন চাষী ঘ প্রান্তিক চাষী **উত্তর: গ**

২৯১. **'যাকে অকালে জাগরণ করা হয়' এক কথায় কী হবে?** [প্রবাসী কল্যাণ ব্যাংকের সিনিয়র অফিসার: ১৮]
ক. সব্যসাচী খ. প্রত্যুদগমন গ. কিংকর্তব্যবিমূঢ় ঘ. অকালবোধন **উত্তর: ঘ**

২৯২. **'যুদ্ধ করার ইচ্ছা' এক কথায় কী হবে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. যুযুৎসা খ. মহানিশা গ. যুধ্যমান অবস্থা ঘ. তৃষ্ণা **উত্তর: ক**

২৯৩. **'রচয়িতার মূল গ্রন্থ হতে যারা প্রাচীন পাণ্ডুলিপি লিপিবদ্ধ করতেন' তাদের বলা হতো** - [শ্রম অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৩]
ক. অনুবাদক খ. লিপিকার গ. লেখক ঘ. নকলনবশ **উত্তর: খ**

২৯৪. **'রোদসী' শব্দটি দিয়ে বুঝায় - / 'রোদসী' শব্দের অর্থ কী?** [রূপালী ব্যাংকের অফিসার: ১৯]
ক রোদন করেছে যে খ. রোদেলা দিন গ. পৃথিবী ও স্বর্গের অন্তরালে ঘ. আলোকোজ্জ্বল আকাশ **উত্তর: গ**

২৯৫. **'রাজহাঁসের ডাক' এক কথায় কী?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]
ক. হ্রেষা খ. বৃংহিত গ. ক্রেঙ্কার ঘ. কূজন **উত্তর: গ**

২৯৬. **'রাত্রির মধ্যভাগ' বাক্যের এক কথায়** – [ডিটিসিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. পররাত্র খ. মহানিশা গ. যামিনী ঘ. রাত্রিশেষ **উত্তর: খ**

২৯৭. **'রাত্রির শেষ ভাগ' / 'রাতের শেষ ভাগ' বাক্যের এক কথায় প্রকাশ কী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. পররাত্র খ. মহানিশা গ. যামিনী ঘ. রাত্রিশেষ **উত্তর: ক**

২৯৮. **'রাত্রিকালীন যুদ্ধ' কে এক কথায় কী বলা হয়?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৯]
ক. ভুজঙ্গ খ. নৈশরণ গ. জুগুপ্সা ঘ. সৌপ্তিক **উত্তর: ঘ**

২৯৯. **'লাভ করার ইচ্ছা' কে এক কথায় কী বলে?** [ইসলামী ব্যাংকের ফিল্ড অফিসার: ১৩]
ক. লোপ খ. লোভ গ. লিপ্সা ঘ. বুভুক্ষা **উত্তর: গ**

৩০০. **'লয় প্রাপ্ত হয়েছে যা' কে এক কথায় কী বলে?** [মাউশির উচ্চমান সহকারী: ১৫]
ক. লীন খ. ক্ষীন গ. মীন ঘ. ন্যুন **উত্তর: ক**

৩০১. **'সাপের খোলস' এক কথায় প্রকাশ** – [প্রতিরক্ষা মন্ত্রনালয়ের সহকারী পরিচালক: ১৯]
ক. কৃত্তি খ. নির্মোক গ. অজিন ঘ. করভ **উত্তর: খ**

৩০২. **সুবর্ণ জয়ন্তী কত বছর পূর্তিতে পালিত হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৪]
ক. ২৫ বছর খ. ৫০ বছর গ. ৬০ বছর ঘ. ৭৫ বছর **উত্তর: খ**

৩০৩. **'সৃষ্টি করার ইচ্ছা' এর বাক্য সংকোচন** – [শ্রম অধিদপ্তরের সহকারী প্রধান পরিদর্শক: ০৯]
ক. সৃষ্টিশীল খ. সিসৃক্ষা গ. সৃজনশীল ঘ. দিদৃক্ষা **উত্তর: খ**

৩০৪. **'সূর্যও যে নারীর মুখ দেখতে পারে না' তাকে এক কথায় কী বলে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক: ০৩]
ক. অদৃষ্টসূর্য খ. অসূর্যম্পশ্যা গ. অসূর্যদ্রষ্টা ঘ. অসূর্যপ্রেক্ষা **উত্তর: খ**

৩০৫. **'স্থায়ী ঠিকানা নেই যার' এর এক কথায় প্রকাশ কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০০]
ক. বস্তিবাসী খ. টোকাই গ. ঠিকানাবিহীন ঘ. উদ্বাস্তু **উত্তর: ঘ**

৩০৬. **'সর্বজনের হিতকর' / 'সকলের জন্য প্রযোজ্য' এক কথায় কী হবে?** [১২তম প্রভাষক নিবন্ধন]
ক. সর্বজনীন খ. সার্বজনীন গ. বিশ্বজনীন ঘ. সর্বহিতকর **উত্তর: ক**

৩০৭. **'সম্মুখ অগ্রসর হয়ে অভ্যর্থনা' এক কথায় প্রকাশ করলে হবে** – [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. সংবর্ধনা খ. অভিনন্দন গ. প্রত্যুদ্‌গমন ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

৩০৮. **'সমুদ্র হতে হিমাচল পর্যন্ত' বাক্যাংশের অর্থ হিসেবে কোনটি প্রযোজ্য হয়?** [আইসিবি ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. আসমুদ্র খ. হিমালয় পর্যন্ত গ. আসমুদ্রহিমাচল ঘ. অসমুদ্র **উত্তর: গ**

৩০৯. **'সম্পূর্ণরূপে বিবেচনা করা হয় নাই এমন' এটিকে এক শব্দে প্রকাশ করা যায় কোন শব্দে?** [জনতা ব্যাংকের অফিসার (ক্যাশ): ২০]
ক. অসমর্থিত খ. অসমাপ্ত গ. অসমীক্ষিত ঘ. অসম্পূর্ণ **উত্তর: গ**

৩১০. **'সব বিষয়ে অল্প জ্ঞান যার' এর বাক্য সংকোচন** – [বাংলাদেশ বাংকের অফিসার (ক্যাশ): ২৩]
ক. পল্লবগ্রাহী খ. সমা গ. অজয়া ঘ. স্মার্ত **উত্তর: ক**

৩১১. **'শত্রুকে দমন করে যে' এক কথায় প্রকাশ করুন।** [ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]
ক. শত্রুঘ্ন খ. অরিন্দম গ. শত্রুহন্তা ঘ. কৃতঘ্ন **উত্তর: খ**

৩১২. **'শত্রুকে পীড়া দেয় যে' এর বাক্য সংকোচন** – [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. শত্রুঘ্ন খ. শত্রুহ্ন গ. পরন্তপ ঘ. জিঘাংসা **উত্তর: গ**

৩১৩. **'শোনা যায় এমন' এক কথায় প্রকাশ করলে হবে** – [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ১২]
ক. শ্রুতিগ্রাহ্য খ. শ্রুতিমধুর গ. শ্রুতিযোগ্য ঘ. শ্রুতিধর **উত্তর: ক**

৩১৪. **'শুভক্ষণে জন্ম যার' বাক্যটিকে এক কথায় কী বলে?** [পায়রা বন্দর কর্তৃপক্ষের সহকারী সাব-ইন্সপেক্টর: ১৮]
ক. শুভজন্মা খ. ক্ষণজন্মা গ. বৃহস্পতিতে জন্ম ঘ. সুভজন্মা **উত্তর: খ**

৩১৫. **'শোক দূর হয়েছে যার' বাক্যটির সংক্ষিপ্ত রূপ** – [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. শোকহারা খ. বীতশোক গ. শোকহীন ঘ. বীতকাম **উত্তর: খ**

৩১৬. **'শাস্ত্রজ্ঞ তপস্বী' কে এক কথায় কী বলে?** [সমবায় অধিদপ্তরের পরিদর্শক: ৯৭]
ক. গুরু খ. আচার্য গ. ঋষি ঘ. উপাধ্যায় **উত্তর: গ**

৩১৭. **'ষাট বছর পূর্ণ হওয়া উৎসব' কে এক কথায় কী বলে?** [সাধারণ বীমা কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ১৯]
ক. হীরক জয়ন্তী খ. সুবর্ণ জয়ন্তী গ. রজত জয়ন্তী ঘ. প্লাটিনাম জয়ন্তী **উত্তর: ক**

৩১৮. **'হনন করার ইচ্ছা' এক কথায় কী হবে?** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অফিসার: ১৪]
ক. হননেচ্ছা খ. জিঘাংসা গ. হত্যা ঘ. অদম্য **উত্তর: খ**

৩১৯. **'হাতির ডাক' এক কথায় প্রকাশ করুন।** [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ১৬]
ক. হ্রেষা খ. বৃংহিত গ. হুংকার ঘ. বৃক্কন **উত্তর: খ**

৩২০. **'হাতির বাসস্থান' এক কথায় কী হবে?** [সিএজি কার্যালয়ের জুনিয়র অডিটর: ১১]
ক. গজগৃহ খ. হস্তিগৃহ গ. গজনীড় ঘ. পিলখানা (সূত্র: আধুনিক বাংলা অভিধান) **উত্তর: ঘ**

৩২১. **'হ্রেষা', 'গুঞ্জন' এবং 'নাদ' এই শব্দগুলো একই শ্রেণিভুক্ত। কারণ প্রতিটিই** - [বিএসসি'র অফিসার: ১৮]
ক. অভিন্ন অর্থ জ্ঞাপক খ. খাঁটি বাংলা শব্দ গ. প্রাণীর ডাক নির্দেশক ঘ. ধ্বন্যাত্মক শব্দ **উত্তর: গ**

৩২২. **'হরণ করার ইচ্ছা' এর এক কথায় প্রকাশযোগ্য রূপ** - [বিএসসি'র অফিসার: ১৮]
ক. জিহীর্ষা খ. বিভ্রামিষা গ. বিবিক্ষা ঘ. জুগুপ্সা **উত্তর: ক**

৩২৩. **'হিমালয় পত্নী' এক কথায় কী?** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৫]
ক. শকুন্তলা খ. প্রিয়ংবদা গ. অনসূয়া ঘ. মেনকা **উত্তর: ঘ**

৩২৪. **'ক্ষমার যোগ্য' এর বাক্য সংকোচন** - [১১তম বিসিএস]
ক. ক্ষমা খ. ক্ষমাপ্রার্থী গ. ক্ষমার্হ ঘ. ক্ষমাপ্রদ **উত্তর: গ**

৩২৫. **'ক্ষমা করার ইচ্ছা' এর বাক্য সংকোচন** - [বিএইচবিএফসি'র ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. জিজীবিষা খ. চিক্ষমিষা গ. তিতীর্ষা ঘ. দিৎসা **উত্তর: খ**

৩২৬. **নিচের কোন বাক্য সংকোচনটি অশুদ্ধ?** [বিডিবিএল'র সিনিয়র অফিসার: ১৭]
ক. আকাশ ও পৃথিবী = ক্রন্দসী খ. অপূর্ব সৃষ্টিশীল ক্ষমতা = প্রতিভা
গ. অতি উচ্চ ক্রূরহাসি = দৃপ্তহাসি ঘ. পা থেকে মাথা পর্যন্ত = আপাদমস্তক **উত্তর: গ**

৩২৭. **নিচের কোন বাক্য সংকোচনটি অশুদ্ধ?** [বিসিকের প্রমোশন অফিসার: ২৩]
ক. যা বলা হয়নি = অনুক্ত খ. হনন করার ইচ্ছা = জিগীষা
গ. যে নারীর হাসি সুন্দর = সুস্মিতা ঘ. যার দুহাত সমান চলে = সব্যসাচী **উত্তর: খ**

বাগধারা

০১. **সাধারণ অর্থের বাইরে যা বিশিষ্ট অর্থ প্রকাশ করে থাকে তাকে বলে - / বাক্যের আক্ষরিক অর্থ ছাপিয়ে যখন বিশেষ কোনো অর্থ প্রকাশ পায়, তখন তাকে কী বলে?** [১০ম শিক্ষক নিবন্ধন]
ক. বিপরীতার্থক শব্দ খ. সমার্থক শব্দ গ. ভিন্নার্থক শব্দ ঘ. বাগবিধি **উত্তর: ঘ**

০২. **বাগধারা বা বাগবিধি কোনো শব্দ বা শব্দগুচ্ছের** - [৮ম শিক্ষক নিবন্ধন]
ক. অতিরিক্ত অর্থ প্রকাশ করে খ. বিশেষ অর্থ প্রকাশ করে গ. আক্ষরিক অর্থ প্রকাশ করে ঘ. আভিধানিক অর্থ প্রকাশ করে **উত্তর: খ**

০৩. **কোনটি বাগধারা বুঝায়?** [৩৭তম বিসিএস]
ক. চৈত্র সংক্রান্তি খ. পৌষ সংক্রান্তি গ. শিরে-সংক্রান্তি ঘ. শিব-সংক্রান্তি **উত্তর: গ**

০৪. **বাগধারা হিসেবে প্রয়োগ করা হয় না কোনটি?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ১৯]
ক. চোখের জল খ. চোখের বালি গ. চোখের মণি ঘ. চোখের পর্দা **উত্তর: ক**

০৫. **'অনিষ্ট করতে গিয়ে গিয়ে ভালো করা' কে কী বলে?** [রাকাব'র অফিসার (ক্যাশ): ১০]
ক. ভিজে বিড়াল খ. শাপে বর গ. কপাল ফেরা ঘ. অদৃষ্টের পরিহাস **উত্তর: খ**

০৬. **'উপযুক্ত মিলন' বুঝাতে নিচের কোন বাগধারাটি ব্যবহৃত হয়?** [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]
ক. মনিকাঞ্চন যোগ খ. মন না মতি গ. সোনায় সোহাগা ঘ. ক ও গ উভয়ই **উত্তর: ঘ**

০৭. **'উপযুক্ত মিলন' বুঝাতে নিচের কোন বাগধারাটি ব্যবহৃত হয়?** [বিএনসিসি'র অফিস সহকারী: ২১]
ক. ঠোঁট কাটা খ. মনিকাঞ্চন যোগ গ. রাবনের চিতা ঘ. মিছরির ছুরি **উত্তর: খ**

০৮. **'কুঁড়ে স্বভাব' কোন বাগধারা দ্বারা বুঝানো হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. উনপঞ্চাশ বায়ু খ. আঠারো মাসে বছর গ. অকাল কুষ্মান্ড ঘ. অল্পবিদ্যা ভয়ঙ্করী **উত্তর: খ**

০৯. **'খুব বিপদ' এর অর্থ প্রকাশক বাগধারা কোনটি?** [বিএডিসি'র উপ-সহকারী পরিচালক: ২০]
ক. অকূল পাথার খ. গোঁফ খেজুরে গ. শকুনি মামা ঘ. রাবণের চিতা **উত্তর: ক**

১০. **'গুরুত্ব দেওয়া' অর্থে কোন বাগধারাটি ব্যবহৃত হয়?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. গা বাঁচানো খ. গা ছাড়া গ. গায়ে মাখা ঘ. গায়ে পড়া **উত্তর: গ**

১১. **'চির অশান্তি' বাগধারাটি কোন অর্থে যথোপযুক্ত?** [সোনালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৩]
ক. ভরাডুবি খ. তামার বিষ গ. রাবণের চিতা ঘ. আকাশ ভেঙ্গে পড়া **উত্তর: গ**

১২. **'দৃঢ় সংকল্প' অর্থে কোন বাগধারাটি ব্যবহৃত হয়?** [বেবিচকের হিসাব সহকারী: ২৩]
ক. একচোখা খ. এক কথার মানুষ গ. উড়নচন্ডী গ. কংস মামা **উত্তর: খ**

১৩. **'দীর্ঘস্থায়ী দুঃখ' কে কোন বাগধারা দিয়ে প্রকাশ করা হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. রাবণের চিতা খ. রাহুর দশা গ. বসন্তের কোকিল ঘ. অহি-নকুল **উত্তর: ক**

১৪. **'দুর্লভ বস্তু' বুঝায় কোন বাগধারাটি?** [বিবিএস'র ডাটা এন্ট্রি অপারেটর: ১৬]
ক. আকাশ কুসুম খ. অমাবস্যার চাঁদ গ. একাদশে বৃহস্পতি ঘ. অরন্যে রোদন **উত্তর: খ**

১৫. **'নির্লজ্জ' কোন বাগধারাটির অর্থ? / কোন বাগধারাটির অর্থ 'বেহায়া'?** [পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]
ক. এলাহী কান্ড খ. কান কাঁটা গ. জিলাপীর প্যাঁচ ঘ. ঠোঁট কাঁটা **উত্তর: খ**

১৬. **'ফাঁকা আওয়াজে কাজ আদায়' এর সমার্থক বাগধারা কোনটি?** [৮ম শিক্ষক নিবন্ধন]
ক. কলকাঠি নাড়া খ. কূপোকাৎ গ. কালে ভদ্রে ঘ. কথায় চিড়া ভেজা **উত্তর: ঘ**

১৭. **'মারা যাওয়া' কোন বাগধারাটির অর্থ?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৯]
ক. অক্কা পাওয়া খ. কেউকেটা গ. কান পাতলা ঘ. কেতাদুরস্ত **উত্তর: ক**

১৮. **'যারা বাইরে ঠাট বজায় রেখে চলে' এর অর্থ প্রকাশক বাগধারা কোনটি?** [১৬তম প্রভাষক নিবন্ধন]
ক. ব্যাঙের আধুলি খ. লেফাফা দুরস্ত গ. রাশভারি ঘ. ভিজে বিড়াল **উত্তর: খ**

১৯. **'যার কোনো মূল্য নেই' তাকে বাগধারা দিয়ে প্রকাশ করলে কোনটি হবে?** [১৪তম বিসিএস]
ক. ডাকাবুকা খ. তুলশী বনের বাঘ গ. তামার বিষ ঘ. ঢাকের বাঁয়া **উত্তর: ঘ**

২০. **'লন্ডভন্ড' বুঝায় কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. দক্ষযজ্ঞ খ. তুলকালাম গ. হাটে হাঁড়ি ভাঙা ঘ. ভন্ডপীর **উত্তর: খ**

২১. **'শ্রমবিমুখ' অর্থ কোন বাগধারার মধ্যে রয়েছে?** [বিসিকের প্রমোশন অফিসার: ২৩]
ক. খয়ের খাঁ খ. ঠোঁট কাটা গ. ননীর পুতুল ঘ. আমড়া কাঠের ঢেঁকি **উত্তর: গ**

২২. **'সুসময়ের বন্ধু' কোন বাগধারা দিয়ে বুঝানো হয়েছে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কংস মামা খ. দহরম মহরম গ. সুখের পায়রা ঘ. লেফাফা দুরস্ত **উত্তর: গ**

২৩. **'সুসময়ের বন্ধু' বাগধারাটির অর্থের প্রকাশক কোনটি?** [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. নদের চাঁদ খ. একাদশে বৃহস্পতি গ. বসন্তের কোকিল ঘ. মানিক জোড় **উত্তর: গ**

২৪. **'স্বেচ্ছাচারী ব্যক্তি' কোন বাগধারা দিয়ে বুঝায়?** [৭ম প্রভাষক নিবন্ধন]
ক. ধর্মের ষাড় খ. পোয়া বারো গ. রাহুর দশা ঘ. বুদ্ধির ঢেঁকি **উত্তর: ক**

২৫. **'সর্বনাশ' বুঝাতে কোন বাগধারাটির প্রয়োজন?** [পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]
ক. মগের মুল্লুক খ. পুকুর চুরি গ. বালির বাঁধ ঘ. ভরাডুবি **উত্তর: ঘ**

২৬. **কোন প্রবচনটি 'হতভাগ্য' অর্থে ব্যবহৃত?** [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. আট কপালে খ. উড়নচণ্ডী গ. ছা-পোষা ঘ. ভূষণ্ডির কাক **উত্তর: ক**

২৭. **'অকাল কুষ্মান্ড ছেলেটিকে সাহায্য করতে পার' বাক্যটিতে 'অকাল কুষ্মান্ড' ব্যবহৃত হয়েছে - / কোন বাক্যে 'অকাল কুষ্মান্ড' শব্দগুচ্ছটি কী হিসেবে ব্যবহৃত হয়?** [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ১৯]
ক. যৌগিক শব্দ হিসেবে খ. অতিশায়ন হিসেবে গ. বাগধারা হিসেবে ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

২৮. **'অকাল কুষ্মান্ড' বাগধারাটির অর্থ কোনটি?** [বেবিচকের সহকারী প্রকৌশলী: ২৩]
ক. অকর্মা খ. কর্মবিমুখ গ. বোকা ঘ. মূর্খ **উত্তর: ক**

২৯. **'অন্তর টিপুনী' বাগধারাটির অর্থ কী?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৭]
ক. বিপদ খ. গভীর গ. গোপন ব্যাথা ঘ. হিংসা **উত্তর: গ**

৩০. **'অক্কা পাওয়া' বাগধারাটির অর্থ কী?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]
ক. দুর্লভ বস্তু খ. স্বার্থপর গ. বেহায়া ঘ. মরা **উত্তর: ঘ**

৩১. **'অন্ধকার দেখা' বাগধারাটির সঠিক অর্থ কী?** [দুদকের উপ-সহকারী পরিচালক: ১০]
ক. দুর্লভ বস্তু খ. হতবুদ্ধি গ. দৃষ্টি শক্তিহীন ঘ. স্বার্থে আঘাত লাগা **উত্তর: খ**

৩২. **'অমাবস্যার চাঁদ' বাগধারাটির অর্থ কী?** [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২৩]
ক. সহজলভ্য খ. দুর্লভ বস্তু গ. লুকিয়ে থাকা ঘ. অমাবস্যার রাতে চাঁদ **উত্তর: খ**

৩৩. **'অগস্ত্য যাত্রা' বাগধারাটির অর্থ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. শুরু করা খ. বিশ্রাম করা গ. তাড়াতাড়ি শেষ করা ঘ. শেষ বিদায় **উত্তর: ঘ**

৩৪. **'অজগর বৃত্তি' বাগধারাটির অর্থ কী?** [সিলেট গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ১৩]
ক. লোভী খ. আলসেমি গ. অপদার্থ ঘ. প্রচণ্ড গরম **উত্তর: খ**

৩৫. **'অকালে বাদলা' বাগধারার অর্থ কী?** [সিএজি কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]
ক. অপ্রত্যাশিত বাধা খ. যা সচরাচর ঘটে না গ. পৌষ-মাঘ মাসের বৃষ্টি ঘ. নিত্যনৈমিত্তিক বিষয় **উত্তর: ক**

৩৬. **'অনুরোধে ঢেঁকি গেলা' বাগধারাটির সঠিক অর্থ হচ্ছে** - [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৯]
ক. অনুরোধে পড়ে অসাধ্য সাধন করা খ. অনুরোধে ঢেঁকি গিলে ফেলা
গ. চাপে পড়ে অন্যায় কাজ করে ফেলা ঘ. অনুরোধে অনিচ্ছা সত্ত্বেও কিছু করা **উত্তর: ঘ**

৩৭. **'অন্ধকার দেখা' বাগধারাটির সঠিক অর্থ কোনটি?** [ইসলামী ব্যাংকের ফিল্ড অফিসার: ১৩]
ক. দুর্লভ বস্তু খ. হতবুদ্ধি গ. দৃষ্টি শক্তিহীন ঘ. স্বার্থে আঘাত লাগা **উত্তর: খ**

৩৮. **'অর্ধচন্দ্র' বাগধারাটির অর্থ** - [৪৪তম বিসিএস]
ক. গলাধাক্কা দেওয়া খ. অমাবস্যা গ. কাস্তে ঘ. কাছে টানা **উত্তর: ক**

৩৯. **'অতি মেঘে অনাবৃষ্টি' প্রবচনটির অর্থ** - [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. অকারণ অনাসৃষ্টি খ. অতি মেঘের কারণে বিপর্যয় গ. অতি বৃষ্টির বিড়ম্বনা ঘ. মেঘের আড়ম্বর হলেই বৃষ্টি হয় না **উত্তর: ঘ**

৪০. **'অকট বিকট' বাগধারাটির অর্থ কী?** [এমআরএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. ছটফটানি খ. আনন্দে চিৎকার গ. রাগে চিৎকার ঘ. ক্ষিপ্ত **উত্তর: ক**

৪১. **'অন্ধকে দর্পণ দেখানো' প্রবচনটির অর্থ** – [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১০]
ক. অন্ধকে আলো দেখানো খ. নির্বোধকে জ্ঞান দান গ. অতি অহংকার ঘ. অন্ধের যষ্টি **উত্তর: খ**

৪২. **'অন্ধের যষ্ঠি' বাগধারাটির অর্থ কী?** [মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্টোর কিপার: ২১]
ক. অকর্মণ্য খ. সুসময়ের বন্ধু গ. একমাত্র অবলম্বন ঘ. ঠগবাজ **উত্তর: গ**

৪৩. **'অল্পজলের মাছ' প্রবচনটির মানে** – [পূবালী ব্যাংকের অফিসার: ১৪]
ক. নিতান্তই বোকা খ. অসার ব্যক্তি খ. ভয়ংকর স্বভাব। ঘ. ঘাঁই মারার জন্য প্রস্তুত **উত্তর: ক**

৪৪. **'অরণ্যে রোদন' কথাটির অর্থ কী?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]
ক. অবিরাম কান্না খ. ছিদকাঁদুনে গ. বৃথা চেষ্টা ঘ. বারংবার চেষ্টা করা **উত্তর: গ**

৪৫. **'অন্ধি সন্ধি' বাগধারাটির অর্থ কী?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহকারী: ১৯]
ক. বেফাস কথা খ. বিশ্বাসঘাতকতা গ. গোপন তথ্য ঘ. ষড়যন্ত্র **উত্তর: গ**

৪৬. **'অঞ্চল প্রভাব' বাগধারাটির অর্থ কী?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. স্ত্রীর প্রভাব খ. স্বামীর প্রভাব গ. আঞ্চলিকতার প্রভাব ঘ. উর্ধ্বতন কর্মকর্তার প্রভাব **উত্তর: ক**

৪৭. **'অক্কা পাওয়া' বাগধারার প্রকৃত অর্থ কোনটি?** [পিটিআই'র ইন্সট্রাক্টর: ১৯]
ক. ঝরে যাওয়া খ. পড়ে যাওয়া গ. মরে যাওয়া ঘ. নিষ্কৃতি পাওয়া **উত্তর: গ**

৪৮. **'অথৈ জল' বাগধারার অর্থ কী?** [গ্রামীণ ব্যাংকের কেন্দ্র ব্যবস্থাপক: ২৩]
ক. সাংঘাতিক খ. অতি গ. ভীষণ বিপদ ঘ. অকেজো **উত্তর: গ**

৪৯. **'অবরে সবরে' বাগধারার অর্থ কী?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৯]
ক. যথাসময়ে খ. কালে ভদ্রে গ. অবসর সময়ে ঘ. ধৈর্য ধরে **উত্তর: খ**

৫০. **'অঙ্কুশ তাড়না' বাগধারার অর্থ কী?** [বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের অফিস সহকারী: ২৩]
ক. আশ্চর্য হওয়া খ. অন্তর্গত আঘাত গ. পড়ে যাওয়া ঘ. অলীক ভাবনা **উত্তর: খ**

৫১. **'আঠার আনা' বাগধারার অর্থ কী?** [তিতাস গ্যাস ফিল্ডের অফিসার: ১৮]
ক. বাড়াবাড়ি খ. দীর্ঘসূত্রিতা গ. বেখাপ্পা ঘ. অসম্ভব ব্যাপার **উত্তর: ক**

৫২. **'আস্তাকুঁড়ের পাতা' বাগধারাটির অর্থ কী?** [তিতাস গ্যাস ফিল্ডের অফিসার: ১৮]
ক. হেয় ব্যক্তি খ. চতুর গ. নোংরা ঘ. অলস ব্যক্তি **উত্তর: ক**

৫৩. **'আঁতে ঘা' বাগধারাটির অর্থ কী?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৯]
ক. ক্ষণস্থায়ী খ. অবিশ্বাস্য ঘটনা গ. মনে কষ্ট ঘ. বিশৃঙ্খল **উত্তর: গ**

৫৪. **'আদিখ্যেতা' বাগধারাটির অর্থ কী?** [স্ট্যান্ডার্ড ব্যাংকের অফিসার: ১২]
ক. মারা যাওয়া খ. না জেনে কিছু করা গ. অপদার্থ ঘ. ন্যাকামি **উত্তর: ঘ**

৫৫. **'আগড়ম বাগড়ম' বাগধারাটির অর্থ** – [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১১]
ক. সুন্দর কথা খ. প্রচুর কথা গ. রাগের কথা ঘ. অর্থহীন কথা **উত্তর: ঘ**

৫৬. **'আক্কেল সেলামি' এর প্রকৃত অর্থ কোনটি?** [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ১৪]
ক. অত্যন্ত বুদ্ধিমান খ. অতি চালাক গ. হাঁদারাম ঘ. নির্বুদ্ধিতার দণ্ড **উত্তর: ঘ**

৫৭. **'আট প্রহর' বাগধারাটির অর্থ কী?** [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]
ক. সারা দিনরাত / ২৪ ঘণ্টা খ. অবেলা গ. শেষরাত ঘ. মধ্যদুপুর **উত্তর: ক**

৫৮. **'আকাশ ভেঙ্গে পড়া' বাগধারাটির সঠিক অর্থ কোনটি?** [ইসলামী ব্যাংকের ফিল্ড অফিসার: ১৩]
ক. মন্দভাগ্য খ. আশ্চর্য হওয়া গ. হঠাৎ বিপদ হওয়া ঘ. কঠিন পরীক্ষা **উত্তর: গ**

৫৯. **'আমড়াগাছি করা' বাগধারাটির অর্থ কী?** [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৫]
ক. টালবাহানা করা খ. ছটফট করা গ. বিশৃঙ্খলা করা ঘ. তোষামোদ করা **উত্তর: ঘ**

৬০. **'আকাশ কুসুম' শব্দের অর্থ কী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. অলীক ভাবনা খ. অদ্ভুত জিনিস গ. সুন্দর কল্পনা। ঘ. স্বপ্ন **উত্তর: ঘ**

৬১. **'আঙুল ফুলে কলাগাছ' বাগধারাটির অর্থ কী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. হটাৎ ধনী হওয়া খ. অত্যন্ত বুদ্ধিমান গ. অর্থহীন কথা ঘ. টালবাহানা করা **উত্তর: ঘ**

৬২. **'আকাশ পাতাল' বাগধারাটির অর্থ কী?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারী কৃষি কর্মকর্তা: ১৬]
ক. বিশৃঙ্খলা খ. শত্রুতা গ. প্রচুর ব্যবধান ঘ. অবাস্তব **উত্তর:**

৬৩. **'আকাশে তোলা' বাগধারাটির অর্থ কী?** [তিতাস গ্যাস ফিল্ডের সহকারী অফিসার: ১৮]
ক. অতিরিক্ত প্রসংশা করা খ. সম্মান দেওয়া গ. উপরে উঠানো ঘ. শূন্যে তোলা **উত্তর:**

৬৪. **'আঠারো মাসে বছর' বাগধারাটির অর্থ** – [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. বাড়াবাড়ি খ. দীর্ঘসূত্রিতা গ. অকর্মণ্য ঘ. অসম্ভব ব্যাপার **উত্তর:**

৬৫. **'আষাঢ়ে গল্প' বলতে কী বুঝায়?** [বেবিচকের হিসাব সহকারী: ২৩]
ক. আষাঢ় মাসের গল্প খ. বৃষ্টির গল্প গ. গাজাখুরি গল্প ঘ. কোনোটিই নয় **উত্তর:**

CamScanner

৬৬. **'আদায় কাচকলা' বলতে কী বুঝায়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের হিসাবরক্ষক: ১১]
ক. শত্রুতা খ. বদ্ধুত্ব গ. অপদার্থ ঘ. অকালপক্ব **উত্তর: ক**

৬৭. **'আট কপালে' বাগধারার অর্থ** - [জনতা ব্যাংকের অফিসার: ২৩]
ক. হতভাগ্য / মন্দভাগ্য খ. ভাগ্যবান গ. সরু কপাল ঘ. চওড়া কপাল **উত্তর: ক**

৬৮. **'আমড়া কাঠের ঢেঁকি' কে কী বলে? / 'আমড়া গাছের ঢেঁকি' বাগধারার অর্থ কী?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ১৩]
ক. নরম খ. অপদার্থ / অকেজো গ. বোকা ঘ. অসম্ভব বস্তু **উত্তর: খ**

৬৯. **'আঁধার ঘরের মানিক' বাগধারার অর্থ** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. একমাত্র অবলম্বন খ. নেশাগ্রস্ত গ. গাজাখুরি গল্প ঘ. অভদ্র **উত্তর: ক**

৭০. **'আচাভুয়ার বোম্বাচাক' বাগধারাটির অর্থ কী?** [দুদকের কনস্টেবল: ২২]
ক. অযথা প্রশংসা করা খ. অন্যান্য গ. অসম্ভব ব্যাপার ঘ. অপ্রত্যাশিত বাঁধা **উত্তর: গ**

৭১. **'আলাভোলা' বাগধারাটির অর্থ কী?** [৯ম বিজেএস]
ক. অসহায় খ. সাদাসিধে গ. অকর্মণ্য ঘ. অলস **উত্তর: খ**

৭২. **'আঁকুপাঁকু' বাগধারাটির অর্থ কী?** [ডাক অধিদপ্তরের পোস্টাল অপারেটর: ২৩]
ক. স্তম্ভিতভাব খ. ঝাঁকুনি দেওয়া গ. ন্যাকামি ঘ. ব্যস্ততার ভাব **উত্তর: ঘ**

৭৩. **'আটঘাট বাঁধা' বাগধারাটির অর্থ কী?** [এনএসআই'র ফিল্ড অফিসার: ২১]
ক. প্রস্তুতি নেওয়া খ. ঝাঁকুনি দেওয়া গ. সর্বনাশ করা ঘ. ঘাটে নামা **উত্তর: ক**

৭৪. **'ইঁদুর কপালে' বাগধারাটির অর্থ** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. নিতান্ত মন্দ ভাগ্য খ. অনধিকারের অধিকার গ. ভাগ্যহত ঘ. ভাগ্যহীন **উত্তর: ক**

৭৫. **'ইঁদুর কপালে' এর বিপরীত বাগধারা কোনটি?** [সিএজি কার্যালয়ের অডিটর: ১১]
ক. অদৃষ্টের পরিহাস খ. একাদশে বৃহস্পতি গ. অন্ধকার দেখা ঘ. কেউকেটা **উত্তর: খ**

৭৬. **'ইঁদুর কপালে' এর সমার্থক বাগধারা** - [সোনালী ব্যাংকের অফিসার: ১৮]
ক. উনপাঁজুরে খ. কাক জোছনা গ. ভূষণ্ডীর কাক ঘ. নেই আঁকাড়া **উত্তর: ক**

৭৭. **'ইতর বিশেষ' বাগধারাটির অর্থ - / 'ইতর বিশেষ' বলতে বুঝায়** - [৪৪তম বিসিএস]
ক. অভদ্র খ. ভেদাভেদ / পার্থক্য গ. ঝগড়াটে ঘ. অপছন্দ **উত্তর: খ**

৭৮. **'উলুখাগড়া' শব্দটির অর্থ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. রাজাবাদশা খ. একশ্রেণীভুক্ত গ. লাকড়ি ঘ. গুরুত্বহীন লোক **উত্তর: ঘ**

৭৯. **'উড়ে এসে জুড়ে বসা' এর অর্থ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯০]
ক. হঠাৎ আবির্ভাব খ. দূর থেকে আসা গ. অনধিকার চর্চা ঘ. অধিকার প্রতিষ্ঠা করা **উত্তর: গ**

৮০. **'উত্তম মধ্যম' বলতে কী বুঝায়?** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]
ক. সম্মান খ. মাঝামাঝি গ. প্রহার ঘ. ওপর-নিচে **উত্তর: গ**

৮১. **'উড়নচণ্ডী' বাগধারাটির অর্থ নির্ণয় করুন।** [বিবিএস'র পরিসংখ্যান অফিসার: ১৪]
ক. অমিতব্যয়ী খ. উচ্ছৃঙ্খল গ. অবাধ্য ঘ. কোনোটিই নয় **উত্তর: ক, খ**

৮২. **'উলুবনে মুক্তা ছড়ানো' এর সঠিক অর্থ** - [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]
ক. অজায়গায় গমন করা খ. অপাত্রে সম্প্রদান করা গ. অস্থানে যোগাযোগ করা ঘ. অপাত্রে অনুসন্ধান করা **উত্তর: খ**

৮৩. **'উজানের কৈ' এই বাগধারাটির অর্থ কী?** [পূবালী ব্যাংকের সহকারী অফিসার (ক্যাশ): ১৯]
ক. বিরাট আয়োজন খ. সহজলভ্য গ. অপদার্থ ঘ. সামান্য পার্থক্য **উত্তর: খ**

৮৪. **'উনকোটি চৌষট্টি' বাগধারার অর্থ হলো** - [ভূমি মন্ত্রণালয়ের নিরীক্ষক: ২৩]
ক. অপদার্থ খ. পাগলামি গ. অপব্যয়ী ঘ. প্রায় সম্পূর্ণ **উত্তর: ঘ**

৮৫. **'উনপঞ্চাশ বায়ু' বাগধারাটির অর্থ কী?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. ঘৃণা খ. বিরক্তি গ. বদমেজাজ ঘ. পাগলামি **উত্তর: ঘ**

৮৬. **'উনপাঁজুরে' বাগধারাটির অর্থ** - [আইসিবি ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. সৌভাগ্যবান খ. লোভী গ. সুসময় ঘ. দুর্বল **উত্তর: ঘ**

৮৭. **'উড়ো কথা' বাগধারাটির অর্থ কী?** [মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. গুজব খ. গুরুত্বপূর্ণ কথা গ. অনর্গল কথা ঘ. জটিল কথা **উত্তর: ক**

৮৮. **'একাদশে বৃহস্পতি' এর অর্থ কী?** [১৮তম বিসিএস]
ক. সৌভাগ্যের বিষয় / সুসময় খ. আশার কথা গ. মজা পাওয়া ঘ. আনন্দের বিষয় **উত্তর: ক**

৮৯. **'এক চোখা' এর সঠিক অর্থ কোনটি? / 'একচোখা' বাগধারাটির অর্থ** - [নির্বাচন কমিশন সচিবালয়ের ষ্টোর কিপার: ১৯]
ক. পক্ষপাতদুষ্ট খ. ধার্মিক গ. প্রাচীনপন্থী ঘ. ভণ্ড সাধু **উত্তর: ক**

৯০. **'এস্পার ওস্পার' বাগধারাটির অর্থ** - [উত্তরা ব্যাংকের অফিসার (ক্যাশ): ২২]
ক. মীমাংসা খ. এদিক বা ওদিক গ. এরকম বা ওরকম ঘ. এই পারে বা ঐ পারে **উত্তর: ক**

৯১. **'ওজন বুঝে চলা' বাগধারার অর্থ** - [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৮]
ক. আত্মসম্মান রক্ষা করা খ. পক্ষপাতদুষ্ট গ. পৃষ্ঠপোষককে সমর্থন ঘ. অন্যের অনুকরণ **উত্তর: ক**

৯২. **'ক-অক্ষর গোমাংস' বাগধারাটির অর্থ কী?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার (ক্যাশ): ১১]
ক. জ্ঞানী ব্যক্তি খ. নিরর্থক কথা গ. অনাবশ্যক বাগাড়ম্বর ঘ. অশিক্ষিত ব্যক্তি **উত্তর: ঘ**

৯৩. **'কূপমণ্ডূক' বাগধারাটির দ্বারা কি বুঝায়?** [বিপিডিবি'র সহকারী পরিচালক (প্রশাসন): ১৩]
ক. বিশ্বাসপ্রবণ খ. অলস গ. সাধারণ মানুষ ঘ. সীমিত জ্ঞানের মানুষ **উত্তর: ঘ**

৯৪. **'কলা দেখানো' বাগধারার অর্থ** - [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. লোভ দেখানো খ. প্রলুব্ধ করা গ. ফাঁকি দেওয়া ঘ. উদ্বুদ্ধ করা **উত্তর: গ**

৯৫. **'কত ধানে কত চাল' বাগধারাটির অর্থ** - [যুব উন্নয়ন অধিদপ্তরে সহকারী পরিচালক: ৯৯]
ক. হিসাব নেওয়া খ. পরিমাণ জানা গ. ষড়যন্ত্র করা ঘ. টের পাওয়ানো **উত্তর: খ**

৯৬. **'কাছা ঢিলা' বাগধারাটির অর্থ কী?** [বিএসসি'র অফিসার: ২২]
ক. দুর্বল ব্যক্তি খ. অসাবধান গ. অলস ঘ. মজার বিষয় **উত্তর: খ**

৯৭. **'কাষ্ঠ হাসি' বাগধারার অর্থ হলো** - [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৩]
ক. স্বেচ্ছাচারী খ. বিত্তশালী গ. শুকনো হাসি ঘ. গণ্ড মূর্খ **উত্তর: গ**

৯৮. **'কূর্ম অবতার' বলতে বুঝায়** - [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]
ক. মহৎ খ. অসহায় গ. অকর্মণ্য ঘ. অলস **উত্তর: খ**

৯৯. **'কাঁঠালের আমসত্ত্ব' এর অর্থ কী?** [সমবায় অধিদপ্তরের পরিদর্শক: ৯৭]
ক. বেমানান সজ্জা খ. অসম্ভব ব্যাপার গ. বাজে কাজ ঘ. নাছোড়বান্দা **উত্তর: খ**

১০০. **'কাক ভূষণ্ডি' এর অর্থ কী?** [২০তম বিসিএস]
ক. দীর্ঘায়ু ব্যক্তি খ. বাকসর্বস্ব গ. ষড়যন্ত্রকারী ঘ. সম্পূর্ণ ভেজা **উত্তর: ক**

১০১. **'কথার তুবড়ি' বাগধারাটির অর্থ কী?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. অকাট্য যুক্তি খ. মিথ্যা কথা গ. অনর্গল কথা ঘ. অন্তরে জটিলতা **উত্তর: গ**

১০২. **'কান কাটা' বাগধারার অর্থ নির্ণয় করুন।** [পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]
ক. ধার্মিক খ. ভণ্ড সাধু গ. বেহায়া ঘ. পক্ষপাতদুষ্ট **উত্তর: গ**

১০৩. **'কৈ মাছের প্রাণ' বলতে কী বুঝায়?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. কঠিন জিনিস খ. সর্বভুক গ. দীর্ঘজীবী ঘ. স্বল্পভুক **উত্তর: গ**

১০৪. **'কচুবনের কালাচাঁদ' বাগধারার অর্থ** - [নির্বাচন কমিশনের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ধূর্ত খ. অপদার্থ গ. কেতাদুরস্ত ঘ. কলির কেষ্ট **উত্তর: খ**

১০৫. **'কচুকাটা করা' বাগধারার অর্থ** - [বন অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. কচু কেটে ফেলা খ. সফলতা লাভ গ. হত্যা করা ঘ. ধ্বংস করা **উত্তর: ঘ**

১০৬. **'কাক নিদ্রা' এর সঠিক অর্থ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২৩]
ক. কপট চিন্তা খ. অগভীর সতর্ক নিদ্রা গ. পরের অনিষ্ট চিন্তা ঘ. নিদ্রার ভান করা **উত্তর: খ**

১০৭. **'কেঁচে গণ্ডুষ' বাগধারাটির অর্থ কী?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. বিপজ্জনক পরিণতি খ. সীমাবদ্ধ জ্ঞান গ. নিরেট মূর্খ ঘ. নতুন করে আরম্ভ করা **উত্তর: ঘ**

১০৮. **'কুবেরের ভান্ডার' বলতে কী বুঝায়?** [বাংলাদেশ কৃষি ব্যাংকের সুপারভাইজার: ১২]
ক. অফুরন্ত ঐশ্বর্য খ. পচা আবর্জনা গ. তুমুল কান্ড ঘ. ব্যাপক আয়োজন **উত্তর: ক**

১০৯. **'কিলিয়ে কাঁঠাল পাকানো' বাগধারাটির অর্থ কী?** [সোনালী ব্যাংকের অফিসার: ১৮]
ক. আগেভাগে ঘটনা ঘটানো খ. বেদম প্রহার করা গ. অসময়ে কাজে লাগানো ঘ. জোর করে কাজের উপযোগী **উত্তর: ঘ**

১১০. **'কন্ধে পাওয়া' এর সঠিক উত্তর কোনটি?** [জনতা ব্যাংকের অফিসার (আইটি): ১৯]
ক. পাত্তা পাওয়া খ. প্রভাবিত হওয়া গ. শান্তি পাওয়া ঘ. সাধু সাজা **উত্তর: ক**

১১১. **'কান পাতলা' বাগধারাটির অর্থ** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. সর্তক খ. সন্দেহপ্রবণ গ. বিশ্বাসপ্রবণ ঘ. বধির **উত্তর: গ**

১১২. **'কুল কাঠের আগুন' এর প্রকৃত অর্থ কী?** [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. তীব্র জ্বালা খ. কাঠের পুতুল গ. কূপমণ্ডুক ঘ. এলাহী কাণ্ড **উত্তর: ক**

১১৩. **'কাঁচা পয়সা' বাগধারাটি যে অর্থ প্রকাশ করে** - [রূপালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৩]
ক. কালো টাকা খ. ধাতব মুদ্রা গ. নগদ উপার্জন ঘ. বিত্তের অহংকার **উত্তর: গ**

১১৪. **'কলির সন্ধ্যা' বাগধারাটির অর্থ কী?** [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২৩]
ক. দুঃখের সূচনা খ. দুর্দিন গ. সন্ধ্যাকুসুম ঘ. বিরল বস্তু **উত্তর: ক**

১১৫. **'কংস মামা' বাগধারাটির অর্থ কী?** [বিবিএস'র ডাটা এন্ট্রি অপারেটর: ১৬]
ক. অপ্রিয় ব্যক্তি খ. নির্মম আত্মীয় গ. অমিতব্যয়ী ঘ. অকালপক্ব **উত্তর: খ**

CamScanner

১১৬. **'কোলাব্যাঙ' বাগধারাটির অর্থ কী?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. ঘরকুনো খ. ঝগড়াটে গ. বাকসর্বস্ব ঘ. জঘন্য **উত্তর: গ**

১১৭. **'কেতাদুরস্ত' বাগধারার অর্থ কী?** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]
ক. অলস খ. পরিশ্রমী গ. পরিপাটি ঘ. দীর্ঘজীবী **উত্তর: গ**

১১৮. **'কাপুড়ে বাবু' বাগধারাটির সঠিক অর্থ হচ্ছে** - [এমএসআই'র ফিল্ড অফিসার: ১৭]
ক. দলপতি খ. ভন্ড গ. অপদার্থ ঘ. বাহ্যিক অভ্যাস **উত্তর: খ**

১১৯. **'কচ্ছপের কামড়' বাগধারাটির সঠিক অর্থ হচ্ছে** - [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিপাই: ২১]
ক. কঠিন কামড় খ. অলসতা গ. কঠিন কাজে সফল হওয়া ঘ. নাছোড়বান্দা **উত্তর: ঘ**

১২০. **'কেউ কেটা' বাগধারাটির সঠিক অর্থ হচ্ছে** - [রেলপথ মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]
ক. মাননীয় জনগণ খ. গণ্যের মান্য গ. মান্যবর ঘ. সামান্য (তুচ্ছার্থে: গণ্যমান্য ব্যক্তি) **উত্তর: ঘ**

১২১. **'কেষ্ট বিষ্টু' বাগধারাটির অর্থ** - [এলজিইডি'র কমিউনিটি অর্গানাইজার: ২৩]
ক. প্রণাম খ. উভয় সংকট গ. লন্ডভন্ড ঘ. গণ্যমান্য **উত্তর: ঘ**

১২২. **'কায়েতের ঘরের ঢেঁকি' বাগধারাটির অর্থ কী?** [সিএজি কার্যালয়ের অডিটর: ১৪]
ক. অপদার্থ ব্যক্তি খ. বিশিষ্ট ব্যক্তি গ. প্রাচীন ব্যক্তি ঘ. হৃষ্টপুষ্ট ব্যক্তি **উত্তর: ক**

১২৩. **'কেবলা হাকিম' বাগধারাটির অর্থ কী?** [ইবি: ১৪-১৫]
ক. অনভিজ্ঞ খ. মক্কাগামী লোক গ. হাকিম নির্ভর ঘ. তোষামোদকারী **উত্তর: ক**

১২৪. **'কান ভারী করা' বাগধারাটির অর্থ কী?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের হিসাবরক্ষক: ১১]
ক. কানে পানি দেওয়া খ. কানে ভার দেওয়া গ. কুপরামর্শ দেওয়া ঘ. নাট্যগুরু **উত্তর: গ**

১২৫. **'কড়ি কাঠ গোনা' বাগধারাটির অর্থ কী?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার (ক্যাশ): ১৪]
ক. গাধার খাটুনি খ. প্রাণান্তকর ব্যাপার গ. নিশ্চেষ্ট হয়ে বসে থাকা ঘ. অধিক চেষ্টায় সফল হওয়া **উত্তর: গ**

১২৬. **'কলুর বলদ' বাগধারাটির অর্থ কী?** [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২৩]
ক. একটানা খাটুনি খ. ব্যতিক্রমী কাজ গ. নিরেট মূর্খ ঘ. চালাক লোক **উত্তর: ক**

১২৭. **'কলমের এক খোঁচা' বাগধারাটির অর্থ কী?** [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২৩]
ক. পত্র লিখন খ. লিখিত আদেশ গ. চূড়ান্ত মীমাংসা ঘ. ধ্বংস করা **উত্তর: খ**

১২৮. **'খয়ের খাঁ' বাগধারার অর্থ কী?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]
ক. দিনমজুর খ. গণ্যমান্য ব্যক্তি গ. দীনমজুর ঘ. তোষামোদকারী **উত্তর: ঘ**

১২৯. **'খিচুড়ি পাকানো' প্রবচনটির অর্থ** - [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২২]
ক. মালার রান্না খ. বিশৃঙ্খলা সৃষ্টি করা গ. ষড়যন্ত্র করা ঘ. দলবাজি করা **উত্তর: খ**

১৩০. **'খোদার খাসি' বাগধারাটি কোন অর্থে ব্যবহৃত হয়?** [বিসিকের এক্সটেনশন অফিসার: ১৯]
ক. ধনী ব্যক্তি খ. অযাচিত গ. ভাবনা চিন্তাহীন ঘ. অত্যন্ত অলস **উত্তর: গ**

১৩১. **'খাস তালুকের প্রজা' প্রবাদটির অর্থ হলো** - [বাংলাদেশ কৃষি ব্যাংকের সিনিয়র অফিসার: ১০]
ক. নিঃস্ব ব্যক্তি খ. সৎ ব্যক্তি গ. তোষামোদকারী ঘ. খুব অনুগত ব্যক্তি **উত্তর: ঘ**

১৩২. **'খড়ম পায়ে দিয়ে গঙ্গা পার' বাগধারার অর্থ কী?** [ইসলামী ব্যাংকের অফিসার: ১৩]
ক. অসম্ভব কাজে উদ্যোগ খ. ব্যতিক্রমী কাজ গ. দুঃসাহসিক অভিযান ঘ. দেবতাদের মতো কাজ করা **উত্তর: ক**

১৩৩. **'খেউর গাওয়া' বাগধারার অর্থ কী?** [সমবায় অধিদপ্তরের সহকারী পরিদর্শক: ২৩]
ক. প্রলাপ করা খ. গালাগালি করা গ. প্রশংসা করা ঘ. এক ধরনের গান **উত্তর: খ**

১৩৪. **'গৌরচন্দ্রিকা' বাগধারাটি কোন অর্থে ব্যবহৃত হয়?** [মাউশি অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. বাড়তি বোঝা খ. রূপের মোহ গ. ভূমিকা ঘ. ফিটফাট **উত্তর: গ**

১৩৫. **'গৌরিদান' বাগধারাটির অর্থ** - [সুন্দরবন গ্যাস কোম্পানির সিনিয়র টেকনিশিয়ান: ২৩]
ক. বাল্যবিবাহ খ. বিধবা বিবাহ গ. সতীদাহ ঘ. বিবাহ বিচ্ছেদ **উত্তর: ক**

১৩৬. **'গোবর গণেশ' বাগধারাটির অর্থ কী?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ১৮]
ক. অপদার্থ খ. নিরেট মূর্খ গ. অত্যন্ত অলস ঘ. অপটু **উত্তর: খ**

১৩৭. **'গুড়ে বালি' কথাটির অর্থ কী?** [বাংলাদেশ বিমানের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্ট: ২৩]
ক. বাতাসে বালি খ. আশায় নৈরাশ্য গ. ভাললাতে খারাপ ঘ. গোবরে পদ্মফুল **উত্তর: খ**

১৩৮. **'গোয়ার গোবিন্দ' বাগধারাটির অর্থ কী?** [কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার: ১৮]
ক. চালাক লোক খ. দীর্ঘায়ু ব্যক্তি গ. নিরক্ষর ঘ. কান্ডজ্ঞানহীন / নির্বোধ **উত্তর: ঘ**

১৩৯. **'গায়ে ফুঁ দিয়ে বেড়ান' বাগধারাটির অর্থ কী?** [গণপূর্ত অধিদপ্তরের সহকারী প্রকৌশলী: ৯৯]
ক. আপন মনে বাদশাহী করা খ. কোন দায়িত্ব গ্রহণ না করা গ. বোকার মত চলা ঘ. দাংগাবাজি করা **উত্তর: খ**

১৪০. **'গোকুলের ষাঁড়' বাগধারার অর্থ নির্ণয় করুন।** [বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]
ক. দুর্লভ বস্তু খ. দুর্বল ও ব্যক্তিত্বহীন গ. স্বেচ্ছাচারী ঘ. অপদার্থ **উত্তর: গ**

১৪১. **'গড্ডলিকা প্রবাহ' এর সঠিক অর্থ কোনটি?** [বিএসসি'র অফিসার: ২৩]
ক. লণ্ডভণ্ড হওয়া খ. স্বেচ্ছায় প্রবাহিত হওয়া গ. অন্ধ অনুকরণ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

১৪২. **'গা করা' বাগধারাটির অর্থ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৮]
ক. আঘাত করা খ. উপেক্ষা করা গ. উদ্যোগী হওয়া ঘ. অবহেলা করা **উত্তর: গ**

১৪৩. **'গোঁফ খেজুরে' বাগধারাটির অর্থ -** [১৩তম বিসিএস]
ক. আরামপ্রিয় খ. নিতান্ত অলস গ. উদাসীন ঘ. পরমুখাপেক্ষী **উত্তর: খ**

১৪৪. **'গাছপাথর' বাগধারাটির অর্থ -** [৩২তম বিসিএস]
ক. ভূমিকা করা খ. হিসাব-নিকাশ গ. অসম্ভব বস্তু ঘ. বাড়াবাড়ি করা **উত্তর: খ**

১৪৫. **'গদাই লস্করি চাল' বাগধারাটির অর্থ -** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৯]
ক. বাবুয়ানা খ. অন্তঃসারশূন্যতা গ. দীর্ঘসূত্রতা ঘ. হামবড়া ভাব **উত্তর: গ**

১৪৬. **'গায়ে পড়া' বাগধারাটির অর্থ কী?** [পুবালী ব্যাংকের সহকারী অফিসার: ১৯]
ক. সাংঘাতিক খ. অতি মূখ গ. অযাচিত ঘ. অকেজো **উত্তর: গ**

১৪৭. **'গণেশ উল্টানো' বাগধারাটির অর্থ -** [ডিটিসিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. ব্যাপ্তি হওয়া খ. অন্যায় করা গ. উঠে যাওয়া ঘ. সহায়

১৪৮. **'ঘন্টাগরুড়' বাগধারাটির অর্থ কী?** [বিএমইটি'র অফিস সহায়ক: ২৩]
ক. গরুড় পাখি খ. অকর্মণ্য লোক গ. কর্মঠ লোক ঘ. গরুর ঘন্টা **উত্তর: খ**

১৪৯. **'ঘটিরাম' বাগধারাটির অর্থ -** [সমবায় অধিদপ্তরের সহকারী ফিল্ড অপারেটর: ২৩]
ক. ভণ্ড ধার্মিক খ. ন্যাকামো গ. বড়মুখ ঘ. অপদার্থ **উত্তর: ঘ**

১৫০. **'ঘুঘু চরানো' বাগধারাটির অর্থ কী? / 'ভিটেয় ঘুঘু চরানো' বাগধারাটির অর্থ কী?** [ডিটিসিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. অত্যন্ত অলস খ. সর্বনাশ করা গ. গুজব ঘ. রাখাল **উত্তর: খ**

১৫১. **'ঘাটের মরা' বাগধারাটির অর্থ কী?** [সেসিপ'র সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা: ১৫]
ক. দুর্বল খ. অতি বৃদ্ধ গ. সদ্য মৃত ঘ. ফেলনা **উত্তর: খ**

১৫২. **'ঘরের শত্রু বিভীষণ' বাগধারাটির অর্থ কী?** [১০ম শিক্ষক নিবন্ধন]
ক. বন্ধুভাবাপন্ন খ. শত্রু গ. রাবণের ভাই ঘ. যে গৃহ বিবাদ করে **উত্তর: ঘ**

১৫৩. **'ঘর পোড়া গরু' বাগধারাটির অর্থ কী?** [নিপোর্টের কম্পিউটার অপারেটর: ১৮]
ক. বেদনার অভিজ্ঞতা খ. শোকার্ত মানুষ গ. বোকা লোক ঘ. ঘরে পোড়া গরু **উত্তর: ক**

১৫৪. **'ঘোড়ার কামড়' বাগধারাটির অর্থ কী?** [এনবিআরের উচ্চমান সহকারী: ১৩]
ক. অকর্মণ্য লোক খ. দৃঢ় লোক গ. বোকা লোক ঘ. কাজের লোক **উত্তর: খ**

১৫৫. **'ঘোড়া রোগ' বাগধারাটির অর্থ কী?** [সিএজি কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]
ক. পশুর ব্যাধি খ. গোঁয়ার গ. ক্রোধ ঘ. সাধ্যাতীত বাসনা **উত্তর: ঘ**

১৫৬. **'ঘোর কলি' বাগধারাটির অর্থ কী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. ঘুটঘুটে কালো খ. অন্ধকার গ. ঘুরপাক খাওয়া ঘ. নিদারুণ অধর্মের যুগ **উত্তর: ঘ**

১৫৭. **'চাপে পড়ে কাবু হওয়া' এর অর্থ প্রকাশক বাগধারা কোনটি?** [ক্রীড়া পরিদপ্তরের অফিস সহকারী: ১৯]
ক. অকাল কুষ্মান্ড খ. রাবণের চিতা গ. ঠেলার নাম বাবাজি ঘ. চোরে না শোনে ধর্মের কাহিনী **উত্তর: গ**

১৫৮. **'চল্লিশের কোঠা' বাগধারাটির অর্থ কী?** [মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. একচল্লিশ খ. পঁয়তাল্লিশ গ. উনচল্লিশ ঘ. উনপঞ্চাশ **উত্তর: গ**

১৫৯. **'চিঁড়ে চ্যাপ্টা' বাগধারাটির অর্থ কী?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. চ্যাপ্টা চিঁড়ে খ. নাজেহাল গ. বিপদগ্রস্ত ঘ. ব্যর্থ **উত্তর: খ**

১৬০. **'চাঁদের হাট' কথাটির অর্থ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. জ্যোৎসা খ. কচিকাঁচার মেলা গ. পূর্ণিমা রাত ঘ. আনন্দের প্রাচুর্য / প্রিয়জন সমাগম **উত্তর: ঘ**

১৬১. **'চোখ পাকানো' বাগধারাটির সঠিক অর্থ কী?** [এনএসআই'র জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]
ক. ইঙ্গিত করা খ. ক্রোধ দেখানো গ. সতর্ক করা ঘ. ফাঁকি দেয়া **উত্তর: খ**

১৬২. **'চোখ খোলা' বাগধারাটির সঠিক অর্থ কী?** [বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক (প্রশাসন): ১৮]
ক. সতর্ক থাকা খ. ভালোভাবে তাকানো গ. জেগে থাকা ঘ. প্রার্থনা করা **উত্তর: ক**

১৬৩. **'চোখের পর্দা' বাগধারাটির সঠিক অর্থ কী?** [ডাক বিভাগের অফিস সহায়ক: ২২]
ক. লজ্জা খ. সংকীর্ণতা গ. মোহ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

১৬৪. **'চোখের নেশা' বাগধারাটির সঠিক অর্থ কী?** [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২৩]
ক. মোহ খ. লজ্জা গ. ইঙ্গিত করা ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

১৬৫. **'চোখের বালি' কোন অর্থে বুঝানো হয়?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৬]
ক. সতীন খ. পরিশ্রমী গ. অপছন্দনীয় ব্যক্তি ঘ. সৎপুত্র **উত্তর: গ**

১৬৬. **'চোরা বালি' বাগধারাটির অর্থ কী?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. অত্যন্ত গোপনে খ. প্রচ্ছন্ন বিপদ গ. চুরির অভ্যাস ঘ. সাবধানী **উত্তর: খ**

১৬৭. **'চিনির পুতুল' এর অর্থ কী?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৫]
ক. পরিশ্রম কাতর খ. অকেজো লোক গ. অকেজো লোক ঘ. নিতান্ত অলস **উত্তর: ক**

১৬৮. **'চিনির বলদ' বাগধারাটির সঠিক অর্থ কী?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৬]
ক. নিস্ফল পরিশ্রম খ. সস্তা দাম গ. ঠকানো ঘ. কাণ্ডজ্ঞানহীন ব্যক্তি **উত্তর: ক**

১৬৯. **'চক্ষুদান করা' বাগধারাটির অর্থ কী?** [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. চক্ষুদান করা খ. সচেতন করা গ. চুরি করা ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

১৭০. **'ছ কড়া ন কড়া' বাগধারাটির অর্থ কী?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. সস্তা দর খ. নষ্ট করা গ. দুর্লভ বস্তু ঘ. আশায় নৈরাশ্য **উত্তর: ক**

১৭১. **'ছক্কা পাঞ্জা করা' বাগধারাটির অর্থ কী? / 'ছক্কা পাঞ্জা' বাগধারাটির সমার্থক কোনটি?** [এনএসআই'র কম্পিউটার অপারেটর: ২১]
ক. বড়াই করা খ. এলোমেলো করা গ. ইতঃস্তত করা ঘ. অস্থির হওয়া **উত্তর: ক**

১৭২. **'ছেড়া চুলে খোঁপা বাঁধা' বাগধারাটির অর্থ কী?** [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১০]
ক. পরকে আপন করার চেষ্টা খ. উপহাস গ. অসময়ে আবির্ভাব ঘ. অকেজো লোক **উত্তর: ক**

১৭৩. **'ছুঁচোর কেত্তন' বাগধারাটির অর্থ কী?** [বাংলাদেশ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ১৭]
ক. অবিরাম কলহ খ. নিষ্ঠুর বাক্য গ. আজগুবি আলাপ ঘ. অনুরোধ করা **উত্তর: ক**

১৭৪. **'ছাই ফেলতে ভাঙ্গা কুলো' বাগধারাটির অর্থ কী?** [জাতীয় বিশ্ববিদ্যালয়: ১১-১২]
ক. কোনোক্রমে কাজ চালানো খ. অসম্ভব কাজ গ. ঝাঁঝরি দিয়ে পানি ঢালা ঘ. গুরুত্বহীন ব্যক্তিই শেষ ভরসা **উত্তর: ঘ**

১৭৫. **'ছাই চাপা আগুন' কোন অর্থ প্রকাশ করে?** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. গোপন গুণ খ. বদমেজাজ গ. গোপন দোষ ঘ. মন্দ ভাগ্য **উত্তর: ক**

১৭৬. **'ছা-পোষা' বাগধারার অর্থ কী?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবারকল্যাণ পরিদর্শিকা: ২৩]
ক. অত্যন্ত গরীব খ. সামান্য ব্যক্তি গ. খুব অলস ঘ. চাটুকার **উত্তর: ক**

১৭৭. **'ছাতা দিয়ে মাথা রক্ষা' বাগধারাটির অর্থ কী?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]
ক. স্বার্থপর হওয়া খ. সম্মান রক্ষা করা গ. সামান্য উপহার ঘ. উর্ধ্বতন কর্তৃপক্ষের ভূমিকা **উত্তর: খ**

১৭৮. **'জগদ্দল পাথর' বাগধারাটির অর্থ কী?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৬]
ক. অমূল্য বস্তু খ. জটিল করা গ. গুরুভার ঘ. নিন্দিত **উত্তর: গ**

১৭৯. **'জিলাপীর প্যাচ' বাগধারার অর্থ কী?** [পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]
ক. প্যাচানো খ. কুটিল বুদ্ধি গ. কলহপ্রিয় ঘ. জটিল **উত্তর: খ**

১৮০. **'জলের রেখা, খলের পিরিতি' প্রবাদটির অর্থ কী?** [পূবালী ব্যাংকের সহকারী অফিসার (ক্যাশ): ১৯]
ক. নিরপেক্ষ খ. ক্ষণস্থায়ী গ. ক্ষতি হওয়া ঘ. নির্বাক হয়ে থাকা **উত্তর: খ**

১৮১. **'জড়-ভরত' বাগধারাটির অর্থ** - [আইসিটি বিভাগের সহকারী প্রোগ্রামার: ১৭]
ক. চাটুকার খ. খুব ধনী গ. অকর্মণ্য ব্যক্তি ঘ. স্পষ্টবাদী **উত্তর: গ**

১৮২. **'জাতে মাতাল তালে ঠিক' প্রবাদটির অর্থ** - [পূবালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৬]
ক. অসাধুতা খ. নির্বুদ্ধিতা গ. সৌজন্যবোধ ঘ. স্বার্থ সচেতনতা **উত্তর: ঘ**

১৮১. **'জলে ফেলা' বাগধারাটির অর্থ** - [বাংলাদেশ বাংকের অফিসার (ক্যাশ): ২৩]
ক. জলের নিত্য ব্যবহার খ. সুপাত্রে পড়া গ. বিপদে পড়া ঘ. অপচয় করা / অপাত্রে দান করা **উত্তর: ঘ**

১৮৩. **'ঝোলের লাউ অম্বলের কদু' বাগধারার অর্থ কী?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের অ্যাডমিন অ্যাসিস্টেন্ট: ২৩]
ক. জীর্ণশীর্ণ লোক খ. মিশিয়ে ফেলা গ. সব পক্ষের মন জুগিয়ে চলা ঘ. পুথিগত বিদ্যাসাগর **উত্তর: গ**

১৮৪. **'ঝড়ো কাক' কথাটির অর্থ** - [জনপ্রশাসন মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ঝগড়াটে ব্যক্তি খ. দুর্দশাগ্রস্ত ব্যক্তি গ. বেগবান পুরুষ ঘ. তেড়ে আসা **উত্তর: খ**

১৮৫. **'ঝাঁকের কৈ' বাগধারাটির অর্থ** - [প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিসার: ১৯]
ক. অসম্ভব চালাক খ. একই দলের লোক গ. একতাই বল ঘ. বর্ষাকালীন মাছ **উত্তর: খ**

১৮৬. **'টীকাভাষ্য' বাগধারাটির অর্থ কী?** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১০]
ক. সদালাপ খ. অর্থহীন কথা গ. সংক্ষিপ্ত আলোচনা ঘ. দীর্ঘ আলোচনা **উত্তর: ঘ**

১৮৭. **'টুপ ভুজঙ্গ' বাগধারাটির অর্থ কী?** [ঢাবি: ০৮-০৯]
ক. জল-সাপ খ. নির্লজ্জ গ. নেশাগ্রস্ত ঘ. গো-সাপ **উত্তর: গ**

১৮৮. **'টো টো কোম্পানীর ম্যানেজার' প্রবচনের অর্থ** - [রূপালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৩]
ক. ভুইফোঁড় প্রতিষ্ঠানের কর্তা খ. গোপন ব্যবসায়ের হোতা গ. ভবঘুরে ঘ. বহুজাতিক সংস্থার ব্যবস্থাপক **উত্তর: গ**

১৮৯. **'টেকে গোঁজা' বাগধারাটির অর্থ** - [ঢাবি: ১৮-১৯]
ক. পকেট ভারী করা খ. ক্ষমতা পরীক্ষা করা গ. অবহেলা করা ঘ. সহজে কাবু করা **উত্তর: ক**

১৯০. **'টক্কর দেওয়া' বাগধারাটির অর্থ কী?** [মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. পাল্লা দেওয়া খ. পানি দেওয়া গ. চাটুকার ঘ. অবহেলা করা **উত্তর: ক**

১৯১. **'টানাপোড়েন' বাগধারার সাথে যুক্ত নিচের কোন শব্দটি?** [ডাবি: ২০-২১]
ক. পরিবার খ. কারখানা গ. তাঁত ঘ. জাল **উত্তর: গ**

১৯২. **'ঠোঁট কাটা' বলতে কী বুঝায়?** [২০তম বিসিএস]
ক. অহংকারী খ. স্পষ্টভাষী গ. মিথ্যাবাদী ঘ. পক্ষপাতদুষ্ট **উত্তর: খ**

১৯৩. **'ডুমুরের ফুল' বলতে বুঝায়** - [বিদ্যুৎ মন্ত্রণালয়ের সহকারী বিস্ফোরক পরিদর্শক: ০৩]
ক. ডুমুর জাতীয় ফলের ফুল খ. বিরল বস্তু গ. যে ফলের আসলে কোন ফুল হয় না ঘ. যে ফুলের ভেতরে ফলটি থাকে **উত্তর: খ**

১৯৪. **'ডাকাবুকো' প্রবাদটির অর্থ কী?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. বদরাগী খ. চাটুকার গ. দুরন্ত ঘ. ভণ্ড **উত্তর: গ**

১৯৫. **'ডামাডোল' বাগধারাটির অর্থ** - [আইসিবি ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. হৈ চৈ খ. চিৎকার গ. গোলযোগ ঘ. যুদ্ধ **উত্তর: গ**

১৯৬. **'ডানপিটে' বাগধারাটির অর্থ** - [সমবায় বিভাগের সহকারী প্রশিক্ষক: ২৩]
ক. দুঃসাহসী খ. ভন্ড গ. গোলযোগ ঘ. চাটুকার **উত্তর: ক**

১৯৭. **'ঢাকের বাঁয়া' বাগধারাটির প্রকৃত অর্থ** - [বিআইডব্লিউটিএ'র পরিবহন কর্মকর্তা: ২৩]
ক. অপ্রয়োজনীয় খ. প্রয়োজনীয় গ. প্রচারসিদ্ধ ঘ. প্রচারবিমুখ **উত্তর: ক**

১৯৮. **'ঢাকের কাঠি' বাগধারাটির অর্থ** - [৩৩তম বিসিএস]
ক. সাহায্যকারী খ. তোষামুদে গ. বাদক ঘ. স্বাস্থ্যহীন লোক **উত্তর: খ**

১৯৯. **'ঢেঁকির কুমির' বাগধারাটির অর্থ কী?** [এলজিইডি'র কার্য সহকারী: ২৩]
ক. অসহায় খ. অপদার্থ গ. ধনী ঘ. নাছোরবান্দা **উত্তর: খ**

২০০. **'ঢাক ঢাক গুড় গুড়' বাগধারার অর্থ** - [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৪]
ক. সন্দেহজনক আচরণ খ. গোপন রাখার প্রয়াস গ. ষড়যন্ত্র ঘ. পেটের গণ্ডগোল **উত্তর: খ**

২০১. **'তাল ঠোকা' বাগধারাটির অর্থ কী?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]
ক. অহংকার করা খ. সগর্ব উক্তি গ. কার্পণ্য করা ঘ. ব্যঙ্গ উক্তি **উত্তর: খ**

২০২. **'তাল কানা' বাগধারাটির অর্থ কী?** [মাউশির উচ্চমান সহকারী: ১৫]
ক. বেতাল হওয়া খ. ঠিক হওয়া গ. সহজলভ্য হওয়া ঘ. সঠিক হওয়া **উত্তর: ক**

২০৩. **'তেলও কম ভাজাও মচমচে' বাগধারার বিশিষ্ট অর্থ** - [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০১]
ক. অভাবে সান্ত্বনা খ. তেলে ভাজা গ. অল্পে সন্তুষ্ট ঘ. অল্প উপকরণে ভালো ব্যবস্থা **উত্তর: ঘ**

২০৪. **'তোলা হাঁড়ি' বাগধারাটির অর্থ কী?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. সঞ্চয় খ. গম্ভীর গ. অপব্যয় ঘ. ভয়ঙ্কর **উত্তর: খ**

২০৫. **'তাসের ঘর' এর অর্থ কী?** [মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. বিশৃঙ্খলা খ. এলোমেলো গ. ক্ষণস্থায়ী ঘ. তাস খেলার ঘর **উত্তর: গ**

২০৬. **'ত্রিশঙ্কু দশা' বাগধারার অর্থ** - [এনএসআই'র কম্পিউটার অপারেটার: ২১]
ক. বিপর্যস্ত অবস্থা খ. অবাক হওয়া গ. মাত্রাজ্ঞানহীন হওয়া ঘ. দোটনা অবস্থা / উভয় সংকট **উত্তর: ঘ**

২০৭. **'তাল পাতার সেপাই' বাগধারাটির সঠিক অর্থ কোনটি?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার (ক্যাশ): ১১]
ক. অত্যন্ত ভদ্র খ. পক্ষপাতদুষ্ট গ. অত্যন্ত আদুরে ঘ. অতিশয় দুর্বল **উত্তর: ঘ**

২০৮. **'তুলসী বনের বাঘ' এর অর্থ কোনটি?** [এলজিইডি'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. সুসময়ের বন্ধু খ. অদৃশ্য বস্তু গ. ভন্ড ঘ. নির্লজ্জ **উত্তর: গ**

২০৯. **'তামার বিষ' বাগধারাটির সঠিক অর্থ কী?** [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. ভীষণ বিষাক্ত খ. নির্দয় গ. অর্থের কুপ্রভাব ঘ. তামা থেকে উৎপন্ন বিষ **উত্তর: গ**

২১০. **'তয়নাত করা' বাগধারাটির সঠিক অর্থ কী?** [জাবি: ১৯-২০]
ক. স্থির করা খ. প্রস্তুত করা গ. বেতাল হওয়া ঘ. ভোজন করা **উত্তর: ক**

২১১. **'তুর্কি নাচন' বাগধারাটির অর্থ কী?** [মাউশির উচ্চমান সহকারী: ১৫]
ক. অরাজক দেশ খ. সামাজিক বিশৃঙ্খলা গ. নাজেহাল অবস্থা ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

২১২. **'তুবড়ি ছোটা' বাগধারাটির অর্থ কী?** [মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. অপ্রয়োজনীয় কথা বলা খ. দ্রুত দৌড়ানো গ. ধীরে ধীরে চলা ঘ. সামাজিক বিশৃঙ্খলা করা **উত্তর: ক**

২১৩. **'দাঁতে আঙুল কাটা' বাগধারাটির অর্থ কী?** [আইসিবি ব্যাংকের অফিসার: ১১]
ক. নখ কাটা খ. অবাক হওয়া গ. লজ্জা পাওয়া ঘ. বিপদে পড়া **উত্তর: গ**

২১৪. **ইংরেজি প্রবচন 'Fair Weather Friends' এর কাছকাছি বাংলা প্রবচন কোনটি?** [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২৩]
ক. দুধের মাছি খ. ধামাধরা মানুষ গ. পিরিত বিনে সুহৃদ নাই ঘ. চোরে চোরে মাসতুতো ভাই **উত্তর: ক**

২১৫. **'দুধের মাছি' বাগধারাটির অর্থ** - [স্ট্যান্ডার্ড ব্যাংকের অফিসার: ১২]
ক. দুধ খাওয়া মাছি খ. দুধে বসা মাছি গ. সুসময়ের বন্ধু ঘ. অসময়ের বন্ধু **উত্তর: গ**

২১৬. **'দোহাই মানা' বাগধারাটির অর্থ কী?** [এবাএফটা প্রকল্পের ফিল্ড সুপারভাইজার: ১৬]
ক. লজ্জায় মাথা নত করা খ. প্রশংসা মুখর হওয়া গ. স্তব্ধ হয়ে পড়া ঘ. নজির দেখানো **উত্তর: ঘ**

২১৭. **'দেঁতো হাসি' বাগধারাটির অর্থ কী?** [জাবি: ১৯-২০]
ক. কৃত্রিম হাসি খ. বেতাল হওয়া গ. নিরীহ ব্যক্তি ঘ. বিপদ এড়ানো **উত্তর: ক**

২১৮. **'দত্ত-ব-দত্ত' বাগধারাটির অর্থ কী?** [প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৯]
ক. বদ্ধ বনাম বদ্ধ খ. খেতে-খেতে গ. হাতে-হাতে ঘ. আস্তে-আস্তে **উত্তর: গ**

২১৯. **'দক্ষিণে হাওয়া দেওয়া' বাগধারাটির অর্থ কী?** [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৪-০৫]
ক. দক্ষিণে বাতাস যাওয়া খ. দক্ষিণা বাতাস আসা গ. অনুভূতির সৃষ্টি হওয়া ঘ. মনে আনন্দের হিল্লোল জাগা **উত্তর: ঘ**

২২০. **'দহরম মহরম' এর বিপরীত বাগধারা কোনটি?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. জিলাপির প্যাঁচ খ. অহি-নকুল গ. দুধের মাছি ঘ. বসন্তের কোকিল **উত্তর: খ**

২২১. **'দু কান কাটা' বাগধারাটির অর্থ কী?** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]
ক. বেহায়া খ. দাগি আসামি গ. নিরীহ ব্যক্তি ঘ. অসুস্থ ব্যক্তি **উত্তর: ক**

২২২. **'দূর্বা গজানো' বাগধারাটির অর্থ কী?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৮]
ক. উৎখাত খ. ভালো ফলন গ. খারাপ ফলন ঘ. সবুজ মাঠ **উত্তর: ক**

২২৩. **'দিবাস্বপ্ন' বাগধারাটির অর্থ কী?** [বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]
ক. অলীক কল্পনা খ. জেগে জেগে দেখা স্বপ্ন গ. অসম্ভব কল্পনা ঘ. দিনের বেলা যে স্বপন দেখা হয় **উত্তর: ক**

২২৪. **'ধর্মের ষাঁড়' বাগধারার অর্থ কী?** [বিসিকের এক্সটেনশন অফিসার: ১৯]
ক. সুসময়ের বন্ধু খ. স্বার্থপর গ. বেহায়া ঘ. অকর্মণ্য **উত্তর: ঘ**

২২৫. **'ধুয়া ধরা' বাগধারাটির অর্থ কী?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২৩]
ক. বৃথা চেষ্টা করা খ. বজায় থাকা গ. বাজে অভ্যাস ধরা ঘ. আবদার বা ছুতো ধরা **উত্তর: ঘ**

২২৬. **'ধামাধরা' বাগধারাটির অর্থ কী?** [১৬তম প্রভাষক নিবন্ধন]
ক. যথেচ্ছাচারী খ. বক ধার্মিক গ. তোষামোদকারী ঘ. কদরহীন লোক **উত্তর: গ**

২২৭. **'ধোপদুরস্ত' বাগধারাটির অর্থ** - [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. গম্ভীর প্রকৃতির খ. ধীরশক্তিসম্পন্ন গ. পরিপাটি ঘ. অসম সাহসী **উত্তর: গ**

২২৮. **'না পড়ে পণ্ডিত' প্রবচনটির অর্থ** - [পূবালী ব্যাংকের সহকারী অফিসার: ১৯]
ক. ডিগ্রিবিহীন পণ্ডিত খ. স্বভাব পণ্ডিত গ. মহাজ্ঞানী ঘ. কোনো বিষয়ে না জেনে পাণ্ডিত্য প্রকাশ করা **উত্তর: ঘ**

২২৯. **'নজর লাগা' বাগধারাটির অর্থ** - [বিবিএস'র পরিসংখ্যান কর্মকর্তা: ১৭]
ক. পছন্দ হওয়া খ. অশুভ দৃষ্টিতে পড়া গ. মনে ধরা ঘ. সুদৃষ্টিতে পড়া **উত্তর: খ**

২৩০. **'ননীর পুতুল' অর্থ কী?** [৪০তম বিসিএস]
ক. বেহায়া খ. স্বার্থপর গ. শ্রমকাতর ঘ. আসন্ন বিপদ **উত্তর: গ**

২৩১. **'নিরানব্বইয়ের ধাক্কা' বাগধারাটির অর্থ কী?** [২৩তম বিসিএস]
ক. তীরে পৌঁছার ঝুঁকি খ. আসন্ন বিপদ গ. সঞ্চয়ের প্রবৃত্তি ঘ. মুমূর্ষ অবস্থা **উত্তর: গ**

২৩২. **'নদের চাঁদ' বাগধারাটির অর্থ কী?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. অতি আকাঙ্ক্ষিত বস্তু খ. বিশেষ সম্মানিত ব্যক্তি গ. অদৃষ্টের পরিহাস ঘ. অহমিকাপূর্ণ নির্গুণ ব্যক্তি / বাজে লোক **উত্তর: ঘ**

২৩৩. **'নথ নাড়া' বাগধারাটির অর্থ** - [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৮]
ক. ক্ষোভ প্রকাশ খ. নিন্দা করা গ. তুষ্ট করা ঘ. অহংকার প্রকাশ **উত্তর: ঘ**

২৩৪. **'নেপোয় মারে দই' বাগধারাটির অর্থ** - [বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের অফিস সহকারী: ২৩]
ক. ধূর্ত লোকের ফলপ্রাপ্তি খ. অন্যকে ঠকানো গ. চাতুর্যপূর্ণ চুরি ঘ. আত্মসাৎ **উত্তর: ক**

২৩৫. **'নেই আঁকড়া' এর সঠিক অর্থ কোনটি?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. দ্বন্দ্ব খ. সখ্যতা গ. একগুয়ে ঘ. রগচটা **উত্তর: গ**

২৩৬. **'নগদ নারায়ণ' বাগধারাটির অর্থ** - [সোনালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. কাঁচা টাকা খ. গলা ধাক্কা গ. সাক্ষাৎ ভগবান ঘ. তাৎক্ষণিকভাবে প্রদেয় পারিশ্রমিক **উত্তর: ঘ**

২৩৭. **'নয় ছয়' বাগধারাটির অর্থ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৫]
ক. গুছিয়ে রাখা খ. ফেলে দেয়া গ. এলোমেলো ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

২৩৮. **'নাতিদীর্ঘ' বাগধারাটির অর্থ কী?** [ডিএই'র উপ-সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা: ১৬]
ক. অতি দীর্ঘ খ. অতি দীর্ঘ নয় গ. যাহা মাপা যায় ঘ. যাহা মাপা যায় না **উত্তর: খ**

২৩৯. **'নাটের গুরু' বাগধারাটির অর্থ** - [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]
ক. খলনায়ক খ. নাট্যগুরু গ. মূলনায়ক ঘ. গুরু **উত্তর: গ**

২৪০. **'পটল তোলা' বাগধারাটির সঠিক অর্থ কোনটি?** [ডাক অধিদপ্তরের পোস্টম্যান: ২৩]
ক. পটল গাছ হতে পটল তোলা খ. পরীক্ষায় ফেল করা গ. মারা যাওয়া ঘ. পটল খাওয়া **উত্তর: গ**

২৪১. **'পুঁটিমাছের প্রাণ' বাগধারাটির অর্থ কী?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]
ক. অসম্ভব কিপটে খ. সামান্য ত্রুটি গ. ক্ষীণজীবী ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

২৪২. **'পোড় খাওয়া' বাগধারাটির সঠিক অর্থ কোনটি?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার (আইটি): ১৬]
ক. পুড়ে যাওয়া খ. পরিশ্রম করা গ. মার খাওয়া ঘ. প্রতিকূলতা পার হয়ে আসা **উত্তর: ঘ**

২৪৩. **'পত্রপাঠ' বাগধারাটির সঠিক অর্থ কোনটি?** [বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের অফিস সহকারী: ২৩]
ক. সুসজ্জিত খ. সুপাঠ্য গ. তৎক্ষণাৎ / অবিলম্বে ঘ. পড়ুয়া **উত্তর: গ**

২৪৪. **'পায়াভারী' বাগধারাটির অর্থ কী?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০০]
ক. অহংকার খ. বেকায়দা গ. বেহায়া ঘ. নির্দয় **উত্তর: ক**

২৪৫. **'পোঁ ধরা' বাগধারাটির অর্থ** - [বিডিবিএল'র সিনিয়র অফিসার: ১৭]
ক. চাটুকার বৃত্তি খ. অন্যের দোষ খোঁজা গ. বারবার অনুরোধ করা ঘ. অপরের অনুকরণ করা **উত্তর: ক**

২৪৬. **'পাথরে পাঁচ কিল' বাগধারাটির সঠিক অর্থ কী?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১১]
ক. অতিরিক্ত সুবিধা খ. সর্বস্বান্ত হওয়া গ. সুখের সময় ঘ. ধাক্কা সামলানো **উত্তর: গ**

২৪৭. **'পান্তা ভাতে ঘি' বাগধারার অর্থ** - [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী পরিচালক: ২০]
ক. বিলাস খ. অপচয় গ. স্বাদু ঘ. নষ্ট **উত্তর: খ**

২৪৮. **'পালের গোদা' অর্থ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. নৌকার পাল খ. সচল ব্যক্তি গ. সর্দার / দলপতি ঘ. দলের শক্তিশালী লোক **উত্তর: গ**

২৪৯. **'পামপট্টি দেওয়া' বাগধারাটির অর্থ কী?** [১৭তম শিক্ষক নিবন্ধন]
ক. চাটুকারিতা করা খ. খুশি করা গ. ফুঁ দেওয়া ঘ. আশ্বাস দেওয়া **উত্তর: ক**

২৫০. **'পুকুর চুরি' বাগধারাটির অর্থ** - [১১তম প্রভাষক নিবন্ধন]
ক. অবাস্তব বস্তু খ. বড় ধরনের চুরি গ. পুকুর চুরি করা ঘ. লোপাট **উত্তর: খ**

২৫১. **'পর্বতের মুষিক প্রসব' প্রবচনটির অর্থ** - [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার (আইটি): ১৬]
ক. বিরাট আয়োজন খ. বহু প্রত্যাশিত অর্জন
গ. গুরুতর বিষয় খুঁজে পাওয়া ঘ. বিপুল উদ্যোগে তুচ্ছ অর্জন / বিরাট আয়োজনে অল্প অর্জন **উত্তর: ঘ**

২৫২. **'পাততাড়ি গুটানো' বাগধারাটির অর্থ** - [পায়রা বন্দরের অফিস সহায়ক: ২৩]
ক. ক্ষণস্থায়ী হওয়া খ. চলে যাওয়া গ. ধনী হওয়া ঘ. প্রস্থানায়োজন / জিনিসপত্র গুটানো **উত্তর: ঘ**

২৫৩. **'পিপুফিস্ত' বাগধারাটির অর্থ কী?** [নৌবাহিনীর সহকারী পরীক্ষক: ২৩]
ক. মাসীপিসী খ. অতি দ্রুত গ. ধুর্ত ঘ. কুঁড়ের বাদশা **উত্তর: ঘ**

২৫৪. **'পেটের ভাত চাল হওয়া' বাগধারার অর্থ** - [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২৩]
ক. অতিরিক্ত দুর্ভাবনায় পড়া খ. বেশি ভয় পাওয়া গ. মোটেও হজম না হওয়া ঘ. তীব্র ক্ষুধায় কাতর হওয়া **উত্তর: ক**

২৫৫. **'পৃষ্ঠপ্রদর্শন' বাগধারাটির অর্থ কী?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ২৩]
ক. অপমান করা খ. পালিয়ে যাওয়া গ. ক্ষমা চাওয়া ঘ. পিঠ দেখানো **উত্তর: খ**

২৫৬. **'পায়ের তলায় সর্ষে' বাগধারাটির অর্থ কী?** [বিটিভি'র উপ-সহকারী প্রকৌশলী: ২৩]
ক. অলুক্ষণে খ. আসন্ন বিপদ গ. অস্থির ঘ. অকর্মণ্য **উত্তর: গ**

২৫৭. **'ফেলো করি, মাথো তেল' বাগধারাটির অর্থ কী?** [উত্তরা ব্যাংকের অফিসার: ১৭]
ক. আবদারহীন নগদ কারবার খ. পরের ক্ষতি করে আত্মস্বার্থ হাসিল
গ. অপ্রাসঙ্গিক প্রসঙ্গের অবতারণা ঘ. স্বাভাবিক ক্ষমতা ও প্রভাব প্রতিপত্তি **উত্তর: ক**

২৫৮. **'ফপর দালালি' বাগধারার সঠিক অর্থ কোনটি?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার (ক্যাশ): ১১]
ক. জ্ঞান দান করা খ. অন্যায় আবদার করা গ. ক্ষমতার বাহাদুরী ঘ. অনাহূত ব্যক্তির মাতব্বরী **উত্তর: ঘ**

২৫৯. **'ফেকলু পার্টি' বাগধারাটির অর্থ কী?** [বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক: ১১]
ক. ক্ষমতাসীন পার্টি খ. বিরোধী পার্টি গ. কদরহীন লোক ঘ. নিকৃষ্ট লোক **উত্তর: গ**

২৬০. **'ফেঁপে ওঠা' বাগধারাটির অর্থ কী?** [বিএমইটি'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ধনী হওয়া খ. বেড়ে উঠা গ. প্রতারণা করা ঘ. অতিরিক্ত হওয়া **উত্তর: ক**

২৬১. **'ব্যাঙের আধুলি' এই বাগধারাটির অন্তর্নিহিত অর্থ হলো** - [বন অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. সামান্য ধনে অহংকার খ. অসম্ভব ঘটনা গ. কৃপণের ধন ঘ. যার কোনো মূল্য নেই **উত্তর: ক**

২৬২. **'ব্যাঙের সর্দি' বলতে কী বুঝায়?** [২০তম বিসিএস]
ক. রোগ বিশেষ খ. অসম্ভব ঘটনা গ. প্রতারণা ঘ. সম্ভাব্য ঘটনা **উত্তর: খ**

২৬৩. **'বাস্তু ঘুঘু' বাগধারাটির অর্থ কী?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১৯]
ক. সামান্য লোক খ. ভন্ড গ. প্রচ্ছন্ন শয়তান ঘ. পরোপকারী **উত্তর: গ**

২৬৪. **'বাজারে কাটা' প্রবাদের অর্থ কী?** [সোনালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৯]
ক. মন্দাভাব খ. বিক্রি হওয়া গ. লাভজনক ঘ. মন্দ ভাগ্য **উত্তর: খ**

২৬৫. **'বাঘের আড়ি' বাগধারাটির অর্থ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ছদ্মবেশি খ. নির্ভীক গ. বিপদে পড়া ঘ. কঠিন শত্রুতা **উত্তর: ঘ**

২৬৬. **'বাঘের চোখ' বাগধারার অর্থ নির্ণয় করুন।** [বাংলাদেশ বন শিল্প উন্নয়ন কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ১৩]
ক. দুঃসাধ্য বস্তু খ. ভয়ানক বস্তু গ. অমূল্য সম্পদ ঘ. অসম্ভব বস্তু **উত্তর: ক**

২৬৭. **'বাহাত্তরে ধরা' বাগধারাটির অর্থ কী?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ০৫]
ক. মতিচ্ছন্ন হওয়া খ. অসম্ভব ঘটনা গ. খুব পড়ুয়া ঘ. বেহায়াপনা **উত্তর: ক**

২৬৮. **'বুড়ো শালিকের ঘাড়ে রোঁ' প্রবচনটি বুঝায়** - [বিকেবি'র সিনিয়র অফিসার: ১৭]
ক. কষ্টের উপর আরো কষ্ট খ. দুরারোগ্য ব্যাধি গ. বুড়োর ভীমরতি ঘ. নতুন যৌবন প্রাপ্তি **উত্তর: গ**

২৬৯. **'বিদুরের খুদ' বাগধারাটির অর্থ কী?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ১৮]
ক. কৃপণের ক্ষুদ্র দান খ. উচ্ছিষ্ট খাদ্যবিশেষ গ. বিড়াল ছানা ঘ. ভালোবাসার সামান্য উপহার **উত্তর: ঘ**

২৭০. **'বড়র পিরীতি বালির বাঁধ' বাগধারাটির সঠিক অর্থ** - [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয়ের উচ্চমান সহকারী: ২৩]
ক. কোন বাধ্যবাধকতা নেই খ. একতরফা গ. চাপের মুখে ভেঙ্গে যায় ঘ. ভঙ্গুর **উত্তর: ঘ**

২৭১. **'বালির বাঁধ' বাগধারাটির অর্থ কী?** [বিজেএমসি'র সহকারী সমন্বয় কর্মকর্তা: ১৭]
ক. খেলনা খ. ক্ষণস্থায়ী বস্তু গ. প্রতিবন্ধক ঘ. বালি দ্বারা নির্মিত বাঁধ **উত্তর: খ**

২৭২. **নিচের কোন বাগধারাটির সাথে 'বালির বাঁধ' বাগধারাটির মিল আছে?** [জনতা ব্যাংকের অফিসার: ২৩]
ক. হাঁড়ি ঠেলা খ. তাসের ঘর গ. সাপে নেউলে ঘ. অমাবস্যার চাঁদ **উত্তর: খ**

২৭৩. **'বাঘের মাসি' বাগধারাটির অর্থ কী?** [অগ্রণী ব্যাংকের অফিসার: ১৩]
ক. ভয়াতুর খ. ধনী ব্যাক্তি গ. গরীব মানুষ ঘ. আরাম প্রিয় ব্যক্তি **উত্তর: ঘ**

২৭৪. **'বাপের ঠাকুর' বাগধারাটির অর্থ কী?** [বিআরসি'র অফিসার: ০৮]
ক. খুব পড়ুয়া খ. শ্রদ্ধেয় ব্যক্তি গ. অসম্ভব বস্তু ঘ. উচ্ছন্নে যাওয়া **উত্তর: ঘ**

২৭৫. **'বক দেখানো' বাগধারাটির অর্থ কী?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. কথায় পটু খ. পড়ুয়া গ. অশোভনভাবে বিদ্রুপ করা ঘ. মতিচ্ছন্ন হওয়া **উত্তর: গ**

২৭৬. **'বিন্দু বিসর্গ' বাগধারাটির অর্থ কী?** [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২৩]
ক. হাস্যকর খ. সাধাসিধা গ. সামান্য ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

২৭৭. **'বিড়ালের আড়াই পা' বাগধারাটির অর্থ কী?** [ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]
ক. লজ্জা খ. লম্পঝাপ গ. লাফালাফি ঘ. বেহায়াপনা / মুহূর্তে অভিমান ভোলা **উত্তর: ঘ**

২৭৮. **'বিড়াল তপস্বী' বাগধারাটির অর্থ নির্ণয় কর।** [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ১৪]
ক. ধার্মিক খ. ভণ্ড সাধু গ. প্রাচীনপন্থি ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

২৭৯. **'বুদ্ধির ঢেঁকি' বাগধারাটির অর্থ নির্ণয় কর।** [মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. জ্ঞানী খ. বোকা গ. ভন্ড ঘ. চালাক **উত্তর: খ**

২৮০. **'বর্ণচোরা' বাগধারাটির অর্থ হলো** - [বেবিচকের সহকারী প্রকৌশলী: ২৩]
ক. পাকা আম খ. কপটচারী গ. কপটহীন ব্যক্তি ঘ. ভণ্ডসাধু **উত্তর: খ**

২৮১. **'বক ধার্মিক' বাগধারাটির অর্থ হলো** - [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ১২]
ক. অতি ধার্মিক খ. উচ্ছৃঙ্খল গ. প্রাচীনপন্থী ঘ. ভন্ড **উত্তর: ঘ**

২৮২. **'বিনা মেঘে বজ্রপাত' বাগধারাটির অর্থ কী?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. আকস্মিক বিপদ খ. ভীষণ বজ্রপাত গ. দীর্ঘসূত্রিতা ঘ. মেঘ ছাড়াই বজ্রপাত **উত্তর: ক**

২৮৩. **'ভুতের বেগার খাটা' বাগধারাটি দিয়ে কী বুঝায়?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ২৩]
ক. সর্বদ্বান্ত করা খ. কঠোর পরিশ্রম করা গ. নিস্ফল পরিশ্রম করা ঘ. অকাজে সময় নষ্ট করা **উত্তর: গ**

২৮৪. **'ভাঁড়ে ভবানী' প্রবচনের অর্থ** - [বাংলাদেশ কৃষি ব্যাংকের সিনিয়র অফিসার: ১০]
ক. ভান্ডার পরিচারিকা খ. পূর্ণ ভান্ডার গ. নিঃস্ব অবস্থা ঘ. কৌতুকময়ী **উত্তর: গ**

২৮৫. **'ভদ্রতার বালাই' প্রবাদটির অর্থ** - [বাংলাদেশ হাউস বিল্ডিং ফিন্যান্স কর্পোরেশনের অফিসার: ১১]
ক. মূর্খ খ. অপরাধবোধ গ. অসাধারণ সৌজন্যবোধ গ. সাধারণ সৌজন্যবোধ **উত্তর: ঘ**

২৮৬. **'ভূই-ফোঁড়' বাগধারাটির অর্থ** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৭]
ক. সর্বনাশ খ. অর্বাচীন গ. সর্বস্বান্ত ঘ. নির্বোধ **উত্তর: খ**

২৮৭. **'ভানুমতির খেল' প্রবচনটি বুঝায়** - [নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য কর্মকর্তা: ১৯]
ক. চালবাজি খ. ভেলকিবাজি / জাদু গ. ফটকাবাজি ঘ. ফেরেববাজি **উত্তর: খ**

২৮৮. **'ভরাডুবির মুষ্টি লাভ' বাগধারাটির অর্থ কী?** [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ০৯]
ক. প্রচন্ড মুষ্ট্যাঘাত খ. কোনোক্রমে প্রাণরক্ষা গ. দরিদ্রর দান ঘ. সর্বনাশ **উত্তর: খ**

২৮৯. **'ভেরেন্ডা ভাজা' বাগধারাটির অর্থ -** [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. ডাল ভাজা খ. বাদাম ভাজা গ. ডিম ভাজা ঘ. অকাজ করা / বাজে কাজ করা **উত্তর: ঘ**

২৯০. **'ভিজা বিড়াল' বাগধারাটির অর্থ -** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]
ক. কপট খ. কৃপণ গ. কুৎসিত ঘ. কণ্টক **উত্তর: ক**

২৯১. **'ভাগ্যের দোহাই দেওয়া' বাগধারাটির সমার্থক কোনটি?** [অগ্রণী ব্যাংকের অফিসার: ১১]
ক. কপালে হাত দেওয়া খ. হাতে মাথা কাটা গ. হাতের লক্ষ্মী পায়ে ঠেলা ঘ. হাত কামড়ানো **উত্তর: ক**

২৯২. **'ভূষণ্ডির কাক' কথাটির অর্থ কী?** [বিএসসি'র অফিসার: ২২]
ক. ষড়যন্ত্রকারী খ. দীর্ঘ প্রত্যক্ষমাণ গ. দীর্ঘায়ু ব্যক্তি ঘ. অপ্রয়োজনীয় ব্যক্তি **উত্তর: গ**

২৯৩. **'মগজ দৌড়ানো' বাগধারাটির অর্থ কী?** [এনআরবিসি ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২১]
ক. বুদ্ধি শানানো খ. ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া গ. বুদ্ধির ঢেঁকি ঘ. বোকামি **উত্তর: ক**

২৯৪. **'মাছের মা' বাগধারার অর্থ -** [বেবিচকের সহকারী প্রকৌশলী: ২৩]
ক. কঠোর খ. অত্যাচারী গ. নিষ্ঠুর / নির্মম ঘ. নীতিহীন **উত্তর: গ**

২৯৫. **'মাছরাঙার কলঙ্ক' বাগধারাটির অর্থ কী?** [প্রবাসী কল্যাণ ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. গোপনে অপরাধ করা খ. ডুবে ডুবে জল খাওয়া
গ. প্রাণী হত্যাই যার বাঁচার অবলম্বন ঘ. অনেক অপরাধীর মধ্যে কেবল একজনকে দোষী সাব্যস্ত করা **উত্তর: ঘ**

২৯৬. **'মেনিমুখো' বলতে বুঝায় -** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]
ক. ভীতু খ. লাজুক গ. মুখরা ঘ. বিড়ালমুখো **উত্তর: খ**

২৯৭. **'মন না মতি' বাগধারাটির অর্থ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. অপদার্থ খ. মূল্যবান গ. অস্থির মানব মন ঘ. অরাজক **উত্তর: গ**

২৯৮. **'মাকাল ফল' বাগধারাটির অর্থ কী?** [পিকেবি'র সিনিয়র অফিসার: ১৮]
ক. উচ্ছৃষ্ট বস্তু খ. নির্দিষ্ট ঋতুভিত্তিক ফল গ. বিশেষ অর্থে গুণহীন ঘ. কদাকার বস্তু **উত্তর: গ**

২৯৯. **'মাছের মায়ের পুত্রশোক' বাগধারার অর্থ - / 'মাছের মায়ের পুত্রশোক' বাগধারাটির অর্থ কী? / 'মাছের মায়ের পুত্রশোক' বাগধারা দিয়ে কী বুঝানো হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. শোকে পাথর খ. নিষ্ঠুর গ. মিথ্যা শোক ঘ. মমত্ববোধ **উত্তর: গ**

৩০০. **'মুখচোরা' বাগধারাটির অর্থ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. লাজুক খ. ভীতু গ. স্পষ্টভাষী ঘ. বাচাল **উত্তর: ক**

৩০১. **'ম ম করা' বাগধারার অর্থ -** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবারকল্যাণ সহকারী: ১১]
ক. দুর্গন্ধে ভরে যাওয়া খ. মাছি বসা গ. সুগন্ধে ভরে যাওয়া ঘ. পূর্ণ হওয়া **উত্তর: গ**

৩০২. **'মিছরির ছুরি' বাগধারাটির অর্থ কী?** [বিসিকের এক্সটেনশন অফিসার: ১৯]
ক. মুখে মধু অন্তরে বিষ খ. ভঙ্গুর গ. অবাস্তব ঘ. দুই দিকে ধার **উত্তর: ক**

৩০৩. **'মেঘের ছায়া' প্রবচনটির অর্থ -** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. অন্ধকার খ. ক্ষণস্থায়ী গ. বৃষ্টির পূর্বাভাস ঘ. অশুভ লক্ষণ **উত্তর: খ**

৩০৪. **'মেয়ে আমার মা বরকত' বাগধারাটির অর্থ কী?** [বাংলাদেশ রেলওয়ের গেইট কিপার: ১৭]
ক. সৌভাগ্যবতী খ. বিবি ফাতিমা (রা.) গ. ধনবতী ঘ. বরকতের মা **উত্তর: ক**

৩০৫. **'ম্যাও ধরা' শব্দে 'ধরা' শব্দটি কোন বিশেষ অর্থে ব্যবহৃত হয়েছে?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]
ক. পছন্দ হওয়া খ. দায়িত্ব নেওয়া গ. অনুরোধ করা ঘ. একগুঁয়েমি দেখানো **উত্তর: খ**

৩০৬. **'মাছি মারা কেরানি' প্রবচনটির অর্থ -** [আইসিটি বিভাগের সহকারী প্রোগ্রামার: ১৭]
ক. মূর্খ খ. অগ্রপশ্চাৎ বিবেচনাহীন গ. বিচারবোধহীন নকলনবিশ ঘ. দুরদৃষ্টির অভাব **উত্তর: গ**

৩০৭. **'মনিকাঞ্চন যোগ' এর সমার্থক বাগধারা কোনটি?** [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২০]
ক. দহরম-মহররম খ. কেতাদুরস্ত গ. সোনায় সোহাগা ঘ. শিরে সংক্রান্তি **উত্তর: গ**

৩০৮. **'মুখে ছাই দেওয়া' বাগধারাটির অর্থ কী?** [অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৫]
ক. ফাঁকি দেওয়া খ. গাল দেওয়া গ. প্রতারণা করা ঘ. বিমুখ করা **উত্তর: ক**

৩০৯. **'মান্ধাতার আমল' বলতে অতি প্রাচীনকাল বুঝায়। এখানে 'মান্ধাতা' হলো -** [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৬]
ক. প্রাচীনকাল খ. এক রাজার নাম গ. অন্ধকারময় অবস্থা ঘ. বহু পুরানো কিছু **উত্তর: খ**

৩১০. **'মাথা ঘামানো' বাগধারাটির অর্থ কী?** [সুপ্রিম কোর্টের প্রটোকল অফিসার: ২৩]
ক. অসুস্থ বোধ করা খ. অস্বস্তি বোধ করা গ. মনোযোগী হওয়া ঘ. ভাবনা করা / দায়িত্ব নেওয়া **উত্তর: ঘ**

৩১১. **'যমের ভুল' বাগধারাটির অর্থ কী?** [আইন মন্ত্রণালয়ের সহকারী সচিব: ০৫]
ক. যার মরণ হয় না খ. মস্ত বড় ভুল গ. মৃত্যুদন্ড ঘ. যার মরণ সন্নিকটে **উত্তর: ক**

৩১২. **'রুই কাতলা' বলতে বুঝায় -** [বাপেক্সের সহকারী ব্যবস্থাপক: ১১]
ক. ক্ষমতাশালী ব্যক্তি খ. সম্মানিত ব্যক্তি গ. পদস্থ ব্যক্তি ঘ. জ্ঞানী ব্যক্তি **উত্তর: ক**

CamScanner

৩১৩. **'রাজা উজির মারা' বাগধারাটির অর্থ কী?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০৭]
ক. এদিক ওদিক বলা খ. লম্বা চওড়া কথা বলা গ. যা নয় তাই বলা ঘ. রাজা উজিরকে মেরে ফেলেছে **উত্তর: খ**

৩১৪. **'রাজঘোটক' বাগধারাটি ব্যবহৃত হয় কোন অর্থে?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]
ক. চমৎকার মিল খ. অন্তঃসারশূন্য গ. বড়লোক ঘ. পণ্ডশ্রম **উত্তর: ক**

৩১৫. **'রাই কুড়িয়ে বেল' বাগধারাটির অর্থ কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ক্ষুদ্র থেকে বড় খ. দরিদ্র থেকে ধনী গ. চৌর্যবৃত্তি ঘ. কৃষিকাজ **উত্তর: ক**

৩১৬. **'রাবণের চিতা' বাগধারাটির অর্থ কী?** [১৪তম বিসিএস]
ক. অনিষ্টে ইষ্ট লাভ খ. চির অশান্তি গ. অরাজক দেশ ঘ. সামান্য কিছু নিয়ে ঝগড়া বাধানো **উত্তর: খ**

৩১৭. **'রজ্জুতে সর্পজ্ঞান' বাগধারাটির অর্থ কী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. সাপকে দড়ি দিয়ে বাঁধা খ. জাদুকরী বিদ্যা অর্জন করা গ. বিভ্রম ঘ. আচমকা বিপদ **উত্তর: গ**

৩১৮. **'রাঘব বোয়াল' বাগধারাটির অর্থ কী?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]
ক. বড় পরিবার খ. সদা অশান্তি গ. ফুলবাবু ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

৩১৯. **'রামগরুড়ের ছানা' কথাটির অর্থ** - [২৩তম বিসিএস]
ক. কাল্পনিক জন্তু খ. মুরগি গ. গোমড়ামুখো লোক ঘ. পুরাণোক্ত পাখি **উত্তর: গ**

৩২০. **'রাশভারী' বাগধারাটির অর্থ কী?** [যোগাযোগ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. গম্ভীর প্রকৃতির খ. চির অশান্তি গ. ভারী মেজাজ ঘ. মোটা বুদ্ধি **উত্তর: ক**

৩২১. **'লঙ্কা পায়রা' বাগধারাটির অর্থ কী?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. পলায়ন করা খ. ফুলবাবু / কুচক্রী গ. অল্পে ভয় ঘ. কবুতর **উত্তর: খ**

৩২২. **'লেফাফা দুরস্ত' বাগধারাটির অর্থ কী?** [দুদকের সহকারী পরিদর্শক: ০৪]
ক. চৌকস ব্যক্তি খ. সৌখিন ব্যক্তি গ. পোশাক সর্বস্ব ঘ. বাইরে ঠাট বজায় রেখে চলা **উত্তর: ঘ**

৩২৩. **'লক্ষ্মীর বরযাত্রী' বাগধারাটির অর্থ কী?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. মঙ্গলের সূচনা খ. ভাগ্যবান লোক গ. ধনাঢ্য ব্যক্তি ঘ. সুসময়ের বন্ধু **উত্তর: ঘ**

৩২৪. **'লেজে খেলানো' বাগধারাটির অর্থ কী?** [বাংলাদেশ বিমানের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্ট: ২৩]
ক. ভয়ংকর কিছু খ. সতর্কতার সাথে কাজ করা গ. গুরুত্বহীন কর্ম ঘ. বশীভূত করে রাখা **উত্তর: ঘ**

৩২৫. **'শকুনি মামা' এর অর্থ কী?** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অফিসার: ১১]
ক. কুৎসিত মামা খ. সৎ মামা গ. কুচক্রী লোক ঘ. পাতানো মামা **উত্তর: গ**

৩২৬. **'শাক দিয়ে মাছ ঢাকা' বাগধারাটির অর্থ কী?** [৪০তম বিসিএস]
ক. অর্থের কুপ্রভাব খ. মুখে মধু অন্তরে বিষ গ. মারা যাওয়া ঘ. নিন্দনীয় কাজ গোপনের ব্যর্থ চেষ্টা **উত্তর: ঘ**

৩২৭. **'শাখের করাত' বাগধারার অর্থ কী?** [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২৩]
ক. সংকট খ. বিপদ গ. অনিষ্ট ঘ. উভয় সংকট / দুদিকেই বিপদ **উত্তর: ঘ**

৩২৮. **'শরতের শিশির' বাগধারা শব্দটির অর্থ কী?** [৪০তম বিসিএস]
ক. সুসময়ের বন্ধু খ. সুসময়ের সঞ্চয় গ. শরতের শোভা ঘ. শরতের শিউলি ফুল **উত্তর: ক**

৩২৯. **'শিবরাত্রির সলতে' বাগধারাটির অর্থ কী?** [৪০তম বিসিএস]
ক. শিবরাত্রির আলো খ. একমাত্র সঞ্চয় গ. একমাত্র সন্তান ঘ. শিবরাত্রির গুরুত্ব **উত্তর: গ**

৩৩০. **'শিকায় তোলা' বাগধারাটির অর্থ** - [সাধারণ বীমা কর্পোরেশনের জুনিয়র অফিসার: ১৯]
ক. মুলতবি রাখা খ. সর্বনাশ করা গ. বিগড়ে দেওয়া ঘ. গোপন করা **উত্তর: ক**

৩৩১. **'শিরে সংক্রান্তি' বাগধারাটির অর্থ কী?** [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. আসন্ন বিপদ খ. মাথাব্যথা গ. মহাবিপদ ঘ. মাথার বোঝা **উত্তর: ক**

৩৩২. **'শ্রীঘর' বাগধারাটির অর্থ কী?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. আরামপ্রিয় ঘর খ. সুন্দর বসার স্থান গ. সাজানো গোছানো ঘর ঘ. জেলখানা **উত্তর: ঘ**

৩৩৩. **'শিয়ালের যুক্তি' বাগধারাটির অর্থ** - [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২৩]
ক. পাণ্ডিত্যকথা খ. অকেজো যুক্তি গ. দীর্ঘ প্রত্যাশা ঘ. গুরুতর যুক্তি **উত্তর: খ**

৩৩৪. **'সরফরাজি করা' বাগধারাটির অর্থ কী?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৭]
ক. প্রভাব খাটানোর চেষ্টা খ. ভন্ডামি করা গ. তোষামোদি করা ঘ. প্ররোচনা দেওয়া **উত্তর: ক**

৩৩৫. **'সোনার পাথর বাটি' বাগধারাটির অর্থ কী?** [রাবি: ১৫-১৬]
ক. যথার্থ খ. অবিশ্বাস্য গ. কল্পনা ঘ. ভবিতব্য **উত্তর: খ**

৩৩৬. **'সাপে নেউলে' বাগধারাটির সঠিক অর্থ কোনটি?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার (ক্যাশ): ১১]
ক. শত্রুতা খ. বন্ধুত্ব গ. অতিশয় ভাল সম্পর্ক ঘ. মহাবিপদ **উত্তর: ক**

৩৩৭. **'সিঁদুরে মেঘ' বাগধারার অর্থ কী?** [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. বড় বিপদ খ. অল্পে ভয় গ. বিপদের আশঙ্কা ঘ. আকাশ লাল **উত্তর: গ**

৩৩৮. **'স্বখাত সলিল' বাগধারাটির অর্থ** - [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২৩]
ক. দুঃখে কষ্টে পড়া | খ. পানির গভীরে যাওয়া | গ. বিনা দোষে শাস্তি পাওয়া | ঘ. স্বীয় কর্মের ফল ভোগ | **উত্তর: ঘ**

৩৩৯. **'সাপের পাঁচ পা দেখা' বাগধারার অর্থ কী?** [এলজিইডি'র কার্য সহকারী: ২৩]
ক. আবোল তাবোল | খ. অর্থহীন কথা | গ. খারাপ ব্যক্তি | ঘ. দর্প | **উত্তর: ঘ**

৩৪০. **'সপ্তকান্ড রামায়ণ' বাগধারার অর্থ কী?** [৪৩তম বিসিএস]
ক. রামায়ণের সাত পর্ব | খ. রামায়ণে বর্ণিত বৃক্ষ | গ. বৃহৎ বিষয় | ঘ. রামায়ণে বর্ণিত সাতটি সমুদ্র | **উত্তর: গ**

৩৪১. **'সুলুক সন্ধান' বাগধারাটির অর্থ কী?** [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৬]
ক. সঠিক সংবাদ | খ. আত্মপরিচয় | গ. ব্যাকুল কামনা | ঘ. খোঁজ-খবর | **উত্তর: ঘ**

৩৪২. **'সাক্ষী গোপাল' অর্থ কী?** [পল্লী উন্নয়ন বোর্ডের হিসাব সহকারী: ১৪]
ক. সক্রিয় দর্শক | খ. কর্তব্যবিমুখ | গ. কর্তব্যপরায়ণ | ঘ. নিষ্ক্রিয় দর্শক | **উত্তর: ঘ**

৩৪৩. **'স-সে-মি-রা অবস্থা' বাগধারাটির অর্থ কী?** [ডাচ-বাংলা ব্যাংকের প্রবেশনারী অফিসার: ১২]
ক. মুমূর্ষু অবস্থা | খ. অজ্ঞান অবস্থা | গ. বিরাট ব্যাপার | ঘ. বাহ্যজ্ঞানশূন্য অবস্থা | **উত্তর: ঘ**

৩৪৪. **'সপ্তমে চড়া' বাগধারাটির অর্থ কী?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. প্রচন্ড উত্তেজনা | খ. রাশভারী | গ. প্রবল আনন্দিত | ঘ. অপ্রত্যাশিত বিপদ | **উত্তর: ক**

৩৪৫. **'হাতের পাঁচ' এর সঠিক অর্থ কোনটি?** [সমবায় বিভাগের সহকারী প্রশিক্ষক: ২৩]
ক. নিকট জন | খ. পরমাত্মীয় | গ. বন্ধু | ঘ. শেষ সম্বল | **উত্তর: ঘ**

৩৪৬. **'হাত ধুয়ে বসা' বাগধারাটির অর্থ** - [১১তম শিক্ষক নিবন্ধন]
ক. খেতে বসা | খ. শুরু করা | গ. ভন্ডামি করা | ঘ. সাধু সাজা | **উত্তর: ঘ**

৩৪৭. **'হাতির পাঁচ পা দেখা' এই বাগধারার অর্থ কী?** [৫ম বিজেএস]
ক. অবাক হওয়া | খ. গর্বে আনন্দিত হওয়া | গ. অহংকার বোধ করা | ঘ. ভুল দেখা | **উত্তর: গ**

৩৪৮. **'হাত চালাও' বাগধারাটির অর্থ কী?** [বেবিচকের এরোড্রাম কর্মকর্তা: ২৩]
ক. মার দাও | খ. সাহায্য চাও | গ. দক্ষ হও | ঘ. তাড়াতাড়ি করা | **উত্তর: ঘ**

৩৪৯. **'হাত জুড়ানো' বাগধারাটির অর্থ কী?** [অগ্রণী ব্যাংকের অফিসার: ১১]
ক. স্বস্তি লাভ করা | খ. মারা যাওয়া | গ. বিশ্রাম নেয়া | ঘ. আরোগ্য লাভ করা | **উত্তর: ক**

৩৫০. **'হাত কামড়ানো' বাগধারাটির অর্থ কী?** [অগ্রণী ব্যাংকের অফিসার: ১১]
ক. আফসোস করা | খ. চিন্তা করা | গ. আঘাতের হুমকি দেওয়া | ঘ. বদলা নেওয়া | **উত্তর: ক**

৩৫১. **'হাড়ে বাতাস লাগা' বাগধারাটির অর্থ কী?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]
ক. মীমাংসা | খ. সুন্দর মিল | গ. সুযোগ নষ্ট করা | ঘ. কোনোটিই নয় | **উত্তর: ঘ**

৩৫২. **'হাত জোড়া থাকা' বাগধারাটির অর্থ কী?** [অগ্রণী ব্যাংকের অফিসার: ১১]
ক. কর্মব্যস্ত থাকা | খ. অলস থাকা | গ. নিষ্ক্রিয় হয়ে যাওয়া | ঘ. চিন্তায় পড়া | **উত্তর: ক**

৩৫৩. **'হাতে খড়ি' বাগধারাটির অর্থ কী?** [এবাএখা প্রকল্পের ফিল্ড সুপারভাইজার: ১৬]
ক. স্বহস্তে | খ. বিদ্যারম্ভ / শিক্ষার সূচনা | গ. অবিলম্বে | ঘ. শেষ সম্বল | **উত্তর: খ**

৩৫৪. **'হাত টান' বাগধারাটির অর্থ** - [মাউশি অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]
ক. কৃপণ স্বভাব | খ. চুরির অভ্যাস | গ. লম্বা হাত | ঘ. টাকা পয়সার অভাব | **উত্তর: খ**

৩৫৫. **'হাল বায় না তেড়ে গুঁতোয়' বাগধারাটির অর্থ কী?** [এলজিইডি'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. স্বল্পকালীন হুজুগ | খ. সুযোগসন্ধানী | গ. সংকটে পড়া | ঘ. কুকাজে পটুত্ব | **উত্তর: ঘ**

৩৫৬. **'হাত ভারি' বাগধারার অর্থ** - [২৪তম বিসিএস]
ক. দাতা | খ. কম-খরচে | গ. কৃপণ | ঘ. দরিদ্র | **উত্তর: গ**

৩৫৭. **'হালে পানি পাওয়া' অর্থ কী?** [গ্রন্থাগার অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. বিপদে পতিত হওয়া | খ. বিপদমুক্ত হওয়া | গ. বিপদাপন্ন হওয়া | ঘ. বিপদে ধৈর্য ধারণ করা | **উত্তর: খ**

৩৫৮. **'হাঁটুর বয়স' বাগধারাটির অর্থ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৪]
ক. বালক বয়স | খ. নিতান্ত শিশু | গ. বৃদ্ধ লোক | ঘ. মানুষের হাড় | **উত্তর: খ**

৩৫৯. **'হাড় হাভাতে' বাগধারাটির অর্থ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. দরিদ্র | খ. হতভাগ্য | গ. ক্ষুধার্ত | ঘ. রোগা | **উত্তর: খ**

৩৬০. **'হাতে দুর্বা গজানো' বাগধারাটির অর্থ কোনটি?** [১৪তম শিক্ষক নিবন্ধন]
ক. ছন্নছাড়া | খ. হতভাগ্য | গ. দুর্বল | ঘ. আলসেমির লক্ষণ | **উত্তর: ঘ**

৩৬১. **'হা-ঘরে' বাগধারাটির অর্থ কী?** [এনএসআই'র জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]
ক. পেটুক | খ. হতভাগ্য | গ. ক্ষুধার্ত | ঘ. গৃহহীন | **উত্তর: ঘ**

৩৬২. **'হস্তিমূর্খ' বাগধারাটির অর্থ কী?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৮]
ক. নিরেট মূর্খ | খ. মূর্খ হাতি | গ. নিরেট বোকা | ঘ. কোনোটিই নয় | **উত্তর: ক**

৩৬৩. **'হাড়হদ্দ' বাগধারাটির অর্থ কী?** [নৌবাহিনীর সহকারী পরীক্ষক: ২৩]
ক. সবকিছু খ. ছন্নছাড়া গ. কম-খরচ ঘ. পেটুক **উত্তর: ক**

৩৬৪. **'হচ্ছে হবে' বাগধারাটির অর্থ কী?** [সমবায় বিভাগের সহকারী প্রশিক্ষক: ২৩]
ক. বিশৃঙ্খলা খ. দীর্ঘসূত্রিতা গ. পলায়ন করা ঘ. নানারকম চিন্তা **উত্তর: খ**

৩৬৫. **'হাত ধরা' বাগধারাটির অর্থ** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. অনুরোধ করা খ. ভিক্ষা করা গ. আফসোস করা ঘ. কর্মব্যস্ত থাকা **উত্তর: ক**

৩৬৬. **কোন বাগধারাটি নেতিবাচক অর্থ বহন করে না?** [সিটি ব্যাংকের প্রবেশনারী অফিসার: ১১]
ক. আমড়া কাঠের ঢেঁকি খ. কলুর বলদ গ. আক্কেল সেলামি ঘ. পোয়া বারো **উত্তর: ঘ**

৩৬৭. **কোন জোড়াটি সমার্থক?** [আইইআর'র উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর: ২০]
ক. অহিনকুল - দা-কুমড়া খ. অদৃষ্টের পরিহাস - তাসের ঘর গ. অগ্নি পরীক্ষা - চোখের বালি ঘ. আকাশ কুসুম - আকাশ পাতাল **উত্তর: ক**

৩৬৮. **বাগধারা যুগলদের মধ্যে কোন জোড়া সর্বাধিক সমার্থবাচক?** [১২তম বিসিএস]
ক. বক ধার্মিক, ভিজে বেড়াল খ. বক ধার্মিক, বিড়াল তপস্বী গ. রুই-কাতলা, কেউ কেটা ঘ. অমাবস্যার চাঁদ, আকাশ কুসুম **উত্তর: খ**

৩৬৯. **কোন বাগধারাটি স্বতন্ত্র অর্থ প্রকাশ করে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. সাতেও না পাঁচেও না খ. দা-কুমড়া গ. সাপে-নেউলে ঘ. আদায় কাঁচকলায় **উত্তর: ক**

৩৭০. **'কোন বাগধারাটি অন্যগুলো থেকে স্বতন্ত্র?** [অগ্রণী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৭]
ক. কাঠের পুতুল খ. গোঁফ খেজুরে গ. মেনিমুখো ঘ. মানিকজোড় **উত্তর: ঘ**

৩৭১. **নিচের কোন বাগধারাটি ভিন্নার্থক?** [বিএসসি'র অফিসার: ১৯]
ক. আদায় কাঁচকলায় খ. রুই কাতলা গ. দা কুমড়া ঘ. অহি নকুল **উত্তর: খ**

৩৭২. **'কোন বাগধারাটির অর্থ ভিন্ন?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. পঞ্চত্ব প্রাপ্তি খ. ছা-পোষা গ. অগস্ত্য যাত্রা ঘ. অক্কা পাওয়া **উত্তর: খ**

৩৭৩. **কোন বাগধারাটি ভিন্নার্থক?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ২৩]
ক. দুধের মাছি খ. শরতের শিশির গ. সুখের পায়রা ঘ. লক্ষ্মীর বরযাত্রী **উত্তর: খ**

৩৭৪. **নিচের কোন বাগধারাটির অর্থ ভিন্ন?** [ক্রীড়া পরিদপ্তরের অফিস সহকারী: ১৯]
ক. অহি নকুল সম্বন্ধ খ. আদায় কাঁচকলায় গ. তাসের ঘর ঘ. সাপে নেউলে **উত্তর: গ**

৩৭৫. **কোন বাগধারাটি ভিন্নার্থক?** [উপজেলা / থানা শিক্ষা অফিসার: ০৪]
ক. অহি-নকুল খ. উত্তম-মধ্যম গ. সাপে-নেউলে ঘ. আদায়-কাঁচকলায় **উত্তর: খ**

৩৭৬. **নিচের বাগধারার কোন জোড়াটি ভিন্নার্থক?** [৮ম শিক্ষক নিবন্ধন]
ক. বকধার্মিক, বিড়াল তপস্বী খ. অন্ধের যষ্টি, অন্ধের নড়ি গ. ব্যাঙের আধুলি, ব্যাঙের সর্দি ঘ. মণিকাঞ্চন যোগ, সোনায় সোহাগা **উত্তর: গ**

৩৭৭. **কোনটি ভিন্নার্থক?** [রাকাব'র অফিসার (ক্যাশ): ১০]
ক. মণিকাঞ্চন যোগ খ. আদায় কাঁচকলায় গ. সোনায় সোহাগা ঘ. আমদুধে মেশা **উত্তর: খ**

প্রবাদ-প্রবচন

০১. **পল্লী সাহিত্যের কোন বিষয় নৃতত্ত্বের মূল্যবান উপকরণ বলে পন্ডিত সমাজ মনে করেছেন?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. রূপকথা খ. উপকথা গ. প্রবাদ ঘ. লোকসঙ্গীত **উত্তর: গ**

০২. **কোনটি প্রবাদ?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. বোমা ফাটানো খ. পাড়াপড়শির চক্ষুশূল গ. চড়াই উৎরাই ঘ. ধর্মের কল বাতাসে নড়ে **উত্তর: ঘ**

০৩. **কোনটি প্রবচন?** [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. কাঁচা বাঁশে ঘুন খ. মোঘলাই খানা গ. পদ্ম পাতার জল ঘ. রাঘব বোয়াল **উত্তর: ক**

০৪. **কোনটি প্রবচন?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার (আইটি): ১৬]
ক. ধরাকে সরা জ্ঞান করা খ. ফুলের ঘায়ে মূর্ছা যাওয়া গ. পুরানো চাল ভাতে বাড়ে ঘ. দুধের স্বাদ ঘোলে মেটানো **উত্তর: গ**

০৫. **কোনটি প্রবচন?** [বাংলাদেশ বেতারের সহকারী সম্পাদক: ১৯]
ক. শিক্ষাই জাতির মেরুদন্ড খ. ধান ভানতে শিবের গীত গ. আ-মরি বাংলা ভাষা ঘ. শিক্ষক মানুষ গড়ার কারিগর **উত্তর: খ**

০৬. **'অতি দর্পে হত লঙ্কা' কোন ধরনের বাক্য?** [বিটিভি'র রিসার্চ অফিসার: ০৬]
ক. প্রচলিত খ. ধর্মকথা গ. খনার বচন ঘ. প্রবাদ **উত্তর: ঘ**

০৭. **'অহঙ্কার পতনের মূল' এর সঠিক প্রবাদ বাক্য কোনটি?** [নিপোর্টের কম্পিউটার অপারেটর: ১৮]
ক. অতি দর্পে হত লঙ্কা খ. উড়ো খই গোবিন্দায় নমঃ গ. ঠগ বাছতে গাঁ উজার ঘ. কানা গরু বামুনকে দান **উত্তর: ক**

০৮. **'অল্প বিদ্যা ভয়ঙ্করী' কোন শ্রেণির অন্তর্গত?** [ইসলামী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ০৮]
ক. বাগধারা খ. প্রবাদ গ. বিশিষ্টার্থক শব্দ ঘ. বাগবিচিত্রা **উত্তর: খ**

০৯. **'অপাত্রে সদুপদেশ দান' বুঝাতে কোন প্রবচনটি ব্যবহৃত হয়?** [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ০৯]
ক. ছাই ফেলতে ভাঙ্গা কুলো খ. দশচক্রে ভগবান ভূত গ. উদোর পিন্ডি বুদোর ঘাড়ে ঘ. উলুবনে মুক্তো ছড়ানো **উত্তর: ঘ**

১০. **'অনাচার-অপকর্ম শেষ পর্যন্ত গোপন থাকে না' এই কথাটি নিচের কোন প্রবাদ-প্রবচন ধারণ করে আছে?** [পূবালী ব্যাংকের অফিসার: ১৭]
ক. লাভের গুড় পিঁপড়া খায় খ. ধর্মের কল বাতাসে নড়ে
গ. শাক দিয়ে মাছ ঢাকা যায় না ঘ. চোরে শোনে না ধর্মের কাহিনী
উত্তর: খ

১১. **'আতিশয্যে গোপন উদ্দেশ্য অর্জনের প্রকাশ' কোন প্রবাদের সাহায্যে বুঝানো যায়?** [জবি: ১২-১৩]
ক. অতি চালাকের গলায় দড়ি খ. অতি দর্পে হত লঙ্কা গ. অতি লোভে তাতি নষ্ট ঘ. অতি ভক্তি চোরের লক্ষণ
উত্তর: ঘ

১২. **'আসল ঘরে মুসল নেই ঢেঁকি ঘরে চাঁদোয়া' অর্থ** - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৮]
ক. অমিতব্যয়ী খ. অপদার্থ গ. জব্দ করা ঘ. এলোমেলো
উত্তর: ক

১৩. **'আগুন পোহাতে ধোঁয়ার কষ্ট' বলতে কী বুঝানো হয়েছে?** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অফিসার: ১১]
ক. কষ্টের মধ্য দিয়ে ফল লাভ খ. ইচ্ছা পূরণের জন্য কষ্ট করা
গ. কোন কিছু লাভের জন্য ত্যাগ স্বীকার ঘ. সুখ সমৃদ্ধি অর্জনের জন্য পরিশ্রম করা
উত্তর: ক

১৪. **'উলুবনে মুক্তা ছড়ানো' প্রচলিত এমন শব্দগুচ্ছকে বলে** - [৪২তম বিসিএস]
ক. বাগধারা খ. প্রবাদ-প্রবচন গ. ভাব-সম্প্রসারণ ঘ. এককথায় প্রকার
উত্তর: খ

১৫. **'উচিত কথায় মামা বেজার' এটি যে শ্রেণির প্রবাদ** - [বিএডিসি'র উপ-সহকারী পরিচালক: ১৩]
ক. সমালোচনামূলক খ. অভিজ্ঞতামূলক গ. নীতিমূলক ঘ. ব্যঙ্গাত্মক
উত্তর: ক

১৬. **'উভয় কুল রক্ষা' অর্থে ব্যবহৃত প্রবচন কোনটি?** [১০তম বিসিএস]
ক. চাল না চুলো, ঢেকি না কুলো খ. বোঝার উপর শাকের আঁটি
গ. কারো পৌষ মাস, কারো সর্বনাশ ঘ. সাপও মরে, লাঠিও না ভাঙ্গে
উত্তর: ঘ

ক. নশ্ট খ. কৃশক গ. ওষ্ঠ ঘ. কন্টক **উত্তর: গ**

২৫১. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৯]
ক. আকাংখা খ. কৃতিত্ব গ. কার্য্য ঘ. অহঙ্কার **উত্তর: খ**

২৫২. **নিচের কোন শব্দটি শুদ্ধ?** [১২তম প্রভাষক নিবন্ধন]
ক. কৌতুহল খ. কৌতূহল গ. কাংখিত ঘ. শ্রদ্ধাঞ্জলী **উত্তর: খ**

২৫৩. **নিচের কোন শব্দটি শুদ্ধ?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]
ক. উর্ধ খ. অত্যান্ত গ. উচিৎ ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

২৫৪. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [পুবালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. শুশ্রুষা খ. ত্রুটি গ. মরুদ্যান ঘ. জাগরূক **উত্তর: ঘ**

২৫৫. **কোন শব্দটি শুদ্ধ বানানে লেখা হয়েছে?** [৩৮তম বিসিএস]
ক. শূণ্য খ. ত্রিভুজ গ. পূন্য ঘ. ভূবন **উত্তর: খ**

২৫৬. **নিচের কোন বানানটি অশুদ্ধ?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৯]
ক. দুরাবস্থা খ. দুরাশয় গ. দুরাচার ঘ. দুরাকাঙ্ক্ষা **উত্তর: ক**

২৫৭. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]
ক. প্রেরন খ. গ্রহন গ. ধরন ঘ. ধারনা **উত্তর: গ**

২৫৮. **কোনটি শুদ্ধ বানান?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ২৩]
ক. বিভিষীকা খ. মুর্হুমুহু গ. দুরাবস্থা ঘ. ধস **উত্তর: ঘ**

২৫৯. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [বাখরাবাদ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ১৭]
ক. নিরস্ত খ. নিবিড় গ. নিরাস ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

২৬০. **শুদ্ধ বানান কোনটি?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. মাষ্টার খ. পোশাক গ. জিনিষ ঘ. পোষ্ট অফিস **উত্তর: খ**

২৬১. **কোন বানানটি শুদ্ধ?** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৪]
ক. প্রতিযোগিতা খ. সহযোগীতা গ. বৈশিষ্ট্যতা ঘ. শ্রদ্ধাঞ্জলী **উত্তর: ক**

২৬২. **কোনটি শুদ্ধ বানান?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. প্রণিপাত খ. নির্মান গ. কৃপান ঘ. রূপায়ন **উত্তর: ক**

২৬৩. **কোন বানানটি শুদ্ধ?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. নিরপরাধী খ. দারিদ্র্যতা গ. স্বার্থকতা ঘ. প্রাণিকুল **উত্তর: ঘ**

২৬৪. **কোন বানানটি শুদ্ধ?** [সহকারী থানা / উপজেলা শিক্ষা অফিসার: ০৫]
ক. শুণ্য খ. পুণ্য গ. পূণ্য ঘ. মান্য **উত্তর: খ**

২৬৫. **কোন বানানটি শুদ্ধ?** [পিকেবি'র অফিসার: ১৭]
ক. আবিস্কার খ. পরিস্কার গ. পিচাস ঘ. পরিষ্কার **উত্তর: ঘ**

২৬৬. **কোন বানানটি সঠিক?** [বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক: ১৮]
ক. আকাঙ্খা খ. প্রতিযোগীতা গ. মুমূর্ষূ ঘ. পরিণয় **উত্তর: ঘ**

২৬৭. **কোন শব্দটি ভুল?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. মরূদ্যান খ. কটূক্তি গ. পরিপক্ক ঘ. অঞ্জলি **উত্তর: গ**

২৬৮. **কোনটি শুদ্ধ বানান?** [পূবালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১১]
ক. প্রজ্বলিত খ. বৈশিষ্ট্যতা গ. প্রবাহমান ঘ. ভূমধ্যাধিকারী **উত্তর: ক**

২৬৯. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৯]
ক. আতংক খ. ভট্টাচার্য্য গ. প্রবীণ ঘ. সম্পূর্ন **উত্তর: গ**

২৭০. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. পরিষেবা খ. ষান্মাসিক গ. বিভুতিভূষন ঘ. ইতিমধ্যে **উত্তর: ক**

২৭১. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৮]
ক. প্রাণিজগৎ খ. প্রাণীজগৎ গ. মন্ত্রীসভা ঘ. স্থায়ীত্ব **উত্তর: ক**

২৭২. **শুদ্ধ বানান কোনটি?** [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. ষ্টেশন খ. রুগ্ন গ. বিপ্রকর্ষ ঘ. সাধারন **উত্তর: গ**

২৭৩. **নিচের কোন শব্দটি শুদ্ধ বানানে লিখিত হয়েছে?** [পিটিআই'র ইন্সট্রাক্টর: ১৯]
ক. রাবন খ. বিদ্বান গ. মুহুর্ত ঘ. আকাংখা **উত্তর: খ**

২৭৪. **শুদ্ধ বানান বিশিষ্ট শব্দ কোনটি?** [৫ম বিজেএস]
ক. আশির্বাদ খ. ভবিষ্যৎ গ. দীর্ঘজীবি ঘ. পিপিলীকা **উত্তর: খ**

২৭৫. **নিচের কোন শব্দটি শুদ্ধ?** [রেলপথ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২১]
ক. কিংকর্তব্যমিমূঢ় খ. মুমুর্ষু গ. মুহূর্ত ঘ. সমিচীন **উত্তর: গ**

২৭৬. **কোন শব্দটির বানান ঠিক?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অডিটর: ১৯]
ক. প্রতিযোগীতা খ. ভৌগলিক গ. গুণীজন ঘ. মধ্যাহ্ন **উত্তর: ঘ**

২৭৭. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [বিএডিসি'র হিসাব সহকারী: ১৯]
ক. মনোস্তাপ খ. মনস্তাপ গ. মনষ্কামনা ঘ. মহত্ব **উত্তর: খ**

২৭৮. **কোনটি শুদ্ধ বানান?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ১০]
ক. তরঙ্গপুঞ্জ খ. মেঘপুঞ্জ গ. কুসুমপুঞ্জ ঘ. কবিতাপুঞ্জ **উত্তর: খ**

২৭৯. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [এনএসআই'র কম্পিউটার অপারেটর: ২১]
ক. মন্ত্রী খ. কার্য্য গ. পাবর্ণ ঘ. সারনি **উত্তর: ক**

২৮০. **নিম্নের কোন বানানটি সঠিক?** [অগ্রণী ব্যাংকের অফিসার: ০৮]
ক. ছোয়াচে খ. ব্যধি গ. বিশেষন ঘ. রোগগ্রস্ত **উত্তর: ঘ**

২৮১. **কোনটি শুদ্ধ বানান?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]
ক. লুণ্ঠন খ. দন্ড গ. কন্টক ঘ. স্পন্দন **উত্তর: ক**

২৮২. **শুদ্ধ শব্দ কোনটি?** [দুদকের উপ-সহকারী পরিচালক: ২০]
ক. ঐক্যমত খ. লক্ষণীয় গ. খৃষ্টাব্দ ঘ. অচিন্ত্যনীয় **উত্তর: খ**

২৮৩. **কোনটি শুদ্ধ বানান?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিপাই: ২১]
ক. মুমুর্ষু খ. সমিচিন গ. শিরশ্ছেদ ঘ. মাষ্টার **উত্তর: গ**

২৮৪. **নিচের কোন বানানটি অশুদ্ধ?** [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৬]
ক. বাণী খ. শূণ্য গ. অরণ্য ঘ. লবণ **উত্তর: খ**

২৮৫. **কোন বানানটি শুদ্ধ?** [৪১তম বিসিএস]
ক. পুরষ্কার খ. আবিস্কার গ. সময়পোযোগী ঘ. স্বত্ব **উত্তর: ঘ**

২৮৬. **শুদ্ধ শব্দ কোনটি?** [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুটেন্ট: ১০]
ক. জাতিসত্তা খ. সস্ত্রীক গ. সমীচিন ঘ. গীতাঞ্জলী **উত্তর: খ**

২৮৭. **নিচের কোন শব্দটি শুদ্ধ?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী পরিচালক: ২০]
ক. বিদ্রুপ খ. গড্ডালিকা গ. দারিদ্রতা ঘ. সম্ভবপর **উত্তর: ঘ**

২৮৮. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৮]
ক. সংশ্রব খ. ধষ গ. উজ্জল ঘ. দূর্গ **উত্তর: ক**

২৮৯. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহকারী: ১৯]
ক. সূক্ষ্ম খ. সুচী গ. স্বাতন্ত্র ঘ. মুহুর্ত **উত্তর: ক**

২৯০. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [পূবালী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. বাঙালী খ. হিজরি গ. ইংরেজী ঘ. হেঁয়ালী **উত্তর: খ**

২৯১. **কোন বানানগুচ্ছ শুদ্ধ?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. অত্যাধিক, ব্যাতিক্রম খ. সখ্যতা, মৌন গ. নাবণ্য, পন্য ঘ. ঘনিষ্ঠ, তিরস্কার **উত্তর: ঘ**

২৯২. **নিচের কোন বানানগুচ্ছ শুদ্ধ?** [সাধারণ বীমা কর্পোরেশনের জুনিয়র অফিসার: ১৯]
ক. স্বায়ত্বশাসন, সমীচিন খ. দুর্বার, মূমুর্ষু গ. দুর্গা, পুণ্য ঘ. স্বান্তনা, শরীরি **উত্তর: গ**

২৯৩. **নিচের কোন বানানগুচ্ছ শুদ্ধ?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৬]
ক. সমিচিন, বাল্মিকি খ. সমিচীন, বাল্মিকী গ. সমীচীন, বাল্মীকি ঘ. সমীচীন, বাল্মিকী **উত্তর: গ**

২৯৪. **নিচের কোন বানানগুচ্ছ শুদ্ধ?** [পূবালী ব্যাংকের অফিসার: ১৪]
ক. কিম্ভূত, অদ্ভূত খ. বিকিরণ, সমীরণ গ. সাবলীল, অনাবীল ঘ. অনিষ্ট, ঘনিষ্ট **উত্তর: খ**

২৯৫. **শুদ্ধ বানানগুচ্ছ** – [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. কুপমন্ডুক, দুর্নিরীক্ষ, দুষ্কর খ. অর্চনা, বরেন্য, পৈশাচি গ. মোহিনী, লভনীয়, সৌকর্য্য ঘ. সৌপ্তিক, হারীত, প্রকুপিত **উত্তর: ঘ**

২৯৬. **শুদ্ধ বানানে সংকলিত গুচ্ছ কোনটি?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার (ক্যাশ): ১৬]
ক. উচ্ছল, স্বায়ত্বশাসন, প্রজ্বলিত খ. প্রোজ্জ্বল, পরাস্থ, সন্ত্রিক গ. মধ্যাহ্ন, বক্ষ্যমাণ, মহত্ত্ব ঘ. পরিবহন, পক্ক, ভস্ম **উত্তর: গ**

২৯৭. **কোন শব্দগুচ্ছ শুদ্ধ?** [৪০তম বিসিএস]
ক. গৃহন্ত, গণনা, ইদানিং খ গড্ডালিকা, চিন্ময়, কল্যান গ. আয়ত্তাধীন, অহোরাত্রি, অদ্যপি ঘ. আবশ্যক, মিথস্ক্রিয়া, গীতালি **উত্তর: ঘ**

২৯৮. **কোন বানানগুচ্ছ শুদ্ধ?** [প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৪]
ক. বৈরি, কর্মজীবি, মার্তণ্ড খ. স্তুপ, দেশসুদ্ধ, কূটনৈতিক গ. গুণ্ডুরণ, খ্রিষ্টান, আদ্যাপান্ত ঘ. পুনর্বাসন, জুলোচ্ছাস, দীর্ঘমেয়াদি **উত্তর: খ**

২৯৯. **শুদ্ধ শব্দগুচ্ছ সনাক্ত করুন।** [আইসিবি ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. স্বচ্ছন্দ, স্বচ্ছল, শিরোচ্ছেদ খ. ধৈর্য্য, স্থৈযতা, সখ্যতা গ. একত্রিত, অধীনস্থ, ভাষাভাষী ঘ. জন্মবার্ষিক, পরিষ্কার, পুরস্কার **উত্তর: ঘ**

৩০০. **শুদ্ধ শব্দগুচ্ছ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. গণনা, গনিকা, শোনিত খ. গণনা, গণিকা, শোণিত গ. গনণা, গণিকা, শোনিত ঘ. গননা, গণিকা, শোনিত **উত্তর: খ**

৩০১. **শুদ্ধ বানান লিখিত শব্দগুচ্ছ দেখান।** [পরিবেশ অধিদপ্তরের রিসার্চ অফিসার: ০৬]
ক. সমিচিন, হরিতকি, বাল্মিকী খ. সমীচিন, হরিতকি, বাল্মিকি গ. সমীচীন, হরীতকী, বাল্মীকি ঘ. সমিচীন, হরতকি, বালিকি **উত্তর: গ**

৩০২. **শুদ্ধ বানান গুচ্ছ নির্ণয় করুন।** [৭ম প্রভাষক নিবন্ধন]
ক. শষ্য, ভুবন, শ্রদ্ধাঞ্জলি খ. সমীচীন, সুষ্ঠ, সাক্ষরতা গ. আকাঙ্ক্ষা, গ্রামীণ, দারিদ্র্য ঘ. মুখস্থ, মন্ত্রীসভা, ব্রাহ্মন **উত্তর: গ**

৩০৩. **কোন ত্রয়ীর বানান শুদ্ধ?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৪]
ক. বিমর্ষ, মুমূর্ষু, সংঘর্ষ খ. সত্তেও, সাত্বিক, সত্তা গ. বিঘুর্ণণ, বিঘোষণ, বিমদর্ণ ঘ. জায়মান, জম্বুবান, ভ্রাম্যমান **উত্তর: ক**

৩০৪. **নিচের কোন গুচ্ছে সব শব্দ শুদ্ধ?** [ডেসকোর সুপারভাইজার: ১৯]
ক. ঔষধ, বীণা, ত্রিনয়ন খ. হরিণ, বন্ধন, সোনা গ. প্রান, খ্রিষ্টান, পোসা ঘ. কণ্ঠ, স্তেশন, জিনিষ **উত্তর: ক, খ**

৩০৫. **শুদ্ধ বানানগুচ্ছ কোনটি?** [সাধারণ বীমা কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ১৯]
ক. মহত্ত, মহিয়সী, পক্ব খ. মরুদ্যান, ভষ্ম, উচ্ছাস গ. সমীচীন, সংশ্রব, সত্তা ঘ. অপরাহ্ন, সস্ত্রীক, পূণ্য **উত্তর: গ**

৩০৬. **নিচের কোন বানানগুচ্ছ শুদ্ধ?** [৪৫তম বিসিএস]
ক. শিরশ্ছেদ, দরিদ্রতা, সমীচীন খ. শিরোশ্ছেদ, দারিদ্র্য, সমীচিন গ. শিরঃশ্ছেদ, দরিদ্রতা, সমিচীন ঘ. শিরচ্ছেদ, দরিদ্রতা, সমীচীন **উত্তর: ক**

৩০৭. **শুদ্ধ বানান কোনটি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক: ১৩]
ক. শারীরীক, সমীচিন, নিরীক্ষণ খ. ষ্টিমার, প্রতিযোগী, ব্যুৎপত্তি গ. ঘন্টা, ভৌগলিক, আকাঙ্খ ঘ. পরিত্রাণ, ভূম্যধিকারী, পোস্ট অফিস **উত্তর: ঘ**

৩০৮. **শুদ্ধ বানানের শব্দগুচ্ছ** - [২৩তম বিসিএস]
ক. যশলাভ, সদ্যোজাত, সম্বর্ধনা খ. ভবিষ্যত, ভৌগলিক, যক্ষা
গ. স্বায়ত্তশাসন, আভ্যন্তর, জন্মবার্ষিক ঘ. ঐক্যতান, কেবলমাত্র, উপরোক্ত **উত্তর: গ**

৩০৯. **কোন বানানগুচ্ছ শুদ্ধ?** [পিকেবি'র সিনিয়র অফিসার: ১৪]
ক. উৎকর্ষতা, আত্মসাৎ, আদ্র খ. অনুষঙ্গ, অঙ্গীভূত, অলঙ্ঘনীয়
গ. কৌতূহল, কৃচ্ছ্রসাধন, কৃচিৎ ঘ. অভ্যন্তরীণ, আয়ত্বধীন, অতীন্দ্রিয় **উত্তর: খ, গ**

৩১০. **শুদ্ধ বানান গুচ্ছ** - [বিআরইবি'র সহকারী পরিচালক (প্রশাসন): ১৩]
ক. অদ্ভুত, প্রত্যুষ, উদ্ভূত, নূপুর খ. পূর্বাহ্ন, পুরস্কার, দুর্বিষহ, অভিষেক
গ. নির্নিমেষ, গননা, আপরাহ্ন, সর্বাঙ্গীন ঘ. বিভীষিকা, আশীর্বাদ, শারীরিক, সমীচীন **উত্তর: ঘ**
বিভিন্ন পরীক্ষায় আসা কিছু শুদ্ধ বানান: অনূর্ধ্ব, অনুর্বর, অনূদিত, অসূয়া, ইতোমধ্যে, ইতঃপূর্বে, উদীচী, উপরিউক্ত, উপর্যুক্ত, উচ্ছৃঙ্খল, উর্ধ্ব, উর্ধ্বগামী, ঐকতান, ঐকমত্য, ঔপনিবেশিক, কৌতুক, কৌতূহল, কূপমন্ডূক, কৃত্তিবাস, কনকাঞ্জলি, খ্রিষ্টান, খ্রিষ্টাব্দ, জ্যৈষ্ঠ, জসীমউদ্‌দীন, জ্যামিতি, তোরণ, ত্রুটি, দণ্ড, দুর্গ, দুর্গা, দুর্গত, দুর্গম, দুর্নীতি, দুর্নাম, দুর্বিষহ, দূষণ, দুরূহ, দুরন্ত, দুরারোগ্য, ন্যূনতম, নিক্বণ, নিস্পৃহ, পল্বল, পূবালি, পরস্পর, পৈতৃক, প্রতিদ্বন্দ্বী, প্রতিদ্বন্দ্বিতা, প্রাণী, প্রাণিজগৎ, প্রাণিবিদ্যা, ব্যতীত, ভুল, ভুবন, ভুরিভুরি, ভুঁড়িওয়ালা, ভবিষ্যৎ, ভৌগোলিক, মিতালি, মণিজাল, মাতৃষ্বসা, যক্ষা, যশোলাভ, যন্ত্রণা, রঙিন, রূপালি, শূন্য, শুদ্ধাশুদ্ধি, শশিভূষণ, সোনালি, সতীত্ব, সুকেশী, সুকেশা, সুকেশীনী, সলিল-সমাধি, স্বত্ব, সূচ্যগ্র, সংবর্ধনা, সদ্যোজাত, সূচিপত্র, হিরণ্ময়, হরীতকী।

৩১১. **কোন বানানটি ভুল?** [পূবালী ব্যাংকের অফিসার: ১৭]
ক. পচানব্বই খ. অদ্ভুত গ. ধস ঘ. মহীয়সী **উত্তর: ক**

৩১২. **কোন বানানটি শুদ্ধ নয়?** [পিকেবি'র অফিসার (ক্যাশ): ১৮]
ক. অধীনী খ. নীরস গ. মাধুরি ঘ. নিঃশোষিত **উত্তর: গ**

৩১৩. **কোন বানানটি ভুল?** [কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ১৮]
ক. সূক্ষ্ম খ. ইতোমধ্যে গ. নিক্বণ ঘ. নূন্যতম **উত্তর: ঘ**

৩১৪. **কোন বানানটি ভুল?** [সোনালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. নিষ্পত্তি খ. পরষ্পর গ. স্নেহাস্পদ ঘ. দুষ্প্রাপ্য **উত্তর: খ**

৩১৫. **অশুদ্ধ বানানটি শুদ্ধ করুন** – [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]
ক. অনুকূল খ. অমাবস্যা গ. অনটন ঘ. অধ্যায়ন **উত্তর: ঘ**

৩১৬. **কোন বানানটি ভুল?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ১০]
ক. উনিশ খ. দ্বন্দ্ব গ. অধ্যায়ন ঘ. সহযোগিতা **উত্তর: গ**

৩১৭. **নিচের অশুদ্ধ বানানটি সনাক্ত করুন।** [আইসিবি ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. কিম্ভূত খ. উদ্ভূত গ. অদ্ভূত ঘ. অভূতপূর্ব **উত্তর: গ**

৩১৮. **বাংলা একাডেমি বানান বিধি অনুসারে নিচের কোন বানানটি অশুদ্ধ?** [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. উনসত্তুর খ. রচনাবলি গ. মরুঝড় ঘ. বৈশাখি **উত্তর: ক**

৩১৯. **কোন বানানটি শুদ্ধ নয়?** [৩৩তম বিসিএস]
ক. দরিদ্রতা খ. উপযোগিতা গ. শ্রদ্ধাঞ্জলি ঘ. উর্দ্ধ **উত্তর: ঘ**

৩২০. **নিচের কোনটি শুদ্ধ বানান নয়?** [বাংলাদেশ ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২০]
ক. গীতাঞ্জলি খ. অতিথি গ. কৌতুহল ঘ. সমীচীন **উত্তর: গ**

৩২১. **নিচের কোন বানানটি শুদ্ধ নয়?** [৮ম বিজেএস]
ক. কর্নেল খ. চক্ষুষ্মান গ. খ্রিষ্টাব্দ ঘ. বিপণি **উত্তর: গ**

৩২২. **নিচের কোন বানানটি শুদ্ধ নয়?** [এবি জুনিয়র অফিসার: ১৩]
ক. অধীনা খ. সিক্ত গ. মনোযোগ ঘ. কেবলমাত্র **উত্তর: ঘ**

৩২৩. **ভুল বানান কোনটি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. সমিতি খ. প্রতীতি গ. জামিতি ঘ. প্রকৃতি **উত্তর: গ**

৩২৪. **কোনটি ভুল বানানযুক্ত?** [জীবন বীমা কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২০]
ক. ত্রিনয়ণ খ. ব্রাহ্মণ গ. পিণাক ঘ. দুর্নীতি **উত্তর: ক**

৩২৫. **কোন বানানটি অশুদ্ধ?** [দুদকের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]
ক. দম্ভ খ. সমীচীন গ. কৃষিজীবী ঘ. জিগীষা **উত্তর: ক**

৩২৬. **নিচের কোনটি অশুদ্ধ?** [৩৭তম বিসিএস]
ক. অহিংস-সহিংস খ. প্রসন্ন-বিষণ্ন গ. দোষী-নির্দোষী ঘ. নিস্পাপ-পাপিনী **উত্তর: গ**

৩২৭. **নিচের কোন বানানটি অশুদ্ধ?** [বিএসসি'র অফিসার: ১৯]
ক. নিস্পন্দ খ. নিষ্পন্ন গ. নিষ্ফল ঘ. নিস্পৃহ **উত্তর: ক**

৩২৮. **কোন বানানটি অশুদ্ধ?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ২২]
ক. মনোমোহন খ. স্নেহাশিস গ. নিক্কণ ঘ. হীনম্মন্যতা **উত্তর: গ**

৩২৯. **নিচের কোনটি শুদ্ধ বানান নয়?** [৪২তম বিসিএস]
ক. প্রানী খ. ধরণি গ. মূর্ছা ঘ. গুণ **উত্তর: ক**

৩৩০. **কোন শব্দটি শুদ্ধ বানানে লিখিত নয়?** [শ্রম অধিদপ্তরের সহকারী প্রধান পরিদর্শক: ০৯]
ক. পূবালী খ. যুধ্যমান গ. আকাঙ্ক্ষা ঘ. আশিস **উত্তর: ক**

৩৩১. **ভুল বানান কোনটি?** [বিপিডিবি'র সহকারী পরিচালক: ১৩]
ক. সমিতি খ. জ্যামিতি গ. প্রকৃতি ঘ. প্রতিতি **উত্তর: ঘ**

৩৩২. **নিচের কোন বানানটি অশুদ্ধ?** [সোনালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. দুষ্প্রাপ্য খ. পরষ্পর গ. নিষ্পত্তি ঘ. স্নেহাস্পদ **উত্তর: খ**

৩৩৩. **নির্ভুল বানান নয় –** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১২]
ক. নিবাত খ. পরিপক্ব গ. পল্লব ঘ. বন্দন **উত্তর: গ**

৩৩৪. **নিচের কোন বানানটি ভুল?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]
ক. মুহূর্ত খ. শুশ্রূষা গ. বুদ্ধিজীবি ঘ. দারিদ্র্য **উত্তর: গ**

৩৩৫. **কোন বানানটি অশুদ্ধ?** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. শারীরিক খ. বাল্মিকী গ. উর্ধ্বমুখী ঘ. হরিণ **উত্তর: খ**

৩৩৬. **ভুল বানান কোনটি?** [৪৩তম বিসিএস]
ক. ভূবন খ. অন্তঃসার গ. মুহূর্ত ঘ. অদ্ভুত **উত্তর: ক**

৩৩৭. **অশুদ্ধ বানান কোনটি?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৫]
ক. পুণ্য খ. পুজো গ. ভূল ঘ. মুহূর্ত **উত্তর: গ**

৩৩৮. **নিচের কোন বানানটি শুদ্ধ নয়?** [৯ম শিক্ষক নিবন্ধন]
ক. সমীচীন খ. সান্ত্বনা গ. মুমূর্ষ ঘ. ফটোস্ট্যাট **উত্তর: গ**

৩৩৯. **কোন বানানটি অশুদ্ধ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ব্রাহ্মণ খ. মনকষ্ট গ. সমীচীন ঘ. দারিদ্র্য **উত্তর: খ**

৩৪০. **নিচের কোন বানানটি শুদ্ধ নয়?** [৪২তম বিসিএস]
ক. যন্ত্রনা খ. শূদ্র গ. সহযোগিতা ঘ. স্বতঃস্ফূর্ত **উত্তর: ক**

৩৪১. **নিচের কোন বানানটি শুদ্ধ নয়?** [রূপালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৩]
ক. ধরন খ. লবন গ. বৃহদার্থ ঘ. পরিষ্কার **উত্তর: খ**

৩৪২. **কোন বানানটি অশুদ্ধ?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ২২]
ক. বাণী খ. শুণ্য গ. অরণ্য ঘ. লবণ **উত্তর: খ**

৩৪৩. **নিচের কোন বানানটি অশুদ্ধ?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অডিটর: ১৯]
ক. নারীত্ব খ. কৃতিত্ব গ. সতিত্ব ঘ. ব্যক্তিত্ব **উত্তর: গ**

৩৪৪. **নিচের কোন শব্দটি অশুদ্ধ?** [ভূমি মন্ত্রণালয়ের নিরীক্ষক: ২৩]
ক. সুকেশী খ. সুকেশা গ. সুকেশীনী ঘ. সুকেশিনী **উত্তর: গ**

৩৪৫. **অশুদ্ধ বানান কোনটি?** [পূবালী ব্যাংকের অফিসার: ১৪]
ক. স্থিতপ্রজ্ঞ খ. সমীচীন গ. সংশ্রব ঘ. অদ্ভুত **উত্তর: ক**

৩৪৬. **নিচের কোনটি সঠিক নয়?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. পরিষ্কার খ. নমস্কার গ. হিরন্ময় ঘ. দুষ্কর **উত্তর: গ**

৩৪৭. **কোন বানান জোড়টি অশুদ্ধ?** [সোনালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৪]
ক. নেত্রকোনা, ধসপ্রাপ্ত খ. আকাঙ্ক্ষা, পূর্ণতা গ. মরূদ্যান, আয়ত্ত্ব ঘ. পঞ্চনদ, শশিভূষন **উত্তর: ক**

৩৪৮. **নিম্নের কোন বানানটি অশুদ্ধ?** [অগ্রণী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৩]
ক. ব্রাহ্মণ, জবা-কুসুম খ. মনকষ্ট, সলীল-সমাধী গ. দারিদ্র্য, তিমিরবিদারী ঘ. সমীচীন, যৌবনসূর্য **উত্তর: খ**

৩৪৯. **অশুদ্ধ বানান-জোড় কোনটি?** [পূবালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৪]
ক. পুরস্কার, পরিষ্কার খ. অত্যধিক, আকাঙ্ক্ষা গ. লবন, হ্যানু ঘ. ওজোন, অস্ত্রোপচার **উত্তর: গ**

৩৫০. **নিচের যে গুচ্ছে অপ্রমিত বানান রয়েছে** - [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৯]
ক. স্বত্ত্ব, কনকাঞ্জলী খ. ঝঞ্ঝা, অবাঞ্ছিত গ. পিপীলিকা, ধস্ত ঘ. উপর্যুক্ত, উর্ধ্ব **উত্তর: ক**

৩৫১. **নিচের কোন বানানগুচ্ছের সবগুলো বানানই অশুদ্ধ?** [৩৭তম বিসিএস]
ক. নিক্কণ, সূচগ্র, অনুর্ধ্ব খ. অনূর্বর, উর্ধ্বগামী, শুদ্ধাশুদ্ধি গ. ভূরিভূরি, ভূঁরিওয়ালা, মাতৃষ্বসা ঘ. রানি, বিকিরণ, দূরতিক্রম্য **উত্তর: ক**

৩৫২. **নিচের যে গুচ্ছে অপ্রমিত বানান রয়েছে** - [বিএইচবিএফসি'র অফিসার: ১৭]
ক. ধ্বংস, ধ্বস, উচ্ছ্বাস খ. উদ্দেশ, উচ্ছল, দিগুনির্ণয় গ. বন্দি, ইতঃপূর্বে, বাষ্পীভূত ঘ. একত্র, স্তূপীকৃত, নিরবচ্ছিন্ন **উত্তর: ক**

বাক্য শুদ্ধিকরণ

০১. **কোন বাক্যটি শুদ্ধ?** [বিকেবি'র সুপারভাইজার: ১২]
ক. জ্ঞানি মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর খ. জ্ঞানি মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ গ. জ্ঞানি মূর্খতা অপেক্ষা শ্রেষ্ঠ ঘ. জ্ঞানী মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ **উত্তর: ঘ**

০২. **শুদ্ধ বাক্য নির্দেশ করুন।** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]
ক. দৈন্যতা প্রশংসনীয় নয় খ. দীনতা প্রশংসনীয় নয় গ. দৈন্যতা নিন্দনীয় ঘ. দৈন্যতা অপ্রশংসনীয় **উত্তর: খ**

০৩. **কোনটি শুদ্ধ বাক্য?** [সিজিএ কার্যালয়ের অডিটর: ২২]
ক. অধ্যয়নই ছাত্রদের তপস্যা খ. অধ্যায়ন ছাত্রদের তপস্যা গ. অধ্যাপনাই ছাত্রদের তপস্যা ঘ. অধ্যাপনা ছাত্রদের তপস্যা **উত্তর: ক**

০৪. **কোন বাক্যটি শুদ্ধ?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. তুমি কি ঢাকা যাবে? খ. তুমি কী ঢাকা যাবে গ. তোমরা কী ঢাকা যাবে ঘ. তোমরা কী ঢাকায় যাবে? **উত্তর: ক**

০৫. **শুদ্ধ বাক্যটি দেখান** - [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক: ০৩]
ক. তুমি কী আজ যাবে? খ. তুমি কি আজ যাবে? গ. তুমি কী অদ্য যাবে? ঘ. তুমি কী আজ যাইবে? **উত্তর: খ**

০৬. **কোন বাক্যটি শুদ্ধ?** [৬ষ্ঠ প্রভাষক নিবন্ধন]
ক. আমি সন্তোষ হলাম খ. আমি সন্তোষ্ট হইলাম গ. আমি সন্তুষ্ট হলাম ঘ. আমি সন্তুষ্ঠ হলাম **উত্তর: গ**

০৭. **কোন বাক্যটি শুদ্ধ?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১২]
ক. সর্বদা পরিষ্কার থাকিবে খ. সর্বদা পরিষ্কৃত থাকিবে গ. সর্বদা পরিষ্কারময় থাকিবে ঘ. সর্বদা পরিষ্কৃতময় থাকিবে **উত্তর: ক**

০৮. **কোন বাক্যটি শুদ্ধ?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১২]
ক. রহিমা পাগলি হয়ে গেছে খ. রহিমা পাগল হয়ে গেছে গ. রহিমা পাগলি হয়ে গেছে খ. রহিমা পাগলী হয়ে গেছে **উত্তর: খ**

০৯. **কোনটি শুদ্ধ বাক্য?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]
ক. এ কথা প্রমান হয়েছে খ. এ কথা প্রমানিত হয়েছে গ. এ কথা প্রমাণ হয়েছে ঘ. এ কথা প্রমাণিত হয়েছে **উত্তর: ঘ**

১০. **শুদ্ধ বাক্য কোনটি?** [বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের সহকারী ব্যবস্থাপক: ১৮]
ক. আমি সাক্ষী দিব না খ. একথা প্রমাণিত হয়েছে গ. বিধি লঙ্ঘন হয়েছে ঘ. দৈন্যতা প্রশংসনীয় নয় **উত্তর: খ**

১১. **কোনটি শুদ্ধ বাক্য?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১২]
ক. ইহার আবশ্যক নাই খ. বুনো ওল, বাঘা তেঁতুল গ. বুনো কচু, বাঘা তেঁতুল ঘ. ইহা প্রমাণ হইয়াছে **উত্তর: খ**

১২. **কোন বাক্যটি শুদ্ধ?** [মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী: ২১]
ক. আমার বড় দুরাবস্থা খ. আমার বড় দুরবস্থা গ. আমার বড় দূরবস্থা ঘ. আমার বড় দূরাবস্থা **উত্তর: খ**

১৩. **কোনটি সঠিক?** [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৯]
ক. চলাকালীন সময়ে খ. চলাকালে গ. চলাকালের সময়ে ঘ. চলাকালিন সময়ে **উত্তর: খ**

১৪. **কোনটি শুদ্ধ বাক্য?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৮]
ক. তুমি চিরঞ্জীব হও খ. তুমি চিরজীবী হও গ. চন্দ্র উদয় হয়েছে ঘ. তিনি অপমানিতবোধ করছেন **উত্তর: খ**

১৫. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. তিনি স্বস্ত্রীক শহরে থাকেন খ. তিনি সস্ত্রীক শহরে থাকেন গ. তিনি ও স্ত্রী শহরে থাকেন ঘ. তিনি স্ব-স্ত্রীক শহরে থাকেন **উত্তর: খ**

১৬. **কোন বাক্যটির শুদ্ধ প্রয়োগ হয়েছে?** [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. অন্যায়ের ফল অনিবার্য খ. অন্যায়ের ফল আবশ্যক গ. বিধি লঙ্ঘন হয়েছে ঘ. কোথায় আমরা একত্র হব? **উত্তর: ক**

১৭. **নিম্নের কোন বাক্যটি সঠিক?** [গ্রামীণ ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. আমার কথাই প্রমান হলো খ. আমার কথাই প্রমাণ হলো গ. আমার কথাই প্রমানীত হলো ঘ. আমার কথাই প্রমাণিত হলো **উত্তর: ঘ**

১৮. **শুদ্ধ বাক্যটি নির্দেশ করুন।** [মাউশি অধিদপ্তরের উচ্চমান সহকারী: ১৩]
ক. আমি চাক্ষুষ প্রত্যক্ষ করেছি খ. তিনি স্বস্ত্রীক এসেছেন গ. তিনি সাক্ষ্য দেবেন না ঘ. তার কথায় মাধুর্যতা নেই **উত্তর: গ**

১৯. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. আমি সাক্ষী দিয়েছি খ. আমি সাক্ষ্য দিয়েছি গ. আমি সাক্ষী দিতেছি ঘ. আমি সাক্ষী দিলাম **উত্তর: খ**

২০. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [পূবালী ব্যাংকের অফিসার: ১৭]
ক. তিনি সাক্ষী দিতে রাজি হননি খ. তিনি সাক্ষী হতে রাজি হননি গ. তিনি সাক্ষ্য দিতে রাজি হননি ঘ. তিনি স্বাক্ষী দিতে রাজি হননি **উত্তর: গ**

২১. **কোনটি শুদ্ধ বাক্য?** [গ্রামীণ ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. সে আরোগ্য হইয়াছে খ. অতিশয় দুঃখিত হলাম গ. সূর্য উদিত হয়েছে ঘ. কথাটি সঠিক নয় **উত্তর: গ**

২২. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. সূর্য পূর্বদিকে উদয়মান হয় খ. সূর্য পূর্বদিকে উদিয়মান হয় গ. সূর্য পূর্বদিকে উদয় হয় ঘ. সূর্য পূর্বদিকে উদিত হয় **উত্তর: ঘ**

২৩. **কোনটি শুদ্ধ বাক্য?** [১১তম বিসিএস]
ক. একটি গোপন কথা বলি খ. একটি গোপনীয় কথা বলি গ. এক গুপ্ত কথা বলি ঘ. একটি গোপনীয়তার কথা বলি **উত্তর: খ**

২৪. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. কেবলমাত্র তুমি যাবে খ. এ সংবাদে সন্তোষ হলাম গ. বিবিধ জিনিস কিনলাম ঘ. এতে আশ্চর্য হলাম **উত্তর: গ**

২৫. **কোনটি শুদ্ধ বাক্য?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০৭]
ক. তাকে স্নেহাশীষ দিও খ. তাকে স্নেহশীষ দিও গ. তাকে স্নেহাশিস দিও ঘ. তাকে স্নেহশিষ দিও **উত্তর: গ**

২৬. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [সহকারী থানা / উপজেলা শিক্ষা অফিসার: ৯৫]
ক. তার সাংস্কৃতি নাই খ. তার সাংস্কৃত নাই গ. তার সাংস্কৃতিক নাই ঘ. তার সংস্কৃতি নাই **উত্তর: ঘ**

২৭. **কোন বাক্যটি শুদ্ধ?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের হিসাবরক্ষক: ১১]
ক. ৫ জন ছাত্ররা স্কুলে যায় খ. ৫ জন ছাত্রগণ স্কুলে যায় গ. ৫ জন ছাত্র স্কুলে যায় ঘ. ৫ জন ছাত্রবৃন্দ স্কুলে যায় **উত্তর: গ**

২৮. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [নির্বাচন কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. সে সঙ্কটে পড়েছে খ. সে সঙ্কটে পরেছে গ. সে সঙ্কট অবস্থায় পড়ে ঘ. সে সঙ্কটাপন্ন অবস্থায় পড়েছে **উত্তর: ক**

২৯. **কোন বাক্যটি শুদ্ধ?** [এলজিইডি'র কার্য সহকারী: ২৩]
ক. তাকে নির্বাচিত করা হয়নি খ. তাকে নির্বাচন করা হয়নি গ. তাকে নির্বাচনে আনীত হয়নি ঘ. তাকে নির্বাচনের সুযোগ হয়নি **উত্তর: ঘ**

৩০. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [সমবায় অধিদপ্তরের ক্যাশিয়ার: ২৩]
ক. তুমি, আমি ও সে দোষী খ. সে, আমি ও তুমি দোষী গ. আমি, তুমি ও সে দোষী ঘ. সে, তুমি ও আমি দোষী **উত্তর: ঘ**
ব্যাখ্যা: ভালো ও মন্দ উভয় ক্ষেত্রেই বাংলা ব্যাকরণে পুরুষের ক্রম হলো ৩২১ (প্রথম বা নাম পুরুষ, মধ্যম পুরুষ ও উত্তম পুরুষ)।

৩১. **কোন বাক্যটি শুদ্ধ?** [১৪তম শিক্ষক নিবন্ধন]
ক. অনেক সন্ন্যাসিতে গাজন নষ্ট খ. অধিক সন্ন্যাসীতে গান নষ্ট গ. অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট ঘ. অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট **উত্তর: গ**

৩২. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [৭ম প্রভাষক নিবন্ধন]
ক. সমুদয় পক্ষীই নীড় বাঁধে খ. দশচক্রে ঈশ্বর ভূত গ. তার বৈমাত্রেয় সহোদর অসুস্থ ঘ. চোরটি সব মালসুদ্ধ ধরা পড়েছে **উত্তর: ক**

৩৩. **শুদ্ধ বাক্যটি নির্দেশ করুন** - [জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনটেনডেন্ট অব সার্ভে: ০৫]
ক. বিরাট গরু ছাগলের হাট খ. বিরাট গবাদি পশুর হাট গ. গরু-ছাগলের বিরাট হাট ঘ. বিরাট গরু ও বিরাট ছাগলের হাট **উত্তর: গ**

৩৪. **কোন বাক্যটি শুদ্ধ?** [ঢাবি: ২২-২৩]
ক. অশ্রুজলে বুক ভেসে গেল খ. আর বাঁচিবার স্বাদ নাই গ. এটি লজ্জাস্কর ব্যাপার ঘ. মহারাজ সভাগৃহে প্রবেশ করলেন **উত্তর: ঘ**

৩৫. **নিম্নের কোন বাক্যটি শুদ্ধ?** [রূপালী ব্যাংকের অফিসার: ০৮]
ক. সে আরোগ্য লাভ করেছে খ. সাবধানপূর্বক চলবে গ. আমি সন্তোষ হলাম ঘ. অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার **উত্তর: ক**

৩৬. **কোন বাক্যটি শুদ্ধ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. তাহার এখন সঙ্কট অবস্থা খ. নীরোগ লোক যথার্থ সুখী গ. আমি সাক্ষী দিয়েছি ঘ. সদাসর্বদা তোমার উপস্থিতি প্রার্থনীয় **উত্তর: খ**

৩৭. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [৮ম প্রভাষক নিবন্ধন]
ক. তার সৌজন্যতায় মুগ্ধ হয়েছি খ. বিধি লঙ্ঘন হয়েছে গ. সূর্য উদয় হয়েছে? ঘ. যুক্তি খণ্ডিত হয়েছে কিন্তু মুক্তি মেলেনি **উত্তর: ঘ**

৩৮. **কোন বাক্যটিতে ভুল নেই?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]
ক. দরিদ্রতা অভিশাপ খ. ফুল দেখতে সুন্দর গ. ভুল লিখতে ভূল করো না ঘ. শনিতে অশনি দেখতে পাইলাম **উত্তর: ক**

৩৯. **কোন বাক্যটি শুদ্ধ?** [এনআরবিসি ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২১]
ক. মেয়েটি বুদ্ধিমান
খ. আকণ্ঠ পর্যন্ত ভোজন করলাম
গ. নৌকা স্রোতে ভাসিয়া চলিয়াছিল
ঘ. এ সৌন্দর্য ছেড়ে কোথাও নড়িতে ইচ্ছা হয় না
উত্তর: ক, গ

৪০. **কোন বাক্যটি শুদ্ধ?** [৬ষ্ঠ প্রভাষক নিবন্ধন]
ক. তিনি স্বস্ত্রীক বেড়াতে গেছেন
খ. বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেয়
গ. আমার আর বাঁচিবার স্বাদ নাই
ঘ. কোনো বাক্যই শুদ্ধ নয়
উত্তর: ঘ

৪১. **শুদ্ধ রূপটি দেখান।** [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান
খ. সাহিত্যিক ও সংস্কৃতিক অনুষ্ঠান
গ. সাহিত্য ও সংস্কৃতিক অনুষ্ঠান
ঘ. সাহিত্যক ও সাংস্কৃতিক অনুষ্ঠান
উত্তর: ক

৪২. **কোনটি শুদ্ধ বাক্য?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৩]
ক. দারিদ্র্য বাংলাদেশের প্রধান সমস্যা
খ. দরিদ্র বাংলাদেশের প্রধান সমস্যা
গ. দারিদ্র্যতা বাংলাদেশের প্রধান সমস্যা
ঘ. দারিদ্র্যতাই বাংলাদেশের প্রধান সমস্যা
উত্তর: ক

৪৩. **শুদ্ধ বাক্যটি নির্ণয় করুন।** [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৭]
ক. দারিদ্র্য আমাদের প্রধান সমস্যা
খ. দরিদ্রতা আমাদের প্রধান সমস্যা
গ. দারিদ্রতা আমাদের প্রধান সমস্যা
ঘ. দারিদ্রতাই প্রধান সমস্যা
উত্তর: ক, খ

৪৪. **কোন বাক্যটি শুদ্ধ?** [৩৩তম বিসিএস]
ক. দরিদ্রতা আমাদের প্রধান সমস্যা
খ. সলজ্জিত হাসি হেসে মেয়েটি উত্তর দিল
গ. সর্ব বিষয়ে বাহুল্যতা বর্জন করা উচিত
ঘ. তোমার গোপন কথা শোনা আমার পক্ষে সম্ভব নয়
উত্তর: ক

৪৫. **কোন বাক্যটি শুদ্ধ?** [৩৫তম বিসিএস]
ক. দৈন্য সর্বদা মহত্বের পরিচায়ক নয়
খ. দৈন্যতা সর্বদা মহত্বের পরিচায়ক নয়
গ. দৈন্য সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়
ঘ. দৈন্যতা সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়
উত্তর: গ

৪৬. **শুদ্ধ বাক্য কোনটি?** [১১তম বিসিএস]
ক. দুর্বলশত অনাথিনী বসে পড়ল
খ. দুর্বলবশত অনাথ বসে পড়ল
গ. দুর্বলতাবশত অনাথা বসে পড়ল
ঘ. দুর্বলতাবশত: অনাথিনী বসে পড়ল
উত্তর: গ

৪৭. **শুদ্ধ বাক্যটি চিহ্নিত করুন** – [১২তম বিসিএস]
ক. বিদ্যান ব্যক্তিগণ দরিদ্রের শিকার হন
খ. বিদ্যান ব্যক্তিগণ দারিদ্রতার শিকার হন
গ. বিদ্বান ব্যক্তিগণ দারিদ্র্যের শিকার হন
ঘ. বিদ্যান ব্যক্তিগণ দরিদ্রতার স্বীকার হন
উত্তর: গ

৪৮. **নিচের কোন বাক্যটি সঠিক?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]
ক. আমি এ ঘটনা চাক্ষুস দেখেছি
খ. আমি এ ঘটনা স্বচক্ষে দেখিয়াছি
গ. আমি এ ঘটনা স্বচক্ষে দেখেছি
ঘ. আমি এ ঘটনা চাক্ষুস প্রত্যক্ষ করেছি
উত্তর: ক

৪৯. **কোন বাক্যটি শুদ্ধ?** [পিএসসি'র সহকারী পরিচালক: ১৬]
ক. তিনি তোমার বিরুদ্ধে সাক্ষী দিলেন
খ. তিনি তোমার বিরুদ্ধে সাক্ষ্য দিলেন
গ. তিনি তোমার বিরুদ্ধে সাক্ষি দিলেন
ঘ. তিনি তোমার বিরুদ্ধে স্বাক্ষ্য দিলেন
উত্তর: খ

৫০. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. আপনি সপরিবারে আমন্ত্রিত
খ. আপনি স্বপরিবারে আমন্ত্রিত
গ. আপনি পরিবারবর্গসহ আমন্ত্রিত
ঘ. আপনি আপনার পরিবারসহ আমন্ত্রিত
উত্তর: ক

৫১. **শুদ্ধ কোনটি?** [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]
ক. অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার
খ. অন্নাভাবে প্রতি ঘরে হাহাকার
গ. অন্ন অভাবে প্রতিটি ঘরে ঘরে হাহাকার
ঘ. অন্ন অভাবে প্রতিটি ঘরে হাহাকার
উত্তর: খ

৫২. **কোনটি শুদ্ধ বাক্য?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৩]
ক. বৃক্ষটি সমূলে উৎপাটিত হয়েছে
খ. মেয়েটি দারুণ সবুদ্ধিমতী
গ. আজকাল বিদ্বান মহিলার অভাব নেই
ঘ. তোমার সাথে গোপন পরামর্শ আছে
উত্তর: ক

৫৩. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [৯ম প্রভাষক নিবন্ধন]
ক. আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্য অনুচিত
খ. আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত
গ. আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্য অনুচিত
ঘ. আবশ্যক ব্যয়ে কার্পন্য অনুচিত
উত্তর: খ

৫৪. **কোন বাক্যটি শুদ্ধ?** [৩৭তম বিসিএস]
ক. আপনি স্বপরিবারে আমন্ত্রিত
খ. তার কথা শুনে আমি আশ্চর্যান্বিত হলাম
গ. তোমার পরশ্রীকাতরতায় আমি মুগ্ধ
ঘ. সেদিন থেকে তিনি সেখানে আর যায় না
উত্তর: খ

৫৫. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৫]
ক. তিনি স্বস্ত্রীক বেড়াতে এসেছে
খ. দুষ্কৃতকারীদের ছুটি দেওয়া উচিত নয়
গ. তিনি গুণীজন; সম্মান তাঁর প্রাপ্য
ঘ. ছেলেরা সকলে একত্রিত হয়ে খেলছে
উত্তর: খ

৫৬. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [৯ম শিক্ষক নিবন্ধন]
ক. তিনি স্বস্ত্রীক বিদেশে গেছেন
খ. সকল ছাত্ররাই অমনোযোগী নয়
গ. শেষের কবিতা একখানি উৎকৃষ্ট কাব্যগ্রন্থ
ঘ. পরবর্তীতে তাঁর সাথে আমার আর সাক্ষাত হয়নি
উত্তর: ঘ

৫৭. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহকারী: ১৯]
ক. বাংলাদেশ সমৃদ্ধশালী দেশ
খ. তার সকল চেষ্টা ব্যর্থ হয়েছে
গ. অনুষ্ঠান চলাকালীন সময় বৃষ্টি শুরু হয়
ঘ. আরিফ সবচেয়ে শ্রেষ্ঠতম শিল্পী
উত্তর: খ

৫৮. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. বাংলাদেশ সমৃদ্ধশালী দেশ
খ. তার সকল চেষ্টা ব্যর্থ হয়েছে
গ. আরিফ সবচেয়ে শ্রেষ্ঠতম শিল্পী
ঘ. অনুষ্ঠান চলাকালীন সময় বৃষ্টি শুরু হয়
উত্তর: খ

৫৯. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [১৬তম প্রভাষক নিবন্ধন]
ক. কারো ফাগুন মাস, কারো সর্বনাশ
খ. বিধি লঙ্ঘিত হয়েছে
গ. আগত শনিবার কলেজ বন্ধ থাকবে
ঘ. সে প্রাণিবিদ্যায় দুর্বল
উত্তর: খ, ঘ

৬০. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]
ক. হিমালয় পর্বত দুর্লঙ্ঘণীয়
খ. স্বাক্ষর লোক মাত্রই শিক্ষিত নয়
গ. গড্ডালিকা প্রবাহে গা ভাসিয়ো না
ঘ. মিঠুর কোনো ভৌগোলিক জ্ঞান নেই
উত্তর: ঘ

৬১. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১২]
ক. ইহার আবশ্যক নাই
খ. ইহা প্রমাণ হয়েছে
গ. যেমনি বুনো কচু, তেমনি বাঘা তেঁতুল
ঘ. যেমনি বুনো ওল, তেমনি বাঘা তেঁতুল
উত্তর: ঘ

৬২. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১২]
ক. বিধি লঙ্ঘন হয়েছে
খ. আমি আর দ্বিতীয়টি দেখিনি
গ. যুক্তি খণ্ডিতো হয়েছে কিন্তু মুক্তি মেলেনি
ঘ. পৃথিবী সর্বদা সূর্যের চারিদিকে ঘূর্ণায়মান
উত্তর: ঘ

৬৩. **শুদ্ধ বাক্য কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. তুমি, শফিক ও আমি সিনেমা দেখতে যাব
খ. আমি, শফিক ও তুমি সিনেমা দেখতে যাব
গ. তুমি, আমি ও শফিক সিনেমা দেখতে যাব
ঘ. শফিক, তুমি ও আমি সিনেমা দেখতে যাব
উত্তর: ঘ

৬৪. **কোনটি শুদ্ধ বাক্য?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. তাহার সৌজন্যে আমি সুযোগটি পেয়েছি
খ. তার সৌজন্যে আমি সুযোগটি পেয়েছি
গ. তাহার সৌজন্যতায় আমি সুযোগটি পেয়েছি
ঘ. তার সৌজন্যতায় আমি সুযোগটি পেয়েছি
উত্তর: খ

৬৫. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [বিটিভি'র উপ-সহকারী প্রকৌশলী: ২৩]
ক. আদ্যবধি তার শারিরীক অবস্থার উন্নতি হয়নি
খ. আদ্যবধি তার শারিরিক অবস্থার উন্নতি হয়নি
গ. অদ্যাবধি তার শারীরিক অবস্থার উন্নতি হয়নি
ঘ. অদ্যাবধি তার শারিরিক অবস্থার উন্নতি হয়নি
উত্তর: গ

৬৬. **'বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর' বাক্যটির শুদ্ধরূপ কোনটি?** [৭ম প্রভাষক নিবন্ধন]
ক. বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ট খ. বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ গ. বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর ঘ. বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
উত্তর: খ

৬৭. **'বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে' বাক্যটির শুদ্ধ রূপ কোনটি?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১২]
ক. বৃক্ষটি মূলসহ উৎপাটিত হয়েছে
খ. বৃক্ষটি সমূলে উৎপাটিত হয়েছে
গ. বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে
ঘ. ক ও খ উভয়ই
উত্তর: ঘ

৬৮. **'রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য' বাক্যটির শুদ্ধরূপ কোনটি?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৯]
ক. রচনাটির উৎকর্ষ অনস্বীকার্য
খ. রচনাটির উৎকর্শ অনস্বীকার্য
গ. রচনাটির উৎকর্স অনস্বীকার্য
ঘ. রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য
উত্তর: ক

৬৯. **'সকল সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন' বাক্যটির শুদ্ধরূপ কোনটি?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৯]
ক. সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন
খ. সকল সভ্য এখানে উপস্থিত ছিলেন
গ. সকল সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন
ঘ. ক ও খ উভয়ই
উত্তর: ঘ

৭০. **কোন বাক্যটি শুদ্ধ তা নির্দেশ করুন।** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক. কৃত্তিবাস বাঙলা রামায়ণ লিখেছেন
খ. কৃত্তিবাস বাঙলা রামায়ন লিখেছেন
গ. কীর্তিবাস বাঙলা রামায়ন লিখিয়াছেন
ঘ. কীর্তিবাস বাংলা রামায়ন লিখিয়াছেন
উত্তর: ক

৭১. **'এমন অসহ্যনীয় ব্যথা আমি আর কখনও অনুভব করি নাই' বাক্যটির শুদ্ধরূপ কোনটি?** [পূবালী ব্যাংকের অফিসার: ১২]
ক. এমন অসহ্য ব্যথা আমি আর কখনও অনুভব করি নাই
খ. এমন অসহ্যনীয় ব্যথা আমি আর কখনও অনুভব করি নাই
গ. এমন অসহ্যনীয় ব্যথা আমি আর কখনও অনুভব করি নাই
ঘ. কোনোটিই নয়
উত্তর: ক

৭২. **কোন বাক্যটি শুদ্ধ নয়?** [চবি: ১৭-১৮]
ক. চাঁদ উঠেছে খ. আমরা দাঁড়াইয়া থাকিবো গ. তাহারা গান করবে ঘ. বাঁশি বাজে **উত্তর: গ**

৭৩. **কোন বাক্যটি শুদ্ধ নয়?** [ঢাবি: ২২-২৩]
ক. উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয় খ. ইহার আবশ্যকতা নেই গ. কথা প্রমাণিতত হয়েছে ঘ. সব সভ্য এসেছেন **উত্তর: ক**

৭৪. **কোন বাক্যটি অশুদ্ধ?** [পূবালী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. তুমি নির্দোষ নও খ. ক্ষমা একটি মহৎ গুণ গ. মাছগুলোর দাম কত? ঘ. বিপদগ্রস্থকে সাহায্য কর **উত্তর: ঘ**

৭৫. **কোন বাক্যটি অশুদ্ধ?** [২৫তম বিসিএস]
ক. তাহার জীবন সংশয়পূর্ণ খ. তাহার জীবন সংশয়ময় গ. তাহার জীবন সংশয়াপূর্ণ ঘ. তাহার জীবন সংশয়ভরা **উত্তর: গ**

৭৬. **কোনটি ভুল বাক্য?** [নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য কর্মকর্তা: ১৯]
ক. দীনতা সব সময় ভাল নয় খ. এখানে প্রবেশ নিষিদ্ধ গ. সময় বড় সংক্ষিপ্ত ঘ. দেশের দারিদ্র দূর করতে হবে **উত্তর: ঘ**

৭৭. **কোন বাক্যটি শুদ্ধ নয়?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট: ১৯]
ক. বাংলাদেশ উন্নয়নশীল দেশ খ. মাদকাশক্তি ভালো নয় গ. তাহারা বাড়ি যাচ্ছে ঘ. তোমার দ্বারা সে অপমানিত হয়েছে **উত্তর: গ**

৭৮. **কোন বাক্যটি শুদ্ধ নয়?** [ঢাবি: ২২-২৩]
ক. দৈন্য প্রশংসনীয় নয় খ. সব সভ্য এসেছেন গ. সূর্য উদিত হয়েছে ঘ. আমি এই ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি **উত্তর: ঘ**

৭৯. **'সুনামীর তান্ডবে অনেকেই সর্বশান্ত হয়েছে' বাক্যটিতে কয়টি ভুল আছে?** [৪৫তম বিসিএস]
ক. একটি খ. দুইটি গ. তিনটি ঘ. ভুল নেই **উত্তর: গ**

৮০. **শুদ্ধ বাক্য নয় কোনটি?** [৪২তম বিসিএস]
ক. হয়তো সোহমা আসতে পারে খ. অকারণে ঋণ করিও না
গ. ইশ! যদি পাখির মত পাখা পেতাম ঘ. বিদ্বান হলেও তাঁর কোনো অহংকার নেই **উত্তর: খ**

৮১. **নিচের কোন বাক্যটি অশুদ্ধ?** [বিকেবি'র অফিসার: ১১]
ক. নিশ্চিত সংবাদ পেয়েছ কি? খ. রাঙ্গামাটি পার্বত্য এলাকা
গ. বাংলাদেশ একটি উন্নতশীল দেশ ঘ. চিক চিক করে বালি কোথা নাহি কাদা **উত্তর: গ**

৮২. **শুদ্ধ বাক্য নয় কোনটি?** [এলজিইডি'র হিসাব সহকারী: ২১]
ক. সভাপতি কর্তৃক প্রস্তাবটি অনুমোদিত হয়নি খ. সভাপতি প্রস্তাবটি অনুমোদন করেছেন
গ. সভাপতি কর্তৃক প্রস্তাবটি অনুমোদন করেছেন ঘ. সভাপতি কর্তৃক প্রস্তাবটি অনুমোদিত হয়েছে **উত্তর: গ**

ভাষার প্রয়োগ-অপপ্রয়োগ

০১. **কোন প্রয়োগটি শুদ্ধ?** [বিএইচবিএফসি'র অফিসার: ১৭]
ক. অনেক লোক খ. অনেক লোকেরা গ. অনেক লোকগণ ঘ. অনেক লোকসমূহ **উত্তর: ক**

০২. **কোন শব্দটির প্রয়োগ শুদ্ধ?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহকারী: ১৯]
ক. লক্ষ্যণীয় খ. উপলক্ষ্য গ. সুবুদ্ধিমান ঘ. সৌন্দর্যতা **উত্তর: খ**

০৩. **কোন শব্দটির প্রয়োগ শুদ্ধ?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহকারী: ১৯]
ক. সুন্দরতা খ. সৌন্দর্যতা গ. বৈশিষ্ট্যতা ঘ. কৃপনতা **উত্তর: ক**

০৪. **কোন চরণটি সঠিক?** [৩৩তম বিসিএস]
ক. ধন ধান্যে পুষ্পে ভরা খ. ধন্য ধান্যে পুষ্পে ভরা গ. ধণ্যে ধান্যে পুষ্প ভরা ঘ. ধন্যে ধান্য পুষ্পে ভরা **উত্তর: ক**

০৫. **কোনটি অপপ্রয়োগের দোষে দুষ্ট নয়?** [পূবালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৭]
ক. স্বস্ত্রীক খ. অশ্রুজল গ. অধীনস্থ ঘ. প্রতিযোগী **উত্তর: ঘ**

০৬. **কোনটি অপপ্রয়োগের দোষে দুষ্ট নয়?** [বিসিকের প্রকাশনা কর্মকর্তা: ২৩]
ক. আয়ত্তাধীন খ. অশ্রুজল গ. অধীনস্থ ঘ. একত্র **উত্তর: ঘ**

০৭. **কোনটিতে অপপ্রয়োগ ঘটেনি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক: ১৯]
ক. ভয়ানক মেধাবী খ. স্বপরিবারের আমন্ত্রিত গ. নীরোগী লোক ঘ. সমুজ্জ্বল **উত্তর: ঘ**

০৮. **কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত নয়?** [ঢাবি: ১৮-১৯]
ক. সুগন্ধফুল খ. বিষাদ মণ্ডিত গ. সংযতবাক ঘ. সুনীলআকাশ **উত্তর: গ**

০৯. **কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত নয়?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. মরণোত্তর খ. ভৌগলিক গ. সৌন্দর্যতা ঘ. উজ্জলতা **উত্তর: ক**

১০. **নিচের যে গুচ্ছে ভাষার অপপ্রয়োগের কোনো দৃষ্টান্ত নেই** - [রূপালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. সবিনয়ে, একত্র, সাম্প্রতিক খ. সর্বজনীন, অত্রস্থান, কর্তৃপক্ষ
গ. জন্মবার্ষিক, কেবল, স্বোপার্জিত ঘ. পরিবারবর্গ, স্বনামধন্য, ঐক্যবদ্ধ **উত্তর: ক, গ**

১১. **নিচের কোন বাকটি প্রয়োগগত দিক থেকে শুদ্ধ?** [৪৪তম বিসিএস]
ক. তার দুচোখ অশ্রুতে ভেসে গেল খ. আপনি স্বপরিবারে আমন্ত্রিত
গ. আমি কারও সাতেও নেই, সতেরোতেও নেই ঘ. সারা জীবন ভূরে মজুরি খেটে মরলাম **উত্তর: ক**

১২. **নিচের কোন বাক্যে ভাষার অপপ্রয়োগ ঘটেনি?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ২১]
ক. ছেলেটি মারাত্মক মেধাবী খ. সে পান্তাভাত খেয়ে মাঠে গেল
গ. আজ তার পঞ্চাশতম জন্মবার্ষিক ঘ. দরিদ্র শিক্ষার্থীদের ঝড়ে পড়ার সম্ভাবনা প্রচুর **উত্তর: গ**

১৩. **একই বাক্য রচনায় সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণকে কী বলে? / তৎসম শব্দের সাথে দেশীয় শব্দের প্রয়োগ কোন দোষের সৃষ্টি করে?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৯]
ক. গুরুচণ্ডালী দোষ খ. বাহুল্য দোষ গ. দ্বিত্বজনিত ভুল ঘ. বাচ্যজনিত দোষ **উত্তর: ক**

১৪. **'গুরুচণ্ডালী দোষ' বলতে বুঝায়** - [তুলা উন্নয়ন বোর্ডের তুলা উন্নয়ন কর্মকর্তা: ৯৭]
ক. সাধু ও চলিত ভাষার মিশ্রণ খ. সাধু ও আঞ্চলিক ভাষার মিশ্রণ গ. বিদেশি ও দেশি ভাষার মিশ্রণ ঘ. বাংলা ও ইংরেজি ভাষার মিশ্রণ **উত্তর: ক**

১৫. **কার সাথে গুরুচন্ডালী দোষ সম্পর্কিত?** [বিআরটিএ'র পরিদর্শক: ২৩]
ক. উচ্চারণ খ. বানান গ. রূপতত্ত্ব ঘ. ভাষারীতি **উত্তর: ঘ**

১৬. **কোন বাক্যটিতে সাধু ও চলিত রীতির মিশ্রণ ঘটেছে?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ০৯]
ক. পাখি সব করে রব খ. অতঃপর তারা চলিয়া গেল গ. উদ্ভিদের প্রাণ আছে ঘ. ধূমপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর **উত্তর: খ**

১৭. **গুরুচণ্ডালী দোষমুক্ত কোনটি?** [১০তম বিসিএস]
ক. শবপোড়া খ. মড়াদেহ গ. শবদাহ ঘ. শবমড়া **উত্তর: গ**

১৮. **কোন বাক্যটি গুরুচণ্ডালী দোষমুক্ত?** [৯ম প্রভাষক নিবন্ধন]
ক. তাহারা রওয়ানা হলো খ. সে স্কুলে যাবে গ. তার বিবাহ হয় নাই ঘ. তার বাহিরে যাবার সময় হয়েছে **উত্তর: খ**

১৯. **'শবপোড়া' শব্দটির কী দোষ দেখা যায়?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৯]
ক. গুরুচণ্ডালী খ. দুর্বোধ্যতা গ. উপমার ভুল প্রয়োগ ঘ. আকাঙ্ক্ষার ভুল প্রয়োগ **উত্তর: ক**

২০. **কোন বাক্যাংশটি গুরুচন্ডালী দোষ যুক্ত?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক. শবদাহ খ. ঘোটকের গাড়ি গ. মড়াপোড়া ঘ. ঘোড়ার গাড়ি **উত্তর: খ**

২১. **'ঘোটকের গাড়ি' এটি কোন দোষে দুষ্ট?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ১৯]
ক. গুরুচন্ডালী খ. বাহুল্য গ. দুর্বোধ্যতা ঘ. কোনটিই নয় **উত্তর: ক**

২২. **'গরুর শকট' এটি কোন দোষে দুষ্ট?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]
ক. গুরুচন্ডালী খ. বাহুল্য গ. দুর্বোধ্যতা ঘ. উপমার ভুল **উত্তর: ক**

২৩. **প্রয়োজনের অতিরিক্ত শব্দ গঠন করাকে কী বলে? / বাক্যের প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহারে কোন দোষ ঘটে?** [বিএসসি'র অফিসার: ২৩]
ক. গুরুচণ্ডালী দোষ খ. বাহুল্য দোষ গ. বাচ্যজনিত দোষ ঘ. দুর্বোধ্যতা দোষ **উত্তর: খ**

২৪. **'কাব্যগ্রন্থ' শব্দটিতে কোন দোষ ঘটেছে?** [জনপ্রশাসন মন্ত্রনালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৪]
ক. উপমার ভুল প্রয়োগ খ. গুরুচন্ডালী দোষ গ. বাগধারার ভুল প্রয়োগ ঘ. বাহুল্য দোষ **উত্তর: ঘ**

২৫. **'সকল শিক্ষকগণ আমন্ত্রিত' এই বাক্যটি কোন দোষে দুষ্ট? / 'সকল শিক্ষকগণ আজ উপস্থিত' বাক্যটি কোন দোষে দুষ্ট? / 'সকল আলেমগণ আজ উপস্থিত' বাক্যটি কোন দোষে দুষ্ট? / 'দেশের সকল আলেমগণই এখানে উপস্থিত' বাক্যটি কোন দোষে দুষ্ট? / 'সকল প্রার্থীগণ আজ উপস্থিত' এই বাক্যটি কোন দোষে দুষ্ট? / বিদ্যালয়ের সকল ছেলেরা মাঠে ফুটবল খেলছে' বাক্যটিতে কোন ত্রুটি রয়েছে?** [বিআরইবি'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ২৩]
ক. গুরুচণ্ডালী দোষ খ. বাহুল্য দোষ গ. দুর্বোধ্যতা দোষ ঘ. বিদেশি শব্দ দোষ **উত্তর: খ**

২৬. **কোনটির প্রয়োগ বাহুল্য দোষে দুষ্ট নয়?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ কর্মকর্তা: ০৩]
ক. ইদানীংকালে খ. কর্তৃপক্ষগণ গ. ভাষাভাষী ঘ. জন্মবার্ষিক **উত্তর: ঘ**

২৭. **'আমার হৃদয় মন্দিরে আশার বীজ উপ্ত হলো' বাক্যটিতে কোন দোষ আছে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. বাগধারার দোষ খ. গুরুচণ্ডালী দোষ গ. উপমার ভুল প্রয়োগ ঘ. বাহুল্য দোষ **উত্তর: গ**

২৮. **'সমুদ্রের হাওয়া গায়ে মেখে হৃদয় যমুনায় ঝড় তুলল' বাক্যটির যোগ্যতা হারানোর কারণ কী?** [সামরিক ভূমি অধিদপ্তরের সহকারী শিক্ষক: ০৫]
ক. দুর্বোধ্যতা খ. গুরুচণ্ডালী দোষ গ. বাহুল্য দোষ ঘ. অলংকারের ভুল প্রয়োগ **উত্তর: ঘ**

২৯. **'রুশীয় সমাজে এর প্রচলন লক্ষ করা যায়' এ বাক্যে কী ধরনের অপপ্রয়োগ ঘটেছে?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. সন্ধিজাত খ. প্রত্যয়জাত গ. বানানগত ঘ. তথ্যগত **উত্তর: খ**

৩০. **'সে চোখে হলুদ ফুল দেখছে' বাক্যটিতে কোন ধরনের ভুল রয়েছে?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. বাচ্য প্রয়োগ খ. বাহুল্য দোষ গ. শব্দের অপপ্রয়োগ ঘ. প্রবচনের প্রয়োগ **উত্তর: ঘ**

৩১. **নিচের কোন বিশেষণ পদকে পুনরায় বিশেষণ করার কারণে অশুদ্ধির শিকার হয়েছে?** [বিবি: ১৪-১৫]
ক. সচিত্র খ. সলজ্জিত গ. একত্র ঘ. সশঙ্ক **উত্তর: খ**

৩২. **কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত?** [মাউশি অধিদপ্তরের অফিস সহায়ক: ১২]
ক. ঐক্যমত খ. ঐক্যবদ্ধ গ. ঐকতান ঘ. ঔচিত্য **উত্তর: ক**

৩৩. **কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত?** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এষ্টিমেটর: ১৮]
ক. অশ্রুজল খ. কেবল গ. ইদানীং ঘ. দৈন্যতা **উত্তর: ঘ**

৩৪. **নিচের যে শব্দটিকে শাব্দিক অপপ্রয়োগ বলে বিবেচনা করা যায়** - [রূপালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৮]
ক. হোথায় খ. অশ্রুজল গ. অম্বরতল ঘ. অন্ধআবেগ **উত্তর: খ**

ব্যাখ্যা: অশ্রুজল শব্দটি অশুদ্ধ হলেও পূর্বে ব্যাপকভাবে প্রচলিত ছিল। বর্তমানে বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুসারে অশ্রুজল শব্দটি শুদ্ধ, সিদ্ধ ও প্রমিত। তাই পরীক্ষায় অশ্রুজল শব্দটিকে অপশন অনুসারে কখনও শুদ্ধ বা কখনও অশুদ্ধ ধরে নিয়ে উত্তর দেবো।

৩৫. **কোন শব্দটি অপপ্রয়োগের দৃষ্টান্ত?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অডিটর: ১৯]
ক. ইদানীংকালে খ. অঞ্জলি গ. কিংশুক ঘ. প্রদীপ **উত্তর: ক**

৩৬. **নিচের কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত?** [সোনালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৪]
ক. নির্ভরশীল খ. নির্ভরশীলতা গ. নির্ভরতা ঘ. নির্ভরযোগ্য **উত্তর: খ**

৩৭. **কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত?** [মৎস্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ০২]
ক. সমৃদ্ধশালী খ. শৈবালদল গ. বৃক্ষরাজি ঘ. ঊর্মিমালা **উত্তর: ক**

৩৮. **কোনটিতে অপপ্রয়োগ ঘটেছে?** [৩৮তম বিসিএস]
ক. জবাবদিহি, কৃষ্ণ খ. মিথস্ক্রিয়া, সমৃদ্ধিশালী গ. একত্রিত, ভারসাম্যতা ঘ. সখ্য, গৌরবিত **উত্তর: গ**

৩৯. **কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত?** [বিজেএমসি'র কর্মকর্তা: ১৬]
ক. একত্রিত, দৈন্যতা খ. সপরিবার, গীতাঞ্জলি গ. শ্রীমতি, সহযোগিতা ঘ. সার্ধশত, সাক্ষ্য **উত্তর: ক**

৪০. **কোন শব্দটি অপপ্রয়োগের দৃষ্টান্ত?** [জনতা ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৫]
ক. একক, স্বায়ত্তশাসন খ. একত্র, জবাবদিহিতা গ. অধীনস্থ, ফলশ্রুতি ঘ. অধস্তন, নির্ভরশীল **উত্তর: গ**

৪১. **কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. একক, উপর্যুক্ত খ. একত্র, মিথস্ক্রিয়া গ. একাকিত্ব, ধসপ্রাপ্ত ঘ. একত্রিত, সময়কাল **উত্তর: ঘ**

৪২. **কোনটিতে চন্দ্রবিন্দুর ভুল প্রয়োগ ঘটেছে?** [বিএসসি'র সহকারী প্রোগ্রামার: ২০]
ক. কাঁধ খ. সাঁকো গ. আঁকাবাঁকা ঘ. সাতাঁর **উত্তর: ঘ**

৪৩. **কোন শব্দে ব্যবধান অর্থে 'দূর' শব্দের অপপ্রয়োগ ঘটেছে?** [আইসিবি ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. দূরদৃষ্টি খ. দূরালাপনী গ. দূরাশা ঘ. দূরবর্তী **উত্তর: গ**

৪৪. **ভাষার অপপ্রয়োগ আছে যে বাক্যে** - [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৫]
ক. বুঝেছি, তুমি এ কাজ পারবে না খ. এত বিলম্ব কেনো?
গ. তিনি আমার বইটি প্রকাশিত করেছেন ঘ. কোথায় আমরা একত্রিত হবো? **উত্তর: গ, ঘ**

বাচ্য ও উক্তি

০১. **বাক্যের বিভিন্ন ধরনের প্রকাশভঙ্গিকে কী বলে?** [সমবায় অধিদপ্তরের পরিদর্শক: ৯৭]
ক. বাচ্য খ. কারক গ. অনুসর্গ ঘ. উপসর্গ **উত্তর: ক**
ব্যাখ্যা: বাক্যের বিভিন্ন ধরনের প্রকাশভঙ্গিকে বাচ্য বলে। বাচ্য ৩ প্রকার। যথা- কর্তৃবাচ্য, কর্মবাচ্য ও ভাববাচ্য। বাক্যে কর্তার প্রাধান্য রক্ষিত হলে তাকে কর্তৃবাচ্য বলে। বাক্যে কর্মপদ প্রধান রূপে প্রকাশিত হলে তাকে কর্মবাচ্য বলে। বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে প্রকাশিত হলে তাকে ভাববাচ্য বলে।

০২. **বাচ্য প্রধানত কত প্রকার?** [বিএনসিসি'র অফিস সহকারী: ২১]
ক. ৩ খ. ৪ গ. ৫ ঘ. ৬ **উত্তর: ক**

০৩. **কোন বাচ্যে ক্রিয়াপদ সর্বদাই কর্তার অনুসারী হয়?** [এলজিইডি'র অফিস সহায়ক: ১৬]
ক. কর্তৃবাচ্য খ. কর্মবাচ্য গ. ভাববাচ্য ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

০৪. **'আমি যাব না' এটি কোন বাচ্য? / 'রোগী পথ্য সেবন করে' এই বাক্যটি কিসের উদাহরণ?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরর পরিদর্শক: ১৯]
ক. কর্মবাচ্য খ. ভাববাচ্য গ. কর্ম-কর্তৃবাচ্য ঘ. কর্তৃবাচ্য **উত্তর: ঘ**

০৫. **'শিক্ষককে সকলেই সম্মান করে' এটি কোন বাচ্য? / 'সে আসুক' এটি কোন বাচ্য?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৩]
ক. কর্তৃবাচ্য খ. কর্মবাচ্য গ. ভাববাচ্য ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

০৬. **'আমার বই পড়া হয়েছে' বাক্যটির কর্তৃবাচ্য রূপ হচ্ছে** - [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৬]
ক. আমি বই পড়ছি খ. আমরা বই পড়েছি গ. আমি বই পড়তে যাচ্ছি ঘ. আমি বই পড়েছি **উত্তর: ঘ**

০৭. **কর্মবাচ্যে কর্তায় কোন বিভক্তি হয়?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক. ষষ্ঠী খ. প্রথমা গ. দ্বিতীয়া ঘ. তৃতীয়া **উত্তর: ঘ**

০৮. **কর্মবাচ্যের উদাহরণ কোনটি?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০৩]
ক. ওকে খেতে ডেকে আনো খ. তা, আপনার কী করা হয় গ. কেমন শীত শীত করছে ঘ. দূর থেকে পাহাড় নিচু দেখায় **উত্তর: ক**

০৯. **কর্মবাচ্যের উদাহরণ কোনটি?** [৭ম বিজেএস]
ক. তা, আপনার কী করা হয় খ. দুর থেকে পাহাড় নিচু মনে হয় গ. কেমন শীত শীত করছে ঘ. আসামিকে জরিমানা করা হয়েছে **উত্তর: ঘ**

১০. **'নজরুল কর্তৃক অগ্নিবীণা রচিত হয়েছে' বাক্যটি কিসের উদাহরণ? / 'আসামিকে জরিমানা করা হয়েছে' এটি কোন বাচ্যের উদাহরণ?** [সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার: ০৭]
ক. প্রত্যক্ষ উক্তি খ. কর্মবাচ্য গ. কর্তৃবাচ্য ঘ. পরোক্ষ উক্তি **উত্তর: খ**

১১. **'বিদ্বান সকলের দ্বারা সমাদৃত হন' এটি কোন বাচ্যের উদাহরণ? / 'শুকর কর্তৃক ছাগল তাড়িত হলো' এটি কোন বাচ্যের উদাহরণ?** [বেবিচকের এরোড্রাম কর্মকর্তা: ২৩]
ক. কর্তৃবাচ্য খ. কর্মবাচ্য গ. ভাববাচ্য ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

১২. **যে বাচ্যের কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয় তাকে কোন বাচ্য বলে? / কোন বাচ্যে কর্ম থাকে না এবং ক্রিয়ার অর্থেরই প্রাধান্য হয়?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০৮]
ক. কর্ম-কর্তৃবাচ্য খ. কর্মবাচ্য গ. ভাববাচ্য ঘ. কর্তৃবাচ্য **উত্তর: গ**

১৩. **নিচের কোনটি ভাববাচ্যের উদাহরণ?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৯]
ক. আমি আর গেলাম না খ. কুকুর লোকটিকে কামড়ালো গ. আম বোধ হয় পেঁকেছে ঘ. এবার মাছ ধরা যাক **উত্তর: ঘ**

১৪. **নিচের কোনটি ভাববাচ্যের উদাহরণ?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ২৩]
ক. এবার মাছ ধরা যাক খ. তোমার বেড়ানো হলো গ. কোথা থেকে আসা হচ্ছে ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

১৫. **নিচের কোন বাক্যটি ভাববাচ্যের উদাহরণ?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৯]
ক. আমি ভাত খেয়েছি খ. আমার ভাত খাওয়া হয়েছে গ. আমাকে ভাত দেওয়া হয়নি ঘ. তোরা সব ভাতের যোগাড় কর **উত্তর: গ**

১৬. **কোন বাক্যে ভাববাচ্যের কর্তার উদাহরণ দেওয়া হয়েছে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. সে গ্রামে যাবে খ. তাকে গ্রামে যেতে হবে গ. ছুটি হলে ঘণ্টা বাজে ঘ. আমার যাওয়া হবে না **উত্তর: ঘ**

১৭. **নিচের কোন বাক্যটি ভাববাচ্যের উদাহরণ?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৩]
ক. ঝগড়া করা উচিত নয় খ. প্রাণিবিদ্যা পড়েছি গ. চোরটাকে ধরা গেল না ঘ. অনেকেই গুরু খাবার খেতে চায় না **উত্তর: গ**

১৮. **নিচের কোন বাক্যটি ভাববাচ্যের উদাহরণ?** [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. আমি যেতে পারব না খ. এখন কিছুই বলো না গ. আমাকে কাপড় কিনতে হবে ঘ. শেষ পর্যন্ত তাঁর যাওয়া হবে না **উত্তর: ঘ**

১৯. **'কোথায় থাকা হয়' এটি কোন বাচ্যের উদাহরণ? / 'চোরটাকে ধরা গেল না' এটা কোন বাচ্যের উদাহরণ?** [সোনালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. কর্তৃবাচ্য খ. কর্মবাচ্য গ. ভাববাচ্য ঘ. ক্রিয়া বাচ্য **উত্তর: গ**

২০. **'বাবার শরীর খারাপ, শোওয়া হয়নি' কোন বাচ্য? / 'ডিঙি টেনে বের করতে হবে' এটি কোন বাচ্যের উদাহরণ?** [৪১তম বিসিএস]
ক. ভাববাচ্য খ. কর্মবাচ্য গ. কর্তৃবাচ্য ঘ. ক্রিয়া বাচ্য **উত্তর: ক**

২১. **'তোমাকেই ঢাকা যেতে হবে' এটি কোন বাচ্য? / 'তাঁর সনে সেখানে যাওয়া হয়' এটি কোন বাচ্য? / 'সে আসুক' এটি কোন বাচ্য?** [সিজিএ কার্যালয়ের অডিটর: ২২]
ক. কর্তৃবাচ্য খ. কর্মবাচ্য গ. ভাববাচ্য ঘ. কর্ম-কর্তৃবাচ্য **উত্তর: গ**

২২. **'তোমাকে দিয়ে এই সমস্যার সমাধান হবে তা আশা করা যায়নি' এটি কোন বাচ্যের উদাহরণ?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ২১]
ক. কর্তৃবাচ্য খ. কর্মবাচ্য গ. ভাববাচ্য ঘ. কর্ম-কর্তৃবাচ্য **উত্তর: গ**

২৩. **'তুমি বেড়ালে' এ বাক্যের ভাববাচ্যে রূপান্তর** - [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ০৫]
ক. তোমার বেড়ানো হলো খ. তোমা কর্তৃক বেড়ানো হলো গ. তুমি বেড়িয়ে এলে ঘ. তোমার বেড়ানো শেষ **উত্তর: ক**

২৪. **'আকাশে মেঘ করিয়াছে' এটা কোন বাচ্যের উদাহরণ? / 'এ পোশাকটি মানায়নি' বাক্যটি কিসের উদাহরণ?** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৮]
ক. কর্ম-কর্তৃবাচ্য খ. কর্তৃবাচ্য গ. ভাববাচ্য ঘ. কর্মবাচ্য **উত্তর: ক**

২৫. **'কাজটা ভালো দেখায় না' এটি কোন বাচ্যের উদাহরণ? / 'চাঁদ দেখা যাচ্ছে' এই বাক্যে কোন বাচ্যের প্রয়োগ ঘটেছে?** [বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ২০]
ক. কর্ম-কর্তৃবাচ্য খ. কর্তৃবাচ্য গ. ভাববাচ্য ঘ. কর্মবাচ্য **উত্তর: ক**

২৬. **'পচা বাঁশ সহজে ভাঙে' এটি কোন বাচ্যের উদাহরণ? / 'ফুল ফোটে' এই বাক্যটি কিসের উদাহরণ? / 'বাঁশি বাজে ওই দুরে' কোন বাচ্যের উদাহরণ? / 'বাঁশী বাজে ঐ মধুর লগনে' এটি কোন বাচ্য?** [ডাক অধিদপ্তরের পোস্টাল অপারেটর: ২৩]
ক. ভাববাচ্য খ. কর্তৃবাচ্য গ. কর্ম-কর্তৃবাচ্য ঘ. কর্মবাচ্য **উত্তর: গ**

২৭. **'সুতি কাপড় অনেক দিন টেকে' এটি কোন বাচ্য? / 'শাঁখ বাজিতেছে' এটি কোন বাচ্য?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২১]
ক. কর্ম-কর্তৃবাচ্য খ. কর্মবাচ্য গ. কর্তৃবাচ্য ঘ. ভাববাচ্য **উত্তর: ক**

২৮. **'তিনি বললেন, দয়া করে ভিতরে আসুন' এটা কিসের উদাহরণ?** [ফায়ার সার্ভিসের ফায়ার ফাইটার: ২৩]
ক. প্রত্যক্ষ উক্তির খ. কর্মবাচ্যের গ. কর্তৃবাচ্যের ঘ. পরোক্ষ উক্তির **উত্তর: ক**
ব্যাখ্যা: কোন বক্তা বা কথকের বাককর্ম বা কথাকেই উক্তি বলে। উক্তি ২ প্রকার। যথা- প্রত্যক্ষ ও পরোক্ষ উক্তি। যে বাক্যে বক্তার কথা অবিকল উদ্ধৃত হয় তাকে প্রত্যক্ষ উক্তি বলে। যে বাক্যে বক্তার কথা অন্যের জবানীতে পরিবর্তিত হয়ে প্রকাশিত হয় তাকে পরোক্ষ উক্তি বলে।

২৯. **প্রত্যক্ষ উক্তির 'আগামীকাল' পরোক্ষ উক্তির কী?** [দুদকের উপ-সহকারী পরিচালক: ২০]
ক. আগেরদিন খ. পরদিন গ. পূর্বদিন ঘ. সেদিন **উত্তর: খ**

৩০. **পরোক্ষ উক্তি কী?** [এলজিইডি'র সহকারী প্রকৌশলী: ০৫]
ক. এখন খ. আজগে গ. এস ঘ. তখন **উত্তর: ঘ**

৩১. **অর্থের সঙ্গতি রাখার উক্তি পরিবর্তনের সময়ে কোন পদের পরিবর্তন প্রয়োজন হয়? / অর্থসঙ্গতি রক্ষার জন্য পরোক্ষ উক্তিতে কীসের পরিবর্তন করতে হয়?** [বাণিজ্য মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]
ক. অনুসর্গ খ. বিশেষ্য গ. সর্বনাম ও ক্রিয়া ঘ. বিশেষণ **উত্তর: গ**

৩২. কোন ক্ষেত্রে পরোক্ষ উক্তির ক্রিয়ার কাল অপরিবর্তিত থাকে? [উপজেলা / থানা শিক্ষা অফিসার: ০৪]
ক. চিরন্তন সত্য খ. অনুজ্ঞা ভাব গ. আবেগ প্রকাশ ঘ. প্রশ্ন জিজ্ঞাসা **উত্তর: ক**

৩৩. 'তিনি বললেন যে, বইটা তাঁর দরকার' বাক্যটি কিসের উদাহরণ? [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১২]
ক. প্রত্যক্ষ উক্তির খ. কর্মবাচ্যের গ. কর্তৃবাচ্যের ঘ. পরোক্ষ উক্তির **উত্তর: ঘ**

৩৪. 'রাহাত বলল, আমি বইটা কিনেছি' পরোক্ষ উক্তিতে বাক্যটি কী হবে? [বাংলাদেশ বেতারের সহকারী সম্পাদক: ১৯]
ক. রাহাত বলল, সে বইটা কিনেছে খ. রাহাত বলল, আমি বইটা কিনেছি
গ. রাহাত বল যে সে বইটা কিনেছে ঘ. রাহাত বলল যে আমি বইটা কিনেছি **উত্তর: গ**

৩৫. 'সে বলল, আমি ভালো আছি' পরোক্ষ উক্তিতে বাক্যটি কী হবে? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]
ক. সে বলল, সে ভালো আছে খ. সে বলল, আমি ভালো আছি গ. সে বলল যে সে ভালো আছে ঘ. সে তাঁর ভালো থাকার কথা বলল **উত্তর: ঘ**

৩৬. 'বাবা ছেলের দীর্ঘায়ু কামনা করলেন' এই পরোক্ষ উক্তির প্রত্যক্ষরূপ হবে - [৪১তম বিসিএস]
ক. বাবা ছেলেকে বললেন, তুমি দীর্ঘজীবী হও খ. বাবা ছেলেকে বললেন যে, তোমার দীর্ঘায়ু হোক
গ. বাবা ছেলেকে বললেন, বাবা তুমি দীর্ঘজীবী হও ঘ. বাবা ছেলেকে বললেন যে, আমি তোমার দীর্ঘায়ু কামনা করি **উত্তর: ক**

৩৭. 'লোকটি আমাকে সামনের আসনে বসতে অনুরোধ করলেন' বাক্যটির প্রত্যক্ষ উক্তি হলো - [বিএসসি'র সিনিয়র অফিসার: ২৩]
ক. লোকটি আমাকে বললেন, 'আগে আসুন সামনে বসুন' খ. লোকটি আমাকে বললেন, 'অনুগ্রহ করে আপনি সামনের আসনে বসুন'
গ. লোকটি আমাকে বললেন, 'আপনি সামনের আসনে বসুন' ঘ. লোকটি আমাকে বললেন, 'আপনি আগে সামনের আসনে বসুন' **উত্তর: খ**

বিরাম চিহ্ন

০১. লেখার সময় বিশ্রামের জন্য আমরা যে চিহ্নগুলো ব্যবহার করে থাকি, সেগুলোকে কী বলে? [৬ষ্ঠ প্রভাষক নিবন্ধন]
ক. বিশ্রাম চিহ্ন খ. বিরাম চিহ্ন গ. বিভাজন চিহ্ন ঘ. সাংস্কৃতিক চিহ্ন **উত্তর: খ**

০২. বিরাম চিহ্নের অপর নাম কী? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ছেদ চিহ্ন খ. স্থির চিহ্ন গ. বিশ্রাম চিহ্ন ঘ. বিভাজন চিহ্ন **উত্তর: ক**

০৩. বিরাম চিহ্ন কেন ব্যবহৃত হয়? [জনতা ব্যাংকের অফিসার: ২৩]
ক. বাক্য সংকোচনের জন্য খ. বাক্যের অর্থ স্পষ্টকরণের জন্য গ. বাক্যের সৌন্দর্যের জন্য ঘ. বাক্যকে অলংকৃত করার জন্য **উত্তর: খ**

০৪. বিরাম চিহ্ন ব্যবহৃত হয় না - [৭ম প্রভাষক নিবন্ধন]
ক. বক্তার মেজাজ স্পষ্ট করতে খ. শ্বাস বিরতির জায়গা দেখাতে গ. বাক্যকে অলংকৃত করতে ঘ. বাক্যের অর্থ সহজভাবে বুঝাতে **উত্তর: ক**

০৫. বাংলা ভাষায় যতি চিহ্নের প্রচলন করেন - / চলিত বাংলা গদ্যে যতিচিহ্নের প্রবর্তন করেন কে? / ১৮৪৭ সালে বাংলা গদ্যে প্রথম বিরাম চিহ্ন ব্যবহার করেন কে? / বাংলা গদ্যে বিরাম চিহ্ন ব্যবহারের কৃতিত্ব কার? / কোন লেখক প্রথম গদ্যে যতি চিহ্নের যথাযথ ব্যবহার করেন? [বিআইডব্লিউটিএ'র সহকারী কোষাধ্যক্ষ: ২৩]
ক. প্রমথ চৌধুরী খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. মাইকেল মধুসূদন দত্ত **উত্তর: খ**

০৬. কোন গ্রন্থে প্রথম যতি চিহ্নের সার্থক প্রয়োগ হয়? [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১]
ক. কপালকুন্ডলা খ. বেতাল পঞ্চবিংশতি গ. মরুশিখা ঘ. মেঘনাদবধ **উত্তর: খ**

০৭. বাংলা ভাষায় যতি বা ছেদ চিহ্ন মোট কয়টি? / নতুন বাংলা ব্যাকরণ বোর্ড বই অনুযায়ী যতিচিহ্ন কতটি? [৪১তম বিসিএস]
ক. ৯ টি খ. ১০ টি গ. ১১ টি ঘ. ১৪ টি (পুরাতন ব্যাকরণ: ১২ টি) **উত্তর: ঘ**

০৮. বাংলা একাডেমির প্রমিত বাংলা ব্যাকরণ বই অনুযায়ী যতিচিহ্ন কয়টি? [জনতা ব্যাংকের অফিসার: ১৯]
ক. ৯ টি খ. ১০ টি গ. ১১ টি ঘ. ১৬ টি **উত্তর: ঘ**

০৯. কোনটি বিরাম চিহ্ন নয়? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. - খ. ঃ গ. ; ঘ. " " **উত্তর: খ**

১০. বাংলা ভাষার নিজস্ব বিরাম চিহ্ন কোনটি? [ঢাবি: ১৪-১৫]
ক. হাইফেন খ. প্রশ্নবোধক চিহ্ন গ. দাঁড়ি ঘ. বিস্ময়চিহ্ন **উত্তর: গ**

১১. কতটি বিরাম চিহ্নে থামার প্রয়োজন হয়? [১০ম প্রভাষক নিবন্ধন]
ক. ২ খ. ৭ গ. ৯ ঘ. ১১ **উত্তর: গ**

১২. বাংলা বাক্যের শেষে ব্যবহৃত হয় এমন বিরাম চিহ্নের সংখ্যা - [বাংলাদেশ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ১১]
ক. ৮ টি খ. ৫ টি গ. ৩ টি (দাঁড়ি, প্রশ্ন ও বিস্ময় চিহ্ন) ঘ. ২ টি **উত্তর: গ**

১৩. পূর্ণ বাক্য শেষে ব্যবহৃত চিহ্নকে কী বলে? / কোনটি প্রান্তিক বিরাম চিহ্ন? [মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্টোর কিপার: ২১]
ক. কোলন খ. সেমিকোলন গ. কমা ঘ. দাঁড়ি **উত্তর: ঘ**

১৪. প্রান্তিক বিরাম চিহ্ন কোনটি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. কোলন খ. সেমিকোলন গ. ড্যাশ ঘ. প্রশ্নচিহ্ন **উত্তর: ঘ**

১৫. কোনটি প্রান্তিক বিরাম চিহ্ন নয়? [দুদকের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]
ক. দাঁড়ি খ. প্রশ্ন গ. কোলন ঘ. বিস্ময়চিহ্ন **উত্তর: গ**

১৬. পাদচ্ছেদ কার পরিভাষা? / পাদচ্ছেদ বলা হয় কোন যতি চিহ্নকে? [এলজিইডি'র কমিউনিটি অর্গানাইজার: ২৩]
ক. কমা খ. সেমিকোলন গ. কোলন ঘ. প্যারাগ্রাফ **উত্তর: ক**

১৭. **'কমা' কোথায় বসে?** [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. প্রশ্ন বুঝানোর জন্য খ. কোনো অপূর্ণ বাক্যের পর
গ. সম্বোধন পদের পরে ঘ. এক বাক্যের মাঝে কোনো পদ ব্যাখ্যা করার জন্য **উত্তর: গ**

১৮. **কোনটির জন্য বিরামের প্রয়োজন আছে? / কোন ছেদ চিহ্নে থামার প্রয়োজন আছে?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. কমা খ. বিস্ময় গ. ইলেক ঘ. উদ্ধরণ **উত্তর: ক**

১৯. **বাক্যে সম্বোধন পদ থাকলে তার পরে যে চিহ্ন বসে - / সম্বোধন পদে কোন যতি চিহ্ন বসে?** [১৭তম শিক্ষক নিবন্ধন]
ক. দাঁড়ি খ. সেমিকোলন গ. কমা ঘ. কোলন **উত্তর: গ**

২০. **সমজাতীয় একাধিক পদ পরপর থাকলে কোন বিরাম চিহ্ন বসে?** [পিকেবি'র অফিসার: ১৭]
ক. কোলন খ. সেমিকোলন গ. কমা ঘ. বিন্দু **উত্তর: গ**

২১. **তারিখ লিখতে কোন যতি চিহ্নের ব্যবহার হয়?** [১০ম শিক্ষক নিবন্ধন]
ক. সেমিকোলন খ. কমা গ. দাঁড়ি ঘ. কোলন **উত্তর: খ**

২২. **খন্ডবাক্যের শেষে উদ্ধরণ চিহ্নের পূর্বে বসাতে হবে** - [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৯]
ক. কমা খ. কোলন গ. কোলন ড্যাস ঘ. হাইফেন **উত্তর: ক**

২৩. **উদ্ধরণ চিহ্নের পূর্বে বা খন্ডবাক্যের শেষে বসাতে হবে - / জটিল বাক্যের অন্তর্গত প্রত্যেক খন্ডবাক্যের পর কোন বিরাম চিহ্ন বসে? / জটিল বাক্যের অন্তর্গত প্রত্যেক খন্ডবাক্যের পর বসে** - [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. কমা খ. কোলন গ. কোলন ড্যাস ঘ. হাইফেন **উত্তর: ক**

২৪. **বাড়ি বা রাস্তার নামের পরে কোন যতি চিহ্ন বসে?** [১১তম শিক্ষক নিবন্ধন]
ক. দাঁড়ি খ. কোলন গ. কমা ঘ. ড্যাস **উত্তর: গ**

২৫. **নিচের কোনটিতে বিরাম চিহ্ন যথাযথভাবে ব্যবহৃত হয়নি?** [২৩তম বিসিএস]
ক. ডিসেম্বর ১৬, ১৯৭১ খ. ঢাকা, ২১ ফেব্রুয়ারি ১৯৫২ গ. ২৬ মার্চ, ১৯৭১ ঘ. পয়লা বৈশাখ, চৌদ্দশত সাত **উত্তর: খ**

২৬. **সেমিকোলন বা অর্ধচ্ছেদ কোনটি?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৮]
ক. ; খ. ঃ- গ. : ঘ. । **উত্তর: ক**

২৭. **সেমিকোলন এর বাংলা কী?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]
ক. পূর্নচ্ছেদ খ. আংশিক ছেদ গ. অর্ধচ্ছেদ ঘ. ন্যূনতম বিরাম **উত্তর: গ**

২৮. **বাক্যে কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কী বসে? / যেখানে কমা অপেক্ষা অধিক বিরাম আবশ্যক সেখানে কোন চিহ্ন ব্যবহার হয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]
ক. কোলন খ. ড্যাশ গ. সেমিকোলন ঘ. দাঁড়ি **উত্তর: গ**

২৯. **বাক্যে সেমিকোলন থাকলে কতক্ষণ থামতে হয়?** [১১তম প্রভাষক নিবন্ধন]
ক. ১ বলতে যে সময় খ. এক সেকেন্ড গ. ১ বলার দ্বিগুণ সময় ঘ. থামার প্রয়োজন নেই **উত্তর: গ**

৩০. **একাধিক স্বাধীন বাক্যকে একটি বাক্যে লিখতে সেগুলোর মাঝখানে কোন চিহ্ন বসে?** [৭ম প্রভাষক নিবন্ধন]
ক. হাইফেন খ. সেমিকোলন গ. ড্যাশ ঘ. কমা **উত্তর: খ**

৩১. **দুইটি বাক্যের মধ্যে অর্থের বা ভাবের সম্বন্ধ থাকলে কোন বিরাম চিহ্ন বসে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২৪]
ক. সেমিকোলন খ. হাইফেন গ. কোলন ঘ. কমা **উত্তর: ক**

৩২. **কোন যতি চিহ্ন বাক্যের মধ্যকার বিরতিকাল নির্দেশ করে?** [৯ম বিজেএস]
ক. হাইফেন খ. লোপ গ. সেমিকোলন ঘ. বন্ধনী **উত্তর: গ**

৩৩. **বাক্যের পরিসমাপ্তি বুঝাতে কোন চিহ্ন ব্যবহৃত হয়? / পূর্ণ বাক্যের শেষে কোন চিহ্ন ব্যবহৃত হয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. কোলন খ. দাঁড়ি / পূর্ণচ্ছেদ গ. হাইফেন ঘ. সেমিকোলন **উত্তর: খ**

৩৪. **বাক্যে দাঁড়ি থাকলে কতক্ষণ থামতে হয়** - [বেবিচকের সহকারী প্রকৌশলী: ২৩]
ক. দুই সেকেন্ড খ. এক বলতে যে সময় লাগে গ. এক বলার দ্বিগুণ সময় ঘ. এক সেকেন্ড বিরতির প্রয়োজন **উত্তর: ঘ**

৩৫. **চারটি বিরাম চিহ্নের মধ্যে পূর্ণচ্ছেদ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. ড্যাশ খ. হাইফেন গ. সেমিকোলন ঘ. দাঁড়ি **উত্তর: ঘ**

৩৬. **হৃদয়াবেগ প্রকাশ করতে হলে কোন চিহ্ন বসে?** [বেবিচকের সহকারী প্রকৌশলী: ২৩]
ক. বিস্ময় খ. দাঁড়ি গ. কমা ঘ. হাইফেন **উত্তর: ক**

৩৭. **বাক্যে বিস্ময়সূচক চিহ্ন থাকলে কতক্ষণ থামতে হয়?** [১৩তম প্রভাষক নিবন্ধন]
ক. দুই সেকেন্ড খ. এক সেকেন্ড গ. তিন সেকেন্ড ঘ. চার সেকেন্ড **উত্তর: খ**

৩৮. **'কী বললে, আমি পাগল --- শূন্যস্থানে কী বসবে?** [প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৪]
ক. ড্যাশ খ. বিস্ময় বিহ্ন গ. দাঁড়ি ঘ. প্রশ্নবোধক চিহ্ন **উত্তর: খ**

৩৯. **'হায় এ আমার কী হলো' বাক্যটিতে পর্যায়ক্রমে বিরাম চিহ্ন বসবে** - [বিএসসি'র সহকারী প্রোগ্রামার: ২০]
ক. বিস্ময়সূচক, প্রশ্নবোধক খ. কমা, বিস্ময়সূচক গ. বিস্ময়সূচক, দাঁড়ি ঘ. বিস্ময়সূচক, বিস্ময়সূচক **উত্তর: গ**

৪০. **কোনটি কোলন?** [৩৩তম বিসিএস]
ক. ; খ. ঃ গ. : ঘ. = **উত্তর: গ**

৪১. **একটি অপূর্ণ বাক্যের পর অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোন বিরাম চিহ্ন ব্যবহৃত হয়?** [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২৩]
ক. ড্যাশ খ. হাইফেন গ. কোলন ঘ. উদ্ধরণ চিহ্ন **উত্তর: গ**

৪২. **মহাবিশ্বের মূল কথা হলো (...) বহুর মধ্যে এক। বাক্যের বন্ধনী স্থানে কোন চিহ্ন বসবে?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২৩]
ক. ড্যাশ খ. হাইফেন গ. কোলন ঘ. উদ্ধরণ চিহ্ন **উত্তর: গ**

৪৩. **একাধিক বাক্যকে একটি বাক্যে স্থান দিলে সেগুলোর মধ্যে যে বিরাম চিহ্ন ব্যবহার করা হয় তাকে বলে** - [পূবালী ব্যাংকের অফিসার: ১৭]
ক. ড্যাশ খ. হাইফেন গ. কোলন ঘ. কোলন ড্যাশ **উত্তর: ক**

৪৪. **শব্দ গঠনে কোন লেখন চিহ্নের ব্যবহার হয়?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. দাঁড়ি খ. ড্যাশ গ. হাইফেন ঘ. কমা **উত্তর: খ**

৪৫. **কোনো কথার দৃষ্টান্ত বা বিস্তার বুঝাতে বসে কোন বিরাম চিহ্ন?** [বিডিবিএল'র সিনিয়র অফিসার: ১১]
ক. হাইফেন খ. ড্যাশ গ. সেমিকোলন ঘ. কমা **উত্তর: খ**

৪৬. **শূন্যস্থান পূরণের প্রশ্নে লুপ্ত জায়গায় বসে - / দুইটি বাক্যকে এক বাক্যের পরিণত করার কাজ করে কোনটি?** [জনতা ব্যাংকের অফিসার: ২৩]
ক. হাইফেন খ. ড্যাশ গ. সেমিকোলন ঘ. কমা **উত্তর: খ**

৪৭. **যৌগিক ও মিশ্রবাক্যে পৃথক ভাবাপন্ন দুই বা ততোধিক বাক্যের সমন্বয় বা সংযোগ বোঝাতে কোন বিরাম চিহ্ন ব্যবহৃত হয়?** [৯ম শিক্ষক নিবন্ধন]
ক. ড্যাশ খ. কোলন গ. সেমিকোলন ঘ. হাইফেন **উত্তর: ক**

৪৮. **বাক্যের কোনো উক্তি অসমাপ্ত রাখার ইঙ্গিতে কিংবা বাক্যের একটি অংশের কোনো বক্তব্য ব্যাখ্যা করে বুঝাতে যে বিরাম চিহ্ন ব্যবহার করা হয়, তা হলো** - [৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন]
ক. ড্যাশ খ. কোলন গ. সেমিকোলন ঘ. হাইফেন **উত্তর: ক**

৪৯. **ড্যাশ চিহ্ন ব্যবহৃত হয় না** - [বিকেবি'র অফিসার: ১৭]
ক. অসম্পূর্ণ বাক্যের শেষে খ. সম্বোধন বুঝাতে গ. নাটকের সংলাপের আগে ঘ. কথার বিস্তারে **উত্তর: খ**

৫০. **কোলন ড্যাশ কোনটি?** [বাংলাদেশ রেলওয়ের গেইটকিপার: ১৭]
ক. ; (কমার উপর বিন্দু) খ. । (পূর্ণ বিরতি নির্দেশক) গ. : (বিসর্গের মতো) ঘ. t - (বিসর্গের ডান পার্শে লম্বা রেখা) **উত্তর: ঘ**

৫১. **উদাহরণ প্রয়োগের ক্ষেত্রে সাধারণত কোন বিরাম চিহ্ন ব্যবহৃত হয়?** [১৫তম প্রভাষক নিবন্ধন]
ক. কোলন ড্যাশ খ. ড্যাস গ. কোলন ঘ. সেমিকোলন **উত্তর: ক**

৫২. **দুইটি পদের সংযোগস্থলে কী বসে? / নিচের কোন বিরাম চিহ্নকে পদ সংযোগ চিহ্ন বলে? / কোনটির বাংলা নাম সংযোগ চিহ্ন?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]
ক. ড্যাশ খ. হাইফেন গ. কোলন ঘ. কোলন ড্যাশ **উত্তর: খ**

৫৩. **সমাসবদ্ধ পদগুলো বিচ্ছিন্ন করে দেখানোর জন্য কোন চিহ্ন বসে? / সমাসবদ্ধ পদ তৈরিতে ব্যবহৃত যতিচিহ্ন** - [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. ড্যাশ খ. হাইফেন গ. কোলন ঘ. সেমিকোলন **উত্তর: খ**

৫৪. **কোন বিরাম চিহ্নে বিরাম নিতে হয় না? / বাক্যে কোন যতি চিহ্নের প্রয়োগে থামার প্রয়োজন নেই?** [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. হাইফেন খ. ড্যাশ গ. সেমিকোলন ঘ. কোলন **উত্তর: ক**

৫৫. **কোনটি বিরাম চিহ্ন নয়? / কোনটিতে থামতে হয় না? / কোনটির জন্য বিরামের প্রয়োজন হয় না? / কোন বিরাম চিহ্নের বিরতিকাল নেই?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. কমা (,) খ. সেমিকোলন (;) গ. ড্যাশ (_) ঘ. হাইফেন (-) **উত্তর: ঘ**

৫৬. **বর্জনস্থানে শব্দের উপরে লেখা কমা কে বলা হয় - / বিলুপ্ত বর্ণের জন্য কোন বিরাম চিহ্ন ব্যবহৃত হয়? / বর্ণের লোপ বুঝাতে কোন বিরাম চিহ্ন বসে?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৫]
ক. মিলেক খ. চিলেক গ. তিলেক ঘ. ইলেক **উত্তর: ঘ**

৫৭. **ইলেক বা লোপ চিহ্নের ক্ষেত্রে বিরতিকালের পরিমাণ কোনটি হবে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. এক বলার দ্বিগুণ সময় খ. থামার প্রয়োজন নেই গ. এক সেকেন্ড ঘ. এক উচ্চারণে যে সময় লাগে **উত্তর: খ**

৫৮. **ইলেক বা লোপ চিহ্ন দিতে হয়** - [৮ম শিক্ষক নিবন্ধন]
ক. বিলুপ্ত বর্ণের জন্য খ. প্রত্যক্ষ উক্তির জন্য গ. উদ্ধরণ চিহ্নের পূর্বে ঘ. সমাসবদ্ধ পদের জন্য **উত্তর: ক**

৫৯. **'উদ্ধৃতি চিহ্ন' কত প্রকার?** [৮ম শিক্ষক নিবন্ধন]
ক দুই প্রকার খ. তিন প্রকার গ. চার প্রকার ঘ. পাঁচ প্রকার **উত্তর: ক**

৬০. **'উদ্ধৃতি চিহ্ন' কোথায় বসে?** [১১তম প্রভাষক নিবন্ধন]
ক. বাক্যের শেষে খ. শ্লেষাত্মক বাক্যের মাঝে গ. সংলাপে ঘ. প্রশ্নবোধক বাক্যে **উত্তর: গ**

৬১. **বক্তার প্রত্যক্ষ উক্তিকে অন্তর্ভুক্ত করার জন্য কোন বিরাম চিহ্ন বসে? / প্রত্যক্ষ উক্তির জন্য ব্যবহৃত** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. কোলন খ. উদ্ধরণ চিহ্ন গ. হাইফেন ঘ. সেমিকোলন **উত্তর: খ**

৬২. **ব্যাখ্যাযোগ্য পদে কোন ধরনের উদ্ধৃতি চিহ্ন ব্যবহার হয়ে থাকে?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]
জ. একক উদ্ধৃতিচিহ্ন খ. দ্বৈত উদ্ধৃতিচিহ্ন গ. ক ও খ উভয়ই ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

৬৩. **প্রথম বন্ধনী সাহিত্যে কী অর্থে ব্যবহৃত হয়?** [১৭তম শিক্ষক নিবন্ধন]
ক. বর্ণনামূলক অর্থে খ. প্রশ্নবোধক অর্থে গ. বিরতি অর্থে ঘ. ব্যাখ্যামূলক অর্থে **উত্তর: ঘ**

৬৪. **বাক্যের মধ্যে প্রথম বন্ধনী চিহ্ন ব্যবহৃত হয়** - [বিডিবিএল'র সিনিয়র অফিসার: ১৭]
ক. বাক্য অসমাপ্ত থাকলে খ. অতিরিক্ত বক্তব্য থাকলে গ. সমাসবদ্ধ শব্দে ঘ. সমার্থক দুইটি শব্দের মধ্যে **উত্তর: খ**

৬৫. **বাক্যে কোন বিরাম চিহ্নের ব্যবহারে থামার প্রয়োজন নেই?** [এনএসআই'র জুনিয়র ফিল্ড অফিসার: ১৯]
ক. কোলন খ. ড্যাস গ. অর্ধচ্ছেদ ঘ. বন্ধনী / ব্রাকেট **উত্তর: ঘ**

৬৬. **শব্দের সংক্ষিপ্ত ব্যবহারের ক্ষেত্রে কোন বিরাম চিহ্ন বসে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. সেমিকোলন খ. বিন্দু গ. কমা ঘ. কোলন **উত্তর: খ**

৬৭. **পাঠের বর্জনকৃত অংশ নির্দেশ করতে ব্যবহৃত হয়** - [বিএসসি'র সিনিয়র অফিসার: ২১]
ক. ' চিহ্ন খ. () চিহ্ন গ. ... চিহ্ন ঘ. "" চিহ্ন **উত্তর: গ**

৬৮. **'অর্থাৎ যা কখনো ঘটে না তাই ঘটলো সেদিন আগুনে দগ্ধ হলো জল' বাকটিতে বিরাম চিহ্ন বসবে** - [রূপালী ব্যাংকের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার: ২১]
ক. তিনটি খ. চারটি গ. পাঁচটি ঘ. ছয়টি **উত্তর: ক**

৬৯. **'আমি বললাম তুমি গৃহদাহ পড়িয়াছ কি' বাকটিতে কয়টি বিরাম চিহ্ন বসবে?** [ডিপিই'র জেলা প্রাথমিক শিক্ষা অফিসার; ০৫]
ক. তিনটি খ. চারটি গ. পাঁচটি ঘ. ছয়টি **উত্তর: ক**

ছন্দ ও অলঙ্কার

০১. **বাংলা ভাষায় ছন্দ প্রধানত কত প্রকার?** [৩০তম বিসিএস]
ক. এক খ. দুই গ. চার ঘ. তিন (স্বরবৃত্ত, মাত্রাবৃত্ত ও অক্ষরবৃত্ত) **উত্তর: ঘ**

০২. **যে ছন্দের মূল পর্বের মাত্র সংখ্যা চার, তাকে বলা হয়** - [১৭তম বিসিএস]
ক. স্বরবৃত্ত খ. পয়ার গ. মাত্রাবৃত্ত ঘ. অক্ষরবৃত্ত **উত্তর: ক**

০৩. **যে ছন্দে যুগ্মধ্বনি সবসময় একমাত্রা হিসেবে গণনা করা হয় তাকে কী ধরনের ছন্দ বলে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. স্বরবৃত্ত খ. পয়ার গ. অক্ষরবৃত্ত ঘ. মাত্রাবৃত্ত **উত্তর: ক**

০৪. **লৌকিক ছন্দ / ছড়ার ছন্দ বলা হয় কোন ছন্দকে?** [জনতা ব্যাংকের অফিসার (ক্যাশ): ২০]
ক. অক্ষরবৃত্তকে খ. মাত্রাবৃত্তকে গ. স্বরবৃত্তকে ঘ. গদ্য ছন্দকে **উত্তর: গ**

০৫. **ছড়া কোন ছন্দে রচিত হয়? / ছেলে-ভুলানো ছড়াসমূহ সাধারণত কোন ছন্দে লেখা হয়?** [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. মাত্রাবৃত্ত খ. অক্ষরবৃত্ত গ. স্বরবৃত্ত ঘ. সমিল মুক্তক **উত্তর: গ**

০৬. **শ্বাসাঘাত প্রধান ছন্দ কোনটি?** [পূবালী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. অক্ষরবৃত্ত খ. মাত্রাবৃত্ত গ. স্বরবৃত্ত ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

০৭. **কোন ছন্দে মুক্তাক্ষর একমাত্রা ও বদ্ধাক্ষর একমাত্রা গণনা করা হয়?** [৩৭তম বিসিএস]
ক. মাত্রাবৃত্ত খ. অক্ষরবৃত্ত গ. মুক্তক ঘ. স্বরবৃত্ত **উত্তর: ঘ**

০৮. **'বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদেয় এল বান; শিব ঠাকুরের বিয়ে হলো তিন কন্যে দান' কোন ছন্দে রচিত? / 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদেয় এল বান' এটি কোন ছন্দে রচিত হয়েছে?** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক. স্বরবৃত্ত খ. মাত্রাবৃত্ত গ. অমিত্রাক্ষর ঘ. অক্ষরবৃত্ত **উত্তর: ক**

০৯. **মাত্রাবৃত্ত ছন্দে পূর্ণ পর্ব সাধারণত কয় মাত্রার হয়ে থাকে?** [উত্তরা ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২১]
ক. ৩ খ. ৪ গ. ৬ ঘ. ৮ **উত্তর: গ**

১০. **রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কবিতা কোন ছন্দে রচিত?** [৩০তম বিসিএস]
ক. স্বরবৃত্ত খ. মাত্রাবৃত্ত গ. অমিত্রাক্ষর ঘ. অক্ষরবৃত্ত **উত্তর: খ**

১১. **রবীন্দ্রনাথ ঠাকুরের 'বলাকা' কাব্যে ব্যবহৃত ছন্দের নাম** - [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ২৩]
ক. মুক্তক ছন্দ খ. গদ্য ছন্দ গ. স্বরবৃত্ত ছন্দ ঘ. মন্দাক্রান্তা ছন্দ **উত্তর: ক**

১২. **'পাঞ্জেরী' কবিতা কোন ছন্দে রচিত?** [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুটেন্ট: ১৭]
ক. স্বরবৃত্ত খ. মাত্রাবৃত্ত গ. অমিত্রাক্ষর ঘ. অক্ষরবৃত্ত **উত্তর: খ**

১৩. **'কবর' কবিতা কোন ছন্দে রচিত?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার: ১৭]
ক. স্বরবৃত্ত খ. মাত্রাবৃত্ত গ. অমিত্রাক্ষর ঘ. অক্ষরবৃত্ত **উত্তর: খ**

১৪. **নিচের কোনটি সমপার্বিক ছন্দ?** [এনবিআরের উচ্চমান সহকারী: ১৩]
ক. অক্ষরবৃত্ত খ. মুক্তক গ. মাত্রাবৃত্ত ঘ. পয়ার **উত্তর: ক**

১৫. **'বঙ্গভাষা' কবিতা কোন ছন্দে রচিত?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার: ১৭]
ক. স্বরবৃত্ত খ. মাত্রাবৃত্ত গ. অমিত্রাক্ষর ঘ. অক্ষরবৃত্ত **উত্তর: ঘ**

১৬. **'হে দারিদ্র্য, তুমি মোরে করেছ মহান' এই চরণটি কোন ছন্দে লেখা?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহকারী: ২১]
ক. স্বরবৃত্ত খ. মাত্রাবৃত্ত গ. অমিত্রাক্ষর ঘ. অক্ষরবৃত্ত **উত্তর: ঘ**

১৭. **কোনটি সবচাইতে পুরানো ছন্দ?** [বিআরইবি'র সহকারী সচিব: ২৩]
ক. অক্ষরবৃত্ত খ. স্বরবৃত্ত গ. মাত্রাবৃত্ত ঘ. পয়ার **উত্তর: ঘ**

১৮. **'পয়ার' কোন ছন্দের অন্তর্ভুক্ত?** [বিটিভি'র বিজ্ঞাপন আধিকারিক: ০৬]
ক. স্বরবৃত্ত খ. মাত্রাবৃত্ত গ. অমিত্রাক্ষর ঘ. অক্ষরবৃত্ত (সূত্র: ড. হুমায়ূন মামুদ) **উত্তর: ঘ**

১৯. **মধুসূদন দত্ত কোন ছন্দ প্রথাকে ভেঙ্গে নতুন রকমের ছন্দ গড়লেন?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. পয়ার খ. স্বরবৃত্ত গ. মাত্রাবৃত্ত ঘ. মন্দাক্রান্তা **উত্তর: ক**

২০. **অমিত্রাক্ষর ছন্দের উৎস কোন ছন্দ?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১২]
ক. পয়ার ছন্দ খ. মাত্রাবৃত্ত গ. স্বরবৃত্ত ঘ. মুক্তক ছন্দ **উত্তর: ক**

২১. **অমিত্রাক্ষর ছন্দের বৈশিষ্ট্য হলো** - [২৫তম বিসিএস]
ক. অন্ত্যমিল আছে খ. অন্ত্যমিল নেই গ. চরণের প্রথমে মিল থাকে ঘ. বিশ মাত্রার পর্ব থাকে **উত্তর: খ**

২২. **মাইকেল মধুসূদন দত্ত প্রবর্তিত ছন্দের নাম কী?** [কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ১১]
ক. পয়ার খ. অক্ষরবৃত্ত গ. অমিত্রাক্ষর ঘ. মিত্রাক্ষর **উত্তর: গ**

২৩. **মাইকেল মধুসূদন দত্ত প্রবর্তিত অমিত্রাক্ষর ছন্দ প্রকৃতপক্ষে বাংলা কোন ছন্দের নব-রূপায়ণ?** [৪৫তম বিসিএস]
ক. অক্ষরবৃত্ত খ. মাত্রাবৃত্ত গ. স্বরবৃত্ত ঘ. গৈরিশ **উত্তর: ক**

২৪. **বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে? / বাংলা কাব্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক** - [বিআরইবি'র সহকারী পরিচালক: ২৩]
ক. মোহিতলাল মজুমদার খ. সত্যেন্দ্রনাথ দত্ত গ. জসীমউদ্দীন ঘ. মাইকেল মধুসূদন দত্ত **উত্তর: ঘ**

২৫. **বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দ প্রথম ব্যবহৃত হয়** - [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৩]
ক. পদ্মাবতী নাটকে খ. বীরাঙ্গনা কাব্যে গ. মেঘনাদবধ মহাকাব্যে ঘ. ব্রজাঙ্গনা কাব্যে **উত্তর: ক**

২৬. **অমিত্রাক্ষর ছন্দে রচিত মাইকেল মধুসূদন দত্তের প্রথম কাব্য কোনটি?** [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার: ০৫]
ক. ব্রজাঙ্গনা কাব্য খ. বীরাঙ্গনা কাব্য গ. তিলোত্তোমাসম্ভব কাব্য ঘ. মেঘনাদবধ কাব্য **উত্তর: গ**

২৭. **'মেঘনাদবধ কাব্য' কোন ছন্দে রচিত?** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১০]
ক. স্বরবৃত্ত খ. মাত্রাবৃত্ত গ. অমিত্রাক্ষর ঘ. অক্ষরবৃত্ত **উত্তর: গ**

২৮. **স্বরাক্ষরিক ছন্দের প্রবর্তক কে?** [তথ্য মন্ত্রণালয়ের তথ্য অফিসার: ০৫]
ক. সত্যেন্দ্রনাথ দত্ত খ. মাইকেল মধুসূদন দত্ত গ. জসীমউদ্দীন ঘ. কবি আবদুল কাদির **উত্তর: ক**

২৯. **বাংলা কবিতায় ছন্দ রচনায় এবং ছন্দ উদ্ভাবনে অপ্রতিদ্বন্দ্বী ছিলেন** - [শ্রম অধিদপ্তরের সহকারী শ্রম পরিচালক: ০৩]
ক. সত্যেন্দ্রনাথ দত্ত খ. আব্দুল কাদির গ. ফররুখ আহমদ ঘ. তালিম হোসেন **উত্তর: ক**

৩০. **বাংলা গদ্য ছন্দ প্রচলন করেন কে?** [ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]
ক. মাইকেল মধুসূদন দত্ত খ. রবীন্দ্রনাথ ঠাকুর গ. সৈয়দ মুজতবা আলী ঘ. কাজী নজরুল ইসলাম **উত্তর: খ**

৩১. **পৃথিবীতে সর্বপ্রথম সনেট কে রচনা করেন?** [পরিবেশ অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. মাইকেল খ. পেত্রার্ক গ. হোমার ঘ. ঈশ্বরগুপ্ত **উত্তর: খ**

৩২. **সনেট প্রথম প্রচলিত হয় কোন দেশে?** [মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ১৬]
ক. ফ্রান্স খ. ইতালি গ. ইংল্যান্ড ঘ. গ্রিস **উত্তর: খ**

৩৩. **বাংলা সাহিত্যে প্রথম সনেট রচনার প্রবর্তক কে?** [২৫তম বিসিএস]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. মাইকেল মধুসূদন দত্ত গ. নজরুল ইসলাম ঘ. সত্যেন্দ্রনাথ দত্ত **উত্তর: খ**

৩৪. **সনেট রচনার ক্ষেত্রে মাইকেলের আদর্শ ছিলেন কে? / চতুর্দশপদী কবিতা রচনায় মাইকেল মধুসূদন দত্ত কার দ্বারা প্রভাবিত হোন?** [জাতীয় সংসদ সচিবালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ২৩]
ক. মাইকেল খ. পেত্রার্ক গ. হোমার ঘ. ঈশ্বরগুপ্ত **উত্তর: খ**

৩৫. **সনেট কবিতার প্রবর্তক কে? / সনেট বা চতুর্দশপদী কবিতার জনক কে?** [২৯তম বিসিএস]
ক. দ্বিজেন্দ্রলাল রায় খ. রজনীকান্ত সেন গ. মাইকেল মধুসূদন দত্ত ঘ. অতুলপ্রসাদ সেন **উত্তর: গ**

৩৬. **বাংলা সাহিত্যের প্রথম সনেট রচয়িতা কে / প্রথম বাঙালি সনেটকার** - [নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য কর্মকর্তা: ১৯]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. মাইকেল মধুসূদন দত্ত গ. দীনবন্ধু মিত্র ঘ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় **উত্তর: খ**

৩৭. **মাইকেল মধুসূদন দত্ত রচিত মোট সনেটের সংখ্যা কতটি?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ২৩]
ক. ১০১ খ. ১০২ গ. ১১০ ঘ. ১১৪ **উত্তর: খ**

৩৮. **মাইকেল মধুসূদন দত্তের দেশপ্রেমের প্রবল প্রকাশ ঘটেছে** - [১৩তম বিসিএস]
ক. মহাকাব্যে খ. নাটকে গ. সনেটে ঘ. পত্রকাব্যে **উত্তর: গ**

৩৯. **'কপোতাক্ষ নদ' কবিতাটি কে লিখেছেন?** [বিআরইবি'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় খ. নবীনচন্দ্র সেন গ. মাইকেল মধুসূদন দত্ত ঘ. রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় **উত্তর: গ**

৪০. **মধুসূদন দত্তের 'কপোতাক্ষ নদ' কোন জাতীয় রচনা?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১২]
ক. গদ্য কবিতা খ. গীতিকবিতা গ. সনেট ঘ. পয়ার **উত্তর: গ**

৪১. **'চতুর্দশপদী কবিতাবলী' কার রচনা?** [২১তম বিসিএস]
ক. হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় খ. নবীনচন্দ্র সেন গ. মাইকেল মধুসূদন দত্ত ঘ. রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় **উত্তর: গ**

৪২. **নিচের কোন কবিতাটি চতুর্দশপদী কবিতা?** [স্ট্যান্ডার্ড ব্যাংকের সহকারী অফিসার: ১২]
ক. কবর খ. আযান গ. বঙ্গভাষা ঘ. আসমানী **উত্তর: গ**

৪৩. **'বাংলার মাটি, বাংলার জল' সনেটটি কার রচনা?** [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার: ১৩]
ক. অতুলপ্রসাদ সেন মন খ. দ্বিজেন্দ্রলাল রায় গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. কাজী নজরুল ইসলাম **উত্তর: গ**

৪৪. **সনেটে কয়টি লাইন থাকে? / সনেটে কয়টি চরণ থাকে?** [বাংলাদেশ রেলয়ের ওয়েম্যান: ২৩]
ক. ১০ খ. ১২ গ. ১৪ ঘ. ২১ **উত্তর: গ**

৪৫. **সনেটের কয়টি অংশ?** [২৪তম বিসিএস]
ক. ১ খ. ২ গ. ৩ ঘ. ৪ **উত্তর: খ**

৪৬. **সনেটের প্রথম ভাগে কত লাইন হয়?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. ৮ খ. ১০ গ. ১২ ঘ. ১৪ **উত্তর: ক**

৪৭. **সনেটের প্রথম আট পঙক্তিকে বলা হয় - / সনেটের প্রথম অংশকে কী বলে?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. সপ্তক খ. অষ্টক গ. ষটক ঘ. পঞ্চক **উত্তর: খ**

৪৮. **সনেটের শেষ ছয় পঙক্তিকে কী বলা হয়? / সনেটের শেষ অংশকে কী বলে?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ১৫]
ক. ষঠক খ. ষষ্টক গ. ষটক ঘ. ষষ্ট **উত্তর: গ**

৪৯. **কোন কবিতাটি অষ্টক ও ষটকে বিভক্ত?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৬]
ক. কবর খ. সোনার তরী গ. ধন্যবাদ ঘ. বঙ্গভাষা **উত্তর: ঘ**

৫০. **'বঙ্গভাষা' সনেটে ষটকের মিলবিন্যাস** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কখখকগগ খ. কখকখগগ গ. ককখখগগ ঘ. গঘঘগঙঙ **উত্তর: ঘ**

৫১. **লিমেরিক কী?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]
ক. গ্রন্থের নাম খ. সাহিত্যের রূপক গ. বিশেষ ধরনের পদ্যছন্দ ঘ. আন্দোলনের প্রবণতা **উত্তর: গ**

৫২. **পঙ্ক্তিটিকা কী?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক: ১৩]
ক. সাহিত্যের ধারা খ. সরস রচনা গ. চর্যা গীতিকা ঘ. সংস্কৃত ছন্দ **উত্তর: ঘ**

৫৩. **সাহিত্যে অলঙ্কার প্রধানত কত প্রকার?** [৩১তম বিসিএস]
ক. ৬ খ. ২ গ. ৪ ঘ. ৫ **উত্তর: খ**
ব্যাখ্যা: যে গুণের দ্বারা সাহিত্যে কোনো লেখার প্রকাশক্ষমতা, শ্রুতিমাধুর্য ও অর্থগৌরব বৃদ্ধি পায় তাকে অলংকার বলে। অলংকার দুই প্রকার। যথা- শব্দালঙ্কার ও অর্থালঙ্কার। শব্দের বহিরঙ্গ ধ্বনির আশ্রয়ে যে কাব্য সৌন্দর্যের সৃষ্টি হয় তাকে শব্দালঙ্কার বলে। শব্দালঙ্কার পাঁচ প্রকার। যথা- অনুপ্রাস, যমক, শ্লেষ, বক্রোক্তি ও পুনরুক্তবদাভাস। শব্দের অন্তরঙ্গ অর্থের আশ্রয়ে যে কাব্য সৌন্দর্যের সৃষ্টি হয় তাকে অর্থালঙ্কার বলে। অর্থালঙ্কার ৫ প্রকার। যথা- সাদৃশ্যমূলক (উপমা, লুপ্তোপমা, মালোপমা, স্মরণোপমা, বস্তু-প্রতিবস্তুভাবের উপমা, বিম্ব প্রতিবিম্বভাবের উপমা), ন্যায়মূলক, শৃঙ্খলামূলক, বিরোধমূলক, গঢ়ার্থ প্রতীতিমূলক অলঙ্কার।

৫৪. **নিচের কোনটি সাদৃশ্যমূলক অলঙ্কার? / নিচের কোনটি শব্দালঙ্কার নয়?** [পূবালী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. অনুপ্রাস খ. যমক গ. উপমা ঘ. শ্লেষ **উত্তর: গ**

৫৫. **ছেকানুপ্রাস অলঙ্কারের উদাহরণ কোনটি?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ২২]
ক. ওরে বিহঙ্গ ওরে বিহঙ্গ মোর খ. কেতকী কেশরে কেশপাশ কর গ. আজন্ম সাধন ধন সুন্দরী আমার ঘ. কাননে কুসুম কলি সকলে ফুটিল **উত্তর: ক**

৫৬. **একই বাক্যে ভিন্ন জাতীয় অথচ সাদৃশ্য বা সমান গুণবিশিষ্ট দুইটি বস্তুর মধ্যকার সাদৃশ্য উল্লেখকে বলে** - [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৩]
ক. উৎপ্রেক্ষা খ. উপরূপক গ. উপমা ঘ. আখ্যাণরূপক **উত্তর: গ**

৫৭. **নিন্দাসূচক বিষয়কে ভদ্র ভাষায় আবৃত করাকে কী বলে?** [গণপূর্ত অধিদপ্তরের সহকারী প্রকৌশলী: ৯৯]
ক. ব্যাজস্তুতি খ. অতিশয়োক্তি গ. সুভাষণ ঘ. শ্লেষ **উত্তর: ক**

৫৮. **'কবরী এলো করে আকাশ দেখা মুহূর্ত' শব্দ গুচ্ছটি** - [ন্যাশনাল ব্যাংকের প্রবেশনারী অফিসার: ১৫]
ক. রূপক খ. উপমা গ. চিত্রকল্প ঘ. উৎপ্রেক্ষা **উত্তর: গ**

৫৯. **'ভারত, ভারত খ্যাত আপনার গুণে' উক্ত চরণে কোন অলঙ্কার ব্যবহৃত হয়েছে?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ২৩]
ক. যমক খ. শ্লেষ গ. উপমা ঘ. বক্রোক্তি **উত্তর: ক**

৬০. **'গাছের পাতারা সেই বেদনায় বুনো পথে যেত ঝরে' চরণটি নান্দনিক বিবেচনায় হয়ে উঠেছে** - [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৮]
ক. উপমান খ. রূপক গ. চিত্রকল্প ঘ. রূপকাভাস **উত্তর: গ**

৬১. **'ফুটপাতে ওরা সব এলিয়ে পড়ে রয়েছে। ছড়ানো খড় যেন।' সৈয়দ ওয়ালীউল্লাহর 'নয়নচারা' গল্প থেকে গৃহীত উদ্ধৃতাংশটি কিসের দৃষ্টান্ত?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৮]
ক. উৎপ্রেক্ষা চিত্রকল্প খ. উপমাসঞ্জাত রূপক গ. প্রতীকায়িত ব্যাজস্তুতি ঘ. অনাসক্ত রূপকাভাস **উত্তর: খ**

৬২. **'হৃদয় মাঝে মেঘ উদয় করি নয়নের মাঝে ঝরিল বারি' এখানে কী ধরনের অলঙ্কারের প্রয়োগ হয়েছে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. অসঙ্গতি খ. বিভাবনা গ. বিষম ঘ. বিরোধাভাস **উত্তর: ক**

৬৩. **'দেশের যত নদীর ধারা জল না, ওরা অশ্রুধারা' এই উক্তিটি নিচের কোন পারিভাষিক অলংকার দ্বারা শোভিত?** [৪৪তম বিসিএস]
ক. অপহ্নতি খ. যমক গ.অর্থোন্নতি ঘ. অভিযোজন **উত্তর: ক**

৬৪. **'অঙ্গ জড়ায় তোমার ছায়ায় এসে' এখানে 'ছায়া' বলতে কী বোঝানো হয়েছে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. গাছের ছায়া খ. জন্মভূমির আশ্রয় গ. মায়ের কোল ঘ. জন্মভূমির প্রকৃতি **উত্তর: খ**

৬৫. **'এক যে ছিল রাজা' এখানে 'যে' এর ব্যবহার -** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. অনুজ্ঞাসূচক খ. সম্বোধনসূচক গ. অলঙ্কারসূচক ঘ. সম্বন্ধসূচক **উত্তর: গ**

পত্রলিখন

০১. **'পত্র' শব্দটির আভিধানিক বা ব্যবহারিক অর্থ কী?** [৯ম শিক্ষক নিবন্ধন]
ক. যোগাযোগ খ. বিনিময় গ. চিহ্ন বা স্মারক ঘ. সংযোগ **উত্তর: গ**

০২. **'প্রাপক' অর্থ -** [ইসলামী ব্যাংকের সহকারী অফিসার: ০৮]
ক. যিনি পত্র লেখেন খ. যার উদ্দেশ্যে পত্রটি রচিত গ. পত্রের মঙ্গলাচরণ ঘ. বক্তব্য বিষয় **উত্তর: খ**

০৩. **একটি পত্রের প্রধান অংশ কয়টি?** [৭ম শিক্ষক নিবন্ধন]
ক. দুইটি খ. তিনটি গ. চারটি ঘ. পাঁচটি **উত্তর: ক**

০৪. **ব্যক্তিগত পত্রে কতটি অংশ থাকে?** [১০ম শিক্ষক নিবন্ধন]
ক. চার খ. পাঁচ গ. ছয় ঘ. সাত **উত্তর: গ**

০৫. **কোন অংশকে পত্রের গর্ভাংশ বলা হয়?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৬]
ক. সম্বোধন অংশকে খ. মূল বিষয় অংশকে গ. ঠিকানা অংশকে ঘ. লেখকের স্বাক্ষর অংশকে **উত্তর: খ**

০৬. **একটি পত্রের বাইরের অংশের উপর যেটা থাকে তাকে বলা হয় -** [৮ম শিক্ষক নিবন্ধন]
ক. পত্রগর্ভ খ. শিরোনাম গ. সম্ভাষণ ঘ. মূল বক্তব্য **উত্তর: খ**

০৭. **শিরোনামের প্রধান অংশ কোনটি?** [সেসিপ'র থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা: ১৫]
ক. ডাক টিকেট খ. পোস্টাল কোড গ. প্রেরকের ঠিকানা ঘ. প্রাপকের ঠিকানা **উত্তর: ঘ**

০৮. **কোনটির অভাবে চিঠিপত্র 'ডেড লেটার' বলে চিহ্নিত হয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. পূর্ণ ও স্পষ্ট ঠিকানা খ. প্রয়োজনীয় সিলমোহর গ. উপযুক্ত সম্ভাষণ ঘ. সঠিক দিন তারিখ **উত্তর: ক**

০৯. **কোনটির অভাবে চিঠি লেখার উদ্দেশ্য ব্যর্থ হয়?** [৭ম শিক্ষক নিবন্ধন]
ক. প্রেরকের ঠিকানা খ. প্রাপকের ঠিকানা গ. পত্রগর্ভ ঘ. স্বাক্ষর ও তারিখ **উত্তর: খ**

১০. **চাকরির জন্য যে পত্র লিখতে হয় তার নাম কী?** [৫ম শিক্ষক নিবন্ধন]
ক. ব্যক্তিগতপত্র খ. আবেদনপত্র গ. নিমন্ত্রণপত্র ঘ. অভিযোগ সংক্রান্তপত্র **উত্তর: খ**

১১. **সংবাদপত্রে প্রকাশের জন্য নিখোঁজ সংবাদ কোন ধরনের পত্র?** [৭ম শিক্ষক নিবন্ধন]
ক. বিজ্ঞপ্তি খ. অভিযোগপত্র গ. চুক্তিপত্র ঘ. প্রতিবেদন **উত্তর: ক**

১২. **সংবাদপত্রে একটি আবেদন প্রকাশের জন্য কার বরাবর পাঠাতে হবে?** [৭ম শিক্ষক নিবন্ধন]
ক. মালিকের বরাবর খ. সাংবাদিকের বরাবর গ. প্রকাশকের বরাবর ঘ. সম্পাদকের বরাবর **উত্তর: ঘ**

১৩. **বিষয়ের স্পষ্ট উল্লেখ থাকতে হবে যে পত্রে -** [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. ব্যক্তিগত পত্রে খ. সামাজিক পত্রে গ. মানপত্রে ঘ. বাণিজ্যিক পত্রে **উত্তর: ঘ**

১৪. **'By Air Mail' কথাটি খামের উপর কখন লিখতে হয়?** [ঢাক অধিদপ্তরের অফিস সহায়ক: ২২]
ক. ডাকটিকিট না থাকলে খ. বহুদূরে চিঠি পাঠাতে গ. বন্ধুকে চিঠি পাঠাতে ঘ. বিদেশে চিঠি পাঠাতে **উত্তর: ঘ**

১৫. **প্রবাসী বন্ধুকে লেখা পত্রের ঠিকানা কোন ভাষায় লিখতে হয়?** [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২৩]
ক. বাংলা খ. ইংরেজি গ. দেশের রাষ্ট্রীয় ভাষা ঘ. প্রেরকের নিজ ভাষা **উত্তর: খ**

১৬. **'লেফাফা'য় বা খামে লাগানো হয় -** [বন অধিদপ্তরের বন প্রহরী: ১৫]
ক. কাগজ খ. ডাকটিকিট গ. সাইনবোর্ড ঘ. টাকা **উত্তর: খ**

১৭. **পোস্টাল কোড কী নির্দেশ করে?** [১৭তম শিক্ষক নিবন্ধন]
ক. প্রাপকের এলাকা খ. ডাক বিভাগের নাম গ. পোস্ট অফিসের নাম ঘ. প্রেরকের এলাকা **উত্তর: গ**

১৮. **সুলিখিত পত্র অনেক সময় কিসের মর্যাদা লাভ করে?** [৫ম শিক্ষক নিবন্ধন]
ক. ঐতিহাসিক খ. সাংস্কৃতিক গ. সামাজিক ঘ. সাহিত্যিক **উত্তর: ঘ**

১৯. **মহিলাদের সম্বোধনের ক্ষেত্রে প্রযোজ্য শব্দ -** [২৩তম বিসিএস]
ক. কল্যাণীয়াষু খ. কল্যাণীয়াসু গ. কল্যাণীয়েষু ঘ. কল্যাণীয়েসু **উত্তর: খ**

২০. **স্ত্রী জাতীয় কাউকে সম্বোধন করার সময় কোনটি ব্যবহার করতে হবে?** [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. সুজনেষু খ. সৃজনেসু গ. সুজনীয়াসু ঘ. সুজনিয়াষু **উত্তর: গ**

সারাংশ ও ভাব-সম্প্রসারণ

০১. **সারাংশের মুল উদ্দেশ্য কী?** [৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন]
ক. অন্যভাব ফুটিয়ে তোলা খ. ভাবের অংশ প্রকাশ করা গ. বাইরের ভাব বিশ্লেষণ করা ঘ. অন্তর্নিহিত তাৎপর্য তুলে ধরা **উত্তর: ঘ**

০২. **'সারাংশ লিখন' শিক্ষার উদ্দেশ্য কী?** [৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন]
ক. বক্তব্য বিশ্লেষণ খ. বক্তব্য সংযোজন গ. বক্তব্য সংমিশ্রণ ঘ. বক্তব্য সংক্ষেপণ **উত্তর: ঘ**

০৩. **সারাংশ কোন পুরুষে লিখতে হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২৪]
ক. উত্তম পুরুষ খ. মধ্যম পুরুষ গ. প্রথম পুরুষ ঘ. সবগুলোই **উত্তর: গ**

০৪. **সারাংশ বা সারমর্ম সাধারণত কয়টি অনুচ্ছেদে লিখতে হয়?** [৫ম শিক্ষক নিবন্ধন]
ক. একটি খ. দুইটি গ. তিনটি ঘ. চারটি **উত্তর: ক**

০৫. **সারাংশের জন্য গুরুত্বপূর্ণ দিক কোনটি?** [৯ম শিক্ষক নিবন্ধন]
ক. প্রাঞ্জলতা খ. সৃজনশীলতা গ. মননশীলতা ঘ. ভাষারীতির শুদ্ধতা **উত্তর: ক**

০৬. **সারাংশ লিখনে একাধিক অনুচ্ছেদ থাকা -** [ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]
ক. অপরিহার্য খ. বাঞ্ছনীয় গ. অসম্ভব ঘ. অপ্রয়োজনীয় **উত্তর: ঘ**

০৭. **সারাংশ লিখতে ভাষায় বাহুল্য, উপমা, অলংকার এ সকল -** [পিকেবি'র অফিসার: ২১]
ক. বর্জনীয় খ. প্রাসঙ্গিক গ. গ্রহণীয় ঘ. যৌক্তিক **উত্তর: ক**

০৮. **সারাংশে প্রত্যক্ষ উক্তির ক্ষেত্রে কী করতে হয়?** [৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন]
ক. গ্রহণ করতে হবে খ. বর্জন করতে হবে গ. পরিবর্তন করতে হবে ঘ. অবিকল লিখতে হবে **উত্তর: খ**

০৯. **সারাংশে কোনটির প্রয়োজন নেই?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. অলংকার খ. প্রাঞ্জলতা গ. সরলতা ঘ. সংক্ষেপণ **উত্তর: ক**

১০. **ভাবের সার্থক ও সুসঙ্গত প্রসারণই -** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের জুনিয়র শিক্ষক: ২৩]
ক. গবেষণাপত্র খ. প্রতিবেদন গ. সার-সংক্ষেপ ঘ. ভাব-সম্প্রসারণ **উত্তর: ঘ**

১১. **ইঙ্গিতময়, অর্থপূর্ণ ও ভাবঘন বাক্যকে সম্প্রসারিত করার নাম কী? / ব্যাখ্যার মাধ্যমে ভাবকে সহজ করে তোলার নামই হচ্ছে -** [৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন]
ক. সারাংশ খ. সারমর্ম গ. প্রবন্ধ ঘ. ভাব-সম্প্রসারণ **উত্তর: ঘ**

১২. **ভাব-সম্প্রসারণে ভাবের -** [৯ম শিক্ষক নিবন্ধন]
ক. পরিবর্তন ঘটে খ. অলঙ্করণ ঘটে গ. সম্প্রসারণ ঘটে ঘ. সংকোচন ঘটে **উত্তর: গ**

১৩. **'দুর্নীতি জাতির সকল উন্নতির অন্তরায়' মূলত কোন বিষয়ে আলোচিত হয়?** [৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন]
ক. সারমর্ম খ. প্রবন্ধ গ. ভাব-সম্প্রসারণ ঘ. আবেদনপত্র **উত্তর: গ**

১৪. **কোনটি ভাব সম্প্রসারণের বৈশিষ্ট্য নয়?** [৯ম শিক্ষক নিবন্ধন]
ক. একাধিক অনুচ্ছেদ খ. বাক্যের পুনরাবৃত্তি গ. অভিমত প্রদান ঘ. প্রবাদ-প্রবচনের ব্যবহার **উত্তর: খ**

১৫. **ভাব-সম্প্রসারণের ক্ষেত্রে দোষের বিষয় কোনটি?** [৫ম শিক্ষক নিবন্ধন]
ক. একই কথার পুনরাবৃত্তি খ. প্রাসঙ্গিক আলোচনা গ. যুক্তিতর্কপূর্ণ বিষয় ঘ. বৈজ্ঞানিক ব্যাখ্যা **উত্তর: ক**

১৬. **কোনটি ভাব-সম্প্রসারণে হুবহু ব্যবহৃত হওয়া উচিত নয়?** [৯ম শিক্ষক নিবন্ধন]
ক. তথ্য খ. উপমা গ. অলঙ্কার ঘ. মূল ছত্র **উত্তর: ঘ**

বঙ্গানুবাদ

০১. **অনুবাদের অর্থ কী?** [১০ম শিক্ষক নিবন্ধন]
ক. অনুসরণ গ. ভাবান্তর গ. ভাষান্তরকরণ গ. সমার্থকরণ **উত্তর: গ**

০২. **অনুবাদ কোনটির সহায়ক?** [১১তম শিক্ষক নিবন্ধন]
ক. ভাষার উন্নতি খ. জ্ঞান চর্চার গ. ভাষার শৃঙ্খলার ঘ. কাব্য রচনার **উত্তর: খ**

০৩. **অনুবাদ কত প্রকার?** [১৩তম প্রভাষক নিবন্ধন]
ক. ২ প্রকার খ. ৩ প্রকার গ. ৪ প্রকার ঘ. ৫ প্রকার **উত্তর: ক**

০৪. **অনুবাদের পারদর্শিতা কিসের উপর নির্ভরশীল?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. পড়াশোনার উপর খ. ভাষান্তরের উপর গ. নির্ধারণের উপর ঘ. অভ্যাসের উপর **উত্তর: ঘ**

০৫. **অনুবাদ কোন প্রকারের হবে তা কিসের উপর নির্ভর করে?** [১০ম শিক্ষক নিবন্ধন]
ক. বিষয়ের উপর খ. ভাবের উপর গ. বিন্যাসের উপর ঘ. ভাষার উপর **উত্তর: খ**

০৬. **কোন বিষয়টি অনুবাদের ক্ষেত্রে পরিবর্তন করা যাবে না?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৩]
ক. ক্রিয়ার কাল খ. ভাষার অলংকার গ. বাক্যের দৈর্ঘ্য ঘ. পদক্রম **উত্তর: ক**

০৭. **অনুবাদের সময় যে বিষয়ের প্রতি বিশেষ দৃষ্টি দেওয়া আবশ্যক -** [রূপালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৩]
ক. অনুবাদকের দক্ষতা খ. রচয়িতার উদ্দেশ্য গ. মূলপাঠের শৈলী ঘ. সরল ভাষা **উত্তর: ঘ**

০৮. **'Answer to the point' এর অনুবাদ কী?** [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ১৬]
ক. উত্তর সঠিক কর খ. নির্দিষ্ট উত্তর দাও গ. সঠিক উত্তর দাও ঘ. ঠিক ঠিক উত্তর দাও **উত্তর: ঘ**

০৯. **'A bad workman quarrels with his tools' এর অনুবাদ কী?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. যত গর্জে তত বর্ষে না খ. যেমন কর্ম তেমন ফল গ. আপনি ভালো তো জগৎ ভালো ঘ. নাচতে না জানলে উঠান বাঁকা **উত্তর: ঘ**

১০. **'A bull in a China shop' এর অনুবাদ কী?** [জবি: ০৯-১০]
ক. বন্যেরা বনে সুন্দর খ. চীনা দোকানে ষাঁড় গ. পদ্মবনে মত্তহস্তী ঘ. গোবরে পদ্মফুলে **উত্তর: গ**

১১. **'A bolt from the blue' এর সমার্থক বাংলা প্রবাদ কোনটি?** [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ২০]
ক. যত গর্জে তত বর্ষে না। খ. বিনা মেঘে বজ্রপাত গ. লঘু পাপে গুরু দণ্ড ঘ. ছাই ফেলতে ভাঙ্গা কুলা **উত্তর: খ**

১২. **'A golden key can open any door' প্রবাদটির অর্থ কী?** [রূপালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৮]
ক. টাকায় বাঘের দুধ মেলে খ. পরিশ্রম সাফল্যের চাবিকাঠি গ. টাকা দেবে গৌরী সেন ঘ. বন্ধ দুয়ার খোলে স্বর্গলোকের চাবি **উত্তর: ক**

১৫. **'A beggar must not be a chooser' এই বাক্যের যথার্থ অনুবাদ** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. ভিক্ষার চাল মোটা আর সরু খ. ভিক্ষার চাল সরু গ. ভিক্ষার চাল মোটা ঘ. ভিক্ষার চাল কাঁড়া আর আকাঁড়া **উত্তর: ঘ**

১৬. **'After meat comes the mustered' এর অর্থ** - [ঢাবি: ১৫-১৬]
ক. সুখের পরে দুঃখ আসে খ. কষ্টে কেষ্ট মেলে গ. নুন আনতে পান্তা ফুরায় ঘ. যত গর্জে তত বর্ষে না **উত্তর: গ**

১৭. **'As you sow, so (will) you reap' এর অর্থ** - [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ০৯]
ক. যেমন কর্ম তেমন ফল খ. যেমন চাইবে তেমন হবে গ. সময়ের এক ফোঁড় অসময়ের নয় ফোঁড় ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

১৮. **'A little learning is a dangerous thing' এর বাংলা অনুবাদ কোনটি?** [যবিপ্রবি: ১৬-১৭]
ক. অল্প বিদ্যা ভয়ংকর খ. অল্প বিদ্যা ভয়ংকরী গ. অল্প লেখাপড়া ভীষণ ভয়ংকর ঘ. সামান্য বিদ্যা ভীষণ ভয়াবহ **উত্তর: খ**

১৯. **'A stitch in time saves nine' এর বঙ্গানুবাদ কী?** [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৩]
ক. দশের লাঠি একের বোঝা খ. খাজনার চেয়ে বাজনা বেশি
গ. সময়ের এক ফোঁড় অসময়ের দশ ফোঁড় ঘ. এক সময়ের নয় ফোঁড় অন্য সময়ের দশ ফোঁড় **উত্তর: গ**

২০. **'A beggar can never be bankrupt' প্রবাদটির অর্থ** - [ইবি: ১৪-১৫]
ক. বজ্র আঁটুনি ফসকা গেরো খ. তেলা মাথায় তেল দেয়া
গ. মাথা নেই তার তার মাথা ব্যথা ঘ. ভিক্ষার চাল কাঁড়া আর আকাঁড়া **উত্তর: গ**

২১. **'A cat loves fish but is loath to wet her feet' প্রবাদটির অর্থ** - [জাবি: ১৮-১৯]
ক. ধরি মাছ না ছুঁই পানি খ. পা না ভিজিয়ে মাছ খায় বিড়াল
গ. বিড়াল পানি নয় মাছ পছন্দ করে ঘ. মাছ পছন্দ কিন্তু পা ভেজাতে অরাজি **উত্তর: ক**

২২. **'As you make your bed so you must lie on it' এর অর্থ** - [এনএসআই'র ফিল্ড অফিসার: ২১]
ক. তোমাকে একাকী ঘুমাতে হবে খ. ধর্মের কল বাতাসে নড়ে
গ. তোমাকে তোমার কর্মফল মানতেই হবে ঘ. তোমার নিজের জীবন নিজেকেই গড়তে হবে **উত্তর: গ**

২৩. **'A barking dog seldom bites' এর অর্থ** - [উপজেলা শিক্ষা অফিসার: ০৫]
ক. যত গর্জে তত বর্ষে নানা খ. চিল্কার করলেই কুকুর কামড়ায়
গ. পাগলা কুকুর কখনো কামড়ায় না ঘ. গর্জনকারী কুকুর কখনো কামড়ায় না **উত্তর: ক**

২৪. **'At last, the enemies gave in' এর বাংলা** - [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]
ক. অবশেষে শত্রুরা জয়ী হলো খ. অবশেষে শত্রুরা কিছু দিল
গ. অবশেষে শত্রুরা কিছু দিতে গেল ঘ. অবশেষে শত্রুরা বশ্যতা স্বীকার করলো **উত্তর: ঘ**

২৫. **'Brevity is the soul of wit' পদবন্ধটির যথাযথ বঙ্গানুবাদ কী?** [পল্লী সঞ্চয় ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৮]
ক. অতি অল্প হইল খ. মানিকের খানিক ভালো গ. কথা কম কাজ বেশি ঘ. প্রাণের কথা বুকে বাজে **উত্তর: খ**

২৬. **'Breaking a butterfly on the wheel' এর বাংলা অনুবাদ কোনটি?** [জনতা ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৫]
ক. মশা মারতে কামান দাগা খ. বিনা মেঘে বজ্রপাত গ. ঝোপ বুঝে কোপ ঘ. যত গর্জে তত বর্ষে না **উত্তর: ক**

২৭. **'Blessed be your tongue' এর সঠিক বাংলা অনুবাদ কোনটি?** [জবি: ০৯-১০]
ক. তোমাকে ধন্যবাদ খ. তোমার জিহ্বাকে ধন্যবাদ গ. তোমার মুখে ফুল চন্দন পড়ক ঘ. তোমার উপর শান্তি বর্ষিত হোক **উত্তর: গ**

২৮. **'Bring coals to the Newcastle' এর বাংলা অর্থ** - [ইবি: ০৭-০৮]
ক. তেলা মাথায় তেল দেয়া খ. বিপদে সাহায্য করা গ. খনি থেকে কয়লা উঠানো ঘ. যার নেই তাকে দেয়া **উত্তর: ক**

২৯. **'Blood is thicker than water' এর বাংলা অনুবাদ কোনটি?** [নোবিপ্রবি: ১৬-১৭]
ক. রক্ত পানি করা ভার খ. আপনার জন সতত আপন গ. পর কখনো আপন হয় না ঘ. রক্ত যেন জলের ধারা **উত্তর: খ**

৩০. **'But a mother's love endures through all' এর বাংলা** - [শ্রম পরিদপ্তরের মেডিকেল অফিসার: ০৩]
ক. কিন্তু মায়ের ভালোবাসা সবার জন্য খ. কিন্তু মা সবার স্নেহে বেঁচে থাকে
গ. কিন্তু মায়ের স্নেহ সবার ওপর টিকে থাকে ঘ. কিন্তু সবকিছুর মধ্যে মায়ের স্নেহ টিকে থাকে **উত্তর: ঘ**

৩১. **'Barking dogs seldom bite' এর বাংলা অনুবাদ কোনটি?** [রাবি: ১৮-১৯]
ক. চিকাররত কুকুর কমই কামড়ায় খ. যত গর্জে তত বর্ষে না
গ. গর্জনকারী কুকুর কখনো কামড়ায় না ঘ. চিৎকার করলেই কুকুর কামড়ায় **উত্তর: খ**

৩২. **'Better an empty house than a bad tenant' এই ইংরেজি প্রবাদের কাছাকাছি বাংলা প্রবাদ** - [পবিপ্রবি: ১৬-১৭]
ক. খারাপ ভাড়াটিয়া বিদায় করা উচিত খ. নাই মামার চেয়ে কানা মামা ভালো
গ. দাঁত থাকতে দাঁতের মর্যাদা বুঝা যায় না ঘ. দুষ্ট গরুর চেয়ে শূন্য গায়োল ভালো **উত্তর: ঘ**

৩৩. **'Birds of a feather flock together' এই ইংরেজি প্রবচনের সঙ্গে মিল রয়েছে কোন বাংলা প্রবচনের?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. ঘুঘু দেখেছ, ফাঁদ দেখনি খ. ঝাঁকের কই ঝকে মেশে
গ. পিপীলিকার পাখা ওঠে মরিবার তরে ঘ. ঝড়ে বক মরে ফকিরের কেরামতি বাড়ে **উত্তর: খ**

৩৪. **'Bachelors' wives and maids' children are always well taught' প্রবাদটির অর্থ কী?** [৬ষ্ঠ বিজেএস]
ক. ভিক্ষার চাল কাঁড়া আকাড়া খ. মাথা নেই তার মাথা ব্যথা
গ. বিয়ে করতে কড়ি আর ঘর বাঁধতে দড়ি ঘ. দূরের জিনিস ভালো মনে হয় **উত্তর: খ**

৩৫. **'Cleopatra was a paragon of beauty' এর বাংলা** - [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]
ক. ক্লিওপেট্রা সুন্দরী রমণী ছিলেন খ. ক্লিওপেট্রা সুন্দরী ছিলেন
গ. ক্লিওপেট্রা অপরূপ সুন্দরী ছিলেন ঘ. ক্লিওপেট্রা সুন্দরের সঠিক উপমা ছিলেন **উত্তর: ঘ**

৩৬. **'Can you recall his name?' এর সঠিক বঙ্গানুবাদ** - [ঢাবি: ০৫-০৬]
ক. তুমি কি তার নাম রাখতে পার? খ. তুমি কি তাকে নাম ধরে ডাকতে পার?
গ. তুমি কি তার নাম মনে করতে পার? ঘ. তুমি কি তার নাম আবার ডাকতে পার? **উত্তর: গ**

৩৭. **'Culture is constantly evolving' এর বাংলা অনুবাদ হলো** - [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ০৯]
ক. সংস্কৃতি সর্বদায় বিবর্তিত হচ্ছে খ. সংস্কৃতি সর্বদায় বিকৃত হচ্ছে গ. সংস্কৃতি সর্বদায় বিসর্জিত হচ্ছে ঘ. কোনোটাই নয় **উত্তর: ক**

৩৮. **'Cut your coat according to your cloth' এর বাংলা অনুবাদ কোনটি?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ০৪]
ক. যেমন আয় তেমন ব্যয় খ. যেমন ব্যয় তেমন আয় গ. কাপড় অনুযায়ী কোট কাট ঘ. ব্যয় যেমন কর তেমন আয় কর **উত্তর: ক**

৩৯. **'Diamond cuts diamond' এর বঙ্গানুবাদ কোনটি?** [৭ম শিক্ষক নিবন্ধন]
ক. সঙ্গ দোষে নষ্ট খ. সঙ্গ দেখে লোক চেনা যায় গ. সৎ সঙ্গে স্বর্গবাস ঘ. মানিকে মানিক চেনে **উত্তর: ঘ**

৪০. **'Desperate disease requires desperate remedies' এই ইংরেজি প্রবাদের বাংলা প্রবাদ** - [জাতীয় বিশ্ববিদ্যালয়: ১৪-১৫]
ক. যেমন কর্ম তেমন ফল খ. যে যার সে তার গ. যেমন বাপ তেন বেটা ঘ. যেমন বুনো ওল, তেমনি বাঘা তেঁতুল **উত্তর: ঘ**

৪১. **'Do not cry down your enemy or foe' বাক্যটির সঠিক অনুবাদ কোনটি?** [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ০৯]
ক. শত্রু থেকে দূরে থেকো খ. শত্রুকে খাটো করে দেখো না
গ. শত্রুর সঙ্গে মেলামেশা করো নাম ঘ. শত্রুর মায়া কান্নায় ভুলে যেওনা **উত্তর: খ**

৪২. **'Did he leave the country for good?' বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ** - [জবি: ০৯-১০]
ক. সে কি দেশ ছাড়লো? খ. সে কি অবশেষে দেশ ছাড়লো?
গ. সে কি চিরতরে দেশ ছাড়লো? ঘ. সে কি ভালোর জন্য দেশ ছাড়লো? **উত্তর: গ**

৪৩. **'Every dog has his day' এর সঠিক অর্থ** - [রাকাব'র সুপারভাইজার: ১৫]
ক. সবুরে মেওয়া ফলে খ. লাই দিলে কুকুর মাথায় উঠে গ. যেমন কুকুর তেমন মুগুর ঘ. সৌভাগ্য কারো চিরস্থায়ী নয় **উত্তর: ঘ**

৪৪. **'Example is better than precept' এর সঠিক অনুবাদ কোনটি?** [রাবি: ০৫-০৬]
ক. উপদেশের চেয়ে দৃষ্টান্ত শ্রেয় খ. উদাহরণের চেয়ে বক্তব্য ভালো
গ. উদাহরণের চেয়ে উপদেশ ভালো ঘ. উপদেশ উদাহরণের চেয়ে শ্রেয় **উত্তর: ক**

৪৫. **'Everybody cried up her beauty' বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ** - [ঢাবি: ১৭-১৮]
ক. প্রত্যেকে তার রূপে ছিল মুগ্ধ খ. প্রত্যেকে তার সৌন্দর্যের ভূয়সী প্রশংসা করত
গ. তার রূপ নিয়ে প্রত্যেকে ছিল ঈর্ষান্বিত ঘ. সৌন্দর্যের জন্যই সে প্রত্যেকের নজর কেড়েছিল **উত্তর: খ**

৪৬. **'Everyone wants peace and likes the principles of non-violence' বাক্যটির সর্বোত্তম বঙ্গানুবাদ** - [ঢাবি: ১৭-১৮]
ক. 'সবাই শান্তি ও অহিংসা পছন্দ করে' খ. 'সকলেই শান্তি ও অহিংসার পথ চায়'
গ. 'সকলেই শান্তি চায় এবং অহিংসার নীতি পছন্দ করে' ঘ. 'সকলেই শান্তিকর্মী এবং অহিংসার নীতির সাধক' **উত্তর: গ**

৪৭. **'Fire or Fine words butter no parsnips' এর সমার্থক প্রবচন** - [বিএসসি'র সহকারী প্রোগ্রামার: ২০]
ক. বীরভোগ্যা বসুন্ধরা খ. শুধু কথায় চিড়ে ভিজে না গ. চেনা বামুনের পৈতা লাগে না ঘ. উলু বনে মুক্তা ছড়ানো **উত্তর: খ**

৪৮. **'Familiarity breeds contempt' এর বাংলা অর্থ** - [শাবিপ্রবি: ১০-১১]
ক. বেশি কথা বলা অপমানকর খ. মানীকে গম্ভীর হতে হয় গ. পরিচয়ে শত্রুতা বাড়ে ঘ. অতি মাখামাখি করলে মান থাকে না **উত্তর: ঘ**

৪৯. **'Faults are thick where love is thin' এর বাংলা অর্থ** - [৯ম শিক্ষক নিবন্ধন]
ক. ভালোবেসলে ত্রুটি দেখা যায় না খ. ত্রুটি ও ভালোবাসা অভিন্ন
গ. যাকে দেখতে নারি তার চলন বাঁকা ঘ. ত্রুটি ভালোবাসায় বিলীন হয়ে যায় **উত্তর: গ**

৫০. **'For match-making Sheela is on her own' বাক্যটির সঠিক বাংলা অনুবাদ:** [ঢাবি: ১৪-১৫]
ক. ঘটকালীতে শীলা তার ইচ্ছে মতো খ. ঘটকালীতে শীলার জুড়ি নেই
গ. জুড়ি মেলার শালা তার নিজের ইচ্ছেমতো চলে ঘ. নিজের ঘটকালী শীলা নিজেই করে **উত্তর: খ**

৫১. **'Give someone an inch and they'll take a mile' এর বাংলা অনুবাদ কোনটি?** [রাবি: ১৮-১৯]
ক. বসতে দিলে শুতে চায় খ. কেউ কেউ অল্পতেই তুষ্ট গ. বিন্দু বিন্দু জলেই সিন্ধু হয় ঘ. ইঞ্চি ইঞ্চি মাপেই মাইল হয় **উত্তর: ক**

৫২. **'Greek meets a Greek' এই বাক্যটির ঠিক বাংলা অনুবাদ** - [ইবি: ১৫-১৬]
ক. গ্রামবাসীর দেখা মেলে গ্রীসে খ. চতুরের কাছে চতুরালী
গ. গ্রীক দেশে গ্রীকবাসীর দেখা পায় ঘ. চতুর লোকের সঙ্গে দেখা মেলে গ্রীসে **উত্তর: খ**

৫৩. **'He has put on much weight' এর সঠিক অনুবাদ কোনটি?** [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৭-০৮]
ক. তার ওজন বেশ বেড়েছে খ. সে অনেক ভার বহন করেছে গ. সে অনেক ভার নিয়েছে ঘ. তার ওজন বেশি **উত্তর: ক**

৫৪. **'He killed himself'** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের হিসাবরক্ষক: ১১]
ক. সে আত্মহত্যা করেছিল খ. সে অন্যকে হত্যা করেছিল গ. সে তাকে হত্যা করেছিল ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

৫৫. **'He is a hard nut to crack' এর অনুবাদ কী?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৮]
ক. সে বড় পাগল লোক খ. সে বড় শক্ত লোক গ. সে বড় চতুর লোক ঘ. সে বড় দূর্বল লোক **উত্তর: খ**

৫৬. **'Haves and have nots' এর সঠিক অর্থ হচ্ছে** - [ইবি: ০৭-০৮]
ক. ধনী ও দরিদ্র খ. যার যত আছে সে তত চায় গ. থেকে ও কিছু নেই ঘ. গরীবকে সাহায্য না করা **উত্তর: ক**

৫৭. **'Hit while the iron is hot' এর বাংলা অনুবাদ কোনটি?** [পিকেবি'র সিনিয়র অফিসার: ১৭]
ক. ঝোপ বুঝে কোপ মারা খ. গরম লোহায় আঘাত করা গ. ওজন বুঝে চলা ঘ. মাথা গরম করা **উত্তর: ক**

৫৮. **'He was out in reckoning' বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ** - [ঢাবি: ১৬-১৭]
ক. তার গোনায় ভুল হয়েছিল খ. তার শোনায় ভুল হয়েছিল গ. তার চিনতে ভুল হয়েছিল ঘ. তার মাথা খারাপ হয়েছিল **উত্তর: ক**

৫৯. **'Her eyes loomed large' বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ** - [রাবি: ১৬-১৭]
ক. তার চোখ বড় বড় খ. সে রেগে তাকালো গ. তার চোখ দুটি জ্বলছিল ঘ. সে চোখ বড় বড় করে তাকালো **উত্তর: ঘ**

৬০. **'He has messed up everything' বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ** - [রাবি: ১৬-১৭]
ক. সে সবাইকে মেসে রেখেছে খ. সে সবকিছু গুছিয়ে রেখেছে গ. সে সবকিছু নষ্ট করেছে ঘ. সে সবকিছু গুলিয়ে ফেলেছে **উত্তর: ঘ**

৬১. **'He is growing up' এর বাংলা অনুবাদ হলো** - [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৩]
ক. সে গাছে উঠছে খ. সে উপরে উঠছে গ. সে বড় হচ্ছে ঘ. সে উত্তরোত্তর উন্নতি করছে **উত্তর: গ**

৬২. **'He is out of luck' এর সঠিক অনুবাদ কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. তার কপাল পুড়েছে খ. সে ভাগ্যের বাইরে গ. তার পোড়া কপাল ঘ. তার ভাগ্য দূরে **উত্তর: গ**

৬৩. **'He is growing up' এর বাংলা অনুবাদ হলো** - [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৩]
ক. সে গাছে উঠছে খ. সে উপরে উঠছে গ. সে বড় হচ্ছে ঘ. সে উত্তরোত্তর উন্নতি করছে **উত্তর: গ**

৬৪. **'He has given up smoking' এর বাংলা** - [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]
ক. সে ধুমপান ধরেছে খ. সে ধুমপান ছেড়েছে গ. সে ধুমপান করেছে ঘ. সে ধুমপান করা দেখছে **উত্তর: খ**

৬৫. **'Have patience in danger' এর সঠিক বাংলা অনুবাদ কোনটি?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০৯]
ক. বিপদ একা আসে না খ. বিপদে ধৈর্য ধারণ কর গ. ধীর ভাবে কাজ করলে বিপদ হয় না ঘ. কোনটিই ঠিক নয় **উত্তর: খ**

৬৬. **'He has gone to dogs' এর সঠিক বঙ্গানুবাদ কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. সে কুকুরের কাছে গেছে খ. সে কুকুর খুব ভালোবাসে গ. সে কুকুর নিয়ে গেছে ঘ. সে গোল্লায় গেছে **উত্তর: ঘ**

৬৭. **'He has killed himself' এর বাংলা অনুবাদ হলো** - [৭ম শিক্ষক নিবন্ধন]
ক. সে তোমাকে হত্যা করেছে খ. সে তাকে হত্যা করেছে গ. সে মারা গিয়েছে ঘ. সে আত্মহত্যা করেছে **উত্তর: ঘ**

৬৮. **'He got out a few words' বাক্যটির সঠিক বঙ্গানুবাদ** - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৮]
ক. সে কথা বলল খ. সে কথা শুনে চলে গেল গ. সে রাগ শুনল ঘ. সে অনেক কষ্টে কয়েকটা কথা বলল **উত্তর: ঘ**

৬৯. **'He will make a good player' এর সঠিক বাংলা অনুবাদ কোনটি?** [বিপ্রবি: ১৪-১৫]
ক. সে ভালো খেলবে খ. সে একজন ভালো খেলোয়াড় গ. সে ভালো খেলোয়াড় হবে ঘ. সে ভালো খেলোয়াড় তৈরী করবে **উত্তর: গ**

৭০. **'He is very hard up now' বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ** - [ঢাবি: ১৩-১৪]
ক. তার দিন আর চলছে না খ. তাকে ইদানিং অসহ্য লাগে গ. সে খুব শক্ত মনের মানুষ ঘ. সে খুব কষ্টে দিনাতিপাত করছে **উত্তর: ঘ**

৭১. **'He was taken to task' এর বাংলা অনুবাদ কী?** [প্রাক প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. তাকে দেওয়া হয়েছিল খ. সে কাজ নিয়েছিল গ. তাকে তিরস্কার করা হয়েছিল ঘ. তাকে কাজের জন্য বলা হয়েছিল **উত্তর: গ**

৭২. **'He is at home in mathematics' এর সঠিক বাংলা অনুবাদ কোনটি?** [রাবি: ০৬-০৭]
ক. সে গণিত পারে খ. সে বাড়িতে গণিত করায় মগ্ন গ. তার গণিতে দখল আছে ঘ. সে বাড়িতে গণিত অনুশীলন করে **উত্তর: গ**

৭৩. **He called me names এর অর্থ** - [জাতীয় বিশ্ববিদ্যালয়: ১০-১১]
ক. সে আমাকে নাম ধরে ডাকল খ. সে আমার নাম স্মরণ করল গ. সে আমার প্রশংসা করল ঘ. সে আমাকে গালাগালি করল **উত্তর: ঘ**

৭৪. **'He lives from hand to mouth' এর সঠিক বঙ্গানুবাদ কোনটি?** [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. সে রোজগারের উপর খায় খ. সে কষ্ট করে খায়
গ. সে হাতে রোজগার করে, মুখে খায় ঘ. সে দিন আনে দিন খায় **উত্তর: ঘ**

৭৫. **'He is a hard nut to crak' বাক্যটির সঠিক বাংলা অনুবাদ** - [ঢাবি: ১৪-১৫]
ক. তিনি কঠিন লোক
খ. তিনি ভেঙ্গে পড়ার লোক নন
গ. তিনি হলেন শক্ত বাদাম যা ভাঙ্গা যায় না
ঘ. তিনি ভাঙবেন তবু মচকাবেন না
উত্তর: ক

৭৬. **'He hates to part with his money' এর যথাযথ বঙ্গানুবাদ** - [ঢাবি: ০০-০১]
ক. সে টাকা রাখতে ঘৃণা করে
খ. সে টাকা রাখতে চায় না
গ. সে টাকা পয়সার ভাগীদার করতে চায় না
ঘ. সে তার টাকা খরচ করতে চায় না
উত্তর: ঘ

৭৭. **'He has broken with his friend' এর সঠিক অনুবাদ কোনটি?** [ঢাবি: ১০-১১]
ক. সে তার বন্ধুকে বিদায় দিয়েছে
খ. সে তার বন্ধুর বিশ্বাস ভঙ্গ করেছে
গ. সে তার বন্ধুকে আঘাত করেছে
ঘ. সে তার বন্ধুর সঙ্গে ঝগড়া করেছে
উত্তর: ঘ

৭৮. **'He was bombarded with complaints' এর সঠিক বঙ্গানুবাদ** - [ঢাবি: ০৫-০৬]
ক. তার উপর অসংখ্য বোমা মারা হল
খ. তার কাছে অজস্র অভিযোগ করা হল
গ. তার অভিযোগগুলি বোমার মত ছিল
ঘ. বোমা মারার জন্য তাকে অভিযুক্ত করা হল
উত্তর: খ

৭৯. **'He is out for your blood' বাক্যটির বাংলা অনুবাদ কোনটি?** [ঢাবি: ০৬-০৭]
ক. সে তোমার জন্য রক্ত খুঁজছে
খ. সে তোমার রক্তের জন্য বেরিয়েছে
গ. সে তোমাকে আক্রমণ করতে কৃতসংকল্প
ঘ. সে তোমার রক্ত সম্পর্ক হতে বাহিরে
উত্তর: গ

৮০. **'He stood drinks all round' এর বঙ্গানুবাদ** - [ববিপ্রবি: ১৩-১৪]
ক. সে চারিদিকে পানীয় রাখছিলো
খ. সে সবদিকে পানীয় সাজাচ্ছিলো
গ. সে চারপাশে পানীয় ক্রয় করছিল
ঘ. কোনোটিই নয়
উত্তর: গ

৮১. **'He can make you do this' এর সঠিক বঙ্গানুবাদ** - [ঢাবি: ০০-০১]
ক. সে তোমার জন্য এটি করতে পারে
খ. সে তোমাকে দিয়ে এটি করাতে পারে
গ. সে তোমার জন্য এটি করাতে পারে
ঘ. সে তোমাকে নিয়ে এটি করতে পারে
উত্তর: খ

৮২. **'He saw himself the next leader' বাক্যটির বঙ্গানুবাদ** - [জবি: ০৬-০৭]
ক. সে পরবর্তী নেতা গ্রহণ করল
খ. সে নিজেকে পরবর্তী নেতা হিসেবে ভাবল
গ. সে তাকে পরবর্তী নেতা মনে করল
ঘ. সে নিজেকে পরবর্তী নেতা রূপে গ্রহণ করল
উত্তর: খ

৮৩. **'He has no business to say that' বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ** - [জবি: ০৭-০৮]
ক. ঐ ব্যবসা করার কথা তার নয়
খ. সেটি বলার কোন অবস্থা তার নেই
গ. সেটি বলার কোন ক্ষমতা তার নেই
ঘ. সেটি বলার কোন অধিকার তার নেই
উত্তর: ঘ

৮৪. **'He asked me to do it' এর বাংলা অনুবাদ হলো** - [৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন]
ক. তিনি আমাকে এটা জিজ্ঞেস করলেন
খ. তিনি আমাকে এটা জিজ্ঞেস করেছিলেন
গ. তিনি আমাকে এটা করতে বলেছিলেন
ঘ. তিনি আমাকে এটা জিজ্ঞেস করতে বলেছিলেন
উত্তর: গ

৮৫. **'He came off with flying colours' এর বাংলা অনুবাদ হলো** - [৭ম প্রভাষক নিবন্ধন]
ক. তিনি গৌরবময় সাফল্য অর্জন করেন
খ. তিনি উড়ন্ত রং নিয়ে এসেছিলেন
গ. তিনি রং ছিটাতে ছিটাতে এসেছিলেন
ঘ. তিনি বিজয়ের গৌরব নিয়ে এসেছিলেন
উত্তর: ক

৮৬. **'He used to come here every week' এর বাংলা অনুবাদ হলো** - [৫ম শিক্ষক নিবন্ধন]
ক. তিনি প্রত্যেক সপ্তাহে এখানে আসেন
খ. তিনি প্রত্যেক সপ্তাহে এখানে আসতেন
গ. তিনি প্রত্যেক সপ্তাহে এখানে এসেছিল
ঘ. তিনি প্রত্যেক সপ্তাহে এখানে এসে থাকবেন
উত্তর: খ

৮৭. **'He starts for London tonight' এর বাংলা অনুবাদ হলো** - [৫ম শিক্ষক নিবন্ধন]
ক. সে আজ রাতে লন্ডন যায়
খ. সে আজ রাতে লন্ডন শুরু করে
গ. সে আজ রাতে লন্ডন যাত্রা করে
ঘ. সে আজ রাতে লন্ডন রওয়ানা হবে
উত্তর: ঘ

৮৮. **'He runs with the hare and hunts with the hounds' এর বঙ্গানুবাদ** - [এবাএখা প্রকল্পের মাঠ সহকারী: ১৬]
ক. সাপ হয়ে কাটে, ওঝা হয়ে ঝাড়ে
খ. হাটে হাড়ি ভেঙ্গে যায়
গ. হাতী ঘোড়া গেল তল, ভেড়া বলে কত জল
ঘ. নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ করা
উত্তর: ক

৮৯. **'His application came at the eleventh hour' এর অনুবাদ কী?** [জবি: ০৫-০৬]
ক. তার আবেদনপত্র ঠিক এগারোটার সময় এল
খ. তার আবেদনপত্র শেষ মুহূর্তে এল
গ. তার আবেদনপত্র সকলের শেষে এল
ঘ. তার আবেদনপত্র দেরিতে এল
উত্তর: খ

৯০. **'He has no political axe to grind' এর সঠিক বাংলা কোনটি?** [রূপালী ব্যাংকের অফিসার: ১৯]
ক. তার কোনো জোরালো রাজনৈতিক আদর্শ নেই
খ. তিনি কোনো রাজনৈতিক দলের সমর্থক নন
গ. তিনি কোনো অপরাজনীতির সাথে যুক্ত নন
ঘ. তাঁর রাজনৈতিক বক্তৃতা খুরধার নয়
উত্তর: ক

৯১. 'How do you read this political situation?' বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ - [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]
ক. তুমি কিভাবে এই রাজনৈতিক পরিস্থিতিতে পড়াশুনা করছ? খ. তুমি কিভাবে এই রাজনৈতিক পরিস্থিতি ব্যাখ্যা করছ?
গ. তুমি এই রাজনৈতিক পরিস্থিতি নিয়ে কী ভাবছো? ঘ. এই রাজনৈতিক পরিস্থিতিতে তোমার করণীয় কী? **উত্তর: খ**

৯২. 'He is yet to take in the situation' ইংরেজি বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ কোনটি? [জাবি: ০৭-০৮]
ক. সে এখনও পরিস্থিতির রূপ দেখেনি খ. সে এখনও পরিস্থিতি সামাল দিতে পারেনি
গ. সে এখনও পরিস্থিতি বুঝে উঠতে পারেনি ঘ. সে এখনও পরিস্থিতি কাটাতে পারেনি **উত্তর: গ**

৯৩. 'His monumental failure haunts him even today' এর সঠিক বাংলা অনুবাদ কোনটি? [ঢাবি: ০০-০১]
ক. তার বিপুল ব্যর্থতা আজও তাড়িয়ে বেড়ায় খ. তার স্তম্ভ সমান ব্যর্থতা আজও তাকে তাড়িয়ে বেড়ায়
গ. তার পর্বত প্রমাণ ব্যর্থতা আজও তাকে তাড়িয়ে বেড়ায় ঘ. তার স্মৃতিস্তম্ভ ব্যর্থতা আজও তার চারপাশে ঘুরে বেড়ায় **উত্তর: গ**

৯৪. 'He began to work hard lest he should fail' এর সঠিক অনুবাদ কোনটি? [রাবি: ০৬-০৭]
ক. ব্যর্থতার ভয়ে সে ভীষণ পরিশ্রম শুরু করল খ. সে কঠোর পরিশ্রম শুরু করল ব্যর্থ না হওয়ার জন্য
গ. পাছে সে অকৃতকার্য হয় এই ভয়ে সে কঠোর পরিশ্রম শুরু করল ঘ. পাছে অকৃতকায না হওয়ার জন্য সে খুব পরিশ্রম শুরু করল **উত্তর: গ**

৯৫. 'I am in a fix' এর বাংলা অনুবাদ হলো - [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ০৪]
ক. আমি কিংকর্তব্যবিমূঢ় খ. আমি চিন্তিত গ. আমি ব্যথিত ঘ. আমি রাগান্বিত **উত্তর: ক**

৯৬. 'It is drizzling' বাংলা অনুবাদ - [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ০৪]
ক. মূষলধারে খ. টিপ টিপ করে গ. ঝড়ের সঙ্গে ঘ. একটানা **উত্তর: খ**

৯৭. 'It is a cock and bull story' এর সঠিক বাংলা কোনটি? [রাবি: ১৯-২০]
ক. এটা একটা মজার গল্প খ. এটা একটা আষাঢ়ে গল্প গ. এটা একটা সত্য কাহিনী ঘ. এটা একটা মোরগ ও ষাঁড়ের গল্প **উত্তর: খ**

৯৮. 'It resulted into failures' এর সঠিক বঙ্গানুবাদ কোনটি? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ০৪]
ক. এটা ব্যর্থতার নামান্তর খ. এটা ব্যর্থতা কাটিয়ে উঠল গ. এটা ব্যর্থতা রুখে দিল ঘ. এটা ব্যর্থতায় পর্যবসিত হল **উত্তর: ঘ**

৯৯. I have few books means - [জাবি: ১২-১৩]
ক. আমার অল্প কিছু বই আছে খ. আমার বই নেই বললেই চলে গ. আমার কিছু বই আছে ঘ. আমার বই আছে তবে অল্প **উত্তর: খ**

১০০. 'I am badly hard up' এর বাংলা অনুবাদ হলো - [৭ম শিক্ষক নিবন্ধন]
ক. আমি অসহ্য হয়ে উঠেছি খ. আমি এক কথার মানুষ গ. আমি কঠিন অসুখে ভুগছি ঘ. আমার টাকার খুব টান হয়েছে **উত্তর: ঘ**

১০১. 'I do not take tea' এর সঠিক অনুবাদ কোনটি? [৭ম শিক্ষক নিবন্ধন]
ক. আমি চা আনি না খ. আমি চা খাব না গ. আমি চা খাই। ঘ. আমি চা পান করি না। **উত্তর: ঘ**

১০২. 'It is I who am your teacher' এর সঠিক অনুবাদ কোনটি? [৯ম শিক্ষক নিবন্ধন]
ক. আমি তোমার শিক্ষক খ. আমিই তোমার শিক্ষক গ. এটি আমি যে তোমার শিক্ষক ঘ. এটি আমি যিনি তোমার শিক্ষক **উত্তর: খ**

১০৩. 'It is a quarter to ten now' [৯ম প্রভাষক নিবন্ধন]
ক. এখন সোয়া দশটা বাজে খ. এখন সাড়ে দশটা বাজে গ. এখন পৌনে দশটা বাজে ঘ. এখন দশটার কাছাকাছি **উত্তর: গ**

১০৪. 'It is a long story' এর সঠিক অনুবাদ - [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]
ক. সে এক বিরাট ইতিহাস খ. বড় কাহিনী গ. সে অনেক কথা ঘ. সে অনেক বড় কাহিনী **উত্তর: গ**

১০৫. 'Ill news runs apace' এর প্রকৃত অনুবাদ কোনটি? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৮]
ক. দুঃসংবাদ দ্রুতগামী হয় খ. দুঃসংবাদ তীব্রভাবে গমন করে গ. দুঃসংবাদ বাতাসের আগে যায় ঘ. অসুস্থ সংবাদ বাতাসের মত দ্রুত **উত্তর: গ**

১০৬. 'Ill got ill spent' এই ইংরেজি বাক্যের যথার্থ অনুবাদ হবে - [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ২০]
ক. পীড়িত পাওয়া পীড়িত ব্যয় খ. খারাপ প্রাপ্তি খারাপ ব্যয় গ. অসুস্থ পাওয়া অসুস্থ যাওয়া ঘ. অসৎ পথে আয় অসৎ পথেই যায় **উত্তর: ঘ**

১০৭. 'Ill got ill spent'এর সঠিক বাংলা অনুবাদ হবে - [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১০]
ক. পাপের ধন প্রায়শ্চিত্যে যায় খ. অল্প আয়ে অল্প ব্যয়
গ. রোগ হলে চিকিৎসা খরচ বহন করতে হয় ঘ. অবৈধ আয়ের পাপ মোচন হয় না **উত্তর: ক**

১০৮. 'Is everything in order' এর যথাযথ বাংলা অনুবাদ - [ঢাবি: ০৯-১০]
ক. সবকিছু নির্দেশমতো হয়েছে কি? খ. সবকিছু কি ঠিক?
গ. সবকিছু ক্রমানুসারে সাজানো আছে কি? ঘ. সবকিছু ঠিকঠাক আছে তো? **উত্তর: ঘ**

১০৯. 'I know how to drive' এর সঠিক অনুবাদ কোনটি? [রাবি: ০৬-০৭]
ক. আমি গাড়ী চালাতে জানি খ. আমার গাড়ী চালানো জানা আছে
গ. কেমন করে গাড়ী চালায় আমি জানি ঘ. গাড়ী চালানো আমার জানার মধ্যে আছে **উত্তর: ক**

১১০. 'I can't help doing it' এর বাংলা - [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]
ক. আমি এটা না করে পারি না খ. আমি এটা সাহায্য ছাড়া করতে পারি না
গ. আমি এটা করতে সাহায্য না করে পারি না ঘ. আমি এটা করতে সাহায্য নিয়েও করতে পারি না **উত্তর: ক**

১১১. **'I left no stone unturned' এর বাংলা** - [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]
ক. আমি চেষ্টার ত্রুটি করেছি
খ. আমি কোনো পাথর সরাতে বাকি রাখিনি
গ. আমি চেষ্টার কোনো ত্রুটি করিনি
ঘ. আমি কোনো পাথর পেছনে ফেলে রেখে আসিনি
উত্তর: গ

১১২. **'I wonder where he may be now' এর বাংলা অনুবাদ হলো** - [৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন]
ক. আমি জানি সে কোথায় আছে
খ. আমি অবাক সে কোথায় আছে
গ. সে এখন কোথায় আছে তাই ভাবছি
ঘ. আমি জানি সে এখন কোথায় আছে
উত্তর: গ

১১৩. **'I am no stranger to this place' বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ** - [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ০৪]
ক. আমি এই স্থানের কেউ নই
খ. আমি এখানকার অতিথি নই
গ. আমি এ জায়গায় ব্যস্ত নই
ঘ. আমি এ জায়গায় অপরিচিত নই
উত্তর: ঘ

১১৪. **'I told the story briefly' এর বাংলা** - [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]
ক. গল্পটি আমি বিস্তারিতভাবে বললাম
খ. গল্পটি আমি অতি সংক্ষেপে বললাম
গ. গল্পটি আমি মজা করে বললাম
ঘ. গল্পটি আমি করুণভাবে বললাম
উত্তর: খ

১১৫. **'I cannot stand rich dishes' বাক্যটির সঠিক বাংলা অনুবাদ** - [৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন]
ক. আমি গরম থালার পাশে দাঁড়াতে পারি না
খ. গুরুপাক আমার সহ্য হয় না
গ. দামি থালার পাশে আমি দাঁড়াতে পারি না
ঘ. গুরুপাক খাবারে আমার আগ্রহ নেই
উত্তর: খ

১১৬. **'It is raining cats and dogs' এর সঠিক বাংলা অনুবাদ কোনটি?** [৭ম শিক্ষক নিবন্ধন]
ক. মুষলধারে বৃষ্টি হচ্ছে
খ. কুকুর বিড়ালের মত বৃষ্টি হচ্ছে
৯৬. $(৪৮)^৫$ ন্যূনতম কত দ্বারা গুণ করলে গুণফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে? [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]

ক. ৩ খ. ২ গ. ৬ ঘ. ৮ **উত্তর: ক**

সমাধানঃ $(৪৮)^৫ = (২ \times ২ \times ২ \times ২ \times ৩)^৫ = (২^৪ \times ৩^৫) = ২^{২০} \times ৩^৫$

৯৭. $৭২ \times ৭৫ \times ৩^৩ \times ৪^৩ \times ২^৮$ কে ন্যূনতম কত দ্বারা গুণ করলে গুণফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ১৮]

ক. ৪ খ. ৫ গ. ২ ঘ. ৩ **উত্তর: গ**

সমাধানঃ $৭২ \times ৭৫ \times ৩^৩ \times ৪^৩ \times ২^৮ = ৮ \times ৯ \times ৩ \times ২৫ \times ৩^৩ \times ৪^৩ \times ২^৮ = ২^৪ \times ৩^২ \times ৩ \times ৫^২ \times ৩^৩ \times ২^৬ \times ২^৮ = ২^{১৭} \times ৩^৬ \times ৫^২$

৯৮. ২১৫, ২১৯, ৩২৫, ৬২৫ সংখ্যাগুলির মধ্যে পূর্ণ বর্গ কোনটি? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]

ক. ২১৫ খ. ২১৯ গ. ৬২৫ ঘ. ৩২৫ **উত্তর: গ**

সমাধানঃ $৬২৫ = ৫ \times ৫ \times ৫ \times ৫ = ২৫ \times ২৫ = ২৫^২$

৯৯. ৯৭২ কে কোন ক্ষুদ্রতম সংখ্যা দ্বারা ভাগ করলে ভাগফল পূর্ণবর্গ সংখ্যা হবে? [এনএটিপি'র অফিস সহায়ক: ১৯]

ক. ৫ খ. ৩ গ. ৬ ঘ. ১২ **উত্তর: খ**

সমাধানঃ ৯৭২ = ২×২×৩×৩×৩×৩×৩। ৩ জোড়াবিহীন। সুতরাং ২ দ্বারা গুণ করলে সংখ্যাটি পূর্নবর্গ সংখ্যা হবে।

১০০. ২৪৫০ সংখ্যাটিকে কত দ্বারা গুণ করলে সংখ্যাটি পূর্ণবর্গ সংখ্যা হবে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ২ খ. ৪ গ. ৫ ঘ. ৩ **উত্তর: ক**

সমাধানঃ ২৪৫০ = ২×৫×৫×৭×৭। ২ জোড়বিহীন। সুতরাং ২ দ্বারা গুণ করলে সংখ্যাটি পূর্নবর্গ সংখ্যা হবে।

১০১. ০.১ এর বর্গমূল কত? [২৪তম বিসিএস]

ক. ০.১ খ. ০.০১ গ. ০.২৫ ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

সমাধানঃ ০.১ এর বর্গমূল = $\sqrt{০.১} = ০.৩১$

১০২. ০.০০৯ এর বর্গমূল কত? [দ্রুদকের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]

ক. ০.০০৩ খ. ০.৩ গ. ০.০৯৪ ঘ. ০.০০০৩ **উত্তর: গ**

সমাধানঃ ০.০০৯ এর বর্গমূল = $\sqrt{০.০০৯} = ০.০৯৪$

১০৩. $\sqrt{০.০০০০০৯}$ = কত? [এনএসআই'র সহকারী পরিচালক: ১৫]

ক. ০.০৩ খ. ০.৩ গ. ০.০০৩ ঘ. ০.০০০৩ **উত্তর: গ**

সমাধানঃ $\sqrt{০.০০০০০৯} = \sqrt{০.০০৩ \times ০.০০৩} = ০.০০৩$

১০৪. $\sqrt{২}$ অমূলদ সংখ্যাটির আসন্ন মান হবে - [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ১০]

ক. ২.৪১৪ খ. ১.৪১৪ গ. ১.৪২১ ঘ. ২.৪১২ **উত্তর: খ**

১০৫. $\sqrt{\frac{১}{৯}}$ এর মান কত? [বিআরইবি'র লাইনম্যান: ১৯]

ক. $\frac{১}{৩}$ খ. $\sqrt{\frac{১}{৩}}$ গ. $\frac{১}{৯}$ ঘ. $\frac{১}{৮১}$ **উত্তর: ক**

সমাধানঃ $\sqrt{\frac{১}{৯}} = \sqrt{\frac{১}{৩^২}} = \frac{১}{৩}$

১০৬. $\sqrt{\frac{১}{০.২৫}}$ [ডাক অধিদপ্তরের এস্টিমেটর: ১৮]

ক. ০.০২৫ খ. ২৫ গ. ০.০০২ ঘ. ২ **উত্তর: ঘ**

সমাধানঃ $\sqrt{\frac{১}{০.২৫}} = \sqrt{\frac{১০০}{২৫}} = \frac{১০}{৫} = ২$

১০৭. নিচের কোনটি $(\sqrt{৫} - \sqrt{৩})$ এর সমান? [৩৩তম বিসিএস]

ক. $\sqrt{২}$ খ. $\frac{১}{২(\sqrt{৫} - \sqrt{৩})}$ গ. $\frac{১}{\sqrt{৫}} + \frac{১}{\sqrt{৩}}$ ঘ. $\frac{২}{\sqrt{৫} + \sqrt{৩}}$ **উত্তর: ঘ**

সমাধানঃ $(\sqrt{৫} - \sqrt{৩}) = \frac{(\sqrt{৫} - \sqrt{৩})\ (\sqrt{৫} + \sqrt{৩})}{(\sqrt{৫} + \sqrt{৩})} = \frac{৫ - ৩}{(\sqrt{৫} + \sqrt{৩})} = \frac{২}{\sqrt{৫} + \sqrt{৩}}$

১০৮. $\frac{\sqrt{২}}{\sqrt{৬}+\sqrt{২}}$ = কত? [৩২তম বিসিএস]

ক. $\sqrt{৩}+\sqrt{২}$ খ. ৩ - $\sqrt{২}$ গ. $\sqrt{৩}-\sqrt{২}$ ঘ. $\sqrt{৩}+২$ **উত্তর: গ**

সমাধানঃ $\frac{\sqrt{২}}{(\sqrt{৬}+২)} = \frac{\sqrt{২}}{\sqrt{২}(\sqrt{৩}+(\sqrt{২})} = \frac{১}{(\sqrt{৩}+(\sqrt{২})} = \frac{(\sqrt{৩}-(\sqrt{২})}{(\sqrt{৩}+(\sqrt{২})(\sqrt{৩}-(\sqrt{২})} = \frac{(\sqrt{৩}-(\sqrt{২})}{৩-২} = \sqrt{৩}-\sqrt{২}$

১০৯. $\frac{\sqrt{৮}}{\sqrt{৯৮}}$ = এর চার দশমিক স্থান পর্যন্ত আসন্নমান কোনটি? [১০ম বিজেএস]

ক. ০.২৮৫৭ খ. ০.২৮৪৭ গ. ০.২৮৬৭ ঘ. ০.২৮৩৭ **উত্তর: ক**

সমাধানঃ $\frac{\sqrt{৮}}{\sqrt{৯৮}} = \frac{\sqrt{২\times৪}}{\sqrt{২\times৪৯}} = \frac{২}{৭} = ০.২৮৫৭$

১১০. $\sqrt{১৫.৬০২৫}$ = কত? [৩৬তম বিসিএস]

ক. ৩.৮৫ খ. ৩.৭৫ গ. ৩.৯৫ ঘ. ৩.৬৫ **উত্তর: গ**

সমাধানঃ $\sqrt{১৫.৬০২৫} = ৩.৯৫$

১১১. $\sqrt{(১০০)^২}$ = কত? [বিআরইবি'র অফিস সহকারী: ১৮]

ক. ১০ খ. ১০০ গ. ১০০০ ঘ. ১০০০০ **উত্তর: খ**

সমাধানঃ $\sqrt{(১০০)^২} = ১০০$

১১২. $\sqrt{১৬৯}$ is equal to - / ১৬৯ সংখ্যাটির বর্গমূল কত? [৩৪তম বিসিএস]

ক. ১১ খ. ১৩ গ. ১৫ ঘ. ১৭ **উত্তর: খ**

সমাধানঃ $\sqrt{১৬৯} = \sqrt{১৩^২} = ১৩$

১১৩. $\sqrt{১৬৯} = ১৩$ হলে $\sqrt{১২১} = ?$ [৩৫তম বিসিএস]

ক. ১৪ খ. ১৬ গ. ১১ ঘ. ১২ **উত্তর: গ**

সমাধানঃ $\sqrt{১২১} = \sqrt{১১^২} = ১১$

১১৪. ১০২৪ এর বর্গমূল কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ২২ খ. ৫২ গ. ৪২ ঘ. ৩২ **উত্তর: ঘ**

সমাধানঃ $১০২৪ = ৩২^২$

১১৫. ১২৫ এর ঘনমূল হলো - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৪]

ক. ২৫ খ. ৫ গ.৫০ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ $১২৫ = ৫^৩$

১১৬. $\sqrt[৩]{২৭}$ এর মান কত? [বিআরইবি'র লাইনম্যান: ১৯]

ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৮ **উত্তর: খ**

সমাধানঃ $\sqrt[৩]{২৭} = \sqrt[৩]{৩^৩} = ৩$

১১৭. $\sqrt[৩]{১২৫\times৮}$ = কত? [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৫]

ক. ২০ খ. ১০২ গ. ১০ ঘ. $১০\sqrt{৫}$ **উত্তর: গ**

সমাধানঃ $\sqrt[৩]{১২৫\times৮} = \sqrt[৩]{২^৩\times৫^৩} = ৫\times২ = ১০$

১১৮. ৬৫৫৮ এর সাথে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]

ক. ৩ খ. ২ গ. - ৩ ঘ. ০ **উত্তর: ক**

১১৯. ২০৭৪০ সংখ্যক সৈন্যকে বর্গাকারে সাজাতে গিয়ে ৪ জন অতিরিক্ত হয়। প্রতি সারিতে সৈন্য সংখ্যা - [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী লাইব্রেরিয়ান: ১৮]

ক. ১৪২ খ. ১৪৪ গ. ১৩৬ ঘ. ১৪০ **উত্তর: খ**

সমাধানঃ মোট সৈন্য থেকে ৪ জন বাদ দিয়ে প্রাপ্ত সংখ্যার বর্গমূলই হবে প্রতি সারির সৈন্য সংখ্যা। সুতরাং ২০৭৪০ - ৪ = ২০৭৩৬। প্রতি সারির সৈন্য সংখ্যা = $\sqrt{২০৭৩৬} = \sqrt{২^৮+৩^৪} = ২^৪\times৩^২ = ১৪৪$

১২০. ৪৭০৮০ জন সৈন্য থেকে কমপক্ষে কত জন সৈন্য সরিয়ে নিলে সৈন্য দলকে বর্গাকারে সাজানো যাবে? [সওজ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১০]

ক. ১২৪ খ. ২২৪ গ. ৪২৪ ঘ. ৫০৪ **উত্তর: গ**

সমাধানঃ $\sqrt{৪৭০৮০} = ২১৬.৯৮$; $(২১৬)^২ = ৪৬৬৫৬$। সুতরাং সৈন্য সরিয়ে নিতে হবে ৪৭০৮০ - ৪৬৬৫৬ = ৪২৪ জন

১২১. কোন স্থানে যত লোক আছে তত পাঁচ পয়সা জমা করায় মোট ৩১.২৫ টাকা জমা হল। ঐ স্থানে কত লোক ছিল? [দুদকের অফিস সহায়ক: ৮৪]

ক. ২৫ খ. ৫৫ গ. ১২৫ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ ক জন লোক প্রত্যেকে ৫ক পয়সা জমা করলে জমাকৃত মোট অর্থ = $৫ক^২$ পয়সা। সুতরাং $৫ক^২ = ৩১২৫$ পয়সা => ক = ২৫

১২২. একটি শ্রেণীতে যতজন ছাত্র-ছাত্রী পড়ে, প্রত্যেকে তত পয়সার চেয়ে আরও ২০ পয়সা বেশি করে চাঁদা দেয়ায় মোট ৪৮ টাকা উঠল। ঐ শ্রেণীতে ছাত্র-ছাত্রীর সংখ্যা কত? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]

ক. ৫০ জন খ. ৫৫ জন গ. ৬০ জন ঘ. ৭০ জন **উত্তর: গ**

সমাধানঃ ছাত্র-ছাত্রীর সংখ্যা ক জন হলে একজন শিক্ষার্থী দেয় = (ক + ২০) পয়সা। সুতরাং ক জন শিক্ষার্থী দেয় = ক(ক + ২০) পয়সা। শর্তমতে, ক(ক + ২০) = ৪৮০০ => $ক^২$ + ২০ক - ৪৮০০ = ০ => (ক + ৮০) (ক - ৬০) = ০ => ক = ৬০

১২৩. একটি ছাত্রাবাসে যতজন ছাত্র থাকে, তাদের প্রত্যেকের মাসিক খরচ তাদের মোট সংখ্যার দশগুণ। ঐ ছাত্রাবাসের সকল ছাত্রের মোট মাসিক খরচ ৬২৫০ টাকা হলে ঐ ছাত্রাবাসে কতজন ছাত্র থাকে? [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]

ক. ১৫ খ. ২৫ গ. ৩৫ ঘ. ৪৫ **উত্তর: খ**

সমাধানঃ ছাত্রাবাসে মোট ছাত্রসংখ্যা ক জন। প্রত্যেক ছাত্রের মাসিক খরচ ১০ক টাকা। সকল ছাত্রের মাসিক খরচ $১০ক^২$ টাকা। সুতরাং $১০ক^২$ = ৬২৫০ => $ক^২$ = ৬২৫ => ক = ২৫

১২৪. দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ১৯৯ হলে বড় সংখ্যাটি কত? [২২তম বিসিএস]

ক. ৭০ খ. ৮০ গ. ৯০ ঘ. ১০০ **উত্তর: ঘ**

সমাধানঃ বড় সংখ্যা = $\frac{\text{বর্গের অন্তর} + ১}{২} = \frac{১৯৯ + ১}{২} = ১০০$

১২৫. দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ১৯৯ হলে ছোট সংখ্যাটি কত? [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৭]

ক. ৯৯ খ. ৮৯ গ. ৭৯ ঘ. ৬৯ **উত্তর: ক**

সমাধানঃ ছোট সংখ্যা = $\frac{\text{বর্গের অন্তর} - ১}{২} = \frac{১৯৯ - ১}{২} = ৯৯$

১২৬. দুইটি সংখ্যার যোগফল ১৮ এবং তাদের অন্তর ৪ হলে সংখ্যা দুইটি হবে যথাক্রমে - [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৮]

ক. ১০, ৬ খ. ১১, ৭ গ. ১২, ৬ ঘ. ১৪, ৪ **উত্তর: খ**

সমাধানঃ বড় সংখ্যা = $\frac{\text{সমষ্টি} + \text{অন্তর}}{২} = \frac{১৮ + ৪}{২} = ১১$। ছোট সংখ্যা = ১৮ - ১১ = ৭

১২৭. দুইটি ক্রমিক পূর্ণ সংখ্যা নির্ণয় করুন যাহাদের বর্গের অন্তর ৪৭। [২৬তম বিসিএস]

ক. ২১ এবং ২২ খ. ২২ এবং ২৩ গ. ২৩ এবং ২৪ ঘ. ২৪ এবং ২৫ **উত্তর: গ**

সমাধানঃ বড় সংখ্যা = $\frac{\text{বর্গের অন্তর} + ১}{২} = \frac{৪৭ + ১}{২} = ২৪$। ছোট সংখ্যা = ২৪ - ১ = ২৩

১২৮. দুইটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার বর্গের অন্তর ১৭ হলে সংখ্যাদ্বয়ের যোগফল - [১৫তম শিক্ষক নিবন্ধন]

ক. ৮ গ. ৯ গ. ১৭ ঘ. ১৮ **উত্তর: গ**

সমাধানঃ সংখ্যাদ্বয় = $\frac{১৭ + ১}{২}, \frac{১৭ - ১}{২} = ৯, ৮$ ∴ সমষ্টি = ৯ + ৮ = ১৭

১২৯. নিচের কোনটি তিনটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার যোগফল? [আইন মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার: ১২]

ক. ২৯ খ. ৪৬ গ. ৫৭ ঘ. ৯২ **উত্তর: গ**

সমাধানঃ মধ্যম পদ = $\frac{\text{সংখ্যাগুলোর সমষ্টি}}{\text{পদ সংখ্যা}} = \frac{\text{সংখ্যাগুলোর সমষ্টি}}{৩}$। অপশনের সংখ্যাগুলোর মধ্যে শুধু ৫৭ সংখ্যাটি ৩ দ্বারা বিভাজ্য।

১৩০. দুইটি সংখ্যার যোগফল ১০। বিয়োগফল ২ হলে ছোট সংখ্যাটি কত? [সেসিপ'র উপজেলা / থানা একাডেমিক সুপারভাইজার: ১৫]

ক. ৮ খ. ৬ গ. ৪ ঘ. ২ **উত্তর: গ**

সমাধানঃ ছোট সংখ্যা = $\frac{\text{সমষ্টি} - \text{অন্তর}}{২} = \frac{১০ - ২}{২} = ৪$

১৩১. ২ টি সংখ্যার যোগফল ১৩০ এবং বিয়োগফল ১০ হলে বৃহত্তম সংখ্যাটি কত? [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ১২]

ক. ৬০ খ. ৭০ গ. ৮০ ঘ. ৯০ **উত্তর: খ**

সমাধানঃ বড় সংখ্যা = $\frac{\text{সমষ্টি} + \text{অন্তর}}{২} = \frac{১৩০ + ১০}{২} = ৭০$

১৩২. দুইটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার বর্গের অন্তর ২৫। একটি সংখ্যা ১২ হলে অপর সংখ্যাটি - [স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৬]

ক. ৫ খ. ৯ গ. ১১ ঘ. ১৩ **উত্তর: ঘ**

সমাধানঃ দুইটি ক্রমিক স্বাভাবিক সংখ্যার বর্গের অন্তর সংখ্যাদ্বয়ের যোগফলের সমান। সুতরাং অপর সংখ্যা = ২৫ - ১২ = ১৩

১৩৩. একটি সংখ্যা ৩০১ থেকে যত বড় ৩৮১ থেকে তত ছোট। সংখ্যাটি কত? [৩০তম বিসিএস]

ক. ৩৪০ খ. ৩৪১ গ. ৩৪৪ ঘ. ৩৪৪ **উত্তর: খ**

সমাধানঃ সংখ্যাটি = $\frac{৩০১ + ৩৮১}{২} = ৩৪১$

১৩৪. ৭৬৫ থেকে ৬৫৬ যত কম, কোন সংখ্যা ৮২৫ থেকে ততটুকু বেশি? [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১]

ক. ৯৩২ খ. ৯৩৩ গ. ৯৩৪ ঘ. ৯৩৫ **উত্তর: গ**

সমাধানঃ ৭৬৫ ও ৬৫৬ এর ব্যবধান ৭৬৫ - ৬৫৬ = ১০৯। সুতরাং সংখ্যাটি ৮২৫ + ১০৯ = ৯৩৪

১৩৫. পরপর ১০ টি সংখ্যার প্রথম ৫ টির যোগফল ৫৬০ হলে শেষ পাঁচটির যোগফল কত? [২২তম বিসিএস]

ক. ৫৮৫ খ. ৫৮০ গ. ৫৭৫ ঘ. ৫৭০ **উত্তর: ক**

সমাধানঃ প্রথম পাঁচটি সংখ্যার সমষ্টি $S_1 = ৫৬০$, $n = ৫$ । সুতরাং শেষ পাঁচটি সংখ্যার সমষ্টি $S_2 = S_1 + n^২ = ৫৬০ + ৫^২ = ৫৬০ + ২৫ = ৫৮৫$

১৩৬. ছয়টি ক্রমিক পূর্ণ সংখ্যার প্রথম তিনটির গড় ৮ হলে, শেষ তিনটির যোগফল - [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]

ক. ২৯ খ. ৩১ গ. ৩৩ ঘ. ৩৫ **উত্তর: গ**

সমাধানঃ $S_1 = ৮\times৩$, $n^২ = ৩$। শেষ তিনটি সংখ্যার সমষ্টি $S_2 = S_1 + n^২ = ২৪ + ৩^২ = ৩৩$

১৩৭. তিনটি ক্রমিক বিজোড় সংখ্যার যোগফল ৫৭। মধ্যম সংখ্যাটি কত? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৬]

ক. ১৯ খ. ২১ গ. ২৩ ঘ. ১৭ **উত্তর: ক**

সমাধানঃ মধ্যম সংখ্যা $= \frac{৫৭}{৩} = ১৯$। তিনটি ক্রমিক সংখ্যা হলো ১৭, ১৯, ২১। মধ্যম সংখ্যাটি হলো ১৯

১৩৮. তিনটি ক্রমিক সংখ্যার যোগফল ১২৩। ছোট সংখ্যাটি কত? [সেসিপ'র উপজেলা একাডেমিক সুপারভাইজার: ১৫]

ক. ৪০ খ. ৪৫ গ. ৪১ ঘ. ৪৯ **উত্তর: ক**

সমাধানঃ মধ্যম সংখ্যা $= \frac{১২৩}{৩} = ৪১$। তিনটি ক্রমিক সংখ্যা হলো ৪০, ৪১, ৪২। ছোট সংখ্যাটি হলো ৪০

১৩৯. তিনটি ক্রমিক সংখ্যার যোগফল ৩০। বড়টি ও ছোটটির বিয়োগফল ২ হলে ছোট সংখ্যাটি - [সেসিপ'র উপজেলা একাডেমিক সুপারভাইজার: ১৫]

ক. ৭ খ. ৯ গ. ১০ ঘ. ১১ **উত্তর: খ**

সমাধানঃ মধ্যম সংখ্যা $= \frac{৩০}{৩} = ১০$। তিনটি ক্রমিক সংখ্যা হলো ০৯, ১০, ১১। ছোট সংখ্যাটি হলো ০৯

১৪০. তিনটি ক্রমিক সংখ্যার যোগফল ৩৩ হলে তাদের গুণফল হবে - [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]

ক. ১৩২০ খ. ১২১০ গ. ১২০০ ঘ. ১৪৪০ **উত্তর: ক**

সমাধানঃ মধ্যম সংখ্যা $= \frac{৩৩}{৩} = ১১$ । তিনটি ক্রমিক সংখ্যা হলো ১০, ১১, ১২। সংখ্যাগুলোর গুণফল ১০×১১×১২ = ১৩২০

১৪১. তিনটি ক্রমিক সংখ্যার যোগফল ১২৩। ক্ষুদ্রতম সংখ্যা দুইটির গুণফল কত - [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]

ক. ১৬০০ খ. ১৬৫০ গ. ১৬৪০ ঘ. ১৬৮০ **উত্তর: গ**

সমাধানঃ মধ্যম সংখ্যা $= \frac{১২৩}{৩} = ৪১$। তিনটি ক্রমিক সংখ্যা হলো ৪০, ৪১, ৪২। ক্ষুদ্রতম সংখ্যা দুইটির গুণফল ৪০×৪১ = ১৬৪০

১৪২. পরপর তিনটি সংখ্যার গুণফল ১২০ হলে তাদের যোগফল হবে - [২৯তম বিসিএস]

ক. ৯ খ. ১২ গ. ১৪ ঘ. ১৫ উত্তর: ঘ

সমাধানঃ ১২০ = ২×২×২×৩×৫ = ৪×৫×৬। সুতরাং সংখ্যা তিনটি হলো ৪, ৫, ৬। তাদের সমষ্টি = ১৫

১৪৩. দুইটি সংখ্যার যোগফল ৪৮ এবং তাদের গুণফল ৪৩২। তবে বড় সংখ্যাটি কত? [৩১তম বিসিএস]

ক. ৩৬ খ. ৩৭ গ. ৩৮ ঘ. ৪০ **উত্তর: ক**

সমাধানঃ ৪৩২ = ১২× ৩৬ ; ১২+৩৬ = ৪৮ ∴ বড় সংখ্যাটি ৩৬, ছোট সংখ্যাটি ১২

১৪৪. তিনটি ক্রমিক সংখ্যার গুণফল তাদের যোগফলের ৫ গুণ। সংখ্যা তিনটির গড় কত? [৩৪তম বিসিএস]

ক. ৬ খ. ৩ গ. ৫ ঘ. ৪ **উত্তর: ঘ**

সমাধানঃ ক্রমিক সংখ্যা তিনটি $x - 1$, x এবং $x + 1$ হলে ক্রমিক সংখ্যা তিনটির যোগফল = $x - 1 + x + x + 1 = 3x$; ক্রমিক সংখ্যা তিনটির গড় $= \frac{3x}{3} = 3$; শর্তমতে, $(x - 1) \times x \times (x + 1) = 5 \times 3x \Rightarrow x(x^2 - 1) = 15x \Rightarrow x^2 - 1 = 15x \Rightarrow x^2 = 16 \Rightarrow x = \pm 4$

১৪৫. তিনটি ক্রমিক সংখ্যার গুণফল তাদের যোগফলের ৮ গুণ। বড় সংখ্যাটি কত? [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভাগীয় সহকারী: ১৯]

ক. ৫ খ. ৬ গ. ৯ ঘ. ১১ **উত্তর: খ**

সমাধানঃ ক্রমিক সংখ্যা তিনটি x, $x + 1$ এবং $x + 2$ হলে ক্রমিক সংখ্যা তিনটির যোগফল = $(x + x + 1 + x + 2) = 3x + 3$; ক্রমিক সংখ্যা তিনটির গড় $= \frac{3x + 3}{3} = x + 1$; শর্তমতে, $x(x + 1)(x + 2) = 8(3x + 3) \Rightarrow x(x + 1)(x + 2) = 24(x + 1) \Rightarrow x(x + 2) = 24 \Rightarrow x^2 + 2x - 24 = 0 \Rightarrow x^2 + 6x - 4x - 24 = 0 \Rightarrow (x + 6)(x - 4) = 0 \Rightarrow x = 4, -6$; অতএব বড় সংখ্যাটি = $x + 2 = 4 + 2 = 6$

১৪৬. যদি দুইটি সংখ্যার গুণফল ৯৬ এবং সংখ্যা দুইটির যোগফল ২২ হয় তবে ছোট সংখ্যাটি কত? [দুদকের উপ-সহকারী পরিচালক: ১০]

ক. ৪ খ. ৬ গ. ৮ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ ৯৬ = ১৬ × ৬ ; ১৬ + ৬ = ২২। সুতরাং সংখ্যাদ্বয় ১৬ ও ৬ ; অতএব ছোট সংখ্যাটি ৬।

১৪৭. এমন তিনটি ক্রমিক পূর্ণসংখ্যা নির্ণয় করুন, যাদের প্রথম দুইটির গুণফল শেষ দুইটির গুণফল অপেক্ষা ১০ কম হবে। [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ১০]

ক. ৪, ৫, ৬ খ. ৪, ৬, ৮ গ. ৪, ৩, ২ ঘ. ১, ৪, ৬ **উত্তর: ক**

সমাধানঃ ক্রমিক সংখ্যা তিনটি x, $x + 1$ এবং $x + 2$ হলে শর্তমতে, $x(x + 1) = (x + 1)(x + 2) - 10 \Rightarrow x^2 + x = x^2 + 3x + 2 - 10 \Rightarrow 2x = 8$; $x = 4$; সুতরাং সংখ্যা তিনটি = 4, 5, 6

১৪৮. পাঁচটি ধারাবাহিক বিজোড় সংখ্যার সমষ্টি সংখ্যাগুলোর গড় অপেক্ষা ২৬০ বেশি। সংখ্যাগুলোর মধ্যে ক্ষুদ্রতম সংখ্যাটি কত? [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ১৯]

ক. ৫১ খ. ৫৭ গ. ৬১ ঘ. ৬৫ **উত্তর: গ**

সমাধানঃ পাঁচটি ধারাবাহিক বিজোড় সংখ্যা x, x + 2, x + 4, x + 6, x + 8 হলে সংখ্যাগুলোর সমষ্টি = x + x 2 + x + 4 + x + 6 + x + 8 = 5x + 20 ; শর্তমতে, $5x + 20 = \frac{5x + 20}{5} + 260 \Rightarrow 5x = x + 4 + 240 \Rightarrow 4x = 244 \Rightarrow x = 61$

১৪৯. যদি দুইটি সংখ্যার যোগফল ও গুণফল যথাক্রমে 20 এবং 96 হয়, তবে সংখ্যা দুইটির ব্যস্তানুপাতিক (Reciprocals) যোগফল কত হবে? [৩১তম বিসিএস]

ক. $\frac{1}{8}$ খ. $\frac{1}{6}$ গ. $\frac{3}{4}$ ঘ. $\frac{5}{24}$ **উত্তর: ঘ**

সমাধানঃ a + b =20, ab = 96, সুতরাং $\frac{1}{a} + \frac{1}{b} = \frac{a+b}{ab} = \frac{20}{96} = \frac{5}{24}$

১৫০. পরপর সাজানো পাঁচটি সংখ্যার গাণিতিক গড় ১২ হলে ক্ষুদ্রতম সংখ্যা এবং বৃহত্তম সংখ্যার যোগফল কোনটি? [শ্রম পরিদপ্তরের প্রভাষক: ০৫]

ক. ২৬ খ. ২৪ গ. ২২ ঘ. ১৮ **উত্তর: খ**

১৫১. দুইটি সংখ্যার বিয়োগফল ৩৭ এবং যোগফল বিয়োগফলের ১১ গুণ। সংখ্যা দুইটি কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ২০, ৫৭ খ. ১৯, ৫৬ গ. ১৮৫, ২২২ ঘ. ১৭০, ২০৭ **উত্তর: গ**

সমাধানঃ ২২২ - ১৮৫ = ৩৭, আবার ২২২ + ১৮৫ = ৪০৭, যা বিয়োগফল ৩৭ এর ১১ গুণ।

১৫২. দুইটি সংখ্যার গুণফল ১৮৯ এবং সংখ্যা দুইটির যোগফল ৩০। সংখ্যা দুইটি কত? [সিএজি কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]

ক. ৯ ও ২১ খ. ৭ ও ২৩ গ. ৮ ও ২২ ঘ. ২২ ও ১৮ **উত্তর: ক**

সমাধানঃ ৯ × ২১ = ১৮৯, আবার ৯ + ২১ = ৩০। সুতরাং সংখ্যাদ্বয় ৯, ২১

১৫৩. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার দশক স্থানীয় অঙ্ক একক স্থানীয় অঙ্কের তিনগুণ। অঙ্কদ্বয় স্থান বিনিময় করলে সংখ্যাটি কত হবে? [টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ইন্সট্রাক্টর· ১৮]

ক. ১১x খ. ১৩x গ. ৩০x ঘ. ৩১x **উত্তর: খ**

সমাধানঃ একক স্থানীয় অঙ্ক x হলে দশক স্থানীয় অঙ্ক 3x. অতএব সংখ্যাটি = 3x দশক + x একক = 3x × 10+x = 31x. অঙ্কদ্বয় স্থান বিনিময় করলে সংখ্যাটি হয় = x দশক + 3x একক = x × 10+3x = 13x.

১৫৪. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার দশক স্থানীয় অঙ্ক একক স্থানীয় অঙ্কের দ্বিগুণ। সংখ্যাটি অঙ্কদ্বয়ের সমষ্টির কত গুণ? [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার: ১৭]

ক. ৮ গুণ খ. ৭ গুণ গ. ৬ গুণ ঘ. ৫ গুণ **উত্তর: খ**

সমাধানঃ একক স্থানীয় অঙ্ক x এবং দশক স্থানীয় অঙ্ক 2x হলে সংখ্যাটি হলো সংখ্যাটি = 2x দশক + x একক = 2x × 10 + x = 21x অঙ্কদ্বয়ের সমষ্টি = 2x + x = 3x. সুতরাং সংখ্যাটি অঙ্কদ্বয়ের সমষ্টির 21x ÷ 3x = 7 গুণ।

১৫৫. দুই অঙ্কবিশিষ্ট কোন সংখ্যার অঙ্ক দুইটির অন্তর ২। অঙ্ক দুটি স্থান বিনিময় করলে যে সংখ্যা পাওয়া যায়, তা প্রদত্ত সংখ্যার দ্বিগুণ অপেক্ষা ৬ কম। সংখ্যাটি কত? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]

ক. ৫৭ খ. ৪৬ গ. ৫৩ ঘ. ২৪ **উত্তর: ঘ**

সমাধানঃ ২৪ সংখ্যাটির অঙ্কগুলো স্থান বিনিময় করলে হয় ৪২। ৪২ সংখ্যাটি ২৪ এর দ্বিগুণের চেয়ে ৬ কম।

১৫৬. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যা সংখ্যাটির অঙ্কদ্বয়ের যোগফলের ৪ গুণ। সংখ্যাটির সাথে ২৭ যোগ করলে অঙ্কদ্বয় স্থান পরিবর্তন করে। সংখ্যাটি কত? [বাংলাদেশ শিপিং কর্পোরেশনে সিনিয়র অফিসার: ১৮]

ক. ১২ খ. ৪২ গ. ২৪ ঘ. ৩৬ **উত্তর: ঘ**

সমাধানঃ ৩৬ সংখ্যাটি এর অঙ্কদ্বয়ের (৩ ও ৬) যোগফলের ৪ গুণ। ৩৬ এর সাথে ২৭ যোগ করলে অঙ্কদ্বয় স্থান পরিবর্তন করে সংখ্যাটি হয় ৬৩।

১৫৭. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার এককের অঙ্ক দশকের অঙ্ক অপেক্ষা ৩ বেশি। সংখ্যাটি অঙ্কদ্বয়ের সমষ্টির তিনগুণ অপেক্ষা ৪ বেশি। তাহলে সংখ্যাটি কত হবে? [১৪তম বিসিএস]

ক. ৪৭ খ. ৩৬ গ. ২৫ ঘ. ১৪ **উত্তর: গ**

সমাধানঃ ২৫ সংখ্যাটির এককের অঙ্ক ৫, দশকের অঙ্ক ২ অপেক্ষা ৩ বেশি। আবার প্রশ্নানুসারে ৫+২ = ৭×৩+৪ = ২৫ শর্তটিও মিলে যায়।

১৫৮. দুই অঙ্ক বিশিষ্ট একটি সংখ্যার অঙ্কদ্বয়ের সমষ্টি ৯। সংখ্যাটি হতে ৯ বিয়োগ করলে এর অঙ্কদ্বয় স্থান বিনিময় করে সংখ্যাটি কত? [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৩]

ক. ৩৪ খ. ৬৭ গ. ৫৪ ঘ. ২৩ **উত্তর: গ**

সমাধানঃ একক স্থানীয় অংক x হলে দশক স্থানীয় অংক (9 – x) ; সুতরাং সংখ্যাটি =10(9 - x) + x = 90 – 9x ; স্থান বিনিময়কৃত সংখ্যাটি = 10x + (9 - x) = 9x + 9 ; শর্তমতে, (90 – 9x) - 9 = 9x + 9 => 81 – 9x = 9x + 9 => 18x = 72 => x = 4 ; নির্ণেয় সংখ্যা = 90 - 9 × 4 = 54

১৫৯. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার দশক স্থানীয় অঙ্কটি একক স্থানীয় অঙ্ক থেকে ৫ বড়। সংখ্যাটি থেকে অঙ্কদ্বয়ের সমষ্টির ৫ গুণ বিয়োগ করলে অঙ্কদ্বয় স্থান বিনিময় করে। সংখ্যাটি কত? [উপজেলা / থানা সহকারী শিক্ষা অফিসার: ০৫]

ক. ৬১ খ. ৯৪ গ. ৭২ ঘ. ৮৩ **উত্তর: গ**

সমাধানঃ একক স্থানীয় অংক x হলে দশক স্থানীয় অংক x + 5 ; সুতরাং সংখ্যাটি =10(x + 5) + x = 11x + 50 ; স্থান বিনিময়কৃত সংখ্যাটি = 10x + x (x + 5) = 11x + 5 ; শর্তমতে, 11x + 50 – 5(x + x + 5) = 11x + 5 => x + 25 = 11x + 5 => 10x = 20 => x = 2 ; নির্ণেয় সংখ্যা = 11 × 2 + 50 = 72

১৬০. দুই অঙ্ক বিশিষ্ট কোন সংখ্যার অঙ্কদ্বয়ের সমষ্টি ৯। অঙ্ক দুইটি স্থান বিনিময় করলে যে সংখ্যা পাওয়া যায় তা প্রদত্ত সংখ্যা হতে ৪৫ কম। সংখ্যাটি নির্ণয় করুন। [বিটিভি'র প্রযোজক: ০৬]

ক. ৫৪ খ. ৬৩ গ. ৭২ ঘ. ৮১ **উত্তর: গ**

সমাধানঃ একক স্থানীয় অংক x হলে দশক স্থানীয় অংক (9 – x) ; সুতরাং সংখ্যাটি =10x + (9 - x) = 9x + 9 ; স্থান বিনিময়কৃত সংখ্যাটি = 10x + (9 - x) + x = 90 – 9x ; শর্তমতে, (90 – 9x) – (9x + 9) = 45 => 18x = 126 => x = 7 ; নির্ণেয় সংখ্যা = (9 × 7 + 9) = 72

১৬১. দুই অঙ্ক বিশিষ্ট একটি সংখ্যার অঙ্কদ্বয়ের স্থান বিনিময়ের ফলে ৫৪ বৃদ্ধি পায়। অঙ্ক দুইটির যোগফল ১২ হলে সংখ্যাটি কত? [৩৭তম বিসিএস]

ক. ৫৭ খ. ৭৫ গ. ৩৯ ঘ. ৯৩ **উত্তর: গ**

সমাধানঃ একক স্থানীয় অংক x হলে দশক স্থানীয় অংক (12 – x) ; সুতরাং সংখ্যাটি =10(12 - x) + x = 120 – 9x ; স্থান বিনিময়কৃত সংখ্যাটি = 10x + (12 - x) = 9x + 12 ; শর্তমতে, (9x + 12) – (120 – 9x) = 54 => 18x + 12 - 120 = 54 => 18x = 162 => x = 9 ; নির্ণেয় সংখ্যা = 120 - 9 × 9 = 39

১৬২. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার অঙ্কদ্বয় স্থান পরিবর্তন করলে সংখ্যাটি পূর্বাপেক্ষা ৫৪ বৃদ্ধি পায়। সংখ্যাটির অঙ্কদ্বয়ের পার্থক্য কত? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]

ক. ৩ খ. ৫ গ. ৬ ঘ. ৬ **উত্তর: গ**

সমাধানঃ একক স্থানীয় অংক x হলে দশক স্থানীয় অংক y ; সুতরাং সংখ্যাটি =10y + x ; স্থান বিনিময়কৃত সংখ্যাটি = 10x + y ; শর্তমতে, 10x + y = (10y + x) + 54 => 9x – 9y = 54 => 9(x – y) = 54 => x – y = 6

১৬৩. দুই অঙ্কবিশিষ্ট কোনো সংখ্যার দশকের অঙ্কের সাথে ৩ যোগ করলে এবং এককের অঙ্ক থেকে ৩ বিয়োগ করলে প্রাপ্ত সংখ্যাটি মূল সংখ্যার তিন গুণ হয়। সংখ্যাটি কত? [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৯]

ক. ১২ খ. ১৪ গ. ২৪ ঘ. ২৮ **উত্তর: খ**

সমাধানঃ মূল সংখ্যাটি x হলে পরিবর্তিত সংখ্যাটি 3x ; শর্তমতে, x + 3(10) – 2 = 3x => 2x = 28 => x = 14

১৬৪. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যাকে অঙ্কদ্বয়ের গুণফল দ্বারা ভাগ করলে ভাগফল হয় ৩, সংখ্যাটির সাথে ১৮ যোগ করলে অঙ্কদ্বয় স্থান বিনিময় করে। সংখ্যাটি কত? [উপজেলা / থানা শিক্ষা অফিসার: ০৫]

ক. ৩৬ খ. ৩০ গ. ১২০ ঘ. ২৪ **উত্তর: ঘ**

সমাধানঃ একক স্থানীয় অংক x হলে দশক স্থানীয় অংক y ; সুতরাং সংখ্যাটি =10y + x ; প্রথম শর্তমতে, $\frac{10y + x}{xy} = 3$; দ্বিতীয় শর্তমতে, 10y + x + 18 = 10x + y => 9x = 9y + 18 => x = y + 2 ; x এর মান প্রথম শর্তে বসিয়ে পাই = $\frac{10y + y + 2}{y(y + 2)} = 3$ => 11y + 2 = $3y^2$ + 6y => $3y^2$ – 5y – 2 = 0 => $3y^2$ – 6y + y – 2 = 0 => (y – 2) (3y + 1) = 0 ; নির্ণেয় সংখ্যা = 10 × 2 + 4 = 24

ভগ্নাংশ ও সরলীকরণ

০১. নিচের কোনটি প্রকৃত ভগ্নাংশ? [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৯]

ক. $\frac{৫}{৬}$ খ. $\frac{১২}{১০}$ গ. $\frac{৪}{৩}$ ঘ. $\frac{১৫}{৭}$ **উত্তর: ক**

সমাধানঃ যে ভগ্নাংশের লবের চেয়ে হর বড় তাকে প্রকৃত ভগ্নাংশ বলে।

০২. অপ্রকৃত ভগ্নাংশ কোনটি? [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরী অ্যাটেনডেন্ট: ২০]

ক. $\frac{৩}{৪}$ খ. $\frac{৯}{১৩}$ গ. $\frac{৭}{৪}$ ঘ. সবগুলোই **উত্তর: গ**

সমাধানঃ যে ভগ্নাংশের লবের চেয়ে হর ছোট তাকে অপ্রকৃত ভগ্নাংশ বলে।

০৩. কোনটি মিশ্র ভগ্নাংশ? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ১১]

ক. $\frac{১}{২}$ খ. $\frac{২}{৩}$ গ. $\frac{৪}{৩}$ ঘ. $৭\frac{১}{৪}$ **উত্তর: ঘ**

সমাধানঃ যে ভগ্নাংশে পূর্ণসংখ্যা যুক্ত থাকে তাকে মিশ্র ভগ্নাংশ বলে।

০৪. $\frac{৫}{৭}$ ভগ্নাংশটির হর কত? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ১১]

ক. ৫ খ. ৭ গ. ১২ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ ভগ্নাংশের উপরের সংখ্যাটিকে লব বলে আর নিচের সংখ্যাটিকে হর বলে।

০৫. শূন্য নয় এমন যে কোনো সংখ্যা দ্বারা ভগ্নাংশের লব ও হরকে গুণ করলে ভগ্নাংশের মানের ক্ষেত্রে কী ঘটে? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৩]

ক. মানের পরিবর্তন হয় গ. মান বৃদ্ধি পায় গ. মান হ্রাস পায় ঘ. মানের পরিবর্তন হয় না **উত্তর: খ**

০৬. **কোন ভগ্নাংশকে লঘিষ্ঠ আকারে প্রকাশ করতে হলে এর লব ও হরের গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক দিয়ে –** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জেলা প্রাথমিক শিক্ষা অফিসার: ৯৩]

ক. লব ও হরকে গুণ করতে হবে খ. লবকে গুণ করতে হবে গ. হরকে ভাগ করতে হবে ঘ. লব ও হরকে ভাগ করতে হবে **উত্তর: ঘ**

০৭. **কোন ভগ্নাংশটি লঘিষ্ঠ আকারে প্রকাশিত?** [২৪তম বিসিএস]

ক. $\frac{৭৭}{১৪৩}$ খ. $\frac{১০২}{২৮৯}$ গ. $\frac{১১৩}{৩৫৫}$ ঘ. $\frac{৩৪৩}{৪১০০১}$ **উত্তর: গ**

সমাধানঃ যে ভগ্নাংশের হর ও লবের ১ ব্যতীত অন্য কোনো সাধারণ উৎপাদক থাকে না তাকে ভগ্নাংশের লঘিষ্ঠ আকার বলে।

০৮. **০.৪৭ কে সাধারণ ভগ্নাংশে পরিণত করলে কত হবে?** [আমদানি-রপ্তানি দপ্তরের অফিস সহায়ক: ২০]

ক. $\frac{৪৭}{৯০}$ খ. $\frac{৪০}{১০}$ গ. $\frac{৪০}{৯৯}$ ঘ. $\frac{৪৭}{১০০}$ **উত্তর: ঘ**

সমাধানঃ $০.৪৭ = \frac{৪৭}{১০০}$

০৯. **১.১৬ এর সাধারণ ভগ্নাংশ কোনটি?** [২৯তম বিসিএস]

ক. $১\frac{১}{৬}$ খ. $১\frac{৮}{৪৫}$ গ. $১\frac{৪}{২৫}$ ঘ. $১\frac{১৬}{৯৯}$ **উত্তর: গ**

সমাধানঃ $১.১৬ = \frac{১৬৬}{১০০} = ১\frac{৪}{২৫}$

১০. $\frac{৩}{২০}$ **এর দশমিক ভগ্নাংশ কত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯০]

ক. ১.৫ খ. ০.০১৫ গ. ০.১৫ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

সমাধানঃ $\frac{৩}{২০} = \frac{৩ \times ৫}{২০ \times ৫} = \frac{১৫}{১০০} = ০.১৫$

১১. **০.৪৭ কে সাধারণ ভগ্নাংশে পরিণত করলে কত হবে?** [৩২তম বিসিএস]

ক. $\frac{৪৭}{৯০}$ খ. $\frac{৪৩}{৯০}$ গ. $\frac{৪৩}{৯৯}$ ঘ. $\frac{৪৭}{৯৯}$ **উত্তর: খ**

সমাধানঃ $০.৪৭ = \frac{৪৭ - ৪}{৯০} = \frac{৪৩}{৯০}$

১২. **০.২৪ এর সমান ভগ্নাংশটি –** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]

ক. $\frac{১}{৩}$ খ. $\frac{৮}{৩৩}$ গ. $\frac{৭}{২৪}$ ঘ. $\frac{৭}{৭২}$ **উত্তর: খ**

সমাধানঃ $০.\dot{২}\dot{৪} = \frac{২৪ - ০}{৯৯} = \frac{৮}{৩৩}$

১৩. **নিচের কোন ভগ্নাংশটি বৃহত্তম?** [৩৯তম বিসিএস]

ক. $\frac{৮}{১৪}$ খ. $\frac{৩}{৫}$ গ. $\frac{৫}{৮}$ ঘ. $\frac{৬}{১১}$ **উত্তর: গ**

সমাধানঃ যদি দুইটি ভগ্নাংশের প্রথমটির লব ও দ্বিতীয়টির হরের গুনফল, প্রথমটির হর ও দ্বিতীয়টির লবের গুনফল থেকে বড় হয়, তবে প্রথম ভগ্নাংশটি দ্বিতীয় ভগ্নাংশ থেকে বড়। $\frac{৩}{৫} > \frac{৮}{১৪}$ কারণ $(৩\times১৪) > (৮\times৫)$, আবার $\frac{৫}{৮} > \frac{৬}{১১}$ কারণ $(৫\times১১) > (৬\times৮)$, আবার $\frac{৫}{৮} > \frac{৩}{৫}$ কারণ $(৫\times৫) > (৩\times৮)$

১৪. **কোন সংখ্যাটি সবচেয়ে বড়?** [সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড সুপারভাইজার: ১৮]

ক. ০.২ খ. $\sqrt{০.০০৯}$ গ. $\sqrt{০.০১}$ ঘ. ০.২৮ **উত্তর: ঘ**

১৫. **কোনটি বৃহত্তম সংখ্যা?** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৫]

ক. ০.৯ খ. ০.০৯০ গ. ০.০০৯ ঘ. $\sqrt[৩]{০.০৯}$ **উত্তর: ঘ**

১৬. **সবচেয়ে বড় সংখ্যা কোনটি?** [দুদকের সহকারী পরিচালক: ২০]

ক. ০.০০৯৯ খ. ০.১০০ গ. $\frac{৯}{১০০}$ ঘ. $\frac{৯}{১০০০}$ **উত্তর: খ**

১৭. **কোন সংখ্যাটি বৃহত্তম?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার: ১৭]

ক. $\sqrt{০.৩}$ খ. ০.৩ গ. $\frac{১}{৩}$ ঘ. $\frac{২}{৫}$ **উত্তর: ক**

১৮. **নিচের কোন সংখ্যাটি সবচেয়ে বড়?** [শ্রম পরিদপ্তরের শ্রম কর্মকর্তা: ০৩]

ক. $\frac{১}{২}$ খ. $\sqrt{০.০২}$ গ. $(০.২)^২$ ঘ. $(০.২)^৩$ **উত্তর: ক**

১৯. **কোন সংখ্যাটি সবচেয়ে বড়?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৮]

ক. $\frac{১}{৫}$ খ. $\frac{১}{৪}$ গ. $\frac{১}{২}$ ঘ. $\frac{১}{১০}$ **উত্তর: গ**

২০. **কোনটি সবচেয়ে ছোট?** [৩১তম বিসিএস]

ক. $\frac{২}{১১}$ খ. $\frac{৩}{১১}$ গ. $\frac{২}{১৩}$ ঘ. $\frac{৪}{১৫}$ **উত্তর: গ**

সমাধানঃ যদি দুইটি ভগ্নাংশের প্রথমটির লব ও দ্বিতীয়টির হরের গুনফল, প্রথমটির হর ও দ্বিতীয়টির লবের গুনফল থেকে বড় হয়, তবে প্রথম ভগ্নাংশটি দ্বিতীয় ভগ্নাংশ থেকে বড় এবং দ্বিতীয় ভগ্নাংশটি প্রথম ভগ্নাংশ থেকে ছোট। $\frac{২}{১১} < \frac{৩}{১১}$ কারণ $(২\times১১) < (৩\times১১)$, আবার $\frac{২}{১৩} < \frac{৪}{১৫}$ কারণ $(২\times১৫) < (৪\times১৩)$, আবার $\frac{২}{১৩} < \frac{২}{১১}$ কারণ $(২\times১১) < (২\times১৩)$

২১. **নিচের কোনটি ক্ষুদ্রতম সংখ্যা?** [৩০তম বিসিএস]

ক.০.৩ খ. $\sqrt{০.৩}$ গ. $\frac{১}{৩}$ ঘ. $\frac{২}{৫}$ **উত্তর: ক**

২২. **নিচের সংখ্যাগুলোর মধ্যে ক্ষুদ্রতম কোনটি?** [ডেসকো'রসুপারভাইজার: ১৯]

ক. $\frac{১}{০.৩}$ খ. ০.৩ গ.০.৩৩ ঘ. $(০.৩)^২$ **উত্তর: ঘ**

২৩. **নিচের সংখ্যাগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম?** [আমদানি-রপ্তানি দপ্তরের অফিস সহায়ক: ২০]

ক. ০.৩ খ. $\sqrt{০.৩}$ গ. $\frac{২}{৩}$ ঘ. $\frac{২}{৫}$ **উত্তর: ক**

২৪. **যদি $\frac{১৭}{২৪}, \frac{১}{২}, \frac{৩}{৮}, \frac{৩}{৪}$ এবং $\frac{৯}{১৬}$ সংখ্যাগুলো বৃহত্তম হতে ক্ষুদ্রতমভাবে সাজানো হয়, তাহলে মাঝখানের সংখ্যাটি কত হবে?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]

ক. $\frac{১৭}{২৪}$ খ. $\frac{১}{২}$ গ. $\frac{৩}{৮}$ ঘ. $\frac{৯}{১৬}$ **উত্তর: ঘ**

২৫. **এক-দশমাংশ, এক-শতাংশ এবং এক-সহস্রাংশ এর গড় হবে?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী লাইব্রেরিয়ান: ১৮]

ক. ০.০৩৭ খ. ০.১১১ গ. ০.০০৩ ঘ. ০.০১ **উত্তর: ক**

সমাধানঃ এক-দশমাংশ, এক-শতাংশ এবং এক-সহস্রাংশ এর গড় $= \frac{০.১ + ০.১ + ০.০০১}{৩} = ০.০৩৭$

২৬. **১.৯৮, ৩ এর ৬০% এবং $\sqrt{৩}$ কে মানের নিম্নক্রমানুসারে সাজালে হবে -** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]

ক. ১.৯৮, ৩ এর ৬০%, $\sqrt{৩}$ খ. $\sqrt{৩}$, ৩ এর ৬০%, ১.৯৮ গ. ৩ এর ৬০%, $\sqrt{৩}$, ১.৯৮ ঘ. ৩ এর ৬০%, ১.৯৮, $\sqrt{৩}$ **উত্তর: ক**

২৭. **$\sqrt{২}, \frac{১১}{১০}$, ০.৯ কে মানের উর্ধ্বক্রমানুসারে সাজালে নিচের কোনটি শুদ্ধ উত্তর হবে?** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১২]

ক. $\sqrt{২}, \frac{১১}{১০}$, ০.৯ খ. ০.৯, $\sqrt{২}, \frac{১১}{১০}$ গ. $\frac{১১}{১০}$, ০.৯, $\sqrt{২}$ ঘ. ০৯, $\frac{১১}{১০}, \sqrt{২}$ **উত্তর: গ**

২৮. **$\frac{৩}{\sqrt{১২}}$ নিচের কোনটির সমান?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০৯]

ক. $\frac{\sqrt{২}}{৩}$ খ. $\frac{\sqrt{৩}}{২}$ গ. $\frac{\sqrt{৩}}{১২}$ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ $\frac{৩}{\sqrt{১২}} = \frac{৩}{\sqrt{৩\times৪}} = \frac{\sqrt{৩}\times\sqrt{৩}}{২\sqrt{৩}} = \frac{\sqrt{৩}}{২}$

২৯. **$\frac{২}{?} = \frac{?}{১৮}$ কোন সংখ্যাটি প্রশ্নবোধক চিহ্নিত দুইটি স্থানে বসবে?** [৩৫তম বিসিএস]

ক. ৩ খ. ৬ গ. ৯ ঘ. ৩৬ **উত্তর: খ**

সমাধানঃ প্রশ্নবোধক স্থানের সংখ্যাটি ক হলে আমরা পাই, $\frac{২}{ক} = \frac{ক}{১৮}$ => ক×ক = ২×১৮ => $ক^২$ = ৩৬ => ক = ৬

৩০. **$\frac{৭}{?} = \frac{?}{৩৪৩}$ দুইটি প্রশ্নবোধক চিহ্নের জায়গায় কোন সংখ্যাটি বসবে?** [৩৫তম বিসিএস]

ক. ৭ খ. ৭৭ গ. ৩৪৩ ঘ. ৪৯ **উত্তর: ঘ**

সমাধানঃ $\frac{৭}{ক} = \frac{ক}{৩৪৩}$ => $ক^২$ = ২৪০১ => ক = ৪৯

৩১. **$\frac{৯}{১০} = \frac{২৭}{ক}$ হলে 'ক' এর মান কত?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]

ক. ১০ খ. ৩০ গ. ৬০ ঘ. ৯০ **উত্তর: খ**

সমাধানঃ $\frac{৯}{১০} = \frac{২৭}{ক}$ => ৯ক = ২৭০ => ক = ৩০

৩২. কোন সংখ্যা হ্রাস পেলে $\frac{৩}{৪}$ হবে? [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার: ১৭]

ক. $\frac{২৫}{৪২}$ খ. $\frac{৫}{৪২}$ গ. $\frac{২৫}{২৪}$ ঘ. $\frac{১৫}{৪২}$ **উত্তর: ক**

সমাধানঃ অপশনে প্রদত্ত ভগ্নাংশগুলোর মধ্যে বৃহত্তম ভগ্নাংশই হবে নির্ণেয় সংখ্যা।

৩৩. কোন ভগ্নাংশটি $\frac{১}{৩}$ অপেক্ষা বড়? [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর: ১৮]

ক. $\left(\frac{১}{৩}\right)^২$ খ. $\frac{১}{০.০৩}$ গ. ০.০৩ ঘ.০.৩০ **উত্তর: খ**

সমাধানঃ অপশনে প্রদত্ত ভগ্নাংশগুলোর মধ্যে বৃহত্তম ভগ্নাংশই হবে নির্ণেয় সংখ্যা।

৩৪. নিম্নে বর্ণিত ভগ্নাংশের কোনটি $\frac{১}{২}$ এর চেয়ে বেশি? [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১১]

ক. $\frac{৩১}{৬০}$ খ. $\frac{৩২}{৬৫}$ গ. $\frac{৭}{১৫}$ ঘ. $\frac{৩০}{৬১}$ **উত্তর: ক**

৩৫. নিচের কোন ভগ্নাংশটি $\frac{৩}{৫}$ থেকে বড় এবং $\frac{৬}{৭}$ থেকে ছোট? [ডেসকো'র সুপারভাইজার: ১৯]

ক. $\frac{১}{৮}$ খ. $\frac{১}{৩}$ গ. $\frac{২}{৩}$ ঘ. $\frac{১}{২}$ **উত্তর: গ**

৩৬. নিচের কোন ভগ্নাংশটি $\frac{৩}{৪}$ থেকে ছোট এবং $\frac{১}{৩}$ থেকে বড়? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]

ক. $\frac{১}{৬}$ খ. $\frac{১৭}{২৪}$ গ. $\frac{৩৭}{৪৮}$ ঘ. $\frac{১}{১২}$ **উত্তর: খ**

৩৭. $৩ + \frac{৩}{২} = ?$ [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৪]

ক. $\frac{১}{২}$ খ. ২ গ. ৩ ঘ. $\frac{৯}{২}$ **উত্তর: ঘ**

সমাধানঃ $৩ + \frac{৩}{২} = \frac{৬+৩}{২} = \frac{৯}{২}$

৩৮. $\frac{১}{৪} + \frac{১}{১২} + \frac{১}{৩} = ?$ [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরী অ্যাটেনডেন্ট: ২০]

ক. $\frac{৩}{৪}$ খ. $\frac{২}{৩}$ গ. $\frac{৭}{১২}$ ঘ. ১ **উত্তর: খ**

সমাধানঃ $\frac{১}{৪} + \frac{১}{১২} + \frac{১}{৩} = \frac{৩+১+৪}{১২} = \frac{৮}{১২} = \frac{২}{৩}$

৩৯. $২\frac{১}{২} + ২ + ১\frac{১}{২} - ৩ = ?$ [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৪]

ক. $২\frac{১}{৪}$ খ. $\frac{১}{২}$ গ. ৩ ঘ. $৪\frac{৩}{৪}$ **উত্তর: গ**

সমাধানঃ $২\frac{১}{২} + ২ + ১\frac{১}{২} - ৩ = \frac{৫}{২} + ২ + \frac{৩}{২} - ৩ = \frac{৫+৩}{২} - ১ = ৪ - ১ = ৩$

৪০. $\frac{১}{৮০}$ থেকে $\frac{১}{৪০}$ বিয়োগ করে বিয়োগফলকে দশমিকে প্রকাশ করলে কত হয়? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক: ০১]

ক. ০.২২৫ খ. - ০.০১২৫ গ. ০.২৫ ঘ. ০.০৫ **উত্তর: খ**

সমাধানঃ $\frac{১}{৮০} - \frac{১}{৪০} = \frac{১-২}{৮০} = -\frac{১}{৮০} = -০.০১২৫$

৪১. $\frac{৩}{৫} \times \frac{৭}{৯} =$ কত? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]

ক. $\frac{১০}{১৪}$ খ. $\frac{২৭}{৩৫}$ গ. $\frac{৩৫}{২৭}$ ঘ. $\frac{৭}{১৫}$ **উত্তর: ঘ**

সমাধানঃ $\frac{৩}{৫} \times \frac{৭}{৯} = \frac{২১}{৪৫} = \frac{৭}{১৫}$

৪২. $\frac{৩}{৫} + ০.১ + ০.০৫ =$ কত? [বিবিএস'র পরিসংখ্যান কর্মকর্তা: ১০]

ক. $\frac{১৭}{২০}$ খ. $\frac{৭}{২০}$ গ. $\frac{১৫}{২০}$ ঘ. $\frac{১৩}{২০}$ **উত্তর: গ**

সমাধানঃ $\frac{৩}{৫} + ০.১ + ০.০৫ = \frac{৩}{৫} + \frac{১}{১০} + \frac{৫}{১০০} = \frac{৩}{৫} + \frac{১}{১০} + \frac{১}{১০} = \frac{১২+২+১}{২০} = \frac{১৫}{২০}$

৪৩. **১.১, ০.০১ ও ০.০০১১ এর সমষ্টি কত?** [২৯তম বিসিএস]

ক. ০.০১১১১ খ. ১.১১১১ গ. ১.১০১১১ ঘ. ১১.১১০১ **উত্তর: খ**

সমাধানঃ ১.১ + ০.০১ + ০.০০১১ = ১.১০০০ + ০.০১০০ + ০.০০১১ = ১.১১১১

৪৪. **০.১৬২৩ - ৩১ = কত?** [আমদানি-রপ্তানি দপ্তরের অফিস সহায়ক: ২০]

ক. - ৩০.৮৩৭৭ খ. - ২৯.০৩৭৭ গ. - ৩২.৮২৪৬ ঘ. - ৩১.০৩৭৭ **উত্তর: ক**

সমাধানঃ ০.১৬২৩ - ৩১ = - (৩১.০০০০ - ০.১৬২৩) = - ৩০.৮৩৭৭

৪৫. **৮.০০০১ - ০.১ - ০.০১ = কত?** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক: ০৭]

ক. ৭.০৮৯১ খ. ৭.৮৯০১ গ. ৭.০০৮৯ ঘ. ৭.৭০০৯ **উত্তর: খ**

সমাধানঃ ৮.০০০১ - ০.১ - ০.০১ = ৮.০০০১ - (০.১০+০.০১) = ৮.০০০১ - ০.১১ = ৮.০০০১ - ০.১১০০ = ৭.৮৯০১

৪৬. **৬.৪৩ × ১০ = কত?** [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৯]

ক. ৬৪৩ খ. ৬৪.৩ গ.০.০৬৪৩ ঘ. ০.৬৪৩ **উত্তর: খ**

সমাধানঃ ৬.৪৩×১০ = ৬৪.৩

৪৭. **০.০২৪ × $১০^৫$ = ?** [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ১৬]

ক. ২৪০০০ খ. ২৪০০০০ গ.২৪০০০০০ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ ০.০২৪ × $১০^৬$ = ২৪০০০

৪৮. **.০৩ × .০০৬ × .০০৭ = কত?** [৩৫তম বিসিএস]

ক. ০.০০০১২৬ খ. ০.০০০১২৬০ গ. ০.০০০০০১২৬ ঘ. ০.১২৬০০০ **উত্তর: গ**

সমাধানঃ পূর্ণ সংখ্যার গুণফল = ৩×৬×৭ = ১২৬। দশমিক বিন্দুর অবস্থান ২ + ৩ + ৩ = ৮ ঘর। তাহলে গুনফল হবে = ০.০০০০০১২৬

৪৯. **০.১ × ০.১ × ০.১ = কত?** [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]

ক. ১ খ. ০.০১ গ. ০.০০১ ঘ. ০.০০০১ **উত্তর: গ**

সমাধানঃ পূর্ণ সংখ্যার গুণফল = ১×১×১ = ১। দশমিক বিন্দুর অবস্থান = ১+১+১ = ৩ ঘর। তাহলে গুণফল হবে = ০.০০১

৫০. **০.১ × ০.০১ + ১ এর মান কত?** [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ১৯]

ক. ১.০১ খ. ১.০০১ গ.২.০১ ঘ. .০০১ **উত্তর: খ**

সমাধানঃ ০.১ × ০.০১ + ১ = ০.০০১ + ১ = ১.০০১

৫১. **০.১ × ০.০১ ÷ ১ এর মান কত?** [বিআরইবি'র লাইনম্যান: ১৯]

ক. ১.০০১ খ. ১.০১ গ. ২.০১ ঘ. ০.০০১ **উত্তর: ঘ**

সমাধানঃ ০.১ × ০.০১ ÷ ১ = ০.১ × ০.০১ = ০.০০১

৫২. **০.১, ০.০০০৯, ০.০২০, ০.০০১ উপরের দশমিক সংখ্যাগুলোর বৃহত্তম সংখ্যা দ্বারা ক্ষুদ্রতম সংখ্যা গুণ করলে গুণফল কত হবে?** [আইসিটি বিভাগের সহকারী প্রোগ্রামার: ১৭]

ক. ০.০০০০৯ খ. ০.০০০১ গ. ০.০০১৮ ঘ. ০.০০০১৮ **উত্তর: ক**

সমাধানঃ বৃহত্তম সংখ্যা = ০.১, ক্ষুদ্রতম সংখ্যা = ০.০০০৯। তাদের গুণফল = ০.১×০.০০০৯ = ০.০০০০৯

৫৩. $\frac{৪}{৫} \times \frac{৫}{৮} \times \frac{১}{৩} \times \frac{৩}{৫}$ = কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯২]

ক. $\frac{৩}{১০}$ খ. $\frac{১}{৩}$ গ. $\frac{২}{৩}$ ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

সমাধানঃ $\frac{৪}{৫} \times \frac{৫}{৮} \times \frac{১}{৩} \times \frac{৩}{৫} = \frac{৪}{৮} \times \frac{১}{৫} = \frac{১}{১০}$

৫৪. **০.০৯ : ১০ = কত?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ১৩]

ক. .৯ খ. .০৯ গ. .০০৯ ঘ. ০.৯০ **উত্তর: গ**

সমাধানঃ ০.০৯ ÷ ১০ = $\frac{৯}{১০০} \times \frac{১}{১০} = \frac{৯}{১০০০}$ = ০.০০৯

৫৫. **৩.১২৫ কে ২.৫ দ্বারা ভাগ করলে ভাগফল কত?** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ১০]

ক. ১.৩৫ খ. ১.৪০ গ. ১.২৫ ঘ. ১.৩০ **উত্তর: গ**

সমাধানঃ $\frac{৩.১২৫}{২.৫} = \frac{৩১.২৫}{২৫}$ = ১.২৫

৫৬. **১ (এক) কে দুই ভাগ করলে কত হয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের হিসাবরক্ষক: ১১]

ক..৬ খ. .৩ গ. .৪ ঘ. ০.৫ **উত্তর: ঘ**

সমাধানঃ $\frac{১}{২}$ = ০.৫

৫৭. **১ ÷ ১০০ = কত?** [বিআরইবি'র লাইনম্যান: ১৯]

ক. ০.১ খ. ০.০১ গ. ০.০০১ ঘ. ১.০০১ **উত্তর: খ**

সমাধানঃ $\frac{১}{১০০} = ০.০১$

৫৮. ৪ ÷ ০.১২৫ = কত? [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার: ১৭]

ক. ৬৪ খ. ৬.৪ গ. ৩২ ঘ. ৩.২ **উত্তর: গ**

সমাধানঃ $৪ \div ০.১২৫ = \frac{৪}{০.১২৫} = ৩২$

৫৯. (৪ × ১৫) + ১০ = কত? [মৎস্য অধিদপ্তরের হিসাবরক্ষক: ১৮]

ক. ৪০ খ. ৫০ গ. ৬০ ঘ. ৭০ **উত্তর: ঘ**

সমাধানঃ (৪×১৫) + ১০ = ৬০ + ১০ = ৭০ [BODMAS = ব্রাকেট, এর, ভাগ, গুণ, যোগ, বিয়োগ]

৬০. ২৫ × ০ × ১ = কত? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ১৪]

ক. ২৫ খ. ০ গ. ৫০ ঘ. ১ **উত্তর: খ**

সমাধানঃ ২৫ × ০ × ১ = ০ [০ দিয়ে যেকোনো সংখ্যাকে গুণ দিলে শূন্য হয়]

৬১. ১২ - ৬ ÷ ৪ + ৩ = কত? [মৎস্য অধিদপ্তরের হিসাবরক্ষক: ১৮]

ক. ১৬ খ. ১৪ গ. ১৮ ঘ. ১৩.৫ **উত্তর: ঘ**

সমাধানঃ ১২ - ৬ ÷ ৪ + ৩ = ১৩.৫ [BODMAS = ব্রাকেট, এর, ভাগ, গুণ, যোগ, বিয়োগ]

৬২. $\sqrt{৬০} + \sqrt{১৫} - \sqrt{১৩৫}$ এর মান কত? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ০ খ. ১ গ. $\sqrt{২}$ ঘ. $\sqrt{৩}$ **উত্তর: ক**

সমাধানঃ $\sqrt{৬০} + \sqrt{১৫} - \sqrt{১৩৫} = \sqrt{৪\times৩\times৫} + \sqrt{৩\times৫} + \sqrt{৩\times৩\times৩\times৫} = ২\sqrt{১৫} + \sqrt{১৫} - ৩\sqrt{১৫} = ৩\sqrt{১৫} - ৩\sqrt{১৫} = ০$

৬৩. - ২ + (-২) - {- (২)} - ২ এর মান কত? [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১০]

ক. - ৬ খ. - ৪ গ. - ২ ঘ. ৪ **উত্তর: খ**

সমাধানঃ - ২ - ২ + ২ - ২ = - ৪ [BODMAS = ব্রাকেট, এর, ভাগ, গুণ, যোগ, বিয়োগ]

৬৪. (৯ + ৩) ÷ ৩ × ২ - (৭ - ৩ × ২) = কত? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকতা: ১৮]

ক. ০ খ. ১ গ. ৪ ঘ. ৭ **উত্তর: ঘ**

সমাধানঃ ১২ ÷ ৩ × ২ - ১ = ৪ × ২ - ১ = ৭ [BODMAS = ব্রাকেট, এর, ভাগ, গুণ, যোগ, বিয়োগ]

৬৫. (২ - ১) (২ + ১) ($২^২ - ১^২$) ($২^২ + ১^২$) = কত? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]

ক. ৪২ খ. ৪৪ গ. ৪৫ ঘ. ৫০ **উত্তর: গ**

সমাধানঃ (২-১) (২+১) ($২^২-১^২$) ($২^২+১^২$) = ১×৩×৩×৫ = ৪৫ [BODMAS = ব্রাকেট, এর, ভাগ, গুণ, যোগ, বিয়োগ]

৬৬. (১৯ × ১০) - (২৩৫ + ৩৩৫) + (৩৪২ + ১২৮) = কত? [বিজেএমসি'র হিসাব কর্মকর্তা: ১৭]

ক. ১২০ খ. ১৩০ গ. ৯০ ঘ. ১৮০ **উত্তর: গ**

সমাধানঃ (১৯×১০) - (২৩৫+৩৩৫) + (৩৪২+১২৮) = ১৯০ - ৫৭০ + ৪৭০ = ৯০ [BODMAS = ব্রাকেট, এর, ভাগ, গুণ, যোগ, বিয়োগ]

৬৭. (২) × (-২) × (-২) × (২) × (২) × (-২) × (-১) × $(-\frac{১}{২})$ = কত? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]

ক. ৩২ খ. - ৩২ গ. ৬৪ ঘ. - ৬৪ **উত্তর: খ**

সমাধানঃ $(-৪) \times (-৪) \times (-৪) \times (\frac{১}{২}) = ৬৪ \times \frac{১}{২} = - ৩২$

৬৮. (-৪) এবং (+৩) এর গুণফলকে (-২) দিয়ে ভাগ দিলে কত হবে? [শ্রম পরিদপ্তরের শ্রম কর্মকর্তা: ০৩]

ক. - ৬ খ. + ৬ গ. $\frac{১}{২}$ ঘ. $\frac{৭}{২}$ **উত্তর: খ**

সমাধানঃ (-৪) × (+৩) = - ১২, আবার $\frac{-১২}{-২} = + ৬$

৬৯. {- ১০ - (- ৭)} অপেক্ষা {- ১০ + (- ৭)} কত বড় বা ছোট? [সিএজি কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]

ক. - ১৭ খ. - ২০ গ. - ১৯ ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

সমাধানঃ {- ১০ + (-৭)} - {- ১০ - (-৭)} = - ১০ - ৭ + ১০ - ৭ = - ১৪

৭০. Divide 30 by half and add 10. What do you get? [২৮তম বিসিএস]

ক. ২৫ খ. ৪৫ গ. ৫৫ ঘ. ৭০ **উত্তর: ঘ**

সমাধানঃ $(৩০ \div \frac{১}{২}) + ১০ = (৩০\times২) + ১০ = ৬০ + ১০ = ৭০$

৭১. - ১ হতে কত বিয়োগ করলে বিয়োগফল শূন্য হবে? [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]

ক. ১ খ. ২ গ. - ১ ঘ. - ২ **উত্তর: গ**

সমাধানঃ - ১ - (-১) = - ১ + ১ = ০

৭২. ৩২৯ × ৪১২ হতে কত বিয়োগ করলে বিয়োগফল ৩২৯ + ৪১২ এর সমান হবে? [সমাজসেবা অধিদপ্তরে সহকারী শিক্ষক: ০৫]

ক. ৮০৭৪৩১ খ. ৮০৭১৩৪ গ. ১৩৪৮০৭ ঘ. ৭০৮১৪৩ **উত্তর: গ**

সমাধানঃ (৩২৯ × ৪১২) - ক = (৩২৯+৪১২) => - ক = ৭৪১ - ১৩৫৫৪৮ => ক = ১৩৪৮০৭

৭৩. $\frac{২}{৩} \div \frac{৪}{৫}$ এর $\frac{২০}{২১}$ = কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. $\frac{১}{৩}$ খ. $\frac{৮}{২১}$ গ. $\frac{৭}{৮}$ ঘ. $\frac{৫}{৬০}$ **উত্তর: গ**

সমাধানঃ $\frac{২}{৩} \div \frac{৪}{৫}$ এর $\frac{২০}{২১}$ $\Rightarrow \frac{২}{৩} \div \frac{৮০}{১০৫} \Rightarrow \frac{২ \times ১০৫}{৩ \times ৮০} = \frac{৭}{৮}$ [BODMAS = ব্রাকেট, এর, ভাগ, গুণ, যোগ, বিয়োগ]

৭৪. $১\frac{২}{৩}$ এর $\frac{১}{৫} \div \frac{১}{৯}$ কত? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের হিসাব রক্ষক: ১১]

ক. ৫ খ. ৩ গ. ৪ ঘ. ৬ **উত্তর: খ**

সমাধানঃ $১\frac{২}{৩}$ এর $\frac{১}{৫} \div \frac{১}{৯} \Rightarrow \frac{৫}{৩}$ এর $\frac{১}{৫} \div \frac{১}{৯} \Rightarrow \frac{৫}{১৫} \div \frac{১}{৯} \Rightarrow \frac{৫}{১৫} \times \frac{৯}{১} = ৩$

৭৫. $\frac{৫ \div ১৫ \times ১৫}{৫ \div ১৫ \text{ এর } ১৫}$ সরল করলে তার মান হবে - [১১তম বিসিএস]

ক. ০ খ. ১ গ. ২২৫ ঘ. $\frac{১}{২২৫}$ **উত্তর: গ**

সমাধানঃ $\frac{৫ \div ১৫ \times ১৫}{৫ \div ১৫ \text{ এর } ১৫} = \frac{৫ \div ১৫ \times ১৫}{৫ \div ২২৫} = \frac{৫}{\frac{১}{৪৫}} = ২২৫$

৭৬. $\frac{২১ \times ২১ \text{ এর } ২১}{২১ \div ২১ \times ২১}$ এর সরল মান হবে - [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা: ১৭]

ক. ৪৪১ খ. ১ গ. ০ ঘ. ২ **উত্তর: ক**

সমাধানঃ $\frac{২১ \times ২১ \text{ এর } ২১}{২১ \div ২১ \times ২১} = \frac{২১ \times ৪৪১}{১ \times ২১} = ৪৪১$

৭৭. $\frac{\frac{১}{৩} \times ৬}{\frac{৪}{৬} \times \frac{১২}{২}} + \frac{৩}{৪}$ = কত? [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১২]

ক. $\frac{১}{১২}$ খ. $১\frac{১}{৪}$ গ. $\frac{৭}{৪}$ ঘ. $\frac{৪}{৫}$ **উত্তর: খ**

সমাধানঃ $\frac{\frac{১}{৩} \times ৬}{\frac{৪}{৬} \times \frac{১২}{২}} + \frac{৩}{৪} = \frac{২}{৪} + \frac{৩}{৪} = \frac{৫}{৪} = ১\frac{১}{৪}$

৭৮. $১ \div \frac{৮}{৯}\left(\frac{৫}{৮} + \frac{৩}{৮}\right)$ কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ১ খ. $১\frac{১}{৮}$ গ. $\frac{৮}{৯}$ ঘ. $\frac{১}{৯}$ **উত্তর: খ**

সমাধানঃ $১ \div \frac{৮}{৯}\left(\frac{৫}{৮} + \frac{৩}{৮}\right) = ১ \div \frac{৮}{৯}\left(\frac{৫+৩}{৮}\right) = ১ \times \frac{৯}{৮} = ১\frac{১}{৮}$

৭৯. ০.০১ + ? = ০.০১ হলে প্রশ্নবোধক চিহ্নিত স্থানে কত বসবে? [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৫]

ক. ০.১১ খ. ০.১ গ. ০.০১ ঘ. ০ **উত্তর: ঘ**

সমাধানঃ ০.০১ + ক = ০.০১ => ক = ০.০১ - ০.০১ = ০

৮০. $(০.০১ \times ১)^২$ = কত? [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৩]

ক. ০.১ খ. ০.০১ গ. ০.০০১ ঘ. ০.০০০১ **উত্তর: ঘ**

সমাধানঃ $(০.০১ \times ১)^২ = (০.০১)^২ = ০.০১ \times ০.০১ = ০.০০০১$

৮১. $\frac{০.০০১}{০.১ \times ০.১}$ = কত? [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৩]

ক. ০.০০০১ খ. ০.০১ গ. ০.১ ঘ. ১.০ **উত্তর: গ**

সমাধানঃ $\frac{০.০০১}{০.১ \times ০.১} = \frac{০.০০১}{০.০১} = \frac{০.০০১}{০.০১০} = ০.১$

৮২. $\frac{(০.৫)^২ + ২}{০.০৯}$ = কত? [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৩]

ক. ৫ খ. ৫০ গ. ২৫ ঘ. ০.৫ **উত্তর: গ**

সমাধানঃ $\frac{(০.৫)^২ + ২}{০.০৯} = \frac{০.২৫ + ২}{০.০৯} = \frac{২.২৫}{০.০৯} = \frac{২২৫}{৯} = ২৫$

৮৩. $\frac{০.১ \times ০.১}{? - ০.১} = ১.০$ হলে প্রশ্নবোধক চিহ্নের ঘরে কত বসবে? [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৬]

ক. ০.১১ খ. ০.১ গ. ০.১১ ঘ. ১.০১ **উত্তর: খ**

৮৪. ০.৩ × ৩০ ÷ ১০ = কত? [সমবায় অধিদপ্তরের পরিদর্শক: ৯৭]

ক. ০.০৯ খ. ০.৯ গ. ০.০০৯ ঘ. ৯ **উত্তর: খ**

সমাধানঃ ০.৩ × ৩০ ÷ ১০ = ০.৩ × ৩ = ০.৯

৮৫. $\frac{০.১ \times ০.২ \times ০.০০৩}{০.০১ \times ০.০২ \times ০.০৩}$ এর মান কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]

ক. ০.১ খ. ০.০১ গ. ০.০০১ ঘ. ১০ **উত্তর: ঘ**

সমাধানঃ $\frac{০.১ \times ০.২ \times ০.০০৩}{০.০১ \times ০.০২ \times ০.০৩} = \frac{০.০০০০৬}{০.০০০০০৬} = \frac{০.০০০০৬০}{০.০০০০০৬} = \frac{৬০}{৬} = ১০$

৮৬. $\frac{০.২ \times ০.০২ \times ০.০০২}{০.১ \times ০.০৪}$ এর মান কত? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]

ক. ০.১ খ. ০.২ গ. ০.০২ ঘ. ০.০০২ **উত্তর: ঘ**

সমাধানঃ $\frac{০.২ \times ০.০২ \times ০.০০২}{০.১ \times ০.০৪} = \frac{০.০০০০০৮}{০.০০৪} = \frac{০.০০০০০৮}{০.০০৪০০০} = \frac{৮}{৪০০০} = ০.০০২$

৮৭. $\frac{০.১ \times ১.১ \times ১.২}{০.০১ \times ০.০২}$ এর মান কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ৫৫০ খ. ২০০ গ. ১২০ ঘ. ৬৬০ **উত্তর: ঘ**

সমাধানঃ $\frac{০.১ \times ১.১ \times ১.২}{০.০১ \times ০.০২} = \frac{০.১৩২}{০.০০০২} = \frac{১৩২০}{২} = ৬৬০$

৮৮. $\frac{০.৪ \times ০.০৫ \times ০.০২}{০.০১} = ?$ [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ১৮]

ক. ০.৪ খ. ০.০৪ গ. ০.০০৪ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ $\frac{০.৪ \times ০.০৫ \times ০.০২}{০.০১} = \frac{০.০০৪০}{০.০১} = ০.০৪$

৮৯. $\frac{০.০৪ \times ০.০৫ \times ০.০২}{০.০১} =$ কত? [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০৯]

ক. ০.৪ খ. ০.০৪ গ. ০.০০৪ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ $\frac{০.৪ \times ০.০৫ \times ০.০২}{০.০১} = \frac{০.০০৪০}{০.০১} = ০.০৪$

৯০. $\frac{০.১ \times ০.০১ \times ১.০০১}{০.২ \times ০.০২ \times ০.০০২}$ এর মান কত? [১০ম বিসিএস]

ক. $\frac{১}{৮}$ খ. $\frac{১}{৮০}$ গ. $\frac{১}{৮০০}$ ঘ. $\frac{১}{৮০০০}$ **উত্তর: ক**

সমাধানঃ $\frac{০.১ \times ০.০১ \times ০.০০১}{০.২ \times ০.০২ \times ০.০০২} = \frac{০.০০০০০১}{০.০০০০০৮} = \frac{১}{৮}$

৯১. $\{(১২ \div ৩) \times ২\}^৩ =$ কত? [মৎস্য অধিদপ্তরের হিসাবরক্ষক: ১৮]

ক. ৬৪ খ. ৪১৫ গ. ৬৪ ঘ. ৫১২ **উত্তর: ঘ**

সমাধানঃ $\{(১২ \div ৩) \times ২\}^৩ = (৪ \times ২)^৩ = ৮^৩ = ১২৫$

৯২. ৩.০০০১০ + ৫ × ১০$^{-৩}$ = কত? [আইসিটি বিভাগের সহকারী প্রোগ্রামার: ১৭]

ক. ৩.০০৫১০ খ.৩.০৫০১০ গ.৩.০০০১৫ ঘ.৩.০০০৬০ **উত্তর: ক**

সমাধানঃ ৩.০০০১০ + ৫ × ১০$^{-৩}$ = ৩.০০০১০ + $\frac{৫}{১০^৩}$ = ৩.০০০১০ + $\frac{৫}{১০০০}$ = ৩.০০০১০ + ০.০০৫ = ৩.০০৫১০

৯৩. [৩.৭৫ {৭.৮ - ২.৩ - (১২.৭৫ - ৯.২৫)}] - ৫ = কত? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের চীফ ইন্সট্রাক্টর: ০৩]

ক. ১.৭ খ. ১.৫ গ. ১.৪ ঘ. ২.৫ **উত্তর: ঘ**

সমাধানঃ [৩.৭৫ {৭.৮ - ২.৩ - (১২.৭৫ - ৯.২৫)}] - ৫ = [৩.৭৫ {৭.৮ - ২.৩ - ৩.৫}] - ৫ = [৩.৭৫ × ২] - ৫ = ৭.৫ - ৫ = ২.৫

৯৪. $\frac{৫}{৬}$ এর $\frac{৬}{৭} \div ১\frac{৩}{৭}$ সাথে কত যোগ করলে যোগফল ১ হবে? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. $\frac{১}{২}$ খ. $\frac{১}{৩}$ গ. $\frac{১}{৪}$ ঘ. $\frac{২}{৩}$ **উত্তর: ক**

সমাধানঃ $\frac{৫}{৬}$ এর $\frac{৬}{৭} \div ১\frac{৩}{৭} + = ১ \Rightarrow ১ - \frac{৫}{৬}$ এর $\frac{৬}{৭} \div \frac{১০}{৭} = ১ - \frac{৫}{৭} \times \frac{৭}{১০} = \frac{১}{২}$

৯৫. যদি '+' অর্থ বিয়োগ, '-' অর্থ গুণ, '×' অর্থ ভাগ এবং '÷' অর্থ যোগ হয়, তবে ৫ - ৫ + ৫ ÷ ৫× ৫ = কত হবে? [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ১৩]

ক. ৪১ খ. ৫০ গ.১৬ ঘ. ২১ **উত্তর: ঘ**

সমাধানঃ ৫ - ৫ + ৫ ÷ ৫ × ৫ কে শর্তসাপেক্ষে পরিবর্তন করলে হয় ৫ × ৫ - ৫ + ৫ ÷ ৫ = ৫ × ৫ - ৫ + ১ = ২৫ - ৫ + ১ = ২১

৯৬. ১ কে ১০০ বার ১ দিয়ে গুণ করে গুণফলকে ১ দিয়ে ভাগ করে, ভাগফল থেকে ১ বিয়োগ করে, বিয়োগফলকে ১০০ দ্বারা ভাগ করলে ভাগফল কত হবে? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ৯৯]

ক. ১ খ. ০ গ. $\frac{১}{১০০}$ ঘ. $\frac{৯৯}{১০০}$ **উত্তর: খ**

সমাধানঃ $(\frac{১ \times ১^{১০০}}{১} - ১) \div ১০০ = (১ - ১) \div ১০০ = ০ \div ১০০ = ০$

৯৭. $\frac{২০}{২১}$ এর মধ্যে $\frac{২০}{৬৩}$ কতবার আছে? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ৩ বার খ. ৫ বার গ. ৬ বার ঘ. ৯ বার **উত্তর: ক**

সমাধানঃ $\frac{২০}{২১} \div \frac{২০}{৬৩} = \frac{২০}{২১} \times \frac{৬৩}{২০} = ৩$

৯৮. ১.০৩ এর $\frac{৩}{১০০}$ অংশ কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯০]

ক. ০.৩০৯ খ. ৩০.৯ গ. ৩.০৯ ঘ. ০.০৩০৯ **উত্তর: ঘ**

সমাধানঃ ১.০৩ এর $\frac{৩}{১০০} = ১.০৩ \times \frac{৩}{১০০} = \frac{৩.০৯}{১০০} = ০.০৩০৯$

৯৯. কোন সংখ্যার $\frac{২}{৭}$ অংশ ৬৪ এর সমান? [১৫তম বিসিএস]

ক. ১৮ $\frac{২}{৭}$ খ. ২৪৮ গ. ২১৭ ঘ. ২২৪ **উত্তর: ঘ**

সমাধানঃ সংখ্যাটি x হলে শর্তমতে, $\frac{২x}{৭} = ৬৪ \Rightarrow x = \frac{৭ \times ৬৪}{২} = ২২৪$

১০০. ১ ঘন্টা ৪০ মিনিট ৫ ঘন্টার কত অংশ? [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক: ১৭]

ক. $\frac{১}{৩}$ খ. $\frac{২}{৩}$ গ. $\frac{১}{৪}$ ঘ. $\frac{৩}{৪}$ **উত্তর: ক**

সমাধানঃ $\frac{১ \text{ ঘন্টা } ৪০ \text{ মিনিট}}{৫ \text{ ঘন্টা}} = \frac{(৬০ + ৪০) \text{ মিনিট}}{(৬০ \times ৫) \text{ মিনিট}} = \frac{১০০}{৩০০} = \frac{১}{৩}$

১০১. ৪ টি ১ টাকার নোট এবং ৮টি ২ টাকার নোট একত্রে ৮টি ৫ টাকার নোটের কত অংশ? [২৯তম বিসিএস]

ক. $\frac{১}{৪}$ খ. $\frac{১}{২}$ গ. $\frac{১}{৮}$ ঘ. $\frac{১}{১৬}$ **উত্তর: খ**

সমাধানঃ (৪×১) + (৮×২) = ২০ টাকা; আবার (৮×৫) = ৪০ টাকা। সুতরাং $\frac{২০}{৪০} = \frac{১}{২}$ অংশ

১০২. $\frac{৩}{৫}$ এর লব এবং হরের সাথে কোন একই সংখ্যা যোগ করলে ভগ্নাংশটির মান $\frac{৪}{৫}$ হয়? [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার: ১৩]

ক. ৪ খ. ৫ গ. ৩ ঘ. ৬ **উত্তর: খ**

সমাধানঃ $\frac{৩ + ক}{৫ + ক} = \frac{৪}{৫} \Rightarrow ১৫ + ৫ক = ২০ + ৪ক \Rightarrow ক = ৫$

১০৩. একটি ভগ্নাংশের লব ও হরের সমষ্টি ৭। লবের সাথে ১ যোগ করলে হরের সমান হবে। ভগ্নাংশটি কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. $\frac{৩}{৪}$ খ. $\frac{২}{৩}$ গ. $\frac{২}{৫}$ ঘ. $\frac{৫}{৯}$ **উত্তর: ক**

সমাধানঃ $\frac{৩}{৪}$ এর লব ও হরের সমষ্টি ৭। আবার $\frac{৩ + ১}{৪} = \frac{৪}{৪}$

১০৪. একটি ভগ্নাংশের লব ও হরের সমষ্টি ১১। লব থেকে ২ বিয়োগ এবং হরের সাথে ৩ যোগ করলে ভগ্নাংশের মান হয় $\frac{১}{২}$। ভগ্নাংশটি নির্ণয় কর।

[জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]

ক. $\frac{৪}{৭}$ খ. $\frac{৫}{৬}$ গ. $\frac{৬}{৫}$ ঘ. $\frac{৭}{৪}$ **উত্তর: গ**

সমাধানঃ ভগ্নাংশটি = $\frac{ক}{১১ - ক}$। প্রশ্নানুসারে, $\frac{ক - ২}{১১ - ক + ৩} = \frac{১}{২} \Rightarrow ২ক - ৪ = ১৪ - ক \Rightarrow ক = ৬$। সুতরাং ভগ্নাংশটি = $\frac{৬}{১১ - ৬} = \frac{৬}{৫}$

১০৫. কোনো ভগ্নাংশের লবের সাথে ১ যোগ করলে $\frac{১}{২}$ হয় এবং হরের সাথে ১ যোগ করলে তা $\frac{১}{৩}$ হয়, ভগ্নাংশটি কত? [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. $\frac{২}{৭}$ খ. $\frac{১}{৮}$ গ. $\frac{৩}{৮}$ ঘ. $\frac{৩}{৫}$ **উত্তর: গ**

সমাধানঃ $\frac{৩+১}{৮} = \frac{১}{২}$, আবার $\frac{৩}{৮+১} = \frac{১}{৩}$

১০৬. একটি ভগ্নাংশের লব ও হর উভয় থেকে ১ বিয়োগ করলে ভগ্নাংশটি $\frac{২}{৩}$ হয়। কিন্তু হর ও লব উভয়ের সঙ্গে ১ যোগ করলে ভগ্নাংশটি $\frac{৩}{৪}$ হয়। ভগ্নাংশটি কত? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০১]

ক. $\frac{৪}{৫}$ খ. $\frac{৩}{৪}$ গ. $\frac{৭}{৯}$ ঘ. $\frac{৫}{৭}$ **উত্তর: ঘ**

সমাধানঃ $\frac{৫-১}{৭-১} = \frac{৪}{৬} = \frac{২}{৩}$; আবার $\frac{৫+১}{৭+১} = \frac{৬}{৮} = \frac{৩}{৪}$

১০৭. একটি বাঁশের $\frac{১}{৪}$ অংশ লাল, $\frac{১}{২}$ অংশ কালো এবং অবশিষ্ট অংশ সাদা। সাদা অংশটি কত? [শ্রম পরিদপ্তরের মেডিকেল অফিসার: ০৩]

ক. $\frac{১}{৩}$ খ. $\frac{১}{৫}$ গ. $\frac{১}{৪}$ ঘ. $\frac{৩}{৫}$ **উত্তর: গ**

সমাধানঃ বাঁশটির সাদা অংশ = $\{১ - (\frac{১}{৪} + \frac{১}{২})\} = \frac{১}{৪}$ অংশ

১০৮. ১০ ফুট লম্বা রশ্মিকে এমনভাবে বিভক্ত করা হলো যেন এক অংশ অন্য অংশের $\frac{২}{৩}$। ছোট অংশটির দৈর্ঘ্য হবে - [সেসিপ'র গবেষণা কর্মকর্তা: ১৫]

ক. ২ ফুট খ. ৩ ফুট গ. ৪ ফুট ঘ. ৫ ফুট **উত্তর: গ**

সমাধানঃ ভগ্নাংশের একটি অংশ x হলে অপর অংশ $\frac{২x}{৩}$। প্রশ্নমতে, $x + \frac{২x}{৩} = ১০ \Rightarrow x = ৬$। ছোট অংশ = $\frac{২ \times ৬}{৩} = ৪$

১০৯. দুইটি ভগ্নাংশের যোগফল ৭০ এবং বড় ভগ্নাংশটি $৩৮\frac{৭}{১৯}$ হলে ছোট ভগ্নাংশটি কত হবে? [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১২]

ক. $৩১\frac{১২}{১৯}$ খ. $৩২\frac{১২}{১৯}$ গ. $৩০\frac{১২}{১৯}$ ঘ. $৩৩\frac{৭}{১৯}$ **উত্তর: ক**

সমাধানঃ ছোট ভগ্নাংশটি = $৭০ - ৩৮\frac{৭}{১৯} = ৭০ - \frac{৭২৯}{১৯} = \frac{১৩৩০ - ৭২৯}{১৯} = \frac{৬০১}{১৯} = ৩১\frac{১২}{১৯}$

১১০. ২ টি ভগ্নাংশের গুণফল $\frac{১৫}{২৮}$। এদের ১টি $\frac{৫}{৭}$ হলে অপর ভগ্নাংশটি কত? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ১৪]

ক. $\frac{২}{৩}$ খ. $\frac{১}{৩}$ গ. $\frac{৩}{৪}$ ঘ. $\frac{১}{৪}$ **উত্তর: গ**

সমাধানঃ অপর ভগ্নাংশ = $\frac{১৫}{২৮} \div \frac{৫}{৭} = \frac{১৫ \times ৭}{২৮ \times ৫} = \frac{৩}{৪}$

১১১. একটি প্রকৃত ভগ্নাংশের লব ও হরের সমষ্টি ৭, এদের অন্তরফল ৩। ভগ্নাংশটি কত? [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১০]

ক. $\frac{৫}{২}$ খ. $\frac{২}{৫}$ গ. $\frac{৩}{৪}$ ঘ. $\frac{৫}{৪}$ **উত্তর: খ**

সমাধানঃ ভগ্নাংশটির লব x হলে হর হবে (৭ - x) ; সুতরাং ভগ্নাংশটি = $\frac{x}{৭ - x}$; প্রকৃত ভগ্নাংশের হর হবে লব অপেক্ষা বৃহত্তর। শর্তমতে, ৭ $- x - x = ৩ \Rightarrow -২x = ৩ - ৭ \Rightarrow x = ২$; নির্ণেয় ভগ্নাংশটি = $\frac{২}{৭ - ২} = \frac{২}{৫}$

১১২. কোনো ভগ্নাংশের লবের সাথে ৭ যোগ করলে ভগ্নাংশটির মান ২ হয় এবং হর থেকে ২ বাদ দিলে ভগ্নাংশটির মান ১ হয়। ভগ্নাংশটি কত? [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]

ক. $\frac{৫}{৭}$ খ. $\frac{৫}{৬}$ গ. $\frac{৩}{৫}$ ঘ. $\frac{৭}{৯}$ **উত্তর: গ**

সমাধানঃ $\frac{৩+৭}{৫} = ২$, আবার $\frac{৩}{৫-২} = ১$

১১৩. $\frac{৭}{১৭}$ এর হর এবং লবের সঙ্গে কোন সংখ্যাটি যোগ করলে $\frac{৩}{৫}$ ভগ্নাংশটি হবে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]

ক. ৭ খ. ৮ গ. ৬ ঘ. ১৩ **উত্তর: খ**

সমাধানঃ সংখ্যাটি ক হলে শর্তমতে, $\frac{৭+ক}{৯} = \frac{৩}{৫} \Rightarrow ৩৫ + ৫ক = ৫১ + ৩ক \Rightarrow ২ক = ১৬ \Rightarrow ক = ৮$

১১৪. কোন প্রকৃত ভগ্নাংশের হর ও লবের অন্তর ২। হর ও লব উভয় হতে ৩ বিয়োগ করলে যে ভগ্নাংশ পাওয়া যায় তার সঙ্গে $\frac{১}{৪}$ যোগ করলে যোগফল ১ হয়। ভগ্নাংশটি কত? [২২তম বিসিএস]

ক. $\frac{৭}{৯}$ খ. $\frac{১১}{১৩}$ গ. $\frac{৯}{১১}$ ঘ. $\frac{১৩}{১৫}$ **উত্তর: গ**

সমাধানঃ ভগ্নাংশটি $= \frac{ক}{ক+২}$। শর্তমতে, $\frac{ক-৩}{ক+২-৩} + \frac{১}{৪} = ১ \Rightarrow \frac{ক-৩}{ক-১} = \frac{৩}{৪} \Rightarrow ৪(ক-৩) = ৩(ক-১) \Rightarrow ক = ৯$। সুতরাং ভগ্নাংশটি $= \frac{৯}{৯+২} = \frac{৯}{১১}$

১১৫. একটি ভগ্নাংশের হর ও লবের অনুপাত ৩ : ২। লব হতে ৬ বিয়োগ করলে যে ভগ্নাংশ পাওয়া যায় তা মূল ভগ্নাংশের $\frac{২}{৩}$। ভগ্নাংশটির লব কত? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১৯]

ক. ৯ খ. ১৬ গ. ১৮ ঘ. ২৪ **উত্তর: গ**

সমাধানঃ ভগ্নাংশটি $= \frac{২ক}{৩ক}$, শর্তমতে, $\frac{২ক-৬}{৩ক} = \frac{২ক}{৩ক} \times \frac{২}{৩} \Rightarrow \frac{২ক-৬}{৩ক} = \frac{৪}{৯} \Rightarrow ক = ৯$। সুতরাং লব $= ৯ \times ২ = ১৮$

১১৬. কোনো ভগ্নাংশের লব ও হরের যোগফল ১৭। যদি লবের সঙ্গে ৩ যোগ করা হয়, তবে ভগ্নাংশটির মান হয় ১। ভগ্নাংশটি কত? [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ১৭]

ক. $\frac{১৭}{১৪}$ খ. $\frac{১৪}{১৭}$ গ. $\frac{১০}{৭}$ ঘ. $\frac{৭}{১০}$ **উত্তর: ঘ**

সমাধানঃ লব x হলে হর $১৭ - x$; সুতরাং ভগ্নাংশটি $= \frac{x}{১৭-x}$; শর্তমতে, $\frac{x+১৩}{১৭-x} = ১ \Rightarrow x + ৩ = ১৭ - x \Rightarrow ২x = ১৪ \Rightarrow x = ৭$; নির্ণেয় ভগ্নাংশটি $= \frac{৭}{১৭-৭} = \frac{৭}{১০}$

১১৭. একটি প্রকৃত ভগ্নাংশের হর, লব অপেক্ষা ৪ বেশি। ভগ্নাংশটি বর্গ করলে যে ভগ্নাংশ পাওয়া যাবে তার হর লব অপেক্ষা ৪০ বেশি। ভগ্নাংশটি কত? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৮]

ক. $\frac{৭}{১১}$ খ. $\frac{৩}{৭}$ গ. $\frac{৯}{১৩}$ ঘ. $\frac{১}{৫}$ **উত্তর: খ**

সমাধানঃ লব x হলে হর $(x + ৪)$; সুতরাং ভগ্নাংশটি $= \frac{x}{x+৪}$; ভগ্নাংশটির বর্গ $= (\frac{x}{x+৪})^২$; শর্তমতে, $(x + ৪)^২ - x^২ = ৪০ \Rightarrow x^২ + ৮x + ১৬ - x^২ = ৪০ \Rightarrow ৮x + ১৬ = ৪০ \Rightarrow ৮x = ২৪$; $x = ৩$; সুতরাং ভগ্নাংশটি $= \frac{x}{x+৪} = \frac{৩}{৩+৪} = \frac{৩}{৭}$

১১৮. ৪ টাকার $\frac{৫}{৮}$ অংশ ২ টাকার $\frac{৪}{৫}$ অংশের মধ্যে পার্থক্য কত? [ডিআইএফই'র সহকারী পরিদর্শক: ০৫]

ক. ০.০৯ টাকা খ. ১.৬০ টাকা গ. ২.২৫ টাকা ঘ.০.৯০ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ $(৪ \times \frac{৫}{৮}) - (২ \times \frac{৪}{৫}) = ২.৫ - ১.৬ = ০.৯০$ টাকা

১১৯. এক খন্ড জমির $\frac{৩}{৮}$ অংশের মূল্য ৩৭৫ টাকা হলে ঐ জমির $\frac{১}{৫}$ অংশের মূল্য কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]

ক. ৩২৫ টাকা খ. ২৫০ টাকা গ. ২০০ টাকা ঘ. ৪০০ টাকা **উত্তর: গ**

সমাধানঃ সম্পূর্ণ জমির মুল্য $= ৩৭৫ \times \frac{৮}{৩}$ টাকা হলে জমির $\frac{১}{৫}$ অংশের মুল্য $= ৩৭৫ \times \frac{৮}{৩} \times \frac{১}{৫} = ২০০$ টাকা

১২০. কত টাকার $\frac{২}{৩}$ অংশ ৯০ টাকার $\frac{১}{৩}$ অংশের সমান? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]

ক. ২৫ টাকা খ. ২০ টাকা গ. ১৫ টাকা ঘ. ৪৫ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ $x \times \frac{২}{৩} = ৯০ \times \frac{১}{৩} \Rightarrow x = ৩৫$

১২১. $28\sqrt{x} + 1426 =$ Three-Fourths of 2984, Find x. [বাংলাদেশ বেতারের সহকারী সম্পাদক: ১৯]

ক. ৬৫৯ খ. ৬৯৪ গ. ৮৪১ ঘ. ৮৫৯ **উত্তর: গ**

সমাধানঃ $28\sqrt{x} + 1426 = 2984 \times \frac{3}{4} \Rightarrow 28\sqrt{x} = 812 \Rightarrow (\sqrt{x})^2 = (29)^2 \Rightarrow x = 841$

১২২. কোন সম্পত্তির $\frac{১}{৩}$ ভাগের দাম ২০,০০০/- টাকা ঐ সম্পত্তির দাম কত? [সেসিপ'র গবেষণা কর্মকর্তা: ১৫]

ক. ৩০ হাজার খ. ৪০ হাজার গ. ৫০ হাজার ঘ. ৬০ হাজার **উত্তর: ঘ**

সমাধানঃ সম্পূর্ণ সম্পত্তিটির দাম $= \frac{২০০০০ \times ৩}{১} = ৬০,০০০$ টাকা

১২৩. কোনো সম্পত্তির $\frac{৭}{৮}$ অংশের মূল্য ৯২১২ টাকা হলে $\frac{৩}{৪}$ অংশের মূল্য কত? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ৭৮০৬ টাকা খ. ৭৮৯৬ টাকা গ. ৭৯১৬ টাকা ঘ. ৭৭৯৬ টাকা **উত্তর: খ**

সমাধানঃ সম্পূর্ণ জমির মূল্য = ৯২১২ × $\frac{৮}{৭}$ টাকা হলে জমির $\frac{৩}{৪}$ অংশের মূল্য = ৩৭৫ × $\frac{৮}{৭}$ × $\frac{৩}{৪}$ = ৭৮৯৬ টাকা

১২৪. কোনো সম্পত্তির $\frac{১}{২}$ অংশের মূল্য ১৬,০০০ টাকা হলে, ঐ সম্পত্তির $\frac{১}{৮}$ অংশের মূল্যের ৪ গুণ কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]

ক. ৪,০০০ খ. ১৬,০০০ গ. ৩২,০০০ ঘ. ৬৪,০০০ **উত্তর: খ**

সমাধানঃ $\frac{১}{২}$ অংশের মূল্য ১৬০০০ টাকা হলে $\frac{১}{৮}$ অংশের মূল্য ১৬০০০ × $\frac{২}{১}$ × $\frac{১}{৮}$ = ৪০০০ টাকা। সুতরাং ৪০০০×৪ = ১৬০০০ টাকা।

১২৫. কোনো ব্যক্তির সম্পত্তির $\frac{২}{৩}$ অংশ পুত্রকে, $\frac{১}{৩}$ অংশ কন্যাকে দিলেন। কন্যা ১৫০০ টাকা কম পেল। সম্পূর্ণ সম্পত্তির মূল্য কত? [সেসিপ'র মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা: ১৫]

ক. ৩০০০ খ. ৪৫০০ গ. ৬০০০ ঘ. ৭৫০০ **উত্তর: খ**

সমাধানঃ সম্পত্তির $(\frac{২}{৩} - \frac{১}{৩}) = \frac{১}{৩}$ অংশ কন্যা কম পায়। $\frac{১}{৩}$ অংশের মূল্য ১৫০০ টাকা হলে সম্পূর্ণ সম্পত্তির মূল্য = ১৫০০ × ৩ = ৪৫০০

১২৬. একটি খুঁটির $\frac{১}{৩}$ অংশ মাটির নিচে এবং $\frac{১}{২}$ অংশ পানির নিচে থাকলে মোট কত অংশ মাটি ও পানির নিচে আছে? [বিজেএমসি'র কর্মকর্তা: ১৭]

ক. $\frac{১}{৩}$ খ. $\frac{২}{৩}$ গ. $\frac{৫}{৬}$ ঘ. $\frac{৫}{৭}$ **উত্তর: গ**

সমাধানঃ মাটি ও পানির নিচে আছে খুঁটিটির $(\frac{১}{৩} + \frac{১}{২}) = \frac{৫}{৬}$ অংশ

১২৭. একটি খুঁটির $\frac{৫}{৬}$ অংশ কালো এবং বাকী অংশ সাদা। খুঁটির কালো এবং সাদা অংশের দৈর্ঘ্যের পার্থক্য ৬ মিটার হলে সম্পূর্ণ খুঁটির দৈর্ঘ্য কত? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা: ১২]

ক. ৯ মিটার খ. ৮ মিটার গ. ৬ মিটার ঘ. ১২ মিটার **উত্তর: ক**

সমাধানঃ খুঁটির $(১ - \frac{৫}{৬}) = \frac{১}{৬}$ অংশ সাদা। খুঁটির কালো ও সাদা অংশের দৈর্ঘ্যের পার্থক্য খুঁটির $(\frac{৫}{৬} - \frac{১}{৬}) = \frac{২}{৩}$ অংশ। খুঁটির $\frac{২}{৩}$ অংশের দৈর্ঘ্য ৬ মিটার হলে সম্পূর্ণ খুঁটির দৈর্ঘ্য $\frac{৬ \times ৩}{২}$ = ৯ মিটার

১২৮. একটি বাঁশের $\frac{২}{৫}$ অংশ লাল, $\frac{১}{৪}$ অংশ কালো ও $\frac{১}{৩}$ অংশ সবুজ কাগজে আবৃত। অবশিষ্ট অংশ ৬ মিটার হলে বাঁশটির দৈর্ঘ্য কত? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]

ক. ৬০ মিটার খ. ১২০ মিটার গ. ১৮০ মিটার ঘ. ৩৬০ মিটার **উত্তর: ঘ**

সমাধানঃ অনাবৃত থাকে বাঁশটির $\{১ - (\frac{২}{৫} + \frac{১}{৪} + \frac{১}{৩})\} = ১ - \frac{২৪ + ১৫ + ২০}{৬০} = \frac{১}{৬০}$ অংশ। বাঁশটির $\frac{১}{৬০}$ অংশ = ৬ মিটার হলে বাঁশটির দৈঘ্য = (৬ × ৬০) = ৩৬০ মিটার।

১২৯. একটি খুঁটির অর্ধাংশ মাটির নিচে, এক তৃতীয়াংশ পানির মধ্যে ও ১২ ফুট পানির উপরে আছে। খুঁটির দৈর্ঘ্য কত? [সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড সুপারভাইজার: ১৭]

ক. ৭২ ফুট খ. ৮০ ফুট গ. ৬০ ফুট ঘ. ৫৪ ফুট **উত্তর: ক**

সমাধানঃ মাটি ও পানির নিচে আছে খুঁটিটির $\{১ - (\frac{১}{৩} + \frac{১}{২})\} = ১ - \frac{৫}{৬} = \frac{১}{৬}$ অংশ। খুঁটির $\frac{১}{৬}$ অংশ = ১২ হলে খুঁটির দৈর্ঘ্য (৬ × ১২) = ৭২

১৩০. একটি বাঁশের ০.১৫ অংশ কাঁদায় ও ০.৬৫ অংশ পানিতে আছে। যদি পানির উপরে বাঁশটির দৈর্ঘ্য ৪ মিটার হয়, তাহলে সম্পূর্ণ বাঁশটির দৈর্ঘ্য কত? [ডেসকো'র সুপারভাইজার: ১৯]

ক. ২০ মিটার খ. ২২ মিটার গ. ১৮ মিটার ঘ. ২৬ মিটার **উত্তর: ক**

সমাধানঃ কাঁদায় ও পানির মধ্যে আছে বাঁশটির (০.১৫ + ০.৬৫) = ০.৮ অংশ। পানির উপরে আছে বাঁশটির (১ − ০.৮) = ০.২ অংশ। বাঁশটির ০.২ অংশ = ৪ মিটার হলে বাঁশটির সম্পূর্ণ দৈর্ঘ্য = $\frac{৪}{০.২}$ মিটার = ২০ মিটার

১৩১. এক ব্যক্তি তার আয়ের $\frac{১}{৩}$ অংশের পরিবর্তে $\frac{১}{৪}$ অংশ ব্যয় করলে তার ২০০ টাকা কম খরচ হতো। তার আয় কত? [বাংলাদেশ রেলওয়ের সহকারী কমান্ডেন্ট: ০৭]

ক. ২৮০০ টাকা খ. ২৬০০ টাকা গ. ২৫০০ টাকা ঘ. ২৪০০ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ আয় হতে কম খরচ করে $= (\frac{১}{৩} - \frac{১}{৪}) = \frac{১}{১২}$ অংশ। আয়ের $\frac{১}{১২}$ অংশের মূল্য ২০০ টাকা হলে মোট আয় = $\frac{২০০ \times ১২}{১}$ = ২৪০০

১৩২. এক ব্যক্তি তার মোট সম্পত্তির $\frac{৩}{৭}$ অংশ ব্যয় করার পরে অবশিষ্টের $\frac{৫}{১২}$ অংশ ব্যয় করে দেখলেন যে তার নিকট ১০০০ টাকা রয়েছে। তার মোট সম্পত্তির মূল্য কত? [২৪তম বিসিএস]

ক. ২০০০ টাকা খ. ২৩০০ টাকা গ. ২৫০০ টাকা ঘ. ৩০০০ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ প্রথম দফায় ব্যয়ের পর অবশিষ্ট থাকে সম্পত্তির $(১ - \frac{৩}{৭}) = \frac{৪}{৭}$ অংশ। দ্বিতীয় দফায় ব্যয় করেন $= \frac{৪}{৭}$ এর $\frac{৫}{১২} = \frac{৫}{২১}$ অংশ। মোট ব্যয় করেন $(\frac{৩}{৭} + \frac{৫}{২১}) = \frac{১৪}{২১} = \frac{২}{৩}$ অংশ। অবশিষ্ট সম্পত্তি $= (১ - \frac{২}{৩}) = \frac{১}{৩}$ অংশ। সম্পত্তির $\frac{১}{৩}$ অংশের মূল্য ১০০০ টাকা। মোট সম্পত্তির মূল্য $= (১০০০ \times ৩) = ৩০০০$ টাকা।

১৩৩. একটি সম্পত্তির $\frac{৭}{৮}$ অংশ ২ পুত্র ও ৩ কন্যার মধ্যে এমনভাবে বন্টন করা হলো যার ফলে প্রত্যেক কন্যা প্রত্যেক পুত্রের অর্ধেক পায়। প্রত্যেক পুত্র সম্পত্তির কত অংশ পেল? [সোনালী ব্যাংকের অফিসার: ১৪]

ক. $\frac{১}{৪}$ খ. $\frac{১}{৮}$ গ. $\frac{৩}{৪}$ ঘ. $\frac{৫}{৮}$ **উত্তর: ক**

সমাধানঃ প্রত্যেক কন্যার সম্পত্তির পরিমাণ x হলে প্রত্যেক পুত্রের সম্পত্তির পরিমাণ ২x। ২ পুত্রের মোট সম্পত্তির পরিমাণ ৪x। ৩ কন্যার মোট সম্পত্তির পরিমান ৩x। শর্তমতে, $৪x + ৩x = \frac{৭}{৮} \Rightarrow ৭x = \frac{৭}{৮} \Rightarrow x = \frac{১}{৮}$; সুতরাং প্রত্যেক পুত্র সম্পত্তির পায় $(২ \times \frac{১}{৮}) = \frac{১}{৪}$

১৩৪. এক ব্যক্তি মৃত্যুকালে স্ত্রী, দুই পুত্র ও এক কন্যা রেখে গেলেন। স্ত্রী সম্পত্তির $\frac{১}{৮}$ অংশ এবং বাকি অংশ প্রত্যেক পুত্র কন্যার দ্বিগুণ পায়। কন্যার অংশের মূল্য ২৫০৬ টাকা হলে সম্পূর্ণ সম্পত্তির মূল্য কত? [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০৩]

ক. ১৮০৩ খ. ১৪৩০ গ. ১৪৩২ ঘ. ১৪৩২০ **উত্তর: ঘ**

সমাধানঃ স্ত্রী বাদে ২ পুত্র ও ১ কন্যার অংশ $= ১ - \frac{১}{৮} = \frac{৭}{৮}$। আবার ২ পুত্র ও ১ কন্যার সম্পত্তির মূল্য $= (২৫০৬ \times ২ + ২৫০৬ \times ২ + ২৫০৬)$ $= ১২৫৩০$ টাকা। $\frac{৭}{৮}$ অংশের দাম ১২৩৫০ টাকা হলে সম্পুর্ণ সম্পত্তির মূল্য $= \frac{৮ \times ১২৫৩০}{৭} = ১৪৩২০$ টাকা

১৩৫. কোনো পুস্তকের ৯৬ পৃষ্ঠা পড়বার পরেও তার $\frac{৫}{১৩}$ অংশ পড়তে বাকি থাকলে পুস্তকটির মোট পৃষ্ঠা সংখ্যা কত হবে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]

ক. ১৮৫ পৃষ্ঠা খ. ১৫৬ পৃষ্ঠা গ. ২৫০ পৃষ্ঠা ঘ. ৩২০ পৃষ্ঠা **উত্তর: খ**

সমাধানঃ পঠিত অংশ $(১ - \frac{৫}{১৩}) = \frac{৮}{১৩}$। সুতরাং মোট পৃষ্ঠা $= ৯৬ \times \frac{১৩}{৮} = ১৫৬$ টি

১৩৬. হেলালের মাসিক আয় ৪,২০০ টাকা এবং ব্যয় ২৯৪০ টাকা। তার মাসিক ব্যয় মাসিক আয়ের শতকরা কত টাকা? [বাংলাদেশ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ১১]

ক. ৭৫% খ. ৬৫% গ. ৮০% ঘ. ৭০% **উত্তর: ঘ**

সমাধানঃ আয় ৪২০০ টাকা হলে ব্যয় ২৯৪০ টাকা। সুতরাং আয় ১০০ টাকা হলে ব্যয় $= \frac{২৯৪০ \times ১০০}{৪২০০} = ৭০$ টাকা

১৩৭. আবুর মাসিক আয় বাবুর মাসিক আয় থেকে ৪০% বেশি এবং বদির মাসিক আয়ের $\frac{৭}{৮}$ অংশ। বাবুর মাসিক আয় ৫০০০ টাকা হলে তাদের তিনজনের মোট মাসিক আয় কত? [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]

ক. ১৮০০০ টাকা খ. ১৯০০০০ টাকা গ. ১৯৫০০ টাকা ঘ. ২০০০০ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ বাবুর মাসিক আয় ৫০০০ টাকা হলে আবুর মাসিক আয় $= (৫০০০ + ৫০০০ \times ৪০\%) = ৭০০০$ টাকা। সুতরাং বদির মাসিক আয় $= ৭০০০$ এর $\frac{৮}{৭} = ৮০০০$ টাকা। তিনজনের মোট মাসিক আয় $= (৫০০০ + ৭০০০ + ৮০০০) = ২০০০০$ টাকা

১৩৮. ১টি নার্সারিতে ১৬ জাতের ফুল গাছ আছে। নার্সারিতে $\frac{১}{৪}$ অংশ জাতের ৫টি করে ও $\frac{৩}{৪}$ অংশ জাতের ৪টি করে গাছ আছে। সর্বমোট কতটি গাছ আছে? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ১৪]

ক. ৬৮টি খ. ৪৮টি গ. ১৬৪টি ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ ৫টি করে ফুল গাছ আছে এমন জাত $(১৬ \times \frac{১}{৪}) = ৪$ টি। সুতরাং ৪টি জাতে মোট ফুল গাছ $(৪ \times ৫) = ২০$টি। আবার, ৪টি করে গাছ আছে এমন জাত $(১৬ \times \frac{১}{৪}) = ১২$ টি। সুতরাং ১২টি গাছে মোট ফুল গাছ $(১২ \times ৪) = ৪৮$টি। অতএব, নার্সারিতে মোট ফুল গাছ আছে $(২০ + ৪৮) = ৬৮$টি

১৩৯. একজন ব্যক্তি মাসিক বেতনের $\frac{১}{১৫}$ অংশ যাতায়াত ভাতা পান। তার মাসিক বেতন ৯০০০ টাকা হলে যাতায়াত ভাতা কত? / এক ব্যক্তি মাসিক বেতনের $\frac{১}{১৫}$ অংশ মহার্ঘ ভাতা পান। তার মাসিক আয় ৯০০০ টাকা হলে তার মহার্ঘ ভাতা কত? [স্বাস্থ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৯]

ক. ৫০০ টাকা খ. ৬০০ টাকা গ. ৭০০ টাকা ঘ. ৮০০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ যাতায়াত ভাড়া = ৯০০০ এর $\frac{১}{১৫}$ = ৬০০ টাকা

১৪০. একটি নতুন বাইসাইকেলের দাম ২,৫০০ টাকা। প্রতি বছর শেষে সাইকেলটির মূল্য পূর্বতন মূল্যের $\frac{৪}{৫}$ এ দাঁড়ায়। ৩য় বছর শেষে সাইকেলটির মূল্য কত হবে? [অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]

ক. ১,০০০ টাকা খ. ১,২৮০ টাকা গ. ১,২০০ টাকা ঘ. ১,৩৪০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ ১ম বছর শেষে সাইকেলটির মূল্য (২৫০০ এর $\frac{৪}{৫}$) = ২০০০ টাকা। ২য় বছর শেষে সাইকেলটির মূল্য (২০০০ এর $\frac{৪}{৫}$) = ১৬০০ টাকা। ৩য় বছর শেষে সাইকেলটির মূল্য (১৬০০ এর $\frac{৪}{৫}$) = ১২৮০ টাকা

১৪১. একটি টিভির মূল্য বছরের শুরুতে যা থাকে বছরের শেষে মূল্য হ্রাস পেয়ে তার তিন-চতুর্থাংশ হয়। টিভিটির মূল্য তিন বছর শেষে ৬,৭৫০ টাকা হলে প্রথম বছরের শুরুতে এর মূল্য কত ছিল? [পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]

ক. ১৮,০০০ টাকা খ. ১৬,০০০ টাকা গ. ১৫,০০০ টাকা ঘ. ২০,০০০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ তৃতীয় বছরের শুরুতে টিভির মূল্য = ৬৭০০ এর $\frac{৪}{৩}$ টাকা = ৯০০০ টাকা। দ্বিতীয় বছরের শুরুতে টিভির মূল্য = ৯০০০ এর $\frac{৪}{৩}$ টাকা = ১২০০০ টাকা। প্রথম বছরের শুরুতে টিভির মূল্য = ১২০০০ এর $\frac{৪}{৩}$ টাকা = ১৬,০০০ টাকা

১৪২. একটি পাত্র $\frac{১}{২}$ অংশ ভর্তি আছে। যদি ৮ গ্যালন সরানো হয় তবে $\frac{১}{১০}$ অংশ ভর্তি থাকে। পাত্রটি কত গ্যালন ধারণ করে? [ডিআইএফই'র সহকারী পরিদর্শক: ০৫]

ক. ২২ গ্যালন খ. ১৬ গ্যালন গ. ২০ গ্যালন ঘ. ২৪ গ্যালন **উত্তর: গ**

সমাধানঃ ৮ গ্যালন পাত্রটির স্থান দখল করে $(\frac{১}{২} - \frac{১}{১০}) = \frac{২}{৫}$ অংশ। পাত্রটির $\frac{২}{৫}$ অংশের ধারণ ক্ষমতা ৮ গ্যালন হলে সম্পূর্ণ গ্যালনটির ধারণ ক্ষমতা $\frac{৮ \times ৫}{২}$ = ২০ গ্যালন

১৪৩. যদি ১টি পাইপের দ্বারা ১টি চৌবাচ্চা t ঘন্টায় খালি করা যায়, তাহলে ৩ ঘন্টায় চৌবাচ্চার কত অংশ খালি করা যাবে? [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৮]

ক. ৩t খ. $\frac{t}{৩}$ গ. $\frac{৩}{t}$ ঘ. সমাধান সম্ভব নয় **উত্তর: গ**

সমাধানঃ চৌবাচ্চাটি t ঘন্টায় খালি হয় সম্পূর্ণ বা ১ অংশ। সুতরাং ঘন্টায় খালি হয় = $\frac{৩ \times ১}{t} = \frac{৩}{t}$ অংশ

১৪৪. ১টি চৌবাচ্চার $\frac{৩}{৫}$ ভাগ পূরণ হতে ৭ ঘন্টা লাগে। চৌবাচ্চাটির বাকি অংশ পূরণ হতে আর কত সময় লাগবে? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৪]

ক. ৫ ঘন্টা ২০ মিনিট খ. ৪ ঘন্টা ৪০ মিনিট গ. ৪ ঘন্টা ২০ মিনিট ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ $\frac{৩}{৫}$ অংশ পুরণের পর বাকি থাকে চৌবাচ্চাটির $(১ - \frac{৩}{৫}) = \frac{২}{৫}$ অংশ। চৌবাচ্চাটির $\frac{৩}{৫}$ অংশ পুরণ হতে সময় লাগে ৭ ঘন্টা লাগলে $\frac{২}{৫}$ অংশ পুরণ হতে সময় লাগবে = $\frac{৭ \times ৫ \times ২}{৩ \times ৫} = ৪\frac{২}{৩}$ বা ৪ ঘন্টা ৪০ মিনিট

১৪৫. একজন চাকরিজীবীর $\frac{১}{১০}$ অংশ কাপড় ক্রয়ে, $\frac{১}{৩}$ অংশ খাদ্য ক্রয়ে, $\frac{১}{৫}$ অংশ ভাড়ায় ব্যয় হয়। তার আয়ের শতকরা কতভাগ অবশিষ্ট রইল? [২১তম বিসিএস]

ক. ৩৬% খ. ৩৭% গ. ৪২% ঘ. ৪৬% **উত্তর: ক**

সমাধানঃ লোকটি বিভিন্ন উদ্দেশ্যে ব্যয় করে বেতনের $(\frac{১}{১০} + \frac{১}{৩} + \frac{১}{৫}) = \frac{৩ + ১০ + ৬}{৩০} = \frac{১৯}{৩০}$ অংশ। তার আয়ের অবশিষ্ট থাকে $(১ - \frac{১৯}{৩০})$ $= \frac{১১}{৩০} \times ১০০\% = ৩৬\frac{২}{৩}\%$

১৪৬. বাছির তার সঞ্চয়ের এক-পঞ্চমাংশ দিয়ে একটি বাড়ি কিনে এবং বাড়ির মূল্যের এক-তৃতীয়াংশ কম দিয়ে একটি গাড়ি কিনে। বাড়ি ও গাড়ির জন্য সে তার মোট সঞ্চয়ের কত অংশ খরচ করল? [পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]

ক. $\frac{১}{৪}$ খ. $\frac{১}{৩}$ গ. $\frac{২}{৫}$ ঘ. $\frac{৩}{৫}$ **উত্তর: খ**

সমাধানঃ বাড়ি কিনতে খরচ = $\frac{১}{৫}$ অংশ। গাড়ি কিনতে খরচ = $(\frac{১}{৫} - \frac{১}{৫} \times \frac{১}{৩}) = \frac{২}{১৫}$ অংশ। মোট খরচ = $(\frac{১}{৫} + \frac{২}{১৫}) = \frac{১}{৩}$ অংশ

১৪৭. সুলেমান তার সঞ্চয়ের তিন-সপ্তমাংশ দিয়ে একটি জমি কিনে এবং জমির মূল্যের এক-তৃতীয়াংশ দিয়ে একটি বাড়ি কিনে। জমি ও বাড়ি কেনার পর তার মোট সঞ্চয়ের কত অংশ অবশিষ্ট রইল? [বিপিএটিসি'র প্রশাসনিক কর্মকর্তা: ১৯]

ক. $\frac{১}{৭}$ খ. $\frac{৩}{৭}$ গ. $\frac{২}{৭}$ ঘ. $\frac{৪}{৭}$ **উত্তর: খ**

সমাধানঃ জমি ও বাড়ী কিনতে মোট খরচ = $\{\frac{৩}{৭} + (\frac{৩}{৭} \times \frac{১}{৩})\} = \frac{৪}{৭}$ অংশ। সঞ্চয়ের অবশিষ্ট থাকে $(১ - \frac{৪}{৭}) = \frac{৩}{৭}$

১৪৮. একজন ঠিকাদার একটি কাজের ৯ ভাগের ৫ অংশ সমাপ্ত করল। অপর ঠিকাদার আরও এক-তৃতীয়াংশ কাজ করল। আর কত অংশ কাজ বাকি রইল? [গণপূর্ত অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৬]

ক. এক-নবমাংশ খ. চার-নবমাংশ গ. আট-নবমাংশ ঘ. দুই-তৃতীয়াংশ **উত্তর: ক**

সমাধানঃ সমাপ্তকৃত কাজ = $(\frac{৫}{৯} + \frac{১}{৩}) = \frac{৫+৩}{৯} = \frac{৮}{৯}$ অংশ। অবশিষ্ট কাজ = $(১ - \frac{৮}{৯}) = \frac{১}{৯}$ অংশ

১৪৯. রহিম তার বেতনের টাকার $\frac{১}{৫}$ অংশ খরচ করে একটি শার্ট এবং ৫০০ টাকা খরচ করে একটি প্যান্ট কিনলো। এই টাকা খরচ করার পর তার কাছে বেতনের ৪০ শতাংশ টাকা রয়ে গেল। রহিম কত টাকা বেতন পেয়েছিল? [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]

ক. ২০০০ খ. ২৫০০ গ. ৩০০০ ঘ. ১২৫০ **উত্তর: ঘ**

সমাধানঃ খরচ করার পর অবশিষ্ট থাকে বেতনের ৪০% = $\frac{৪০}{১০০} = \frac{২}{৫}$ অংশ। শার্ট কিনতে খরচ হয় বেতনের $\frac{১}{৫}$ অংশ। সুতরাং প্যান্ট কিনতে খরচ হয় বেতনের = $১ - (\frac{১}{৫} + \frac{২}{৫})$ অংশ = $\frac{২}{৫}$ অংশ। বেতনের $\frac{২}{৫}$ অংশ = ৫০০ টাকা হলে মোট বেতন = $(৫০০ \times \frac{৫}{২}) = ১২৫০$ টাকা

১৫০. একটি কুইজে অংশগ্রহণকারী মহিলাদের সংখ্যার ১ অংশ সেই কুইজে $\frac{২}{৩}$ অংশগ্রহণকারী পুরুষদের সংখ্যার $\frac{১}{২}$ অংশের সমান। কুইজে অংশগ্রহণকারী মহিলার সংখ্যা মোট প্রতিযোগীর কত অংশ? [বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সিনিয়র অফিসার: ১৮]

ক. $\frac{৪}{৭}$ খ. $\frac{৩}{৭}$ গ. $\frac{৩}{৪}$ ঘ. $\frac{৫}{১৪}$ **উত্তর: খ**

সমাধানঃ কুইজে অংশগ্রহণকারী মহিলা ও পুরুষের সংখ্যা যথাক্রমে x জন ও y জন হলে মোট প্রতিযোগীর সংখ্যা $(x+y)$ জন। প্রশ্নানুসারে,

$$x \times \frac{২}{৩} = y \times \frac{১}{২} \Rightarrow \frac{y}{x} = \frac{৪}{৩} \Rightarrow \frac{y+x}{x} = \frac{৪+৩}{৩} \Rightarrow \frac{x+y}{x} = \frac{৭}{৩} \Rightarrow \frac{x}{x+y} = \frac{৩}{৭}$$

১৫১. আবির কিছু কলম কিনে তার $\frac{২}{৫}$ অংশ তার বাবাকে তার বাবাকে দিল। অবশিষ্ট কলমের $\frac{১}{৩}$ অংশ তার বোনকে দিল। বোনকে দেয়ার পর অবশিষ্ট কলমের $\frac{৫}{৮}$ অংশ তার ভাইকে দিল এবং সবশেষে তার কাছে ১২টি কলম রইল। সে তার বাবাকে কয়টি কলম দিয়েছিল? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]

ক. ২৪টি খ. ২৮টি গ. ৩২টি ঘ.৩৬টি **উত্তর: গ**

সমাধানঃ ক্রয়কৃত কলম হতে বাবাকে দেওয়ার পর অবশিষ্ট থাকে $(১ - \frac{২}{৫}) = \frac{৩}{৫}$ অংশ। বোনকে দিল = $(\frac{৩}{৫}$ এর $\frac{১}{৩}) = \frac{১}{৫}$ অংশ। বোনকে দেওয়ার পর অবশিষ্ট থাকে $(\frac{৩}{৫} - \frac{১}{৫}) = \frac{২}{৫}$ অংশ। ভাইকে দিল = $(\frac{২}{৫}$ এর $\frac{৫}{৮}) = \frac{১}{৪}$ অংশ। ভাইকে দেওয়ার পর অবশিষ্ট থাকে $(\frac{২}{৫} - \frac{১}{৪}) = \frac{৩}{২০}$ অংশ। মোট কলমের $\frac{৩}{২০}$ অংশ = ১২টি হলে $\frac{২}{৫}$ অংশ = $\frac{১২ \times ২০ \times ২}{৩ \times ৫} = ৩২$টি।

১৫২. এক গোয়াল তার ক সংখ্যক গাভীকে চার পুত্রের মধ্যে নিম্নলিখিতভাবে বন্টন করে দিলো। প্রথম পুত্রকে $\frac{১}{২}$ অংশ, দ্বিতীয় পুত্রকে $\frac{১}{৪}$ অংশ, তৃতীয় পুত্রকে $\frac{১}{৫}$ অংশ এবং বাকী ৭টি গাভী চতুর্থ পুত্রকে দিল। ঐ গোয়ালার গাভীর সংখ্যা কত ছিল? [১৪তম বিসিএস]

ক. ১০০টি খ. ১৪০টি গ. ১৮০টি ঘ.২০০টি **উত্তর: খ**

সমাধানঃ গোয়ালা ১ম, ২য়, ৩য় পুত্রের মাঝে মোট গাভীর $(\frac{১}{২} + \frac{১}{৪} + \frac{১}{৫}) = \frac{১০+৫+৪}{২০} = \frac{১৯}{২০}$ অংশ গাভী বন্টন করে। চতুর্থ পুত্র পায় মোট গাভীর $(১ - \frac{১৯}{২০}) = \frac{১}{২০}$ অংশ। প্রশ্নানুসারে, $\frac{১}{২০}$ অংশ = ৭ টি গাভী হলে মোট গাভীর সংখ্যা $(৭ \times ২০) = ১৪০$ টি

১৫৩. একটি বিদ্যালয়ের চিত্রাঙ্কন প্রতিযোগিতায় প্রত্যেক ছাত্র একটি করে ছবি আঁকল। সবার আঁকা শেষে দেখা গেল যে $\frac{১}{৪}$ অংশ ফুলের ছবি, $\frac{১}{৯}$ অংশ ফলের ছবি, $\frac{২}{৫}$ অংশ পাখির ছবি এবং বাকী ৮৬ টি গাছের ছবি আঁকা হয়েছে। ঐ বিদ্যালয়ের মোট ছাত্র সংখ্যা কত? [পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]

ক. ১৮০ খ. ২৪০ গ. ৩৬০ ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

সমাধানঃ ফুল, ফল ও পাখির ছবি এঁকেছে মোট ছাত্রের $(\frac{১}{৪} + \frac{১}{৯} + \frac{২}{৫}) = \frac{১৩৭}{১৮০}$ অংশ। বাকি থাকে মোট ছাত্রের $(১ - \frac{১৩৭}{১৮০}) = \frac{৪৩}{১৮০}$ অংশ। $\frac{৪৩}{১৮০}$ অংশ = ৮৬ জন ছাত্র হলে মোট ছাত্র = $\frac{৮৬ \times ১৮০}{৪৩}$ = ৩৬০ জন

১৫৪. কোন একটি স্কুলের শিক্ষক শিক্ষয়ত্রীয় $\frac{২}{৩}$ অংশ মহিলা। পুরুষ শিক্ষকদের ১২ জন অবিবাহিত এবং $\frac{৩}{৫}$ অংশ বিবাহিত। ঐ স্কুলে শিক্ষক-শিক্ষয়ত্রীয় সংখ্যা কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ৩০ খ. ৬০ গ. ৭২ ঘ. ৯০ **উত্তর: ঘ**

সমাধানঃ পুরুষ শিক্ষকের $\frac{৩}{৫}$ অংশ বিবাহিত হলে অবিবাহিত = $(১ - \frac{৩}{৫}) = \frac{২}{৫}$ অংশ। পুরুষ শিক্ষকের $\frac{২}{৫}$ অংশ = ১২ জন হলে মোট সংখ্যা = $\frac{৬০}{২}$ = ৩০ জন। শিক্ষক-শিক্ষয়ত্রীর $\frac{২}{৩}$ অংশ মহিলা হলে পুরুষ অংশ = $(১ - \frac{২}{৩}) = \frac{১}{৩}$ অংশ। সুতরাং শিক্ষক-শিক্ষয়ত্রীর $\frac{১}{৩}$ অংশ = ৩০ জন হলে মোট সংখ্যা = (৩০ × ৩) = ৯০ জন

১৫৫. একটি স্কুলের ছাত্র-ছাত্রীর সংখ্যার মধ্যে $\frac{৫}{৬}$ অংশ ছাত্র এবং বাকি অংশ ছাত্রী।যদি ছাত্রদের সংখ্যা ছাত্রীদের সংখ্যা অপেক্ষা ১২০ জন বেশি হয়, তবে ছাত্রীর সংখ্যা কত? [নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৩]

ক. ২৫ জন খ. ৩৫ জন গ. ৩০ জন ঘ. ২০ জন **উত্তর: গ**

সমাধানঃ শিক্ষার্থীদের মধ্যে ছাত্রী = $(১ - \frac{৫}{৬}) = \frac{১}{৬}$ অংশ। ছাত্রীদের তুলনায় ছাত্র সংখ্যা বেশি $(\frac{৫}{৬} - \frac{১}{৬}) = \frac{২}{৩}$ অংশ। শিক্ষার্থীর $\frac{২}{৩}$ অংশ = ১২০ জন হলে $\frac{১}{৬}$ অংশ = $\frac{১২০ \times ৩}{২ \times ৬}$ = ৩০ জন

১৫৬. তপুর কাছে ৩৬০টি মার্বেল আছে আছে যার $\frac{১}{৩}$ অংশ হচ্ছে কালো। যদি সে তার ভাইকে তার কালো মার্বেলের $\frac{১}{৩}$ অংশ দিয়ে দেয়, তবে তপুর কাছে যত মার্বেল থাকবে তার কত শতাংশ কালো মার্বেল? [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ১৬]

ক. ২৫.০০% খ. ২২.২৫% গ. ২০% ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ তপুর কাছে কালো মার্বেল আছে $(৩৬০ \times \frac{১}{৩}) = ১২০$ টি। কালো মার্বেল হতে সে তাঁর ভাইকে দেয় $(১২০ \times \frac{১}{৩}) = ৪০$ টি। তপুর কাছে অবশিষ্ট মার্বেল = ১২০ - ৪০ = ৮০ টি। প্রশ্নমতে, $\frac{\text{অবশিষ্ট কালো মার্বেল}}{\text{অবশিষ্ট মোট মার্বেল}} = \frac{৮০}{৩২০} = \frac{৮০ \times ১০০}{৩২০} = ২৫\%$

১৫৭. লাভলু ফেব্রুয়ারির ১৪ তারিখে কিছু গোলাপ ক্রয় করল। তার ক্রয় করা প্রতিটি লাল গোলাপের দাম ১৬ টাকা এবং প্রতিটি সাদা গোলাপের দাম ১৩ টাকা। যদি সে সাদা ও লাল গোলাপ কিনতে মোট ২৯৩ টাকা খরচ করে থাকে, তাহলে সে কতটি গোলাপ কিনেছিল? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]

ক. ৯ খ. ১১ গ. ২০ ঘ. ২৫ **উত্তর: গ**

সমাধানঃ ১টি লাল ও ১টি সাদা গোলাপের দাম একত্রে (১৬+১৩) = ২৯ টাকা। ১০টি লাল ও ১০টি সাদা গোলাপের দাম একত্রে (১০×২৯) = ২৯০ টাকা। অবশিষ্ট থাকে (২৯৩ - ২৯০) = ৩ টাকা। ৯টি লাল ও ৯টি সাদা গোলাপের দাম একত্রে (৯×২৯) = ২৬১ টাকা। অবশিষ্ট থাকে (২৯৩ - ২৬১) = ৩২ টাকা। ৩২ টাকা দিয়ে আরও ২টি গোলাপ কেনা যায়। সুতরাং মোট গোলাগ = ৯ + ৯ + ২ = ২০ টি।

১৫৮. রাসেল, আসাদ ও রাজুকে ৩১৫ টাকা ভাগ করে দেওয়া হলে এতে রাসেলের টাকা আসাদের টাকার $\frac{৩}{৫}$ এবং আসাদের টাকা রাজুর টাকার ২ গুণ হলো। রাজু কত টাকা পেল? [ডিএই'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ১৮]

ক. ৬০ খ. ৯০ গ. ১৫০ ঘ. ৭৫ **উত্তর: ঘ**

সমাধানঃ রাজু ক টাকা পেলে আসাদ পায় ২ক টাকা এবং রাসেল পায় $(২ক \times \frac{৩}{৫}) = \frac{৬ক}{৫}$ টাকা। প্রশ্নমতে, $ক + ২ক + \frac{৬ক}{৫} = ৩১৫ \Rightarrow \frac{২১ক}{৫} = ৩১৫ \Rightarrow ক = ৭৫$

১৫৯. একটি রেস্টুরেন্টের বয় এর সাপ্তাহিক বেতন ৫০০ টাকা। এক সপ্তাহে বখশিস থেকে তার আয় তার বেতনের $\frac{৫}{৪}$ । তাহলে ঐ সপ্তাহে তার মোট আয়ের কত ভাগ বখশিস থেকে এসেছে? [সিএজি কার্যালয়ের গবেষণা কর্মকর্তা: ৯৮]

ক. $\frac{৪}{৯}$ খ. $\frac{৫}{৮}$ গ. $\frac{৫}{৯}$ ঘ. $\frac{৭}{৯}$ **উত্তর: গ**

সমাধানঃ সাপ্তাহিক বকশিস (৫০০ এর $\frac{৫}{৪}$) = ৬২৫ টাকা। সপ্তাহে তাঁর মোট আয় = (৬২৫ + ৫০০) = ১১২৫ টাকা। প্রশ্নমতে, $\frac{\text{বকশিস}}{\text{সাপ্তাহিক মোট আয়}} = \frac{৬২৫}{১১২৫} = \frac{৫}{৯}$

ল.সা.গু ও গ.সা.গু

০১. **নিচের কোনটি ৩ ও ৬ এর গুণিতক?** [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরী অ্যাটেনডেন্ট: ২০]

ক. ৩ খ. ৯ গ. ১৫ ঘ. ১৮ **উত্তর: ঘ**

সমাধানঃ একটি সংখ্যাকে অন্য একটি সংখ্যা দিয়ে ভাগ করলে যদি ভাগশেষ না থাকে অর্থাৎ যদি সংখাটি সম্পূর্ণরূপে বিভাজ্য হয়, তাহলে দ্বিতীয় সংখ্যাটিকে প্রথম সংখ্যার গুণনীয়ক বা উৎপাদক বলে এবং প্রথম সংখ্যাটিকে দ্বিতীয় সংখ্যার গুণিতক বলে। ৩ এর গুণিতক = ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮। ৬ এর গুণিতক = ৬, ১২, ১৮। সুতরাং ৩ ও ৬ এর সাধারণ গুণিতক = ৬, ১২, ১৮

০২. **৩, ৫, ৬ ও ৮ এর ল.সা.গু. কত?** [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]

ক. ৮০ খ. ১০০ গ. ১২০ ঘ. ১৪০ **উত্তর: গ**

সমাধানঃ ল.সা.গু. এর পূর্ণরূপ হলো লঘিষ্ঠ সাধারণ গুণিতক। দুই বা ততোধিক সংখ্যার ক্ষুদ্রতম সাধারণ গুণিতককে তাদের লঘিষ্ঠ সাধারণ গুণিতক বা Least Common Multiple (LCM) বলে। ল.সা.গু = ২ × ৩ × ৫ × ৪ = ১২০

০৩. **৮, ১২, ৩৬, ৭২, ১৪৪ এর ল.সা.গু কত?** [কৃষি মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ১৯]

ক. ২ খ. ৫৭৬ গ. ১৪৪ ঘ. ২৮৮ **উত্তর: গ**

সমাধানঃ ল.সা.গু = ২ × ২ × ২ × ৩ × ৩ × ২ = ১৪৪

০৪. **২০০২ কোন সংখ্যা গুচ্ছের ল.সা.গু নয়?** [২৪তম বিসিএস]

ক. ১৩, ৭৭, ৯১, ১৪৩ খ. ৭, ২২, ২৬, ৯১ গ. ২৬, ৭৭, ১৪৩, ১৫৪ ঘ. ২, ৭, ১১, ১৩ **উত্তর: ক**

সমাধানঃ ২ × ৭ × ১১ × ১৩ = ২০০২

০৫. **৫ এবং ৯৫ এর মধ্যে ৫ এবং ৩ দ্বারা বিভাজ্য সংখ্যা কতটি?** [ডাক অধিদপ্তরের উপজেলা পোস্টমাস্টার: ১০]

ক. ৫টি খ. ৬টি গ. ১০টি ঘ. ১৮টি **উত্তর: খ**

সমাধানঃ ৫, ৩ এর ল.সা.গু = ৫ × ৩ = ১৫। সুতরাং ৫ ও ৩ দ্বারা বিভাজ্য সংখ্যা হচ্ছে ১৫ এর গুণিতক। ৫ এবং ৯৫ এর মধ্যে ১৫ এর গুণিতকগুলো হলো ১৫, ৩০, ৪৫, ৬০, ৭৫, ৯০ = ৬ টি

০৬. **কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ৩, ৪ ও ৫ দ্বারা ভাগ করলে নিঃশেষ বিভাজ্য?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]

ক. ১৬০ খ. ৯০ গ. ১২০ ঘ. ৬০ **উত্তর: ঘ**

সমাধানঃ ৩, ৪, ৫ এর মধ্যে ১ ব্যতীত কোনো সাধারণ উৎপাদক নেই, সুতরাং এদের ল.সা.গু = ৩ × ৪ × ৫ = ৬০

০৭. **কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ৪, ৫, ৬ দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে ১ অবশিষ্ট থাকে? / কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ৪, ৫, ৬ দ্বারা ভাগ করলে প্রত্যেকবার ভাগশেষ হবে ১? / সব থেকে ছোট কোন সংখ্যা যেটা ৪, ৫, ৬ দিয়ে ভাগ করলে ১ অবশিষ্ট থাকে?** [জারাবো'র উচ্চমান সহকারী: ১৯]

ক. ১২১ খ. ১৬৯ গ. ৬১ ঘ. ১১১ **উত্তর: গ**

সমাধানঃ ৪, ৫, ৬ এর ল.সা.গু = ৬০। সুতরাং ক্ষুদ্রতম সংখ্যাটি হলো = ৬০ + ১ = ৬১

০৮. **ক একটি মৌলিক সংখ্যা এবং ক, খ বিভাজ্য নয়। ক এবং খ এর ল.সা.গু কত?** [সমবায় অধিদপ্তরের পরিদর্শক: ৮৭]

ক. ১ খ. ১ক গ. কখ ঘ. ১খ **উত্তর: গ**

সমাধানঃ যেহেতু ক ও খ এর মধ্যে কোনো সাধারণ মৌলিক উৎপাদক নেই, সুতরাং এদের ল.সা.গু = ক × খ = কখ

০৯. **কোন সংখ্যার সাথে ২ যোগ করলে যোগফল ১২, ১৮ ও ২৪ দ্বারা বিভাজ্য হবে? / কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে ২ যোগ করলে যোগফল ১২, ১৮ ও ২৪ দ্বারা বিভাজ্য হবে?** [৩০তম বিসিএস]

ক. ৮৯ খ. ৭০ গ. ১৭০ ঘ. ১৪২ **উত্তর: খ**

সমাধানঃ ১২,১৮ ও ২৪ এর ল.সা.গু = ২ × ২ × ৩ × ৩ × ২ = ৭২ সুতরাং লঘিষ্ঠ সংখ্যাটি হলো = ৭২ - ২ = ৭০

১০. **কোন ক্ষুদ্রতম সংখ্যা হতে ১ বিয়োগ করলে বিয়োগফল ৯, ১২ ও ১৫ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?** [পিএসসি'র সহকারী পরিচালক: ০৪]

ক. ১২১ খ. ১৮১ গ. ২৪১ ঘ. ৩৬১ **উত্তর: খ**

সমাধানঃ ৯, ১২, ১৫ এর ল.সা.গু = ৩ × ৩ × ৪ × ৫ = ১৮০। সুতরাং ক্ষুদ্রতম সংখ্যাটি হলো = ১৮০ + ১ = ১৮১

১১. **কোন লঘিষ্ঠ সংখ্যাকে ১৮ ও ২৪ দ্বারা ভাগ করলে অবশিষ্ট যথাক্রমে ৪ ও ১০ হবে?** [ডাক অধিদপ্তরের এস্টিমেটর: ১৮]

ক. ৪০ খ. ৫৮ গ. ২৪ ঘ. ৬৮ **উত্তর: খ**

সমাধানঃ ১৮ ও ২৪ এর ল.সা.গু = ৭২। যেহেতু ১৮ - ৪ = ১৪, ২৪ - ১০ = ১৪, সুতরাং সংখ্যাটি হলো = ৭২ - ১৪ = ৫৮

১২. **তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হতে কোন লঘিষ্ঠ সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল ৫, ১০, ১৫ দ্বারা বিভাজ্য হবে?** [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ১৩]

ক. ৫ খ. ১৫ গ. ১০ ঘ. ২০ **উত্তর: গ**

সমাধানঃ ৫, ১০, ১৫ এর ল.সা.গু = ৫×২×৩ = ৩০। আবার, তিন অংকের ক্ষুদ্রতম সংখ্যা ১০০। ১০০ কে ৩০ দিয়ে ভাগ করলে ভাগশেষ থাকে ১০। সুতরাং লঘিষ্ঠ সংখ্যাটি হলো = ১০

১৩. **৯৯৯৯৯৯ এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল ২, ৩, ৪, ৫ এবং ৬ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?** [২১তম বিসিএস]

ক. ২১ খ. ৩৯ গ. ৩৩ ঘ.২৯ **উত্তর: ক**

সমাধানঃ ২, ৩, ৪, ৫, ৬ এর ল.সা.গু = ৬০। ৬০ দ্বারা ৯৯৯৯৯৯ কে ভাগ করলে অবশিষ্ট থাকে ৩৯। সুতরাং ক্ষুদ্রতম সংখ্যাটি হলো = ৬০ - ৩৯ = ২১

১৪. পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যার সাথে নিচের কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল ৬, ৮, ১০ ও ১৪ দ্বারা বিভাজ্য হবে? [পিএসসি'র সহকারী পরিচালক: ০৬]

ক. ৭০১ খ. ৭০৯ গ. ৮০১ ঘ. ৮০৩ **উত্তর: গ**

সমাধানঃ ৬, ৮, ১০ ও ১৪ এর ল.সা.গু = ৮৪০। পাঁচ অংকের বৃহত্তম সংখ্যা ৯৯৯৯৯ কে ৮৪০ দ্বারা ভাগ করলে ৩৯ অবশিষ্ট থাকে। নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = ৮৪০ − ৩৯ = ৮০১।

১৫. নিচের কোন পূর্ণ সংখ্যাটিকে ৩, ৪, ৫ ও ৬ দ্বারা ভাগ করলে যথাক্রমে ১, ২, ৩ ও ৪ অবশিষ্ট থাকে? / কোন সংখ্যাকে ৩, ৪, ৫ ও ৬ দ্বারা ভাগ করলে যথাক্রমে ১, ২, ৩ ও ৪ ভাগশেষ থাকবে? [৪০তম বিসিএস]

ক. ৪৮ খ. ৫৪ গ. ৫৮ ঘ. ৬০ **উত্তর: গ**

সমাধানঃ ৩, ৪, ৫ এবং ৬ এর ল.সা.গু = ২ × ৩ × ২ × ৬ = ৬০। সুতরাং নির্ণেয় সংখ্যা = ৬০ − ২ = ৫৮

১৬. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ২, ৩, ৪, ৫, ৬ দ্বারা ভাগ করলে প্রতি ক্ষেত্রে ১ অবশিষ্ট থাকে, কিন্তু ৭ দ্বারা ভাগ করলে কোন অবশিষ্ট থাকে না। [বন অধিদপ্তরের বন প্রহরী: ১৫]

ক. ৬১ খ. ৩০১ গ. ৩০০ ঘ. ২৮৩ **উত্তর: খ**

সমাধানঃ ২, ৩, ৪, ৫ এবং ৬ এর ল.সা.গু = ২ × ৩ × ৪ × ৫ = ৬০। নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = ৩০১

১৭. পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা কত যাকে ৪, ৬, ১০ ও ১৫ দ্বারা ভাগ করলে প্রতি স্থলেই ৩ অবশিষ্ট থাকে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]

ক. ১০০২৩ খ. ১০০৪৩ গ. ১০০৩৩ ঘ. ৯৯০১৩ **উত্তর: ক**

সমাধানঃ ৪, ৬, ১০, ১৫ এর ল.সা.গু = ৬০। পাচঁ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ১০০০০। ১০০০০ কে ৬০ দিয়ে ভাগ দিলে ৪০ অবশিষ্ট থাকে। সুতরাং নির্ণেয় সংখ্যা = ১০০০০ - ৪০ + ৩ + ৬০ = ১০০২৩

১৮. ৪০০ ও ৫০০ এর মধ্যবর্তী কোন কোন সংখ্যাকে ১২, ১৫ ও ২০ দ্বারা ভাগ করলে প্রতি ক্ষেত্রে ১০ অবশিষ্ট থাকে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৮৯]

ক. ৪০৬, ৪৭৫ খ. ৪১৫, ৮৯৫ গ. ৪৪২, ৮৯০ ঘ. ৪৩০, ৪৯০ **উত্তর: ঘ**

সমাধানঃ ১২, ১৫, ২০ এর ল.সা.গু = ৬০। ৪০০ ও ৫০০ এর মধ্যবর্তী ৬০ এর গুণিতক সংখ্যা গুলো হলো ৪২০ ও ৪৮০। সুতরাং সংখ্যাটি হলো = (৪২০+১০) ও (৪৮০+১০) = ৪৩০ ও ৪৯০

১৯. কোন স্কুলের ছাত্রসংখ্যাকে ৫, ৮, ২০ দ্বারা ভাগ করলে প্রত্যেক বার ৪ অবশিষ্ট থাকে। ঐ স্কুলের ছাত্র সংখ্যা কত? [ডেসকো'র সুপারভাইজার: ১৯]

ক. ৪০ জন খ. ৪৪ জন গ. ৬০ জন ঘ. ৮০ জন **উত্তর: খ**

সমাধানঃ ৫, ৮, ২০ এর ল.সা.গু = ২ × ২ × ৫ × ২ = ৪০। সুতরাং ছাত্রসংখ্যা = (৪০+৪) = ৪৪ জন

২০. একটি প্যাকেটে ৫২০টি মার্বেল আছে। এতে কমপক্ষে আরো কতগুলো মার্বেল যোগ করা হলে সেগুলো ৩, ৪ অথবা ৬ জন ছাত্রের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া যাবে? / ক এর কাছে ৫২০ টাকা আছে। এর সাথে কত টাকা যোগ করলে সে সমস্ত টাকাকে ৩, ৪ অথবা ৬ জনের মধ্যে সমান ভাবে করে দিতে পারবে? [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ১৮]

ক. ৪ খ. ৬ গ. ৮ ঘ. ১২ **উত্তর: গ**

সমাধানঃ ৩, ৪, ৬ এর ল.সা.গু. = ২ × ৩ × ২ = ১২। ৫২০ কে ১২ দিয়ে ভাগ করলে ৪ অবশিষ্ট থাকে। সুতরাং নির্ণেয় সংখ্যা = (১২ - ৪) = ৮

২১. একদল গরু প্রতিবার সমান সংখ্যায় ভাগ হয়ে তিন পথে গমন করে, সাত ঘাতে পানি পান করে, নয়টি বৃক্ষের নিচে ঘুমায় এবং বারো জন গোয়ালা সমান সংখ্যক গরুর দুধ দোয়ায়। তাহলে গরুর সংখ্যা কত? [৪৩তম বিসিএস]

ক. ১৫৫ খ. ২২৫ গ. ২৫২ ঘ. ৫২২ **উত্তর: গ**

সমাধানঃ ৩, ৭, ৯, ১২ এর ল.সা.গু. = ৩ × ৭ × ৩ × ৪ = ২৫২।

২২. সর্বমোট কত সংখ্যক গাছ হলে একটি বাগান ৭, ১৪, ২১, ৩৫ ও ৪২ সারিতে গাছ লাগালে একটিও কম বা বেশি হবে না? [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুট্যান্ট: ১০]

ক. ২১০ খ. ২২০ গ. ২৩০ ঘ. ২৬০ **উত্তর: ক**

সমাধানঃ ৭, ১৪, ২১, ৩৫, ৩৫ ও ৪২ এর ল.সা.গু. হবে নির্ণেয় গাছের সংখ্যা। ল.সা.গু. = ২ × ৩ × ৭ × ৫ = ২১০।

২৩. পাঁচটি ঘন্টা একত্রে বেজে যথাক্রমে ৩, ৫, ৭, ৮ ও ১০ সেকেন্ড অন্তর অন্তর বাজতে লাগল। কতক্ষণ পরে ঘন্টাগুলো পুনরায় একত্রে বাজবে? [বাংলাদেশ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ১১]

ক. ১০ মিনিট খ. ৯০ সেকেন্ড গ. ১৪ মিনিট ঘ. ২৪০ সেকেন্ড **উত্তর: গ**

সমাধানঃ ৩, ৫, ৭, ৮ ও ১০ এর ল.সা.গু = ২ × ৫ × ৩ × ৭ × ৪ = ৮৪০। ঘন্টাগুলো পুনরায় একত্রে বাজবে = ৮৪০ সেকেন্ড = $\frac{৮৪০}{৬০}$ মিনিট = ১৪ মিনিট পর

২৪. দুইটি ঘন্টা যথাক্রমে ৮ মিনিট এবং ৬ মিনিট অন্তর বাজে। দুপুর ১২টায় দুইটি ঘন্টা একত্রে বাজার পর আবার কখন তারা একত্রে বাজবে? [পায়রা বন্দর কর্তৃপক্ষের কম্পিউটার অপারেটর: ২০]

ক. ১২টা ১২ মিনিটে খ. ১২টা ১৮ মিনিটে গ. ১২টা ২৪ মিনিটে ঘ.১২টা ৩০ মিনিটে **উত্তর: গ**

সমাধানঃ ৮ ও ৬ এর ল.সা.গু = ২ × ৪ × ৩ = ২৪। ঘন্টাগুলো পুনরায় ২৪ মিনিট পর অর্থাৎ ১২ টা ২৪ মিনিটে বাজবে।

২৫. কোনো সেনাবাহিনীতে যদি আরো ১১ জন সৈন্য নিয়োগ করা যেত তবে তাদেরকে ২০, ৩০, ৪০, ৫০, ৬০ সারিতে দাঁড় করানো যেতো। ঐ সেনাবাহিনীতে কতজন সৈন্য ছিল? [এনএসআই'র সহকারী পরিচালক: ১৭]

ক. ৫৯ জন খ. ৭৯ জন গ. ৫৮৯ জন ঘ. ৬১৯ জন **উত্তর: গ**

সমাধানঃ ২০, ৩০, ৪০, ৫০, ৬০ এর ল.সা.গু = ২ × ২ × ৩ × ৫ × ২ × ৫ = ৬০০। সুতরাং সৈন্য সংখ্যা = ৬০০ - ১১ = ৫৮৯ জন

২৬. একটি স্কুলে ছাত্রদের ড্রিল করাবার সময় ৮,১০ এবং ১২ সারিতে সাজানো যায়। আবার বর্গাকারেও সাজানো যায়। ঐ স্কুলে কমপক্ষে কত জন ছাত্র আছে? [১২তম বিসিএস]

ক. ৩৬০০ খ. ২৪০০ গ. ১২০০ ঘ. ৩০০ **উত্তর: ক**

সমাধানঃ ৮, ১০, ১২ এর ল.সা.গু = ২ × ২ × ২ × ৫ × ৩ = ১২০। যদি ছাত্র সংখ্যা = (২×২) × (২×২) × (৫×৫) × (৩×৩) = ৩৬০০ জন হয়, তাহলে ছাত্রদের বর্গাকারে সাজানো যাবে।

২৭. একটি গাড়ির সামনের চাকার পরিধি ৭ ফুট, পেছনের চাকার পরিধি ৯ ফুট। সামনের চাকা যখন পেছনের চাকার চেয়ে ১০ বার বেশি ঘোরে তখন গাড়িটি কত ফুট যায়? [৪র্থ বিজেএস]

ক. ১২৬ খ. ১৩০ গ. ১৮৯ ঘ. ৩১৫ **উত্তর: ঘ**

সমাধানঃ চাকা (৯ - ৭) = ২ বার বেশি ঘুরলে দূরত্ব হবে ৭ ও ৯ এর ল.সা.গু. এর সমান। ৭, ৯ এর ল.সা.গু. = ৬৩। চাকা ২ বার ঘুরলে অতিক্রান্ত দূরত্ব ৬৩ ফুট। সুতরাং চাকা ১০ বার ঘুরলে অতিক্রান্ত দূরত্ব $= \frac{৬৩০}{৪} = ৩১৫$ ফুট।

২৮. ৪০, ৬০ এবং ৮৮ এর গ.সা.গু কত? [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিবদর্শক: ১২]

ক. ৪ খ. ৬ গ. ৮ ঘ. ১২ **উত্তর: ক**

সমাধানঃ গ.সা.গু. এর পূর্ণরূপ হলো গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক। দুই বা ততোধিক রাশির মধ্যে যতগুলি সাধারণ মৌলিক গুণনীয়ক থাকে, তাদের গুণফলকে পূর্বোক্ত রাশিগুলোর গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক বা Highest Common Factor (HCF) বলে।

২৯. $\frac{২}{৫}$ এবং $\frac{৫}{৯}$ এর গ.সা.গু কত? [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী: ১৭]

ক. $\frac{১}{৪৫}$ খ. $\frac{২}{৪৫}$ গ. $\frac{৭}{৪৫}$ ঘ. ৪৫ **উত্তর: ক**

সমাধানঃ ভগ্নাংশের লবগুলোর গ.সা.গু ১ এবং হরগুলোর ল.সা.গু ৪৫। প্রদত্ত ভগ্নাংশগুলোর গ.সা.গু $= \frac{\text{লবগুলোর গ.সা.গু}}{\text{হরগুলোর ল.সা.গু}} = \frac{১}{৪৫}$

৩০. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ৫৭, ৯৩, ১৮৩ কে ভাগ করলে ভাগশেষ থাকবে না? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]

ক. ৯ খ. ৭ গ. ৫ ঘ. ৩ **উত্তর: ঘ**

সমাধানঃ ৫৭, ৯৩, ১৮৩ এর গ.সা.গু = ৩

৩১. প্রথম ও দ্বিতীয় সংখ্যার গুণফল ৩৫ এবং দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গুণফল ৬৩। দ্বিতীয় সংখ্যাটি কত? [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. ৫ খ. ৬ গ. ৭ ঘ. ৮ **উত্তর: গ**

সমাধানঃ ৩৫, ৬৩ এর গ.সা.গু = ৭

৩২. কতজন বালককে ১২৫ টি কমলালেবু ও ১৪৫টি কলা সমানভাবে ভাগ করে দেওয়া যায়? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ২৫ জনকে খ. ১৫ জনকে গ. ৩৫ জনকে ঘ. ৫ জনকে **উত্তর: ঘ**

সমাধানঃ ১২৫, ১৪৫ এর গ.সা.গু = ৫

৩৩. কতজন শিশুর মধ্যে কোন ফল না ভেঙ্গে ১১৫ টি কমলা এবং ১৩৫ টি কলা ভাগ করে দেয়া যায়? [বিএমইটি'র উপ-সহকারী পরিচালক: ১৭]

ক. ৫ খ. ১০ গ. ১২ ঘ. ১৫ **উত্তর: ক**

সমাধানঃ ১১৫ ও ১৩৫ এর গ.সা.গু = ৫

৩৪. কোনো বিক্রেতাকে ৩.২৫ টাকা, ৪.৭৫ টাকা ও ১১.৫০ টাকা একই ধরনের মুদ্রা দ্বারা পরিশোধ করতে হলে সবচেয়ে বড় কত পয়সার মুদ্রা প্রয়োজন? [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ১৪]

ক. ১০ খ. ১৫ গ. ৫০ ঘ. ২৫ **উত্তর: ঘ**

সমাধানঃ ৩.২৫ টাকা = ৩২৫ পয়স, ৪.৭৫ টাকা = ৪৭৫ পয়সা ও ১১.৫০ টাকা = ১১৫০ টাকা। ৩২৫, ৪৭৫, ১১৫০ এর গ.সা.গু = ২৫

৩৫. ১৮ ফুট × ১২ ফুট মাপের ফ্লোর সর্বোচ্চ বর্গাকৃতির (বর্গফুট) মাপের কতটি টাইলসে ঢাকা যাবে? [পায়রা বন্দর কর্তৃপক্ষের অফিস সহায়ক: ২০]

ক. ৩টি খ. ৪টি গ. ৫টি ঘ. ৬টি **উত্তর: ঘ**

সমাধানঃ ১৮ ও ১২ এর গ.সা.গু = ৬

৩৬. একটি ব্যাগে ৭২টি সবুজ এবং ১০৮টি লাল মার্বেল আছে। সমান সংখ্যক মার্বেলের প্যাকেট করা হলো যাতে প্রতি প্যাকেটে সব সবুজ অথবা সব লাল মার্বেল থাকে। প্রতি প্যাকেটে সর্বোচ্চ কত মার্বেল থাকতে পারে? [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০১]

ক. ৩৬ খ. ২৪ গ. ১২ ঘ. ১৮ **উত্তর: ক**

সমাধানঃ ৭২, ১০৮ এর গ.সা.গু = ৩৬

৩৭. কোন বৃহত্তম সংখ্যা দিয়ে ১০২ ও ১৮৬ কে ভাগ করলে প্রত্যেকবার ৬ অবশিষ্ট থাকবে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]

ক. ১২ খ. ১৫ গ. ১৬ ঘ. ২২ **উত্তর: ক**

সমাধানঃ ১০২ - ৬ = ৯৬, আবার ১৮৬ - ৬ = ১৮০। ৯৬ ও ১৮০ এর গ.সা.গু = ১২।

৩৮. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ৩৬৫ ও ৪৬৩ কে ভাগ করলে ভাগশেষ যথাক্রমে ৫ ও ৭। বৃহত্তম সংখ্যাটির মান কত? [ডেসকো'র সুপারভাইজার:১৯]

ক. ২৪ খ. ৫২ গ. ৪৫ ঘ. ৩৪ **উত্তর: ক**

সমাধানঃ ৩৬৫ - ৫ = ৩৬০, আবার ৪৬৩ - ৭ = ৪৫৬। ৩৬৫ ও ৪৬৩ এর গ.সা.গু = ২৪

৩৯. তিনটি পরস্পর সহমৌলিক সংখ্যার প্রথম দুইটি সংখ্যার গুণফল ৯১, শেষ দুইটির গুণফল ১৪৩ হলে সংখ্যা তিনটি কত? [সওজ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১০]

ক. ৭, ১৩, ১১ খ. ৭, ১১, ১৩ গ. ১১, ৭, ১৩ ঘ. ১১, ১৩, ৭ **উত্তর: ক**

সমাধানঃ যেহেতু তিনটি সংখ্যা সহমৌলিক, সেহেতু দ্বিতীয় সংখ্যাটি হবে ৯১ ও ১৭৩ এর গ.সা.গু = ১৩। প্রথম সংখ্যা = $\frac{৯১}{১৩} = ৭$; তৃতীয় সংখ্যা = $\frac{১৪৩}{১৩} = ১১$

৪০. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ২৭, ৪০, ৬৫ কে ভাগ করলে যথাক্রমে ৩, ৪ ও ৫ ভাগশেষ হবে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ১৬ খ. ১৪ গ. ১২ ঘ. ১০ **উত্তর: গ**

সমাধানঃ ২৭ - ৩ = ২৪, ৪০ - ৪ = ৩৬, ৬৫ - ৫ = ৬০। ২৪, ৩৬, ও ৬০ এর গ.সা.গু = ১২

৪১. ৭২৮ এবং ৯০০ কে সর্বাপেক্ষা বড় কোন সংখ্যা দ্বারা ভাগ করলে যথাক্রমে ৮ এবং ৪ অবশিষ্ট থাকবে? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]

ক. ১২ খ. ১৩ গ. ১৪ ঘ. ১৬ **উত্তর: ঘ**

সমাধানঃ ৭২৮ - ৮ = ৭২০, আবার ৯০০ - ৪ = ৮৯৬। ৭২০ ও ৮৯৬ এর গ.সা.গু = ১৬

৪২. দুইটি সংখ্যার গ.সা.গু ও ল.সা.গু এর গুণফল সংখ্যা দুইটির - [বিবিএস'র কম্পিউটার অপারেটর: ৯৫]

ক. যোগফলের সমান খ. গুণফলের সমান গ. বিয়োগফলের সমান ঘ. ভাগফলের সমান **উত্তর: খ**

সমাধানঃ দুইটি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু

৪৩. দুইটি সংখ্যার গ.সা.গু এবং ল.সা.গু যথাক্রমে ১৪ ও ১৬৮। সংখ্যাদ্বয়ের গুণফল কত? [ডেসকো'র সুপারভাইজার: ১৯]

ক. ৩৯০০ খ. ১৩৫২ গ. ৪৫৭ ঘ. ২৩৫২ **উত্তর: ঘ**

সমাধানঃ দুইটি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু = ১৬৮ × ১৪ = ২৩৫২

৪৪. দুইটি সংখ্যার গুণফল ৩৩৮০ এবং গ.সা.গু ১৩। সংখ্যা দুইটির ল.সা.গু কত? / দুইটি সংখ্যার গুণফল ৩৩৮০। এদের গ.সা.গু. ১৩ হলে ল.সা.গু. কত? [৩৬তম বিসিএস]

ক. ২৬০ খ. ৭৮০ গ. ১৩০ ঘ. ৪৯০ **উত্তর: ক**

সমাধানঃ ল.সা.গু = $\frac{\text{দুইটি সংখ্যার গুণফল}}{\text{গ.সা.গু}} = \frac{৩৩৮০}{১৩} = ২৬০$

৪৫. দুইটি সংখ্যার গুণফল ৫৪ এবং ল.সা.গু ১৮ হলে তাদের গ.সা.গু কত হবে? / দুইটি সংখ্যার গুণফল ৫৪। সংখ্যা দুইটির ল.সা.গু ১৮ হলে গ.সা.গু কত? [মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসের স্টোরম্যান: ১৯]

ক. ২ খ. ৪ গ. ১ ঘ. ৩ **উত্তর: ঘ**

সমাধানঃ গ.সা.গু = $\frac{\text{দুইটি সংখ্যার গুণফল}}{\text{ল.সা.গু}} = \frac{৫৪}{১৮} = ৩$

৪৬. দুইটি সংখ্যার গ.সা.গু. ১১ এবং ল.সা.গু. ৭৭০০। একটি সংখ্যা ২৭৫ হলে, অপর সংখ্যাটি - [৩৫তম বিসিএস]

ক. ৩১৮ খ. ২৮৩ গ. ৩০৮ ঘ. ২৭৯ **উত্তর: খ**

সমাধানঃ অপর সংখ্যা = $\frac{\text{ল.সা.গু} \times \text{গ.সা.গু}}{\text{একটি সংখ্যা}} = \frac{১১ \times ৭৭০০}{২৭৫} = ৩০৮$

৪৭. দুইটি সংখ্যার ল.সা.গু ও গ.সা.গু. যথাক্রমে ৯০ ও ১৫। একটি সংখ্যা ৪৫ হলে অপরটি কত? [ডিএনসিসি'র হিসাব সহকারী: ২০]

ক. ৩০ খ.৩৬ গ. ৬০ ঘ. ৭৫ **উত্তর: ক**

সমাধানঃ অপর সংখ্যা = $\frac{\text{ল.সা.গু} \times \text{গ.সা.গু}}{\text{একটি সংখ্যা}} = \frac{৯০ \times ১৫}{৪৫} = ৩০$

৪৮. দুইটি সংখ্যার অনুপাত ২ : ৩ এবং গ.সা.গু. ৪ হলে বৃহত্তর সংখ্যাটি কত? [৩৮তম বিসিএস]

ক. ৬ খ. ১২ গ. ৮ ঘ. ১৬ **উত্তর: খ**

সমাধানঃ ধরি, সংখ্যা দুইটি ২ক ও ৩ক। সুতরাং এদের গ.সা.গু = ক। ক = ৪ হলে সংখ্যা দুইটি হবে ৮ ও ১২। সুতরাং বড় সংখ্যা = ১২

৪৯. দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৬ এবং তাদের গ.সা.গু. ৪ হলে সংখ্যা দুইটির ল.সা.গু. কত? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ১০০ খ. ১২০ গ. ১৫০ ঘ. ১৮০ **উত্তর: খ**

সমাধানঃ ধরি, সংখ্যা দুইটি ৫ক ও ৬ক। এদের গ.সা.গু = ক এবং ল.সা.গু = ৩০ক। প্রশ্নমতে, ক = ৪ হলে ল.সা.গু = ৩০×৪ = ১২০

৫০. দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৩ এবং এদের ল.সা.গু. ১৮১৫। প্রথম সংখ্যাটি কত? [তিতাস গ্যাস ফিল্ডের সহকারী অফিসার: ১৮]

ক. ৫৫ খ. ৪৫ গ. ৩৫ ঘ. ৬০৫ **উত্তর: ঘ**

সমাধানঃ ধরি, সংখ্যা দুইটি ৫ক ও ৩ক। এদের ল.সা.গু = ১৫ক। প্রশ্নমতে, ১৫ক = ১৮১৫ => ক = ১২১। প্রথম সংখ্যা ১২১×৫ = ৬০৫

৫১. দুইটি সংখ্যার অনুপাত ৩ : ৪ এবং তাদের ল.সা.গু. ১৮০। সংখ্যা দুইটি কী কী? [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৬]

ক. ৫০, ৪০ খ. ৪৫, ৬০ গ. ৭০, ৬০ ঘ. ৬০, ৫০ **উত্তর: খ**

সমাধানঃ ধরি, সংখ্যা দুইটি ৩ক ও ৪ক। এদের ল.সা.গু = ১২ক। প্রশ্নমতে, ১২ক = ১৮০ => ক = ১৫। সুতরাং সংখ্যা দুইটি = ৪৫ ও ৬০

৫২. দুইটি সংখ্যার অনুপাত ৩ : ৪। তাদের ল.সা.গু. ১০৮। সংখ্যা দুটির যোগফল কত? [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]

ক. ৫৫ খ. ৫৬ গ. ৬০ ঘ. ৬৩ **উত্তর: ঘ**

সমাধানঃ ধরি, সংখ্যা দুইটি ৩ক ও ৪ক। এদের ল.সা.গু = ১২ক। প্রশ্নমতে, ১২ক = ১০৮ => ক = ৯। সুতরাং সংখ্যা দুইটি = ২৭ ও ৩৬। এদের যোগফল ২৭ + ৩৬ = ৬৩

৫৩. দুইটি সংখ্যার অনুপাত ৭ : ৫ এবং তাদের ল.সা.গু. ১৪০ হলে সংখ্যা দুইটির গ.সা.গু. কত? [৩৯তম বিসিএস]

ক. ১২ খ. ৬ গ. ৯ ঘ. ৪ **উত্তর: ঘ**

সমাধানঃ ধরি, সংখ্যা দুইটি ৭ক ও ৫ক। এদের গ.সা.গু = ক এবং ল.সা.গু = ৩৫ক। শর্তমতে, ৩৫ক = ১৪০ => ক = ৪

৫৪. দুইটি সংখ্যার গ.সা.গু., বিয়োগফল ও ল.সা.গু. যথাক্রমে ১২, ৬০ এবং ২৪৪৮। সংখ্যা দুইটি কত? [১৭তম বিসিএস]

ক. ১০৪, ২০৪ খ. ১০৪, ১৪৪ গ. ১০৪, ২৪৪ ঘ. ১৪৪, ২০৪ **উত্তর: ঘ**

সমাধানঃ প্রদত্ত অপশনগুলোর সংখ্যাগুলোর বিয়োগফল বের করে দেখা যায় ঘ অপশনে ২০৪ − ১৪৪ = ৬০ পাওয়া যায়। যা প্রশ্নের সাথে মিলে যায়। সুতরাং সঠিক উত্তর ঘ।

৫৫. দুইটি সংখ্যার ল.সা.গু. ৯৬ এবং গ.সা.গু. ১৬। একটি সংখ্যা অপর সংখ্যার ১.৫ গুণ হলে বড় সংখ্যাটি কত? [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ১৮]

ক. ২০ খ. ৩২ গ. ১৬ ঘ. ৪৮ **উত্তর: ঘ**

সমাধানঃ একটি সংখ্যা ক, অপর সংখ্যা ১.৫ক। দুইটি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু => ক×১.৫ক = ৯৬×১৬ => $ক^২$ = ১০২৪ => ক = ৩২। বড় সংখ্যা = ১.৫×৩২ = ৪৮

৫৬. দুইটি সংখ্যার ল.সা.গু. ৮৪ এবং গ.সা.গু. ১৪। একটি সংখ্যা অপর সংখ্যার দুই-তৃতীয়াংশ হলে ছোট সংখ্যাটি কত হবে? [বাংলাদেশ বেতারের সহকারী সম্পাদক: ১৯]

ক. ৪২ খ. ৩৩ গ. ২৮ ঘ. ২২ **উত্তর: গ**

সমাধানঃ বড় সংখ্যা ৩ক হলে ছোট সংখ্যা ২ক। দুইটি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু => ৩ক×২ক = ৮৪×১৪ => $৬ক^২$ = ১১৭৬ => ক = ১৪। সুতরাং ছোট সংখ্যা = ২×১৪ = ২৮

৫৭. দুইটি সংখ্যার ল.সা.গু. ২৪০ এবং গ.সা.গু. ২০। এদের একটি সংখ্যা ৭০ এর চেয়ে বড় হলে অপর সংখ্যাটি কত হবে? [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]

ক. ৭০ খ. ৬৫ গ. ৫০ ঘ. ৬০ **উত্তর: ঘ**

সমাধানঃ দুইটি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু = ২৪০×২০ = ৪৮০০। একটি সংখ্যা ৭০ এর চেয়ে বড় হলে অপরটি অবশ্যই $\frac{৪৮০০}{৭০}$ = $৬৮\frac{৪}{৭}$ এর চেয়ে ছোট হবে। অপশন অনুযায়ী ৮০×৬০ = ৪৮০০ হয় বিধায় অপর সংখ্যাটি ৬০।

শতকরা

০১. শতকরা বলতে কী বুঝায়? [শ্রম পরিদপ্তরের শ্রম অফিসার: ৯৬]

ক. একটি ভগ্নাংশ খ. একটি সম্পূর্ণ সংখ্যা

গ. একটি ভগ্নাংশ যার হর ১০০ ঘ. একটি ভগ্নাংশ যার হর ১ ও লব ১০০ **উত্তর: গ**

০২. ০.৩ এর ২০% সমান? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]

ক. ০.০৪ খ. ০.০৮ গ. ০.১২ ঘ. ০.০৬ **উত্তর: ঘ**

সমাধানঃ ০.৩ এর $\frac{২০}{১০০}$ = ০.০৬

০৩. ১০ এর ৫% কত হয়? [বিআরইবি'র লাইনম্যান: ১৯]

ক. ২ খ. ১ গ. ০.৫ ঘ. ২.৫ **উত্তর: গ**

সমাধানঃ ১০ এর $\frac{৫}{১০০}$ = ০.৫

০৪. ১৬০ এর $\frac{১১}{৫৬}$ ভাগের ৩৫% কত? [খাদ্য অধিদপ্তরেরদ্য পরিদর্শক: ০৯]

ক. ১৪ খ. ১২ গ. ১১ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

সমাধানঃ ১৬০ এর $\frac{১১}{৫৬}$ ভাগের ৩৫% = ১৬০ × $\frac{১১}{৫৬}$ × $\frac{৩৫}{১০০}$ = ১১

০৫. একশত টাকার শতকরা দুই ভাগ কত? [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক: ৯৫]

ক. ২০০ টাকা খ. ২০ টাকা গ. ২ টাকা ঘ. ২০০০ টাকা **উত্তর: গ**

সমাধানঃ ১০০ এর $\frac{২}{১০০}$ = ২

০৬. ১৫ টাকার শতকরা ৭ শতাংশ কত হয়? [পিএসসি'র কম্পিউটার অপারেটর: ১৮]

ক. ১.০৫ খ. ১০.৫ গ.১.৫ ঘ. ৭.৫ **উত্তর: ক**

সমাধানঃ ১৫ এর $\frac{৭}{১০০}$ = ১.০৫

০৭. ২ এর কত শতাংশ ৮ হবে? [৩৬তম বিসিএস]

ক. ২০০ খ. ৪০০ গ. ৩৪৫ ঘ. ৩০০ **উত্তর: খ**

সমাধানঃ ২ এর ক% = ৮ => ২ × $\frac{ক}{১০০}$ = ৮ => ক = $\frac{৮ \times ১০০}{২}$ = ৪০০ %

০৮. ৩০ টাকা ৭৫ টাকার শতকরা কত? [এনএটিপি'র অফিস সহকারী: ১৯]

ক. ৪০% খ. ৩৫% গ. ২৫% ঘ. ৩০% **উত্তর: ক**

সমাধানঃ ৭৫ এর ক% = ৩০ => ৭৫ × $\frac{ক}{১০০}$ = ৩০ => ক = $\frac{৩০ \times ১০০}{৭৫}$ = ৪০%

০৯. ১২ এর কত শতাংশ ১৮ হবে? / ১২ টাকার শতকরা কত সমান ১৮ টাকা? [৩৫তম বিসিএস]

ক. ১১০ খ. ১২৫ গ. ১৫০ ঘ. ১৬০ **উত্তর: গ**

সমাধানঃ ১২ এর ক % = ১৮ => ১২ × $\frac{ক}{১০০}$ = ১৮ => ক = ১৫০

১০. $\frac{৬}{১৫}$ কে শতকরায় প্রকাশ করলে কত হয়? [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০৯]

ক. ৩৬% খ. ৩০% গ. ৪০% ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

সমাধানঃ $\frac{৬}{১৫} = \frac{৬}{১৫} \times \frac{১০০}{১}$ = ৪০%

১১. $\frac{৪}{৫}$ কে শতকরায় প্রকাশ করলে কত হয়? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৪]

ক. ৪০% খ. ৫০% গ. ৬০% ঘ. ৮০% **উত্তর: ঘ**

সমাধানঃ $\frac{৪}{৫} = \frac{৪ \times ২০}{৫ \times ২০} = \frac{৮০}{১০০}$ = ৮০%

১২. ০.৪ কে শতকরায় প্রকাশ করলে কত হবে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]

ক. ৮০% খ. ৬০% গ. ২০% ঘ. ৪০% **উত্তর: ঘ**

সমাধানঃ ০.৪ = $\frac{৪}{১০} = \frac{৪}{১০} \times \frac{১০০}{১}$ = ৪০%

১৩. ৩৯ সংখ্যাটি নিচের কোন সংখ্যাটির ৬৫%? / ৩৯ সংখ্যাটি কোন সংখ্যার ৬৫%? / ৩৯ কোন সংখ্যার ৬৫%? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]

ক. ৬০ খ. ৬৫ গ. ৭৮ ঘ. ৯৫ **উত্তর: ক**

সমাধানঃ ক এর ৬৫% = ৩৯ => ক × $\frac{৬৫}{১০০}$ = ৩৯ => ক = $\frac{৩৯০০}{৬৫}$ = ৬০

১৪. ৮৪ টাকা কত টাকার ৮.৭৫%? [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৮]

ক. ৮৮০ টাকা খ. ৯৪০ টাকা গ.৯৬০ টাকা ঘ. ৯৮০ টাকা **উত্তর: গ**

সমাধানঃ ক এর ৮.৭৫% = ৮৪ => ক × $\frac{৮.৭৫}{১০০}$ = ৮৪ => ক = ৯৬০

১৫. ৯০ সংখ্যাটি কোন সংখ্যার ৬৬$\frac{২}{৩}$%? [পায়রা বন্দর কর্তৃপক্ষের হিসাব সহকারী: ২০]

ক. ১৮০ খ. ২৭০ গ. ২২৫ ঘ. ১৩৫ **উত্তর: ঘ**

সমাধানঃ ক এর ৬৬$\frac{২}{৩}$% = ৯০ => ক × $\frac{২০০}{৩ \times ১০০}$ = ৯০ => ক = $\frac{৯০ \times ৩০০}{২০০}$ = ১৩৫

১৬. একটি সংখ্যার ১২%, ৪৮ হলে সংখ্যাটি - [সেসিপ'র উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা: ১৫]

ক. ১০০ খ.২০০ গ. ৩০০ ঘ. ৪০০ **উত্তর: ঘ**

সমাধানঃ ক এর ১২% = ৪৮ => ক × $\frac{১২}{১০০}$ = ৪৮ => ক = ৪০০

১৭. ১৫০% এর সমান ভগ্নাংশটি কত? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৪]

ক. $\frac{৫}{৬}$ খ. $\frac{৩}{৪}$ গ. $\frac{৩}{২}$ ঘ. $\frac{৫}{৪}$ **উত্তর: গ**

সমাধানঃ ১৫০% = $\frac{১৫০}{১০০} = \frac{৩}{২}$

১৮. $\frac{২}{৫}$ এর ২৫% সমান কত? [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]

ক. ০.১ খ. ০.২ গ. ০.৩ ঘ. ০.৪ **উত্তর: ক**

সমাধানঃ $\frac{২}{৫}$ এর ২৫% = $\frac{২}{৫} \times \frac{২৫}{১০০}$ = ০.১

১৯. কোন ভগ্নাংশটি ০.৫% এর সমতুল্য? [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৩]

ক. $\frac{১}{২০}$ খ. $\frac{১}{২০০}$ গ. $\frac{১}{৫০}$ ঘ. $\frac{১}{৫}$ **উত্তর: খ**

সমাধানঃ ০.৫% = ০.৫ × $\frac{১}{১০০} = \frac{৫}{১০} \times \frac{১}{১০০} = \frac{৫}{১০০০} = \frac{১}{২০০}$

২০. **$১২\frac{১}{২}$% এর সমান ভগ্নাংশ কত হবে? / $১২\frac{১}{২}$% এর সমান –** [৩০তম বিসিএস]

ক. $\frac{১}{১৬}$ খ. $\frac{১}{৮}$ গ. $\frac{৩}{৫}$ ঘ. $\frac{৭}{১২}$ **উত্তর: খ**

সমাধানঃ $১২\frac{১}{২}\% = \frac{২৫}{২} \times \frac{১}{১০০} = \frac{১}{৮}$

২১. **নিচের কোন সংখ্যাটি ৪% এর সমান নয়?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অডিটর: ১৯]

ক. $\frac{১}{২৫}$ খ. $\frac{৪}{১০০}$ গ. ০.৪ ঘ. ০.০৪ **উত্তর: গ**

২২. **x ধনাত্মক হলে ২৫, ৫x এর শতকরা কত?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ১৬]

ক. $\frac{x}{১০০}\%$ খ. $\frac{x}{৫}\%$ গ. $\frac{২৫}{x}\%$ ঘ. $\frac{৫০০}{x}\%$ **উত্তর: ঘ**

সমাধানঃ ৫x এর ক% = ২৫ $\Rightarrow ৫x \times \frac{ক}{১০০} = ২৫ \Rightarrow ক = \frac{২৫ \times ১০০}{৫x} = \frac{৫০০}{x}\%$

২৩. **নিচের কোনটি ৪৮ : ৬০ এর শতকরায় প্রকাশ?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১১]

ক. ৪৮% খ. ৬০% গ.৭৫% ঘ. ৮০% **উত্তর: ঘ**

সমাধানঃ $৪৮ : ৬০ = \frac{৪৮}{৬০} = \frac{৪৮ \times ১০০}{৬০} = ৮০\%$

২৪. **৩৫% কে দশমিকে প্রকাশ করুন।** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]

ক. ০.০৩৫ খ. ০.৩৫ গ. ৩.০৫ ঘ. ৩.৫ **উত্তর: খ**

সমাধানঃ $৩৫\% = \frac{৩৫}{১০০} = ০.৩৫$

২৫. **$১\frac{১}{২}$% কে দশমিক ভগ্নাংশে প্রকাশ করলে কত হবে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯০]

ক.০.১৫ খ. ১.৫ গ. ০.০১৫ ঘ. ০.০০১৫ **উত্তর: গ**

সমাধানঃ $১\frac{১}{২}\% = \frac{৩}{২}\% = \frac{৩}{২} \times \frac{১}{১০০} = ০.০১৫$

২৬. **$\frac{১}{২}$ এর শতকরা কত $\frac{৩}{৪}$ হবে?** [২৩তম বিসিএস]

ক. ১২০% খ.১২৫% গ. ১৪০% ঘ. ১৫০% **উত্তর: ঘ**

সমাধানঃ $\frac{১}{২}$ এর ক % $= \frac{৩}{৪} \Rightarrow \frac{১}{২} \times \frac{ক}{১০০} = \frac{৩}{৪} \Rightarrow ক = \frac{৩ \times ২ \times ১০০}{৪} = ১৫০\%$

২৭. **কোন সংখ্যার ৭৫% সমান ৯০? / কোন সংখ্যার ৭৫ শতাংশ সমান ৯০?** [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৮]

ক. ১০০ খ. ১১০ গ. ১১৫ ঘ. ১২০ **উত্তর: ঘ**

সমাধানঃ সংখ্যাটির ৭৫% = ৯০ হলে ১০০% $= \frac{৯০ \times ১০০}{৭৫} = ১২০$

২৮. **একটি সংখ্যার ৩০% যদি ১৩৫ হয়, তবে সংখ্যাটির ১৫০% কত হবে?** [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]

ক. ৬০০ খ. ৬৭৫ গ. ৬৫০ ঘ. ৮১০ **উত্তর: খ**

সমাধানঃ সংখ্যাটির ৩০% = ১৩৫ হলে ১০০% $= \frac{১৩৫ \times ১০০}{৩০} = ৬৭৫$

২৯. **কোন সংখ্যার ৬% বেড়ে ৩৭১ হয়?** [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]

ক. ২৮০ খ. ৩১৯ গ. ৩৫০ ঘ. ৩৬১ **উত্তর: গ**

৩০. **কোন সংখ্যার ৪০ শতাংশ ও ১০ শতাংশের পার্থক্য ৩.৬?** [বাংলাদেশ বেতারের হিসাব সহকারী: ১৯]

ক. ৯ খ. ৮ গ. ১২ ঘ. ১৫ **উত্তর: গ**

৩১. **১৫ এর কত শতাংশ ১ এর ১৫ শতাংশের সমান?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ১২]

ক. ০.০০১ খ. ০.১ গ. ০.০১ ঘ. ১ **উত্তর: ঘ**

সমাধানঃ ১৫ এর ক% = ১ এর ১৫% $\Rightarrow$ ১৫ এর $\frac{ক}{১০০} = ১$ এর $\frac{১৫}{১০০} \Rightarrow ১৫ক = ১৫ \Rightarrow ক = ১$

৩২. **২০০ এর $\frac{১}{২}$% এর সাথে ১০০ যোগ করলে সংখ্যাটি কত হবে?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা: ১৭]

ক. ১০১ খ. ১৫০ গ. ২০০ ঘ. ২০১ **উত্তর: ক**

সমাধানঃ ২০০ এর $\frac{১}{২}\% + ১০০ = ২০০ \times \frac{১}{২} \times \frac{১}{১০০} + ১০০ = ১ + ১০০ = ১০১$

৩৩. **কোন সংখ্যার ৪০% এর সাথে ৪২ যোগ করলে ফলাফল হবে ঐ সংখ্যাটি। উহা কত?** [৩১তমবিসিএস]

ক. ৭০ খ. ৮০ গ. ৯০ ঘ. ৭৫ **উত্তর: ক**

সমাধানঃ সংখ্যাটি ক হলে শর্তমতে, ক এর ৪০% + ৪২ = ক => ক এর $\frac{৪০}{১০০}$ + ৪২ = ক => $\frac{২ক}{৫}$ + ৪২ = ক => ৪২ = ক - $\frac{২ক}{৫}$ => ৪২ = $\frac{৩ক}{৫}$ => ক = ৭০

৩৪. কোন সংখ্যার ৬০% থেকে ৬০ বিয়োগ করলে ফলাফল হবে ৬০। তবে সংখ্যাটি কত? [৩১তম বিসিএস]

ক. ২৫০ খ. ১০০ গ. ২০০ ঘ. ৩০০ **উত্তর: গ**

সমাধানঃ (x এর ৬০%) - ৬০ = ৬০ => x × $\frac{৬০}{১০০}$ = ১২০ => x = ২০০

৩৫. একটি সংখ্যার ১২% নিলে ৯৬ পাওয়া যায়, সংখ্যাটি কত? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]

ক. ১২০ খ. ১০০০ গ. ৭২০ ঘ. ৮০০ **উত্তর: ঘ**

সমাধানঃ সংখ্যাটির ১২% = ৯৬ হলে ১০০% = $\frac{৯৬ \times ১০০}{১২}$ = ৮০০

৩৬. ক অঙ্কে ৬টি ঠিক করে ৭৫% নম্বর পেল। কয়টি অঙ্ক ঠিক করলে সে ১০০% নম্বর পেতো? [বিআরইবি'র অফিস সহকারী: ১৮]

ক. ৫ খ. ৬ গ. ৭ ঘ. ৮ **উত্তর: ঘ**

সমাধানঃ ৭৫% = ৬ টি হলে ১০০% = $\frac{৬ \times ১০০}{৭৫}$ = ৮ টি

৩৭. যদি একটি সংখ্যার ৩০ শতাংশের ১৫ শতাংশ ১৮ হয়, তবে সংখ্যাটি কত? [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ১৭]

ক. ৯ খ. ৩৬ গ. ৪০০ ঘ. ৮১ **উত্তর: গ**

সমাধানঃ ধরি, সংখ্যাটি ক। ক এর ৩০% এর ১৫% = ১৮ => ক × $\frac{৩০}{১০০}$ × $\frac{১৫}{১০০}$ = ১৮ => ক = $\frac{১০০ \times ১০০ \times ১৮}{৩০ \times ১৫}$ = ৪০০

৩৮. যদি একটি সংখ্যা ক এর ১২০% অপর একটি সংখ্যা খ এর ৮০% হয়, তাহলে (ক + খ) এর মান কত? [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]

ক. ১.৫ক খ. ২ক গ. ২.৫ক ঘ. ৩ক **উত্তর: গ**

সমাধানঃ ক এর ১২০% = খ এর ৮০% => $\frac{খ}{ক}$ = $\frac{১২০\%}{৮০\%}$ => $\frac{খ}{ক}$ = $\frac{৩}{২}$ => খ = $\frac{৩ক}{২}$ => খ = ১.৫ক ; সুতরাং ক + খ = ক + ১.৫ক = ২.৫ক

৩৯. ৯ টাকার শতকরা ৭ অপেক্ষা ১১ টাকার শতকরা ৬ কত বেশি? [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৪]

ক. ০.০০৩ টাকা খ. ০.০৩ টাকা গ. ০.৩০ টাকা ঘ. ৩.০০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ ৯ টাকার ৭% = ৯×$\frac{৭}{১০০}$ = ০.৬৩। আবার ১১ টাকার ৬% = ১১×$\frac{৬}{১০০}$ = ০.৬৬। পার্থক্য = ০.৬৬ - ০.৬৩ = ০.০৩

৪০. দুইটি সংখ্যা তৃতীয় একটি সংখ্যা থেকে যথাক্রমে ৪০% ও ২৫% কম। প্রথম সংখ্যাটির তুলনায় দ্বিতীয় সংখ্যাটি শতকরা কত ছোট? [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৮]

ক. ১৫% খ. ১৮% গ. ২০% ঘ. ২৫% **উত্তর: গ**

সমাধানঃ তৃতীয় সংখ্যাটি ১০০ হলে ৪০% কমে প্রথম সংখ্যা = (১০০ − ৪০) = ৬০ এবং ২৫% কমে দ্বিতীয় সংখ্যা = (১০০ − ২৫) = ৭৫। সংখ্যাদ্বয়ের পার্থক্য = ৭৫ − ৬০ = ১৫। দ্বিতীয় সংখ্যাটির তুলনায় প্রথম সংখ্যাটি কম = $\frac{১৫ \times ১০০}{৭৫}$ = ২০%

৪১. W, X অপেক্ষা ১০% কম হলে এবং Y, Z অপেক্ষা ৩০% কম হলে WY, XZ অপেক্ষা শতকরা কত কম? [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহকারী: ১৯]

ক. ১০% খ. ২০% গ. ৩৭% ঘ. ৪০% **উত্তর: গ**

সমাধানঃ X = ১০০ হলে ১০% কমে W = (১০০ − ১০) = ৯০ এবং Z = ১০০ হলে ৩০% কমে Y = (১০০ − ৩০) = ৭০। সুতরাং WY = ৯০×৭০ = ৬৩০০ এবং XZ = ১০০×১০০ = ১০০০০। সংখ্যাদ্বয়ের পার্থক্য = ১০০০০ − ৬৩০০ = ৩৭০০। WY, XZ অপেক্ষা শতকরা কম = $\frac{৩৭০০ \times ১০০}{১০০০০}$ = ৩৭%

৪২. এক ব্যক্তি তার আয়ের ৫% আয়কর দেন। তিনি ৬০০ টাকা আয়কর দিলে তার মোট আয় কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]

ক. ২০,০০০ টাকা খ. ১৫,০০০ টাকা গ. ১২,০০০ টাকা ঘ.১০,০০০ টাকা **উত্তর: গ**

সমাধানঃ ৫ টাকা আয়কর দিলে মোট আয় ১০০ টাকা। সুতরাং ৬০০ টাকা আয়কর দিলে মোট আয় = $\frac{৬০০ \times ১০০}{৫}$ টাকা = ১২০০০ টাকা

৪৩. একটি মহল্লার জনসংখ্যার মধ্যে পুরুষের সংখ্যা ৫৫%। ঐ মহল্লার পুরুষের সংখ্যা ১১০০ হলে ঐ মহল্লার মোট জনসংখ্যা কত? [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৭]

ক. ২১০০ জন খ. ২৩০০ জন গ. ২০০৫ জন ঘ. ২০০০ জন **উত্তর: ঘ**

সমাধানঃ ৫৫ জন পুরুষ হলে মোট জনসংখ্যা ১০০ জন। সুতরাং ১১ জন পুরুষ হলে মোট জনসংখ্যা = $\frac{১১০০ \times ১০০}{৫৫}$ = ২০০০ জন

৪৪. একটি থলিতে ৮৮টি পেন্সিল আছে। তাদের মধ্যে $\frac{৪৫০}{১১}$% পেন্সিল লাল রঙের। থলিতে কতগুলো লাল পেন্সিল আছে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]

ক. ৩৬টি খ. ৪০টি গ. ১৮০টি ঘ. ১০৮টি **উত্তর: ক**

সমাধানঃ ১০০ টি পেন্সিলের মধ্যে $\frac{৪৫০}{১১}$ টি লাল পেন্সিল হলে ৮৮ টি মধ্যে লাল পেন্সিল $= \frac{৪৫০ \times ৮৮}{১১ \times ১০০} =$ ৩৬ টি

৪৫. এক আম বিক্রেতা তার নিকট যে আম ছিল তার ৪০% বিক্রয় করার পরে দেখল এখনও তার নিকট ১২০ কেজি আম আছে। তার নিকট প্রথমে কত কেজি আম ছিল? [ডাক বিভাগেরপোষ্টাল অপারেটর: ১৬]

ক. ১৬০ কেজি খ. ৪৮০ কেজি গ. ২০০ কেজি ঘ. ৭২০০ কেজি **উত্তর: গ**

সমাধানঃ বিক্রয়ের পর অবশিষ্ট আম = ১০০ - ৪০ = ৬০%। শর্তমতে, ৬০% = ১২০ হলে মোট আম $= \frac{১২০ \times ১০০}{৬০} =$ ২০০ কেজি

৪৬. একটি বইয়ের নির্ধারিত বিক্রয়মূল্য ৮০ টাকা। বইটি ৬০ টাকায় বিক্রয় করা হলে শতকরা বাট্টার পরিমাণ কত? [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]

ক. ১৫% খ. ১২% গ. $১৭\frac{১১}{১৭}\%$ ঘ. ২৫% **উত্তর: ঘ**

সমাধানঃ ৮০ টাকায় বাট্রা দিতে হয় (৮০ - ৬০) = ২০ টাকা। সুতরাং শতকরা বাট্টার হার $= \frac{২০ \times ১০০}{৮০} =$ ২৫

৪৭. একজন টেলিভিশন বিক্রেতাকে বিক্রয়মূল্যের উপর ১২% হারে কর দিতে হয়। যে টেলিভিশনের বিক্রয়মূল্য ১৯,৪০০ টাকা, তার জন্য কত টাকা কর দিতে হবে? [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১১]

ক. ১৬৭৫ টাকা খ.২৩২৮ টাকা গ. ২৬০০ টাকা ঘ. ২৭০০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ ১০০ টাকায় কর দিতে হয় ১২ টাকা। সুতরাং ১৯৪০০ টাকায় কর দিতে হবে $= \frac{১৯৪০০ \times ১২}{১০০} =$ ২৩২৮ টাকা

৪৮. ৩৫০ টাকা দরে ৩ কেজি মিষ্টি কিনে ৪ টাকা হারে ভ্যাট দিলে মোট কত ভ্যাট দিতে হবে? [মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসের ষ্টোরম্যান: ১৯]

ক. ৪২ টাকা খ. ১৪ টাকা গ. ১০৫ টাকা ঘ. ১২ টাকা **উত্তর: ক**

সমাধানঃ ৩ কেজি মিষ্টির দাম = ৩৫০×৩ = ১০৫০ টাকা। মোট ভ্যাটের পরিমাণ $= \frac{১০৫০ \times ৪}{১০০} =$ ৪২ টাকা

৪৯. ৫% ভ্যাটে ৪০৮০ টাকার বিলে ভ্যাটের পরিমাণ কত টাকা? [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৬]

ক. ৫ টাকা খ. ৯৫ টাকা গ. ২০৪ টাকা ঘ.৪০৮ টাকা **উত্তর: গ**

সমাধানঃ মোট ভ্যাটের পরিমান $= \frac{৪০৮০ \times ৫}{১০০} =$ ২০৪ টাকা

৫০. একটি ক্লাসে ৬৪০ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ৪০% ছাত্র হলে সেই ক্লাসে ছাত্রীর সংখ্যা কত? [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]

ক. ২৫৬ খ. ৩৮৪ গ.২৫২ ঘ. ২৬৫ **উত্তর: খ**

সমাধানঃ মোট ছাত্র সংখ্যা $= \frac{৬৪০ \times ৪০}{১০০} =$ ২৫৬ জন। সুতরাং ছাত্রী সংখ্যা = ৬৪০ - ২৫৬ = ৩৮৪ জন

৫১. ৪টির বেশি বই কিনলে প্রতিটি বইতে ৫% মূল্য ছাড় দেওয়া হয়। ১৫০ টাকার ১টি বই, ১২০ টাকা ১টি বই, ১১০ টাকার ১টি বই, ১০০ টাকার ১টি বই ও ৮০ টাকার ১টি বই কিনলে মোট কত টাকার মূল্য ছাড় পাওয়া যাবে? [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০৯]

ক. ২৮ খ. ৫৬ গ. ২০ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ ৫টি বইয়ের একত্রে মুল্য = ১৫০+১২০+১১০+১০০+৮০ = ৫৬০ টাকা। মোট মূল্য ছাড় $= \frac{৫৬০ \times ৫}{১০০} =$ ২৮ টাকা

৫২. আহসানের বেতন ৫% বৃদ্ধি পাওয়ায় তার বেতন ৬০০০ টাকা বৃদ্ধি পেল। আহসানের বেতন আগে কত ছিল? [সিএজি কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]

ক. ১২০০০০ টাকা খ.১২০০০ টাকা গ. ১৩০০০০ টাকা ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ ৫ টাকা বৃদ্ধি পেলে বেতন ১০০ টাকা। সুতরাং ৬০০০ টাকা বৃদ্ধি পেলে বেতন $= \frac{৬০০০ \times ১০০}{৫} =$ ১২০০০০ টাকা

৫৩. একটি স্কুলে ৪৫০ জন শিক্ষার্থী আছে এবং তার মধ্যে ১৮% ছাত্রী। ঐ স্কুলে কতজন ছাত্রী আছে? [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১]

ক. ৮১ জন খ. ৮২ জন গ. ৮৩ জন ঘ. ৮৪ জন **উত্তর: ক**

সমাধানঃ ১০০ শিক্ষার্থীর মধ্যে ছাত্রী ১৮ জন। সুতরাং ৪৫০ জন শিক্ষার্থীর মধ্যে ছাত্রী $= \frac{৪৫০ \times ১৮}{১০০} =$ ৮১ জন।

৫৪. একটি পরীক্ষায় ৭৫টি প্রশ্ন ছিল। আসাদ ৬০টি প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়েছে। সে শতকরা কতটি প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়েছে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ৭০% খ. ৭৫% গ. ৮০% ঘ. ৮৫% **উত্তর: গ**

সমাধানঃ শুদ্ধ উত্তরের শতকরা হার $= \frac{৬০ \times ১০০}{৭৫} =$ ৮০%

৫৫. একজন ছাত্র ১৬টি প্রশ্নের উত্তর শুদ্ধ করে ৬০% নম্বর পেল। ৯০% নম্বর পেতে হলে তাকে কতটি প্রশ্নের উত্তর শুদ্ধ করতে হবে? [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৪]

ক. ২৫টি খ. ৩০টি গ. ২৪টি ঘ. ২০টি **উত্তর: গ**

সমাধানঃ ৬০% নম্বর = ১৬ টি প্রশ্ন। সুতরাং ৯০% নম্বর $= \frac{১৬ \times ৯০}{৬০} =$ ২৪ টি প্রশ্ন

৫৬. যদি ১২ সদস্যবিশিষ্ট কোন কমিটির সদস্যদের মধ্যে ৯ জন মহিলা হয়, তা হলে সদস্যের কত ভাগ পুরুষ? [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. ৩০% খ. ৭৫% গ. ২৫% ঘ. ৪০% **উত্তর: গ**

সমাধানঃ মোট পুরুষ সদস্য = (১২-৯) = ৩ জন। পুরুষ সদস্যের শতকরা সংখ্যা = $\frac{৩ \times ১০০}{১২}$ = ২৫ জন

৫৭. প্রতি বছর কোনো শহরের লোকসংখ্যার ৭% জন্মগ্রহণ করে এবং ৩% মারা যায়। এক বছরে শহরে ৪০০ জন লোক বৃদ্ধি পেলে ঐ শহরের মোট লোকসংখ্যা কত? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]

ক. ৪০০০ খ. ৭০০০ গ.১০০০০ ঘ. ১৪০০০ **উত্তর: গ**

সমাধানঃ লোকসংখ্যা বৃদ্ধির হার = (৭ - ৩) = ৪%। ৪ জন বৃদ্ধি পেলে মোট লোকসংখ্যা ১০০ জন। সুতরাং ৪০০ জন বৃদ্ধি পেলে মোট লোকসংখ্যা = $\frac{৪০০ \times ১০০}{৪}$ = ১০০০০ জন

৫৮. একটি স্কুলে মোট ৫৪০ জন ছাত্রের মধ্যে কোন এক বুধবারে ২৭ জন অনুপস্থিত ছিল। ঐ দিন শতকরা কতজন ছাত্র উপস্থিত ছিল? [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১১]

ক. ৯৫% খ. ৫% গ. ৯৩.৯২% ঘ. ৫০% **উত্তর: ক**

সমাধানঃ বুধবারে উপস্থিত ছাত্র সংখ্যা = (৫৪০ - ২৭) = ৫১৩ জন। উপস্থিতির শতকরা হার = $\frac{৫১৩ \times ১০০}{৫৪০}$ = ৯৫%

৫৯. ছোয়াদ সাহেব ৩০০ টাকার বই কিনলেন। দোকানদার তাকে $\frac{১৯}{২}$ % কমিশন দিলেন। তিনি কত টাকা কমিশন পেলেন? [১৫তম শিক্ষক নিবন্ধন]

ক. ১৯.৫ টাকা খ. ২৮.৫ টাকা গ. ৫১.৫ টাকা। ঘ. ৫৭.০০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ ১০০ টাকায় কমিশন দেয় $\frac{১৯}{২}$ টাকা। সুতরাং ৩০০ টাকায় কমিশন পাবেন = $\frac{৩০০ \times \frac{১৯}{২}}{১০০}$ টাকা = ২৮.৫ টাকা

৬০. এক ব্যক্তি তার মাসিক বেতনের শতকরা ১০ অংশ মহার্ঘ ভাতা পায়। তার মাসিক আয় ৪২০০ টাকা হলে মহার্ঘ ভাতা কত? [পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা প্রসেসিং অপারেটর: ০২]

ক. ৪২০ টাকা খ. ২১০ টাকা গ. ৮৪০ টাকা ঘ. ১০৫ টাকা **উত্তর: ক**

সমাধানঃ ১০০ টাকায় মহার্ঘ ভাতা পায় ১০ টাকা। সুতরাং ৪২০০ টাকায় মহার্ঘ ভাতা পায় = $\frac{৪২০০ \times ১০}{১০০}$ = ৪২০ টাকা

৬১. ২০টি কমলার ২০% পচা হলে ভালো কমলার সংখ্যা - [বিবিএস'র পরিসংখ্যান কর্মকর্তা: ১০]

ক. ০টি খ. ৪টি গ. ৫টি ঘ. ১৬টি **উত্তর: ঘ**

সমাধানঃ ১০০ টিতে পচা কমলা ২০ টি হলে ২০ টিতে পচা কমলা = $\frac{২০ \times ২০}{১০০}$ টি = ৪ টি। সুতরাং ভাল কমলা = (২০-৪) = ১৬ টি

৬২. কোনো গ্রামের ২৫,০০০ জনসংখ্যার মধ্যে ১,৫০০ জন শিক্ষিত। ঐ গ্রামে শিক্ষিতের হার কত? [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক: ৯৫]

ক. ৪% খ. ৫% গ. ৬% ঘ. ৭% **উত্তর: গ**

সমাধানঃ ২৫০০০ জনের মধ্যে ১৫০০ জন শিক্ষিত হলে শিক্ষিতের হার = $\frac{১৫০০ \times ১০০}{২৫০০০}$ = ৬%

৬৩. রেজা তার সম্পদের ১২% স্ত্রীকে, ৫৮% ছেলেকে এবং অবশিষ্ট ৭২০০০/- টাকা মেয়েকে দিলেন। তার সম্পদের মোট মূল্য কত? [৩৮তম বিসিএস]

ক. ২৪০০০০০ টাকা খ. ২০০০০০০ টাকা গ. ১৬০০০০০ টাকা ঘ. ১২০০০০০ টাকা **উত্তর: ক**

সমাধানঃ মোট সম্পদ হতে মেয়ে পায় = {১০০ - (১২+৫৮)}% = ৩০%। ৩০% সম্পদের মূল্য ৭২০০০০ টাকা হলে সম্পদের মোট মূল্য = $\frac{৭২০০০০ \times ১০০}{৩০}$ = ২৪০০০০০ টাকা

৬৪. একজন ব্যক্তি সম্পদের ১২% স্ত্রীকে, ৫৮% পুত্রকে ও অবশিষ্ট ৪,৮০,০০০/- টাকা কন্যাকে দান করেন। পুত্রের সম্পদের মূল্যমান কত? [দুদকের সহকারী পরিচালক: ২০]

ক. ৯২৮০০০/- খ. ৯৮২০০০/- গ. ৯৬৮০০০/- ঘ. ৯৮৮০০০/- **উত্তর: ক**

সমাধানঃ মোট সম্পদ হতে মেয়ে পায় = {১০০ - (১২+৫৮)}% = ৩০%। ৩০% সম্পদের মূল্য ৪৮০০০০ টাকা হলে পুত্রের ৫৮% সম্পদের মোট মূল্য = $\frac{৪৮০০০০ \times ৫৮}{৩০}$ = ৯২৮০০০ টাকা

৬৫. একটি গণিতের বই প্রকৃত মূল্যের শতকরা ৮০ ভাগ মূল্যে ৬৪ টাকায় বিক্রয় হলো। বইটির প্রকৃত মূল্য কত? [ডাক বিভাগের এস্টিমেটর: ১৮]

ক. ৭২ টাকা খ. ৬০ টাকা গ. ৮০ টাকা ঘ. ৯০ টাকা **উত্তর: গ**

সমাধানঃ বিক্রয়মূল্য ৮০ টাকা হলে প্রকৃত মূল্য ১০০ টাকা। সুতরাং বিক্রয়মূল্য ৬৪ টাকা হলে প্রকৃত মূল্য = $\frac{৬৪ \times ১০০}{৮০}$ টাকা = ৮০ টাকা

৬৬. একটি বইয়ের দাম ২৪.০০ টাকা এবং এই দাম প্রকৃত দামের ৮০%। বাকি দাম সরকার ভর্তুকি দিলে বই প্রতি কত টাকা ভর্তুকি দেওয়া হয়? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ১৮]

ক. ৫ টাকা খ. ৪ টাকা গ. ২ টাকা ঘ. ৬ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ বিক্রয় দাম ৮০ টাকা হলে প্রকৃত দাম ১০০ টাকা। সুতরাং বিক্রয়মূল্য ৬৪ টাকা হলে প্রকৃত দাম = $\frac{২৪ \times ১০০}{৮০}$ = ৩০ টাকা। ভর্তুকি দিতে হবে = ৩০ - ২৪ = ৬ টাকা

৬৭. সামাদ সাহেবের মাসিক বেতন ১২০০০ টাকা। এক বছর পর তার বেতন ১১% বৃদ্ধি পেল। আগামী বছর সামাদ সাহেব কত টাকা মাসিক বেতনে বছর শুরু করবেন? / আজাদ সাহেবের মাসিক বেতন ১২০০০ টাকা। এক বছর পর তার বেতন ১১% বৃদ্ধি পেল। বর্তমানে আজাদ সাহেবের মাসিক বেতন কত? [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৪]

ক. ১২০৭৫ টাকা। খ. ১৩৩২০ টাকা গ. ১৬০০০ টাকা ঘ. ১৪৪০০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ ১০০ টাকা বেতন বৃদ্ধি পেয়ে হয় ১১১ টাকা। সুতরাং ১২০০০ টাকা বেতন বৃদ্ধি পেয়ে হবে $= \frac{১২০০০ \times ১১১}{১০০} = ১৩৩২০$ টাকা

৬৮. ১৬০ টাকার একটি দ্রব্য ক্রয় করলে যদি ১৫% কমিশন পাওয়া যায়, তবে উক্ত দ্রব্যটি ক্রয় করতে কত টাকা লাগবে? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৩]

ক. ১৪০ টাকা খ. ১৩৬ টাকা গ. ১৩৫ টাকা ঘ. ১৩০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ ১০০ টাকার দ্রব্যের কমিশনে ক্রয়মূল্য ৮৫ টাকা। সুতরাং ১৬০ টাকার দ্রব্যটির কমিশনে ক্রয়মূল্য $= \frac{১৬০ \times ৮৫}{১০০} = ১৩৬$ টাকা

৬৯. ডালের মূল্য ২৫% বৃদ্ধি পেলে পূর্বে যে ডালের কেজি প্রতি ৭২ টাকা ছিল বর্তমানে ঐ ডালের মূল্য কেজি প্রতি কত? [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১১]

ক. ৯০ টাকা। খ. ৯৫ টাকা গ. ১০০ টাকা ঘ. ১২৫ টাকা **উত্তর: ক**

সমাধানঃ ১০০ টাকার ডালের মূল্য বৃদ্ধি পেয়ে হয় ১২৫ টাকা। সুতরাং ৭২ টাকা ডালের মূল্য বৃদ্ধি পেয়ে হবে $= \frac{৭২ \times ১২৫}{১০০} = ৯০$ টাকা

৭০. জাওয়াদ মোবাইলে ৫ মিনিট কথা বলল। প্রতি মিনিটের মূল্য ১.৫ টাকা এবং ভ্যাট ১৫% হলে মোট কত টাকা বিল হবে? [১৩তম শিক্ষক নিবন্ধন]

ক. ৮.৬২৫ টাকা খ. ৮.৬৫২ টাকা গ. ৭.৫০০ টাকা ঘ. ১.১২৫ টাকা **উত্তর: ক**

সমাধানঃ বিক্রয় দাম ৮০ টাকা হলে প্রকৃত দাম ১০০ টাকা। সুতরাং বিক্রয়মূল্য ৬৪ টাকা হলে প্রকৃত দাম $= \frac{২৪ \times ১০০}{৮০} = ৩০$ টাকা। ভর্তুকি দিতে হবে $= ৩০ - ২৪ = ৬$ টাকা

সমাধানঃ ৫ মিনিটের মূল্য $= ১.৫ \times ৫ = ৭.৫$ টাকা। ১০০ টাকায় ভ্যাটসহ বিল ১১৫ টাকা হলে ৭.৫ টাকায় ভ্যাটসহ বিল $= \frac{৭.৫ \times ১১৫}{১০০} =$ ৮.৬২৫ টাকা।

৭১. একটি দ্বীপের লোকসংখ্যা ৬৫০৬৫০। ঘূর্ণিঝড়ে শতকরা ২০ ভাগ লোক নিহত হয়। ঐ দ্বীপে ঘূর্ণিঝড়ের পর লোকসংখ্যা কতজন? [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ০০]

ক. ৫০০০০০ জন খ. ৫২,০০০০ জন গ.৫২০৫২০ জন ঘ. ৫২২৫২২ জন **উত্তর: গ**

সমাধানঃ ১০০ জন লোকসংখ্যা থেকে নিহত হওয়ার পর থাকে $= ১০০ - ২০ = ৮০$ জন। সুতরাং ৬৫০৬৫০ জন জন লোকসংখ্যা থেকে নিহত হওয়ার পর থাকে $= \frac{৬৫০৬৫০ \times ৮০}{১০০} = ৫২০৫২০$ জন।

৭২. মানিকের মাসিক বেতন ৯% বৃদ্ধি পাওয়ার ফলে তার মাসিক সঞ্চয় সমান হারে বৃদ্ধি পেয়ে ১,৮৫৩ টাকা হলো। মানিকের মাসিক সঞ্চয় আগে কত ছিল? [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ১৪]

ক. ১,৬৫০ টাকা খ. ১,৬০০ টাকা গ. ১,৭০০ টাকা ঘ. ১,৭৫০ টাকা **উত্তর: গ**

সমাধানঃ বর্তমানে সঞ্চয় $(১০০+৯) = ১০৯$ টাকা হলে আগে ছিল ১০০ টাকা। সুতরাং বর্তমানে সঞ্চয় ১৮৫৩ টাকা হলে আগে ছিল $= \frac{১৮৫৩ \times ১০০}{১০৯} = ১৭০০$ জন

৭৩. একটি বই ১৫% কমিশনে বিক্রয় করা হয়। যদি বইটির প্রকৃত বিক্রয়মূল্য ১২০ টাকা হয়, তাহলে বইটি কত টাকায় ক্রয় করা যাবে? [ডেসকো'র সুপারভাইজার: ১৯]

ক. ১০০ টাকা খ. ১০৫ টাকা গ. ৯৫ টাকা ঘ. ১০২ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ ১০০ টাকা বিক্রয়মূল্য কমিশন পেয়ে হয় ৮৫ টাকা। সুতরাং ১২০ টাকা বিক্রয়মূল্য কমিশন পেয়ে হবে $= \frac{১২০ \times ৮৫}{১০০} = ১০২$ টাকা

৭৪. করিম সাহেব মাসিক বেতন থেকে প্রভিডেন্ট ফান্ডের জন্য শতকরা ১০ ভাগ কাটার পর তিনি ২৭০০ টাকা পান। তার মাসিক বেতন কত? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট: ১৯]

ক. ২৯৭০ খ. ৩০৭০ গ. ৩১৭০ ঘ. ৩০০০ **উত্তর: ঘ**

সমাধানঃ ১০ টাকা কাটার পর ৯০ টাকা বেতন হাতে পেলে তাঁর মাসিক বেতন ১০০ টাকা। সুতরাং ২৭০০ টাকা বেতন হাতে পেলে তাঁর মাসিক বেতন হবে $= \frac{২৭০০ \times ১০০}{৯০} = ৩০০০$ টাকা।

৭৫. ২০% ছাড়ে একটি কলমের দাম ১৪৪ টাকা হলে কলমটির প্রকৃত দাম কত ছিল? [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]

ক. ১৮০ খ.১৯৫ গ. ২০৭ ঘ. ২১৮ **উত্তর: ক**

সমাধানঃ ছাড়ে দাম ৮০ টাকা হলে প্রকৃত দাম ১০০ টাকা। সুতরাং ছাড়ে দাম ১৪৪ টাকা হলে প্রকৃত দাম $= \frac{১৪৪ \times ১০০}{৮০} = ১৮০$ টাকা।

৭৬. আবুলের সাপ্তাহিক বেতন ১৬ শতাংশ বৃদ্ধি পেলে তিনি প্রতি মাসে ৮১২ টাকা উপার্জন করতে পারেন। যদি তার সাপ্তাহিক বেতন ১০ শতাংশ বৃদ্ধি পেত, তিনি প্রতি মাসে কত টাকা উপার্জন করতেন? [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]

ক. ৬৫০ টাকা খ. ৭৫০ টাকা গ. ৭৭০ টাকা ঘ. ৭৮০ টাকা **উত্তর: গ**

সমাধানঃ বৃদ্ধির পূর্বের বেতন = $\frac{৮১২ \times ১০০}{(১০০+১৬)} = \frac{৮১২ \times ১০০}{১১৬}$ টাকা = ৭১০ টাকা

৭৭. বেতন ৩০% বৃদ্ধি পাওয়ায় একজন লোক ১১০৫০ টাকা পায়। পূর্বে তার বেতন কত ছিল? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ১৪]

ক. ৭৫০০ টাকা খ. ৮৫০০ টাকা গ. ৯০০০ টাকা ঘ. ৯২০০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ বর্তমান বেতন (১০০+৩০) = ১৩০ টাকা হলে পূর্বের বেতন ১০০ টাকা। সুতরাং বর্তমান বেতন ১১০৫০ টাকা হলে পূর্বের বেতন = $\frac{১১০৫০ \times ১০০}{১৩০}$ = ৮৫০০ টাকা।

৭৮. ৩% করসহ একটি পণ্যের মূল্য ৮২.৪০ টাকা হলে পণ্যটির করবিহীন মূল্য কত? [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]

ক. ৭৭ খ. ৮৫ গ. ৯৪ ঘ. ৮০ **উত্তর: ঘ**

সমাধানঃ করসহ মূল্য ১০৩ টাকা হলে করবিহীন মূল্য ১০০ টাকা। সুতরাং করসহ মূল্য ৮২.৪০ টাকা হলে করবিহীন মূল্য = $\frac{৮২.৪০ \times ১০০}{১০৩}$ = ৮০ টাকা।

৭৯. কোন বছরে একটি গ্রামের লোকসংখ্যা ১২% বাড়ে। বছরের শেষে লোক সংখ্যা ৩৩৬০ হলে, বছরের শুরুতে লোকসংখ্যা কত ছিল? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৩]

ক. ২৮০০ খ. ২৯০০ গ. ৩০০০ ঘ. ৩০৫০ **উত্তর: গ**

সমাধানঃ বছরের শুরুতে লোকসংখ্যা = $\frac{৩৩৬০ \times ১০০}{(১০০+১২)} = \frac{৩৩৬০ \times ১০০}{১১২}$ টাকা = ৩০০০ টাকা

৮০. মিষ্টি বিক্রয়ের ওপর মূল্য সংযোজন কর ১৫%। একজন মিষ্টি বিক্রেতা ভ্যাটসহ ৪,৬০০ টাকার মিষ্টি বিক্রি করলে তার ভ্যাটের পরিমাণ কত? [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক: ০৬]

ক. ৫০০ টাকা খ. ৬০০ টাকা গ. ৫৫০ টাকা ঘ. ৬৫০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ ভ্যাটসহ মূল্য ১১৫ টাকা হলে ভ্যাট ১৫ টাকা। সুতরাং ভ্যাটসহ মূল্য ৪৬০০ টাকা হলে ভ্যাট = $\frac{৪৬০০ \times ১৫}{১১৫}$ = ৪০০০ টাকা। ভ্যাটের পরিমান = (৪৬০০ - ৪০০০) টাকা = ৬০০ টাকা।

৮১. ছোটনের বেতন গত মাসে ৯% বৃদ্ধি পাওয়ার পর সে দেখল যদি তার বেতন ৯% না বেড়ে ১১% বৃদ্ধি পেত তাহলে তার মাসিক বেতন ৭২,১৫০ টাকা হতো। ছোটনের বর্তমান মাসিক বেতন কত? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]

ক. ৬৬,১৯৩ টাকা খ. ৬৫,০০০ টাকা গ. ৭০,৮৫০ টাকা ঘ. ৭২,২০০ টাকা **উত্তর: গ**

সমাধানঃ বৃদ্ধির পূর্বের বেতন = $\frac{৭২১৫০ \times ১০০}{(১০০+১১)} = \frac{৭২১৫০ \times ১০০}{১১১}$ টাকা = ৬৫,০০০ টাকা। ৯% বৃদ্ধিতে বর্তমান মাসিক বেতন = (৬৫০০০ + ৬৫০০০ এর ৯%) = (৬৫০০০ + ৫৮৫০) = ৭০৮৫০ টাকা

৮২. একটি কলমের দাম ২৫ টাকা থেকে ৩৫ টাকা হলে শতকরা কত টাকা দাম বাড়ল? / চিনির মূল্য ২৫ টাকা থেকে বৃদ্ধি পেয়ে ৩৫ টাকা হলে মূল্য শতকরা কত ভাগ বৃদ্ধি পেল? [মৎস্য অধিদপ্তরের হিসাবরক্ষক: ১৮]

ক. ৪০% খ. ৫০% গ. ৫৫% ঘ. ২২% **উত্তর: ক**

সমাধানঃ দাম বৃদ্ধি পায় ৩৫ - ২৫ = ১০ টাকা। ২৫ টাকায় দাম বৃদ্ধি পায় ১০ টাকা। সুতরাং দাম বৃদ্ধির হার = $\frac{১০ \times ১০০}{২৫}$ = ৪০%

৮৩. ১২.৫০ টাকার একটি জিনিস দোকানদার আপনার কাছে ১০ টাকায় বিক্রয় করলে আপনাকে শতকরা কতভাগ রেয়াত দেয়া হলো? [সিএজি কার্যালয়ের অধীক্ষক: ৯৮]

ক. ২% খ. ২.৫% গ. ২০% ঘ. ২৫% **উত্তর: গ**

সমাধানঃ রেয়াত ১২.৫০ - ১০ = ২.৫০ টাকা। ১২.৫০ টাকায় রেয়াত দেয় ২.৫০ টাকা। সুতরাং শতকরা রেয়াত = $\frac{২.৫ \times ১০০}{১২.৫}$ = ২০%

৮৪. একটি পরীক্ষায় পরীক্ষার্থীদের ৮০% গণিতে এবং ৭০% বাংলায় পাস করল। উভয় বিষয়ে পাস করল ৬০%। উভয় বিষয়ে শতকরা কতজন ফেল করল? [২২তম বিসিএস]

ক. ১৫% খ. ১০% গ. ১২% ঘ. ১১% **উত্তর: খ**

সমাধানঃ উভয় বিষয়ে পাস করে = ৬০%। শুধু গনিতে পাস করে = (৮০ - ৬০) = ২০% । শুধু বাংলায় পাস করে = (৭০ - ৬০) = ১০%। উভয় বিষয়ে মোট পাস করে = (৬০+২০+১০) = ৯০%। সুতরাং উভয় বিষয়ে ফেল করে = (১০০-৯০) = ১০%

৮৫. কোনো পরীক্ষায় ১৮% পরীক্ষার্থী ইংরেজিতে, ১২% পরীক্ষার্থী গণিতে এবং ৯% পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করলো। শতকরা কত জন পরীক্ষার্থী উভয় বিষয়ে পাস করেছে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]

ক. ৭৯ জন খ. ৭৫ জন গ. ৭৭ জন ঘ. ৮২ জন **উত্তর: ক**

সমাধানঃ উভয় বিষয়ে ফেল করে = ৯%। শুধু ইংরেজিতে ফেল করে = (১৮ - ৯) = ৯% । শুধু গণিতে ফেল করে = (১২ - ৯) = ৩%। উভয় বিষয়ে পাস করে = ১০০ - (৯+৯+৩) = ৭৯ জন

৮৬. একটি গ্রামের ৪০% লোক ডায়াবেটিসে আক্রান্ত এবং ২৫% লোক উচ্চ রক্তচাপে আক্রান্ত। যদি ১০% লোক উভয় রোগে আক্রান্ত হয়, কত শতাংশ লোক উভয় রোগের কোনোটিতেই আক্রান্ত নয়? [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৯]

ক. ৩০% খ. ৩৫% গ. ৪০% ঘ. ৪৫% **উত্তর: ঘ**

সমাধানঃ উভয় রোগে আক্রান্ত হয় = ১০%। শুধু ডায়াবেটিসে আক্রান্ত হয় = ৪০ - ১০ = ৩০%। শুধু উচ্চ রক্তচাপে আক্রান্ত হয় = ২৫ - ১০ = ১৫%। উভয় রোগের কোনোটিতেই আক্রান্ত নয় = ১০০ - (১০+৩০+১৫) = ৪৫%

৮৭. কোনো পরীক্ষায় ২০০ জনের মধ্যে ৭০% বাংলায়, ৬০% ইংরেজিতে এবং ৪০% উভয় বিষয়ে পাস করে। উভয় বিষয়ে ফেল করে কতজন? [জাতীয় সংসদ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]

ক. ১০ জন খ. ১৫ জন গ. ২৫ জন ঘ. ২০ জন **উত্তর: ঘ**

সমাধানঃ উভয় বিষয়ে পাস করে = ৪০%। শুধু বাংলায় পাস করে = ৭০ - ৪০ = ৩০%। শুধু ইংরেজিতে পাস করে = ৬০ - ৪০ = ২০%। উভয় বিষয়ে ফেল করে = ১০০ - (৪০+৩০+২০) = ১০%। সুতরাং ২০০ জনে উভয় বিষয় ফেল করে = (২০০ × ১০%) = ২০ জন।

৮৮. কোন স্কুলে ৭০% পরীক্ষার্থী ইংরেজি এবং ৮০% পরীক্ষার্থী বাংলায় পাস করেছে। কিন্তু উভয় বিষয়ে ১০% ফেল করেছে। যদি উভয় বিষয়ে ৩০০ জন শিক্ষার্থী পাস করে থাকে তবে ঐ স্কুলে কতজন শিক্ষার্থী পরীক্ষা দিয়েছে? [২৩তম বিসিএস]

ক. ৪০০ জন খ. ৫০০ জন গ. ৫৬০ জন ঘ. ৭৬০ জন **উত্তর: খ**

সমাধানঃ উভয় বিষয়ে ফেল করেছে = ১০%। শুধু ইংরেজিতে ফেল করেছে = ১০০ - ৭০ = ৩০%। শুধু বাংলায় ফেল করেছে = ১০০ - ৮০ = ২০%। মোট ফেল করেছে = (১০+৩০+২০) = ৬০%। ৬০% = ৩০০ জন হলে মোট শিক্ষার্থী সংখ্যা = $\frac{১০০ \times ৩০০}{৬০}$ = ৫০০ জন।

৮৯. কোনো পরীক্ষায় ৯০% পরীক্ষার্থী ইতিহাসে এবং ৮৫% পরীক্ষার্থী ভূগোলে কৃতকার্য হলো। যদি উভয় বিষয়ে কোনো ফেল না করে এবং উভয় বিষয়ে ২২৫ জন পাস করে থাকে, তবে ঐ পরীক্ষায় কতজন অংশগ্রহণ করেছিল? [দুদকের সহকারী পরিদর্শক: ০৪]

ক. ২৫০ জন খ.৩০০ জন গ. ৩৫০ জন ঘ. ৪০০ জন **উত্তর: খ**

সমাধানঃ ইতিহাসে অকৃতকার্য = (১০০ - ৯০) = ১০%। ভূগোলে অকৃতকার্য = (১০০ - ৮৫) = ১৫%। উভয় বিষয়ে কৃতকার্য = ১০০ - (১০+১৫) = ৭৫%। ৭৫% = ২২৫ জন হলে মোট অংশগ্রহণ করেছিল $\frac{২২৫ \times ১০০}{৭৫}$ = ৩০০ জন

৯০. একটি কম্পিউটার বিজ্ঞান পরীক্ষায় ৩০% পরীক্ষার্থী পাস করেছে। পরীক্ষায় যারা পাস করতে পারেনি তাদের ১২ জন কম্পিউটার বিজ্ঞান কোর্সে অংশগ্রহণ করেছে এবং ৩০ জন উক্ত কোর্সে অংশগ্রহণ করেনি। মোট কয়জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ৬০ খ.৮০ গ. ১০০ ঘ. ১২০ **উত্তর: ক**

সমাধানঃ কম্পিউটার বিজ্ঞানে ফেল করে = ১০০ - ৩০ = ৭০%। মোট ফেল করে ১২+৩০ = ৪২ জন। ৭০% = ৪২ জন হলে পরীক্ষায় অংশগ্রহণ করে $\frac{৪২ \times ১০০}{৭০}$ = ৬০ জন

৯১. একটি ক্লাসের n সংখ্যক ছাত্রের ৫০% বাংলা বিষয়ে পাশ করছে। অন্য একটি ক্লাসের ১০০ জন ছাত্রের ৬০% বাংলা বিষয়ে পাশ করছে। দুই ক্লাসের মোট ৫৫% ছাত্র বাংলা বিষয়ে পাশ করলে, দুই ক্লাসের মোট ছাত্র সংখ্যা কত? [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]

ক. ৫০ খ. ১০০ গ. ১৫০ ঘ. ২০০ **উত্তর: ঘ**

সমাধানঃ ক্লাস দুইটিতে মোট ছাত্র সংখ্যা (n + ১০০) জন। প্রথম ক্লাসের n সংখ্যাক ছাত্রের n × ৫০% = $\frac{n}{২}$ জন এবং দ্বিতীয় ক্লাসের ১০০ জন ছাত্রের ১০০ × ৬০% = ৬০ জন বাংলায় পাশ করেছে। প্রশ্নমতে, $\frac{n}{২} + ৬০ = (n + ১০০) \times ৫৫\% \Rightarrow \frac{n + ১২০}{২} = \frac{(n + ১০০) \times ৫৫}{১০০}$ $\Rightarrow ৫০ (n + ১২০) = ৫৫ (n + ১০০) \Rightarrow ৫০n + ৬০০০ = ৫৫n + ৫৫০০ \Rightarrow ৫n = ৫০০ \Rightarrow n = ১০০$। মোট ছাত্রসংখ্যা (১০০ + ১০০) = ২০০ জন।

৯২. একটি স্কুলের ৭০% ছাত্র ফুটবল, ৭৫% ছাত্র হকি এবং ৮০% ছাত্র ক্রিকেট খেলতে পছন্দ করে। ঐ স্কুলের শতকরা কতজন ছাত্র তিনটিই খেলতে পছন্দ করে? [ডিএই'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ১৮]

ক. ২৫% খ. ৩০% গ. ৩৫% ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ ফুটবল পছন্দ করে না = (১০০-৭০) = ৩০ জন। হকি পছন্দ করে না = (১০০-৭৫) = ২৫ জন। ক্রিকেট পছন্দ করে না = (১০০-৮০) = ২০ জন। তিনটি খেলা পছন্দ করে না = (৩০+২৫+২০) = ৭৫ জন। তিনটি খেলাই পছন্দ করে = (১০০-৭৫) = ২৫ জন

৯৩. ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯০% ছাত্র বাস ব্যবহার করে, ১৫% ছাত্র রাইড শেয়ারিং ব্যবহার। করে এবং প্রত্যেক ছাত্র বাস অথবা রাইড শেয়ারিং অথবা দুটোই ব্যবহার করে। রাইড শেয়ারিং ব্যবহার করা ছাত্রদের কত শতাংশ বাস ব্যবহার করে? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]

ক. ৫% খ. ১০% গ. ১৫% ঘ. ৩৩.৩৩% **উত্তর: ঘ**

সমাধানঃ উভয়টিই ব্যবহার করে (৯৫ + ১৫ +-১০০) = ৫%। শুধু বাস ব্যবহার করে (৯০ - ৫) = ৮৫%। শুধু রাইড শেয়ারিং ব্যবহার করে (১৫ - ৫) = ১০%। রাইড শেয়ারিং ব্যবহার করা ১৫ জন ছাত্রের মধ্যে বাস ব্যবহার করে (১৫ - ১০) = ৫ জ ; সুতরাং ১০০ জন্য ছাত্রের মধ্যে বাস ব্যবহার করে = $\frac{৫ \times ১০০}{১৫}$ = ৩৩.৩৩%

৯৪. রহিমের আয় করিমের আয় অপেক্ষা ২৫% বেশি। করিমের আয় রহিমের আয় অপেক্ষা শতকরা কত কম? / ক এর বেতন খ এর বেতন অপেক্ষা শতকরা ২৫ টাকা বেশি হলে খ এর বেতন ক এর বেতন অপেক্ষা কত টাকা কম? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ২০% খ. ২৫% গ. ৩০% ঘ. ৩৫% **উত্তর: ক**

সমাধানঃ কমের হার = $\frac{১০০ \times \text{বেশির হার}}{১০০ + \text{বেশির হার}} = \frac{১০০ \times ২৫}{১০০ + ২৫}$ = ২৫%

৯৫. যদি রিক্সা ভাড়া ৬০% বৃদ্ধি পায় তবে রিক্সায় যাতায়াত শতকরা কতভাগ কমালে ব্যয় বৃদ্ধি পাবে না? [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৬]

ক. ৩৭.৫% খ. ৪০% গ.৬০% ঘ. ৬০.৫% **উত্তর: ক**

সমাধানঃ কমের হার $= \frac{১০০ \times \text{বেশির হার}}{১০০ + \text{বেশির হার}} = \frac{১০০ \times ৬০}{১০০ + ৬০} = ৩৭.৫\%$

৯৬. চিনির মূল্য ২০% কমলো, কিন্তু চিনির ব্যবহার ২০% বৃদ্ধি পেল। এতে চিনি বাবদ ব্যয় শতকরা কত বাড়লো বা কমলো? [সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড সুপারভাইজার: ১৮]

ক. ১% বাড়লো খ. ২% কমলো গ. ৩% বাড়লো ঘ. ৪% কমলো **উত্তর: ঘ**

সমাধানঃ মোট পরিবর্তন = প্রথম বৃদ্ধি বা হ্রাস + দ্বিতীয় বৃদ্ধি বা হ্রাস + $\frac{\text{প্রথম বৃদ্ধি বা হ্রাস} \times \text{দ্বিতীয় বৃদ্ধি বা হ্রাস}}{১০০} = ২০ + (-২০) + \frac{২০ \times (-২০)}{১০০}$
$= -৪$ [নেগেটিভ মানের অর্থ হলো হ্রাস পাওয়া বা কমে যাওয়া]

৯৭. একজন ব্যবসায়ী তার প্রতি একক পণ্যের দাম ১৮% বৃদ্ধি করে এবং পুনরায় ২৫% বৃদ্ধি করে। তার মোট বৃদ্ধিকৃত দাম মূল দামের শতকরা কত অংশ? [বিপিএটিসি'র সহকারী পরিচালক: ১৯]

ক. ৩৩% খ. ৪৩% গ. ৪৭.৫% ঘ. ১৩৩% **উত্তর: গ**

সমাধানঃ বৃদ্ধিকৃত দাম (%) $= ১৮ + ২৫ + \frac{১৮ \times ২৫}{১০০} = ৪৭.৫$ [পজিটিভ মানের অর্থ হলো বৃদ্ধি পাওয়া বা বেড়ে যাওয়া]

৯৮. দুইটি ক্রমিক ছাড় ২০% এবং ১৫% এককালীন কত ছাড়ের সমান? [২৯তম বিসিএস]

ক. ৩০% খ. ৩২% গ. ৩৪% ঘ. ৩৫% **উত্তর: খ**

সমাধানঃ এককালীন ছাড় $= (-২০) + (-১৫) + \frac{(-২০) \times (-১৫)}{১০০} = -৩২\%$ [নেগেটিভ মানের অর্থ হলো হ্রাস পাওয়া বা কমে যাওয়া]

৯৯. ১৯৯৫ সালে চালের মূল্য পূর্বতন বছরের চেয়ে ১০% বৃদ্ধি পেল। ১৯৯৬ সালে তা ৫% কমে গেল। ১৯৯৪ সালের সাপেক্ষে ১৯৯৬ সালে মূল্য কত বৃদ্ধি পেল? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]

ক. ৪.৫% খ. ৫% গ. ৫.৫% ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ চালের মূল্য বৃদ্ধি পেল $= ১০ - ৫ + \frac{১০ \times (-৫)}{১০০} = ৪.৫\%$ [পজিটিভ মানের অর্থ হলো বৃদ্ধি পাওয়া বা বেড়ে যাওয়া]

১০০. কোন কারখানায় কর্মীদের জনপ্রতি দৈনিক মজুরী ছিল ১০০ টাকা। মন্দার কারণে তাদের দৈনিক মজুরী ৫০% কমানো হয়েছিল। সম্প্রতি দৈনিক মধুরী ৬০% বাড়ানো হয়েছে। বর্তমানে জনপ্রতি দৈনিক মজুরী কত টাকা? [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]

ক. ১৬০ খ. ১১০ গ. ৮০ ঘ. ৬০ **উত্তর: গ**

সমাধানঃ মজুরির পরিবর্তন $= (-৫০) + ৬০ + \frac{(-৫০) \times ৬০}{১০০} = -২০\%$। বর্তমান মজুরি = (১০০ - ১০০ এর ২০%) = ৮০ টাকা

১০১. ১টি সমবাহু ত্রিভুজের সবগুলো বাহু ২০% বৃদ্ধি পাওয়াতে ত্রিভুজটির ক্ষেত্রফল কত শতাংশ বৃদ্ধি পাবে? [বাংলাদেশ বেতারের সহকারী সম্পাদক: ১৯]

ক. ৪৪% খ. ৪০% গ. ২০% ঘ. ৮% **উত্তর: ক**

সমাধানঃ ক্ষেত্রফল বৃদ্ধি $= ২০ + ২০ + \frac{২০ \times ২০}{১০০} = ৪৪$ [পজিটিভ মানের অর্থ হলো বৃদ্ধি পাওয়া বা বেড়ে যাওয়া]

১০২. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ১০% বৃদ্ধি এবং প্রস্থ P% হ্রাস করার ফলে এর ক্ষেত্রফল ১২% হ্রাস পেল। P এর মান কত? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]

ক. ১২ খ. ১৫ গ. ২০ ঘ. ২২ **উত্তর: গ**

১০৩. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বৃদ্ধি এবং প্রস্থ ১০% হ্রাস করলে ক্ষেত্রফলের শতকরা কত পরিবর্তন হবে? [আবাআখা প্রকল্পের উপজেলা সমন্বয়কারী: ১৭]

ক. ৮% বৃদ্ধি খ. ৮% হ্রাস গ. ১০৮% বৃদ্ধি ঘ. ১০৮% হ্রাস **উত্তর: ক**

সমাধানঃ ক্ষেত্রফল পরিবর্তন $= ৫০ - ১০ + \frac{২০ \times (-১০)}{১০০} = ৮$ [পজিটিভ মানের অর্থ হলো বৃদ্ধি পাওয়া বা বেড়ে যাওয়া]

১০৪. যদি একটি আয়তক্ষেত্রের বিস্তার ২৫% বৃদ্ধি এবং দৈর্ঘ্য ২৫% হ্রাস করা হয় তবে পরিবর্তিত আয়তন মূল আয়তনের শতকরা কত ভাগ? [শ্রম পরিদপ্তরের প্রভাষক: ০৫]

ক. ৯০% খ. ৯৩.৭৫% গ. ৯৫.২৫% ঘ. ১০০% **উত্তর: খ**

সমাধানঃ ক্ষেত্রফল পরিবর্তন $= ২৫ - ২৫ + \frac{২৫ \times (-২৫)}{১০০} = -৬.২৫$। মূল আয়তনের শতকরা ভাগ = (১০০ - ৬.২৫) = ৯৩.৭৫%

১০৫. একটি বর্গের ক্ষেত্রফল একটি আয়তের ক্ষেত্রফলের সমান। আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ৩৬ মিটার এবং প্রস্থ ২৫ মিটার। আয়তের দৈর্ঘ্য ১০% হ্রাস পেলে এবং প্রস্থ ১০% বৃদ্ধি করা হলে ক্ষেত্রফল শতকরা কত হ্রাস বা বৃদ্ধি পাবে? [খাদ্য অধিদপ্তরের কম্পিউটারঅপারেটর: ২০]

ক.১ বর্গ মি. খ. ২ বর্গ মি. গ.৩ বর্গ মি. ঘ.৪ বর্গ মি. **উত্তর: ক**

সমাধানঃ ক্ষেত্রফল পরিবর্তন $= (-১০) + ১০ + \frac{(-১০) \times ১০}{১০০} = -১$ [নেগেটিভ মানের অর্থ হলো হ্রাস পাওয়া বা কমে যাওয়া]

১০৬. একটি বর্গক্ষেত্রের প্রতি বাহুর দৈর্ঘ্য ৪০% করে বাড়ানো হলে এর ক্ষেত্রফল শতকরা কতটুকু বৃদ্ধি পাবে? [তিতাস গ্যাস ফিল্ডের অফিসার: ১৮]

ক. ৯৬% খ. ৮০% গ. ৬৯% ঘ. ৮০% **উত্তর: ক**

সমাধানঃ ক্ষেত্রফল বৃদ্ধি = ৪০ + ৪০ + $\frac{৪০ \times ৪০}{১০০}$ = ৯৬%

১০৭. একটি বর্গাকার জমির ভুমির দৈর্ঘ্য ২০% বাড়ালে এবং প্রস্থ ১০% কমালে ক্ষেত্রফল কতটুকু হ্রাস বা বৃদ্ধি পাবে? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]

ক. ২% বৃদ্ধি খ. ৩% বৃদ্ধি গ. ১০% বৃদ্ধি ঘ. ৮% বৃদ্ধি **উত্তর: ঘ**

সমাধানঃ ক্ষেত্রফল বৃদ্ধি = ২০ + (- ১০) + $\frac{২০ \times (-১০)}{১০০}$ = ৮

১০৮. ব্যাসার্ধ ৩০% হ্রাস পাওয়াতে ১টি বৃত্তের ক্ষেত্রফল কতটুকু হ্রাস পেল? [পায়রা বন্দর কর্তৃপক্ষের কম্পিউটার অপারেটর: ২০]

ক. ৫১% খ. ৪৪% গ. ৩৬% ঘ. ৩০% **উত্তর: ক**

সমাধানঃ ক্ষেত্রফল পরিবর্তন = (- ৩০) + (- ৩০) + $\frac{(-৩০) \times (-৩০)}{১০০}$ = - ৫১

১০৯. একটি বৃত্তের ব্যাস ২০% বাড়ানো হলে এর ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে? [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ১৯]

ক. ১০% খ. ২৪% গ. ২০% ঘ. ৪৪% **উত্তর: ঘ**

সমাধানঃ ক্ষেত্রফল পরিবর্তন = ২০ + ২০ + $\frac{২০ \times ২০}{১০০}$ = ৪৪

১১০. কোনো একটি জিনিস নির্মাতা ২০% লাভে এবং খুচরা বিক্রেতা ২০% লাভে বিক্রয় করে। যদি ঐ জিনিসের নির্মাণ খরচ ১০০ টাকা হয়, তবে খুচরা মূল্য কত? [১০ম বিসিএস]

ক. ১৪০ টাকা খ. ১৪৪ টাকা গ. ১২৪ টাকা ঘ. ১২০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ মোটের উপর লাভ = ২০ + ২০ + $\frac{২০ \times ২০}{১০০}$ = ৪৪%। নির্মাণ খরচ ১০০ টাকা হলে ৪৪% লাভে খুচরা মূল্য = ১৪৪ টাকা

১১১. একটি ১০,০০০ টাকার বিলের ওপর এককালীন ৪০% কমতি এবং পরপর ৩৬% ও ৪% কমতির পার্থক্য কত টাকা? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ০ খ. ১৪৪ গ. ২৫৬ ঘ. ৪০০ **উত্তর: খ**

সমাধানঃ পরপর ৩৬% ও ৪% কমতি = ৩৬ + ৪ + $\frac{৩৬ \times ৪}{১০০}$ = ৪১.৪৪%। এককালীন কমতিদ্বয়ের পার্থক্য = ৪১.৪৪ - ৪০ = ১.৪৪%। সুতরাং কমতির পার্থক্য = ১০০০০ টাকার ১.৪৪% = ১৪৪ টাকা

১১২. একটি বইয়ের মূল্য ১০০ টাকা। বিক্রয়ের সুবিধার্থে বইটির মূল্য ১০% হ্রাস করা হলো। তিন মাস পর বইটির নতুন মূল্যের উপর ৬% ছাড় দিয়ে বইটি বিক্রয় করা হলো। বইটি কত টাকায় বিক্রয় হলো? [দুদকের উপ-সহকারী পরিচালক: ১০]

ক. ৮৪.৫ খ. ৮৪.৬ গ. ৮৪ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ মোট ছাড় = (- ১০) + (- ৬) + $\frac{(-১০) \times (-৬)}{১০০}$ = - ১৫.৪। সুতরাং বিক্রয়মূল্য = (১০০ - ১৫.৪) = ৮৪.৬ টাকা

১১৩. মিজান একটি ঘড়ি কিনতে গিয়ে দেখল যে এটা খুব দামী। ৭ দিন পর ঘড়িটির দাম ১৮% কমে গেল। কিন্তু তার ২ দিন পর ঘড়িটির দাম ২৫% বেড়ে গেল এবং মিজান ঘড়িটি কিনতে পারল না। যদি ঘড়িটির দাম ১৮% কমার পর ৪,১০০ টাকা হয়ে থাকে ঘড়িটির মূল দাম ও বর্তমান দামের পার্থক্য কত টাকা? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]

ক. ১২৫ খ. ১৩২ গ. ২০৫ ঘ. ৫১২.৫ **উত্তর: ক**

সমাধানঃ ১৮% কমে ঘড়ির দাম ৮২ টাকা হলে মূল দাম ১০০ টাকা। সুতরাং ঘড়ির দাম ৪১০০ টাকা হলে মূল দাম = $\frac{১০০ \times ৪১০০}{৮২}$ = ৫০০০ টাকা। ২৫% বৃদ্ধিতে ঘড়িটির বর্তমান দাম (৪১০০ + ৪১০০ এর ২৫%) = ৫১২৫ টাকা। সুতরাং ঘড়িটির মূল দাম ও বর্তমান দামের পার্থক্য = ৫১২৫ - ৫০০০ = ১২৫ টাকা।

১১৪. ২৪০ টাকা মূল্যের একটি পণ্যের উপর দুবার যথাক্রমে ১৫% এবং ২৫% হারে মূল্য হ্রাস হলে পণ্যটির চূড়ান্ত মূল্য কত? [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]

ক. ১৬০ খ. ১৫৬ গ. ১৫৩ ঘ. ১৬৪ **উত্তর: গ**

সমাধানঃ মোট মূল্য হ্রাস = (- ১৫) + (- ২৫) + $\frac{(-১৫) \times (-২৫)}{১০০}$ = - ৩৬.২৫%। পণ্যটির চূড়ান্ত মূল্য = (২৪০ - ২৪০ এর ৩৬.২৫%) = (২৪০ - ৮৭) = ১৫৩ টাকা

১১৫. কংকো টিভির মূল্য ২০% হ্রাস করার ফলে যদি উহার বিক্রয়ের পরিমাণ ৫০% বৃদ্ধি পায়, তাহলে কোম্পানির বিক্রয় খাতে অর্জিত রাজস্ব আয়ে পরিবর্তনের হার কিরূপ হবে? [সোনালী ব্যাংকের অফিসার: ১৪]

ক. ২৫% বৃদ্ধি খ. ২২% বৃদ্ধি গ. ২০% বৃদ্ধি ঘ. ১৯% বৃদ্ধি **উত্তর: গ**

সমাধানঃ রাজস্ব আয়ে পরিবর্তন = (- ২০) + ৫০ + $\frac{(-২০) \times ৫০}{১০০}$ = ২০ [পজিটিভ মানের অর্থ হলো বৃদ্ধি পাওয়া বা বেড়ে যাওয়া]

১১৬. একটি হিমাগারকে নবায়ন করার সময় এর দৈর্ঘ্য ৩০% ও প্রস্থ ৫০% বাড়ানো হলো এবং উচ্চতা ২০% কমানো হলো। নবায়নকৃত হিমাগারের আয়তন পুরোনো হিমাগারের আয়তন থেকে শতকরা কত অংশ বেশি। [বিএডিসি'র কম্পিউটার অপারেটর: ১৭]

ক. ৫৬% খ.৫০% গ. ৪৫% ঘ. ৬৫% **উত্তর: ক**

সমাধানঃ শুধু দৈর্ঘ্য ও প্রস্থ পরিবর্তনে আয়তন পরিবর্তন $= ৩০ + ৫০ + \frac{৩০ \times ৫০}{১০০} = ৯৫\%$। দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা পরিবর্তনে আয়তন পরিবর্তন $= ৯৫ + (-২০) + \frac{৯৫ \times (-২০)}{১০০} = ৫৬\%$

১১৭. পানিপূর্ণ একটি পাত্রের ওজন ১০ কেজি। যদি এর থেকে $\frac{৩}{৭}$ অংশ পানি সরানো হয় এর ওজন হয় ৭ কেজি। পানিশূন্য পাত্রের ওজন পানিপূর্ণ পাত্রের ওজনের শতকরা কত অংশ? [বিপিএটিসি'র অফিস সহকারী: ১৯]

ক. ১০% খ. ২০% গ. ৩০% ঘ. ৪০% **উত্তর: গ**

সমাধানঃ পানি সরানোর পর পানিসহ পাত্রের ওজন ৭ কেজি হলে সরানো পানির ওজন $(১০ - ৭) = ৩$ কেজি। শর্তমতে, $\frac{৩}{৭}$ অংশ পানি = ৩ কেজি হলে ১ অংশ $= \frac{৩ \times ৭}{৩} = ৭$ কেজি। পানিশূন্য পাত্রের ওজন $(১০ - ৭) = ৩$ কেজি। পানিশূন্য পাত্রের ওজন ১০ কেজি হলে পানিশূন্য পাত্রের ওজন ৩ কেজি। সুতরাং পানিশূন্য পাত্রের ওজন ১০০ কেজি হলে পানিশূন্য পাত্রের ওজন $= \frac{৩ \times ১০০}{১০} = ৩০$ কেজি।

১১৮. $P = A \times B$ হলে এবং A ও B উভয়কে একত্রে ১০% বৃদ্ধি করা হলে P এর মান শতকরা কত বৃদ্ধি পাবে? [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. ১৫% খ. ২০% গ. ২১% ঘ. ২৫% **উত্তর: গ**

সমাধানঃ P এর মান শতকরা বৃদ্ধি $= ১০ + ১০ + \frac{১০ \times ১০}{১০০} = ২১\%$

১১৯. একটি বর্গক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ৩০% ও ২০% বাড়ানো হলো। নতুন তৈরি আয়তক্ষেত্রটির ক্ষেত্রফলমূল বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল থেকে শতকরা কত বেশি? [বিএডিসি'র অফিস সহকারী: ১৮]

ক. ৭২% খ. ৬০% গ. ৫৬% ঘ. ৪৪% **উত্তর: গ**

সমাধানঃ ক্ষেত্রফল পরিবর্তন $= ৩০ + ২০ + \frac{৩০ \times ২০}{১০০} = ৫৬\%$

১২০. এক ব্যক্তি ক্রয়মূল্যের উপর ৫০% বেশি হিসেব করে বিক্রয়মূল্য নির্ধারণ করে। সে নির্ধারিত বিক্রয়মূল্যের উপর ১০% কমিশন দিয়ে জিনিস বিক্রয় করে। তার মোটের উপর শতকরা কত লাভ হয়? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]

ক. ৫০ টাকা খ. ৪৫ টাকা গ. ৪০ টাকা ঘ. ৩৫ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ লাভ $= ৫০ + (-১০) + \frac{৫০ \times (-১০)}{১০০} = ৪৫$

১২১. একটি ডিভিডি'র দামের উপর ১০% বাট্টা দেওয়া হয় এবং পরবর্তী হ্রাসকৃত দামের উপর পুনরায় ১০% বাট্টা দেয়া হয়। মূল দামের উপর মোট বাট্টার পরিমাণ হলো - [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৯]

ক. ২০% খ. ১৯% গ. ১৮% ঘ. ১১% **উত্তর: খ**

সমাধানঃ মোট বাট্টার পরিমাণ $= (-১০) + (-১০) + \frac{(-১০) \times (-১০)}{১০০} = -১৯\%$ [নেগেটিভ মানের অর্থ হলো হ্রাস পাওয়া বা কমে যাওয়া]

১২২. এক ব্যক্তি তার স্ত্রীর বয়সের ১০% বড়। স্ত্রী তার চেয়ে x % ছোট। x কত? [বিএমইটি'র উপ-সহকারী পরিচালক: ০১]

ক. $৯\frac{১}{১০}$ খ. $৯\frac{৯}{১০}$ গ. $৯\frac{১}{৯}$ ঘ. $৯\frac{১}{১১}$ **উত্তর: ঘ**

সমাধানঃ $x = \frac{১০০ \times ১০}{১০০ + ১০} = ৯\frac{১}{১১}\%$

১২৩. আলমের বয়স কমলের বয়সের ৮০% হলে কমলের বয়স আলমের বয়সের - [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১৯]

ক. ১২৫% খ. ১১৬% গ. ৮০% ঘ. ২০% **উত্তর: ক**

সমাধানঃ আলমের বয়স ৮০ হলে কমলের বয়স ১০০ বছর। সুতরাং আলমের বয়স ১০০ হলে কমলের বয়স $= \frac{১০০ \times ১০০}{৮০} = ১২৫\%$

১২৪. কোনো দেশের স্থূল জন্মহার ৪৬ এবং স্থূল মৃত্যুহার ২০। স্বাভাবিক বৃদ্ধির শতকরা হার কত? [মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]

ক. ২৫ জন খ. ০.২৬ জন গ. ০.২০৬ জন ঘ. ২.৬ জন **উত্তর: ঘ**

সমাধানঃ ১০০০ জনে জনসংখ্যা বারে $(৪৬ - ২০) = ২৬$ জন। সুতরাং ১০০ জনে জনসংখ্যা বাড়ে $= \frac{২৬ \times ১০০}{১০০০} = ২.৬$ জন।

১২৫. এক ব্যবসায়ী একটি পণ্যের মূল্য ২৫% বাড়ালো, অতঃপর বর্ধিত মূল্য থেকে ২৫% কমালো। সর্বশেষ মূল্য সর্বপ্রথম মূল্যের তুলনায় - [২৭তম বিসিএস]

ক. ৪.৫% কমানো হয়েছে খ. ৬.২৫% কমানো হয়েছে গ. ৫% বাড়ানো হয়েছে ঘ. ৬.২৫% বাড়ানো হয়েছে **উত্তর: খ**

সমাধানঃ মূল্য পরিবর্তন $= ২৫ + (-২৫) + \frac{২৫ \times (-২৫)}{১০০} = -৬.২৫$

১২৬. একজন দোকানদার ৫০টি কলম বিক্রি করে যে লাভ করে তা ২৫টি কলমের ক্রয়মূল্যের সমান। তার শতকরা কত টাকা লাভ হয়? [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ১৬]

ক. ১০০% খ. ৫০% গ. ২৫% ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ ৫০ টি কলমের ক্রয়মূল্য ১০০ টাকা হলে ২৫ টি কলমের ক্রয়মূল্য ৫০ টাকা। সুতরাং ৫০ টি কলমের বিক্রয়মূল্য (১০০+৫০) = ১৫০ টাকা। যেহেতু ১০০ টাকায় ৫০ টাকা লাভ হয়, সুতরাং লাভ হয় = ৫০%

১২৭. একজন চেয়ার বিক্রেতা ১৫০টি চেয়ার বিক্রি করে ৩০টি চেয়ারের বিক্রয়মূল্যের সমান লাভ করে। তার শতকরা লাভের পরিমাণ কত? [ডিএই'র অফিস সহায়ক: ১৯]

ক. ৪০% খ. ২৫% গ. ২০% ঘ. ১৬% **উত্তর: খ**

সমাধানঃ ১৫০ টি চেয়ার বিক্রি করে লাভ ক টাকা। ৩০ টি চেয়ারের বিক্রয়মূল্য ক টাকা হলে ১৫০ টি চেয়ারের বিক্রয়মূল্য $= \frac{১৫০ \times ক}{৩০} =$ ৫ক টাকা। সুতরাং ১৫০ টি চেয়ারের ক্রয়মূল্য = ৫ক - ক = ৪ক টাকা। ক্রয়মূল্য ৪ক টাকা হলে লাভ ক টাকা। সুতরাং ক্রয়মূল্য ১০০ টাকা হলে লাভ $= \frac{১০০ \times ক}{৪ক} =$ ২৫ টাকা।

১২৮. p কিলো লবণ যদি q কিলো পানির সাথে মেশানো হয়, তাহলে এই দ্রবণে শতকরা কতটুকু লবণ আছে? [শ্রম পরিদপ্তরের শ্রম কর্মকর্তা: ০৩]

ক. $\frac{100p}{p+q}$ খ. $\frac{p}{p+q}$ গ. $\frac{100p}{q}$ ঘ. $\frac{100q}{p+q}$ **উত্তর: ক**

সমাধানঃ মোট মিশ্রনের পরিমাণ = (p + q) কিলো। (p + q) কিলো মিশ্রনে লবণের পরিমাণ p কিলো হলে ১০০ কিলো মিশ্রণে লবণের পরিমাণ $= \frac{100p}{p+q}$

১২৯. রফিক কেয়াকে তার মোট টাকার ৩০% দিয়ে দেখে যে তারনিকট আরও ৩৫০ টাকা আছে। সে কেয়াকে কত টাকা দিল? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]

ক. ৩৫ খ. ১০৫ গ. ১৫০ ঘ. ৭০ **উত্তর: গ**

সমাধানঃ কেয়াকে দেওয়ার পর অবশিষ্ট থাকে = ১০০ - ৩০ = ৭০%। মোট টাকার ৭০% = ৩৫০ টাকা হলে ৩০% $= \frac{৩৫০ \times ৩০}{৭০} =$ ১৫০

১৩০. একটি কোম্পানির x বছরে মোট বেতন ব্যয় ছিল ৮৪,০০০ টাকা যা y বছরের মোট বেতন ব্যয়ের তুলনায় ২০% বেশি। y বছরে মোট বেতন কত ছিল? [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]

ক. ৭০,০০০ খ. ৬৮,০০০ গ.৬৪,০০০ ঘ. ৬০,০০০ **উত্তর: ক**

সমাধানঃ y বছরের বেতন ব্যয় ১০০ টাকা হলে x বছরের বেতন ব্যয় ১০০+২০ = ১২০ টাকা। x বছরের বেতন ব্যয় ১২০ টাকা হলে y বছরে বেতন ব্যয় ১০০ টাকা। সুতরাং x বছরের বেতন ব্যয় ৮৪০০০ টাকা হলে y বছরে বেতন ব্যয় $= \frac{১০০ \times ৮৪০০০}{১২০} =$ ৭০০০০ টাকা

১৩১. কালাম যন্ত্রাংশে ৪০%, দালানে ২৫%, কাঁচামালে ১৫% এবং আসবাবপত্রের উপর ৫% টাকা খরচ করার পর তার হাতে ১৩০৫ টাকা থাকে। তার কাছে কত টাকা ছিল? [ডিএই'র অফিস সহায়ক: ১৯]।

ক. ৮০০০ খ. ৮৫০০ গ. ৮৭০০ ঘ. ৯০০০ **উত্তর: গ**

সমাধানঃ কালাম মোট খরচ করে = (৪০+২৫+১৫+৫) = ৮৫%। তাঁর কাছে থাকে মোট টাকার (১০০-৮৫) = ১৫%। মোট টাকার ১৫% = ১৩০৫ টাকা হলে ১০০% $= \frac{১৩০৫ \times ১০০}{১৫} =$ ৮৭০০ টাকা

১৩২. একটি স্কুলে মোট ৫০০ জন শিক্ষার্থীর মধ্যে ২০% ছাত্রী। কোন এক বুধবারে ৪০ জন ছাত্র অনুপস্থিত ছিল। ঐদিন শতকরা কত জন ছাত্র উপস্থিত ছিল? [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৪]

ক. ৯০% খ. ৮০% গ. ৭৫% ঘ. ৫০% **উত্তর: ক**

সমাধানঃ ২০% ছাত্রী হলে ছাত্র = (১০০ - ২০) = ৮০%। স্কুলে মোট ছাত্র সংখ্যা = ৫০০ $\times \frac{৮০}{১০০} =$ ৪০০ জন। বুধবারে উপস্থিত ছাত্র সংখ্যা = ৪০০ - ৪০ = ৩৬০ জন। ৪০০ জন ছাত্রের মধ্যে ৩৬০ জন উপস্থিত হলে শতকরা উপস্থিত $= \frac{৩৬০ \times ১০০}{৪০০} =$ ৯০%

১৩৩. কোনো স্কুলের ছাত্র-ছাত্রীর সংখ্যা ছিল ১৮০০ জন। কিছুদিন পরে ৪% ছাত্র চলে গেল, আর ৫% নতন ছাত্রী ভর্তি হলো। এর ফলে ঐ স্কুলের মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা ২% বেড়ে গেল। বর্তমানে ঐ স্কুলে মোট ছাত্র ছাত্রীর সংখ্যা কত? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৭]

ক. ১৮৫০ খ. ১৮৭২ গ. ১৮৩৬ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

সমাধানঃ ছাত্র-ছাত্রী বেড়ে যায় = ১৮০০ $\times \frac{২}{১০০} =$ ৩৬ জন। স্কুলের মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা = (১৮০০+৩৬) = ১৮৩৬ জন

১৩৪. আখের নমুনায় ২০% চিনি রয়েছে। ৫০ কেজি চিনি উৎপাদনের জন্য কত কেজি আখ প্রয়োজন? [পট্রোবাংলার উচ্চমান সহকারী: ১৭]

ক. ১০০০ কেজি খ. ২৫০ কেজি গ. ৫০০ কেজি ঘ. ৭৫০ কেজি **উত্তর: খ**

সমাধানঃ ২০ কেজি চিনি উৎপাদনে আখ প্রয়োজন ১০০ কেজি। সুতরাং ৫০ কেজি চিনি উৎপাদনে আখ প্রয়োজন $= \frac{১০০ \times ৫০}{২০} =$ ২৫০ কেজি

১৩৫. ১০% লবণযুক্ত ১২ লিটারের একটি দ্রবণ থেকে ২ লিটার পানি বাষ্পীভূত করা হলে অবশিষ্ট দ্রবণে কত শতাংশ লবণ থাকবে? / ১০% লবণ রয়েছে এমন ১২ লিটার সমুদ্রজল থেকে ২ লিটার পানি বাষ্পীভূত করলে তার লবণাক্ততা কত শতাংশ হবে? [বিএডিসি'র উচ্চমান সহকারী: ১৮]

ক. ৬% খ. ১০% গ. ১২% ঘ. ১৪.৪% **উত্তর: গ**

সমাধানঃ দ্রবণে লবণের পরিমাণ = ১২ × ১০% = $\frac{৬}{৫}$। পানি বাষ্পীভূত হওয়ার পর অবশিষ্ট দ্রবণ = ১২ - ২ = ১০ লিটার। ১০ লিটার দ্রবণে লবণের পরিমাণ $\frac{৬}{৫}$ হলে ১০০ লিটার দ্রবণে লবণের পরিমাণ = $\frac{৬ \times ১০০}{৫ \times ১০} = ১২\%$

১৩৬. চালের মূল্য ১২% কমে যাওয়ায় ৬,০০০ টাকায় পূর্বাপেক্ষা ১ কুইন্টাল চাল বেশি পাওয়া যায়। এক কুইন্টাল চালের বর্তমান মূল্য কত? [১১তম বিসিএস]

ক. ৭৫০ টাকা খ. ৭০০ টাকা গ.৭২০ টাকা ঘ.৭৫ টাকা **উত্তর: গ**

সমাধানঃ পূর্বমুল্য ১০০ টাকা হলে বর্তমান মুল্য (১০০-১২) = ৮৮ টাকা। পূর্বমূল্য ৬০০০ টাকা হলে বর্তমান মুল্য = $\frac{৮৮ \times ৬০০০}{১০০} = ৫২৮০$ টাকা। সুতরাং ১ কুইন্টাল চালের বর্তমান মূল্য = (৬০০০ - ৫২৮০) = ৭২০ টাকা

১৩৭. চা পাতার উপর কর ১০% কমালে ২৫০০ টাকায় পূর্বাপেক্ষা ৫০ কেজি চা পাতার কর বেশি দেয়া যায়। চা পাতার কর কত টাকা কমেছে? [বাংলাদেশ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ১১]

ক. ১৮৫ টাকা খ. ২৫০ টাকা গ. ১৫০ টাকা ঘ. ১০০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ পূর্বমুল্য ১০০ টাকা হলে বর্তমান মুল্য (১০০-১০) = ৯০ টাকা। পূর্বমূল্য ২৫০০ টাকা হলে বর্তমান মুল্য = $\frac{৯০ \times ২৫০০}{১০০} = ২২৫০$ টাকা। সুতরাং চা পাতার কর কমেছে = ২৫০০ - ২২৫০ = ২৫০ টাকা।

১৩৮. বর্তমানে ৫ কেজি চালের দাম আগের ৪ কেজি চালের দামের সমান হলে চালের দাম শতকরা কত কমেছে? [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১২]

ক. ২০% খ. ২৫% গ. ৩০% ঘ. ১৮% **উত্তর:**

সমাধানঃ ৫ কেজি চালের বর্তমান দাম ১০০ টাকা হলে ৪ কেজি চালের বর্তমান দাম = $\frac{১০০ \times ৪}{৫} = ৮০$ টাকা। আলুর দাম কমেছে = ১০০ – ৮০ = ২০ টাকা।

১৩৯. একটি বাক্সের দুই-তৃতীয়াংশ শার্ট পরীক্ষা করার পর ৪টি ত্রুটিযুক্ত এবং ৩৬টি ত্রুটিমুক্ত পাওয়া গেল। ৮৫% শার্ট ত্রুটিমুক্ত পেতে হলে অবশিষ্ট শার্টের মধ্যে কতটি ত্রুটিমুক্ত শার্ট পেতে হবে? [পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]

ক.১৫ খ. ১৭ গ. ১৯ গ.৫১ **উত্তর: ক**

সমাধানঃ মোট পরীক্ষিত শার্ট (৪ + ৩৬) = ৪০টি। মোট শার্টের $\frac{২}{৩}$ অংশ = ৪০ টি হলে ১ অংশ = $\frac{৪০ \times ৩}{২} = ৬০$ টি। ৬০ এর ৮৫% = ৬০ × $\frac{৮৫}{১০০} = ৫১$ টি

১৪০. এক ব্যবসায়ী তার আমদানিকৃত ২৪০টি বাইকের মধ্যে ১৫% বাইকে ত্রুটি খুঁজে পেল। পরবর্তীতে আমদানিকৃত ১৬০টি বাইকের ৫% বাইকে ত্রুটি খুঁজে পেল। দুবারে সে শতকরা কতগুলো ত্রুটিযুক্ত বাইক পেল? [তিতাস গ্যাস ফিল্ডের অফিসার: ১৮]

ক. ২০% খ. ১৫% খ. ১১% ঘ. ১০% **উত্তর: গ**

সমাধানঃ মোট বাইক আমদানি করে = (২৪০ + ১৬০) = ৪০০ টি এবং মোট ত্রুটিপূর্ণ বাইকের সংখ্যা = {(২৪০×১৫%) + (১৬০×৫%)} = ৪৪ টি। সুতরাং ত্রুটিপূর্ণ বাইকের শতকরা পরিমাণ = $\frac{৪৪ \times ১০০}{৪০০} = ১১$ টি

১৪১. যদি ১৫টি পোষাকের মধ্যে শতকরা ৪০ ভাগ পোষাক শার্ট হয় তবে ১৫টি পোষাকের মধ্যে কতটি শার্ট নয়? [২৫তম বিসিএস]

ক. ৬ খ. ৯ গ. ১২ ঘ. ১০ **উত্তর: খ**

সমাধানঃ ১০০ টি পোশাকের মধ্যে ৪০ টি শার্ট হলে ১৫ টি পোশাকের মধ্যে শার্ট = $\frac{৪০ \times ১৫}{১০০} = ৬$ টি। সুতরাং শার্টি নয় = ১৫ - ৬ = ৯ টি

১৪২. কোনো গ্রামের $\frac{১৮}{২৫}$ অংশ লোক শিক্ষিত। গ্রামের শতকরা কতজন লোক শিক্ষিত? [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৯]

ক. ৭০% খ. ৭২% গ. ৭৪% ঘ. ৭৮% **উত্তর: খ**

সমাধানঃ ২৫ জন লোকের মধ্যে ১৮ জন শিক্ষিত হলে ১০০ জন লোকের মধ্যে শিক্ষিত = $\frac{১৮ \times ১০০}{২৫} = ৭২$ জন

১৪৩. একটি গ্রামের মোট জনসংখ্যার $\frac{৫}{৯}$ ভাগ লোক পুরুষ। যদি পুরুষের ৩০% বিবাহিত হয়, তাহলে মোট জনসংখ্যার শতকরা কতজন মহিলা অবিবাহিত? [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১২]

ক. ৭০% খ. ৪০% গ. ২৭ % ঘ. ২০% **উত্তর: গ**

সমাধানঃ মোট জনসংখ্যা ১০০ জন হলে পুরুষ = ১০০ × $\frac{৫}{৯} = \frac{৫০০}{৯}$ জন। বিবাহিত পুরুষ = $\frac{৫০০}{৯}$ এর ৩০% = $\frac{৫০}{৩}$ জন। মোট মহিলা = ১০০ - $\frac{৫০০}{৯} = \frac{৪০০}{৯}$ জন। অবিবাহিত মহিলা = $\frac{৪০০}{৯} - \frac{৫০}{৩} = ২৭\frac{৭}{৯}$ জন।

১৪৪. করিমের বেতন রহিমের বেতনের চেয়ে শতকরা ৫০ ভাগ বেশি। তাদের একমাসের বেতনের যোগফল ১০,০০০ টাকা। রহিমের বেতন কত? [অগ্রণী ব্যাংকের অফিসার: ৯৯]

ক. ৪০০০ টাকা খ.৪৫০০ টাকা গ. ৫০০০ টাকা ঘ. ৫৫০০ টাকা **উত্তর: ক**

সমাধানঃ রহিমের বেতন ১০০ হলে করিমের বেতন (১০০ + ৫০) = ১৫০ টাকা। তাঁদের বেতনের যোগফল = (১০০ + ১৫০) = ২৫০ টাকা। তাঁদের বেতনের যোগফল ২৫০ টাকা হলে রহিমের বেতন ১০০ টাকা। সুতরাং তাঁদের বেতনের যোগফল ১০০০০ টাকা হলে রহিমের বেতন = $\frac{১০০ \times ১০০০০}{২৫০}$ = ৪০০০ টাকা

১৪৫. কোনো পরীক্ষায় শতকরা ৮৫ জন ইংরেজিতে পাস করেছে। ইংরেজিতে ফেলের মোট সংখ্যা ৭৫ জন হলে পরীক্ষার্থীর সংখ্যা কত? [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম অফিসার: ০৩]

ক. ৩৫০ জন খ. ৪০০ জন গ. ৪৫০ জন ঘ. ৫০০ জন **উত্তর: ঘ**

সমাধানঃ ১০০ জনে ফেল করে (১০০ - ৮৫) = ১৫ জন। ফেলের সংখ্যা ১৫ জন হলে মোট পরিক্ষার্থী ১০০ জন। সুতরাং ফেলের সংখ্যা ৭৫ জন হলে মোট পরিক্ষার্থী = $\frac{১০০ \times ৭৫}{১৫}$ = ৫০০ জন

১৪৬. একটি প্রতিযোগিতামূলক পরীক্ষায় ৬০% পরীক্ষার্থী পাস করেছে। যারা পাস করেনি তাদের ১৫ জন বিদেশে চলে গেল এবং ৪৫ জন ব্যবসা শুরু করল। কতজন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছে? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]

ক. ১০০ জন খ. ১৫০ জন গ. ২০০ জন ঘ. ৩০০ জন **উত্তর: খ**

সমাধানঃ ফেলের হার (১০০ - ৬০) = ৪০%। মোট ফেল করে = (১৫+৪৫) = ৬০ জন। ৪০% পরীক্ষার্থী = ৬০ জন হলে মোট পরীক্ষার্থী = $\frac{৬০ \times ১০০}{৪০}$ = ১৫০ জন

১৪৭. একটি ব্যাংকের একটি ব্রাঞ্চের ৬০% কর্মচারী পুরুষ। যদি কর্মচারীদের মধ্যে ৭০% পুরুষ এবং ৯০% মহিলা বনভোজনে অংশগ্রহণ করে, তবে ব্রাঞ্চের কর্মচারীর কত শতাংশ বনভোজনে অংশগ্রহণ করে? [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]

ক. ৮০ খ. ৭৮ গ. ৭৬ ঘ. ৭২ **উত্তর: খ**

সমাধানঃ ব্যাংকের একটি ব্রাঞ্চের কর্মচারী ১০০ জন হলে পুরুষ কর্মচরী ৬০ জন এবং মহিলা কর্মচারী ৪০ জন। বনভোজনে অংশগ্রহণকারী পুরুষ কর্মচারী ৬০ এর ৭০% = ৪২ জন এবং মহিলা কর্মচারী ৪০ এর ৯০% = ৩৬ জন। বনভোজনে অংশগ্রহণকারী মোট কর্মচারী = ৪২ + ৩৬ = ৭৮ জন।

১৪৮. একটি কোম্পানির ৪৬ শতাংশ কর্মকর্তা পুরুষ। যদি ৬০ শতাংশ কর্মকর্তা লেবার ইউনিয়ন করে এবং তাদের মধ্যে ৭০ শতাংশ পুরুষ হয়, ইউনিয়ন করে না এমন কর্মকর্তাদের মধ্যে শতকরা কতজন মহিলা? [ডিএই'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ১৮]

ক. ৯০ খ. ৮৭.৫ গ. ৮০ ঘ. ৭৫ **উত্তর: ক**

সমাধানঃ কোম্পানির কর্মকর্তাদের ৪৬% পুরুষ হলে মহিলা (১০০ – ৪৬) = ৫৪ জন। ৬০ শতাংশ লেবার ইউনিয়ন করলে লেবার ইউনিয়ন করে না (১০০ – ৬০) = ৪০ জন। লেবার ইউনিয়ন করে = ৬০ এর ৭০% = ৪২ জন পুরুষ এবং (৬০ – ৪২) = ১৮ জন মহিলা। মহিলা কর্মকর্তাদের মধ্যে লেবার ইউনিয়ন করে না = (৫৪ – ১৮) = ৩৬ জন। ৪০ জনের মধ্যে লেবার ইউনিয়ন করে না এমন মহিলা কর্মকর্তা ৩৬ জন। সুতরাং ১০০ জনের মধ্যে লেবার ইউনিয়ন করে না এমন মহিলা কর্মকর্তা = $\frac{৩৬ \times ১০০}{৪০}$ = ৯০ জন।

১৪৯. একটি ক্লাবের ৮০% পুরুষ। পুরুষ সদস্যদের ৫০% পেশায় ডাক্তার, ৩০% পেশায় ইঞ্জিনিয়ার এবং বাকী ৪০ জন ব্যবসায়ী। ঐ ক্লাবের মোট সদস্য সংখ্যা কত? [ডিএই'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ১৮]

ক. ১০০ খ. ২০০ গ. ২৫০ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

সমাধানঃ ক্লাবের মোট সদস্য ১০০ হলে পুরুষ সদস্য ৮০ জন। ডাক্তার ও ইঞ্জিনিয়ার বাদে বাকী পুরুষ সদস্য = {৮০ - (৮০×৫০%) + (৮০×৩০%)} = ১৬%। ১৬% = ৪০ জন হলে ১০০% = $\frac{৪০ \times ১০০}{১৬}$ = ২৫০ জন

১৫০. একটি পরীক্ষায় পাশ নম্বর হল ৪২%। আদিব সে পরীক্ষায় ১৩৩ নম্বর পায় এবং ৩৫ নম্বরে কম পেয়ে ফেল করল। মোট কত নম্বরের পরীক্ষা হয়েছিল? [তিতাস গ্যাস ফিল্ডের সহকারী অফিসার: ১৮]

ক. ৫০০ খ. ৪০০ গ. ৩০০ ঘ. ২০০ **উত্তর: খ**

সমাধানঃ পরীক্ষায় পাশ নম্বর = (১৩৩+৩৫) = ১৬৮ নম্বর। পাশ নম্বর ৪২ হলে মোট নম্বর ১০০। সুতরাং ১৬৮ পাশ নম্বর হলে মোট নম্বর = $\frac{১০০ \times ১৬৮}{৪২}$ = ৪০০

১৫১. কোন পরীক্ষায় মোট পরীক্ষার্থীদের ৪০% ছাত্রী। পরীক্ষায় ছাত্রীদের পাসের হার ৪০% এবং ছাত্রদের পাসের হার ৬০% হলে মোট পাসের হার কত? [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০০]

ক. ৩৬% খ. ৪২% গ. ৪৮% ঘ. ৫২% **উত্তর: ঘ**

সমাধানঃ পরীক্ষার্থী ১০০ জন হলে ছাত্রী ৪০ জন এবং ছাত্র (১০০ – ৪০) = ৬০ জন। পাসের হার ৪০% হলে ১০০ জন ছাত্রীর মধ্যে পাস করে ৪০ জন। সুতরাং ৪০ জন ছাত্রীর মধ্যে পাস করে = $\frac{৪০ \times ৪০}{১০০}$ = ১৬ জন। আবার, পাসের হার ৪০% হলে ১০০ জন ছাত্রের মধ্যে পাস করে ৬০ জন। সুতরাং ৬০ জন ছাত্রের মধ্যে পাস করে = $\frac{৬০ \times ৬০}{১০০}$ = ৩৬ জন। মোট পাস করে (১৬ + ৩৬) = ৫২ জন।

১৫২. যদি একটি স্কুলের ছাত্র-ছাত্রীর মধ্যে ৭০% বালক হয় এবং বালিকার সংখ্যা ৫০৪ জন হয়, তাহলে মোট বালকের সংখ্যা কত? [কৃষি মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৯]

ক. ১০০০ জন খ. ১০৭৬ জন গ. ১১৭৬ জন ঘ. ১২০০ জন। **উত্তর: গ**

সমাধানঃ স্কুলে বালিকা আছে (১০০-৭০) = ৩০%। ছাত্র ছাত্রীর ৩০% = ৫০৪ হলে ৭০% = $\frac{৫০৪ \times ৭০}{৩০}$ = ১১৭৬ জন

১৫৩. একটি বিশ্ববিদ্যালয়ের ৫০% শিক্ষার্থী ছাত্রাবাসে অবস্থান করে। ছাত্রবাসের সৌভাগ্যবান ৬০% শিক্ষার্থী একক কক্ষ পায়। যদি সৌভাগ্যবান শিক্ষার্থীর সংখ্যা ১২০০ হয়, তবে বিশ্ববিদ্যালয়ে মোট শিক্ষার্থীর সংখ্যা কত? [নির্বাচন কমিশন সচিবালয়ের কম্পিউটার অপারেটর: ১৯]

ক. ২০০০ খ. ২৫০০ গ. ৩৫০০ ঘ. ৪০০০ **উত্তর: ঘ**

সমাধানঃ ৬০% সৌভাগ্যবান শিক্ষার্থী = ১২০০ জন হলে ১০০% = $\frac{১২০০ \times ১০০}{৬০}$ = ২০০০ জন। আবার, ৫০% ছাত্রাবাসে অবস্থানকারী শিক্ষার্থী = ২০০০ জন হলে ১০০% = $\frac{২০০০ \times ১০০}{৫০}$ = ৪০০০ জন

১৫৪. একজন ব্যবসায়ী জিনিস বিক্রির জন্য এমনভাবে মূল্য নির্ধারণ করেন যেন ১০% ডিসকাউন্ট দিলেও তার ক্রয়মূল্যের উপর ২০% লাভ থাকে। জিনিসটির ক্রয়মূল্য ৩০ টাকা হলে নির্ধারিত মূল্য কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]

ক. ৩৬ টাকা খ. ৪০ টাকা গ. ৪২ টাকা ঘ. ৪৫ টাকা **উত্তর: খ**

সমাধানঃ ১০% ডিস্কাউন্টে মূল্য (১০০-১০) = ৯০ টাকা। আবার, ২০% লাভে বিক্রয়মূল্য (১০০+২০) = ১২০ টাকা। ক্রয়মূল্য ৯০ টাকা হলে নির্ধারিত মূল্য ১২০ টাকা। সুতরাং ক্রয়মূল্য ৩০ টাকা হলে নির্ধারিত মূল্য = $\frac{১২০ \times ৩০}{৯০}$ = ৪০ টাকা

১৫৫. ৮০টি প্রশ্ন সম্বলিত একটি নৈর্ব্যক্তিক পরীক্ষায় প্রতিটি সঠিক উত্তরের জন্য ১ নম্বর বরাদ্দ আছে। কিন্তু একটি সঠিক উত্তরের জন্য যা পাওয়ার যায় প্রতিটি ভুল উত্তরের জন্য তার ২৫% নম্বর কাটা হয়। যদি একজন পরীক্ষার্থী সবগুলো প্রশ্নের উত্তর দেয় এবং ৬০ নম্বর পায়, তাহলে সে কতটি প্রশ্নের ভুল করেছে। [বিপিএটিসি'র অফিস সহকারী: ১৯]

ক. ৬৪ খ.২৮ গ. ১৬ ঘ. ১২ **উত্তর: গ**

সমাধানঃ কর্তনকৃত মোট নম্বর = (৮০ - ৬০) = ২০ নম্বর। ১ টি প্রশ্নের ভুল উত্তরের জন্য নম্বর কর্তন (১ + ১ এর ২৫%) = ১.২৫ নম্বর। ১.২৫ নম্বর কর্তন হয় যখন ভুল উত্তর ১ টি। সুতরাং ২০ নম্বর কর্তন হয় যখন ভুল উত্তর = $\frac{১ \times ২০}{১.২৫}$ = ১৬ টি

১৫৬. ২৪ টাকা দরে ক্রয় করে ২৫ কেজি চালের সাথে ৪২ টাকা দরে ক্রয় করা কত কেজি চাল মিশিয়ে ৪০ টাকা দরে বিক্রি করলে ২৫% মুনাফা হবে? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৭]

ক. ২০ খ. ১২.৫ গ. ১৬ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ ২৫% মুনাফায় বিক্রয়মূল্য ১০০+২৫ = ১২৫ টাকা। বিক্রয়মূল্য ১২৫ টাকা হলে ক্রয়মুল্য ১০০ টাকা। সুতরাং বিক্রয়মূল্য টাকা হলে ক্রয়মুল্য = $\frac{১০০ \times ৪০}{১২৫}$ = ৩২ টাকা। প্রশ্নমতে, ২৫×২৪ + ৪২×x = ৩২(২৫+x) => ৬০০ + ৪২x = ৮০০ + ৩২x => x = ২০

১৫৭. একটি অংশীদারি ব্যবসায়ের মোট মুনাফা থেকে ক ৪০%, খ ২৫%, গ ২০%, ঘ ১০% এবং ঙ ৫% পায়। ক এর মুনাফা খ এর মুনাফার শতকরা কত অংশ? [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]

ক. ৬২.৫% খ. ১২০% গ. ১৬০% ঘ.১৭৫% **উত্তর: গ**

সমাধানঃ খ এর মুনাফা ২৫ টাকা হলে ক এর মুনাফা হবে ৪০ টাকা। সুতরাং খ এর মুনাফা ১০০ টাকা হলে ক এর মুনাফা হবে = $\frac{৪০ \times ১০০}{২৫}$ = ১৬০ টাকা

১৫৮. একটি জলধারের দুই-পঞ্চমাংশ পানি দ্বারা পূর্ণ এবং এতে আরো ২৫ লিটার পানি ঢাললে এর ৯০% পানিপূর্ণ হয়। জলাধারটির ধারণ ক্ষমতা কত লিটার? [বিএডিসি'র কম্পিউটার অপারেটর: ১৮]

ক. ৫০ খ. ১০০ গ. ১৫০ ঘ. ২০০ **উত্তর: ক**

সমাধানঃ জলাধারটির ধারন ক্ষমতা x লিটার হলে প্রশ্নমতে, x এর $\frac{২}{৫} + ২৫ = x$ এর ৯০% => $\frac{২x}{৫} + ২৫ = \frac{৯০x}{১০০}$ => x = ৫০

১৫৯. এক টিভি বিক্রেতা ৪৫% লাভে টিভি বিক্রি করতো। মন্দার কারণে সে তার লাভের হার ৪০% করে এবং এতে তার বিক্রয় ১০% বেড়ে যায়। তার নতুন লাভ ও আগের লাভের অনুপাত কত? [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]

ক. ৯ : ৮ খ. ১১ : ১০ গ. ৪৫ : ৪৪ ঘ. ৪৪ : ৪৫ **উত্তর: ঘ**

সমাধানঃ ক সংখ্যক টিভি খ টাকা দরে ক্রয় করলে মোট ক্রয়মুল্য = কখ টাকা। ৪৫% লাভে বিক্রয় করায় মোট লাভ = কখ × $\frac{৪৫}{১০০} = \frac{৪৫ \text{ কখ}}{১০০}$ টাকা। বিক্রয় ১০% বৃদ্ধিতে বিক্রিত টিভি = ক + ক × $\frac{১০}{১০০} = \frac{১১ক}{১০}$ টি। ৪০% লাভে বিক্রয়ে মোট লাভ = $\frac{১১ক}{১০} \times \frac{৪০}{১০০} = \frac{৪৪কখ}{১০০}$ টাকা। সুতরাং নতুন লাভ ও আগের লাভের অনুপাত = $\frac{৪৪কখ}{১০০} : \frac{৪৫ \text{ কখ}}{১০০}$ = ৪৪ : ৪৫

১৬০. একটি ফ্যাক্টরিতে মাসে ৫০,০০০ ব্যাগ সিমেন্ট উৎপন্ন হয়। ঐ ফ্যাক্টরিতে আনুষাঙ্গিক খরচ মাসে ৮০,০০০ টাকা এবং কাঁচামাল ক্রয় বাবদ ৭৫,০০,০০০ টাকা মাসে খরচ হয়। শতকরা ২০ টাকা হারে লাভ করতে হলে প্রতি ব্যাগ সিমেন্টের দাম কত? [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]

ক. ১৮১ টাকা খ. ১৮২ টাকা গ. ১৮১.৯৫ টাকা ঘ. ১৮১.৯২ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ মোট খরচ (৮০০০০+৭৫০০০০০) = ৭৫৮০০০০ টাকা। ৫০০০০ ব্যাগ সিমেন্টের মূল্য ৭৫৮০০০০ টাকা হলে ১ ব্যাগ সিমেন্টের মূল্য = $\frac{৭৫৮০০০}{৫০০০০}$ = ১৫১.৬ টাকা। ১০০ টাকার সিমেন্ট বিক্রি করতে হবে (১০০+২০) = ১২০ টাকা। সুতরাং ১৫১.৬ টাকার সিমেন্ট বিক্রি করতে হবে = $\frac{১২০ \times ১৫১.৬}{১০০}$ = ১৮১.৯২ টাকা

১৬১. জুয়েল ১২ মিনিট ৪৫ সেকেন্ডে এক মাইল পথ অতিক্রম করে। কোয়েল একই পথ ১০ মিনিট ১২ সেকেন্ডে অতিক্রম করে। কোয়েলের গতিবেগ অর্জন করতে চাইলে জুয়েলকে তার গতিবেগ কতটুকু বাড়াতে হবে? [পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]

ক. ১০% খ. ২০% গ. ১২০% ঘ. ২৫% **উত্তর: ঘ**

সমাধানঃ ১২ মিনিট ৪৫ সেকেন্ড = (১২×৬০+৪৫) = ৭৬৫ সেকেন্ড। ১০ মিনিট ১২ সেকেন্ড = (১০×৬০+১২) = ৬১২ সেকেন্ড। ১ মাইল = ১০০০ মিটার। জুয়েলের গতিবেগ = $\frac{১০০০}{৭৬৫} = \frac{২০০}{১৫৩}$ মিটার/সেকেন্ড। আবার, কোয়েলের গতিবেগ = $\frac{১০০০}{৬১২} = \frac{২৫০}{১৫৩}$ মিটার/সেকেন্ড। উভয়ের গতিবেগের পার্থক্য = $(\frac{২৫০}{১৫৩} - \frac{২০০}{১৫৩}) = \frac{৫০}{১৫৩}$ মিটার/সেকেন্ড। গতিবেগ বৃদ্ধি = $\frac{৫০}{১৫৩} \times \frac{১৫৩}{২০০} \times ১০০ = ২৫\%$

১৬২. একজন টিভি বিক্রেতা তার প্রতিটি টিভির দাম x% বৃদ্ধি করল। এতে তার বিক্রিত টিভির সংখ্যা y% কমে গেল। কিন্তু এতেও তার মোট বিক্রয়মূল্য অপরিবর্তিত থাকল। নিচের কোন সমীকরণটি y এর সাপেক্ষে x এর সঠিক প্রকাশ? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]

ক. $\frac{y}{1 - x}$ খ. $\frac{100y}{100 - y}$ গ. $\frac{100y}{100 - y}$ ঘ. $\frac{100y}{100 - x}$ **উত্তর: খ**

সমাধানঃ প্রতিটি টিভি 100 টাকা দরে 100 টি টিভি বিক্রয় করলে মোট বিক্রয়মূল্য = 100 × 100 = 10000 টাকা। x% মূল্য বৃদ্ধিতে টিভির বিক্রয়মূল্য (100 + x) টাকা এবং বিক্রয় y% কমে যাওয়ায় বিক্রিত টিভির সংখ্যা (100 – y) টি। প্রশ্নমতে, (100 + x) (100 – y) = 10000 => 10000 – 100y + 100x – xy = 10000 => -100y + 100x – xy = 0 => x(100 – y) = 100y => $x = \frac{100y}{100 - y}$

১৬৩. একটি গাছের উচ্চতা প্রতিবছর ২০% করে বৃদ্ধি পায়। যদি বর্তমানে গাছটির উচ্চতা ১০৮টি সে.মি. হয়ে থাকে, তাহলে দুই বছর আগে গাছটির উচ্চতা কত ছিল? [বিএডিসি'র উচ্চমান সহকারী: ১৮]

ক. ৬৭৫ সে.মি. খ. ৭৫০ সে.মি. গ. ৭৭৫ সে.মি. ঘ. ৮০০ সে.মি. **উত্তর: খ**

সমাধানঃ দুই বছর আগে গাছটির উচ্চতা ক সে.মি. হলে ১ বছর পর গাছটির উচ্চতা = ক + ক এর ২০% = ক + $\frac{২০ক}{১০০} = \frac{৬ক}{৫}$ সে.মি.। ২ বছর পর বা বর্তমানে গাছটির উচ্চতা = $\frac{৬ক}{৫} + \frac{৬ক}{৫}$ এর ২০%। শর্তমতে, $\frac{৬ক}{৫} + \frac{৬ক}{৫}$ এর ২০% = ১০৮০ => $\frac{৬ক}{৫} + \frac{৬ক}{২৫} = ১০৮০$ => $\frac{৩০ক + ৬ক}{২৫} = ১০৮০$ => ক = ৭৫০

১৬৪. কবির তার মাসিক আয়ের ৮০% খরচ করে। যদি তার আয় ৫০% বৃদ্ধি পায় এবং সেই সাথে খরচ ২৫% বৃদ্ধি পায় তাহলে তার সঞ্চয় - [বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সিনিয়র অফিসার: ১৮]

ক. ৫০% বৃদ্ধি পাবে খ. ৭৫% বৃদ্ধি পাবে গ. ১০০% বৃদ্ধি পাবে ঘ. ১৫০% বৃদ্ধি পাবে **উত্তর: ঘ**

সমাধানঃ কবিরের আয় ১০০ টাকা হলে খরচ = ৮০ টাকা এবং সঞ্চয় = (১০০ - ৮০) = ২০ টাকা। ৫০% বৃদ্ধিতে তাঁর আয় = (১০০ + ৫০) = ১৫০ টাকা, ২৫% বৃদ্ধিতে খরচ = $(৮০ + ৮০ \times \frac{২৫}{১০০})$ = ১০০ টাকা এবং সঞ্চয় = (১৫০ - ১০০) = ৫০ টাকা। ২০ টাকায় সঞ্চয় বৃদ্ধি পায় (৫০ - ২০) = ৩০ টাকা। সুতরাং ১০০ টাকায় সঞ্চয় বৃদ্ধি পায় = $\frac{৩০ \times ১০০}{২০}$ = ১৫০ টাকা

১৬৫. খায়ের তার আয়ের ৬০% খরচ করে। তার আয় ৩২% বৃদ্ধি পাওয়াতে সে তার খরচ আরও ২০% বাড়িয়ে দিল। এতে তার সঞ্চয় শতকরা কত বৃদ্ধি পাবে বা কমবে? [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৮]

ক. ৩২% বৃদ্ধি পাবে খ. ৫০% বৃদ্ধি পাবে গ. ৩২% কমবে ঘ. ৫০% কমবে **উত্তর: খ**

সমাধানঃ আয় ১০০ টাকা হলে খরচ = ৬০ টাকা এবং সঞ্চয় (১০০-৬০) = ৪০ টাকা। ৩২% বৃদ্ধিতে আয় = (১০০+৩২) =১৩২ টাকা, ২০% বৃদ্ধিতে খরচ = ৬০ + ৬০×$\frac{২০}{১০০}$ = ৭২ টাকা এবং সঞ্চয় = (১৩২-৭২) = ৬০ টাকা। ৪০ টাকায় সঞ্চয় বৃদ্ধি পায় (৬০ - ৪০) = ২০ টাকা। সুতরাং ১০০ টাকায় সঞ্চয় বৃদ্ধি পায় = $\frac{২০ \times ১০০}{৪০}$ = ৫০ টাকা

১৬৬. একটি ফলের ঝুড়ির দুই-পঞ্চমাংশ আম পরীক্ষা করার পর ৪টিতে ত্রুটি পাওয়া গেল এবং বাকি ৩৬টি ত্রুটিমুক্ত পাওয়া গেল। শতকরা ৮১% আম ত্রুটিমুক্ত পেতে হলে অবশিষ্ট আমের মধ্যে কতটি ত্রুটিমুক্ত আম পেতে হবে? [বিপিএটিসি'র অফিস সহায়ক: ১৯]

ক. ১৫ খ. ২৭ গ. ৩৯ ঘ. ৪৫ **উত্তর: ঘ**

সমাধানঃ পরীক্ষিত মোট আম (৪+৩৬) = ৪০ টি। মোট আমের $\frac{২}{৫}$ অংশ = ৪০ টি আম হলে মোট আম = $\frac{৪০ \times ৫}{২}$ = ১০০ টি। ১০০ টি আমের ৮১% = ১০০× $\frac{৮১}{১০০}$ = ৮১ টি। অবশিষ্ট আমের মধ্যে ত্রুটিমুক্ত আম প্রয়োজন = ৮১ - ৩৬ = ৪৫ টি

১৬৭. কলার দাম ২০% কমে যাওয়ায় ১২ টাকায় পূর্ব অপেক্ষা ২টি কলা বেশি পাওয়া গেলে বর্তমানে একটি কলার দাম কত টাকা? [৩৫তম বিসিএস]

ক. ১.৫০ খ. ৩.০০ গ. ২.৫০ ঘ. ৯.৬ **উত্তর: ঘ**

সমাধানঃ ১০০ টাকা দাম কমে হয় (১০০ - ২০) = ৮০ টাকা হলে ১২ টাকা দাম কমে হয় = $\frac{১২ \times ৮০}{১০০}$ = ৯.৬ টাকা। ২ টি কলার বর্তমান দাম (১২ - ৯.৬) = ২.৪ টাকা হলে ১টি কলার বর্তমান দাম = $\frac{২.৪}{২}$ = ১.২ টাকা

১৬৮. একটি প্যান্ট ও একটি শার্টের মূল্য একত্রে ৫২৫ টাকা। যদি শার্টের মূল্য ১০% বাড়ে ও প্যান্টের মূল্য ৫% কমে তাহলে শার্ট ও প্যান্টের মূল্য একত্রে একই থাকে। শার্ট ও প্যান্টের প্রতিটির পূর্বমূল্য নির্ণয় করুন? [পর্যটন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৫]

ক. P - ১৭৬, S - ৩৪৯ খ. P - ১৭৮, S - ২৪৭ গ. P - ১৭৫, S - ৩৫০ ঘ. P - ১৭৫, S - ৩৪৯ **উত্তর: গ**

সমাধানঃ শার্টের মূল্য ক টাকা হলে প্যান্টের মূল্য হবে (৫২৫ – ক) টাকা। শর্তমতে, ক এর ১০% = (৫২৫ – ক) এর ৫% => $\frac{ক}{১০} - \frac{৫২৫ - ক}{২০}$ = ০ => ৩ক = ৫২৫ => ক = ১৭৫। শার্টের মূল্য ১৭৫ টাকা এবং প্যান্টের মূল্য (৫২৫ – ১৭৫) = ৩৫০ টাকা।

১৬৯. বার্ষিক পরীক্ষায় একটি ছাত্র মোট ক সংখ্যক প্রশ্নের প্রথম ২০টি মধ্যে ১৫টি নির্ভুল উত্তর দিল। বাকি যা প্রশ্ন রইল তার $\frac{১}{৩}$ অংশ সে নির্ভুল উত্তর দিল। সমস্ত প্রশ্নের মান সমান। যদি ছাত্র শতকরা ৭৫ ভাগ নম্বর পায় তবে প্রশ্নের সংখ্যা কত ছিল? [১২তম বিসিএস]

ক. ১৫টি খ. ২০টি গ. ২৫টি ঘ. ১৮টি **উত্তর: খ**

সমাধানঃ শর্তমতে, ১৫ + $\frac{১}{৩}$ (ক – ২০) = (ক এর ৭৫%) => ১৫ + $\frac{ক}{৩} - \frac{২০}{৩} = \frac{৩ক}{৪}$ => $\frac{৫ক}{১২} = \frac{২৫}{৩}$ => ক = $\frac{২৫ \times ১২}{৩ \times ৫}$ = ২০

১৭০. একটি বালতির উৎপাদন খরচ ৫০ টাকা। বালতিটির উৎপাদন খরচের শতকরা ১০৮ ভাগ দামে বিক্রয়ের জন্য দোকানে রাখা হয়েছিল। এক মাস পরে বালতিটির শতকরা ১০ ভাগ ছাড় দিয়ে বিক্রয় করা হলো। কত দামে বালতিটি বিক্রয় করা হলো? [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]

ক. ৪৫ টাকা খ. ৪৮.৬০ টাকা গ. ৪৯ টাকা ঘ. ৪৯.৫০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ ১০০ টাকার বালতির বিক্রয়মূল্য ১০৮ টাকা হলে ৫০ টাকার বালতির বিক্রয়মূল্য = $\frac{১০৮ \times ৫০}{১০০}$ = ৫৪ টাকা। ১০% ছাড়ে ১০০ টাকার বালতির বিক্রয়মূল্য ৯০ টাকা হলে ৫৪ টাকার বালতির বিক্রয়মূল্য = $\frac{৯০ \times ৫৪}{১০০}$ = ৪৮.৬ টাকা

১৭১. কেনো নির্বাচনী এলাকায় মোট ভোটার সংখ্যার ৮ শতাংশ বৃদ্ধ ভোটার। একটি নির্বাচনে বৃদ্ধ ভোটারদের ৮০ শতাংশ ভোট প্রদান করলে ভোট প্রদানকারী বৃদ্ধদের সংখ্যা মে ভোটার সংখ্যার কত শতাংশ? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ৯৯]

ক. ৪০ খ. ৬.৪ গ. ৮.০ ঘ. ১০ **উত্তর: খ**

সমাধানঃ মোট ভোটার ১০০ হলে বৃদ্ধ ভোটার ৮ জন। বৃদ্ধ ভোটারদের প্রতি ১০০ জনে ভোট প্রদান করে ৮০ জন। সুতরাং জনে ভোট প্রদান করে = $\frac{৮০ \times ৮}{১০০}$ = ৬.৪ জন

১৭২. একটি নির্বাচনে মোট ভোটারের ২২% ভোট দেয়নি। দুজন প্রার্থীর মধ্যে পরাজিত প্রতিদ্বন্দ্বী ২১,২১৬ ভোট পায় এবং বিজয়ী প্রতিদ্বন্দ্বী পরাজিত প্রার্থী অপেক্ষা ৫০% ভোট বেশি পায়। যদি বিজয়ী প্রার্থী ৬০% ভোট পেয়ে থাকে তাহলে ঐ এলাকার মোট ভোটার কতজন? [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ১৯]

ক. ৬৫,০০০ খ. ৬৮,০০০ গ. ৬২,০০০ ঘ. ৫৩,০০০ **উত্তর: খ**

সমাধানঃ নির্বাচনে অংশগ্রহণকারী মোট ভোটার (১০০ - ২২) = ৭৮%। পরাজিত প্রতিদ্বন্দ্বী ১০০ ভোট পেলে বিজয়ী প্রতিদ্বন্দ্বী পায় ১৫০ ভোট। সুতরাং পরাজিত প্রতিদ্বন্দ্বী ২১২১৬ ভোট পেলে বিজয়ী প্রতিদ্বন্দ্বী পায় = $\frac{১৫০ \times ২১২১৬}{১০০}$ = ৩১৮২৪ ভোট। মোট ভোটার সংখ্যা = ৩১৮২৪ + ২১২১৬ = ৫৩০৪০ ভোট। শর্তমতে, ৭৮% = ৫৩০৪০ জন ভোটার হলে ১০০ % = $\frac{৫৩০৪০ \times ১০০}{৭৮}$ = ৬৮০০০ ভোটার।

১৭৩. একটি নির্বাচনে দুইজন প্রার্থীর মধ্যে একজন ৩০% ভোট পেয়ে ১৫,০০০ ভোট পরাজিত হয়। বিজয়ী প্রার্থী কত ভোট পেয়েছে? [কৃষি মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৯]

ক. ২৫,০০০ খ. ২৬,২৫০ গ. ১১,২৫০ ঘ. ৩৫,০০০ **উত্তর: খ**

সমাধানঃ বিজয়ী প্রার্থী ভোট পায় (১০০ - ৩০) = ৭০%। ভোটের ব্যবধান (৭০ - ৩০) = ৪০%। ৪০% ভোট = ১৫০০০ টি হলে ৭০% ভোট = $\frac{১৫০০০ \times ৭০}{৪০}$ = ২৬২৫০ টি

১৭৪. একটি ক্লাবের নির্বাচনে সব সদস্যই ভোট দিল। সুমন ২৫%, ফারুক ৩৫% এবং বাবু অবশিষ্ট ২০০ ভোট পেল। সুমন কত সংখ্যক ভোট পেল? [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০৯]

ক. ১২৫ খ. ১৩৫ গ. ১৫৫ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ বাবু ভোট পেল {১০০ - (২৫+৩৫)} = ৪০%। ৪০% ভোট = ২০০ টি হলে ২৫% ভোট = $\frac{২০০ \times ২৫}{৪০}$ = ১২৫ ভোট

সরল ও যৌগিক মুনাফা

০১. বার্ষিক ১০% মুনাফায় ১২০০ টাকার ৫ বছরের মুনাফা কত? / বার্ষিক শতকরা ১০ টাকা হারে ১২০০ টাকার ৫ বছরের সরল মুনাফা কত হবে? [প্রাণিসম্পদ অধিদপ্তরের ডিএফও: ২০]

ক. ৫২০ টাকা খ. ৪৮০ টাকা গ. ৫৬০ টাকা ঘ. ৬০০ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ মুনাফা = $\frac{\text{আসল} \times \text{সময়} \times \text{হার}}{১০০} = \frac{১২০০ \times ৫ \times ১০}{১০০}$ = ৬০০ টাকা

০২. ১০০ টাকায় ১ বছরের সুদ ৫ টাকা। ২০০ টাকার ২ বছরের সুদ কত? [সেসিপ'র গবেষণা কর্মকর্তা: ১৫]

ক. ২০ টাকা খ. ৩০ টাকা গ. ৪০ টাকা ঘ. ৫০ টাকা **উত্তর: ক**

সমাধানঃ সুদ = $\frac{\text{আসল} \times \text{সময়} \times \text{হার}}{১০০} = \frac{৫ \times ২০০ \times ২}{১০০}$ = ২০ টাকা

০৩. ৬% হারে নয় মাসে ১০,০০০/- টাকার উপর সুদ কত হবে? [২৫তম বিসিএস]

সমাধানঃ প্রথম ছাত্রের নম্বর ৩ক হলে দ্বিতীয় ছাত্রের নম্বর ক। প্রশ্নমতে, (৩ক - ৫) : (ক + ১০) = ২ : ১ $\Rightarrow \frac{৩ক - ৫}{ক + ১০} = \frac{২}{১} \Rightarrow ৩ক - ৫ = ২ক + ২০ \Rightarrow ক = ২৫$। প্রথম ছাত্রের নম্বর ৩ক = (৩×২৫) = ৭৫ এবং দ্বিতীয় ছাত্রের নম্বর = ক = ২৫

৬৪. সুমনের বেতন রহিমের বেতনের ২১০%। লিটনের বেতন লিজার বেতনের ৭০%। লিজার বেতন রহিমের বেতন দ্বিগুণ। সুমন এবং লিটনের বেতনের অনুপাত কত? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৭]

ক. ৩ : ২ খ. ২: ১ গ. ৩: ১.৫ ঘ.কোনোটি নয় **উত্তর: ক**

সমাধানঃ রহিমের বেতন ১০০ টাকা হলে সুমনের বেতন = ১০০ × $\frac{২১০}{১০০}$ = ২১০ টাকা, লিজার বেতন = ১০০×২ = ২০০ টাকা এবং লিটনের বেতন = ২০০ × $\frac{৭০০}{১০০}$) = ১৪০ টাকা। সুতরাং সুমন ও লিটনের বেতনের অনুপাত = ২১০ : ১৪০ = ৩ : ২

৬৫. ধান ও ধান থেকে উৎপন্ন চালের অনুপাত ৪ : ৩ এবং গম ও গম থেকে উৎপন্ন সুজির অনুপাত ৫ : ৪ হলে ১ কুইন্টাল ধান থেকে উৎপন্ন চাল ও ১ কুইন্টাল গম থেকে উৎপন্ন সুজির অনুপাত কত? [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৭]

ক. ১৬ : ১৫ খ. ১৫ : ১৬ গ. ১৫ : ১৪ ঘ. ১৫ : ১৭ **উত্তর: খ**

সমাধানঃ ১ কুইন্টাল বা ১০০ কেজি ধানে উৎপন্ন চালের পরিমাণ = $\frac{৩}{৪}$ × ১০০ = ৭৫ কেজি। ১ কুইন্টাল বা ১০০ কেজি গমে উৎপন্ন সুজির পরিমাণ = $\frac{৪}{৫}$ × ১০০ = ৮০ কেজি। সুতরাং উৎপন্ন চাল ও সুজির অনুপাত = ৭৫ : ৮০ = ১৫ : ১৬

৬৬. রাবু ও জামালের মাসিক বেতনের অনুপাত ৭ : ৫ এবং দুজনের মাসিক বেতন একত্রে ২৪,০০০ টাকা। এক বছর পরে রাবুর বেতন ৫০০ টাকা এবং জামালের বেতন ৫০ টাকা বৃদ্ধি পেল। একবছর পরে তাদের মাসিক বেতনের অনুপাত কত হবে? [ডিএই'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ১৮]

ক. ২৯০ : ২০৭ খ. ১৪৫ : ১০৩ গ.৫০০ : ৩৫০ ঘ. ৭ : ৫ **উত্তর: ক**

সমাধানঃ অনুপাতের যোগফল = ৭ + ৫ = ১২। রাবুর মাসিক বেতন = ২৪০০০ × $\frac{৭}{১২}$ = ১৪০০০ টাকা। একবছর পর রাবুর মাসিক বেতন = (১৪০০০ + ৫০০) = ১৪৫০০ টাকা। জামালের মাসিক বেতন = ২৪০০০ × $\frac{৫}{১২}$ = ১০০০০ টাকা। একবছর পর জামালের মাসিক বেতন = (১০০০০ + ৩৫০) = ১০৩৫০ টাকা। সুতরাং $\frac{\text{রাবুর মাসিক বেতন}}{\text{জামালের মাসিক বেতন}} = \frac{১৪৫০০}{১০৩৫০} = \frac{২৯০}{২০৭}$ = ২৯০ : ২০৭

৬৭. একটি পেন্সিল এবং একটি কলমের ক্রয়মূল্যের অনুপাত ৩ : ৭। তাদের বিক্রয়মূল্যের অনুপাত ১ : ৪। যদি পণ্য দুটি বিক্রয় করে লোকসানের পরিমাণ সমান হয়, তবে কলমের ক্রয়মূল্য এবং বিক্রয়মূল্যের অনুপাত কত? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৭]

ক. ৩ : ২ খ. ১৪ : ৯ গ. ২১ : ১৬ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

সমাধানঃ পেন্সিলের ক্রয়মুল্য ৩ক টাকা হলে কলমের ক্রয়মুল্য ৭ক টাকা। পেন্সিলের বিক্রয়মুল্য খ টাকা হলে কলমের বিক্রয়মুল্য ৪খ টাকা। প্রশ্নমতে, ৩ক - খ = ৭ক - ৪খ => ৪ক = ৩খ => $\frac{ক}{খ} = \frac{৩}{৪}$। কলমের ক্রয়মুল্য এবং বিক্রয়মুল্য অনুপাত = ৭ক : ৪খ = $\frac{৭ক}{৪খ} = \frac{৭}{৪} \times \frac{৩}{৪} = \frac{২১}{১৬}$ = ২১ : ১৬

৬৮. রবি ও কবিরের কাছে কিছু আপেল আছে যার অনুপাত যথাক্রমে ৭ : ৯। যদি কবির রবিকে ২১টি আপেল দিয়ে দেয়, তাহলে রবি ও কবিরের কাছে থাকা আপেলের অনুপাত হবে ৭ : ৬। আবার যদি রবি কবিরকে ১১টি আপেল দিয়ে তাহলে রবি ও কবিরের কাছে থাকা আপেলের অনুপাত হবে ৫ : ৮। কবিরের কাছে রবি অপেক্ষা কতটি আপেল বেশি আছে? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]

ক. ১৩টি খ. ২৬টি গ. ২৮টি ঘ. ৩২টি **উত্তর: খ**

সমাধানঃ রবি ও কবিরের আপেলের সংখ্যা যথাক্রমে ৭ক টি ও ৯ক টি হলে প্রশ্নমতে, $\frac{৭ক + ২১}{৯ক - ২১} = \frac{৬}{৭}$ => ৪২ক + ১২৬ = ৬৩ক - ১৪৭ => ২১ক = ২৭৩ => ক = ১৩। রবির আপেলের সংখ্যা = ৭×১৩ = ৯১ টি এবং কবিরের আপেলের সংখ্যা = ৯×১৩ = ১১৭ টি। কবিরের বেশি আছে = ১১৭ - ৯১ = ২৬ টি

৬৯. সমানুপাতের দ্বিতীয় ও তৃতীয় রাশিকে বলে - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]

ক. মধ্য রাশি খ. প্রান্ত রাশি গ. মিশ্র রাশি ঘ. ক্রমিক রাশি **উত্তর: ক**

৭০ ৩ : ৫ এর সমান কোনটি? [বিআরইবি'র লাইনম্যান: ১৯]

ক. ১২ : ৪৫ খ. ১৫ : ৬ গ. ৬ : ১০ ঘ. ৬ : ৩০ **উত্তর: গ**

সমাধানঃ ৩ : ৫ = (৩ × ২) : (৫ × ২) = ৬ : ১০

৭১. ৩, ৯ ও ৪ এর চতুর্থ সমানুপাতিক কত? [৩০তম বিসিএস]

ক. ১২ খ. ১৬ গ. ১৬ ঘ. ৮ **উত্তর: ক**

সমাধানঃ চতুর্থ সমানুপাতিক ক হলে ৩ : ৯ = ৪ : ক => $\frac{৩}{৯} = \frac{৪}{ক}$ => ক = $\frac{৪ \times ৯}{৩}$ = ১২

৭২. একটি ক্রমিক সমানুপাতের ১ম ও ৩য় রাশি যথাক্রমে ৪ ও ১৬ হলে এর মধ্য সমানুপাতি কত? [১৪তম প্রভাষক নিবন্ধন]

ক. ১২ খ. ৮ গ. ১৪ ঘ. ২০ **উত্তর: খ**

সমাধানঃ $\frac{\text{প্রথম রাশি}}{\text{দ্বিতীয় রাশি}} = \frac{\text{দ্বিতীয় রাশি}}{\text{তৃতীয় রাশি}}$ => (দ্বিতীয় রাশি)^২ = প্রথম রাশি × তৃতীয় রাশি => (দ্বিতীয় রাশি)^২ = ৪×১৬ => দ্বিতীয় রাশি = ৮

৭৩. কন্যার বয়স পিতা ও পুত্রের বয়সের মধ্য সমানুপাতী। পিতা ও পুত্রের বয়স যথাক্রমে ৪৮ ও ১২ হলে কন্যার বয়স হবে - [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১১]

ক. ১৬ বছর খ. ১৮ বছর গ. ২৪ বছর ঘ. ২০ বছর **উত্তর: গ**

সমাধানঃ $\frac{\text{প্রথম রাশি}}{\text{দ্বিতীয় রাশি}} = \frac{\text{দ্বিতীয় রাশি}}{\text{তৃতীয় রাশি}}$ => (দ্বিতীয় রাশি)^২ = প্রথম রাশি × তৃতীয় রাশি => (দ্বিতীয় রাশি)^২ = ৪৮×১২ => দ্বিতীয় রাশি = ২৪

৭৪. লুপ্ত পদ নির্ণয় করুন: ১২: ১৬ :: ... : ২০। [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ১৮ খ. ১৫ গ. ১০ ঘ. ২২ **উত্তর: খ**

সমাধানঃ $\frac{১২}{১৬} = \frac{ক}{২০}$ => ১৬ক = ২৪০ => ক = ১৫

৭৫. a, b, c, d ক্রমিক সমানুপাতী হলে নিচের কোনটি সঠিক? [১৪তম শিক্ষক নিবন্ধন]

ক. ab = cd খ. ac = bd গ. ad = bc ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

সমাধানঃ a, b, c, d ক্রমিক সমানুপাতী হওয়ায় $\frac{a}{b} = \frac{c}{d}$ => ab = bc

৭৬. যদি a : b :: b : c হয় এবং a ও c এর মান যথাক্রমে ২ ও ৫ হয়, তাহলে b এর মান কত? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]

ক. $\sqrt{১০}$ খ. ১০ গ. ৪ ঘ. ২৫ **উত্তর: ক**

সমাধানঃ a : b :: b : c => $\frac{a}{b} = \frac{b}{c}$ => b^2 = ac => b^2 = ২ × ৫ => b^2 = ১০ => b = $\sqrt{১০}$

৭৭. চারটি সমানুপাতি রাশির প্রান্তীয় রাশিদ্বয়ের গুণফল ৪৮ হলে মধ্য রাশিদ্বয়ের গুণফল কত? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]

ক. ৪০ খ.৪৮ গ.৬০ ঘ. ৮৪ **উত্তর: খ**

সমাধানঃ চারটি সমানুপাতিক রাশি যথাক্রমে a, b, c, d হলে $\frac{a}{b} = \frac{c}{d}$ => ad = bc। অর্থাৎ প্রান্তীয় রাশিদ্বয়ের গুনফল = মধ্যরাশিদ্বয়ের গুনফল = ৪৮

৭৮. ১৪৩ টাকাকে ২ : ৪ : ৫ অনুপাতে ভাগ করলে বৃহত্তম ও ক্ষুদ্রতম অংশের পার্থক্য কত টাকা হবে? / ১৪৩ টাকা তিন জন বিনিয়োগকারীর মধ্যে ২ : ৪ : ৫ অনুপাতে ভাগ করলে বৃহত্তম ও ক্ষুদ্রতর অংশের পার্থক্য কত হবে? [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্রেডিট সুপারভাইজার: ১৯]

ক. ৩৬ টাকা খ. ৩৯ টাকা গ. ৪০ টাকা গ.৪২ টাকা **উত্তর: খ**

সমাধানঃ অনুপাতের যোগফল = ২+৪+৫ = ১১। অনুপাতের রাশিদ্বয়ের পার্থক্য = ৫ - ২ = ৩। ১১ অনুপাত = ১৪৩ টাকা হলে ৩ অনুপাত = $\frac{১৪৩ \times ৩}{১১}$ = ৩৯ টাকা

৭৯. ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ৩ : ৪ : ৫ হলে কোণ তিনটিকে ডিগ্রিতে প্রকাশ করুন? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী লাইব্রেরিয়ান: ১৮]

ক. ৩০°, ৪০°, ৫০° খ. ৪২°, ৫৬°, ৭০° গ. ৪৫°, ৬০°, ৭৫° ঘ. ৪৮°, ৬৪°, ৮০° **উত্তর: গ**

সমাধানঃ ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি = ১৮০°। অনুপাতের যোগফল = ৩+৪+৫ = ১২। প্রথম কোণ = ১৮০ × $\frac{৩}{১২}$ = ৪৫, দ্বিতীয় কোণ = ১৮০ × $\frac{৪}{১২}$ = ৬০, তৃতীয় কোণ = ১৮০ × $\frac{৫}{১২}$ = ৭৫

৮০. একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ৫ : ৬ : ৭ হলে বৃহত্তম কোণের পরিমাপ কত ডিগ্রি? [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]

ক. ৩০ খ. ৫০ গ. ৬০ ঘ. ৭০ **উত্তর: ঘ**

সমাধানঃ ত্রিভুজের তিন কোনের সমষ্টি = ১৮০°। অনুপাতের যোগফল = ৫+৬+৭ =১৮। বৃহত্তম কোণের পরিমাণ = ১৮০ × $\frac{৭}{১৮}$ = ৭০

৮১. ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ২ : ৫ : ৩ হলে ছোট কোণটির মান কত? [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহকারী: ১৯]

ক. ১৮° খ. ৩৬° গ. ৩০° ঘ. ৭২° **উত্তর: খ**

সমাধানঃ ত্রিভুজের তিন কোনের সমষ্টি = ১৮০°। অনুপাতের যোগফল = ২+৩+৫ = ১০। ক্ষুদ্রতম কোণের পরিমাণ = ১৮০ × $\frac{২}{১০}$ = ৩৬

৮২. একটি শ্রেণিতে ছাত্র এবং ছাত্রীর সংখ্যার অনুপাত ৯ : ৫। মোট শিক্ষার্থীর সংখ্যা ১০৫০ হলে ছাত্রের সংখ্যা কত? [গণপূর্ত অধিদপ্তরের হিসাব সহকারী: ১৬]

ক. ৮৯০ খ. ৭৮৫ গ. ৬৭৫ ঘ. ৭৩০ **উত্তর: গ**

সমাধানঃ অনুপাতের যোগফল = ৯ + ৫ = ১৪। ছাত্রের সংখ্যা = ১০৫০ এর $\frac{৯}{১৪}$ = ৬৭৫

৮৩. কয়েকটি চকলেট আরিফ, রায়হান ও তমালের মধ্যে ৫ : ৪ : ৭ অনুপাতে ভাগ করে দেওয়া হলো। যদি তমাল ৩৫টি চকলেট পায়, তবে আরিফ কয়টি চকলেট পাবে? [পায়রা বন্দর কর্তৃপক্ষের সহকারী সাব-ইন্সপেক্টর: ১৯]

ক. ১০ খ. ২০ গ. ২৫ ঘ. ৩০ **উত্তর: গ**

সমাধানঃ ৭ অনুপাত = ৩৫ টি চকলেট হলে ৫ অনুপাত = $\frac{৩৫ \times ৫}{৭}$ = ২৫ টি চকলেট।

৮৪. ১০০০ টাকা ক ও খ ১ : ৪ অনুপাতে ভাগ করে নেয়। খ এর অংশ সে এবং তার মা ও মেয়ের মধ্যে ২ : ১ : ১ অনুপাতে ভাগ করে। মেয়ে কত টাকা পাবে? [২১তম বিসিএস]

ক. ১০০ টাকা খ. ৪০০ টাকা গ. ২০০ টাকা ঘ. ৮০০ টাকা **উত্তর: গ**

সমাধানঃ অনুপাতের যোগফল = ১+৪ = ৫। খ এর অংশ = ১০০০ × $\frac{৪}{৫}$ = ৮০০ টাকা। এই ৮০০ টাকা খ নিজে, তার মা এবং মেয়ের মধ্যে ২ : ১ : ১ অনুপাতে ভাগ করে। এদের অনুপাতের যোগফল = ২+১+১ = ৪। খ মেয়ে পায় = ৮০০ × $\frac{১}{৪}$ = ২০০ টাকা

৮৫. ২৬১ টি আম তিন ভাইয়ের মধ্যে $\frac{১}{৩} : \frac{১}{৫} : \frac{১}{৯}$ অনুপাতে ভাগ করে দিলে প্রথম ভাই কতটি আম পাবে? [৩৭তম বিসিএস]

ক. ৪৫ খ. ৮১ গ. ৯০ ঘ. ১৩৫ **উত্তর: ঘ**

সমাধানঃ অনুপাত রাশি $\frac{১}{৩}, \frac{১}{৫}, \frac{১}{৯}$ এর হরগুলোর ল.সা.গু. = ৪৫। সুতরাং $\frac{১}{৩}, \frac{১}{৫}, \frac{১}{৯}$ = (৪৫×$\frac{১}{৩}$) : (৪৫×$\frac{১}{৫}$) : (৪৫×$\frac{১}{৯}$) = ১৫ : ৯ : ৫। অনুপাতের যোগফল = ১৫+৯+৫ = ২৯। প্রথম ভাই আম পাবে = ২৬১ × $\frac{১৫}{২৯}$ = ১৩৫ টি

৮৬. কোনো চতুর্ভুজের চার কোণের অনুপাত ১ : ২ : ২ : ৩ হলে বৃহত্তম কোণের পরিমাণ কত? [১৬তম বিসিএস]

ক. ১০০° খ. ১১৫° গ. ১৩৫° ঘ. ২২৫° **উত্তর: গ**

সমাধানঃ চতুর্ভুজের চার কোণের সমষ্টি = ৩৬০°। অনুপাতের যোগফল = ১+২+২+৩ = ৮। বৃহত্তম কোণ = ৩৬০ × $\frac{৩}{৮}$ = ১৩৫°

৮৭. একটি ত্রিভুজের বাহুগুলোর অনুপাত ৪ : ৭ : ৮ এবং এর পরিসীমা ৩৮ সে.মি. হলে বাহুগুলোর দৈর্ঘ্য কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]

ক. ৬ সে.মি., ১২ সে.মি., ২০ সে.মি. খ. ৯ সে.মি., ১১ সে.মি., ১৮ সে.মি.
গ. ৮ সেমি., ১৪ সে.মি., ১৬ সে.মি. ঘ. ১০ সে.মি., ১৩ সে.মি., ১৫ সে.মি. **উত্তর: গ**

সমাধানঃ অনুপাতের যোগফল = ৪+৭+৮ = ১৯। ক্ষুদ্রতম বাহুর দৈর্ঘ্য = ৩৮ × $\frac{৪}{১৯}$ = ৮, মধ্যম বাহুর দৈর্ঘ্য = ৩৮ × $\frac{৭}{১৯}$ = ১৪, বৃহত্তম বাহুর দৈর্ঘ্য = ৩৮ × $\frac{৮}{১৯}$ = ১৬

৮৮. ৬০ মিটার দৈর্ঘ্য বিশিষ্ট বাঁশকে ৩ : ৭ : ১০ অনুপাতে ভাগ করলে টুকরোগুলোর সাইজ কত? [২২তম বিসিএস]

ক. ৮ মি., ২২ মি., ৩০ মি. খ. ১০ মি., ২০ মি., ৩০ মি. গ. ৯ মি., ২১ মি., ৩০ মি. ঘ. ১২ মি., ২০ মি., ২৮ মি. **উত্তর: গ**

সমাধানঃ অনুপাতের যোগফল = ৩+৭+১০ = ২০। প্রথম টুকরো = ৬০ × $\frac{৩}{২০}$ = ৯, দ্বিতীয় টুকরো = ৬০ × $\frac{৭}{২০}$ = ২১, তৃতীয় টুকরো = ৬০ × $\frac{১০}{২০}$ = ৩০

৮৯. এক খণ্ড রশিকে ৩ : ৪ অনুপাতে কর্তন করা হলো। বৃহত্তর অংশ ১২.৮ মিটার হলে ক্ষুদ্রতর অংশ - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ৮.২ মিটার খ. ৯.৬ মিটার গ. ৯.৮ মিটার ঘ. ১০.২ মিটার **উত্তর: খ**

সমাধানঃ ৪ অনুপাত = ১২.৮ মিটার হলে ৩ অনুপাত = $\frac{১২.৮ \times ৩}{৪}$ = ৯.৬ মিটার

৯০. ক্রিকেট খেলায় বুলবুল, বাশার ও এনামুল সর্বমোট ২৮০ রান করল। বুলবুল ও বাশারের রানের অনুপাত ২ : ৩, বাশার ও এনামুলের রানের অনুপাত ৩ : ২ হলে প্রত্যেককে কে কত রান করে? [পর্যটন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৫]

ক. ৬০, ৯০, ১২০ খ. ৮০, ১২০, ৮০ গ. ৯০, ১০০, ৯০ ঘ. ১০০, ৮০, ১০০ **উত্তর: খ**

সমাধানঃ বুলবুল : বাশার : এনামুল = ৬ : ৯ : ৬। অনুপাতের যোগফল = ৬ + ৯ + ৬ = ২১। বুলবুলের রান = ২৮০ এর $\frac{৬}{২১}$ = ৮০ ; বাশারের রান = ২৮০ এর $\frac{৯}{২১}$ = ১২০ ও এনামুলের রান = ২৮০ এর $\frac{৬}{২১}$ = ৮০

৯১. একটি বিদ্যালয়ে বালক ও বালিকার সংখ্যার অনুপাত ছিল ১ : ৪। সেখানে আরো ১৪০ জন বালক ভর্তি হবার পর বালক ও বালিকার সংখ্যার বর্তমান অনুপাত হল ২ : ৩। বিদ্যালয়ে বর্তমান ছাত্র-ছাত্রীর সংখ্যা কত? [বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সিনিয়র অফিসার: ১৮]

ক. ৪২০ খ. ৩৯০ গ. ৩৫০ ঘ. ৫৬০ **উত্তর: ঘ**

সমাধানঃ বিদ্যালয়ে বালক সংখ্যা ক হলে বালিকার সংখ্যা হবে ৪ক জন। বর্তমানে মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা = (ক+৪ক+১৪০) = ৫ক + ১৪০ জন। প্রশ্নমতে, $\frac{ক + ১৪০}{৪ক} = \frac{২}{৩}$ => ৫ক = ৪২০। বর্তমানে মোট ছাত্র ছাত্রীর সংখ্যা = ১৪০ + ৪২০ = ৫৬০ জন

৯২. মেহের ও আজিজের মাসিক বেতনের অনুপাত ৭ : ৫ এবং তাদের মাসিক বেতনের সময় ১২০০০ টাকা। তাদের বার্ষিক বর্ধিত বেতন যথাক্রমে ২০০ টাকা ও ১৫০ টাকা হলে এক বছর পরে তাদের বেতনের অনুপাত কত? [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৭]

ক. ১২০ : ১০৩ খ. ১৪৪ : ১০৩ গ. ১৪৪ : ১০৪ ঘ. ১৪৪ : ১০৫ **উত্তর: খ**

সমাধানঃ অনুপাতের যোগফল = ৭+৫ = ১২। মেহেরের মাসিক বেতন = ১২০০০ × $\frac{৭}{১২}$ = ৭০০০ টাকা। আজিজের মাসিক বেতন = ১২০০০ - ৭০০০ = ৫০০০ টাকা। তাদের বেতনের অনুপাত = (৭০০০+২০০) : (৫০০০+১৫০) = ৭২০০ : ৫১৫০= ১৪৪ : ১০৩

৯৩. পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত ৩ : ১। তিন বছর আগে তাদের বয়সের অনুপাত ছিল ৭ : ২। তিন বছর পর তাদের বয়সের অনুপাত কত হবে? [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৮]

ক. ৭ : ৩ খ. ৫ : ২ গ. ৯ : ৫ ঘ. ৮ : ৩ **উত্তর: ঘ**

সমাধানঃ পিতার বর্তমান বয়স ৩ক বছর হলে পুত্রের বর্তমান বয়স ক বছর। প্রশ্নমতে, $\frac{৩ক - ৩}{ক - ৩} = \frac{৭}{২}$ => ৬ক - ৬ = ৭ক - ২১ => ক = ১৫।
তিন বছর পর তাদের বয়সের অনুপাত = (৪৫+৩) : (১৫+৩) = ৮ : ৩

৯৪. পিতা-পুত্রের বয়সের সমষ্টি ৬২ বছর। এক বছর পূর্বে তাদের বয়সের অনুপাত ছিল ৫ : ১। এখন তাদের বয়স - [সিএজি কার্যালয়ের অডিটর: ৯৮]

ক. ৪৮ ও ১৪ খ. ৪৬ ও১৬ গ. ৪৪ ও ১৮ ঘ. ৫১ ও ১১ **উত্তর: ঘ**

সমাধানঃ এক বছর পূর্বে পিতার বয়স ৫ক এবং পুত্রের বয়স ক হলে বর্তমানে পিতার বয়স ৫ক+১ এবং পুত্রের বয়স ক+১। শর্তমতে, ৫ক+১+ক+১ = ৬২ => ৬ক = ৬০ => ক = ১০। সুতরাং বর্তমানে পিতার বয়স ৫১ এবং পুত্রের বয়স ১১।

৯৫. পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৮৪ বছর। ১০ বছর পূর্বে তাদের বয়সের অনুপাত ৫ : ৩ ছিল। ১০ বছর পর এ অনুপাত কত হবে? [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার: ১৭]

ক. ২৭ : ২৭ খ. ১৫ : ১১ গ.১৭ : ১৩ ঘ. ১৯ : ১১ **উত্তর: খ**

সমাধানঃ অনুপাতের যোগফল = ৫+৩ = ৮। ১০ বছর পূর্বে পিতা ও পুত্রের বয়সের সমষ্টি = {৮৪ - (১০×২)} = ৬৪ বছর। পিতার বয়স ($৬৪ \times \frac{৫}{৮}$ = ৪০ বছর এবং পুত্রের বয়স = ৬৪ - ৪০ = ২৪ বছর। ১০ বছর পরে তাদের বয়সের অনুপাত = (৪০+১০+১০) : (২৪+১০+১০)
= ৬০ : ৪৪ = ১৫ : ১১

৯৬. মাতা ও পুত্রের বয়সের অনুপাত ৭ : ৩ এবং তাদের বয়সের গুণফল ৭৫৬। ১০ বছর পরে তাদের বয়সের অনুপাত কত হবে? [বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সিনিয়র অফিসার: ১৮]

ক. ৭ : ৩ খ. ১১ : ৫ গ. ১৪ : ৯ ঘ. ১৩ : ৭ **উত্তর: ঘ**

সমাধানঃ বর্তমানে মাতার বয়স ৭ক এবং পুত্রের বয়স ৩ক বছর। শর্তমতে, ৭ক × ৩ক = ৭৫৬ = > $ক^২$ = ৩৬ => ক = ৬। ১০ বছর পরে মাতার বয়স = ৭ক + ১০ = ৫২ এবং পুত্রের বয়স = ৩ক + ১০ = ২৮ বছর। বয়সের অনুপাত = ৫২ : ২৮ = ১৩ : ৭

৯৭. পিতা ও পুত্রের বয়সের অনুপাত ৭ : ২ এবং ৫ বছর পরে তাদের বয়সের অনুপাত ৮ : ৩ হবে। তাদের বর্তমান বয়স কত? [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ২০]

ক. ৩২, ৮ খ. ৩৫, ১০ গ. ৩৫, ১২ ঘ. ৩৬, ১০ **উত্তর: খ**

সমাধানঃ বর্তমানে পিতার বয়স ৭ক এবং পুত্রের বয়স ২ক বছর। ৫ বছর পরে পিতার বয়স = ৭ক + ৫ এবং পুত্রের বয়স = ২ক + ৫ বছর।
শর্তমতে, $\frac{৭ক + ৫}{২ক + ৫} = \frac{৮}{৩}$ => ২১ক + ১৫ = ১৬ক + ৪০ => ৫ক = ২৫ => ক = ৫। বর্তমানে পিতার বয়স ৩৫ ও পুত্রের বয়স ১০ বছর।

৯৮. ৮ বছর পূর্বে পিতা ও পুত্রের বয়সের অনুপাত ছিল ৪ : ১। ১৬ বছর পর তাদের বয়সের অনুপাত হবে ২০ : ১১। তাদের বর্তমান বয়সের সমষ্টি কত? [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ১৯]

ক. ৬৪ খ. ৫৭ গ. ৬১ ঘ. ৫৪ **উত্তর: গ**

সমাধানঃ বর্তমানে পিতার বয়স ৪ক + ৮ এবং পুত্রের বয়স ক + ৮ বছর। ১৬ বছর পরে পিতার বয়স = ৪ক + ৮ + ১৬ এবং পুত্রের বয়স = ক + ৮ + ১৬ বছর। শর্তমতে, $\frac{৪ক + ৮ + ১৬}{ক + ৮ + ১৬} = \frac{২০}{১১}$ => $\frac{৪ক + ২৪}{ক + ২৪} = \frac{২০}{১১}$ => ৪৪ক + ২৬৪ = ২০ক + ৪৮০ => ২৪ক = ২১৬ =>
ক = ৯। বর্তমানে পিতার বয়স ৪৪ ও পুত্রের বয়স ১৭ বছর। তাঁদের বয়সের সমষ্টি = ৪৪ + ১৭ = ৬১

৯৯. পিতা ও পুত্রের বয়সের গড় ৩০ বছর। ৬ বছর পর তাদের বয়সের অনুপাত ৫ : ১ হলে পুত্রের বর্তমান বয়স কত বছর? [পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]

ক. ৫ খ. ৬ গ. ৮ ঘ. ৯ **উত্তর: খ**

সমাধানঃ পিতার বয়স ৫ক হলে পুত্রের বয়স ক বছর। বর্তমানে পুত্রের বয়স (ক - ৬) বছর হলে পিতার বয়স (৫ক - ৬) বছর। পিতা ও পুত্রের বয়সের সমষ্টি = (২×৩০) = ৬০ বছর। প্রশ্নমতে, ক - ৬ + ৫ক - ৬ = ৬০ => ক = ১২। বর্তমানে পুত্রের বয়স = (১২ - ৬) = ৬

১০০. ৩ বছর পূর্বে মা ও মেয়ের বয়স যথাক্রমে ২৭ বছর ও ২ বছর ছিল। ৫ বছর পর তাদেরবয়সের অনুপাত - [১৩তম শিক্ষক নিবন্ধন]

ক. ৩ : ২ খ. ৭: ২ গ.২৭ : ২ ঘ. ২৭ : ৫ **উত্তর: খ**

সমাধানঃ বর্তমানে মায়ের বয়স (২৭+৩) = ৩০ বছর এবং মেয়ের বয়স = (২+৩) = ৫ বছর। ৫ বছর পর তাদের বয়সের অনুপাত =
(৩০+৫) : (৫+৫) = ৩৫ : ১০ = ৭ : ২

১০১. রহিম ও করিমের বয়সের অনুপাত ৩ : ৫। তাদের বয়সের সমষ্টি ৪০ হলে নিম্নের কোন উত্তরটি সঠিক? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]

ক. রহিম ১৫ খ. করিম ১৫ গ. রহিম ১০ ঘ. করিম ৫ **উত্তর: ক**

সমাধানঃ অনুপাতের যোগফল = ৩+৫ = ৮। রহিমের বয়স = $\frac{৩}{৮} \times ৪০)$ = ১৫ বছর। করিমের বয়স = ৪০ - ১৫ = ২৫ বছর

১০২. পিতা ও পুত্রের বয়সের অনুপাত ১০ : ৩। পুত্রের বয়স ১৮ হলে পিতার বয়স কত? [প্রাণিসম্পদ অধিদপ্তরের ভিএফএ: ২০]

ক. ৬২ বছর খ. ৬০ বছর গ. ৫৪বছর ঘ. ৫৮ বছর **উত্তর: খ**

সমাধানঃ ৩ অনুপাত = ১৮ বছর হলে ১০ অনুপাত = $\frac{১৮ \times ১০}{৩}$ = ৬০ বছর

১০৩. পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত ৭ : ২। পিতার বর্তমান বয়স ৪২ বছর। ১০ বছর পূর্বে পুত্রের বয়স কত ছিল? [বন অধিদপ্তরের রিসার্চ অফিসার: ০৬]

ক. ২ বছর খ. ৫ বছর গ. ১০ বছর ঘ. ১২ বছর **উত্তর: ক**

সমাধানঃ ৭ অনুপাত = ৪২ বছর হলে ২ অনুপাত = $\frac{৪২ \times ২}{৭}$ = ১২ বছর। ১০ বছর পূর্বে পুত্রের বয়স ছিল = ১২ - ১০ = ২ বছর

১০৪. বর্তমানে পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৫৪ বছর এবং অনুপাত ৭ : ২। ১০ বছর পরে তাদের বয়সের অনুপাত কত হবে? [সমবায় অধিদপ্তরের মাঠ সহকারী: ১৮]

ক. ৩১ : ১৬ খ. ২৬ : ১১ গ. ১৭ : ১২ ঘ. ২: ১ **উত্তর: খ**

সমাধানঃ অনুপাতের যোগফল = ৭+২ = ৯। পিতার বর্তমান বয়স = ৫৪ × $\frac{৭}{৯}$ = ৪২ বছর। পুত্রের বর্তমান বয়স = ৫৪ - ৪২ = ৫২ বছর। ১০ বছর পরে পিতার বয়স হবে = (৪২+১০) = ৫২ বছর এবং পুত্রের বয়স হবে = (১২+১০) = ২২ বছর। তাঁদের বয়সের অনুপাত হবে = ৫২ : ২২ = ২৬ : ১১

১০৫. রাজু ও মুক্তার বয়সের অনুপাত ৫ : ৪। ৮ বছর পর রাজুর বয়স হবে ২৮ বছর। বর্তমানে মুক্তার বয়স কত? [তিতাস গ্যাস ফিল্ডের অফিসার: ১৮]

ক. ৮ খ. ১২ গ. ১৬ ঘ. ২০ **উত্তর: গ**

সমাধানঃ বর্তমানে রাজুর বয়স ৫ক বছর হলে মুক্তার বয়স ৪ক বছর। প্রশ্নমতে, ৫ক + ৮ = ২৮ => ৫ক = ২০ => ক = ৪। মুক্তার বর্তমান বয়স = (৪×৪) = ১৬ বছর

১০৬. ১০ বছর আগে করিমের বয়স ছিল রহিমের বয়সের অর্ধেক। যদি তাদের বর্তমান বয়সের অনুপাত ৩ : ৪ হয়, তবে বর্তমান তাদের মোট বয়স কত? [গ্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ৩৫ বছর খ. ২৩ বছর গ. ২৮ বছর ঘ. ৪৫ বছর **উত্তর: ক**

সমাধানঃ বর্তমানে করিমের বয়স ৩ক বছর হলে রহিমের বয়স ৪ক বছর এবং তাদের সমষ্টি (৩ক+৪ক) = ৭ক বছর। ১০ বছর আগে করিমের বয়স ছিল = (৩ক - ১০) বছর এবং রহিমের বয়স ছিল = (৪ক - ১০) বছর। প্রশ্নমতে, ৩ক - ১০ = $\frac{১}{২}$ (৪ক - ১০) => ৩ক - ১০ = ২ক -৫ => ক = ৫। সুতরাং তাদের বয়সের সমষ্টি = ৭×৫ = ৩৫ বছর।

১০৭. ১২ বছর আগে শুভ ও পিয়ার বয়সের অনুপাত ছিল ৪ : ৫। ১২ বছর পর তাদের বয়সের অনুপাত হবে ৮ : ৯। তাদের বর্তমান বয়সের অনুপাত কত? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]

ক. ৪ : ৫ খ. ৬ : ৭ গ. ২: ৩ ঘ. ৮ : ৯ **উত্তর: খ**

সমাধানঃ বর্তমানে শুভর বয়স ৪ক + ১২ এবং পিয়ার বয়স ৫ক + ১২ বছর। ১২ বছর পরে শুভর বয়স = ৪ক + ১২ + ১২ এবং পিয়ার বয়স = ৫ক + ১২ + ১২ বছর। শর্তমতে, $\frac{৪ক + ১২ + ১২}{৫ক + ১২ + ১২} = \frac{৮}{৯}$ => $\frac{৪ক + ২৪}{৫ক + ২৪} = \frac{৮}{৯}$ => ৪০ক + ১৯২ = ৩৬ক + ২১৬ => ৪ক = ২৪ => ক = ৬। বর্তমানে শুভর বয়স ৩৬ ও পিয়ার বয়স ৪২ বছর। তাঁদের বয়সের অনুপাত = ৩৬ : ৪২ = ৬ : ৭

১০৮. পিতা ও পুত্রের বয়সের অনুপাত ১৩ : ৫। পুত্রের বয়স ১৫ বছর হলে পিতার বয়স কত? [স্বাস্থ্য অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]

ক. ৩৯ খ. ৪৫ গ. ৪৭ ঘ. ৪৯ **উত্তর: ক**

সমাধানঃ $\frac{\text{পিতার বয়স}}{১৫} = \frac{১৩}{৫}$ => পিতার বয়স = $\frac{১৩ \times ১৫}{৫}$ => পিতার বয়স = ৩৯ বছর

১০৯. পিতা ও পুত্রের বয়সের অনুপাত ১১ : ৪। পিতার বয়স যদি ৪৪ বছর হয়, তাহলে পিতা ও পুত্রের বয়সের সমষ্টি কত? [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ১২]

ক. ৫০ বছর খ. ৫৫ বছর গ. ৬০ বছর ঘ. ৬৫ বছর **উত্তর: গ**

সমাধানঃ $\frac{৪৪}{\text{পুত্রের বয়স}} = \frac{১১}{৪}$ => পুত্রের বয়স = $\frac{৪৪ \times ৪}{১১}$ => পিতার বয়স = ১৬ বছর। তাঁদের বয়সের সমষ্টি = ৪৪+১৬ = ৬০ বছর।

১১০. পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত ৩ : ১। ২০ বছর পরে তাদের বয়সের অনুপাত ১৩ : ৭ হলে তাদের বর্তমান বয়স কত? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগতকর্মকর্তা: ০৬]

ক. পিতা ৩০ বছর ও পুত্র ১০ বছর খ. পিতা ৩৬ বছর ও পুত্র ১২ বছর

গ. পিতা ৪৫ বছর ও পুত্র ১৫ বছর ঘ. পিতা ৪৮ বছর ও পুত্র ১৬ বছর **উত্তর: গ**

সমাধানঃ বর্তমানে পিতার বয়স ৩ক বছর ও পুত্রের বয়স ক বছর হলে ২০ বছর পর পিতার বয়স ৩ক + ২০ এবং পুত্রের বয়স ক + ২০ বচর। প্রশ্নমতে, শর্তমতে, $\frac{৩ক + ২০}{ক + ২০} = \frac{১৩}{৭}$ => ২১ক + ১৪০ = ১৩ক + ২৬০ => ৮ক = ১২০ => ক = ১৫। বর্তমানে পিতার বয়স ৪৫ বছর ও পুত্রের বয়স ১৫ বছর।

১১১. পিতা ও পুত্রের বয়সের অনুপাত ৪ : ১ এবং তাদের বয়সের গুণফল ২৫৬। ৪ বছর পর তাদের বয়সের অনুপাত হবে - [মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসের অফিস সহকারী: ১৯]

ক. ৩ : ১ খ. ৪ : ১ গ. ৫: ১ ঘ. ৫ : ২ **উত্তর: ঘ**

সমাধানঃ পিতার বয়স ৪ক বছর হলে পুত্রের বয়স ক বছর। প্রশ্নমতে, ৪ক × ক = ২৫৬ => $৪ক^২ = ২৫৬$ => $ক^২ = ৬৪$ => ক = ৮। ৪ বছর পর তাদের বয়সের অনুপাত = (৪×৮+৪) : (৮+৪) = ৩৬ : ১২ = ৩ : ১

১১২. পিতার বয়স পুত্রের বয়সের ৪ গুণ। ৬ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের ১০ গুণ ছিল। পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত কত? [১৫তম প্রভাষক নিবন্ধন]

ক. ৪ : ১ খ. ১: ৪ খ. ২ : ৩ ঘ. ৩ : ২ **উত্তর: ক**

সমাধানঃ বর্তমানে পুত্রের বয়স ক বছর হলে পিতার বয়স ৪ক বছর। ৬ বছর পূর্বে পুত্রের বয়স ক - ৬ বছর এবং পিতার বয়স ৪ক - ৬ বছর। প্রশ্নমতে, (ক - ৬) × ১০ = ৪ক - ৬ => ১০ক - ৬০ = ৪ক - ৬ => ৬ক = ৫৪ => ক = ৯। বর্তমানে পিতার বয়স ৩৬ বছর ও পুত্রের বয়স ৯ বছর। তাঁদের বয়সের অনুপাত ৩৬ : ৯ = ৪ : ১

১১৩. আরিফ ও আকিবের বয়সের অনুপাত ৫ : ৩; আরিফের বয়স ২০ বছর হলে কত বছর পর তাদের বয়সের অনুপাত ৭ : ৫ হবে? [নির্বাচন কমিশন সচিবালয়ের কম্পিউটার অপারেটর: ১৯]

ক. ৫ বছর খ. ৬ বছর গ. ৮ বছর ঘ. ১০ বছর **উত্তর: গ**

সমাধানঃ $\frac{২০}{\text{আকিবের বয়স}} = \frac{৫}{৩}$ => আকিবের বয়স = $\frac{২০ \times ৩}{৫}$ = ১২। ক বছর পর তাদের বয়সের অনুপাত হবে ৭ : ৫। প্রশ্নমতে, $\frac{২০ + ক}{১২ + ক} = \frac{৭}{৫}$ => ৮৪ + ৭ক = ১০০ + ৫ক => ২ক = ১৬ => ক = ৮

১১৪. ৪০ বছরের একজন ব্যক্তির ৬, ৩ ও ১ বছরের তিনটি পুত্র আছে। কত বছর পরে তিন পুত্রের বয়সের সমষ্টি পিতার বয়সের ৮০% হবে? [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]

ক. ১০ খ. ১৪ গ. ১৭ ঘ. ২১ **উত্তর: ক**

সমাধানঃ ধরি, ক বছর পরে তিন পুত্রের বয়সের সমষ্টি পিতার বয়সের ৮০% হবে। শর্তমতে, ৬ + ক + ৩ + ক + ১ + ক = (৪০ + ক) এর ৮০% => ১০ + ৩ক = $\frac{১৬০ + ৪ক}{৫}$ => ৫০ + ১৫ক = ১৬০ + ৪ক => ১১ক = ১১০ => ক = ১০

১১৫. পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি ৬০ বছর এবং তাদের বয়সের অনুপাত ৭ : ৩। ৮ বছর পূর্বে তাদের বয়সের অনুপাত কত ছিল? [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ৯২]

ক. ১৭ : ৪ খ. ১৭: ৫ গ. ১৫ : ৪ ঘ. ১৬ : ৫ **উত্তর: খ**

সমাধানঃ অনুপাতের যোগফল = ৭+৩ = ১০। পিতার বর্তমান বয়স = ৬০ × $\frac{৭}{১০}$ = ৪২ বছর এবং পুত্রের বর্তমান বয়স = ৬০ - ৪২ = ১৮ বছর। ৮ বছর পূর্বে পিতার বয়স ছিল = (৪২ - ৮) = ৩২ বছর এবং ৮ বছর পূর্বে পুত্রের বয়স ছিল = (১৮ - ৮) = ১০ বছর। ৮ বছর পূর্বে তাদের বয়সের অনুপাত ছিল = ৩৪ : ১০ = ১৭ : ৫

১১৬. দুই বছর আগে বাবার বয়স পুত্রের বয়সের ১৪ গুণ। দুই বছর বাদে বাবার বয়স পুত্রের বয়সের চেয়ে ২৬ বছর বেশি হয়, তবে বাবা ও তার পুত্রের বয়সের অনুপাত কত হবে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ১৫: ২ খ. ১: ৪ গ. ৩ : ৬ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ দুই বছর আগে পুত্রের বয়স ক বছর হলে পিতার বয়স ১৪ক বছর। বর্তমানে পুত্রের বয়স = (ক + ২) বছর ও পিতার বয়স = (১৪ক + ২) বছর। প্রশ্নমতে, ক + ২ + ২ = (১৪ক + ২ + ২) - ২৬ => ক + ৪ = ১৪ক - ২২ => ১৩ক = ২৬ => ক = ২। বর্তমানে পুত্রের বয়স = (২+২) = ৪ বছর ও পিতার বয়স = (১৪ × ২ + ২) = ৩০ বছর। তাদের বয়সের অনুপাত = ৩০ : ৪ = ১৫ : ২

১১৭. পিতা ও পুত্রের বর্তমান বয়স একত্রে ৮০ বছর। ৪ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের ৫ গুণ ছিল। তাদের বর্তমান বয়সের অনুপাত কত? [দুদকের অফিস সহায়ক: ৮৪]

ক. ৬৪ : ১৬ খ. ৬০ : ২০ গ. ৫৬ : ২৪ ঘ. ৬৮ : ১২ **উত্তর: ক**

সমাধানঃ চার বছর আগে পুত্রের বয়স ক বছর হলে পিতার বয়স ছিল ৫ক বছর। বর্তমানে পুত্রের বয়স = (ক+৪) বছর ও পিতার বয়স = (৫ক+৪) বছর। প্রশ্নমতে, (ক+৪) + (৫ক+৪) = ৮০ => ৬ক = ৭২ => ক = ১২। বর্তমানে পুত্রের বয়স = (১২+৪) = ১৬ বছর ও পিতার বয়স = (৫ × ১২ + ৪) = ৬৪ বছর। তাদের বয়সের অনুপাত = ৬৪ : ১৬

১১৮. কোন ক্লাসে গড় বয়স বালিকাদের সংখ্যার দ্বিগুণ। ৩৬ জনের ঐ ক্লাসে বালক ও বালিকাদের সংখ্যার অনুপাত ৫ : ১। ঐ ক্লাসের বালকদের মোট বয়স কত বছর? [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]

ক. ৩০০ খ.৩২০ গ. ৩৬০ ঘ. ৪০০ **উত্তর: গ**

সমাধানঃ অনুপাতের যোগফল = ৫ + ১ = ৬। বালকের সংখ্যা = ৩৬ এর $\frac{৫}{৬}$ = ৩০ জন এবং বালিকার সংখ্যা = ৩৬ - ৩০ = ৬ জন। গড় বয়স = ৬ × ২ = ১২ বছর। বালকদের মোট বয়স = ১২ × ৩০ = ৩৬০

১১৯. ৫৫ লিটার দ্রবণে পানি এবং সিরাপের অনুপাত ৫ : ৬। দ্রবণে কত লিটার সিরাপ আছে? [বিজেএমসি'র সহকারী হিসাব কর্মকর্তা: ১৭]

ক. ১৫ লিটার খ. ৩০ লিটার গ.২৫ লিটার ঘ. ২৪ লিটার **উত্তর: খ**

সমাধানঃ অনুপাতের যোগফল = ৫+৬ = ১১। দ্রবনে সিরাপের পরিমাণ = ৫৫ × $\frac{৬}{১১}$ = ৩০ লিটার

১২০. ৬৩ লিটার পরিমাণ মিশ্রণে এসিড ও পানির অনুপাত ৭ : ২। ঐ মিশ্রণে এসিড ও পানির পরিমাণ কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]

ক. ৩৯ লি., ২৪ লি. খ. ৪৯ লি., ১৪ লি. গ. ২৪ লি., ৩৯ লি. ঘ. ২৯ লি., ৩৪ লি. **উত্তর: খ**

সমাধানঃ অনুপাতের যোগফল = ৭+২ = ৯। মিশ্রণে এসিডের পরিমাণ = ৬৩×$\frac{৭}{৯}$ = ৪৯ লিটার ও পানির পরিমাণ = ৬৩×$\frac{২}{৯}$ = ১৪ লিটার

১২১. ৭২ কেজি ওজনবিশিষ্ট একটি মিশ্রণ A এর ১৭ ভাগ, B এর ৩ ভাগ এবং C এর ৪ ভাগ দ্বারা গঠিত। মিশ্রণে B কতটুকু আছে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ৯ কেজি খ. ১২ কেজি গ. ১৭ কেজি ঘ. ১৫ কেজি **উত্তর: ক**

সমাধানঃ অনুপাতের যোগফল = ১৭+৩+৪ = ২৪। মিশ্রনে B এর পরিমাণ = ৭২ × $\frac{৩}{২৪}$ = ৯ কেজি

১২২. পায়েসে দুধ ও চিনির অনুপাত ৭ : ৩। ঐ পায়েসে চিনির পরিমাণ ৪ কেজি হলে দুধের পরিমাণ কত? [স্বাস্থ্য অধিদপ্তরের কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার:১৮]

ক. ৮ কেজি খ. ১০ কেজি গ. ১২ কেজি ঘ. ৯.৩৩ কেজি **উত্তর: ঘ**

সমাধানঃ ৩ অনুপাত = ৪ কেজি হলে ৭ অনুপাত = $\frac{৪ \times ৭}{৩}$ = ৯.৩৩ কেজি

১২৩. একটি পাত্রে দুধ ও পানির অনুপাত ৫ : ১। যদি পানি অপেক্ষা দুধের পরিমাণ ৮ লিটার বেশি হয়, তবে পানির পরিমাণ - / একটি জারে দুধ ও পানির অনুপাত ৫ : ১। দুধের পরিমাণ যদি পানি অপেক্ষা ৮ লিটার বেশি হয় তবে পানির পরিমাণ কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ২ লিটার খ. ৪ লিটার গ. ৬ লিটার ঘ. ১০ লিটার **উত্তর: ক**

সমাধানঃ অনুপাতের পার্থক্য = ৫ - ১ = ৪। ৪ অনুপাত = ৮ লিটার হলে ১ অনুপাত = $\frac{৮}{৪}$ = ২ লিটার

১২৪. পানি ও লবণের ৩৬ কেজি ওজনের একটি দ্রবণে লবণ ও পানির অনুপাত ৪ : ৫। যদি দ্রবণে আরো ৬ কেজি পানি যোগ করা হয়, তাহলে নতুন দ্রবণে পানি ও লবণের অনুপাত কত হবে? [বিপিএটিসি'র কম্পিউটার অপারেটর: ১৯]

ক. ১৩ : ১০ খ. ১৩ : ৮ গ. ৮ : ১৩ ঘ. ১১: ১০ **উত্তর: ঘ**

সমাধানঃ অনুপাতের যোগফল = ৪+৫= ৯। পানির পরিমাণ = ৩৬ × $\frac{৪}{৯}$ = ১৬ এবং লবণের পরিমাণ = (৩৬ - ১৬) = ২০। ৬ কেজি পানি যোগ করলে দ্রবনে পানি ও লবণের অনুপাত = (১৬ + ৬) : ২০ = ২২ : ২০ = ১১ : ১০

১২৫. একটি সোনার গহনার ওজন ২৫ গ্রাম। এতে সোনা ও তামার অনুপাত ৩ : ২। কী পরিমাণ সোনা মিশালে অনুপাত ৫ : ১ হবে? [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৮]

ক. ১০ গ্রাম খ. ১৫ গ্রাম গ. ৩৫ গ্রাম ঘ. ৪০ গ্রাম **উত্তর: গ**

সমাধানঃ অনুপাতের যোগফল = ৩+২ = ৫। সোনার পরিমান = ২৫ × $\frac{৩}{৫}$ = ১৫ গ্রাম এবং তামার পরিমান = (২৫ - ১৫) = ১০ গ্রাম।

ধরি, ক গ্রাম সোনা মেশালে অনুপাত ৫ : ১ হবে। প্রশ্নমতে, $\frac{১৫+ক}{১০} = \frac{৫}{১}$ => ১৫+ক = ৫০ => ক = ৩৫

১২৬. ৬৪ কিলোগ্রাম বালি ও পাথরের টুকরার মিশ্রণে বালির পরিমাণ ২৫%। কত কিলোগ্রাম বালি মিশালে নতুন মিশ্রণে পাথর টুকরার পরিমাণ ৪০% হবে? [১৫তম বিসিএস]

ক. ৯.৬ কিলোগ্রাম খ. ৪৮ কিলোগ্রাম গ. ১১ কিলোগ্রাম ঘ. ৫৬ কিলোগ্রাম **উত্তর: ঘ**

সমাধানঃ মিশ্রণ ১০০ কেজি হলে বালির পরিমাণ ২৫ কেজি। সুতরাং মিশ্রণ ৬৪ কেজি হলে বালির পরিমাণ = $\frac{২৫ \times ৬৪}{১০০}$ = ১৬ কেজি। পাথরের পরিমাণ = ৬৪ - ১৬ = ৪৮ কেজি। পরিবর্তিত মিশ্রণে পাথর ৪০ কেজি হলে মিশ্রণ হবে ১০০ কেজি। সুতরাং পাথর ৪৮ কেজি হলে মিশ্রণ হবে = $\frac{১০০ \times ৪৮}{৪০}$ = ১২০ কেজি। ১২০ কেজি মিশ্রণে বালির পরিমাণ = ১২০ - ৪৮ = ৭২ কেজি। সুতরাং বালি মিশাতে হবে = ৭২ - ১৬ = ৫৬ কেজি।

১২৭. এক মুদির ব্যবসায়ী প্রতি কেজি ১৫ টাকা ও ২০ টাকা দরের দুই ধরনের ডাল কী অনুপাতে মেশালে মিশ্রিত ডালের দাম প্রতি কেজি ১৬.৫০ টাকা হবে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ৩ : ৭ খ. ৫: ৭ গ. ৭ : ৩ ঘ. ৭: ৫ **উত্তর: গ**

সমাধানঃ ধরি, দোকানদার ১৫ টাকা কেজি দরের ক কেজি ডালের সাথে ২০ টাকা কেজি দরের ১ কেজি ডাল মিশ্রিত করে। সুতরাং মিশ্রণের অনুপাত = ক : ১। ১৫ টাকা কেজি দরের ক কেজি ডালের মূল্য = ১৫ক টাকা এবং ২০ টাকা কেজি দরের ১ কেজি ডালের মূল্য = ২০ টাকা। মোট ক্রয়মূল্য = ১৫ক + ২০ টাকা। মোট ডালের পরিমাণ = ক + ১ কেজি। শর্তমতে, $\frac{১৫ক+২০}{ক+১}$ = ১৬.৫০ => ১৬.৫ক + ১৬.৫০ = ১৫ক + ২০ => ১.৫০ক = ৩.৫০ => ক = $\frac{৭}{৩}$ => ক : ১ = ৭ : ৩

১২৮. এক দোকানদার ১১০ টাকা কেজি দামে কিছু চায়ের সঙ্গে ১০০ টাকা কেজি দামের দ্বিগুণ পরিমাণ চা মিশ্রিত করে তা ১২০ টাকা কেজি দামে বিক্রি করে মোট ২০০০ টাকা লাভ করলো। দোকানদার দ্বিতীয় প্রকারে কত কেজি চা ক্রয় করেছিল? [২১তম বিসিএস]

ক. ১০০ কেজি খ. ৮০ কেজি গ. ৫০ কেজি ঘ. ৬০ কেজি **উত্তর: খ**

সমাধানঃ দোকানদার প্রথম প্রকারের ক কেজি এবং দ্বিতীয় প্রকারের ২ক কেজি চা ক্রয় করলে মোট ক্রয়কৃত চা = (ক+২ক) = ৩ক কেজি। ৩ক কেজি চায়ের ক্রয়মূল্য = (২০০ক+১১০ক) = ৩১০ক টাকা এবং বিক্রয়মূল্য = (১২০ক ×৩ক) = ৩৬০ক টাকা। লাভ = (৩৬০ক - ৩১০ক) = ৫০ক। প্রশ্নমতে, ৫০ক = ২০০০ => ক = ৪০। দ্বিতীয় প্রকারের চা ক্রয় করেছিলো = ২×৪০ = ৮০ কেজি।

১২৯. শফি ও নয়ন বছরের প্রথমে একটি যৌথ কারবারে যথাক্রমে ১০,০০০ টাকা ও ২০,০০০ টাকা মূলধন বিনিয়োগ করে। ৪ মাস পরে শফি আরও ৫,০০০ টাকা বিনিয়োগ করে। বছরের শেষে মোট ১৫,০০০ টাকা লাভ হলে শফি কত টাকা লাভ পাবে? [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৭]

ক. ৬,০০০ খ. ৯,০০০ গ. ৫,০০০ ঘ. ৪৬,৫০০ **উত্তর: ক**

১৩০. অনিক, কামাল এবং জামাল যথাক্রমে ৮০০০, ৪০০০ এবং ৮০০০ টাকা বিনিয়োগ করে ব্যবসা শুরু করে। ৬ মাস পর অনিক বিনিয়োগ প্রত্যাহার করে নেয়। ৮ মাসে ব্যবসায় মোট ৪০০৫ টাকা লাভ হলে কামাল কত লভ্যাংশ পাবে? [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৬]

ক. ৮৯০ টাকা খ. ১৩৩৫ টাকা গ. ১৬০২ টাকা ঘ. ১৭৮০ টাকা **উত্তর: ক**

১৩১. কোনো ব্যবসায় ক, খ, গ এর মূলধন যথাক্রমে ৩২০, ৪০০ এবং ৪৮০ টাকা। তাদের মূলধনের অনুপাত কত? [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ১২]

ক. ৩ : ৪ : ৫ খ. ৬ : ৮ : ১২ গ. ৬ : ৮ : ১২ ঘ. ৬ : ৯ : ১৫ **উত্তর: খ**

সমাধানঃ ক, খ, গ এর মূলধনের অনুপাত = ৩২০ : ৪০০ : ৪৮০ = ৪ : ৫ : ৬ [সবগুলোকে ৮০ দিয়ে ভাগ করে]

১৩২. কোনো ব্যবসায় ক, খ, গ এর মূলধন যথাক্রমে ৩২০, ৪০০ এবং ৪৮০ টাকা। ব্যবসায় ৩০০ টাকা লাভ হলে ক অপেক্ষা গ কত টাকা বেশি পাবে? [গণপূর্ত অধিদপ্তরের হিসাব সহকারী: ১৬]

ক. ৬০ টাকা খ. ৮০ টাকা গ. ১২০ টাকা ঘ. ৪০ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ ক, খ, গ এর মূলধনের অনুপাত = ৩২০ : ৪০০ : ৪৮০ = ৪ : ৫ : ৬। অনুপাতের যোগফল = ৪+৫+৬ = ১৫। গ ও ক এর অনুপাতের পার্থক্য = ৬ - ৪ = ২। ক অপেক্ষা গ বেশি লাভ পাবে = $৩০০ \times \frac{২}{১৫} = ৪০$ টাকা

১৩৩. ক, খ, গ একটি অংশীদারী ব্যবসায়ে যথাক্রমে ৭,৫০০ টাকা, ৮,৫০০ টাকা এবং ১০,৫০০ টাকা বিনিয়োগ করে। বছর শেষে ২১২০ টাকা লাভ করে। যদি মূলধন অনুপাতে লাভ বন্টন হয়, তাহলে খ কত টাকা পাবে? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]

ক. ৬০০ খ. ৬৮০ গ. ১২০ ঘ. ৮৪০ **উত্তর: খ**

সমাধানঃ ক, খ, গ এর মূলধনের অনুপাত = ৭৫০০ : ৮৫০০ : ১০৫০০ =১৫ : ১৭ : ২১। অনুপাতের যোগফল = ১৫+১৭+২১ = ৫৩। খ এর লাভ = $২১২০ \times \frac{১৭}{৫৩} = ৬৮০$ টাকা

১৩৪. ক, খ ও গ একত্রে ব্যবসা করে ১২০০ টাকা লাভ করে। যদি ক, খ ও গ এর মূলধনের অনুপাত ২ : ৩ : ৫ হয়, তবে ক কত লভ্যাংশ পাবে? [দুদকের অফিস সহায়ক: ৮৪]

ক. ৪৮০ টাকা খ. ১৮০ টাকা গ.২৪০ টাকা ঘ. ২৮০ টাকা **উত্তর: গ**

সমাধানঃ অনুপাতের যোগফল= ২+৩+৫ = ১০। ক এর লভ্যাংশ = $১২০০ \times \frac{২}{১০} = ২৪০$ টাকা

১৩৫. ক, খ ও গ ২৮০ টাকা নিয়ে কারবার শুরু করল। ক ও খ এর মূলধন সমান কিন্তু গ এর মূলধন ২০ টাকা কম। মোট ৫৬ টাকা লাভ হলে গ কত টাকা লাভ পাবে? [দুদকের অফিস সহায়ক: ৮৪]

ক. ১৪ টাকা খ. ১৬ টাকা গ. ২০ টাকা ঘ. ২৪ টাকা **উত্তর: খ**

১৩৬. ক, খ, ও গ যথাক্রমে ৬০০, ৮০০ এবং ৯০০ টাকা দিয়ে যৌথ ব্যবসা শুরু করল। কয়েক মাস পরে ক আরও ৩০০ টাকা বিনিয়োগ করল। বছর শেষে ৩০০ টাকা লাভ হলো। গ এর লভ্যাংশ ১০৮ টাকা হলে ক কত সময় পরে ৩০০ টাকা বিনিয়োগ করেছিল? [তুলা উন্নয়ন বোর্ডের তুলা উন্নয়ন কর্মকর্তা: ৯৭]

ক. ৩ মাস পর খ. ৪ মাস পর গ. ৬ মাস পর ঘ. ৫ মাস পর **উত্তর: খ**

১৩৭. A, B ও C ৪৭,০০০ টাকায় একটি ব্যবসা শুরু করল। A ব্যবসায় B এর থেকে ৭,০০০ টাকা বেশি এবং B, C এর থেকে ৫,০০০ টাকা বেশি দিল। মোট লাভ ৯,৪০০ টাকা হলে B এর লাভ কত? [কৃষি মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ১৯]

ক. ২,০০০ টাকা খ. ৩,০০০ টাকা গ. ৫,০০০ টাকা ঘ. ৭,০০০ টাকা **উত্তর: খ**

লাভ ও ক্ষতি

০১. একটি দ্রব্য ৪৫০ টাকায় বিক্রয় করলে ২০% লাভ হয়। দ্রব্যটির ক্রয়মূল্য কত? / একটি কলম ৪৫০ টাকায় বিক্রয় করলে ২০% লাভ হয়। কলমটির ক্রয়মূল্য - / একটি কলম ৪৫০ টাকায় বিক্রয় করলে ২০% লাভ হয়। কলমটির ক্রয়মূল্য কত? / একটি পুতুল ২০% লাভে ৪৫০ টাকায় বিক্রয় করা হলো। পুতুলটির ক্রয়মূল্য কত ছিল? / একটি চেয়ার ৪৫০ টাকায় বিক্রি করায় ক্রয়মূল্যের উপর ২০% লাভ হলো। চেয়ারটির ক্রয়মূল্য কত? / একটি ব্যবসায়ী ২০% লাভে কাপড় বিক্রয় করে ৪৫০ টাকা লাভ করে। সে কত টাকার কাপড় ক্রয় করেছিল? [নির্বাচন কমিশন সচিবালয়ের কম্পিউটার অপারেটর: ১৯]

ক. ২৫০ টাকা খ. ২৭৫ টাকা গ. ৩৭৫ টাকা ঘ. ৪০০ টাকা **উত্তর: গ**

সমাধানঃ ক্রয়মূল্য = $\frac{\text{বিক্রয়মূল্য} \times ১০০}{১০০ \pm \text{লাভ/ক্ষতি}} = \frac{৪৫০ \times ১০০}{১০০ + ২০} = ৩৭৫$ টাকা

০২. একটি গাড়ি ১৮০ টাকায় বিক্রি করাতে ক্রয়মূল্যের ওপর ১০% ক্ষতি হলে ক্রয়মূল্য কত? / একটি দ্রব্য ১৮০ টাকায় বিক্রি করায় ১০% ক্ষতি হলো। দ্রব্যটির ক্রয়মূল্য - / একটি বই ১৮০ টাকায় বিক্রয় করায় ১০% ক্ষতি হয়। বইটির ক্রয়মূল্য কত টাকা ছিল? / একটি পণ্য ১০% ক্ষতিতে ১৮০ টাকায় বিক্রয় করা হয়। পণ্যটির ক্রয়মূল্য কত? / একজন ঘড়ির দোকানী একটি ঘড়ি ১৮০ টাকায় বিক্রয় করার ১০% ক্ষতি হলো। ঘড়িটির ক্রয়মূল্য কত? [৩৯তম বিসিএস]

ক. ১৬২ টাকা খ. ১৯৮ টাকা গ. ২০০ টাকা ঘ. ২১০ টাকা **উত্তর: গ**

সমাধানঃ ক্রয়মূল্য = $\frac{\text{বিক্রয়মূল্য} \times ১০০}{১০০ \pm \text{লাভ/ক্ষতি}} = \frac{১৮০ \times ১০০}{১০০ - ১০} = ২০০$ টাকা

০৩. তানজিম ৫টি কলম ২০ টাকায় বিক্রয় করায় তার ৫ টাকা ক্ষতি হলো। তার ক্রয়মূল্য কত? [ডাকবিভাগের পোস্টাল অপারেটর: ১৬]

ক. ২০ টাকা খ. ২৫ টাকা গ. ১৫ টাকা ঘ. ১০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ ক্রয়মূল্য = বিক্রয়মূল্য + ক্ষতি = ২০ + ৫ = ২৫ টাকা

০৪. **৫ টাকায় ৮টা করে কলা বিক্রয় করলে ২৫% ক্ষতি হয়। প্রতি ডজন কলার ক্রয়মূল্য কত?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার: ১৭]

ক. ১৫ টাকা খ. ১০ টাকা গ. ১২ টাকা ঘ. ১৬ টাকা **উত্তর: খ**

সমাধানঃ ৮ টি কলার বিক্রয়মূল্য = ৫ টাকা হলে ১২ টি কলার বিক্রয়মূল্য = $\frac{৫ \times ১২}{৮} = \frac{১৫}{২}$। ২৫% ক্ষতি = ১০০ - ২৫ = ৭৫ টাকা।

বিক্রয়মূল্য ৭৫ টাকা হলে ক্রয়মূল্য = ১০০ টাকা। সুতরাং বিক্রয়মূল্য $\frac{১৫}{২}$ টাকা হলে ক্রয়মূল্য = $\frac{১০০ \times ১৫}{৭৫ \times ২}$ = ১০ টাকা

০৫. **একটি গরু ৪৫০ টাকায় বিক্রয় করায় তার ক্রয়মূল্যের $\frac{১}{৮}$ অংশ লাভ হলো। গরুটির ক্রয়মূল্য কত?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]

ক. ৫০০ টাকা খ. ৬০০ টাকা গ. ৩০০ টাকা ঘ. ৪০০ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ গরুটির ক্রয়মূল্য ৮ক টাকা হলে লাভ ক টাকা। বিক্রয়মূল্য = ক্রয়মূল্য + লাভ = (৮ক+ক) = ৯ক টাকা। বিক্রয়মূল্য ৯ক টাকা হলে ক্রয়মূল্য = ৮ক টাকা। সুতরাং বিক্রয়মূল্য ৪৫০ টাকা হলে ক্রয়মূল্য = $\frac{৮ক \times ৪৫০}{৯ক}$ = ৪০০ টাকা

০৬. **২৫ বছর আগে এক হালি কমলার দাম ১.০০ টাকা ছিল। বর্তমানে একটি কমলার দাম ৪.০০ টাকা হলে কমলার দাম কতগুণ বৃদ্ধি পেল?** [দুদকের সহকারী পরিচালক: ৯৪]

ক. ৪ গুণ খ. ৮ গুণ গ. ১২ গুণ ঘ. ১৬ গুণ **উত্তর: ঘ**

০৭. **একটি জিনিস ৫৬ টাকায় বিক্রি করলে জিনিসটির ক্রয়মূল্য যত টাকা শতকরা তত টাকা লাভ হয়। জিনিসটির ক্রয়মূল্য কত?** [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৭]

ক. ৪০ টাকা খ. ৩৬ টাকা গ. ৫০ টাকা ঘ. ৩২ টাকা **উত্তর: ক**

সমাধানঃ ক্রয়মূল্য ক টাকা হলে লাভ (৫৬ - ক) টাকা। প্রশ্নমতে, ৫৬ - ক = ক এর ক% => ক = ৪০, - ১৪০

০৮. **একটি খাতা ৩৬ টাকায় বিক্রয় করলে যত ক্ষতি হয়, ৭২ টাকায় বিক্রয় করলে তার দ্বিগুণ লাভ হয়। খাতাটির ক্রয়মূল্য কত? / একটি ছাতা ৩৬ টাকায় বিক্রয় করলে যত ক্ষতি হয়, ৭২ টাকায় বিক্রয় করলে তার দ্বিগুণ লাভ হয়। ছাতাটির ক্রয়মূল্য কত?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৮]

ক. ৬০ টাকা খ. ৪৮ টাকা গ. ২৪ টাকা ঘ. ১২ টাকা **উত্তর: খ**

সমাধানঃ খাতাটির ক্রয়মূল্য ক টাকা হলে ক্ষতি (ক-৩৬) টাকা ও লাভ (৭২-ক) টাকা। প্রশ্নমতে, ২(ক-৩৬) = ৭২-ক => ক = ৪৮

০৯. **আয়ান সাহেব একটি মোবাইল সেট p টাকায় বিক্রয় করে x% লাভ করেছেন। তিনি মোবাইল সেটটি কত টাকায় ক্রয় করেছিলেন?** [১৩তম শিক্ষক নিবন্ধন]

ক. $\frac{১০০x}{১০০ + p}$ খ. $\frac{১০০p}{১০০ + px}$ গ. $\frac{১০০}{১০০ + p}$ ঘ. $\frac{১০০p}{১০০ + x}$ **উত্তর: ঘ**

সমাধানঃ ক্রয়মূল্য = $\frac{\text{বিক্রয়মূল্য} \times ১০০}{১০০ \pm \text{লাভ/ক্ষতি}} = \frac{p \times ১০০}{১০০ + x} = \frac{১০০p}{১০০ + x}$ টাকা

১০. **রুহেল ২৫% ক্ষতিতে একটি ঘড়ি বিক্রয় করে। যদি ঘড়িটি ৩৫০ টাকা বেশি দামে বিক্রয় করা হতো, তাহলে তার ১০% লাভ হতো। ঘড়িটির ক্রয়মূল্য কত ছিল? / একজন বিক্রেতা ২৫% ক্ষতিতে একটি জিনিস বিক্রি করেন। যে মূল্যে তিনি জিনিসটি বিক্রি করলেন, তার চেয়ে ৩৫০ টাকা বেশি মূল্যে বিক্রি করলে ক্রয়মূল্যর উপর তার ১০% লাভ হতো। জিনিসটির ক্রয়মূল্য কত? / একটি মটর সাইকেল ২৫% ক্ষতিতে বিক্রি করা হলো। যদি বিক্রয়মূল্য ৩৫০ টাকা বেশি হতো, তাহলে ১০% লাভ হতো। মটর সাইকেলের ক্রয়মূল্য - / একটি গরু ২৫% ক্ষতিতে বিক্রয় করা হলো। গরুটি আরও ৩৫০ টাকা বেশি মূল্যে বিক্রয় করলে ১০% লাভ হতো। গরুটির ক্রয়মূল্য কত? / একজন ব্যবসায়ী ২৫% ক্ষতিতে একটি পণ্য বিক্রয় করে। যদি সেই পণ্যটি ৩৫০ টাকা বেশি মূল্যে বিক্রয় করতো, তাহলে তার ১০% লাভ হত। পণ্যটির ক্রয়মূল্য কত টাকা? / একটি টেবিল ২৫% ক্ষতিতে বিক্রি করা হলো। বিক্রয়মূল্য ৩৫০ টাকা বেশি হলে ১০% লাভ হতো। টেবিলটির ক্রয়মূল্য কত টাকা?** [৪০তম বিসিএস]

ক. ৪০০ টাকা খ. ৫০০ টাকা গ. ১০০০ টাকা ঘ. ১১০০ টাকা **উত্তর: গ**

সমাধানঃ ক্রয়মূল্য = $\frac{\text{অধিক মূল্য} \times ১০০}{\text{শতকরাদ্বয়ের পার্থক্য}} = \frac{৩৫০ \times ১০০}{১০ - (-২৫)}$ = ১০০০ টাকা

১১. **শামসু ৬০ টাকায় একটি দ্রব্য বিক্রি করায় কিছু টাকা ক্ষতি হয়। যদি সে দ্রব্যটি ১৪৭ টাকায় বিক্রি করতো, তাহলে তার পূর্বের ক্ষতির দ্বিগুণ লাভ হতো। দ্রব্যটির ক্রয়মূল্য কত টাকা?** [বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সিনিয়র অফিসার: ১৮]

ক. ৮৯ খ. ৯০ গ. ৮৫ ঘ. ৯২ **উত্তর: ক**

সমাধানঃ দ্রব্যটির ক্রয়মূল্য x টাকা হলে ৬০ টাকায় বিক্রয়ে ক্ষতি (x - ৬০) টাকা এবং ১৪৭ টাকায় বিক্রয়ে লাভ (১৪৭ - x) টাকা। শর্তমতে, ১৪৭ - x = ২ (x - ৬০) => ১৪৭ - x = ২ – ১২০ => ৩x = ২৬৭ => x = ৮৯

১২. **একজন দোকানদার ৭$\frac{১}{২}$ % ক্ষতিতে একটি দ্রব্য বিক্রয় করল। যদি দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হতো এবং বিক্রয়মূল্য ৩১ টাকা বেশি হতো, তাহলে তার ২০% লাভ হতো। দ্রব্যটির ক্রয়মূল্য কত?** [১৬তম বিসিএস]

ক. ১০০ টাকা খ. ২০০ টাকা গ. ৩০০ টাকা ঘ. ৪০০ টাকা **উত্তর: খ**

১৩. একটি পণ্য ৪০০০ হাজার টাকায় বিক্রি করায় কিছু ক্ষতি হলো। ঐ পণ্যটি ৫০০০ টাকায় বিক্রি করলে যত ক্ষতি হয়েছিল তার $\frac{২০০}{৩}$% লাভ হতো। পণ্যটির ক্রয়মূল্য কত টাকা? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৮]

ক. ৪০০০ খ. ৪৫০০ গ. ৪৬০০ ঘ. ৪২০০ **উত্তর: গ**

সমাধানঃ ক্রয়মূল্য ক টাকা হলে ৪০০০ টাকায় বিক্রয়ে ক্ষতি হয় (ক - ৪০০০) টাকা এবং ৫০০০ টাকায় বিক্রয়ে লাভ হয় (৫০০০ - ক) টাকা। প্রশ্নমতে, $(৫০০০ - ক) = (ক - ৪০০০) \times \frac{২০০}{৩}\% \Rightarrow (৫০০০ - ক) = (ক - ৪০০০) \times \frac{২০০}{৩} \times \frac{১}{১০০} \Rightarrow ক = ৪৬০০$

১৪. আসাদ ৩০০ টাকা কেজি দরে খেজুর বিক্রি করে। আসাদের ত্রুটিপূর্ণ পাল্লা ৯০০ গ্রামকে ১ কেজি দেখায়। রমজান মাসে ১০% মূল্য হ্রাসে খেজুর বিক্রি করে আসাদ কোন লাভ বা লোকসান না করলে খেজুরের ক্রয়মূল্য কত টাকা? [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]

ক. ২৮৮ খ. ২৭৬ গ. ২৬৬.৬৭ ঘ. ২৪৩ **উত্তর: গ**

সমাধানঃ ত্রুটিপূর্ণ পাল্লায় ৯০০ গ্রাম খেজুরের বিক্রয়মূল্য ৩০০ টাকা হলে ১ কেজি (১০০০ গ্রাম) খেজুরের বিক্রয়মূল্য $= \frac{৩০০ \times ১০০০}{৯০০}$ টাকা $= ৩৩৩.৩৩$ টাকা। ৯০০ গ্রাম বিক্রয় করায় প্রতি কেজিতে লাভ $(৩৩৩.৩৩ - ৩০০) = ৩৩.৩৩$ টাকা। সুতরাং ক্রয়মূল্য $= (৩০০ - ৩৩.৩৩)$ টাক $= ২৬৬.৬৭$ টাকা।

১৫. একটি কলম ২৫ টাকায় বিক্রয় করলে যে ক্ষতি হয়, ৩৫ টাকায় বিক্রয় করলে তত লাভ হয়। উহার ক্রয়মূল্য কত? [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার: ১৭]

ক. ২৮ টাকা খ. ৩০ টাকা গ. ৩২ টাকা ঘ. ৩৪ টাকা **উত্তর: খ**

সমাধানঃ ক্রয়মূল্য $= \frac{\text{বিক্রয়মূল্য} + \text{বিক্রয়মূল্য}}{২} = \frac{২৫ + ৩৫}{২} = ৩০$ টাকা

১৬. ২০% লাভে একটি পণ্যের মূল্য ৬০ টাকা হলে ২০% ক্ষতিতে পণ্যটির মূল্য কত? [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]

ক. ৩৫ খ. ৪০ গ. ৪৪ ঘ. ৪৮ **উত্তর: খ**

সমাধানঃ বিক্রয়মূল্য $= \frac{\text{বিক্রয়মূল্য} \times (১০০ \pm \text{দ্বিতীয় লাভ/ক্ষতি})}{১০০ \pm \text{প্রথম লাভ/ক্ষতি}} = \frac{৬০ \times (১০০ - ২০)}{১০০ + ২০} = ৪০$ টাকা

১৭. একটি ঘড়ি ১৩৬ টাকায় বিক্রি করায় ১৫% ক্ষতি হলো। ঘড়িটি কত টাকায় বিক্রি করলে ১৫% লাভ হবে? / একজন দোকানদার কিছু ডাল ১৩৬ টাকায় বিক্রয় করায় তার ১৫% ক্ষতি হলো। ঐ ডাল কত টাকায় বিক্রয় করলে তার ১৫% লাভ হতো? / একটি কলম ১৩৬ টাকায় বিক্রয় করলে ১৫% ক্ষতি হয়। কত টাকায় বিক্রয় করলে ১৫% লাভ হয়? [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহকারী: ১৯]

ক. ১৬৪ খ. ১৮৪ গ. ১৭২ ঘ. ১৯২ **উত্তর: খ**

সমাধানঃ বিক্রয়মূল্য $= \frac{\text{বিক্রয়মূল্য} \times (১০০ \pm \text{দ্বিতীয় লাভ/ক্ষতি})}{১০০ \pm \text{প্রথম লাভ/ক্ষতি}} = \frac{১৩৬ \times (১০০ + ১৫)}{১০০ + (-১৫)} = ১৮৪$ টাকা

১৮. ৮টি দ্রব্য ৫ টাকায় ক্রয় করে ১৬টি দ্রব্য কত টাকায় বিক্রয় করলে ১০% লাভ হবে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ১২ টাকা খ. ৯ টাকা গ. ১০ টাকা ঘ. ১১ টাকা **উত্তর: ঘ**

১৯. ১৫০ টাকা দিয়ে একটি জিনিস ক্রয় করে কত টাকায় বিক্রয় করলে ৩০% লাভ হবে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]

ক. ১৯৫ টাকা খ. ১৮০ টাকা গ. ৯০ টাকা ঘ. ৪৫ টাকা **উত্তর: ক**

সমাধানঃ বিক্রয়মূল্য $= \frac{\text{ক্রয়মূল্য} \times (১০০ \pm \text{শতকরা পরিমাণ})}{১০০} = \frac{১৫০ \times (১০০ + ৩০)}{১০০} = ১৯৫$ টাকা

২০. একটি দ্রব্য ৪০০ টাকায় ক্রয় করে ২০% ক্ষতিতে বিক্রয় করা হল। দ্রব্যটির বিক্রয়মূল্য কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক: ১৪]

ক. ৩২০ টাকা খ. ৩৫০ টাকা গ. ২৮০ টাকা ঘ. ২৪০ টাকা **উত্তর: ক**

সমাধানঃ বিক্রয়মূল্য $= \frac{\text{ক্রয়মূল্য} \times (১০০ \pm \text{শতকরা পরিমাণ})}{১০০} = \frac{৪০০ \times (১০০ - ২০)}{১০০} = ৩২০$ টাকা

২১. একটি দ্রব্য ৫৫ টাকায় বিক্রয় করলে লাভ হবে ১০%। এতে ৩০% লাভ করতে হলে বিক্রয়মূল্য কত হতে হবে? [সওজ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ০৩]

ক. ৬০ টাকা খ. ৬৫ টাকা গ.৭০ টাকা ঘ. ৭৫ টাকা **উত্তর: খ**

সমাধানঃ বিক্রয়মূল্য $= \frac{\text{বিক্রয়মূল্য} \times (১০০ \pm \text{দ্বিতীয় লাভ/ক্ষতি})}{১০০ \pm \text{প্রথম লাভ/ক্ষতি}} = \frac{৫৫ \times (১০০ + ৩০)}{১০০ + ১০} = ৬৫$ টাকা

২২. জাকারিয়া ২৫০০ টাকা দিয়ে একটি গাড়ি কিনে ২৫% লাভে বিক্রয় করলো। গাড়িটি সে কত দামে বিক্রয় করলো? [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৪]

ক. ২৭২৫ টাকা খ. ৩০০০ টাকা গ. ৩১২৫ টাকা ঘ. ৩২০০ টাকা **উত্তর: গ**

সমাধানঃ ২৫% লাভ = ১০০+২৫ = ১২৫ টাকা। ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১২৫ টাকা। সুতরাং ক্রয়মূল্য ২৫০০ টাকা হলে বিক্রয়মূল্য $= \frac{২৫০০ \times ১২৫}{১০০} = ৩১২৫$ টাকা

২৩. একটি জিনিস বিক্রি করে বিক্রেতা ক্রয়মূল্যের ৩৫% লাভ করেন। মোট ২৮০ টাকা লাভ হলে জিনিসটির বিক্রয়মূল্য কত? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]

ক. ৯৮০ টাকা খ. ১০৪০ টাকা গ. ১০৮০ টাকা ঘ. ১১০০ টাকা **উত্তর: গ**

সমাধানঃ ৩৫ টাকা লাভ হলে বিক্রয়মূল্য ১৩৫ টাকা। সুতরাং ২৮০ টাকা লাভ হলে বিক্রয়মূল্য = $\frac{২৮০ \times ১৩৫}{৩৫}$ = ১০৮০ টাকা

২৪. এক ব্যক্তি ৪০০ টাকায় একটি ঘড়ির ক্রয় করল এবং বিক্রয়মূল্যের উপর ২০% লাভে বিক্রয় করল। ঘড়িটির বিক্রয়মূল্য কত? [কৃষি মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ১৯]

ক. ৪৫০ খ. ৫০০ গ. ৫৫০ ঘ.৬০০ **উত্তর: খ**

সমাধানঃ বিক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্যর উপর লাভ = ১০০ এর ২০% = ২০ টাকা। সুতরাং ক্রয়মূল্য = বিক্রয়মূল্য - লাভ = ১০০ - ২০ = ৮০ টাকা। ক্রয়মূল্য ৮০ টাকা হলে বিক্রয়মূল্য ১০০ টাকা। সুতরাং ক্রয়মূল্য ৪০০ টাকা হলে বিক্রয়মূল্য = $\frac{১০০ \times ৪০০}{৮০}$ = ৫০০

২৫. একটি দ্রব্যের বিক্রয়মূল্য এবং ক্রয়মূল্যের পার্থক্য হলো ১২০ টাকা এবং লোকটি ২০% হারে লাভ করলে দ্রব্যটির বিক্রয়মূল্য কত? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]

ক. ৭২০ টাকা খ. ৭০০ টাকা গ. ৭৪০ টাকা ঘ. ৬০০ টাকা **উত্তর: ক**

সমাধানঃ দ্রব্যটির বিক্রয়মূল্য এবং ক্রয়মূল্যের পার্থক্য ১২০ টাকা অথাৎ লাভ ১২০ টাকা। লাভ ২০ টাকা হলে বিক্রয়মূল্য (১০০+২০) = ১২০ টাকা। সুতরাং লাভ ১২০ টাকা হলে বিক্রয়মূল্য = $\frac{১২০ \times ১২০}{২০}$ = ৭২০ টাকা

২৬. এক ব্যক্তি কোনো দ্রব্যের ধার্য মূল্যের ৮% কমিশন দিয়েও ১৫% লাভ করে। যে দ্রব্যের ক্রয়মূল্য ২৮০.০০ টাকা তার ধার্য মূল্য কত টাকা? [শ্রম পরিদপ্তরের শ্রম অফিসার: ৯৪]

ক. ৩২৫.০০ খ. ৩৫০.০০ গ. ৪০০.০০ ঘ. ৫৬০.০০ **উত্তর: খ**

সমাধানঃ ক্রয়মূল্য ১০০ টাকা হলে ৮% কমিশনে ক্রয়মূল্য (১০০ – ৮) টাকা = ৯২ টাকা। ১৫% লাভে বিক্রয়মূল্য (১০০ + ১৫) = ১১৫ টাকা। প্রশ্নমতে, ক্রয়মূল্য ৯২ টাকা হলে নির্ধারিত মূল্য ১১৫ টাকা। সুতরাং ক্রয়মূল্য ২৮০ টাকা হলে নির্ধারিত মূল্য = $\frac{১১৫ \times ২৮০}{৯২}$ = ৩৫০।

২৭. একজন খুচরা বিক্রেতা তার পণ্যের লিখিত মূল্যের উপর ১০% কমিশন দেয়ায় তার ১২.৫% লাভ হয়। লিখিত মূল্যের উপর ২০% কমিশন দিলে তার শতকরা লাভ বা ক্ষতি হবে? [তিতাস গ্যাস ফিল্ডের সহকারী অফিসার: ১৮]

ক. ১০% ক্ষতি খ. ১২% ক্ষতি গ. ১২% লাভ ঘ. লাভ / ক্ষতি কিছুই হবেনা **উত্তর: ঘ**

সমাধানঃ ক্রয়মূল্য ১০০ টাকা হলে ১০% কমিশনে বিক্রয়মূল্য = ১০০ -১০ = ৯০ টাকার এবং ১২.৫% লাভে বিক্রয়মূল্য = ১০০+১২.৫ = ১১২.৫ টাকা। বিক্রয়মূল্য ৯০ টাকা হলে লিখিত মূল্য ১০০ টাকা। সুতরাং বিক্রয়মূল্য ১১২.৫ টাকা হলে লিখিত মূল্য = $\frac{১০০ \times ১১২.৫}{৯০}$ = ১২৫ টাকা। লিখিত মূল্যের উপর ২০% কমিশনে বিক্রয়মূল্য = $(১২৫ - ১২৫ \times \frac{২০}{১০০})$ = ১০০ টাকা। ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য সমান হওয়ায় লাভ/ক্ষতি কোনটাই হবে না।

২৮. এক ব্যক্তি একটি দ্রব্য ১২০০ টাকায় কিনে ১৫% লাভে বিক্রয় করল। ক্রেতা ঐ দ্রব্য তৃতীয় এক ব্যক্তির কাছে ৫% ক্ষতিতে বিক্রয় করল। শেষ বিক্রয়মূল্য কত ছিল? [২৪তম বিসিএস]

ক. ১২৮০ টাকা খ. ১২৮১ টাকা গ. ১৩১০ টাকা ঘ. ১৩১১ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ ক্রয়মূল্য ১২০০ টাকা হলে ১৫% লাভে বিক্রয়মূল্য = $\frac{১২০০ \times ১১৫}{১০০}$ = ১৩৮০ টাকা। আবার, ক্রয়মূল্য ১৩৮০ টাকা হলে ৫% ক্ষতিতে বিক্রয়মূল্য = $\frac{১৩৮০ \times ৯৫}{১০০}$ = ১৩১১ টাকা

২৯. একটি বইয়ের উৎপাদন খরচ ৭০ টাকা। উৎপাদনকারী ২০% লাভে বইটি খুচরা বিক্রেতার কাছে বিক্রি করে খুচরা বিক্রেতা যদি ২৫% লাভে বইটি বিক্রি করতে চায়, তাহলে তার বিক্রয়মূল্য কত টাকা হবে? [বাংলাদেশ শিপিং কর্পোরেশনে সিনিয়র অফিসার: ১৮]

ক. ৮৪ খ. ১০১ গ. ১০৪ ঘ. ১০৫ **উত্তর: ঘ**

সমাধানঃ ক্রয়মূল্য ৭০ টাকা হলে ২০% লাভে বিক্রয়মূল্য = $\frac{৭০ \times ১২০}{১০০}$ = ৮৪ টাকা। ক্রয়মূল্য ৮৪ টাকা হলে ২৫% লাভে বিক্রয়মূল্য = $\frac{৮৪ \times ১২৫}{১০০}$ = ১০৫ টাকা

৩০. এক ব্যক্তি প্রতি ডজন ১৮ টাকা হিসেবে কমলা ক্রয় করেন। তিনি তিনটি কমলার ক্রয়মূল্যে দুইটি বিক্রয় করেন। প্রতি ডজন কমলার বিক্রয় মূল্য কত? [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৪]

ক. ২৪ খ. ২৭ গ. ৩৬ ঘ. ৪২ **উত্তর: খ**

সমাধানঃ ১২ টি কমলার ক্রয়মূল্য ১৮ টাকা হলে ৩ টি কমলার ক্রয়মূল্য = $\frac{১৮ \times ৩}{১২} = \frac{৯}{২}$ টাকা। আবার, ২ টি কমলার বিক্রয়মূল্য $\frac{৯}{২}$ টাকা হলে ১২ টি কমলার বিক্রয়মূল্য = $\frac{৯ \times ১২}{২ \times ২}$ = ২৭ টাকা

৩১. একজন বিক্রেতা একটি বই এর বিক্রয়মূল্যের উপর ৫% ছাড় দিয়ে ক্রয়মূল্যের উপর ২৫% লাভ করলো। যদি ঐ বই এর ক্রয়মূল্য ৩৮০ টাকা হয়ে থাকে, তবে ঐ বই এর বিক্রয়মূল্য কত লেখা ছিল? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৭]

ক. ৪০০ খ. ৪৫০ গ. ৫০০ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

সমাধানঃ বইটির বিক্রয়মূল্য = $\frac{৩৮০ \times (১০০ + ২৫)}{১০০ - ৫}$ = ৫০০ টাকা

৩২. **দবির প্রতি ডজন ৩০ টাকা দরে ৮ ডজন এবং ২৫ টাকা দরে ১২ ডজন ডিম ক্রয় করে প্রতি ডজন ডিম কি দরে বিক্রয় করলে গড়ে তার ডজন প্রতি ৩ টাকা লাভ হবে?** [শ্রম পরিদপ্তরের রেজিস্ট্রার: ০০]

ক. ৩০ টাকায় খ. ১৫ টাকায় গ. ৪০ টাকায় ঘ. ২০ টাকায় **উত্তর: ক**

সমাধানঃ (১২+৮) = ২০ ডজন ডিমের ক্রয়মূল্য {(৩০×৮) + (২৫×১২)} = ৫৪০ টাকা টাকা হলে ১ ডজন ডিমের ক্রয়মূল্য = $\frac{৫৪০}{২০}$ = ২৭ টাকা। ৩ টাকা লাভে প্রতি ডজন ডিমের বিক্রয়মূল্য = (২৭+৩) = ৩০ টাকা

৩৩. **একটি বাইসাইকেলের মূল্য ১০,০০০ টাকা। উহা ১০% বাট্টায় ক্রয় করা হলো। তিনমাস ব্যবহারের পর ক্রয়মূল্যের উপর ১৫% বাট্টায় বিক্রি করলে বিক্রয়মূল্য কত ছিল?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৮]

ক. ৮৫০০ টাকা খ. ৭৬৫০ টাকা গ. ৭৫০০ টাকা ঘ. ৮০০০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ ১০% বাট্টায় ক্রয়মূল্য (১০০০০ - ১০০০০×$\frac{১৫}{১০০}$) = ৯০০০ টাকা। ১৫% বাট্টায় বিক্রয়মূল্য (৯০০০ - ৯০০০×$\frac{১৫}{১০০}$) = ৭৬৫০

৩৪. **একজন টিভি বিক্রয়কর্মী প্রতিটি টিভি বিক্রির জন্য ৩৬০ টাকা এবং বিক্রয়মূল্যের উপর ৩% হারে কমিশন পায়। অন্য একজন বিক্রয়কর্মী প্রতিটি টিভি বিক্রির জন্য বিক্রয়মূল্যের উপর ৬% হারে কমিশন পায়। টিভির বিক্রয়মূল্য কত হলে দুজনের কমিশন সমান হবে?** [পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]

ক. ৮,৫০০ টাকা খ. ৯,০০০ টাকা গ. ১১,০০০ টাকা ঘ. ১২,০০০ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ প্রতিটি টিভির বিক্রয়মূল্য x টাকা হলে প্রথম বিক্রয়মূল্যর মোট প্রাপ্তি = (৩৬০ + x × ৩%) টাকা এবং বিক্রয়মূল্যর মোট প্রাপ্তি = (x × ৬%) টাকা। শর্তমতে, ৩৬০ + x × ৩% = x × ৬% => $\frac{৬x}{১০০} - \frac{৩x}{১০০} = ৩৬০ \Rightarrow \frac{৬x - ৩x}{১০০} = ৩৬০ \Rightarrow ৩x = ৩৬০০০ \Rightarrow x =$ ১২০০০।

৩৫. **টাকায় ৬টা ক্রয় করে টাকায় কয়টা বিক্রয় করলে ২০% লাভ হবে?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক: ১৩]

ক. ৭টি খ. ৫টি গ. ৪টি ঘ. ৩টি **উত্তর: খ**

সমাধানঃ ১ টাকায় ৬ টি ক্রয় করা গেলে ১০০ টাকায় ক্রয় করা যাবে (১০০×৬) = ৬০০ টি। ২০% লাভে (১০০+২০) = ১২০ টাকায় বিক্রয় করতে হবে ৬০০ টি। সুতরাং ১ টাকায় বিক্রয় করতে হবে = $\frac{৬০০}{১২০}$ = ৫ টি

৩৬. **৫ টাকায় ২টি আপেল কিনে ৩৬ টাকায় কয়টি আপেল বিক্রয় করলে x% লাভ হবে?** [বিভিন্ন মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৮]

ক. ১৪০০x খ. $\frac{১৪০০}{১০০ + x}$ গ. $\frac{১০০ + x}{১৪০০}$ ঘ. $\frac{১৪০০ + x}{১০০}$ **উত্তর: ক**

সমাধানঃ ৫ টাকায় ২ টি আপেল ক্রয় করলে ১০০ টাকায় ক্রয় করা যায় = $\frac{১০০ \times ২}{৫}$ = ৪০ টি। x % লাভে (১০০+x) = ১০০+x টাকায় বিক্রয় করতে হবে ৪০ টি। সুতরাং ৩৬ টাকায় বিক্রয় করতে হবে = $\frac{৩৬ \times ৪০}{১০০ + x} = \frac{১৪০০}{১০০ + x}$

৩৭. **৫ টাকায় ২ টি করে কমলা কিনে ৩৫ টাকায় কয়টি কমলা বিক্রয় করলে ৪০% লাভ হবে? / ৫ টাকায় ২ টি করে কমলা কিনে ৩৫ টাকায় কয়টি কমলা বিক্রয় করলে ৪০% লাভ হবে?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]

ক. ৭টি খ. ১০টি গ. ১২টি ঘ. ১৫টি **উত্তর: খ**

সমাধানঃ কমলার সংখ্যা = $\frac{৩৫ \times ২ \times ১০০}{৫ \times (১০০ + ৪০)}$ = ১০ টি

৩৮. **কোনো জিনিসের ক্রয়মূল্য বিক্রয়মূল্যের ভাগ হলে শতকরা লাভের হার কত?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]

ক. ২০% খ. ২৫% গ. ৩৩% ঘ. ৩৫% **উত্তর: খ**

৩৯. **১২ টি পেন্সিলের ক্রয়মূল্য ৮ টি পেন্সিলের বিক্রয়মূল্যের সমান। লাভের হার কত? / ৮ টি পেন্সিলের বিক্রয়মূল্য ১২ টি পেন্সিলের ক্রয়মূল্যের সমান হলে শতকরা লাভ বা ক্ষতি কত?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহকারী: ১৯]

ক. ৬০% খ. ৫০% গ. ৩৫% ঘ. ৪০% **উত্তর: খ**

সমাধানঃ ধরি, ১২ টি পেন্সিলের ক্রয়মূল্য ১০০ টাকা। প্রশ্নমতে, ৮ টি পেন্সিলের বিক্রয়মূল্য ১০০ টাকা হলে ১২ টি পেন্সিলের বিক্রয়মূল্য = $\frac{১০০ \times ১২}{৮}$ = ১৫০ টাকা। সুতরাং লাভের হার = ১৫০ - ১০০ = ৫০

৪০. **একটি দ্রব্য ২০০ টাকায় ক্রয় করে ১৮০ টাকায় বিক্রয় করলে শতকরা ক্ষতি কত?** [আমদানি-রপ্তানিদপ্তরের অফিস সহায়ক: ২০]

ক.৫% খ. ১০% গ. ১৫% ঘ. ২০% **উত্তর: খ**

সমাধানঃ ২০০ টাকায় ক্ষতি হয় (২০০ - ১৮০) = ২০ টাকা। সুতরাং ১০০ টাকায় ক্ষতি হয় = $\frac{২০ \times ১০০}{২০০}$ = ১০ %

৪১. **একটি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো। ক্ষতির শতকরা হার কত?** [২২তম বিসিএস]

ক. ৪% খ. ৫% গ. ৬% ঘ. ৭% **উত্তর: খ**

সমাধানঃ ক্রয়মূল্য = (৩৮০+২০) = ৪০০ টাকা। ৪০০ টাকায় ২০ টাকা ক্ষতি হলে ১০০ টাকায় ক্ষতি হয় = $\frac{২০ \times ১০০}{৪০০}$ = ৫

৪২. টাকায় ৩টি করে আম ক্রয় করে টাকায় ২টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে? [৩৫তম বিসিএস]

ক. ৫০% খ. ২৫% গ. ১৫% ঘ. ১০% **উত্তর: ক**

সমাধানঃ ১ টাকায় ৩ টি ক্রয় করা গেলে ১০০ টাকায় ক্রয় করা যাবে ৩০০ টি। আবার, ২ টি ১ টাকায় বিক্রয় করলে ৩০০ টি বিক্রয় কর যাবে ১৫০ টাকা। লাভের হার = ১৫০ - ১০০ = ৫০

৪৩. টাকায় ৮টি খেজুর ক্রয় করে ৬০ শতাংশে লাভ করতে হলে কি দরে বিক্রয় করতে হবে? [সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড সুপারভাইজার: ১৭]

ক. টাকায় ৬ টি খ. টাকায় ৫ টি গ. টাকায় ৯ টি ঘ. টাকায় ২৪ টি **উত্তর: খ**

সমাধানঃ ১ টাকায় ৮টি খেজুর ক্রয় করলে ১০০ টাকায় ক্রয় করে (৮×১০০) টি = ৮০০ টি খেজুর। ৬০% লাভে ৮০০ টি খেজুরের বিক্রয়মূল্য (১০০ + ৬০) = ১৬০ টাকা। সুতরাং ১৬০ টাকায় বিক্রয় ৮০০ টি খেজুর করতে হলে ১ টাকায় বিক্রয় করতে হবে = $\frac{৮০০}{১৬০}$ টি = ৫ টি।

৪৪. বিক্রয়মূল্যের উপর শতকরা ২০% হারে মুনাফা - [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ৯৬]

ক. ক্রয়মূল্যের ২৫% খ. ক্রয়মূল্যের ১৫% গ. ক্রয়মূল্যের ৩০% ঘ. কোনোটিই সমান নয় **উত্তর: ক**

সমাধানঃ মুনাফা = $\frac{২০ \times ১০০}{১০০ - ২০}$ = ২৫%

৪৫. ক্রয়মূল্য বিক্রয়মূল্যের দ্বিগুণ হলে শতকরা লাভ বা ক্ষতির পরিমাণ কত? [৪৪তম বিসিএস]

ক. লাভ ২৫% খ. ক্ষতি ২৫% গ. লাভ ১০% ঘ. ক্ষতি ৫০% **উত্তর: ঘ**

৪৬. একটি লেবু ৪ টাকায় কিনে ৫ টাকায় বিক্রি করলে লাভ - / একটি পেন্সিল ৪ টাকায় কিনে ৫ টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ হবে? / একটি কলম ৪ টাকায় ক্রয় করে ৫ টাকায় বিক্রয় করা হলো। এতে শতকরা কত লাভ হলো? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ২৫% খ. ২০% গ. ১০% ঘ. ৫% **উত্তর: ক**

সমাধানঃ লাভ = $\frac{(\text{বিক্রয়মূল্য} - \text{ক্রয়মূল্য}) \times ১০০}{\text{ক্রয়মূল্য}} = \frac{(৫ - ৪) \times ১০০}{৪}$ = ২৫ টাকা

৪৭. এক ডজন ডিমের বিক্রয় মূল্যে ২০টি ডিম ক্রয় করলে শতকরা কত লাভ হবে? [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]

ক. ৩৩$\frac{১}{৩}$% খ. ৬৬$\frac{১}{৩}$% গ. ৬৬$\frac{২}{৩}$% ঘ. ৩৩$\frac{২}{৩}$% **উত্তর: গ**

সমাধানঃ লাভ = $\frac{(\text{বিক্রয়মূল্য} - \text{ক্রয়মূল্য}) \times ১০০}{\text{ক্রয়মূল্য}} = \frac{(২০ - ১২) \times ১০০}{১২}$ = ৬৬$\frac{২}{৩}$%

৪৮. একটি দ্রব্য ৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো। শতকরা ক্ষতি কত? [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৩]

ক. ১৫% খ. ২০% গ. ২৫% ঘ. ৩০% **উত্তর: খ**

সমাধানঃ ক্রয়মূল্য (৮০+২০) = ১০০ টাকা। ক্ষতির হার = $\frac{২০ \times ১০০}{১০০}$ = ২০

৪৯. টাকায় ১০ টা দরে আম ক্রয় করে টাকায় ৮ টা দরে বিক্রয় করলে শতকরা কত লাভ হয়? / টাকায় ১০ টি লেবু ক্রয় করে টাকায় ৮ টি বিক্রয় করলে শতকরা লাভের হার কত? / টাকায় ১০ টি করে কলা কিনে টাকায় ৮ টি করে বিক্রি করলে শতকরা কত লাভ হবে? / ১০০ টাকায় ১০টি ডিম কিনে ১০০ টাকায় ৮টি ডিম বিক্রয় করলে শতকরা লাভ কত হবে? / ১০০ টাকায় ১০ টি আম ক্রয় করে ১০০ টাকায় ৮ টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট: ১৯]

ক. ২৭% খ. ২৬% গ.২৫% ঘ. ২৪% **উত্তর: গ**

সমাধানঃ লাভ = $\frac{১০০}{s} \times (c - s) = \frac{১০০}{৮}(১০ - ৮)$ = ২৫ টাকা

৫০. ৪ টাকায় ৫টি করে কিনে ৫ টাকায় ৫টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে? [২৭তম বিসিএস]

ক. ৪৫% খ. ৪৮.৫০% গ. ৫২.৭৫% ঘ. ৫৬.২৫% **উত্তর: ঘ**

সমাধানঃ ১টির ক্রয়মূল্য $\frac{৪}{৫}$ টাকা এবং ১টির বিক্রয়মূল্য $\frac{৫}{৫}$ = ১ টাকা। $\frac{৪}{৫}$ টাকায় লাভ হয় $(১ - \frac{৪}{৫}) = \frac{১}{৫}$ টাকা। সুতরাং ১ টাকায় লাভ হয় = $\frac{১ \times ৫ \times ১০০}{৫ \times ৪}$ = ২৫ টাকা

৫১. ক্রয়মূল্যের উপর লাভের হার ২৫% হলে বিক্রয়মূল্যের উপর লাভের হার কত হবে? [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অডিটর: ১৯]

ক. ১৬% খ. ২০% গ. ২৫% ঘ. ৩৩.৩৩% **উত্তর: খ**

সমাধানঃ লাভের হার = $\frac{২৫ \times ১০০}{১০০ + ২৫}$ = ২০%

৫২. ৮টি প্যান্টের বিক্রয়মূল্য ১০টি প্যান্টের ক্রয়মূল্যের সমান হলে শতকরা লাভ কত? / [বিবিএস'রসহকারী পরিসংখ্যান অফিসার: ২০]

ক. ২৫% খ. ২০% গ. ১০% ঘ. ৩০% **উত্তর: ক**

সমাধানঃ লাভ = $\frac{১০০}{s} \times (c - s) = \frac{১০০}{৮} \times (১০ - ৮)$ = ২৫

৫৩. ৫টি লিচু যে দরে ক্রয় করা হয়, ৪টি লিচু সেই দরে বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? [বিআরডিবি'র মাঠকর্মী: ১৪]

ক. ৩০% ক্ষতি খ. ২৫% লাভ গ. ১০% লাভ ঘ. ২০% লাভ **উত্তর: খ**

সমাধানঃ লাভ = $\frac{১০০}{s} \times (c - s) = \frac{১০০}{৪} \times (৫ - ৪)$ = ২৫

৫৪. **৭৫ টাকায় ১৫টি বলপেন কিনে ৯০ টাকায় বিক্রি করলে ক্রয়মূল্যের ওপর শতকরা কত লাভ হবে?** [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৯]

ক. ১৬% খ. ১৮% গ. ২০% ঘ. ২৫% **উত্তর: গ**

সমাধানঃ লাভ $= \frac{১০০}{s} \times (c - s) = \frac{১০০}{৭৫} \times (৯০ - ৭৫) = ২০$

৫৫. **একজন দোকানদার ৩২০টি আম বিক্রয় করে ৪০০টি আমের ক্রয়মূল্যে। তার শতকরা মুনাফা কত?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]

ক. ১০ খ. ১৫ গ. ২০ ঘ. ২৫ **উত্তর: ঘ**

সমাধানঃ লাভ $= \frac{১০০}{s} \times (c - s) = \frac{১০০}{৩২০} \times (৪০০ - ৩২০) = ২৫$

৫৬. **১০ টাকায় ৬টি করে লেবু কিনে প্রতিটি দুই টাকায় বিক্রি করলে শতকরা কত টাকা লাভ হবে?** [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ০৫]

ক. ১০% খ. ২০% গ. ১২.৫% ঘ. ১৫% **উত্তর: খ**

৫৭. **টাকায় ৫টি মার্বেল বিক্রয় করায় ১২% ক্ষতি হয়। ১০% লাভ করতে হলে টাকায় কয়টি বিক্রয় করতে হবে? / টাকায় ৫ কলা বিক্রি করায় ১২% ক্ষতি হয়। ১০% লাভ করতে হলে টাকায় কতটি কলা বিক্রি করতে হবে?** [৩৮তম বিসিএস]

ক. ৪টি খ. ৩টি গ. ২টি ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ মার্বেল বা কলার সংখ্যা $= \frac{৫ \times (১০০ - ১২)}{(১০০ + ১০)} = ৪$ টি

৫৮. **টাকায় ৪টি ও টাকায় ৬টি দরে সমান সংখ্যক লেবু কিনে টাকায় ৫টি দরে বিক্রয় করলে শতকরা কত টাকা লাভ বা ক্ষতি হবে?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৯]

ক. ৪% খ. ৫% গ. ৬% ঘ. ১৪% **উত্তর: ক**

৫৯. **প্রতি কুড়ি কমলা ৮০ টাকা দরে কিনে প্রতি ডজন ৬০ টাকায় বিক্রি করলে শতকরা কত টাকা লাভ বা ক্ষতি হবে?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৬]

ক. ২০% ক্ষতি খ. ২০% লাভ গ. ২৫% লাভ ঘ. ২৫% ক্ষতি **উত্তর: গ**

সমাধানঃ ২০ টি কমলার ক্রয়মুল্য ৮০ টাকা। প্রতি ডজন ৬০ দরে প্রতি কুড়ি কমলার বিক্রয়মুল্য $= \frac{৬০ \times ২০}{১২} = ১০০$ টাকা। লাভ $= \frac{১০০}{৮০} \times (১০০ - ৮০) = ২৫$ টাকা।

৬০. **একজন কলা বিক্রেতা ১ হালি কলা ২০ টাকায় ক্রয় করে ১৮ টাকায় বিক্রয় করলেন। এতে তার শতকরা কত ক্ষতি হবে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ১০% খ. ১২% গ. ১৩% ঘ. ১৫% **উত্তর: ক**

সমাধানঃ ক্ষতির হার $= \frac{(\text{ক্রয়মূল্য} - \text{বিক্রয়মূল্য}) \times ১০০}{\text{ক্রয়মূল্য}} = \frac{(২০ - ১৮) \times ১০০}{২০} = ১০$ টাকা

৬১. **৫০ টাকায় ২টি এবং ৫০ টাকায় ৩টি দরে সমসংখ্যক কমলা ক্রয় করে প্রতি ২টি কমলা ৪৭ টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]

ক. ২০% ক্ষতি খ. ৩০% লাভ গ. ২৫% লাভ ঘ. ১২.৮% লাভ **উত্তর: ঘ**

৬২. **একটি ঘড়ি ৫৪০ টাকায় বিক্রয় করলে ১০% ক্ষতি হয়। ঘড়িটি ৬৬০ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তর হিসাবরক্ষক: ১১]

ক. ক্ষতি ১০% খ. লাভ ১০% গ. লাভ ১০ টাকা ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ বিক্রয়মূল্য (১০০ - ১০) = ৯০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা। সুতরাং বিক্রয়মূল্য ৫৪০ টাকা হলে ক্রয়মূল্য $= \frac{১০০ \times ৫৪০}{১০০ - ১০} =$ ৬০০ টাকা। ৬০০ টাকায় লাভ হয় = (৬৬০ - ৬০০) = ৬০ টাকা। সুতরাং ১০০ টাকায় লাভ হয় $= \frac{৬০ \times ১০০}{৬০০} = ১০$ টাকা

৬৩. **দুইটি গরু একই মূল্যে বিক্রি করলে একটিতে লাভ হয় ১০ টাকা, অন্যটিতে ক্ষতি হয় ১২ টাকা। শতকরা মোট কত লাভ বা ক্ষতি হলো?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১২]

ক. শতকরা ১ ভাগ লাভ খ. শতকরা ২ ভাগ লাভ গ. শতকরা ২ ভাগ ক্ষতি ঘ. শতকরা ১ ভাগ ক্ষতি **উত্তর: ঘ**

সমাধানঃ প্রত্যেক্টি গরুর বিক্রয় মূল্য ১০০ টাকা হলে প্রথম গরুর ক্রয়মূল্য (১০০ - ১০) = ৯০ টাকা এবং দ্বিতীয় গরুর ক্রয়মূল্য (১০০ + ১২) = ১১২ টাকা। মোট ক্রয়মুল্য = ৯০+১১২ = ২০২ টাকা। মোট ক্ষতি = ১২ - ১০ = ২ টাকা। ২০২ টাকায় ক্ষতি হয় ২ টাকা। সুতরাং ১০০ টাকায় ক্ষতি হয় $= \frac{২ \times ১০০}{২০২} = ০.৯৯$ টাকা

৬৪. **একজন বিক্রেতা একটি পণ্য ৩০% মূল্য ছাড় দিয়ে বিক্রয় করায় তার ১৬% লোকসান হলো। পণ্যটি ১০% মূল্য ছাড়ে বিক্রয় করলে তার কত ক্ষতি বা লাভ হয়?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৭]

ক. ৫% লাভ খ. ৮% লাভ গ. ৫% ক্ষতি ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ ৩০% ছাড়ে ধার্য্যমুল্য $= \frac{১০০ \times (১০০-১৬)}{১০০ - ৩০} = ১২০$ টাকা। আবার, ১০% ছাড়ে বিক্রয়মূল্য = ১২০ - ১২০$\times \frac{১০}{১০০} = ১০৮$ টাকা। লাভ = (১০৮ - ১০০) = ৮ টাকা

৬৫. ক একটি জিনিস খ এর নিকট ২০% লাভে বিক্রি করে। খ জিনিসটি গ এর নিকট ক এর ক্রয়মূল্যে বিক্রি করে। খ এর শতকরা কত ক্ষতি হয়? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. $১৬\frac{১}{৩}\%$ খ. $১৬\frac{২}{৩}\%$ গ. $৬\frac{২}{৩}\%$ ঘ. $৬\frac{১}{৩}\%$ **উত্তর: খ**

সমাধানঃ ক এর ক্রয়মূল্য ১০০ টাকা হলে ক এর বিক্রয়মূল্য = (১০০ + ২০) টাকা = ১২০ টাকা। খ এর ক্রয়মূল্য ১২০ টাকা হলে খ এর বিক্রয়মূল্য = ১০০ টাকা। প্রশ্নমতে, ক্রয়মূল্য ১২০ টাকা হলে বিক্রয়মূল্য ১০০ টাকা। সুতরাং ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য = $\frac{১০০ \times ১০০}{১২০}$ টাকা = $৮৩\frac{১}{৩}$ টাকা। সুতরাং খ এর শতকরা ক্ষতি = $(১০০ - ৮৩\frac{১}{৩}) = ১৬\frac{১}{৩}$ টাকা।

৬৬. একটি পণ্যের বিক্রয়মূল্য দ্বিগুণ হলে বিক্রেতার মুনাফা বেড়ে ৩ গুণ হবে। মূল্য বৃদ্ধি না করে পণ্যটি বিক্রয় করলে বিক্রেতা শতকরা কত টাকা মুনাফা করবে? [ডিএই'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ১৮]

ক. ৫০ খ. ১০০ গ. ১৫০ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ মুনাফার হার x% হলে ১০০ টাকায় ক্রয়কৃত দ্রব্যটির বিক্রয়মূল্য (১০০ + x) টাকা। শর্তমতে, ২(১০০ + x) - ১০০ =

$3x \Rightarrow ২০০ + ২x - ১০০ = ৩x \Rightarrow x = ১০০$

৬৭. এক ব্যক্তি ৮০০ টাকায় একটি জিনিস ক্রয় করে ৬ মাস পরে ৮৮০ টাকায় বিক্রয় করল। তার বাৎসরিক শতকরা কত টাকা লাভ হলো? [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ০৫]

ক. ১০ খ. ২০ গ. ৫ ঘ. ২৫ **উত্তর: খ**

সমাধানঃ ৬ মাসে জিনিসটিতে লাভ = ৮৮০ - ৮০০ = ৮০ টাকা। সুতরাং ১ বছর বা ১২ মাসে লাভ (৮০×২) = ১৬০ টাকা। ৮০০ টাকায় ১ বছরে লাভ ১৬০ টাকা। সুতরাং ১০০ টাকায় ১ বছরে লাভ = $\frac{১৬০ \times ১০০}{৮০০}$ = ২০ টাকা

৬৮. একখানা গাড়ির বিক্রয়মূল্য তার ক্রয়মূল্যের $\frac{৪}{৫}$ অংশের সমান। শতকরা লাভ বা ক্ষতি নির্ণয় কর? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৬]

ক. ক্ষতি ২০% খ. লাভ ২০% গ. লাভ ২৫% ঘ. ক্ষতি ২৫% **উত্তর: ক**

৬৯. একজন ব্যবসায়ী একটি পণ্য ৮০ টাকায় ক্রয় করে ১০০ টাকায় বিক্রয় করলে ক্রয়মূল্যের ওপর তার লাভের হার কত? [গণপূর্ত অধিদপ্তরের হিসাব সহকারী: ১৬]

ক. ১৫% খ. ২০% গ. ২৫% ঘ. ৩০% **উত্তর: গ**

সমাধানঃ লাভ = $\frac{(১০০ - ৮০) \times ১০০}{৮০}$ = ২৫ টাকা

৭০. ৫০টি কলম ২০০ টাকায় কিনে ২৫টি কলম ৫০ টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে? / একজন দোকানদার ৫০ ডিম ২০০ টাকা দরে ক্রয় করে ২৫ টি ডিম ৫০ টাকা দরে বিক্রয় করলে তার শতকরা কত লাভ হবে? [বিবিএস'র পরিসংখ্যান অফিসার: ১৪]

ক. লাভ বা ক্ষতি হবে না খ. ক্ষতি ৫০% গ. ক্ষতি ১০% ঘ. লাভ ১০% **উত্তর: খ**

সমাধানঃ ২৫ টি কলমের বিক্রয়মূল্য ৫০ টাকা হলে ৫০ টি কলমের বিক্রয়মূল্য = $\frac{৫০ \times ৫০}{২৫}$ = ১০০। ক্ষতি = $\frac{(২০০ - ১০০) \times ১০০}{২০০}$ = ৫০

৭১. একজন দোকানদার কিছু পণ্য ক্রয় করলেন। পরিবহণের সময় ১৩% পণ্য নষ্ট হয়ে গেল এবং ৭% পণ্য চুরি হয়ে গেল। মোটের উপর ২০% লাভ করতে হলে তাকে অবশিষ্ট পণ্য শতকরা কত লাভে বিক্রয় করতে হবে? [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ২০]

ক. ২০% খ. ৩০% গ. ৫০% ঘ. ৪০% **উত্তর: গ**

সমাধানঃ ১০০ অংশ পণ্যের ১৩% নষ্ট এবং ৭% চুরি হওয়ার পর অবশিষ্ট পণ্য থাকে ১০০ - (১৩+৭) = ৮০ অংশ। ক্রয়মূল্য ১০০ টাকা হলে ২০% লাভে বিক্রয়মূল্য = ১২০ টাকা। সুতরাং ৮০ অংশ পণ্য ১২০ টাকায় বিক্রয় করতে হলে ১০০ অংশ পণ্য বিক্রয় করতে হবে = $\frac{১২০ \times ১০০}{৮০}$ = ১৫০ টাকা। সুতরাং শতকরা লাভ = (১৫০ − ১০০) = ৫০ টাকা।

৭২. ২৫% লাভে কোনো জিনিস ১৫ টাকায় বিক্রয় করলে বিক্রেতার কত টাকা লাভ হবে? [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৫ **উত্তর: খ**

সমাধানঃ ক্রয়মূল্য ১০০ টাকা হলে ২৫% লাভে বিক্রয়মূল্য = ১০০+২৫ = ১২৫ টাকা। বিক্রয়মূল্য ১২৫ টাকা হলে লাভ ২৫ টাকা। সুতরাং বিক্রয়মূল্য ১৫ টাকা হলে বিক্রয়মূল্য = $\frac{২৫ \times ১৫}{১২৫}$ = ৩

৭৩. ৮ মাসে ২০০ টাকায় যত লাভ হয়, কত মাসে ৪০০ টাকার তত লাভ হয়? [বিবিএস'র সহকারী পরিসংখ্যান কর্মকর্তা:১০]

ক. ২ মাসে খ. ৩ মাসে গ. ৪ মাসে ঘ. ৬ মাসে **উত্তর: গ**

সমাধানঃ লাভ ক টাকা হলে ২০০ টাকায় ক টাকা লাভ হয় ৮ মাসে। সুতরাং ৪০০ টাকায় ক টাকা লাভ হয় = $\frac{৮ \times ২০০}{৪০০}$ = ৪ মাসে

৭৪. বিক্রয় ২০,০০০ টাকা, বিক্রয় ফেরত ৫,০০০ টাকা। বিক্রীত পণ্যের মূল্য ৫,০০০ টাকা হলে লাভ কত? [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৮]

ক. ৫,০০০ টাকা খ. ৮,০০০ টাকা গ. ১০,০০০ টাকা ঘ. ১৫,০০০ টাকা **উত্তর: গ**

সমাধানঃ নীট বিক্রয় = (২০০০০ - ৫০০০) = ১৫০০০ টাকা। লাভ = (১৫০০০ - ৫০০০) = ১০০০০ টাকা

৭৫. একজন কমলা বিক্রেতা প্রতিশত কমলা ১০০০ টাকায় কিনে ১২০০ টাকায় বিক্রি করলে তার লাভ কত হবে? [ডাক বিভাগের পরিদর্শক: ১৬]

ক. ১২০ টাকা খ. ২০০ টাকা গ. ২৪০ টাকা ঘ. ৩০০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ প্রতিশত কমলা বিক্রয়ে লাভ = (১২০০ - ১০০০) = ২০০ টাকা

৭৬. একটি দ্রব্য ৫০০ টাকায় ক্রয় করে ১০% লাভে বিক্রয় করা হলো। দ্রব্যটির ক্রয়মূল্য ১০% কম হলে কত লাভ হতো? [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২০]

ক. ১০০ টাকা খ. ১০৫ টাকা গ. ১১০ টাকা ঘ. ১২০ টাকা **উত্তর: ক**

সমাধানঃ ১০% লাভে বিক্রয়মূল্য = $\frac{(১০০ + ১০) \times ৫০০}{১০০}$ = ৫৫০ টাকা। ১০% কমে বিক্রয়মূল্য = $\frac{(১০০ - ১০) \times ৫০০}{১০০}$ = ৪৫০ টাকা। লাভ = ৫৫০ - ৪৫০ = ১০০ টাকা

৭৭. এক বাক্স স্ট্রবেরি ২৭৫০ টাকায় বিক্রয় করায় ৪৫০ টাকা ক্ষতি হলো। ঐ স্ট্রবেরি ৩৬০০ টাকায় বিক্রয় করলে কত লাভ বা ক্ষতি হতো? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ৩০০ টাকা লাভ খ. ৩৫০ টাকা লাভ গ. ৪০০ টাকা লাভ ঘ. ৪৫০ টাকা লাভ **উত্তর: গ**

সমাধানঃ ক্রয়মূল্য = (২৭৫০ + ৪৫০) = ৩২০০ টাকা। লাভ = (৩৬০০ - ৩২০০) = ৪০০ টাকা

৭৮. একজন চা ব্যবসায়ী এক বাক্স চা পাতা কেজি প্রতি ৮০ টাকা হিসাবে ক্রয় করেন। সব চা পাতা কেজি প্রতি ৭৫ টাকা দরে বিক্রয় করায় ৫০০ টাকা ক্ষতি হয়। তিনি কত কেজি চা পাতা ক্রয় করেছিলেন? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ৮৫ কেজি খ. ৯০ কেজি গ. ৯৫ কেজি ঘ. ১০০ কেজি **উত্তর: ঘ**

সমাধানঃ ১ কেজি চা বিক্রিতে ক্ষতি হয় = (৮০ - ৭৫) = ৫ টাকা। ৫ টাকা ক্ষতি হলে চায়ের পরিমাণ ১ কেজি। সুতরাং ৫০০ টাকা ক্ষতি হলে চায়ের পরিমাণ = $\frac{১ \times ৫০০}{৫}$ = ১০০ কেজি

৭৯. জালাল তার হাতঘড়িটি ১৬০ টাকায় এবং চেয়ারটি ৯৬ টাকায় বিক্রয় করলো। হাতঘড়িতে ১০% ক্ষতি এবং চেয়ারে ২০% লাভ হয়েছে। তার মোট লাভ-ক্ষতি পরিমাণ কত? [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]

ক. ১.৭৮ টাকা ক্ষতি খ. ১.৫০ টাকা ক্ষতি গ. ৩.২০ টাকা লাভ ঘ. ৭.৫৩ টাকা লাভ **উত্তর: ক**

সমাধানঃ ১ কেজি চা বিক্রিতে ক্ষতি হয় = (৮০ - ৭৫) = ৫ টাকা। ৫ টাকা ক্ষতি হলে চায়ের পরিমাণ ১ কেজি। সুতরাং ৫০০ টাকা ক্ষতি হলে চায়ের পরিমাণ = $\frac{১ \times ৫০০}{৫}$ = ১০০ কেজি

সমাধানঃ ১০% ক্ষতিতে বিক্রয়মূল্য ১৬০ টাকা হলে হাতঘড়ির ক্রয়মূল্য = $\frac{১০০ \times ১৬০}{১০০ - ১০}$ = ১৭৭.৭৮ টাকা। ২০% লাভে বিক্রয়মূল্য ৯৬ টাকা হলে চেয়ারের ক্রয়মূল্য = $\frac{১০০ \times ৯৬}{১০০ + ২০}$ = ৮০ টাকা। ক্ষতি = (১৬০+৯৬) - (১৭৭.৭৮+৮০) = ১.৭৮ টাকা

৮০. প্রতিটি ৩৬০০ টাকা করে দুইটি চেয়ার বিক্রয় করা হয়েছে। একটি ২০% লাভে এবং অপরটি ২০% ক্ষতিতে বিক্রয় করা হয়েছে। সব মিলিয়ে কত লোকসান হয়েছে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. লাভ / ক্ষতি কিছুই হয়নি খ. ৯০০ টাকা গ.৩০০ টাকা ঘ. ৬০০ টাকা **উত্তর: গ**

সমাধানঃ ২০% লাভে বিক্রয়মূল্য = $\frac{১০০ \times ৩৬০০}{১০০ + ২০}$ = ৩০০০ টাকা। ২০% লোকসানে বিক্রয়মূল্য = $\frac{১০০ \times ৩৬০০}{১০০ - ২০}$ = ৪৫০০ টাকা। চেয়ার দুইটির মোট ক্রয়মূল্য = (৩০০০+৪৫০০) = ৭৫০০ টাকা। চেয়ার দুইটির মোট বিক্রয়মূল্য = (৩৬০০+৩৬০০) = ৭২০০ টাকা। লোকসান = (৭৫০০-৭২০০) = ৩০০ টাকা।

৮১. জনাব সালাম ৫৫ টাকায় ২০টি আম কিনলেন। ১০% আম পঁচে যাওয়ায় তিনি অবশিষ্ট আম ডজন প্রতি ৬০ টাকা দরে বিক্রি করলেন। এতে তার কত লাভ হলো? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]

ক. ৩৫ টাকা খ. ৩৬ টাকা গ. ৪০ টাকা ঘ. ৪২ টাকা **উত্তর: ক**

৮২. একটি কোম্পানি দিনে প্রথম ১০০০ টাকা বিক্রির উপর ৫% লাভ করে এবং ১০০০ টাকার অতিরিক্ত বিক্রির উপর ৪% লাভ করে। দিনে মোট ৬০০০ টাকার জিনিস বিক্রি হলেকোম্পানি সর্বমোট কত টাকা লাভ করে? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]

ক. ২১০ টাকা খ. ২২০ টাকা গ. ২২৫ টাকা ঘ. ২৫০ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ প্রথম ১০০০ টাকার ৫% লাভ = $\frac{১০০০ \times ৫}{১০০}$ = ৫০ টাকা। অবশিষ্ট টাকা = (৬০০০-১০০০) = ৫০০০ টাকা। ৫০০০ টাকার ৪% লাভ = $\frac{৫০০০ \times ৪}{১০০}$ = ২০০ টাকা। কোম্পানির মোট লাভ হয় = (৫০+২০০) = ২৫০ টাকা

৮৩. একজন খুচরা বিক্রেতা পাইকারী বিক্রেতা থেকে ৭৫ টাকায় একটি জিনিস কিনেন। এর সাথে $\frac{১}{৩}$-মূল্য যোগ করে জিনিসটির মোট মূল্য নির্ধারণ করেন এবং পরে ২০% ডিসকাউন্টে জিনিসটি বিক্রি করেন। তিনি মোট কত লাভ করেন? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]

ক. ৫.০০ টাকা খ. ৬.২৫ টাকা গ. ৭.৫০ টাকা ঘ. ১০.০০ টাকা **উত্তর: ক**

সমাধানঃ নির্ধারিত মূল্য = $\{৭৫ + (\frac{১}{৩} \times ৭৫)\}$ = ১০০ টাকা। ২০% কমিশনে বিক্রয়মূল্য = (১০০ - ২০) = ৮০ টাকা। লাভ = (৮০ - ৭৫) = ৫ টাকা

৮৪. একজন ব্যবসায়ীর কাছে ২২টি বলপেন আছে। তিনি কয়েকটি বলপেন প্রতিটি ৩৫ টাকা লাভে এবং অবশিষ্ট বলপেন প্রতিটি ১০ টাকা ক্ষতিতে বিক্রি করেন। তার মোট ৬৩৫ টাকা লাভ হলে তিনি কয়টি বলপেন ক্ষতিতে বিক্রি করেন? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]

ক. ৩টি খ. ৪টি গ. ৫টি ঘ. ৬টি **উত্তর: ক**

সমাধানঃ ১০ টাকা ক্ষতিতে ক টি বলপেন বিক্রি করলে ৩৫ টাকা লাভে বিক্রি (২২ - ক) টি বলপেন। প্রশ্নমতে, ৩৫(২২ - ক) - ১০ক = ৬৩৫ => ৪৫ক = ১৩৫ => ক = ৩

৮৫. একজন ব্যবসায়ী প্রতিটি ১৫ টাকা দরে ও প্রতিটি ৮ টাকা দরে সমান সংখ্যক আম ক্রয় করে প্রতিটি আম ১২ টাকা দরে বিক্রয় করল। এতে তার ৮০ টাকা লাভ হলো। সে মোট কতগুলো আম ক্রয় করেছিল? [সমাজসেবা পরিদপ্তরে উপপরিচালক: ০৫]

ক. ১৫৬টি খ. ১৬৫টি গ. ১৬০টি ঘ. ১৬৮টি **উত্তর: গ**

ঐকিক নিয়ম

০১. কাগজের প্রতি পাতা বিক্রি হয় ২১ পয়সায়। চার পাতা কত পয়সায় বিক্রি হবে? [৪৫তম বিসিএস]

ক. ৪ খ. ৮ গ. ৮৪ ঘ. ৯৪ **উত্তর: গ**

সমাধানঃ ১ পাতা কাগজের বিক্রয়মূল্য ২১ পয়সা হলে ৪ পাতা কাগজের বিক্রয়মূল্য = ২১ × ৪ = ৮৪ পয়সা।

০২. যখন প্রতি ফুট দড়ি ১০ টাকায় বিক্রি হয়, তখন ৬০ টাকায় তুমি কত ফুট দড় ক্রয় করতে পারবে? [৪৫তম বিসিএস]

ক. ৬ খ. ৭ গ. ৮ ঘ. ১০ **উত্তর: ক**

সমাধানঃ ১০ টাকায় ১ ফুট দড়ি ক্রয় করা গেলে ৬০ টাকায় ক্রয় করা যাবে = $\frac{১ \times ৬০}{১০}$ = ৬

০৩. এক ডজন কলার দাম ৪ টাকা হলে ৭২ টি কলার দাম কত টাকা? / ১২ কেজি ডালের দাম ৪ টাকা হলে ৭২ কেজি ডালের দাম কত? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ১৩]

ক. ২৪ টাকা খ. ২৫ টাকা গ. ২৬ টাকা ঘ. ২৭ টাকা **উত্তর: ক**

সমাধানঃ ১২ টি কলার দাম ৪ টাকা হলে ৭২ টি কলার দাম = $\frac{৪ \times ৭২}{১২}$ = ২৪ টাকা।

০৪. ১০৫ এক কিলোগ্রাম চালের দাম ৮.৫০ টাকা হলে এক কুইন্টাল চালের দাম কত? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৪]

ক. ৮৫০ টাকা খ. ৮৫ টাকা গ. ১২২৫ টাকা ঘ. ৬৭৫ টাকা **উত্তর: ক**

সমাধানঃ ১ কিলোগ্রাম চালের দাম ৮.৫০ টাকা হলে ১ কুইন্টাল বা ১০০ কিলোগ্রাম চালের দাম = (৮.৫০ × ১০০) = ৮৫০ টাকা

০৫. ৩৫০ টাকা দরে ৩ কেজি মিষ্টি কিনে ৪ টাকা হারে ভ্যাট দিলে মোট কত ভ্যাট দিতে হবে? [৩৬তম বিসিএস]

ক. ১৪ টাকা খ. ৪২ টাকা গ. ১২ টাকা ঘ. ১০৫ টাকা **উত্তর: খ**

সমাধানঃ ৩৫০ টাকা দরে ৩ কেজি মিষ্টির ক্রয়মূল্য = (৩৫০×৩) = ১০৫০ টাকা। ১০০ টাকায় ৪ টাকা ভ্যাট দিতে হলে ১০৫০ টাকায় ভ্যাট দিতে হয় = $\frac{৪ \times ১০৫০}{১০০}$ = ৪২ টাকা

০৬. ১৫টি হাঁসের মূল্য ৩টি মুরগীর মূল্যের সমান। ২০টি হাঁসের পরিবর্তে কয়টি মুরগী পাওয়া যাবে? [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১৮]

ক. ৪টি খ. ৫টি গ. ৬টি ঘ. ১০টি **উত্তর: ক**

সমাধানঃ ১৫ টি হাঁসের মূল্যে পাওয়া যায় ৩ টি মুরগী। সুতরাং ২০ টি হাঁসের মূল্যে পাওয়া যায় = $\frac{৩ \times ২০}{১৫}$ = ৪ টি মুরগী।

০৭. ১৫টি গরুর মূল্য ৫টি ঘোড়ার মূল্যের সমান। ২টি ঘোড়ার মূল্য ৩,০০০ টাকা হলে ১টি গরুর মূল্য কত? [ডাক বিভাগের বিল্ডিং ওভারশিয়ার: ১৮]

ক. ৬০০ টাকা খ. ৫০০ টাকা গ. ৬৫০ টাকা ঘ. ৭০০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ ২ টি ঘোড়ার মূল্য ৩০০০ টাকা হলে ৫ টি ঘোড়ার মূল্য = $\frac{৩০০০ \times ৫}{২}$ = ৭৫০০ টাকা।

০৮. একটি কলমের দাম ১০ টাকা এবং ১০টি খামের দাম ৩ টাকা। ৩টি কলম ও ১০টি খামের দাম কত হবে? [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ১৭]

ক. ৩৩ খ. ৩৬ গ. ৩৯ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ ১ টি কলমের দাম ১০ টাকা হলে ৩ টি কলমের দাম = ৩০ টাকা। ৩ টি কলম ও ১০টি খামের দাম একত্রে = (৩০+৩) = ৩৩

০৯. একটি শ্রেণিতে ১০ জন ছাত্রের প্রত্যেকে তার সহপাঠির সংখ্যার সমান চাঁদা দিলে মোট চাঁদা উঠবে কত টাকা? [বিআরইবি'র অফিস সহকারী: ১৮]

ক. ৫০ খ. ৮০ গ. ৯০ ঘ. ১০০ **উত্তর: গ**

সমাধানঃ ছাত্রসংখ্যা ১০ জন হলে প্রত্যেকের সহপাঠির সংখ্যা ৯ জন। মোট চাঁদার পরিমাণ = (১০×৯) = ৯০ টাকা।

১০. করিমের সাপ্তাহিক আয় ৩৫০০ টাকা হলে এই হিসাবে জুন মাসে তার কত টাকা আয় হয়েছিল? [বিজেএমসি'র হিসাব কর্মকর্তা: ১৭]

ক. ১২০০০ খ. ১৪০০০ গ. ১৫০০০ ঘ. ১০৪০০ **উত্তর: গ**

সমাধানঃ জুন মাস = ৩০ দিন। করিমের সাপ্তাহিক আয় ৩৫০০ হলে দৈনিক আয় = $\frac{৩৫০০}{৭}$ = ৫০০ টাকা। জুন মাসে মোট আয় = (৫০০× ৩০) = ১৫০০০ টাকা।

১১. ১৫টি ভেড়ার মূল্য ৫টি গরুর মূল্যের সমান। ২টি গরুর মূল্য ৩০০০ টাকা হলে ৩ টি ভেড়ার মূল্য কত? [জারাবো'র উচ্চমান সহকারী: ১৯]

ক. ২০০০ টাকা খ. ১৮০০ টাকা গ. ১৬০০ টাকা ঘ. ১৫০০ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ ৫ টি গরুর মূল্য = ১৫ টি ভেড়ার মূল্য হলে ১ টি গরুর মূল্য = ৩ টি ভেড়ার মূল্য। ২ টি গরুর মূল্য ৩০০০ টাকা হলে ১ টি গরুর মূল্য = $\frac{৩০০০}{২}$ = ১৫০০ টাকা।

১২. **রহিম ১ সপ্তাহে ৪৯টি চেয়ার বানাতে পারে। ২০১০ সালের ফেব্রুয়ারি মাসে সে কয়টি চেয়ার বানাতে পারবে?** [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ০৯]

ক. ২১০ খ. ২০৩ গ. ১৯৬ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

সমাধানঃ ২০১০ অধিবর্ষ নয়। তাই ফেব্রুয়ারি মাস ২৮ দিন বা ৪ সপ্তাহ। রহিম ১ সপ্তাহে চেয়ার বানাতে পারে ৪৯ টি। সুতরাং ৪ সপ্তাহে চেয়ার বানাতে পারে = (৪৯×৪) = ১৯৬ টি।

১৩. **একটি পরিবারের দৈনিক ১.২৫ লিটার দুধ লাগে। দুধের দাম ৪০ টাকা/লিটার হলেঐ পরিবারের জুন মাসে কত টাকার দুধ লাগে?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]

ক. ১২০০ টাকা খ. ১৫০০ টাকা গ. ১৩০০ টাকা ঘ. ১৮০০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ জুন মাস = ৩০ দিন। জুন মাসে দুধ বাবদ মোট খরচ = (১.২৫×৩০×৪০) = ১৫০০ টাকা।

১৪. **একটি কুরিয়ার সার্ভিস প্রথম ১০ কেজি পণ্য পরিবহণের জন্য প্রতি কেজিতে ৫ টাকা এবং ১০ কেজির উপরে প্রতি কেজিতে ৩ টাকা ফি নেয়। ২৭ কেজি পণ্য পরিবহণের ফি কত হবে?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]

ক. ৬৮ টাকা খ. ৮০ টাকা গ. ৮৪ টাকা ঘ. ১০১ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ প্রতি কেজি ৫ টাকা দরে ১০ কেজি পণ্যের পরিবহন ফি = (৫×১০) = ৫০ টাকা। অবশিষ্ট পণ্য = (২৭ - ১০) = ১৭ কেজি। প্রতি কেজি ৩ টাকা দরে ১৭ কেজি পণ্যের পরিবহন ফি = (৩×১৭) = ৫১ টাকা। ২৭ কেজি পণ্যের পরিবহন ফি = (৫০+৫১) = ১০১ টাকা।

১৫. **কোন বইয়ের দোকানে প্রতিটি নোট বই ৫৯ টাকা দরে বিক্রয় হয়। বিশেষ হ্রাসকৃত মূল্যে কেবল শুক্রবার ২টি বই ৯৯ টাকায় কেনা যায়। শুক্রবার ১০টি নোটবই কিনলে ক্রেতার কত খরচ বেঁচে যাবে?** [শ্রম পরিদপ্তরের প্রভাষক: ০৫]

ক. ৮৫ টাকা খ. ৯৫ টাকা গ. ১১০ টাকা ঘ. ১১৫ টাকা **উত্তর: খ**

সমাধানঃ ৫৯ টাকা দরে ২টি বইয়ের বিক্রয় মূল্য = (২×৫৯) = ১১৮ টাকা। শুক্রবারে ২ টি বই ক্রয় করলে খরচ বেঁচে যায় = (১১৮ - ৯৯) = ১৯ টাকা। ২ টি বইয়ে খরচ বেঁচে যায় ১৯ টাকা। সুতরাং ১০ টি বইয়ে খরচ বেঁচে যায় = $\frac{১৯ \times ১০}{২}$ = ৯৫ টাকা।

১৬. **আমজাদ সাহেবের বাসরিক আয় ৫,৭৬০। তিনি ৩ মাসে যা খরচ করেন, ২ মাসে তা আয় করেন। বৎসর শেষে তিনি কত টাকা সঞ্চয় করবেন?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ১৯]

ক. ১,৯২০ খ. ২,৯১০ গ. ১,২৯০ ঘ. ১,০৯২ **উত্তর: ক**

সমাধানঃ ১২ মাসে আয় ৫৭৬০ টাকা। সুতরাং ২ মাসে আয় = $\frac{৫৭৬০ \times ২}{১২}$ = ৯৬০ টাকা। যেহেতু ২ মাসের আয় সমান ৩ মাসের খরচ। সুতরাং ৩ মাসের খরচ ৯৬০ টাকা হলে ১২ মাসের খরচ = $\frac{৯৬০ \times ১২}{৩}$ = ৩৮৪০ টাকা। বাৎসরিক সঞ্চয় = ৫৭৬০ - ৩৮৪০ = ১৯২০ টাকা।

১৭. **একটি গরুর দাম একটি ছাগলের দাম থেকে ১৫০% বেশি। ৬টি ছাগল ও ৪টি গরুর দাম একত্রে ৩০০০০ টাকা হলে গরু ও ছাগলের দামের পার্থক্য কত টাকা?** [বিএডিসি'রসহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ১৯]

ক. ৬৫০০ খ. ১২৫০ গ. ১৫০০ ঘ. ১৭৫০ **উত্তর: খ**

সমাধানঃ একটি ছাগলের দাম ১০০ক টাকা হলে একটি গরুর দাম ১৫০ক টাকা। গরু ও ছাগলের দামের পার্থক্য = (১৫০ক - ১০০ক) = ৫০ক টাকা। ৬টি ছাগলের দাম (১০০ক × ৬) = ৬০০ক টাকা এবং ৪টি গরুর দাম (১৫০ক ×৪) = ৬০০ক টাকা। প্রশ্নমতে, ৬০০ক + ৬০০ক = ৩০০০০ => ১২০০ক = ৩০০০০ => ক = ২৫ টাকা। গরু ও ছাগলের দামের পার্থক্য = ৫০ক = ৫০×২৫ = ১২৫০ টাকা।

১৮. **তিন বন্ধু একত্রে আহার করল। প্রথম ও দ্বিতীয় বন্ধুর কাছে যথাক্রমে ১২টি ও ৮টি রুটি ছিল। তৃতীয় বন্ধু রুটির পরিবর্তে টাকা দিল। প্রথম ও দ্বিতীয় বন্ধু রুটি বাবদ পাবে-** [তুলা উন্নয়ন বোর্ডের তুলা উন্নয়ন কর্মকর্তা: ৯৭]

ক. ১.৫০ এবং ২.৫০ টাকা খ. ২.০০ এবং ১.০০ টাকা গ. ০.৬০ এবং ২.৬০ টাকা ঘ. ২.৪০ এবং ০.৬০ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ তৃতীয় বন্ধুর নিকট রুটি না থাকায় প্রথম দুইজনের (১২+৮) = ২০ টি রুটি তিনজনে ভাগ করে আহার করল। সুতরাং প্রত্যেক বন্ধু আহার করল = $\frac{১২ + ৮}{৩} = \frac{২০}{৩}$ টি রুটি। তৃতীয় বন্ধু $\frac{২০}{৩}$ টি রুটির দাম দেয় ৩ টাকা। সুতরাং ১ টি রুটির দাম দেয় = $\frac{৩ \times ৩}{২০}$ = ০.৪৫ টাকা। ১ম বন্ধু ফেরত পাবে = {(১২× ০.৪৫) - ৩}= ২.৪ টাকা। ২য় বন্ধু ফেরত পাবে = {(৮×০.৪৫) - ৩} = ০.৬ টাকা।

১৯. **কোনো কর্মকর্তা মাসিক ৩০,০০০ টাকা বেতনে ২০১২ সালের ৭ ফেব্রুয়ারি কাজে যোগ দিলেন। তিনি ঐ মাসে কত বেতন পাবেন?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা: ১৭]

ক. ২৩০০০ টাকা খ. ২৪০০০.২০ টাকা গ. ২৩৭৯৩.১০ টাকা ঘ. ২৪৯১২ টাকা **উত্তর: গ**

সমাধানঃ ২০১২ সাল একটি অধিবর্ষ। তাই ফেব্রুয়ারি মাস = ২৯ দিন। ৭ ফেব্রুয়ারি কাজে যোগ দিলে মোট কর্মদিবস = (২৯ - ৬) = ২৩ দিন। ২৯ দিনে বেতন পায় ৩০০০০ টাকা। সুতরাং ২৩ দিয়ে বেতন পায় = $\frac{৩০০০ \times ২৩}{২৯}$ = ২৩৭৯৩.১০ টাকা।

২০. **৩০.০০ টাকা সের দরের ২ সের সোয়াবিন তেলের সাথে ১৮.০০ টাকা সের দরের ১ সের পামওয়েল মিশালে মিশ্রিত তেলের প্রতি সেরের দাম কত?** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক:০৩]

ক. ১৬.০০ খ. ১৮.০০ গ. ২৬.০০ ঘ. ২৮.০০ **উত্তর: গ**

সমাধানঃ ২ সের সয়াবিন তেলের দাম = ৩০×২ = ৬০ টাকা। ১ সের পামওয়েল তেলের দাম = ১৮×১ = ১৮ টাকা। (২+১) = ৩ সের মিশ্রিত তেলের দাম = (৬০+১৮) = ৭৮ টাকা। সুতরাং ১ সের মিশ্রিত তেলের দাম = $\frac{৭৮}{৩}$ = ২৬ টাকা।

২১. **৩টি ঘোড়ার মূল্য ৫টি গরুর মূল্যের সমান এবং ২টি গরুর মূল্য ৩টি গাধার মূল্যের সমান। ১টি ঘোড়ার মূল্য ৭৫০০ টাকা হলে ৫টি গাধার মূল্য কত?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক:১১]

ক. ১৫,০০০ টাকা খ. ২২,৫০০ টাকা গ. ৩০,০০০ টাকা ঘ. ৩১,০০০ টাকা **উত্তর: ক**

সমাধানঃ ১ টি ঘোড়ার মূল্য ৭৫০০ টাকা হলে ৩ ঘোড়ার মূল্য = (৭৫০০×৩) = ২২৫০০ টাকা। ৩ টি ঘোড়ার মূল্য ৫টি গরুর মূল্যের সমান হওয়ায় ৫ টি গরুর মূল্য ২২৫০০ টাকা। সুতরাং ২ টি গরুর মূল্য = $\frac{২২৫০০ \times ২}{৫}$ = ৯০০০ টাকা। ২ টি গরুর মূল্য ৩টি গাধার মূল্যের সমান হওয়ায় ৩ টি গাধার মূল্য = ৯০০০ টাকা। সুতরাং ৫ টি গাধার মূল্য = $\frac{৯০০০ \times ৫}{৩}$ = ১৫০০০ টাকা।

২২. **একটি চাকা ঘন্টায় ১৪০০ বার ঘুরে। x সেকেন্ডে চাকাটি কতবার ঘুরবে?** [পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]

ক. $\frac{১৮x}{১৭}$ বার খ. $\frac{৭x}{১৮}$ বার গ. $\frac{১৮x}{৭}$ বার ঘ. $\frac{৯x}{১৪}$ বার **উত্তর: খ**

সমাধানঃ ১ ঘন্টা = (৬০×৬০) = ৩৬০০০ সেকেন্ড। চাকাটি ৩৬০০ সেকেন্ডে ঘুরে ১৪০০ বার। সুতরাং x সেকেন্ডে ঘুরে = $\frac{১৪০০ \times x}{৩৬০০} = \frac{৭x}{১৮}$

২৩. **m সংখ্যক পেন্সিলের দাম p টাকা হলে m টাকায় কয়টি পেন্সিল পাওয়া যাবে?** [বাংলাদেশ রেলওয়ের সহকারী কমান্ডেন্ট:০৭]

ক. p টি খ. $\frac{m^2}{p}$ টি গ. $\frac{m}{p^2}$ টি ঘ. mp টি **উত্তর: খ**

সমাধানঃ p টাকায় পেন্সিল ক্রয় করা যায় = m টি। সুতরাং m টাকায় পেন্সিল ক্রয় করা যায় = $\frac{m \times m}{p} = \frac{m^2}{p}$ টি।

২৪. **৩৬ টি ব্যাগের দাম ১৮০০ টাকা হলে ৫০০ টাকায় ঐরূপ কয়টি ব্যাগ পাওয়া যাবে?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]

ক. ১২টি খ. ১১টি গ. ১০টি ঘ. ১৫টি **উত্তর: গ**

সমাধানঃ ১৮০০ টাকায় পাওয়া যায় ৩৬ টি ব্যাগ। সুতরাং ৫০০ টাকায় পাওয়া যায় = $\frac{৩৬ \times ৫০০}{১৮০০}$ = ১০ টি ব্যাগ।

২৫. **৮৪ কেজি ধাতু গলিয়ে ৪০,০০০ পিন তৈরি করা হলে প্রতিটি পিনের ওজন কত কেজি হবে?** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০১]

ক. ০.০২১ খ. ০.২১ গ. ০.০০২১ ঘ. ০.৪৭ **উত্তর: গ**

সমাধানঃ ৪০০০০ টি পিনের ওজন ৮৪ কেজি হলে ১ টি পিনের ওজন = $\frac{৮৪}{৪০০০০}$ = ০.০০২১ কেজি।

২৬. **একটি বালতির ভেতরের আয়তন ১.৫ লিটার হলে ৪৫০ লিটারে কত বালতি পানি হবে?** [বাংলাদেশ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ১১]

ক. ৩০০ বালতি খ. ৪৫০ বালতি গ. ৫০০ বালতি ঘ.৬৭৫ বালতি **উত্তর: ক**

সমাধানঃ ১.৫ লিটার পানি ধরে ১ বালতিতে। সুতরাং ৪৫০ লিটার পানি ধরে = $\frac{১ \times ৪৫০}{১.৫}$ = ৩০০ বালতি।

২৭. **৬ রিম কাগজে ৭০ পৃষ্ঠার ১৫০ টি বই তৈরি হয়। ২ রিম কাগজে ৭০ পৃষ্ঠার কয়টা বই তৈরি হবে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]

ক. ৪০টি খ. ৫০টি গ. ৬০টি ঘ. ৭০টি **উত্তর: খ**

সমাধানঃ ৬ রিম কাগজে ৭০ পৃষ্ঠার বই তৈরি হয় ১৫০ টি। সুতরাং ২ রিম কাগজে ৭০ পৃষ্ঠার বই তৈরি হয় = $\frac{২ \times ১৫০}{৬}$ = ৫০টি

২৮. **৬টি গরুর জন্য যা ব্যয় হয়, ৪টি মহিষের জন্য তা ব্যয় হয়। ১০টি মহিষ পুষতে যা ব্যয় হয়, তাতে কতটি গরু পোষা যাবে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]

ক. ১৫টি খ. ১৮টি গ. ২০টি ঘ. ২৫টি **উত্তর: ক**

সমাধানঃ ৪ টি মহিষের ব্যয় = ৬ টি গরুর ব্যয়। সুতরাং ১০ টি মহিষের ব্যয় = $\frac{৬ \times ১০}{৪}$ = ১৫ টি গরুর ব্যয়।

২৯. **ছয় জন লোক একটি কাজ ৪ দিনে শেষ করতে পারে। একই কাজ ৩ দিনে শেষ করতে হলে কতজন নতুন লোক নিয়োগ করতে হবে?** [বিআরইবি'র অফিস সহকারী: ১৮]

ক. ৬ খ. ২ গ. ৪ ঘ. ১২ **উত্তর: খ**

সমাধানঃ ৪ দিনে কাজটি করতে পারে ৬ জন লোক। সুতরাং ৩ দিনে কাজটি করতে পারে = $\frac{৬ \times ৪}{৩}$ = ৮ জন লোক। সুতরাং নতুন লোক প্রয়োজন = (৮ - ৬) = ২ জন।

৩০. **১টি বোতলে আমের জুসের পরিমাণ ৩৫০ মি.লি.। ২৪টি বোতলে জুসের পরিমাণ কত লিটার?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ৬.৪ খ. ৭.৪ গ. ৮.৪ ঘ. ৯.৪ **উত্তর: গ**

সমাধানঃ ২৪ টি বোতলে জুসের পরিমাণ = (৩৫০×২৪) = ৮৪০০ মি.লি = $\frac{৮৪০০}{১০০০}$ = ৮.৪ লিটার

৩১. **৮টি কলমের দাম ২৪টি পেন্সিলের দামের সমান হলে, ১১টি কলমের পরিবর্তে কতটি পেন্সিল পাওয়া যাবে?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]

ক. ৩০টি খ. ৩৩টি গ.৩৫টি ঘ. ৩৬টি **উত্তর: খ**

সমাধানঃ ৮ টি কলমের দামে পেন্সিল পাওয়া যায় = ২৪ টি। সুতরাং ১১ টি কলমের দামে পেন্সিল পাওয়া যায় = $\frac{২৪ \times ১১}{৮}$ = ৩৩ টি

৩২. একটি কলমের দাম যদি P টাকা হয়, তবে Q টি ১০০ টাকার নোট দিয়ে কয়টি কলম কেনা যাবে? [দুদকেরসহকারী পরিচালক: ১০]

ক. $\frac{১০০}{PQ}$ খ. $\frac{PQ}{১০০}$ গ. $\frac{Q}{১০০P}$ ঘ. $\frac{১০০Q}{P}$ **উত্তর: ঘ**

সমাধানঃ Q টি ১০০ টাকার নোট = ১০০Q টাকা। P টাকায় কলম কেনা যাবে ১ টি। সুতরাং ১০০Q টাকায় কলম কেনা যাবে = $\frac{১ \times ১০০Q}{P}$ = $\frac{১০০Q}{P}$ টি।

৩৩. একটি রাস্তায় ১২৫ মিটার অন্তর বৈদ্যুতিক খুঁটি পোঁতা হচ্ছে। ৮ কি.মি. দীর্ঘ রাস্তায় কতগুলো খুঁটির প্রয়োজন হবে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ৫০টি খ. ৪৩টি গ. ৬৫টি ঘ. ৫১টি **উত্তর: গ**

সমাধানঃ ৮ কি.মি. = (৮×১০০০) = ৮০০০ মিটার। ৮ কি.মি. রাস্তার ১২৫ মি. অন্তর বৈদ্যুতিক খুঁটি পুতলে $\frac{৮০০০}{১২৫}$ = ৬৪ টি খুঁটির প্রয়োজন হয়। কিন্তু যেহেতু রাস্তার শুরুতে একটি খুঁটির প্রয়োজন হয় তাই মোট (৬৪+১) = ৬৫ টি খুঁটি প্রয়োজন হবে।

৩৪. ৬ ফুট দীর্ঘ একটি বাঁশের ৪ ফুট দীর্ঘ ছায়া হয়। একই সময় একটি গাছের ছায়া ৬৪ ফুট লম্বা হয়। গাছটির উচ্চতা কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ৯৬ ফুট খ.৭২ ফুট গ. ১৯২ ফুট ঘ. ৪৪ ফুট **উত্তর: ক**

সমাধানঃ ছায়ার দৈর্ঘ্য ৪ ফুট হলে মূল বস্তুর দৈর্ঘ্য = ৬ ফুট। সুতরাং ছায়ার দৈর্ঘ্য ৬৪ ফুট হলে মূল বস্তুর দৈর্ঘ্য = $\frac{৬ \times ৬৪}{৪}$ = ৯৬ ফুট

৩৫. যদি কাঁচ পানি অপেক্ষা ২.৫ গুণ বেশি ভারী হয় তবে ৪০ ঘন সেন্টিমিটার কাঁচের ওজন কত? [এলজিআরডি মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ১৭]

ক. ১০০ গ্রাম খ. ২৫০ গ্রাম গ. ৬০০ গ্রাম ঘ. ১০০০ গ্রাম **উত্তর: ক**

সমাধানঃ ১ ঘন সে.মি. পানির ওজন ১ গ্রাম হলে ৪০ ঘন সে.মি. পানির ওজন ৪০ গ্রাম। ৪০ ঘন সে.মি কাচের ওজন = ৪০×২.৫ = ১০০

৩৬. একটি তেলপূর্ণ পাত্রের ওজন ৩০ কেজি। অর্ধেক তেল সহ পাত্রের ওজন ২০ কেজি হলে পাত্রটির ওজন কত কেজি? [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৮]

ক. ৫ খ. ১০ গ. ১২ ঘ. ১৫ **উত্তর: খ**

সমাধানঃ পাত্রসহ ১ পাত্র তেলের ওজন = ৩০ কেজি এবং পাত্রসহ $\frac{১}{২}$ পাত্র তেলের ওজন = ২০ কেজি। সুতরাং পাত্রছাড়া $\frac{১}{২}$ পাত্র তেলের ওজন = ১০ কেজি। পাত্রের ওজন = (২০-১০) = ১০ কেজি।

৩৭. একটি মেশিন ১ ঘন্টায় ৩০টি প্যাকেট উৎপাদন করে। মেশিনটি ৬ মিনিটে কতটি প্যাকেট উৎপাদন করতে পারবে? [গণপূর্ত অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৬]

ক. ৩টি খ. ৫টি গ. ১৫টি ঘ. ২০টি **উত্তর: ক**

সমাধানঃ ৬০ মিনিটে প্যাকেট উৎপাদন করে ৩০ টি। সুতরাং ৬ মিনিটে প্যাকেট উৎপাদন করে = $\frac{৩০ \times ৬}{৬০}$ = ৩ টি।

৩৮. দুই জন টাইপিস্ট দুই মিনিটে দুই পৃষ্ঠা টাইপ করতে পারে, কতজন টাইপিস্ট ছয় মিনিটে ১৮ পৃষ্ঠা টাইপ করতে পারবে? [২৮তম বিসিএস]

ক. ৩ খ. ৬ গ. ৯ ঘ. ১৮ **উত্তর: খ**

সমাধানঃ ২ মিনিটে ২ পৃষ্ঠা টাইপ করে ২ জন টাইপিস্ট। সুতরাং ৬ মিনিটে ১৮ পৃষ্ঠা টাইপ করে = $\frac{২ \times ২ \times ১৮}{২ \times ৬}$ = ৬ জন।

৩৯. কোনো খাদ্যে ১৫ জন সৈন্যের ১৫ দিন চলে, সেই একই খাদ্যে আরও ১০ জন সৈন্য বেশি থাকলে, তাদের কতদিন চলবে? [স্বাস্থ্য অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]

ক. ১১ খ. ৮ গ. ১০ ঘ. ৯ **উত্তর: ঘ**

সমাধানঃ ১০ জন সৈন্য বেশি হওয়ায় মোট সৈন্য = (১৫+১০) = ২৫ জন। মজুদ খাদ্য ১৫ জন সৈন্যের চলে = ১৫ দিন। সুতরাং মজুদ খাদ্য ২৫ জন সৈন্যের চলে = $\frac{১৫ \times ১৫}{২৫}$ = ৯ দিন।

৪০. ৪ জন পুরুষ ৬ জন বালকের সমান কাজ করতে পারে। কতজন পুরুষ ২৪ জন বালকের সমান কাজ করতে পারবে? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ১২ জন খ. ১৬ জন গ.২৪ জন ঘ. ৪৮ জন **উত্তর: খ**

সমাধানঃ ৬ জন বালকের কাজ = ৪ জন পুরুষের কাজ। সুতরাং ২৪ জন বালকের কাজ = $\frac{৪ \times ২৪}{৬}$ = জন লোকের কাজ।

৪১. রেডিওতে একটি বিজ্ঞাপন ১৫ মিনিট পর পর প্রচারিত হয় এবং বিজ্ঞাপনটি ১ মিনিট ধরে প্রচারিত হয়। সকাল ৮টায় বিজ্ঞাপনটি প্রথম প্রচারিত হলে, সকাল ৯টা পর্যন্ত বিজ্ঞাপনটি কতবার প্রচারিত হবে? [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০৯]

ক. ৪ খ. ৩ গ. ২ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ বিজ্ঞাপনটি ১ মিনিট ধরে প্রচারিত হওয়ায় প্রথম বার প্রচারিত হওয়ার পর (১৫+১) = ১৬ মিনিট অন্তর অন্তর প্রচারিত হবে। বিজ্ঞাপনটি দ্বিতীয় বার প্রচারিত হয় ৮:১৬ মিনিটে। বিজ্ঞাপনটি তৃতীয় বার প্রচারিত হয় ৮:৩২ মিনিটে। বিজ্ঞাপনটি চতুর্থ বার প্রচারিত হয় ৮:৪৮ মিনিটে।

৪২. এক অসাধু দোকানদার ক্রেতাকে ১ কিলোগ্রাম দ্রব্যের স্থলে ৯৫০ গ্রাম দেয়। যদি কোনো ক্রেতা ঐ দোকানদার থেকে ২৫ কিলোগ্রাম দ্রব্য ক্রয় করে, তবে সে কত কিলোগ্রাম ঠকে? [জাতীয় সঞ্চয় পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৯]

ক. ১ কিলোগ্রাম খ. ১.২ কিলোগ্রাম গ. ১.২৫ কিলোগ্রাম ঘ. ১.৫ কিলোগ্রাম **উত্তর: গ**

সমাধানঃ ১ কিলোগ্রাম = ১০০০ গ্রাম। ১ কিলোগ্রাম দ্রব্যে ঠকে (১০০০ - ৯৫০) = ৫০ গ্রাম। সুতরাং ২৫ কিলোগ্রাম দ্রব্যে ঠকে = ৫০ × ২৫ = ১২৫০ গ্রাম = ১.৫ কিলোগ্রাম।

৪৩. কোনো দুর্গে ৭২০ জন সৈন্যের ২০ দিনের খাবার মজুদ আছে। ১০ দিন পর কিছু নতুন সৈন্য আসায় অবশিষ্ট খাদ্যে তাদের ৮ দিন চললে কত জন সৈন্য এসেছিল? [বিবিএস'র পরিসংখ্যান অফিসার: ১৪]

ক. ১৭০ জন খ. ১৮০ জন গ. ১৮৫ জন ঘ. ১৯০ জন **উত্তর: খ**

সমাধানঃ ৭২০ জন সৈন্য দিন খাওয়ার পর অবশিষ্ট সময় = (২০-১০) = ১০ দিন। অবশিষ্ট খাদ্য ১০ দিনে খেতে পারে ৭২০ জন সৈন্য। সুতরাং অবশিষ্ট খাদ্য ১০ দিনে খেতে পারে $= \frac{৭২০ \times ১০}{৮} = ৯০০$ জন সৈন্য।

৪৪. একটি সেনাবাহিনীর গুদামে ১৫০০ সৈনিকের ৪০ দিনের খাদ্য মজুদ আছে। ১৩ দিন পর কিছু সৈনিক অন্য জায়গায় চলে গেল। বাকি খাদ্য অবশিষ্ট সৈনিকদের আরো ৩০ দিন চললো। কত জন সৈনিক অন্য জায়গায় চলে গিয়েছিল? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ২১০ খ. ১২৫ গ. ২০০ ঘ. ১৫০ **উত্তর: ঘ**

৪৫. একটি ছাত্রাবাসে ১৫ জন ছাত্রের ৩২ দিনের খাদ্য আছে। কয়েকজন নতুন ছাত্র আসায় ২০ দিনে ঐ খাদ্য শেষ হলে নতুন ছাত্রের সংখ্যা কত? [বিআরডিবি'র মাঠ সংগঠক: ১৪]

ক. ৯ জন খ. ১৭ জন গ. ২০ জন ঘ. ২৪ জন **উত্তর: ক**

সমাধানঃ মজুদ খাদ্য ৩২ দিনে খেতে পারে = ১৫ জন। সুতরাং মজুদ খাদ্য ২০ দিনে খেতে পারে $= \frac{১৫ \times ৩০}{২০} = ২৪$ জন।

৪৬. যদি ২০ জন লোক একটি কাজের অর্ধেক করতে পারে ৩০ দিনে তবে ঐ কাজ ৫০ দিনে করতে অতিরিক্ত কত জন লোক লাগবে? [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৪]

ক. ৮ জন খ. ১০ জন গ. ৪ জন ঘ. ৬ জন **উত্তর: গ**

সমাধানঃ ২০ জন লোক $\frac{১}{২}$ কাজ করে ৩০ দিনে। সুতরাং পুরো কাজ করে = ৩০×২ = ৬০ দিনে। ৬০ দিনে সম্পূর্ণ কাজ করে = ২০ জন। সুতরাং ৫০ দিনে সম্পূর্ণ কাজ করে $= \frac{৬০ \times ২০}{৫০} = ২৪$ জন। অতিরিক্ত লোক লাগবে = (২৪ - ২০) = ৪ জন।

৪৭. তিনটি মেশিন একটি কাজ যথাক্রমে ৪, ৫, ৬ ঘন্টায় করতে পারে। দুইটি মেশিন সর্বোচ্চ ক্ষমতায় কাজ করে এক ঘন্টায় কতটুকু কাজ করতে পারে? [১৮তম বিসিএস]

ক. $\frac{১১}{১৩}$ খ. $\frac{৯}{২০}$ গ. $\frac{৫}{৩}$ ঘ. $\frac{১১}{১৫}$ **উত্তর: খ**

সমাধানঃ ১ম মেশিন ১ ঘন্টায় কাজ করে কাজটির $= \frac{১}{৪}$ অংশ এবং ২য় মেশিন ১ ঘন্টায় কাজ করে কাজটির $= \frac{১}{৫}$ অংশ। দুইটি মেশিন একত্রে ১ ঘন্টায় কাজ করে কাজটির $\left(\frac{১}{৪} + \frac{১}{৫}\right) = \frac{৫+৪}{২০} = \frac{৯}{২০}$ অংশ।

৪৮. এক ঠিকাদার ১৯২০ মিটার রাস্তা ১২০ দিনে নির্মাণ করে দেয়ার জন্য ১৬০ জন শ্রমিক নিয়োগ করল। ২৪ দিন পর, $\frac{১}{৮}$ অংশ কাজ কাজ সম্পন্ন হলো। নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করতে হলে অতিরিক্ত কতজন লোক নিয়োগ দিতে হবে? [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]

ক. ২৮০ খ. ১৬০ গ. ১৫০ ঘ. ১২০ **উত্তর: ঘ**

সমাধানঃ ২৪ দিন পর অবশিষ্ট সময় (১২০ - ২৪) = ৯৬ দিন। আবার রাস্তার $\frac{১}{৮}$ অংশ = ১৯২০× $\frac{১}{৮}$ = ২৪০ মিটার। অবশিষ্ট রাস্তা = (১৯২০ - ২৪০) = ১৬৮০ মিটার। রাস্তাটির ২৪০ মিটার কাজ করে ২৪ দিনে ১৬০ জন লোক। সুতরাং রাস্তাটির ১৬৮০ মিটার কাজ করে ৯৬ দিনে $= \frac{১৬০ \times ১৬৮০}{১০ \times ৯৬} = ২৮০$ জন। অতিরিক্ত লোকসংখ্যা = (২৮০ - ১৬০) = ১২০ জন।

৪৯. ক একটি কাজ ৫ দিনে এবং খ একই কাজ ১০ দিনে করতে পারে। তারা একত্রে ১ দিনে ঐ কাজের কত অংশ করতে পারবে? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]

ক. $\frac{১}{১৫}$ খ. $\frac{৩}{১০}$ গ. $\frac{২}{১৫}$ ঘ. $\frac{১}{১০}$ **উত্তর: খ**

সমাধানঃ ক ১ দিনে করে কাজটির $\frac{১}{৫}$ অংশ এবং খ ১ দিনে করে কাজটির $\frac{১}{১০}$ । ১ দিনে তাঁরা একত্রে করে কাজটির $= \left(\frac{১}{৫} + \frac{১}{১০}\right) = \frac{৩}{১০}$

৫০. ক, খ ও গ একাকী একটি কাজ যথাক্রমে ১০, ১২ ও ১৫ দিনে করতে পারে। তারা প্রত্যেকে পর পর ২ দিন কাজ করার পর কতটুকু কাজ বাকি থাকবে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]

ক. $\frac{১}{৪}$ অংশ খ. $\frac{১}{৩}$ অংশ গ. $\frac{১}{২}$ অংশ ঘ. $\frac{১}{৫}$ অংশ **উত্তর: গ**

৫১. একটি রেসিপিতে তিনটি ডিম এবং দুই কাপ দুধ প্রয়োজন। যদি উক্ত রেসিপিতে আটটি ডিম ব্যবহার করা হয় তবে কত কাপ দুধ প্রয়োজন? [অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]

ক. $৪\frac{৪}{৫}$ খ. $৫\frac{১}{৩}$ গ. $\frac{১}{২}$ ঘ. $৫\frac{৪}{৫}$ **উত্তর: খ**

সমাধানঃ ৩ টি ডিম এর জন্য দুধ প্রয়োজন = ২ কাপ। সুতরাং ৮ টি ডিম এর জন্য দুধ প্রয়োজন $= \frac{২ \times ৮}{৩} = ৫\frac{১}{৩}$ কাপ।

৫২. একজন পুরুষ যে কাজ ১ দিনে করতে পারে ঐ কাজ ১ জন স্ত্রীলোকের করতে ৩ দিন লাগে। একটি কাজ ১৫ জন পুরুষ ১ দিনে করতে পারে। ঐ কাজ একদিনে করতে কতজন স্ত্রীলোকের প্রয়োজন? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]

ক. ৪৫ খ. ৯০ গ. ১৩৫ ঘ. ৩০ **উত্তর: ক**

সমাধানঃ ১ জন পুরুষের ১ দিনের কাজের সমতুল্য ১ জন স্ত্রীলোকের ৩ দিনের কাজ। তাহলে বলা যায়, ১ জন পুরুষের ১ দিনের কাজের সমতুল্য ৩ জন স্ত্রীলোকের ১ দিনের কাজ। সুতরাং ১৫ জন পুরুষের ১ দিনের কাজ = (৩×১৫) = ৪৫ জন স্ত্রীলোকের ১ দিনের কাজ।

৫৩. এক গ্যালন রং দিয়ে ২০০ বর্গফুট দেয়াল রং করা যায়। ৭৬০ বর্গফুট একটি দেয়াল রং করতে ন্যূনতম কয়টি ১ গ্যালন রঙের টিন কিনতে হবে? [সিএজি কার্যালয়ের গবেষণা কর্মকর্তা: ৯৮]

ক. ৩ খ. ৪ গ. ৫ ঘ. ৬ **উত্তর: খ**

সমাধানঃ ২০০ বর্গফুটে লাগে = ১ টি টিন। সুতরাং ৭৬০ বর্গফুটে লাগে $= \frac{১ \times ৭৬০}{২০০} = ৩.৮$ টি টিন

৫৪. একটি গাড়ি প্রতি লিটার পেট্রোলে ৮ কিলোমিটার যায় এবং কোনো এক স্থানে পৌঁছাতে ১৮ লিটার তেল খরচ হয়। যদি গাড়িটি প্রতি লিটার তেলে ৯ কিলোমিটার চলত, তবে কী পরিমাণ পেট্রোল কম লাগত? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]

ক. ১ লিটার খ. ১.৫ লিটার গ. ২ লিটার ঘ. ২.৫ লিটার **উত্তর: গ**

সমাধানঃ স্থানটির দূরত্ব = (১৮×৮) = ১৪৪ কি.মি.। ১ লিটার পেট্রোলে ৯ কি.মি. গেলে ১৪৪ কি.মি. যেতে তেল লাগবে $= \frac{১৪৪}{৯} = ১৬$ লিটার। পেট্রোল সাশ্রয় হবে = (১৮ - ১৬) = ২ লিটার।

৫৫. একজন ঠিকাদার ২৫ দিনে একটি রাস্তার কাজ শেষ করতে ৩০ জন লোক নিয়োগ করলেন। কিন্তু ১৫ দিনে মাত্র রাস্তার অর্ধেক কাজ শেষ হয়। নির্ধারিত সময়ের মধ্যে রাস্তার কাজ শেষ করতে হলে তাকে অতিরিক্ত কতজন লোক নিয়োগ করতে হবে? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]

ক. ১২ জন খ. ১৪ জন গ. ১৫ জন ঘ. ১৬ জন **উত্তর: গ**

সমাধানঃ অবশিষ্ট সময় থাকে (২৫ - ১০) = ১০ দিন। অর্ধেক কাজ ১৫ দিনে শেষ করতে পারে ৩০ জন। সুতরাং বাকি অর্ধেক কাজ ১০ দিনে শেষ করতে পারে $= \frac{৩০ \times ১৫}{১০} = ৪৫$ জন। অতিরিক্ত (৪৫-৩০) = ১৫ জন লোক লাগবে।

৫৬. ৩২ জন বালক একটি বাগান ২৪ দিনে পরিস্কার করতে পারে। একই কাজ ২৪ জন বালিকা ১৬ দিনে করতে পারে। ১৬ জন বালক ও ১৬ জন বালিকা একত্রে ১২ দিনে কাজ করার পর অবশিষ্ট কাজ ২ দিনে শেষ করতে চাইলে এদের সাথে নতুন আরো কতজন বালিকা প্রয়োজন হবে? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]

ক. ১২ খ. ১৬ গ. ২০ ঘ. ২৪ **উত্তর: ঘ**

সমাধানঃ ৩২ জন বালকের ২৪ দিনের কাজের সমতুল্য ২৪ জন বালিকার ১৬ দিনের কাজ। সুতরাং বলা যায়, ৩২ জন বালকের ২৪ দিনের কাজ সমান ১৬ জন বালিকার ২৪ দিনের কাজ। ৩২ জন বালকের কাজ সমতুল্য = ১৬ জন বালিকার কাজ। সুতরাং ১৬ জন বালকের কাজ $= \frac{১৬ \times ১৬}{৩২} = ৮$ জন বালিকার কাজ। (৮+১৬) = ২৪ জন বালিকা কাজ করে ১২ দিন। সময় বাকি থাকে =(১৬ - ১২) = ৪ দিন। অবশিষ্ট কাজ ৪ দিনে শেষ করে ২৪ জন বালিকা। সুতরাং ২ দিনে শেষ করবে $= \frac{২৪ \times ৪}{২} = ৪৮$ জন। নতুন বালিকা প্রয়োজন = (৪৮ - ২৪) = ২৪

৫৭. একজন পুরুষ যে সময়ে একটি কাজ করতে পারে একজন স্ত্রীলোক সে সময়ে তার $\frac{১}{২}$ অংশ কাজ করতে পারে। চারজন পুরুষ যে কাজ ১০ দিনে করতে পারে, ২০ জন স্ত্রীলোক সে কাজ কত দিনে করতে পারবে? [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক: ০৬]

ক. ৫ দিন খ. ৬ দিন গ. ৪ দিন ঘ. ৭ দিন **উত্তর: গ**

সমাধানঃ $\frac{১}{২}$ অংশ কাজ করে ১ জন স্ত্রীলোক। সুতরাং সম্পূর্ণ কাজ করে $= \frac{১ \times ২}{১} = ২$ জন স্ত্রী লোক। আবার, ১ পুরুষের কাজ সমান ২ জন স্ত্রী লোকের কাজ। সুতরাং ৪ জন পুরুষের কাজ = (২×৪) = ৮ জন স্ত্রীলোকের কাজ। ৮ জন স্ত্রীলোক কাজটি করে = ১০ দিনে। সুতরাং ২০ জন স্ত্রীলোক কাজটি করে $= \frac{১০ \times ৮}{২০} = ৪$ দিনে।

৫৮. অফিস থেকে বাসা ফিরতে করিম সাহেবের x ঘন্টা সময় লাগে। ৩ ঘন্টা পর বাসা পর্যন্ত দূরত্বের কতটুকু অংশ বাকী থাকবে? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ৯৯]

ক. $\frac{৩ - x}{x}$ খ. x - ৩ গ. $\frac{x - ৩}{x}$ ঘ. $\frac{x - ৩}{৩}$ **উত্তর: গ**

সমাধানঃ ৩ ঘন্টায় কিছু দূরত্ব যাওবার পর অবশিষ্ট পথ যেতে সময় লাগে (x - ৩) ঘন্টা। x ঘন্টায় অতিক্রম করে সম্পূর্ন = ১ পথ। সুতরাং (x - ৩) ঘন্টায় অতিক্রম করে $= \frac{x - ৩}{x}$ অংশ।

৫৯. ৩ দিনে একটি কাজের $\frac{১}{২৭}$ অংশশেষ হলে ঐ কাজের ৩ গুণ কাজ করতে কত দিন লাগবে? [২৫তম বিসিএস]

ক. ৮১ দিন খ. ৯ দিন গ. ২৪৩ দিন ঘ. ২৭ দিন **উত্তর: গ**

সমাধানঃ $\frac{১}{২৭}$ অংশ কাজ করতে ৩ দিন লাগলে ১ অংশ কাজ করে = ২৭×৩ = ৮১ দিন। ৩ গুণ কাজ করতে লাগবে = ৮১ × ৩ = ২৪৩ দিন

৬০. ৫ টন খাবারে ১২০টি হাতির ৫৫ দিন চলে। ১৫০টি হাতির ঐ খাবারে কত দিন চলবে? [বিবিএস'র পরিসংখ্যান অফিসার: ১৪]

ক. ২৫ দিন খ. ৩৫ দিন গ. ৪৪ দিন ঘ. ৫৪ দিন **উত্তর: গ**

সমাধানঃ ৫ টন খাবারে ১২০ টি হাতির চলে = ৫৫ দিন। সুতরাং ১৫০ টি হাতির চলবে = $\frac{৫৫ \times ১২০}{১৫০}$ = ৪৪ দিন।

৬১. ৫ জন তাঁত শ্রমিক ৫ দিনে ৫টি কাপড় বুনতে পারে। একই ধরনের ৭টি কাপড় বুনতে ৭ জন শ্রমিকের কতদিন লাগবে? [৩৩তম বিসিএস]

ক. ৫ দিন খ. ৭ দিন গ. $\frac{৪৯}{২৫}$ দিন ঘ. $\frac{২৫}{৪৯}$ দিন **উত্তর: ক**

সমাধানঃ শ্রমিকের সময় লাগে = $\frac{৫ \times ৫ \times ৭}{৫ \times ৭}$ = ৫ দিন।

৬২. ৩০ জন শ্রমিক ২০ দিনে যে কাজ সম্পন্ন করতে পারে সমান দক্ষতার ২০ জন শ্রমিক সে কাজ কত দিনে শেষ করতে পারবে? [টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ইন্সট্রাক্টর: ১৮৮]

ক. ১৫ খ. ২০ গ. ২৫ ঘ. ৩০ **উত্তর: ঘ**

সমাধানঃ ৩০ জন শ্রমিক কাজটি সম্পন্ন করে = ২০ দিনে। সুতরাং ২০ জন শ্রমিক কাজটি সম্পন্ন করে = $\frac{২০ \times ৩০}{২০}$ = ৩০ দিন।

৬৩. একটি হোটেলে ৫০০ জনের ২০ দিনের খাদ্য মজুদ আছে। ৫ দিন পর ২০০ জন চলে গেলে বাকি খাদ্যে আর কত দিন চলবে? [বাংলাদেশ রেলওয়ের সহকারী কমান্ডেন্ট: ০৭]

ক. ২০ দিন খ. ২২ দিন গ. ২৪ দিন ঘ. ২৫ দিন **উত্তর: ঘ**

সমাধানঃ ৫ দিন খাওয়ার পর অবশিষ্ট সময় = (২০ − ৫) = ১৫ দিন। অবশিষ্ট লোক = (৫০০ − ২০০) = ৩০০ জন। সুতরাং অবশিষ্ট খাদ্য ৫০০ জনের ১৫ দিন চললে ৩০০জনের চলবে = $\frac{১৫ \times ৫০০}{৩০০}$ = ২৫ দিন।

৬৪. একটি ক্যাম্পে ৭২ জন স্কাউটের ৬ দিনের খাদ্য মজুদ আছে। ১৮ জন স্কাউট চলে গেলে ঐ খাদ্যে বাকি স্কাউটদের আরো কত দিন চলবে? [এসডিএফ'র আইটি অফিসার: ১২]

ক. ২ দিন খ. ৩ দিন গ. ৪ দিন ঘ. ৬ দিন **উত্তর: ক**

সমাধানঃ পরিবর্তিত স্কাউটদের সংখ্যা = (৭২ - ১৮) = ৫৪ জন। ৭২ জন স্কাউটদের মজুদ খাদ্য চলে ৬ দিন। সুতরাং ৫৪ জন স্কাউটদের মজুদ খাদ্য চলে = $\frac{৭২ \times ৬}{৫৪}$ = ৮ দিন। অতিরিক্ত সময় = (৮ - ৬) = ২ দিন।

৬৫. একজন কৃষকের ৪০টি গরুর জন্য ৩৫ দিনের খাদ্য মজুদ আছে। তিনি আরো ১০টি গরু ক্রয় করলে ঐ খাদ্যে কত দিন চলবে? [এসডিএফ'র আইটি অফিসার: ১২]

ক. ২০ দিন খ. ২৪ দিন গ. ২৬ দিন ঘ. ২৮ দিন **উত্তর: ঘ**

সমাধানঃ ক্রয়করা গরুসহ মোট গরুর সংখ্যা (৪০+১০) = ৫০ টি। প্রয়োজনীয় সময় = $\frac{৪০ \times ৩৫}{৫০}$ = ২৮ দিন

৬৬. ১৫ জনের কোনো কাজের এক তৃতীয়াংশ করতে ২০ দিন লাগে।কত দিনে ২০ জন লোক পুরো কাজটি শেষ করতে পারবে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]

ক. ২০ খ. ১৫ গ. ৩০ ঘ. ৪৫ **উত্তর: ঘ**

সমাধানঃ পূরো কাজ শেষ করতে সময় লাগে = $\frac{১৫ \times ২০ \times ৩}{২০}$ = ৪৫ দিন।

৬৭. একজন বাঁধাইকারক একদিনে ১২০টি বই এবং তার সহকর্মী একদিনে $\frac{১}{৪}$ অংশ ৭টিবই বাঁধাই করতে পারে। যদি তারা পালাক্রমে একজন দিনে একা কাজ করে তবে ৭৫০টি বই বাঁধাই করতে তাদের কতদিন লাগবে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]

ক. ৬ দিন খ. ৮ দিন গ. ১০ দিন ঘ. ১২ দিন **উত্তর: গ**

সমাধানঃ সহকর্মী একদিনে (১২০× $\frac{১}{৪}$) = ৩০ টি বই বাঁধাই করতে পারে। পালাক্রমে কাজ করলে তাঁরা ২ দিনে (১২০+৩০) = ১৫০ টি বই বাঁধাই করতে পারে। ১৫০ টি বই বাঁধাই করতে লাগে = ২ দিন। সুতরাং ৭৫০ টি বই বাঁধাই করতে লাগে = $\frac{২ \times ৭৫০}{১৫০}$ = ১০ দিন।

৬৮. মতি ১০ মিনিটে ৫০০ শব্দ এবং বকুল ১০ মিনিটে ৪০০ শব্দ টাইপ করে। দুজনে এক সাথে কাজ করে ৩৬০০ শব্দ মোট কত মিনিটে টাইপ করবে? [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]

ক. ৪০ খ. ৬০ গ. ৩০ ঘ. ৪৫ **উত্তর: ক**

সমাধানঃ মতি ১০ মিনিটে ৫০০ শব্দ টাইপ করলে ১ মিনিটে করে $= \frac{৫০০}{১০} = ৫০$ শব্দ। আবার বকুল ১০ মিনিটে ৪০০ শব্দ টাইপ করলে ১ মিনিটে করে $= \frac{৪০০}{১০} = ৪০$ শব্দ। দুইজন একসাথে ১ মিনিটে টাইপ করে = (৫০+৪০) = ৯০ শব্দ। ৯০ শব্দ টাইপ করে ১ মিনিটে। সুতরাং ৩৬০০ শব্দ টাইপ করে $= \frac{১ \times ৩৬০০}{৯০} = ৪০$ মিনিটে।

৬৯. কোন একটি ছাত্রাবাসে ৩২০ জন ছাত্রের ১৮ দিনের খাবার আছে। ৬ দিন পর ছাত্রাবাসে আরো ১৬০ জন নতুন ছাত্র আসলে বাকী খাদ্য আর কতদিন চলবে? [তিতাস গ্যাস ফিল্ডের সহকারী অফিসার: ১৮]

ক. ১২ দিন খ. ১০ দিন গ. ৮ দিন ঘ. ৬ দিন **উত্তর: গ**

সমাধানঃ ৬ দিন পর অবশিষ্ট সময় (১৮ - ৬) = ১২ দিন ও পরিবর্তিত ছাত্রসংখ্যা = (৩২০ + ১৬০) = ৪৮০ জন। অবশিষ্ট খাদ্য ৩২০ জন ছাত্রের চলে = ১২ দিন। সুতরাং জন ছাত্রের চলে $= \frac{১২ \times ৩২০}{৪৮০} = ৮$ দিন

৭০. কয়েকজন শ্রমিক একটি কাজ ১৮ দিনে করে দিবে বলে ঠিক করে। কিন্তু তাদের মধ্যে ৯ জন অনুপস্থিত থাকায় কাজটি ৩৬ দিনে সম্পন্ন হয়। ৩৬ জন শ্রমিক নিযুক্ত হলে কত দিনে কাজটি সম্পন্ন হতো? [বাংলাদেশ রেলওয়ের সহকারী কমান্ডেন্ট: ০৭]

ক. ৯ দিন খ. ১০ দিন গ. ১২ দিন ঘ. ১৮ দিন **উত্তর: ক**

সমাধানঃ সব শ্রমিক ১৮ দিনে সম্পুর্ণ বা ১ অংশ কাজ করলে ১ দিনে করে $= \frac{১}{১৮}$ অংশ কাজ। আবার, ৯ জন অনুপস্থিত থাকায় বাকি শ্রমিক ৩৬ দিনে সম্পূর্ণ বা ১ অংশ কাজ করলে ১ দিনে করে $= \frac{১}{৩৬}$ অংশ কাজ। সুতরাং ৯ জন অনুপস্থিত শ্রমিকের ১ দিনের কাজ $= (\frac{১}{১৮} - \frac{১}{৩৬}) = \frac{১}{৩৬}$ অংশ। $\frac{১}{৩৬}$ অংশ কাজ ৯ জন শ্রমিক ১ দিনে করলে সম্পুর্ণ বা ১ অংশ কাজ ৩৬ জন শ্রমিক করবে $= \frac{৩৬ \times ৯}{৩৬}$ দিনে = ৯ দিনে।

৭১. ৩০ জন লোক কোনো কাজ ২৪ দিনে করতে পারে। কাজ আরম্ভের ১২ দিন পর ১৫ জন লোক চলে গেলে বাকী লোক কত দিনে অবশিষ্ট কাজ সমাধান করতে পারবে? [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৯]

ক. ২৪ দিনে খ. ২০ দিনে গ. ১৫ দিনে ঘ. ১২ দিনে **উত্তর: ক**

সমাধানঃ ১২ দিন পর অবশিষ্ট সময় থাকে (২৪ - ১২) = ১২ দিন ও পরিবর্তিত লোকসংখ্যা = (৩০ - ১৫) = ১৫ জন। অবশিষ্ট কাজ ৩০ জন লোকে করে ১২ দিনে। সুতরাং ১৫ জন লোকে করে $= \frac{১২ \times ৩০}{১৫} = ২৪$ দিন

৭২. একজন শ্রমিক ২৫ দিনে একটি কাজের $\frac{৫}{১৬}$ অংশ শেষ করতে পারে। এই হারে কাজ করলে সম্পূর্ণ কাজ শেষ করতে তার অতিরিক্ত আর কতদিন লাগবে? [তিতাস গ্যাস ফিল্ডের সহকারী অফিসার: ১৮]

ক. ৮০ দিন খ. ১২০ দিন গ.৫৫ দিন ঘ. ৪৫ দিন **উত্তর: গ**

সমাধানঃ $\frac{৫}{১৬}$ অংশ শেষ করতে পারে = ২৫ দিনে। সুতরাং ১ অংশ শেষ করতে পারে $= \frac{২৫ \times ১৬}{৫} = ৮০$ দিনে। অতিরিক্ত সময় = (৮০ - ২৫) = ৫৫ দিন।

৭৩. ক যে কাজ ১৮ দিনে করতে পারে খ সেই কাজ ১২ দিনে করতে পারে। ক কাজটির - অংশ করার পর খ কী $\frac{১}{৩}$ অংশসম্পূর্ণ করল। কতদিনে কাজটি শেষ হলো? [সমাজসেবা অধিদপ্তরের ইন্সট্রাক্টর: ০৫]

ক. ১৫ দিনে খ. ১৩ দিনে গ.১৬ দিনে ঘ. ১৪ দিনে **উত্তর: ঘ**

সমাধানঃ ক সম্পুর্ন কাজ করে ১৮ দিনে। সুতরাং $\frac{১}{৩}$ অংশ কাজ করে $= \frac{১ \times ১৮}{৩} = ৬$ দিনে। বাকি কাজ $= (১ - \frac{১}{৩}) = \frac{২}{৩}$ অংশ। খ সম্পুর্ন কাজ করে ১২ দিনে। খ $\frac{২}{৩}$ অংশ কাজ করে $= \frac{২ \times ১২}{৩} = ৮$ দিনে। মোট সময় = (৬+৮) = ১৪ দিন।

৭৪. জাইন একা ১২ দিনে একটি কাজ করতে পারে। সে কাজটির $\frac{২}{৩}$ অংশ শেষ করার পর অবশিষ্ট কাজটি হামিদ ৭ দিনে শেষ করে। তাহলে কাজটির $\frac{৩}{৭}$ অংশ শেষ করতে হামিদের একার কত দিন লাগবে? [পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]

ক. ৩ খ. ৬ গ. ৯ ঘ. ৭ **উত্তর: গ**

সমাধানঃ জাইন $\frac{২}{৩}$ অংশ কাজ করার পর অবশিষ্ট থাকে $(১ - \frac{২}{৩}) = \frac{১}{৩}$ অংশ। হামিদ $\frac{১}{৩}$ অংশ কাজ করে ৭ দিনে। সুতরাং $\frac{৭}{৩}$ অংশ কাজ করে $= \frac{৩ \times ৭ \times ৩}{৭} = ৯$ দিনে।

৭৫. যদি ৪ জন লোক প্রতি ঘন্টায় ২০টি বালিশ তৈরি করতে পারে, তবে ৮ জন লোক ৪০টি বালিশ তৈরি করতে কত ঘন্টা সময় নেবে? [পায়রা বন্দর কর্তৃপক্ষের সহকারী সাব-ইন্সপেক্টর: ১৯]

ক. ১ খ. ২ গ. ৫ ঘ. ৮ **উত্তর: ক**

সমাধানঃ ৪ জন লোক ২০ টি বালিশ তৈরি করতে পারে = ১ ঘন্টায়। সুতরাং ৮ জন লোক ৪০ টি বালিশ তৈরি করতে পারে = $\frac{১ \times ৪ \times ৪০}{২০ \times ৮}$ = ১ ঘন্টা।

৭৬. দৈনিক ৬ ঘন্টা পরিশ্রম করে ১০ জন লোক একটি কাজ ৭ দিনে করতে পারে। দৈনিক কত ঘন্টা পরিশ্রম করে ১৪ জনে ৬ দিনে ঐ কাজটি করতে পারবে? [জারাবো'র উচ্চমান সহকারী: ১৯]

ক. ৫ ঘন্টা খ. ১৫ ঘন্টা গ. ১০ ঘন্টা ঘ. ৭ ঘন্টা **উত্তর: ক**

সমাধানঃ ১০ জন লোক ৭ দিন পরিশ্রম করে দৈনিক ৬ ঘন্টা করে। সুতরাং ১৪ জন লোক ৬ দিন পরিশ্রম করে দৈনিক = $\frac{৬ \times ১০ \times ৭}{১৪ \times ৬}$ = ৫

৭৭. দৈনিক ৮ ঘন্টা কাজ করে ৪৭ জন কৃষক ৫৪ দিনে ৩২ বিঘা জমির ধান কাটতে পারে। দৈনিক কত ঘন্টা কাজ করলে ১৪১ জন কৃষক ৪৮ দিনে ৯৬ বিঘা জমির ধান কাটতে পারবে? [পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]

ক. ৭ খ. ৮ গ. ৯ ঘ. ১০ **উত্তর: গ**

সমাধানঃ ৪৭ জন কৃষক ৫৪ দিনে ৩২ বিঘা ধান কাটতে দৈনিক সময় ৮ ঘন্টা। সুতরাং ১৪১ জন কৃষক ৪৮ দিনে ৯৬ বিঘা ধান কাটতে দৈনিক সময় = $\frac{৮ \times ৪৭ \times ৫৪ \times ৯৬}{৩২ \times ১৪১ \times ৪৮}$ = ৯ ঘন্টা।

৭৮. দৈনিক ১৪ ঘন্টা কাজ করে ৯টি মেশিন ১০ দিনে ২৮০০ লিটারে পানি উত্তোলন করতে পারে। দৈনিক ১৮ ঘন্টা কাজ করে ৮টি মেশিন কত দিনে ৩২০০ লিটার পানি উত্তোলন করতে পারবে? [তিতাস গ্যাস ফিল্ডের সহকারী অফিসার: ১৮]

ক. ৯ দিনে খ. ১০ দিনে গ.১২ দিনে ঘ. ১৬ দিনে **উত্তর: খ**

সমাধানঃ দৈনিক ১৪ ঘন্টা করে ৯ টি মেশিন ২৮০০ লিটার পানি উত্তোলন করে ১০ দিনে। সুতরাং দৈনিক ১৮ ঘন্টা করে ৮ টি মেশিন ৩২০০ লিটার পানি উত্তোলন করে = $\frac{১০ \times ৯ \times ১৪ \times ৩২০০}{২৮০০ \times ৮ \times ১৮}$ = ১০ দিনে।

৭৯. ৭৭ জন শ্রমিক প্রতিদিন ৯ ঘন্টা কাজ করে ৪২ দিনে একটি দালান তৈরি করতে পারে। ৭৭ দিনে একই রকম দুইটি দালান তৈরি করতে ৬৩ জন শ্রমিকের দৈনিক কত ঘন্টা কাজ করতে হবে? [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ১৯]

ক. ৬ খ. ৮ গ. ১০ ঘ. ১২ **উত্তর: ঘ**

সমাধানঃ ৭৭ জন ৪২ দিনে কাজ করে দৈনিক ৯ ঘন্টা। সুতরাং ৬৩ জন ৭৭ দিনে কাজ করে দৈনিক = $\frac{৯ \times ৭৭ \times ৪২}{৬৩ \times ৭৭}$ = ৬ ঘন্টা। ১ টি দালান তৈরি করতে পারে দৈনিক ৬ ঘন্টা করে। সুতরাং ১ টি দালান তৈরি করতে পারে দৈনিক = (৬×২) = ১২ ঘন্টা করে।

৮০. ৮ জন লোক একটি কাজ ১২ দিনে করতে পারে। দু'জন লোক কমিয়ে দিলে কাজটি সমাধান করতে শতকরা কত দিন বেশি লাগবে? [২১তম বিসিএস]

ক. ২৫% খ. ৫০% গ. $৩৩\frac{১}{৩}\%$ ঘ. $৬৬\frac{২}{৩}\%$ **উত্তর: গ**

সমাধানঃ পরিবর্তিত জনবল (৮ - ২) = ৬ জন। কাজটি সমাধান করতে সময় লাগবে = $\frac{৮ \times ১২}{৬}$ = ১৬ দিন। অতিরিক্ত সময় লাগে = (১৬ - ১২) = ৪ দিন। ১২ দিনের কাজ সময় বেশি লাগে = ৪ দিন। সুতরাং ১০০ দিনের কাজ সময় বেশি লাগে = $\frac{৪ \times ১০০}{১২}$ = $৩৩\frac{১}{৩}$ দিন

৮১. দুইজন পুরুষ ও দুইজন মহিলা যে কাজ ছয় দিনে সম্পন্ন করতে পারে, সেই কাজ দুইজন পুরুষ ও চারজন মহিলা চার দিনে সম্পন্ন করতে পারে। একজন পুরুষ ঐ কাজ কত দিনে সম্পন্ন করতে পারে? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৫]

ক. ১৬ দিনে খ. ২৮ দিনে গ. ২৪ দিনে ঘ. ২০ দিনে **উত্তর: গ**

সমাধানঃ ২ জন পুরুষ ও ২ জন মহিলা ১ দিনে করে কাজটির $\frac{১}{৬}$ অংশ। আবার ২ জন পুরুষ ও ৪ জন মহিলা ১ দিনে করে কাজটির $\frac{১}{৪}$ অংশ। সুতরাং ২ জন মহিলা ১ দিনে করে কাজটির = $(\frac{১}{৪} - \frac{১}{৬}) = \frac{১}{১২}$ অংশ। ২ জন পুরুষ ১ দিনে করে কাজটির = $(\frac{১}{৬} - \frac{১}{১২}) = \frac{১}{১২}$ অংশ। সুতরাং ১ জন পুরুষ ১ দিনে করে কাজটির = $\frac{১}{১২ \times ২} = \frac{১}{২৪}$ অংশ। ১ জন পুরুষ কাজটির $\frac{১}{২৪}$ অংশ করে ১ দিনে করলে সম্পূর্ণ অংশ করে = ২৪ দিনে।

৮২. যেকোনো একটি কাজ মনির করতে পারে ৬ দিনে এবং জহির করতে পারে ১২ দিনে। তারা কাজটি একত্রে শুরু করে এবং কয়েকদিন পর কাজটি অসমাপ্ত রেখে মনির চলে যায়। বাকি কাজ জহির ৩ দিনে শেষ করে। তাহলে মোট কত দিনে কাজটি সম্পন্ন হলো? [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]

ক. ৯ দিনে খ. ৬ দিনে গ. ৮ দিনে ঘ. ৭ দিনে **উত্তর: খ**

সমাধানঃ মনির ১ দিনে করে কাজটির $\frac{১}{৬}$ অংশ এবং জহির ১ দিনে করে কাজটির $\frac{১}{১২}$ অংশ। মনির ও জহির একত্রে ১ দিনে করে কাজটির $(\frac{১}{৬}+\frac{১}{১২})$ অংশ $=\frac{১}{৪}$ অংশ। জহির একা ৩ দিনে করে কাজটির $\frac{৩}{১২}=\frac{১}{৪}$ অংশ। অতএব, মনির ও জহির একত্র কাজ করে $(১-\frac{১}{৪})=\frac{৩}{৪}$ অংশ। মনির ও জহির একত্রে কাজটির $\frac{১}{৪}$ অংশ ১ দিনে করলে $\frac{৩}{৪}$ অংশ করে $=\frac{৪\times৩}{৪}=$ ৩ দিনে। মোট সময় = (৩ + ৩) দিন = ৬ দিন।

৮৩. ক একটি কাজ ১০ দিনে এবং খ তা ১৫ দিনে করতে পারে। তারা একত্রে ৫ দিন কাজ করল এবং বাকি অংশ গ এর জন্য রেখে দিল। গ কে ঐ কাজটির কত অংশ সম্পন্ন করতে হবে? [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]

ক. $\frac{২}{৫}$ খ. $\frac{১}{৩}$ গ. $\frac{৩}{৫}$ ঘ. $\frac{১}{৬}$ **উত্তর: ঘ**

সমাধানঃ ক ১ দিনে করে কাজটির $\frac{১}{১০}$ অংশ এবং খ ১ দিনে করে কাজটির $\frac{১}{১৫}$ অংশ। ক ও খ একত্রে ১ দিনে করে $=\frac{১}{১০}+\frac{১}{১৫}=\frac{১}{৬}$ অংশ কাজ করলে ৫ দিনে করে $=\frac{৫}{৬}$ অংশ। বাকি থাকে কাজটির $=১-\frac{৫}{৬}=\frac{১}{৬}$ অংশ।

৮৪. ক, খ ও গ একটি কাজ যথাক্রমে ২০, ২৪ ও ৩০ দিনে সম্পন্ন করতে পারে। তারা একত্রে ৬ দিনে কাজ করার পর খ ও গ চলে গেল। বাকী কাজ ক একা আর কত দিনে সম্পন্ন করতে পারবে? [গৃহায়ণ অধিদপ্তরের সহকারী প্রকৌশলী: ০৫]

ক. ২ দিন খ. ৩ দিন গ. ৪ দিন ঘ. ৫ দিন **উত্তর: ঘ**

সমাধানঃ ক, খ, গ একত্রে ১ দিনে করে কাজটির $=(\frac{১}{২০}+\frac{১}{২৪}+\frac{১}{৩০})=\frac{৬+৫+৪}{১২০}=\frac{১}{৮}$ অংশ করলে ৬ দিনে করে $=\frac{৬}{৮}=\frac{৩}{৪}$ অংশ। বাকী কাজ $=১-\frac{৩}{৪}=\frac{১}{৪}$ অংশ। ক ১ অংশ কাজ করে ২০ দিনে। সুতরাং $\frac{১}{৪}$ অংশ কাজ করে $=\frac{২০}{৪}=$ ৫ দিনে।

৮৫. ক ও খ একটি কাজ ১২ দিনে সম্পন্ন করে। ক, খ ও গ ঐ কাজটি ৮ দিনে সম্পন্ন করে। গ এর ঐ কাজটি একা করতে কত দিন সময় লাগবে? [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]

ক. ১৪ খ. ১৬ গ. ২০ ঘ. ২৪ **উত্তর: ঘ**

৮৬. ২০ জন শ্রমিক কোনো কাজ ১২ দিনে সম্পূর্ণ করতে পারে। কাজ শুরু করার ৮ দিন পর ১০ জন শ্রমিক চলে গেলে বাকি শ্রমিক কতদিনে কাজটি শেষ করতে পারবে? [সিএজি কার্যালয়ের অডিটর: ১৫]

ক. ৬ খ. ৮ গ. ১২ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ অবশিষ্ট শ্রমিক = ২০ - ১০ = ১০ জন এবং অবশিষ্ট সময় = ১২ - ৮ = ৪ দিন। ২০ জন লোকে করে = ৪ দিনে। সুতরাং ১০ জন লোকে করে $=\frac{২০\times৪}{১০}=$ ৮ দিনে।

৮৭. ১০ জনে একটি কাজের অর্ধেক করতে পারে ৭ দিনে। ঐ কাজটি করতে ৫ জনের কত দিন লাগবে? [আমদানি-রপ্তানি দপ্তরের অফিস সহায়ক: ২০]

ক. ১৪ দিন খ. ২৮ দিন গ. ২০ দিন ঘ. ৩২ দিন **উত্তর: খ**

সমাধানঃ ১০ জন লোক অর্ধেক কাজ ৭ দিলে করলে পুরো কাজ করে =১৪ দিনে। সুতরাং ৫ জন লোক পুরো কাজ করে $=\frac{১৪\times১০}{৫}=২৮$

৮৮. যদি ১৫টি বলদ ১০ দিনে ১২ বিঘা জমি চাষ করতে পারে, তবে ৯টি বলদ কত দিনে ১৮ বিঘা জমি চাষ করবে? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]

ক. ২২ দিনে খ. ২৫ দিনে গ. ২৭ দিনে ঘ. ৩০ দিনে **উত্তর: খ**

সমাধানঃ ১৫ টি বলদ ১২ বিঘা জমি চাষ করে ১০ দিনে। সুতরাং ৯ টি বলদ ১৮ বিঘা জমি চাষ করে $=\frac{১০\times১৫\times১৮}{১২\times৯}=২৫$ দিনে

৮৯. ৫০ জন লোক ২০টি নলকূপ বসাতে ১০০ দিন সময় নেয়। তাহলে ২৫ জন লোকের ১০টি নলকূপ বসাতে কত সময় লাগবে? [বিটিভি'র বিজ্ঞাপন আধিকারিক: ০৬]

ক. ৪৫ দিন খ. ৬০ দিন গ. ৮০ দিন ঘ. ১০০ দিন **উত্তর: ঘ**

সমাধানঃ ৫০ জন লোক ২০ টি নলকূপ ১০০ দিনে বসাতে পারলে ২৫ জন লোক ১০ টি নলকূপ বসাতে পারে $=\frac{১০০\times৫০\times১০}{২০\times২৫}=১০০$

৯০. সবুজ ও মামুন একত্রে একটি কাজ ২৬ দিনে করতে পারে। তারা দুজনে একত্রে ২২ দিনে কাজ করার পর মামুন চলে গেল এবং অবশিষ্ট কাজ সবুজ একা ৬ দিনে শেষ করে। অবশিষ্ট কাজটি একা করতে মামুনের কত দিন লাগত? [বিএডিসি'রসহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ১৯]

ক. ১৮ খ. ১৬ গ. ১৫ ঘ. ১২ **উত্তর: ঘ**

ক. 50, 40 খ. 60, 50 গ. 60, 40 ঘ. 70, 60 **উত্তর: গ**

সমাধানঃ বড় সংখ্যাটি 3x হলে ছোট সংখ্যাটি 2x ; প্রশ্নমতে, $3x + 2x = 100 \Rightarrow 5x = 100 \Rightarrow x = 20$; সংখ্যা দুইটি = $(3 \times 20), (2 \times 20) = 60, 40$

১৪১. এমন একটি ধনাত্মক সংখ্যা নির্ণয় করুন যা তার বর্গের চেয়ে 72 কম। [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৮]

ক. 3 খ. 6 গ. 9 ঘ. 12 **উত্তর: গ**

সমাধানঃ সংখ্যাটি x হলে $x = x^2 - 72 \Rightarrow x^2 - x - 72 = 0 \Rightarrow x^2 - 9x + 8x - 72 = 0 \Rightarrow (x - 9)(x + 8) = 0 ; x = 9, -8$

১৪২. একটি ধনাত্মক সংখ্যার দ্বিগুণের বর্গের সঙ্গে 15 যোগ করলে 415 হয়। সংখ্যাটি কত? [১৩তম প্রভাষক নিবন্ধন]

ক. 11 খ. 10 গ. 20 ঘ. 15 **উত্তর: খ**

সমাধানঃ সংখ্যাটি x হলে $(2x)^2 + 15 = 415 \Rightarrow 4x^2 = 400 \Rightarrow x^2 = 100 \Rightarrow x = 10$

১৪৩. একটি স্বাভাবিক সংখ্যার বর্গের সাথে সংখ্যাটি যোগ করলে পরবর্তী স্বাভাবিক সংখ্যার নয়গুণের সমান হয়। সংখ্যাটি কত? [বিভিন্ন মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ১৮]

ক. 7 খ. 8 গ. 9 ঘ. 10 **উত্তর: গ**

সমাধানঃ সংখ্যাটি x হলে $x^2 + x = 9(x + 1) \Rightarrow x^2 - 8x - 9 = 0 \Rightarrow x^2 - 9x + x - 9 = 0 \Rightarrow (x-9)(x+1) = 0 \Rightarrow x = 9, -1$

১৪৪. কোন সংখ্যার $\frac{1}{2}$ অংশের সাথে 3 যোগ করলে সংখ্যাটি হবে? [বিআরডিবি'র মাঠ সংগঠক: ১৪]

ক. 24 খ. 18 গ. 36 ঘ. 42 **উত্তর: খ**

সমাধানঃ $\frac{x}{2} + 3 = \frac{2x}{3} \Rightarrow \frac{2x}{3} - \frac{x}{2} = 3 \Rightarrow \frac{x}{6} = 3 \Rightarrow x = 18$

১৪৫. একটি সংখ্যার 5 গুণের সাথে তার বর্গ বিয়োগ করলে এবং 6 বিয়োগ করলে যোগফল শূন্য হয়। সংখ্যাটি - [১৩তম শিক্ষক নিবন্ধন]

ক. 1 অথবা 2 খ. 3 অথবা 4 গ. 2 অথবা 3 ঘ. 3 অথবা 4 **উত্তর: গ**

সমাধানঃ $5x - x^2 - 6 = 0 \Rightarrow x^2 - 3x - 2x + 6 = 0 \Rightarrow (x - 3)(x - 2) = 0 \Rightarrow x = 2, 3$

১৪৬. একটি ধনাত্মক সংখ্যার সাথে 4 যোগ করে যোগফলকে বর্গ করলে 625 হয়। সংখ্যাটি কত? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৭]

ক. 20 খ. 22 গ. 21 ঘ. 25 **উত্তর: গ**

সমাধানঃ $(x + 4)^2 = 625 \Rightarrow x + 4 = 25 \Rightarrow x = 21$

১৪৭. কোন সংখ্যার বর্গমূলের সাথে 20 যোগ করলে 5 এর বর্গ হবে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]

ক. 16 খ. 36 গ. 49 ঘ. 25 **উত্তর: ঘ**

সমাধানঃ $\sqrt{x} + 20 = 5^2 \Rightarrow \sqrt{x} + 20 = 25 \Rightarrow \sqrt{x} = 5 \Rightarrow x = 25$

১৪৮. কোন একটি সংখ্যার অর্ধেকের সঙ্গে 6 যোগ করলে যে উত্তর পাওয়া যায়, সংখ্যাটির দ্বিগুণ থেকে 21 বিয়োগ করলে একই ফল পাওয়া যায়। সংখ্যাটি কত? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]

ক. 18 খ. 20 গ. 22 ঘ. 24 **উত্তর: ক**

সমাধানঃ $\frac{x}{2} + 6 = 2x - 21 \Rightarrow \frac{x + 12}{2} = 2x - 21 \Rightarrow 3x = 54 \Rightarrow x = 18$

১৪৯. একটি বিজোড় পূর্ণসংখ্যার পাঁচগুণের সাথে পরবর্তী বিজোড় পূর্ণসংখ্যার তিনগুণ যোগ করলে ৬২ হয়। প্রথম বিজোড় পূর্ণসংখ্যাটি কত? [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]

ক. ৫ খ. ৬ গ. ৭ ঘ. ৯ **উত্তর: গ**

সমাধানঃ সংখ্যাটি x হলে $৫x + ৩(x + ২) = ৬২ \Rightarrow ৮x + ৬ = ৬২ \Rightarrow ৮x = ৬২ \Rightarrow x = ৭$

১৫০. একটি সংখ্যার বর্গমূলের সাথে 9 যোগ করলে যোগফল 14 হলে সংখ্যাটি কত? [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৫]

ক. 4 খ. 25 গ. 225 ঘ. 5 **উত্তর: খ**

সমাধানঃ সংখ্যাটি x হলে $\sqrt{x} + 9 = 14 \Rightarrow \sqrt{x} = 5 \Rightarrow x = 25$

১৫১. কোন সংখ্যার বর্গমূলের সাথে 10 যোগফল 4 এর বর্গ হবে? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. 16 খ. 25 গ. 36 ঘ. 9 **উত্তর: গ**

সমাধানঃ সংখ্যাটি x হলে $\sqrt{x} + 10 = 4^2 \Rightarrow \sqrt{x} + 10 = 16 \Rightarrow \sqrt{x} = 6 \Rightarrow x = 36$

১৫২. কোনো সংখ্যার সঙ্গে 7 যোগ করে, যোগফলকে 5 দিয়ে গুণ করে, গুণফলকে 9 দিয়ে ভাগ করে, ভাগফল থেকে 3 বিয়োগ করাতে বিয়োগফল 12 হয়। সংখ্যাটি কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]

ক. 20 খ. 18 গ. 22 ঘ. 25 **উত্তর: ক**

সমাধানঃ সংখ্যাটি x হলে $\frac{(x+7).5}{9} - 3 = 12 \Rightarrow 5x + 35 - 27 = 108 \Rightarrow 5x + 18 = 108 \Rightarrow 5x = 100 \Rightarrow x = 20$

১৫৩. পিতা ও পুত্রের বয়সের সমষ্টি 72 বৎসর, পিতার বয়স পুত্রের বয়সের 3 গুণ, পুত্রের বয়স কত? [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা: ০৩]

ক. 14 বৎসর খ. 17 বৎসর গ. 18 বৎসর ঘ. 22 বৎসর **উত্তর: গ**

সমাধানঃ পুত্রের বয়স x বছর হলে পিতার বয়স 3x বছর। প্রশ্নমতে, $x + 3x = 72 \Rightarrow 4x = 72 \Rightarrow x = 18$

১৫৪. পিতা ও কন্যার বয়সের সমষ্টি 80 বছর। পিতার বয়স কন্যার বয়সের 4 গুণ, কন্যার বয়স কত? [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১]

ক. 12 বছর খ. 14 বছর গ. 16 বছর ঘ. 20 বছর **উত্তর: গ**

সমাধানঃ কন্যার বয়স x বছর হলে পিতার বয়স 4x বছর। প্রশ্নমতে, $x + 4x = 80 \Rightarrow 5x = 80 \Rightarrow x = 16$

১৫৫. পিতা-পুত্রের বয়সের সমষ্টি 80 বছর, পিতার বয়স পুত্রের বয়সের 3 গুণ হলে পুত্রের বয়স - [সেসিপ'র মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা: ১৫]

ক. 40 খ. 50 গ. 20 ঘ. 30 **উত্তর: গ**

সমাধানঃ বর্তমান পুত্রের বয়স x বছর হলে পিতার বয়স 3x বছর। প্রশ্নমতে, $x + 3x = 80 \Rightarrow 4x = 80 \Rightarrow x = 20$; পিতার বর্তমান বয়স $3 \times 20 = 60$ বছর।

১৫৬. পিতার বয়স পুত্রের দ্বিগুণ অপেক্ষা 2 বছর বেশি। পিতার বয়স 62 বছর হলে পুত্রের বয়স কত? [এনএসআই'র সহকারী পরিচালক: ১৭]

ক. 25 বছর খ. 30 বছর গ. 35 বছর ঘ. 40 বছর **উত্তর: খ**

সমাধানঃ পুত্রের বয়স x বছর হলে পিতার বয়স হবে (2x + 2) বছর। প্রশ্নমতে, $2x + 2 = 62 \Rightarrow x = 30$

১৫৭. পিতা ও পুত্রের বয়সের যোগফল 80, পিতার বয়স পুত্রের বয়সের তিনগুণ। পিতার বয়স কত? [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক: ১৭]

ক. 40 বছর খ. 50 বছর গ. 60 বছর ঘ. 70 বছর **উত্তর: গ**

সমাধানঃ পুত্রের বয়স x বছর হলে পিতার বয়স 3x বছর। প্রশ্নমতে, $x + 3x = 80 \Rightarrow 4x = 80 \Rightarrow x = 20$

১৫৮. পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি 42 বছর এবং অন্তর 22 বছর। পুত্রের বর্তমান বয়স কত? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]

ক.10 বছর খ. 22 বছর গ. 42 বছর ঘ. 32 বছর **উত্তর: ক**

সমাধানঃ বর্তমান পুত্রের বয়স x বছর হলে পিতার বয়স (x + 22) বছর। তাঁদের বয়সের সমষ্টি = x + x + 22 = (2x + 22) বছর। প্রশ্নমতে, $2x + 22 = 42 \Rightarrow 2x = 20 \Rightarrow x = 10$

১৫৯. পিতার বর্তমান বয়স পুত্রের বয়সের তিনগুণ। 5 বছর আগে পিতার বয়স পুত্রের বয়সের 4 গুণ ছিল। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত বছর? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]

ক. 48, 16 খ. 24, 8 গ. 45, 15 ঘ. 36, 12 **উত্তর: গ**

সমাধানঃ বর্তমানে পুত্রের বয়স x বছর হলে পিতার বয়স 3x বছর। প্রশ্নমতে, $3x - 5 = 4(x - 5) \Rightarrow x = 15$

১৬০. পিতার বর্তমান বয়স পুত্রের বয়সের চারগুণ। 6 বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের 10 গুণ ছিল। পুত্রের বর্তমান বয়স কত? [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুট্যান্ট: ১০]

ক. 14 বছর খ. 8 বছর গ. 9 বছর ঘ. 10 বছর **উত্তর: গ**

সমাধানঃ বর্তমান পুত্রের বয়স x বছর হলে পিতার বয়স 4x বছর। প্রশ্নমতে,, $10(x - 6) = 4x - 6 \Rightarrow 6x = 54 \Rightarrow x = 9$

১৬১. পিতার বয়স পুত্রের বয়সের তিনগুণ। 12 বছর পর পিতার বয়স হবে পুত্রের বয়সের 2 গুণ। পিতার বর্তমান বয়স কত? [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০৯]

ক. 36 খ. 38 গ. 40 ঘ. 42 **উত্তর: ক**

সমাধানঃ বর্তমানে পুত্রের বয়স x বছর হলে পিতার বয়স 3x বছর। প্রশ্নমতে, $3x + 12 = 2(x + 12) \Rightarrow 3x + 12 = 2x + 24 \Rightarrow x = 12$; পিতার বর্তমান বয়স $(3 \times 12) = 36$ বছর

১৬২. বাবার বয়স ছেলের বয়সের 4 গুণ। 20 বছর পরে ছেলের বয়স বাবার বয়সের অর্ধেকহবে। বাবার বর্তমান বয়স কত? [দুদকের উপ-সহকারী পরিচালক: ১০]

ক. 20 খ. 25 গ. 30 ঘ. 40 **উত্তর: ঘ**

সমাধানঃ ছেলের বয়স x বছর হলে পিতার বয়স 4x বছর। প্রশ্নমতে,, $4x + 20 = 2(x + 20) \Rightarrow 2x = 20 \Rightarrow x = 10$; বাবার বর্তমান বয়স $(5 \times 9) = 45$ বছর

১৬৩. পিতা ও পুত্রের বয়সের সমষ্টি 50বছর। 20 বছর পরে পিতার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ হলে পিতার বর্তমান বয়স কত? [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৩]

ক. 30 বছর খ. 35 বছর গ. 40 বছর ঘ. 50 বছর **উত্তর: গ**

সমাধানঃ পিতার বয়স x বছর হলে পুত্রের বয়স $(50 - x)$ বছর। 20 বছর পর তাদের বয়স হবে যথাক্রমে $(x + 20)$ ও $(50 - x + 20)$ বছর। প্রশ্নমতে, $(x + 20) = 2(50 - x + 20) \Rightarrow x + 20 = 140 - 2x \Rightarrow 3x = 120 \Rightarrow x = 40$

১৬৪. বাবার বয়স কন্যার বয়সের চারগুণ। পাঁচ বছর পূর্বে বাবার বয়স কন্যার বয়সের সাতগুণ হলে কন্যার বর্তমান বয়স কত? [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]

ক. ১৮ খ. ১৪ গ. ১২ ঘ. ১০ **উত্তর: ঘ**

সমাধানঃ বর্তমানে কন্যার বয়স x বছর হলে পিতার বয়স 8x বছর। প্রশ্নমতে, $৭(x - ৫) = 8x - ৫ \Rightarrow ৩x = ৩০ \Rightarrow x = ১০$

১৬৫. পিতার বর্তমান বয়স পুত্রের বয়সের চারগুণ। 6 বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের দশগুণ ছিল। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত? [২০তম বিসিএস]

ক. 56 বছর এবং 14 বছর খ. 36 বছর এবং 9 বছর গ. 40 বছর এবং 10 বছর ঘ. 32 বছর এবং 8 বছর **উত্তর: খ**

সমাধানঃ বর্তমানে পুত্রের বয়স x বছর হলে পিতার বয়স 4x বছর। প্রশ্নমতে, $10(x - 6) = 4x - 6 \Rightarrow 6x = 54 \Rightarrow x = 9$

১৬৬. পিতার বয়স পুত্রের বয়সের 5 গুণ। তিন বছর বাদে, পিতার বয়স পুত্রের বয়সের 4 গুণ হয়। পিতা ও পুত্রের বর্তমান বয়স কত হবে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. 45 বছর, 9 বছর খ. 25 বছর, 5 বছর গ. 35 বছর, 7 বছর ঘ. 50 বছর, 10 বছর **উত্তর: ক**

সমাধানঃ বর্তমানে পুত্রের বয়স x বছর হলে পিতার বয়স 5x বছর। প্রশ্নমতে, $5x + 3 = 4(x + 3) \Rightarrow 5x + 3 = 4x + 12 \Rightarrow x = 9$; পুত্রের বর্তমান বয়স 9 বছর এবং পিতার বর্তমান বয়স $(5 \times 9) = 45$ বছর

১৬৭. পিতার বয়স পুত্রের বয়সের 4গুণ। 5 বছর পর তাদের বয়সের সমষ্টি 60বছর হলে পিতার বর্তমান বয়স কত? [সিএজি কার্যালয়ের অডিটর: ১৫]

ক. 25 বছর খ. 30 বছর গ. 35 বছর ঘ. 40 বছর **উত্তর: ঘ**

সমাধানঃ বর্তমানে পুত্রের বয়স x বছর হলে পিতার বয়স 4x বছর। প্রশ্নমতে, $(x + 5) + (4x + 5) = 60 \Rightarrow 5x = 50 \Rightarrow x = 10$; পিতার বর্তমান বয়স $(4 \times 10) = 40$ বছর

১৬৮. পিতার বয়স পুত্রের বয়সের ৪ গুণ। ৪ বছর পূর্বে পিতা পুত্রের বয়সের সমষ্টি ছিল ৫২ বছর। পিতার বর্তমান বয়স কত? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট: ১৯]

ক. ৩৮ খ. ৪৮ গ. ৫২ ঘ. ৩২ **উত্তর: খ**

সমাধানঃ বর্তমান পুত্রের বয়স x বছর হলে পিতার বয়স 4x বছর। প্রশ্নমতে, $(x - 4) + (4x - 4) = 52 \Rightarrow 5x = 60 \Rightarrow x = 12$; পিতার বর্তমান বয়স $(4 \times 12) = 48$ বছর

১৬৯. পিতার বয়স পুত্রের দ্বিগুণ অপেক্ষা 2 বছর বেশি। পিতার বয়স 62বছর হলে পুত্রের বয়স কত বছর? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. 40 খ. 35 গ. 30 ঘ. 25 **উত্তর: গ**

সমাধানঃ পুত্রের বয়স x বছর হলে পিতার বয়স $(2x + 2)$ বছর। প্রশ্নমতে, $2x + 2 = 62 \Rightarrow 2x = 60 \Rightarrow x = 30$

১৭০. পিতার বর্তমান বয়স পুত্রের বয়সের দ্বিগুণ অপেক্ষা 2 বছর বেশি। 5 বছর পর পিতা পুত্রের বয়সের সমষ্টি 102 বছর হলে পুত্রের বর্তমান বয়স কত বছর? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৭]

ক. 30 খ. 35 গ. 40 ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ বর্তমানে পুত্রের বয়স x বছর হলে পিতার বয়স $(2x + 2)$ বছর। প্রশ্নমতে, $(x + 5) + (2x + 2 + 5) = 102 \Rightarrow 3x = 102 - 12 \Rightarrow x = 30$

১৭১. পিতা ও পুত্রের বর্তমান বয়সের যোগফল 15 বছর পূর্বের বয়সের যোগফলের দ্বিগুণ। যদি পুত্রের বর্তমান বয়স 16 হয়, তবে পিতার বর্তমান বয়স কত? [১০ম বিজেএস]

ক. 44 বছর খ. 40 বছর গ. 36 বছর ঘ. 32 বছর **উত্তর: ক**

সমাধানঃ পিতার বর্তমান বয়স x বছর হলে 15 বছর পূর্বে পিতার বয়স $(x - 15)$ বছর। পুত্রের বর্তমান বয়স 16 বছর হলে 15 বছর পূর্বে পুত্রের বয়স $(16 - 15) = 1$ বছর। প্রশ্নমতে, $x + 16 = 2(x - 15 + 1) \Rightarrow x + 16 = 2x - 28 \Rightarrow x = 44$

১৭২. পিতার 25 বছর বয়সে পুত্রের জন্ম হয়। পিতার কত বছর বয়সে তার বয়স পুত্রের দ্বিগুণ হবে? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৯]

ক. 40 বছর খ. 45 বছর গ. 50 বছর ঘ. 55 বছর **উত্তর: গ**

সমাধানঃ পিতার বয়স যখন 2x হবে তখন পুত্রের বয়স হবে x। আবার যেহেতু পিতা পুত্রের চেয়ে 25 বছরের বড়, তখন পুত্রের বয়স হবে $(2x - 25)$ বছর। প্রশ্নমতে, $2x - 25 = x \Rightarrow x = 25$; পিতার বয়স = $(25 \times 2) = 50$ বছর

১৭৩. Eighteen years ago, a father was three times as old as his son. Now the father is only twice as old as his son. Then the some of the present ages of the son and the father is - [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]

ক. 54 খ. 72 গ. 105 ঘ. 108 **উত্তর: ঘ**

সমাধানঃ বর্তমান পুত্রের বয়স x বছর হলে পিতার বয়স 2x বছর। বর্তমান তাদের বয়সের সমষ্টি = x + 2x = 3x ; 18 বছর পূর্বে পুত্রের বয়স ছিল = x – 18 ; 18 বছর পূর্বে পিতার বয়স ছিল = 2x - 18 ; প্রশ্নমতে, 2x – 18 = 3(x – 18) => 2x – 18 = 3x – 54 => x = 36 ; বর্তমান তাদের বয়সের সমষ্টি = (3 × 36) = 108 বছর

১৭৪. 10 বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের পাঁচগুণ ছিল। 20 বছর পর পিতার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ হবে। পিতার বর্তমান বয়স কত? [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ০৫]

ক. 50 বছর খ. 40 বছর গ. 30 বছর ঘ. 60 বছর **উত্তর: ঘ**

সমাধানঃ 10 বছর পূর্বে পুত্রের বয়স x বছর হলে পিতার বয়স ছিল 5x বছর। 20 বছর পরে পুত্রের বয়স (x + 10 + 20) = (x + 30) বছর এবং পিতার বয়স (5x + 10 + 20) = (5x + 30) বছর। শর্তমতে, 5x + 30 = 2(x + 30) => 5x – 2x = 60 – 30 => 3x = 30 => x = 10

১৭৫. এক ব্যক্তির বয়স তার তিন পুত্রের বয়সের সমষ্টির দ্বিগুণ। তাহলে পুত্রের গড় বয়স পিতার বয়সের কত অংশ? [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]

ক. $\frac{1}{2}$ অংশ খ. $\frac{1}{3}$ অংশ গ. $\frac{2}{3}$ অংশ ঘ. $\frac{1}{6}$ অংশ **উত্তর: ঘ**

সমাধানঃ তিন পুত্রের বয়সের সমষ্টি x বছর হলে ব্যক্তির বয়স 2x বছর। তিন পুত্রের বয়সের গড় $\frac{x}{3}$ বছর। প্রশ্নমতে, $\frac{\text{পুত্রের গড় বয়স}}{\text{পিতার বয়স}} = \frac{\frac{x}{3}}{2x}$ $= \frac{1}{6}$ অংশ

১৭৬. মাতার বর্তমান বয়স তার দুই কন্যার বয়সের সমষ্টির চারগুণ। 5 বছর পর মাতার বয়স ঐ দুই কন্যার বয়সের সমষ্টির দ্বিগুণ হবে। মাতার বর্তমান বয়স কত? [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১৮]

ক. 15 বছর খ. 60 বছর গ. 35 বছর ঘ. 30 বছর **উত্তর: ঘ**

সমাধানঃ বর্তমানে দুই কন্যার বয়সের সমষ্টি x বছর হলে মাতার বয়স 8x বছর। প্রশ্নমতে, 2(x + 5 × 2) = 4x + 5 => 2x + 20 = 4x + 5 => 2x = 15 => x = $\frac{15}{2}$; মাতার বয়স ($\frac{15}{2}$ × 4) = 30 বছর

১৭৭. মা থেকে মেয়ে 18 বছরের ছোট। 6 বছর পর তাদের বয়সের সমষ্টি 54 বছর হলে, মেয়ের বর্তমান বয়স - [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]

ক. 9 বছর খ. 10 বছর গ. 12 বছর ঘ. 13 বছর **উত্তর: গ**

সমাধানঃ বর্তমানে মেয়ের বয়স x বছর হলে মায়ের বয়স (x + 18) বছর। 6 বছর পর মেয়ের বয়স (x + 6) এবং মায়ের বয়স (x + 18 + 6) বছর। প্রশ্নমতে, (x + 6) + (x + 18 + 6) = 54 => 2x = 24 => x = 12

১৭৮. 8 বছর পূর্বে করিমের বয়স 10 বছর পরের বয়সের $\frac{1}{3}$ ছিল। বর্তমান বয়স কত? [শ্রম পরিদপ্তরের প্রভাষক: ০৫]

ক. 16 খ. 17 গ. 18 ঘ. 19 **উত্তর: খ**

সমাধানঃ বর্তমানে করিমের বয়স x বছর হলে 8 বছর পূর্বে করিমের বয়স ছিল = x - 8 বছর। সুতরাং 10 বছর পর করিমের বয়স = x + 10 বছর। শর্তমতে, x – 8 = $\frac{1}{3}$ (x + 10) => 3x – 24 = x + 10 => 2x = 34 => x = 17

১৭৯. অরিণ ও ওয়াফি এর বর্তমান বয়সের সমষ্টি 16 বছর। 4 বছর পরে অরিণের বয়স ওয়াফির বয়সের তিনগুণ হলে অরিণের বর্তমান বয়স কত? [ডাক বিভাগের বিল্ডিং ওভারশিয়ার: ১৮]

ক. 8 বছর খ. 10 বছর গ. 12 বছর ঘ. 14 বছর **উত্তর: ঘ**

সমাধানঃ অরিণের বর্তমান বয়স x বছর হলে ওয়াফির বর্তমান বয়স (16 – x) বছর। 4 পর তাদের বয়স হবে যথাক্রমে (x + 4) ও (20 – x) বছর। প্রশ্নমতে, (x + 4) = 3(20 – x) => x + 4 = 60 – 3x => x = 14

১৮০. নাবিল থেকে আরজু 9 বছরের বড় এবং আলী 5 বছরের ছোট। তাদের বয়সের সমষ্টি 52 বছর হলে আলীর বয়স কত? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]

ক. 9 বছর খ. 11 বছর গ. 12 বছর ঘ. 13 বছর **উত্তর: খ**

সমাধানঃ নাবিলের বয়স x বছর হলে আরজুর বয়স (x + 9) বছর এবং আলীর বয়স x - 5 বছর। প্রশ্নমতে, x + (x + 9) + (x – 5) = 52 => 3x + 4 = 52 => 3x = 48 => x = 16 ; আলীর বয়স 16 - 5 = 11 বছর

১৮১. মীরার বয়স অপুর বয়সের 4 গুণ। অপুর বর্তমান বয়স 4 বছর। যখন মীরার বয়স অপুর বয়সের দ্বিগুণ হবে তখন মীরার বয়স কত বছর হবে? [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ১৬]

ক. 16 খ. 20 গ. 24 ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

সমাধানঃ অপুর বর্তমান বয়স 4 বছর হলে মীরার বর্তমান বয়স 16 বছর। x বছর পর মীরার বয়স অপুর বয়সের দ্বিগুণ হলে প্রশ্নমতে, 16 + x = 2(4 + x) => x = 8 ; মীরার বয়স বছর (16 + 8) = 24 বছর

১৮২. কলির বয়স ডলির বয়স থেকে সাত বছর কম। ডলির বয়সের তিনগুণ থেকে কলির বয়স বাদ দিলে ৪৩ বছর হয়। ডলির বয়স কত? [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]

ক. ১১ খ. ১৪ গ. ১৬ ঘ. ১৮ **উত্তর: ঘ**

সমাধানঃ ডলির বয়স x বছর হলে কলির বয়স x - 7 বছর। প্রশ্নমতে, $3x - (x - 7) = 43 \Rightarrow 2x = 36 \Rightarrow x = 18$

১৮৩. সোনিয়া ও লিনিয়ার বর্তমান বয়সের সমষ্টি 16 বছর। চার বছর পরে সোনিয়ার বয়স লিনিয়ার তিনগুণ হলে সোনিয়ার বর্তমান বয়স কত? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল অফিসার: ৮৪]

ক. 8 বৎসর খ. 10 বৎসর গ. 12 বৎসর ঘ. 14 বৎসর **উত্তর: ঘ**

সমাধানঃ সোনিয়ার বর্তমান বয়স x বছর হলে লিনিয়ার বর্তমান বয়স $(16 - x)$ বছর। 4 বছর পর তাদের বয়স হবে যথাক্রমে $(x + 4)$ ও $(20 - x)$ বছর। প্রশ্নমতে, $(x + 4) = 3(20 - x) \Rightarrow x + 4 = 60 - 3x \Rightarrow x = 14$

১৮৪. রিনা মীমের থেকে 10 বছরের বড়। 7 বছর পররিনার বয়স মীমের বয়সের দ্বিগুণ হবে। রিনার বর্তমান বয়স কত? [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]

ক. 17 খ. 16 গ. 13 ঘ. 11 **উত্তর: গ**

সমাধানঃ রিনার বর্তমান বয়স x বছর হলে মীমের বর্তমান বয়স হবে $(x - 10)$ বছর। 7 বছর পর রিনার বয়স মীমের বয়সের দ্বিগুণ হলে প্রশ্নমতে, $2(x - 10 + 7) = x + 7 \Rightarrow 2x - 6 = x + 7 \Rightarrow x = 13$

১৮৫. রমিজ এবং লুবনার বয়স ৬৫ বছর। রমিজের বয়সের দ্বিগুণ লুবনার বয়সের তিনগুণের সমান হলে রমিজের বয়স কত? [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]

ক. ২৬ খ. ৩৯ গ. ৪২ ঘ. ৪৬ **উত্তর: খ**

সমাধানঃ রমিজের বয়স x বছর হলে লুবানার বয়স (৬৫ - x) বছর। প্রশ্নমতে, $২x = ৩(৬৫ - x) \Rightarrow ২x = ১৯৫ - ৩x \Rightarrow ৫x = ১৯৫ \Rightarrow x = ৩৯$

১৮৬. রহিমের বয়স ১২ বৎসর। রহিমের বয়স করিমের বয়সের ৩ গুণ। যখন রহিমের বয়স করিমের বয়সের দ্বিগুণ হবে, তখন রহিমের বয়স কত হবে? [২৮তম বিসিএস]

ক. ১৫ বছর খ. ১৬ বছর গ. ১৭ বছর ঘ. ১৮ বছর **উত্তর: খ**

সমাধানঃ করিমের বর্তমান বয়স 4 বছর। x বছর পরে রহিমের বয়স করিমের বয়সের দ্বিগুণ হলে প্রশ্নমতে, $2(4 + x) = 12 + x \Rightarrow 8 + 2x = 12 + 2x \Rightarrow x = 4$; রহিমের বয়স = 12 + 4 = 16 বছর

১৮৭. শুভ্রর বর্তমান বয়স অভ্রুর দ্বিগুণ। তিন বৎসর পূর্বে শুভ্রর বয়স অভ্রুর বয়সের তিনগুণ ছিল। শুভ্রর বর্তমান বয়স কত? [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর: ১৮]

ক. 16 বছর খ. 14 বছর গ. 12 বছর ঘ. 6 বছর **উত্তর: গ**

সমাধানঃ অভ্রুর বর্তমান বয়স x বছর হলে শুভ্রর বয়স 2x বছর। প্রশ্নমতে, $3(x - 3) = 2x - 3 \Rightarrow 3x - 9 = 2x - 3 \Rightarrow x = 6$; শুভ্রর বয়স = 2x = 12

১৮৮. যদি ক, খ থেকে 5 বছরের বড় এবং খ এর বয়স গ এর বয়সের দ্বিগুণ এবং তাদের মোট বয়স 50 বৎসর হলে ক এর বয়স কত? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]

ক. 9 বৎসর খ. 23 বৎসর গ. 18 বৎসর ঘ. 13 বৎসর **উত্তর: খ**

সমাধানঃ ক এর বয়স x বছর হলে খ এর বয়স $(x - 5)$ বছর এবং গ এর বয়স $\frac{x - 5}{2}$ বছর। শর্তমতে, $x + (x - 5) + \frac{x - 5}{2} = 50 \Rightarrow 2x - 5 + \frac{x - 5}{2} = 50 \Rightarrow 4x - 10 + x - 5 = 100 \Rightarrow 5x = 115 \Rightarrow x = 23$

১৮৯. ক এর বয়স খ এর বয়সের দ্বিগুণ এবং ক এর বয়স গ এর বয়সের তিনগুণ। তাদের বয়সের সমষ্টি 77 বছর হলে ক ও খ এর বয়সের পার্থক্য হবে - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]

ক. 18 বছর খ. 21 বছর গ. 22 বছর ঘ. 23 বছর **উত্তর: খ**

সমাধানঃ ক এর বয়স x বছর হলে খ এর বয়স $\frac{x}{2}$ বছর এবং গ এর বয়স $\frac{x}{3}$ বছর। প্রশ্নমতে, $x + \frac{x}{2} + \frac{x}{3} = 77 \Rightarrow 11x = 77 \times 6 \Rightarrow x = 42$; ক এর বয়স 42 বছর হলে খ এর বয়স $\frac{42}{2} = 21$ বছর

১৯০. A এবং B এর মোট বয়স B এবং C এর মোট বয়সের তুলনায় 15 বছর বেশি। C, A এর চেয়ে কত বছরের ছোট [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ১৬]

ক. 10 খ. 15 গ. 20 ঘ. 25 **উত্তর: খ**

সমাধানঃ A, B ও C এর বয়স যথাক্রমে a, b ও c হলে প্রশ্নমতে, $a + b = b + c + 15 \Rightarrow a - c = 15$

১৯১. ক ও খ এর মধ্যে 180 টাকা এমনভাবে ভাগ করে দেয়া হয় যেন খ, ক টাকার দ্বিগুণ পায়। ক কত টাকা পায়? [সওজ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১০]

ক. 45 টাকা খ. 60 টাকা গ. 90 টাকা ঘ. 135 টাকা **উত্তর: খ**

সমাধানঃ ক এর x টাকা হলে খ পায় 2x টাকা। প্রশ্নমতে, $x + 2x = 180 \Rightarrow 3x = 180 \Rightarrow x = 60$

১৯২. 36টি কলমের ক্রয়মূল্য ক টি কলমের বিক্রয়মূল্যের সমান। যদি লাভের হার 20% হয় তাহলে ক এর মান কত? [তিতাস গ্যাস ফিল্ডের সহকারী অফিসার: ১৮]

ক. 30 খ. 32 গ. 28 ঘ. 24 **উত্তর: ক**

সমাধানঃ 36 টি কলমের ক্রয়মূল্য x টাকা হলে 1টি কলমের মূল্য = $\frac{x}{36}$ টাকা। আবার, ক টি কলমের বিক্রয়মূল্য x টাকা হলে 1 টি কলমের মূল্য = $\frac{x}{ক}$ টাকা। সুতরাং 1 টি কলমে লাভ == $(\frac{x}{ক} - \frac{x}{36}) = x(\frac{36 - ক}{36ক})$ টাকা। 20% লাভে 1 টি কলমে লাভ = $\frac{x}{36} \times \frac{1}{5} = \frac{x}{180}$ টাকা। শর্তমতে, $x(\frac{36 - ক}{36ক}) = \frac{x}{180} \Rightarrow (\frac{36 - ক}{36ক}) = \frac{1}{180} \Rightarrow 36ক = 36 \times 180 - 180ক \Rightarrow 216ক = 36 \times 180 \Rightarrow ক = 30$

১৯৩. 40 ফুট লম্বা একটি বাঁশ এমনভাবে কেটে দুভাগ করা হল যেন ছোট অংশ অংশের $\frac{2}{3}$ ভাগ হয়। ছোট অংশের দৈর্ঘ্য কত ফুট? [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৮]

ক. 8 খ. 16 গ. 24 ঘ. 28 **উত্তর: খ**

সমাধানঃ বড় বাঁশের দৈর্ঘ্য 3x ফুট হলে ছোট অংশের দৈর্ঘ্য $(3x \times \frac{2}{3}) = 2x$ ফুট। বাঁশটির দৈর্ঘ্য = (3x + 2x) = 5x ফুট। প্রশ্নমতে, 5x = 40 => x = 8 ; ছোট অংশের দৈর্ঘ্য = 2x = 16

১৯৪. পাঁচ ফুট দীর্ঘ একটি তারকে এমনভাবে দুই ভাগে ভাগ করা হল যেন এক অংশ অন্য $\frac{2}{3}$ অংশের হয়। ছোট অংশটি কত ইঞ্চি লম্বা? [আবাআখা প্রকল্পের জেলা সমন্বয়কারী: ১৭]

ক. 8 খ. 12 গ. 24 ঘ. 36 **উত্তর: গ**

সমাধানঃ এক অংশের দৈর্ঘ্য ফুট 3x হলে ছোট অংশের দৈর্ঘ্য $(3x \times \frac{2}{3}) = 2x$ ফুট। তারটির দৈর্ঘ্য (3x + 2x) = 5x ফুট। প্রশ্নমতে, 5x = 5 => x = 1 ; ছোট অংশের দৈর্ঘ্য = 2x = (2 × 12) ইঞ্চি = 24 ইঞ্চি

১৯৫. 20 ফুট লম্বা একটি বাঁশ এমনভাবে কেটে দুভাগ করা হলো যেন ছোট অংশ বড় অংশের দুই-তৃতীয়াংশ হয়। ছোট অংশের দৈর্ঘ্য কত ফুট? [৩৪তম বিসিএস]

ক. 6 খ. 7 গ. 8 ঘ. 10 **উত্তর: গ**

সমাধানঃ বড় বাঁশের দৈর্ঘ্য 3x ফুট হলে ছোট অংশের দৈর্ঘ্য $(3x \times \frac{2}{3}) = 2x$ ফুট। বাঁশটির দৈর্ঘ্য = (3x + 2x) = 5x ফুট। প্রশ্নমতে, 5x = 20 => x = 4 ; ছোট অংশের দৈর্ঘ্য = 2x = 8

১৯৬. এক ডিম ব্যবসায়ী তার প্রতি (x + 5) টি ডিমের জন্য x টাকা লাভ করে। তার মোট লাভ 84 টাকা হলে সে কতটি ডিম বিক্রি করেছে? [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০১]

ক. 7 খ. 17 গ. 12 ঘ. 15 **উত্তর: ক**

সমাধানঃ প্রতি (x + 5) টি ডিমে x টাকা করে মোট লাভ করে x (x + 5) টাকা। প্রশ্নমতে, x (x + 5) = 84 => $x^2 + 5x = 84$ => $x^2 + 12x - 7x - 84 = 0$ => (x + 12) (x – 7) = 0 => x = -12, 7

১৯৭. ২৭৫ গজ লম্বা দুটি কাঠির একটি অন্যটির ৫০% লম্বা। ছোট কাঠিটি কত গজ? [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]

ক. ১০৭ খ. ১১০ গ. ১১৪ ঘ. ১১৮ **উত্তর: খ**

সমাধানঃ ছোট কাঠির দৈর্ঘ্য x গজ হলে বড় কাঠির দৈর্ঘ্য হবে = (২৭৫ - x) গজ। ছোট কাঠি অপেক্ষা বড় কাঠি লম্বা = (২৭৫ - x) – x = (২৭৫ – ২x) গজ। শর্তমতে, ২৭৫ – ২x = x × ৫০% => ২৭৫ – ২ = x × $\frac{৫০}{১০০}$ => ২৭৫ – ২x = x × $\frac{১}{২}$ => ৫৫০ – ৪x = x => ৫x = ৫৫০ => x = ১১০

১৯৮. একটি Econo কলমের মূল্য 5 টাকা এবং একটি Matador কলমের মূল্য 4 টাকা। যদি ঐ দোকানদার 500 টি কলম বিক্রি করে 2300 টাকা পায়, তবে সে কয়টি Econo কলম বিক্রয় করেছিল? [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০৯]

ক. 275 খ. 300 গ. 315 ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ Econo কলেমের সংখ্যা x টি হলে Matador কলেমের সংখ্যা (500 – x) টি। প্রশ্নমতে, 5x + 4 (500 – x) = 2300 => 5x – 4x = 2300 – 2000 => x = 300

১৯৯. রহিমের আয়ের দ্বিগুণের সাথে 110 টাকা যোগ করলে মোট 7,000 টাকা হয়। রহিমের আয় কত? [পেট্রোবাংলার উচ্চমান সহকারী: ১৭]

ক. 3,275 টাকা খ. 3,445 টাকা গ. 3,260 টাকা ঘ. 4,270 টাকা **উত্তর: খ**

সমাধানঃ রহিমের আয় x টাকা হলে তার আয়ের দ্বিগুণ 2x টাকা। শর্তমতে, 2x + 110 = 7000 => 2x = 7000 – 110 => 2x = 6890 => x = 3445

২০০. একজন মালিক তার দুইজন কর্মচারী ক ও খ কে সপ্তাহে 550 টাকা এমনভাবে দেয় যেন ক যে টাকা পায় তা খ এর টাকার চাইতে 120%বেশি। খ সপ্তাহে কত টাকা পায়? [পরিবেশ অধিদপ্তরের রিসার্চ অফিসার: ০৬]

ক. 220 টাকা খ. 260 টাকা গ. 235 টাকা ঘ. 171.875 টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ খ এর টাকার পরিমাণ x হলে ক এর টাকার পরিমাণ = x + x × 120% = x + x × $\frac{120}{100} = \frac{11x}{5}$; শর্তমতে, x + $\frac{11x}{5}$ = 550 => $\frac{16x}{5} = 550 \Rightarrow 16x = 2750 \Rightarrow x = 171.875$

২০১. একজন শ্রমিক কাজের দিন 100 টাকা পায় এবং অনুপস্থিত থাকলে 20 টাকা জরিমানা দিতে হয়। শ্রমিকটি জুন মাসে 2400 টাকা বেতন পেল। সে ঐ মাসে কত দিন কাজ করেছে? [বিআরটিএ'র সহকারী পরিচালক: ০৫]

ক. 27 দিন খ. 26 দিন গ. 25 দিন ঘ. 24 দিন **উত্তর: গ**

সমাধানঃ জুন মাস ৩০ দিনে হওয়ায় x দিন উপস্থিত থাকলে অনুপস্থিত থাকে $(30 - x)$ দিন। প্রশ্নমতে, $100x - 20(30 - x) = 2400$ $\Rightarrow 100x - 600 + 20x = 2400 \Rightarrow 120x = 3000 \Rightarrow x = 25$

২০২. একটি কারখানায় কোনো শ্রমিক কাজ করলে দৈনিক 80 টাকা মজুরি পায় এবং অনুপস্থিত থাকলে 20 টাকা জরিমানা হয়। এপ্রিল মাসে শ্রমিকটি বেতন বাবদ 1900 টাকা পেল। সে ঐ মাসে কতদিন কাজ করেছে? [সমাজসেবা অধিদপ্তরের উপ-তত্ত্বাবধায়ক: ০৫]

ক. 22 দিন খ. 23 দিন গ. 24 দিন ঘ. 25 দিন **উত্তর: ঘ**

সমাধানঃ এপ্রিল মাস ৩০ দিনে হওয়ায় x দিন উপস্থিত থাকলে অনুপস্থিত থাকে $(30 - x)$ দিন। প্রশ্নমতে, $80x - 20(30 - x) = 1900$ $\Rightarrow 80x + 20x = 1900 + 600 \Rightarrow 100x = 2500 \Rightarrow x = 25$

২০৩. ক এর টাকা খ এর টাকার দ্বিগুণ। তাদের দুইজনের মোট 30 টাকা আছে। খ এর কত টাকা আছে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]

ক. 15 টাকা খ. 10 টাকা গ. 30 টাকা ঘ. 20 টাকা **উত্তর: খ**

সমাধানঃ ক এর $2x$ টাকা হলে খ পায় x টাকা। প্রশ্নমতে, $2x + x = 30 \Rightarrow 3x = 30 \Rightarrow x = 10$

২০৪. কোন অফিসে উপস্থিতির দিন 20.00 টাকা পাওয়া আর অনুপস্থিতির দিন 5.00 টাকা জরিমানা দেওয়ার শর্তে এক ব্যক্তি 1996 সনের ফেব্রুয়ারি মাসে 380.00 টাকা বেতন পেল। লোকটি ঐ অফিসে কয়দিন উপস্থিত ছিল? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ৯৯]

ক. 18 দিন খ. 20 দিন গ. 21 দিন ঘ. 24 দিন **উত্তর: গ**

সমাধানঃ 1996 অধিবর্ষ হওয়ায় ফেব্রুয়ারি মাস 29 দিন। উপস্থিত x দিন থাকলে অনুপস্থিত $(29 - x)$ দিন। প্রশ্নমতে, $(20 \times x) - 5(29 - x) = 380 \Rightarrow 20x - 145 + 5x = 380 \Rightarrow 25x = 525 \Rightarrow x = 21$

২০৫. করিম 2 টাকা ও 3 টাকা মানের সমান সংখ্যক স্ট্যাম্প কিনেছে। যদি স্ট্যাম্প ক্রয়ের মোট খরচ 100 টাকা হয়, তাহলে করিম মোট কতটি স্ট্যাম্প কিনেছিল? [গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার: ০৫]

ক. 25 খ. 34 গ. 40 ঘ. 46 **উত্তর: গ**

সমাধানঃ 2 টাকা ও 3 টাকা মূল্যের স্ট্যাম্প x টি কিনলে প্রশ্নমতে, $2x + 3x = 100 \Rightarrow 5x = 100 \Rightarrow x = 20$; মোট স্ট্যাম্প কিনেছিল $(2 \times 20) = 40$ টি

২০৬. ফারুকের বেতন কালামের বেতনের 1.2 গুণ। মালেকের বেতন কালামের বেতনের 0.8 গুণ। তাদের মোট বেতন 6300 টাকা হলে মালেকের বেতন কত? [দুদকের উপ-সহকারী পরিচালক: ১০]

ক. 1680 খ. 2100 গ. 2520 ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ কালামের বেতন x টাকা হলে ফারুকের বেতন = $1.2x$ টাকা এবং মালেকের বেতন = $0.8x$ টাকা। প্রশ্নমতে, $x + 1.2x + 0.8x = 6300 \Rightarrow 3x = 6300 \Rightarrow x = 2100$; মালেকের বেতন = $(0.8 \times 2100) = 1680$ টাকা

২০৭. এক ব্যক্তির নিকট যাকাতের 800 টাকা আছে। কিছু সংখ্যক লোকের প্রত্যেককে 6 টাকা করে দিলে 100 টাকা কম পড়ে। লোকের সংখ্যা কত? [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]

ক. 150 জন খ. 200 জন গ. 266 জন ঘ. 250 জন **উত্তর: ক**

সমাধানঃ লোকের সংখ্যা x জন হলে প্রশ্নমতে, $6x - 100 = 800 \Rightarrow 6x = 900 \Rightarrow x = 150$

২০৮. রায়হান সাধারণ গণিত ও উচ্চতর গণিতে একত্রে 185 নম্বর পেয়েছে। সে সাধারণ গণিত অপেক্ষা উচ্চতর গণিতে 5 নম্বর কম পেয়েছে। প্রত্যেক বিষয়ে তার প্রাপ্ত নম্বর কত? [বিদ্যুৎ মন্ত্রণালয়ের সহকারী বিস্ফোরক পরিদর্শক: ০৩]

ক.105 এবং 80 খ. 100 এবং 85 গ. 95 এবং 90 ঘ. 110 এবং 75 **উত্তর: গ**

সমাধানঃ সাধারণ গণিতে প্রাপ্ত নম্বর x হলে উচ্চতর গণিতে প্রাপ্ত নম্বর $(x - 5)$ হবে। প্রশ্নমতে, $x + x - 5 = 185 \Rightarrow 2x = 190 \Rightarrow x = 95$; উচ্চতর গণিতে প্রাপ্ত নম্বর = $95 - 5 = 90$

২০৯. 30 ফুট লম্বা 1 টি বাঁশ এমনভাবে কেটে দু'ভাগ করা হলো যেন ছোট অংশ বড় অংশের দুইতৃতীয়াংশ হয়, ছোট অংশের দৈর্ঘ্য কত ফুট? [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ১৮]

ক. 10 খ. 8 গ. 6 ঘ. 12 **উত্তর: ঘ**

সমাধানঃ বড় অংশের দৈর্ঘ্য $3x$ ফুট হলে ছোট অংশের দৈর্ঘ্য $(3x \times \frac{2}{3}) = 2x$ ফুট। বাঁশটির দৈর্ঘ্য = $(3x + 2x) = 5x$ ফুট। প্রশ্নমতে, $5x = 30 \Rightarrow x = 6$; ছোট অংশের দৈর্ঘ্য = $2x = 12$

২১০. 25 ফুট লম্বা একটি বাঁশকে এমনভাবে কাটা হলো যেন এক অংশ অন্য অংশের এক-চতুর্থাংশ হয়। তাহলে ছোট অংশটির দৈর্ঘ্য কত হবে? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]

ক. 6 ফুট খ.5 ফুট গ. 4 ফুট ঘ. 7 ফুট **উত্তর: খ**

সমাধানঃ বড় অংশের দৈর্ঘ্য $4x$ ফুট হলে ছোট অংশের দৈর্ঘ্য $(4x \times \frac{1}{4}) = x$ ফুট। বাঁশটির দৈর্ঘ্য = $(4x + x) = 5x$ ফুট। প্রশ্নমতে, $5x = 25 \Rightarrow x = 5$

২১১. একটি শ্রেণিতে প্রতি বেঞ্চে 5 জন করে বসলে 5 খানা বেঞ্চ খালি থাকে। কিন্তু প্রতি বেঞ্চে 3 জন করে বসলে 7 জন ছাত্র দাঁড়িয়ে থাকে। ঐ শ্রেণির ছাত্র সংখ্যা কত? [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৪]

ক. 85 খ. 75 গ. 65 ঘ. 55 **উত্তর: ঘ**

সমাধানঃ বেঞ্চ সংখ্যা x হলে প্রথম শর্তমতে ছাত্র সংখ্যা = 5 (x – 5) = 5x - 25 এবং দ্বিতীয় শর্তমতে ছাত্রসংখ্যা = 3x + 7 ; উভয় শর্তমতে ছাত্রসংখ্যা = 5x – 25 = 3x + 7 => x = 16 ; ছাত্রসংখ্যা = 3x + 7 = 3 ×16 + 7 = 48 + 7 = 55

২১২. আপেল ১২০ টাকায় কয়েকটি মার্বেল কিনল। সে যদি ঐ টাকায় ২টি মার্বেল বেশি পেত, তবে প্রতিটি মার্বেলের দাম গড়ে ২ টাকা কম পড়ত। আপেল কয়টি মার্বেল কিনেছিল? [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]

ক. ১০ খ. ১২ গ. ২০ ঘ. ২৫ **উত্তর: ক**

সমাধানঃ মার্বেল x টি হলে প্রতিটি মার্বেলের 1 টি হলে প্রতিটি মার্বেলের ক্রয়মূল্য = $\frac{120}{x}$ টাকা। শর্তমতে, $\frac{120}{x+2} = \frac{120}{x} - 2 \Rightarrow \frac{120}{x+2} = \frac{120 - 2x}{x} \Rightarrow 120x = (120 - 2x)(x + 2) \Rightarrow 120x = 120x + 240 - 2x^2 - 4x \Rightarrow 2x^2 + 4x - 240 = 0 \Rightarrow x^2 + 2x - 120 = 0 \Rightarrow x^2 + 12x - 10x - 120 = 0 \Rightarrow x(x + 12) - 10(x + 12) = 0 \Rightarrow (x + 12)(x - 10) = 0 \Rightarrow x = -12, x = 10$

২১৩. একজন বিক্রেতা 17 টি কলম 720 টাকায় বিক্রি করে যে লোকসান করল তা 5 টি কলমের ক্রয়মূল্যের সমান। 1 টি কলমের ক্রয়মূল্য - [ডিএই'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ১৮]

ক. 52 খ. 54 গ. 60 ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

সমাধানঃ 1 টি কলমের ক্রয়মূল্য x টাকা হলে 5 টি কলমের ক্রয়মূল্য 5x টাকা এবং 17 টি কলমের ক্রয়মূল্য 17x টাকা। লোকসান = (17x – 720) টাকা। প্রশ্নমতে, 17x – 720 = 5x => 12x = 720 => x = 60

২১৪. একটি কলম ও একটি বইয়ের মূল্য একত্রে 95 টাকা। কলমটির মূল্য 15 টাকা বেশি ও বইয়ের মূল্য 14 টাকা কম হলে কলমটির মূল্য বইটির মূল্যের দ্বিগুণ হতো। বইটির মূল্য কত? [বিআরইবি'র অফিস সহকারী: ১৮]

ক. 49 টাকা খ. 46 টাকা গ. 50 টাকা ঘ. 40 টাকা **উত্তর: খ**

সমাধানঃ বইটির মূল্য x টাকা হলে কলমটির মূল্য (95 – x) টাকা। প্রশ্নমতে, (95 – x) + 15 = 2 (x – 14) => 95 – x + 15 = 2x – 48 => 3x = 138 => x = 46

২১৫. ক এর কাছে খ এর চারগুণ মার্বেল আছে। ক যদি খকে 18 টি মার্বেল দিয়ে দেয় তবে উভয়ের নিকট সমান সংখ্যক মার্বেল হবে। ক ও খ এর কাছে কতটি মার্বেল আছে? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০১]

ক. 60, 15 খ. 48, 12 গ. 32, 8 ঘ. 24, 6 **উত্তর: খ**

সমাধানঃ খ এর নিকট মার্বেল সংখ্যা x টি হলে ক এর নিকট মার্বেল সংখ্যা 4x টি। প্রশ্নমতে, 4x – 18 = x + 18 => 3x = 36 => x = 12 ; খ এর নিকট মার্বেল 12 টি এবং ক এর নিকট মার্বেল 48 টি।

২১৬. বনি, ডলি ও লিলির মধ্যে 1,260 টাকা এমনভাবে ভাগ করে দেয়া হলো যেন, ডলি লিলির সমান টাকা পায় এবং বনি ডলির দ্বিগুণ টাকা পায়। এতে বনি কত টাকা পেল? [বিআরইবি'র সহকারী সচিব: ১৬]

ক. 315 খ. 530 গ. 630 ঘ. 525 **উত্তর: গ**

সমাধানঃ বনি ডলি ও লিলির টাকা যথাক্রমে B, D ও L হলে D = L এবং B = 2D ; প্রশ্নমতে, B + D + L = 1260 => 2D + D + D = 1260 => 4D = 1260 => D = 315 ; বনি পায় = (315 ×2) = 630 টাকা

২১৭. 50 জন পুরুষ ও মহিলার মধ্যে 170 টাকা এমনভাবে ভাগ করে দেয়া হয় যেন প্রত্যেক পুরুষ 3.50 টাকা ও প্রত্যেক মহিলা 3.25 টাকা পায়। পুরুষ ও মহিলার সংখ্যা নির্ণয় করুন। [পর্যটন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৫]

ক. M 16, W 34 খ. M 17, W 33 গ. M 30, W 20 ঘ. M 18, W 30 **উত্তর: গ**

সমাধানঃ পুরুষ x জন হলে মহিলা (50 – x) জন। প্রশ্নমতে, 3.50x + 3.25(50 – x) = 170 => 3.50x + 162.5 – 3.25x = 170 => 0.25x = 7.5 => x = 30 ; সুতরাং পুরুষ 30 জন এবং মহিলা (50 – 30) = 20 জন।

২১৮. ৯৮ টি কমলা দুইটি ঝুড়ির মধ্যে এমনভাবে ভাগ করে রাখা হল যে, বড় ঝুড়ির কমলার সংখ্যার ছয়গুণ ছোট ঝুড়ির কমলার সংখ্যার ছয়গুণের চেয়ে ১২ টি বেশি। বড় ঝুড়িতে ছোট ঝুড়ি অপেক্ষা কতটি কমলা বেশি ছিল? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]

ক. ২টি খ. ৩টি গ. ৫টি ঘ. ৬টি **উত্তর: ক**

সমাধানঃ বড় ঝুড়ির কমলার সংখ্যা x টি এবং ছোট ঝুড়ির কমলার সংখ্যা (98 – x) টি। প্রশ্নমতে, 6x = 6(98 – x) + 12 => 6x = 588 – 6x + 12 => 12x = 600 => x = 50 ; বড় ঝুড়ির কমলার সংখ্যা 50 টি এবং ছোট ঝুড়ির কমলার সংখ্যা = (98 – 50) = 48 টি। সুতরাং বড় ঝুড়িতে কমলা বেশি = 50 - 48 = 2 টি।

২১৯. 15 গজ কাপড় রফিক ও মাসুদের মধ্যে এমনভাবে ভাগ করে দিতে হবে যাতে মাসুদ রফিকের অংশের দুই তৃতীয়াংশ পায়। মাসুদ কত গজ কাপড় পাবে? [৩৩তম বিসিএস]

ক. 3 গজ খ. 5 গজ গ. 6 গজ ঘ. 9 গজ **উত্তর: গ**

সমাধানঃ রফিকের কাপড়ের পরিমাণ 3x গজ হলে মাসুদ পায় 2x গজ। প্রশ্নমতে, 3x + 2x = 15 => 5x = 15 => x = 3 ; মাসুদ পায় = 2x = 6

২২০. x, y এবং z এর মধ্যে 1400 টাকা এমন ভাবে ভাগ করা হলো যেন x পেল y এর দ্বিগুণ এবং y পেল z এর দ্বিগুণ। তাহলে y কত টাকা পেল? [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০৯]

ক. 800 খ. 600 গ. 400 ঘ. 200 **উত্তর: গ**

সমাধানঃ z m টাকা পেলে y পায় 2m টাকা এবং x পায় 4m টাকা। প্রশ্নমতে, $4m + 2m + m = 1400 \Rightarrow 7m = 1400 \Rightarrow m = 200$; y পায় = 400 টাকা

২২১. দুই হাজার ছয়শত টাকা তিন জনের মধ্যে এমনভাবে ভাগ করা হলো যে প্রথম ব্যক্তি দ্বিতীয় ব্যক্তির চেয়ে দ্বিগুণ টাকা পেল এবং দ্বিতীয় ব্যক্তি তৃতীয় ব্যক্তির গুণ টাকা পেল। তৃতীয় ব্যক্তি কত টাকা পেল? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৭]

ক. 1800 খ. 1625 গ. 2000 ঘ. কোনটিই নয় **উত্তর: গ**

সমাধানঃ তৃতীয় ব্যক্তি x টাকা পেলে দ্বিতীয় ব্যক্তি পায় $\frac{x}{10}$ টাকা এবং প্রথম ব্যক্তি পাবে $2 \times \frac{x}{10}) = \frac{x}{5}$ টাকা। শর্তমতে, $x + \frac{x}{10} + \frac{x}{5} = 2600 \Rightarrow 10x + x + 2x = 2600 \times 10 \Rightarrow 13x = 26000 \Rightarrow x = 2000$

২২২. একটি কলম ও দুইটি পেন্সিলের একত্রিত মূল্য 68 টাকা। যদি একটি কলমের মূল্য একটি পেন্সিলের মূল্যের চেয়ে 5 টাকা বেশি হয়, তবে পেন্সিলের মূল্য কত টাকা? [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ১৬]

ক. 18 খ. 20 গ. 21 ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

সমাধানঃ পেন্সিলের মূল্য x টাকা হলে কলমের মূল্য $(x + 5)$ টাকা। প্রশ্নমতে, $(x + 5) + 2x = 68 \Rightarrow 3x = 63 \Rightarrow x = 21$

২২৩. একটি বইয়ের মূল্য একটি কলমের মূল্য অপেক্ষা 7 টাকা কম এবং উক্ত বই এবং কলমের মোট ক্রয়মূল্য 43 টাকা হলে বইটির মূল্য কত টাকা? [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৭]

ক. 25 খ. 20 গ. 22 ঘ. 18 **উত্তর: ঘ**

সমাধানঃ বইয়ের মূল্য টাকা x হলে কলমের মূল্য $(x + 7)$ টাকা। প্রশ্নমতে, $x + x + 7 = 43 \Rightarrow 2x = 36 \Rightarrow x = 18$

২২৪. সুমনের কাছে যে টাকা আছে তা দিয়ে সে 18টি ডাকটিকিট ক্রয় করতে পারে। যদি প্রতিটি ডাকটিকিটের মূল্য 4 টাকা কম হতো, তাহলে সে আরো দুইটি ডাকটিকিট বেশি ক্রয় করতে পারতো। তার কাছে কত টাকা আছে? [বিএডিসি'র অফিস সহকারী: ১৮]

ক. 180 খ. 360 গ. 540 ঘ. 720 **উত্তর: ঘ**

সমাধানঃ সুমনের মোট টাকার পরিমাণ x টাকা হলে প্রশ্নমতে, $\frac{x}{18} - \frac{x}{18+2} = 4 \Rightarrow x = 720$

২২৫. রহিম ও করিম 1,000 টাকা ভাগ করে নিল। করিম আরও 500 টাকা বেশি পেলে এবং রহিম 500 টাকা কম পেলে, করিম রহিমের 4 গুণ টাকা পেত। রহিম কত টাকা পেয়েছে? [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ০৯]

ক. 800 খ. 700 গ. 300 ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ রহিম x টাকা পেলে করিম পাবে $(1000 - x)$ টাকা। প্রশ্নমতে, $(1000 - x) + 500 = 4(x - 500) \Rightarrow 1500 - x = 4x - 2000 \Rightarrow 5x = 3500 \Rightarrow x = 700$

২২৬. অ, আ ও ই এর মধ্যে 1400 টাকা এমন ভাবে ভাগ করা হলো যাতে অ পায় আ এর দ্বিগুণ এবং আ পায় ই এর দ্বিগুণ পরিমাণ টাকা। তাহলে অ কত পেল? [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ০০]

ক. 200 খ. 400 গ. 800 ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

সমাধানঃ ই x টাকা পেলে আ পায় $2x$ টাকা এবং অ পায় $4x$ টাকা। প্রশ্নমতে, $4x + 2x + x = 1400 \Rightarrow 7x = 1400 \Rightarrow x = 200$; অ পায় $(4 \times 200) = 800$ টাকা

২২৭. ১০৫০ টাকা P, Q ও R এর মধ্যে এমনভাবে ভাগ করে দেয়া হলো যাতে P এর অংশ Q ও R একত্রে যা পায় তার দুই-পঞ্চমাংশ ভাগ। তাহলে P কত টাকা পায়? [কৃষি মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১৯]

ক. ২০০ খ. ৩০০ গ. ৫০০ ঘ. ৬০০ **উত্তর: খ**

সমাধানঃ Q ও R একত্রে x টাকা পেলে P পায় $= (x \times \frac{২}{৫}) = \frac{২x}{৫}$ টাকা। শর্তমতে, $\frac{২x}{৫} + x = ১০৫০ \Rightarrow ৭x = ১০৫০ \times ৫ \Rightarrow x = ৭৫০$; সুতরাং P পায় $= (৭৫০ \times \frac{২}{৫})$ টাকা $= ৩০০$ টাকা।

২২৮. মাতা ও কন্যার ওজন 250 পাউন্ড; মাতার ওজন কন্যার ওজনের দেড় গুণ। কন্যার ওজন কত পাউন্ড? [বিজেএমসি'র সহকারী হিসাব কর্মকর্তা: ১৭]

ক. 80 খ. 90 গ. 100 ঘ. 150 **উত্তর: গ**

সমাধানঃ কন্যার ওজন x পাউন্ড হলে মাতার ওজন $1\frac{1}{2}x$ পাউন্ড $= \frac{3x}{2}$ পাউন্ড। শর্তমতে, $\frac{3x}{2} + x = 250 \Rightarrow \frac{3x + 2x}{2} = 250 \Rightarrow 5x = 500 \Rightarrow x = 100$

২২৯. 120টি পঁচিশ পয়সার মুদ্রা ও দশ পয়সার মুদ্রা একত্রে 27 টাকা হলে, পঁচিশ পয়সার মুদ্রারও দশ পয়সার মুদ্রার সংখ্যা কত? [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]

ক.100 টি ও 20 টি খ. 90 টি ও 30 টি গ. 80 টি ও 40 টি ঘ. 70 টি ও 50 টি **উত্তর: ক**

সমাধানঃ পঁচিশ পয়সার মুদ্রা x টি হলে দশ পয়সার মুদ্রা হবে (120 – x) টি। প্রশ্নমতে, 25x + 10(120 – x) = 2700 => 25x + 1200 – 10x = 2700 => 15x = 1500 => x = 100 ; দশ পয়সার মুদ্রার সংখ্যা (120 – 100) = 20 টি

২৩০. **একটা থলিয়ায় 1 টাকা, 50 পয়সা, 25 পয়সা ও 10 পয়সার সমান সংখ্যক মুদ্রা আছে এবং সর্বসমেত 55.50 টাকা আছে। প্রত্যেক প্রকার মুদ্রার সংখ্যা কত?** [দুদকের অফিস সহায়ক: ৮৪]

ক. 30 খ. 25 গ. 35 ঘ. 40 **উত্তর: ক**

সমাধানঃ প্রত্যেক প্রকার মুদ্রার সংখ্যা x টি হলে প্রশ্নমতে, 1 × x + 0.50x + 0.25 + 0.10x = 55.50 => 1.85x = 55.50 => x = 30

২৩১. **একটি থলেতে 25 পয়সা, 10 পয়সা ও 5 পয়সার মুদ্রা 3 : 4 : 5 অনুপাতে আছে। যদি সবগুলো মিলিয়ে 28 টাকা হয়, তাহলে 10 পয়সার মুদ্রা কতটি?** [তিতাস গ্যাস ফিল্ডের সহকারী অফিসার: ১৮]

ক. 80টি খ. 60টি গ. 100টি ঘ. 110টি **উত্তর: ক**

সমাধানঃ থলেটিতে 25 পয়সা, 10 পয়সা ও 5 পয়সার মুদ্রার সংখ্যা যথাক্রমে 3x, 4x ও 5x ; প্রশ্নমতে, 25 × 3x + 10 × 4x + 5 × 5x = 2800 => 75x + 40x + 25x = 2800 => 140x = 2800 => x = 20 ; 10 পয়সার মুদ্রার সংখ্যা (4 × 20) = 80

২৩২. **একটি সিনেমা হলে প্রথম ও দ্বিতীয় শ্রেণির আসন মিলিয়ে মোট ৫০০ আসন আছে। প্রথম শ্রেণির একটি টিকিটের দাম ৩০ টাকা এবং দ্বিতীয় শ্রেণির একটি টিকিটের দাম ১৮ টাকা। সবগুলো টিকিটের বিক্রয়মূল্য ১০,৫০০ টাকা হলে দ্বিতীয় শ্রেণির আসন সংখ্যা কত?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]

ক. ২২৫ খ. ২৫০ গ. ৩৭০ ঘ. ৩৭৫ **উত্তর: ঘ**

সমাধানঃ দ্বিতীয় শ্রেণির আসন সংখ্যা x টি হলে প্রথম শ্রেণির আসন সংখ্যা (500 – x) টি। প্রশ্নমতে, 18x + 30(500 – x) = 10500 => 18x + 1500 – 30x = 10500 => 12x = 4500 => x = 375

২৩৩. **একটি খাবারের দোকানে দুই ধরনের খাবার পাওয়া যায় যার মূল্য ৬৫ টাকা ও ২০ টাকা।একদিনে দুই ধরনের মোট ২০৯টি খাবর বিক্রি করে ৮৩৬৫ টাকা পাওয়া গেলে, ৬৫ টাকা মূল্যের খাবার কয়টি বিক্রি হয়েছিল?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]

ক. ৭৭ খ. ৯৩ গ. ৯৯ ঘ. ১০৫ **উত্তর: খ**

সমাধানঃ 65 টাকা মূল্যের খাবার x টি হলে ২০ টাকা মূল্যের খাবার (২০৯ - x) টি। প্রশ্নমতে, 65x + 20(209 – x) = 8365 => 65x + 4180 – 20x = 8365 => 45x = 4185 => x = 93

২৩৪. **খ এর দৈনিক আয় ক এর দ্বিগুণ এবং গ এর দৈনিক আয় খ এর দ্বিগুণ। তাদের তিনজনের আয়ের যোগফল 1120 টাকা হলে গ এর দৈনিক আয় কত টাকা?** [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ১৬]

ক. 560 খ. 640 গ. 684 ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ গ এর দৈনিক আয় x টাকা হলে খ এর $\frac{x}{2}$ টাকা এবং ক এর $\frac{x}{4}$ টাকা। প্রশ্নমতে, $x + \frac{x}{2} + \frac{x}{4} = 1120 \Rightarrow 7x = 1120 \times 4 \Rightarrow x = 640$

২৩৫. **রফিকের ওজন যদি 17 কেজি কমে যায় তবে তার ওজন আরিফের ওজনের অর্ধেক হয়ে যাবে। তাদের দুজনের ওজনের যোগফল 140 কেজি হলে রফিকের ওজন কত কেজি?** [ডিএই'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ১৮]

ক. 55 খ. 58 গ. 61 ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ রফিকের ওজন x কেজি হলে আরিফের ওজন (140 – x) কেজি। প্রশ্নমতে, $x - 17 = \frac{1}{2}(140 - x) \Rightarrow 3x = 174 \Rightarrow x = 58$

২৩৬. **সুমন 20 টাকা ও 30 টাকা দামের সমসংখ্যক কলম কিনলো। এখন যদি সে মোট 1000 টাকার কলম কিনে থাকে, তাহলে সে মোট কয়টি কলম কিনতে পারবে?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০৯]

ক. 28 খ. 32 গ. 40 ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

সমাধানঃ 20 টাকা দরে x টি কলম কিনলে 30 টাকা দরেও কিনে x টি কলম। 20 টাকা দরে x টি কলমের মূল্য 20x টাকা এবং 30 টাকা দরে x কলমের মূল্য 30x টাকা। প্রশ্নমতে, 20x + 30x = 1000 => 50x = 1000 => x = 20 ; সুতরাং মোট কলম কিনলো = (x + x) = 2x = 40 টি

২৩৭. **1966 সালে বাংলাদেশের কোনো একটি শহরে রেডিওর সংখ্যা টেলিভিশনের সংখ্যার দ্বিগুণ ছিল। 1970 সালের মধ্যে ঐ শহরে আরো 200 টি টেলিভিশন কেনা হলো। তবুও রেডিওর সংখ্যা টেলিভিশনের চেয়ে 40 টি বেশি। তাহলে রেডিওর সংখ্যা কত তা বের করুন?** [শ্রম পরিদপ্তরের উপ-সহকারী পরিচালক: ০১]

ক. 240 খ. 120 গ. 480 ঘ. 80 **উত্তর: গ**

২৩৮. **একটি ক্রিকেট দলের যতজন স্ট্যাম্প আউট হলো তার দেড়গুণ কট আউট হলো এবং মোট উইকেটের অর্ধেক বোল্ড আউট হলো। এই দলের কতজন কট আউট হলো?** [১১তম বিসিএস]

ক. 4 জন খ. 3 জন গ. 2 জন ঘ. 5 জন **উত্তর: খ**

সমাধানঃ ক্রিকেট দলের খেলোয়াড় 11 জন হলেও অপরাজিত থাকে তাই উইকেট সংখ্যা = 10 ; সুতরাং বোল্ড আউট হয় = $\frac{10}{2}$ জন = 5 জন। অবশিষ্ট উইকেট = (10 - 5) জন = 5 জন। স্ট্যাম্প আউট x জন হলে কট আউট = $1\frac{1}{2} \times x = \frac{3x}{2}$ জন। শর্তমতে, $x + \frac{3x}{2} = 5$ $\Rightarrow x = \frac{5x}{2} = 5 \Rightarrow x = 2$; সুতরাং কট আউট হয় = $\frac{3 \times 2}{2}$ জন = 3 জন

২৩৯. একটি শ্রেণিতে প্রতি বেঞ্চে 4 জন করে ছাত্র বসলে 3 খানা বেঞ্চ খালি থাকে। কিন্তু প্রতি বেঞ্চে 3 জন করে বসলে 6 জন ছাত্র দাড়িয়ে থাকতে হয়। ঐ শ্রেণিতে ছাত্র সংখ্যা কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. 55 জন খ. 60 জন গ. 65 জন ঘ. 70 জন **উত্তর: খ**

সমাধানঃ বেঞ্চ সংখ্যা x হলে প্রথম শর্তমতে ছাত্রসংখ্যা = 4 (x – 3) = 4x - 12 এবং দ্বিতীয় শর্তমতে ছাত্রসংখ্যা = 3x + 6 ; প্রশ্নমতে, $4x - 12 = 3x + 6 \Rightarrow x = 18$; ছাত্রসংখ্যা = $3x + 6 = 3 \times 18 + 6 = 60$

২৪০. n সংখ্যক চকলেট থেকে একটি ক্লাসের সকল ছাত্রকে ৩ টি করে চকলেট দিলে ৫টি চকলেট অবশিষ্ট থাকে, কিন্তু ৪ টি করে চকলেট দিতে গেলে আরো ২১ টি চকলেটের প্রয়োজন হয়। ঐ ক্লাসের ছাত্র সংখ্যা কত? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]

ক. ১৬ খ. ২১ গ. ২৬ ঘ. ২৬ **উত্তর: ঘ**

সমাধানঃ প্রতিজনে 3 টি করে বন্টনকৃত চকলেট = (n - 5) টি এবং ছাত্র সংখ্যা = $\frac{n - 5}{3}$ জন। প্রতিজনে 4 টি করে $\frac{n - 5}{3}$ জনের মধ্যে বন্টনকৃত চকলেট = $4 \times \frac{n - 5}{3} = \frac{4n - 20}{3}$ টি। শর্তমতে, $\frac{4n - 20}{3} = n + 21 \Rightarrow 4n - 20 = 3n + 63 \Rightarrow n = 83$; অতএব, ছাত্রসংখ্যা = $\frac{n - 5}{3} = \frac{83 - 5}{3} = 26$ জন।

২৪১. মামুন 240 টাকায় একই রকম কতগুলি কলম কিনে দেখল যে, যদি সে একটি কলম বেশি পেত তাহলে প্রতিটি কলমের মূল্য 1 টাকা কম পড়ত। সে কতগুলো কলম কিনেছিল? [৩৪তম বিসিএস]

ক. 13টি খ. 14টি গ. 15টি ঘ. 16টি **উত্তর: গ**

সমাধানঃ মামুনের ক্রয় করা কলম x টি হলে প্রতিটি কলমের ক্রয়মূল্য = $\frac{240}{x}$ টাকা। কলম (x + 1) টি হলে প্রতিটি কলমের ক্রয়মূল্য = $\frac{240}{x + 1}$ টাকা। শর্তমতে, $\frac{240}{x} - \frac{240}{x + 1} = 1 \Rightarrow \frac{240x + 240 - 240x}{x(x + 1)} = 1 \Rightarrow 240 = x(x + 1) \Rightarrow x^2 + x - 240 = 0 \Rightarrow x^2 + 16x - 15x - 240 = 0 \Rightarrow x(x + 16) - 15(x + 16) = 0 \Rightarrow (x + 16)(x - 15) = 0 \Rightarrow x = -16, x = 15$

২৪২. 20 জন বাচ্চার মধ্যে কিছু সংখ্যক চকলেট সমানভাবে ভাগ করে বিতরণ করা হলো। যদি আর একটি চকলেট বেশি থাকতো এবং একজন বাচ্চা বেশি হতো, তবে প্রত্যেক বাচ্চা একটি করে চকলেট কম পেত। কতটি চকলেট ছিল? [বিএমইটি'র উপ-সহকারী পরিচালক: ০১]

ক. 420 খ. 820 গ. 440 ঘ. 840 **উত্তর: গ**

২৪৩. একটি ক্লাসের শিক্ষার্থীদের মধ্যে2 700 চকলেট বিতরণ করা হলো। প্রত্যেক শিক্ষার্থী ক্লাসের মোট শিক্ষার্থী সংখ্যার তিনগুণ পরিমাণ পেলে শিক্ষার্থী সংখ্যা কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. 75 খ. 70 গ. 85 ঘ. 30 **উত্তর: ঘ**

২৪৪. একটি শ্রেণিতে যতজন ছাত্রছাত্রী আছে প্রত্যেকে তত পয়সার চেয়ে আরও 25 পয়সা বেশি করে চাঁদা দেওয়ায় মোট 75 টাকা উঠল। ঐ শ্রেণির ছাত্র-ছাত্রীর সংখ্যা কত? [৩৪তম বিসিএস]

ক. 70 খ. 85 গ. 75 ঘ. 100 **উত্তর: গ**

সমাধানঃ ছাত্রছাত্রীর সংখ্যা x জন হলে 1 জন শিক্ষার্থী দেয় (x + 25) পয়সা এবং x জন শিক্ষার্থী দেয় (x + 25) পয়সা। শর্তমতে, $x(x + 25) = 7500 \Rightarrow x^2 + 25x - 7500 = 0 \Rightarrow x^2 + 100x - 75x - 7500 = 0 \Rightarrow x(x + 100) - 75(x + 100) = 0 \Rightarrow (x + 100)(x - 75) = 0 \Rightarrow x = -100, x = 75$

২৪৫. বাবু এবং তপুর কাছে কিছু মার্বেল আছে। বাবু যদি তপুকে 10 টি মার্বেল দিয়ে দেয় তবে তাদের মার্বেলের সংখ্যা সমান হবে। আর তপু যদি বাবুকে 20 টি মার্বেল দেয় তবে বাবুর মার্বেল সংখ্যা তপুর মার্বেলের সংখ্যার দ্বিগুণ হবে। বাবুর কাছে কয়টি মার্বেল আছে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. 100 খ. 120 গ. 140 ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ বাবুর x টি মার্বেল হতে তপুকে 10 টি দেওয়ার পরে বাবুর মার্বেল সংখ্যা = (x – 10) টি। সুতরাং তপুর মার্বেল সংখ্যাও (x – 10) টি। 10 টি মার্বেল গ্রহণ করার পূর্বে তপুর মার্বেল ছিল = {(x – 10) – 10} = (x – 20) টি। আবার, তপু যদি বাবুকে 20 টি মার্বেল দেয় তাহলে বাবুর মার্বেল সংখ্যা = (x + 20) টি এবং তপুর মার্বেল সংখ্যা হবে = {(x – 20) – 20} (x – 40) টি। শর্তমতে, $x + 20 = 2(x - 40) \Rightarrow x + 20 = 2x - 80 \Rightarrow x = 100$

২৪৬. **দুই ঘন্টার একটি ভর্তি পরীক্ষায় ৫০টি গণিত প্রশ্ন এবং ৫০টি বাংলা প্রশ্ন ছিল। একজন পরীক্ষার্থী সবগুলো প্রশ্নের উত্তর দেয় এবং একটি গণিত প্রশ্নের উত্তর দিতে যত সময় ব্যয় করে, একটি বাংলা প্রশ্নের উত্তর দিতে তার এক-তৃতীয়াংশ সময় ব্যয় করে। গনিত প্রশ্নের উত্তর দিতে সে মোট কত মিনিট সময় ব্যয় করেছিল?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]

ক. ৭০ খ. ৭৫ গ. ৮০ ঘ. ৯০ **উত্তর: ঘ**

সমাধানঃ একটি গণিত প্রশ্নের উত্তরে t মিনিট লাগলে বাংলা প্রশ্নের উত্তর লাগে $\frac{t}{3}$ মিনিট। তাহলে 50 টি গণিত প্রশ্নের উত্তর দিতে সময় লাগে $= 50t$ মিনিট এবং 50 টি বাংলা প্রশ্নের উত্তর দিতে সময় লাগে $= 50 \times \frac{t}{3}$ মিনিট। সবগুলো প্রশ্নের উত্তর করতে ব্যয়িত সময় = ২ ঘন্টা $= 2 \times 60$ মি $= 120$ মিনিট। শর্তমতে, $50t + 50 \times \frac{t}{3} = 120 \Rightarrow 150t + 50t = 360 \Rightarrow 200t = 360 \Rightarrow 50t \times 4 = 360 \Rightarrow 50t = \frac{360}{4} = 90$ মিনিট।

২৪৭. **240 জন লোক একটি বনভোজনে যায়। সেখানে যতজন মহিলা ছিল তার থেকে 20 জন পুরুষ বেশি ছিল। আবার যতজন শিশু ছিল তার থেকে 20 জন প্রাপ্তবয়স্ক বেশি ছিল। বনভোজনে কতজন পুরুষ ছিল?** [বিএডিসি'র সহায়কারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]

ক. 100 খ. 140 গ. 145 ঘ. 75 **উত্তর: ঘ**

সমাধানঃ পুরুষের সংখ্যা x জন হলে মহিলার সংখ্যা হবে (x - 20) জন। তাহলে মোট প্রাপ্ত বয়স্ক লোক $= x + (x - 20) = (2x - 20)$ জন। মোট শিশুর সংখ্যা = প্রাপ্ত বয়স্ক লোক $- 20 = (2x - 20) - 20 = (2x - 40)$ জন। শর্তমতে, $x + (x - 20) + (2x - 40) = 240 \Rightarrow 4x - 60 = 240 \Rightarrow 4x = 300 \Rightarrow x = 75$ জন।

২৪৮. **শিক্ষা সফরে যাওয়ার জন্য 2400 টাকায় বাস ভাড়া করা হলো এবং প্রত্যেক ছাত্র-ছাত্রী সমান ভাড়া বহন করবে ঠিক হলো। অতিরিক্ত 10 জন ছাত্র-ছাত্রী যাওয়ায় প্রতি জনের ভাড়া 8 টাকা কমে গেল। বাসে কতজন ছাত্র-ছাত্রী গিয়েছিল?** [২৭তম বিসিএস]

ক. 40 খ. 48 গ. 50 ঘ. 60 **উত্তর: ঘ**

সমাধানঃ ছাত্র-ছাত্রীর সংখ্যা x জন হলে প্রতিজনের ভাড়া $= \frac{2400}{x}$ টাকা। অতিরিক্ত 10 জন সহ জন মোট)x + 10) যাত্রীর প্রতিজনের ভাড়া $= \frac{2400}{x+10}$ টাকা। শর্তমতে, $\frac{2400}{x} - \frac{2400}{x+10} = 8 \Rightarrow \frac{300}{x} - \frac{300}{x+10} = 1 \Rightarrow \frac{300x + 3000 - 300x}{x(x+10)} = 1 \Rightarrow \frac{3000}{x(x+10)} = 1 \Rightarrow x^2 + 10x - 3000 = 0 \Rightarrow x^2 + 60x - 50x - 3000 = 0 \Rightarrow x(x + 60) - 50(x + 60) = 0 \Rightarrow (x + 60)(x - 50) = 0 \Rightarrow x = -60 \Rightarrow x = 50$; বাসে ছাত্র-ছাত্রী গিয়েছিল $(50 + 10) = 60$ জন।

২৪৯. **বনভোজনে যাওয়ার জন্য 2400 টাকা বাস ভাড়া করা হল এবং প্রত্যেক যাত্রী সমান ভাড়া বহন করবে ঠিক করল। 10 জন যাত্রী না আসায় মাথাপিছু ভাড়া 8 টাকা বৃদ্ধি পেল। বাসে কত জন যাত্রী গিয়েছিল এবং প্রত্যেককে কত করে ভাড়া দিতে হল?** [থানা শিক্ষা অফিসার: ০৫]

ক. 30 জন যাত্রী ছিল এবং প্রত্যেকে 80 টাকা খ. 40 জন যাত্রী ছিল এবং প্রত্যেকে 60 টাকা
গ. 50 জন যাত্রী ছিল এবং প্রত্যেকে 48 টাকা ঘ. 60 জন যাত্রী ছিলএবং প্রত্যেকে 40 টাকা **উত্তর: গ**

সমাধানঃ পূর্বে নির্ধারণ করা যাত্রী সংখ্যা x জন হলে 1 জনের নির্ধারিত ভাড়া $= \frac{2400}{x}$ টাকা। 10 জন না যাওয়ায় জন প্রতি ভাড়া $= \frac{2400}{x - 10}$ টাকা। শর্তমতে, $\frac{2400}{x-10} - \frac{2400}{x} = 8 \Rightarrow \frac{2400x - 2400(x - 10)}{x(x - 10)} = 1 \Rightarrow 24000 = 8x(x - 10) \Rightarrow 8x^2 - 80x - 24000 = 0 \Rightarrow x^2 - 10x - 3000 = 0 \Rightarrow x^2 - 60x + 50x - 3000 = 0 \Rightarrow x(x - 60) + 50(x - 60) = 0 \Rightarrow (x - 60)(x + 50) = 0 \Rightarrow x = 60, x = -50$; বনভোজনে যাত্রী গিয়েছিল $= (60 - 10) = 50$ জন এবং প্রত্যেককে ভাড়া দিতে হলো $= \frac{2400}{50} = 48$ টাকা।

২৫০. **বনভোজনে যাওয়ার জন্য 5700 টাকায় একটি বাস ভাড়া করা হয় এ শর্তে যে প্রত্যেকযাত্রী সমান ভাড়া বহন রবে। 5 জন যাত্রী না আসায় ভাড়া মাথাপিছু 3 টাকা বৃদ্ধি পেল। বাসে কতজন যাত্রী গিয়েছিল?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজকল্যাণ সংগঠক: ০৫]

ক. 85 জন খ. 90 জন গ. 95 জন ঘ. 88 জন **উত্তর: গ**

২৫১. **একটি লঞ্চে যাত্রী সংখ্যা ৫০। মাথাপিছু কেবিনের ভাড়া ডেকের ভাড়ার দ্বিগুণ। ডেকের ভাড়া মাথাপিছু ১৫ টাকা এবং মোট ভাড়া ১২০০ টাকা হলে, কেবিনের যাত্রীর সংখ্যা কত?** [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]

ক. ৩০ খ. ২০ গ. ১০ ঘ. ৬০ **উত্তর: ক**

সমাধানঃ কেবিনের যাত্রীর সংখ্যা x জন হলে ডেকের যাত্রী সংখ্যা (৫০ - x) জন। ডেকের ভাড়া মাথাপিছু ১৫ টাকা হলে কেবিনের ভাড়া (১৫ × ২) টাকা = ৩০ টাকা। কেবিনের যাত্রীর মোট ভাড়া = ৩০x টাকা এবং ডেকের যাত্রীর মোট ভাড়া = ১৫(৫০ - x) টাকা = (৭৫০ – ১৫x) টাকা। শর্তমতে, $৩০x + ৭৫০ - ১৫x = ১২০০ \Rightarrow ১৫x = ৪৫০ \Rightarrow x = ৩০$

২৫২. **একটি নৌকা পানির লেভেলে বাঁধা দড়ি দ্বারা একটি ডকের দিকে টানা হয়। নৌকাটি যখন ডক থেকে ১২ ফুট দূরে থাকে, তখন নৌকা থেকে ডক পর্যন্ত দড়ির দৈর্ঘ্য পানির উপর ডকের উচ্চতার দ্বিগুণের চেয়ে ৩ ফুট লম্বা হয়। তাহলে ডকের উচ্চতা কত?** [৪৩তম বিসিএস]

ক. ৪ ফুট খ. ৫ ফুট গ. ৮ ফুট ঘ. ৯ ফুট **উত্তর: খ**

২৫৩. কালামের বেতন x টাকা, যা সালামের বেতনের অর্ধেক এবং আরিফের বেতনের চারগুণ। তাদের তিনজনের বেতনের যোগফল কত? [ডিএই'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ১৮]

ক. $\frac{13x}{4}$ খ. $\frac{73}{4}$ গ. $3x$ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ কালামের বেতন x টাকা হলে সালামের বেতন $2x$ টাকা এবং আরিফের বেতন $\frac{x}{4}$ টাকা। তাদের তিনজনের বেতনের যোগফল = $(x + 2x + \frac{x}{4}) = (\frac{4x+8x+3}{4}) = \frac{13x}{4}$ টাকা।

২৫৪. $y = mx$ সমীকরণে যদি, y = মোট খরচ, x = উৎপাদিত পণ্যের পরিমাণ হয়, তবে m = কত? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৩]

ক. প্রতি একক উৎপাদন ব্যয় খ. ভর গ. ঢাল ঘ. ধ্রুবক ব্যয় **উত্তর: ক**

সমাধানঃ $y = mx$ => মোট খরচ = m × উৎপাদিত পণ্যের পরিমাণ => $m = \frac{\text{মোট খরচ}}{\text{উৎপাদিত পণ্যের পরিমাণ}}$ = প্রতি একক উৎপাদন ব্যয়।

২৫৫. এক ব্যক্তির মাসিক বেতন $2x^2 - 1$ টাকা, তার x - 3 মাসের বেতন - [বিবিএস'র পরিসংখ্যান কর্মকর্তা: ১০]

ক. $x^3 - 2x^2 - 5$ খ. $2x^3 + 6x^2 - 6x + 3$ গ. $2x^3 - 6x^2 - x + 3$ ঘ. $2x^3 - 6x^2 - 2x - 5$ **উত্তর: গ**

সমাধানঃ 1 মাসের বেতন $(2x^2 - 1)$ টাকা হলে $(x - 3)$ মাসের বেতন = $(2x^2 - 1)(x - 3) = (2x^3 - 6x^2 - x + 3)$ টাকা

২৫৬. বালক ও বালিকার একটি দলে নিম্নরূপ খেলা হচ্ছে। প্রথম বালক 4 জন বালিকার সঙ্গে খেলছে, দ্বিতীয় বালক 6 জন বালিকার সঙ্গে খেলছে, এভাবে শেষ বালক সবকয়টি বালিকার সঙ্গে খেলছে। যদি b বালকের সংখ্যা এবং g বালিকার সংখ্যা প্রকাশ করে, তবে b = কত? [১৩তম বিসিএস]

ক. $b = g$ খ. $b = \frac{g}{5}$ গ. $b = g - 4$ ঘ. $b = g - 5$ **উত্তর: গ**

সমাধানঃ বালকের সংখ্যা + 4 = বালিকার সংখ্যা => $b + 4 = g$ => $b = g - 4$

সরল ও দ্বিপদী অসমতা

০১. $a + c > b$ হলে নিচের কোনটি সত্য? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা: ১৭]

ক. $a > b - c$ খ. $a < b - c$ গ. $a > b + c$ ঘ. $a < b + c$ **উত্তর: ক**

সমাধানঃ $a + c > b$ => $a + c - c > b - c$ => $a > b - c$

০২. $a \leq b$ এবং $b \leq a$ হলে নিচের কোনটি সত্য? [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. $a < b$ খ. $a > b$ গ. $a = b$ ঘ. $a \neq b$ **উত্তর: গ**

সমাধানঃ $a \leq b$ => $a < b$ => $a = b$; আবার, $b \leq a$ => $b < a$ => $b = a$

০৩. $x > y$ এবং $z < 0$ হলে নিচের কোনটি সঠিক? [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক: ১৭]

ক. $xz > yz$ খ. $\frac{z}{x} < \frac{z}{y}$ গ. $\frac{x}{z} > \frac{y}{z}$ ঘ. $xz < yz$ **উত্তর: ঘ**

সমাধানঃ যেহেতু $z < 0$, সেহেতু z একটি ঋণাত্মক সংখ্যা। দেওয়া আছে, $x > y$; উভয়পক্ষে z দ্বারা গুণ করে পাই $xz < yz$ (z ঋণাত্মক সংখ্যা বলে গুন করায় > চিহ্ন পরিবর্তিত হয়ে < চিহ্ন হয়েছে)।

০৪. x যদি y এর চেয়ে বড় হয়, তবে $\frac{1}{x}$ এর চেয়ে $\frac{1}{y}$ - [সেসিপ'র থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা: ১৫]

ক. বড় খ. ছোট গ. সমান ঘ. অসমান **উত্তর: ক**

সমাধানঃ x, y ধনাত্মক পূর্ণ সংখ্যা হলে $x > y$ হয় তবে $\frac{1}{x} < \frac{1}{y}$

০৫. যদি $x > 2$ এবং $y > -1$ হয়, তবে কোনটি সঠিক? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]

ক. $xy > -2$ খ. $-x < 2y$ গ. $xy < -2$ ঘ. $-x > 2y$ **উত্তর: ক**

সমাধানঃ $x > 2$ .... (1) এবং $y > -1$ .... (2) ; সমীকরণ (1)×(2) = $xy > -2$

০৬. যদি $x > 7$ এবং $y > -3$ হয়, তবে কোনটি সঠিক? [পিএসসি'র সহকারী পরিচালক: ০৬]

ক. $xy > 7$ খ. $xy > -21$ গ. $xy < 3$ ঘ. $-x > 2y$ **উত্তর: খ**

সমাধানঃ $xy > 7$ ..... (1) এবং $y > -3$ ..... (2) ; (1) ও (2) অসমতাকে গুণ করে পাই = $xy > -21$

০৭. যদি $x < y$ এবং $a < b$ হয়, তবে কোন সম্পর্কটি সঠিক? [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০০]

ক. $a + x < b + y$ খ. $a + x > b + y$ গ. $a = y$ ঘ. $ax = by$ **উত্তর: ক**

ক. সামান্তরিক খ. আয়ত গ. রম্বস ঘ. ট্রাপিজিয়াম **উত্তর: ঘ**

৫৩. একটি চতুর্ভুজের চারটি বাহুর বিপরীত দুইটি সমান্তরাল কিন্তু অসমান। একে বলে - [থানা / উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা: ১৫]
ক. সামান্তরিক খ. বর্গক্ষেত্র গ. ট্রাপিজিয়াম ঘ. আয়তক্ষেত্র **উত্তর: গ**

৫৪. যে চতুর্ভুজের দুটি বাহু সমান্তরাল ও অপর দুটি বাহু অসমান্তরাল তাকে কী বলে? [কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার: ১৮]
ক. ট্রাপিজিয়াম খ. বর্গক্ষেত্র গ. আয়তক্ষেত্র ঘ. সামান্তরিক **উত্তর: ক**

৫৫. কোনো চতুর্ভুজে দুইটি বিপরীত বাহু পরস্পর সমান্তরাল হলে এবং অপর দুইটি বাহু তির্যক হলে চতুর্ভুজটি কী রকম হবে? [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]
ক. রম্বস খ. সামান্তরিক গ. ট্রাপিজিয়াম ঘ. আয়তক্ষেত্র **উত্তর: গ**

৫৬. ট্রাপিজিয়ামের অন্তস্থঃ কোণগুলির সমষ্টি - [যোগাযোগ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. ১৮০° খ. ৩৬০° গ. ৪৫০° ঘ. ৫৪০° **উত্তর: খ**

বৃত্ত

০১. একটি বৃত্তের যেকোনো দুইটি বিন্দুর সংযোজক রেখাকে বলে - [প্রাণিসম্পদ অধিদপ্তরের ভিএফএ: ২০]
ক. ব্যাস খ. ব্যাসার্ধ গ. চাপ ঘ. জ্যা **উত্তর: ঘ**

০২. বৃত্তের পরিধির দুইটি বিন্দুর ছেদকারী বৃত্তের মধ্যকার রেখাকে বলে - [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১২]
ক. ব্যাসার্ধ খ. ব্যাস গ. স্পর্শক ঘ. জ্যা **উত্তর: ঘ**

০৩. বৃত্তের কেন্দ্র ছেদকারী জ্যাকে কী বলে? / বৃত্তের কেন্দ্রগামী জ্যাকে কী বলে? [৩০তম বিসিএস]
ক. ব্যাস খ. ব্যাসার্ধ গ. বৃত্তচাপ ঘ. পরিধি **উত্তর: ক**

০৪. কোনো বৃত্তের তিনটি সমান জ্যা একই বিন্দুতে ছেদ করলে ঐ বিন্দুটি বৃত্তের - [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৩]
ক. পরিধিতে অবস্থিত হবে খ. কেন্দ্রে অবস্থিত হবে
গ. ব্যাস ভিন্ন জ্যায়ে অবস্থিত হবে ঘ. কেন্দ্র ও পরিধির মধ্যস্থানে অবস্থিত হবে **উত্তর: খ**

০৫. বৃত্তের কেন্দ্র থেকে পরিধির যেকোনো বিন্দুর সংযোজক সরল রেখাকে কী বলে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. ব্যাস খ. জ্যা গ. ব্যাসার্ধ ঘ. চাপ **উত্তর: গ**

০৬. বৃত্তের কেন্দ্র হতে পরিধি পর্যন্ত দূরত্বকে বলা হয় - [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ক. জ্যা খ. ব্যাস গ. ব্যাসার্ধ ঘ. স্পর্শক **উত্তর: গ**

০৭. বৃত্তের কেন্দ্র থেকে পরিধি পর্যন্ত অঙ্কিত সরল রেখাকে কী বলে? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. ব্যাস খ. ব্যাসার্ধ গ. জ্যা ঘ. চাপ **উত্তর: খ**

০৮. বৃত্তের কেন্দ্র থেকে সমদূরবর্তী যে বক্ররেখা আঁকা হয় তাকে বলে - [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]
ক. বৃত্তচাপ খ. ব্যাস গ. ব্যাসার্ধ ঘ. স্পর্শক **উত্তর: ক**

০৯. একটি বৃত্তের বৃহত্তম জ্যাটি ব্যাসার্ধের - [স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৬]
ক. সমান খ. অর্ধেক গ. দ্বিগুণ ঘ. তিনগুণ **উত্তর: গ**

১০. বৃত্তসমূহের পরস্পর পরিধিগুলোর অনুপাত এদের ব্যাসার্ধগুলোর অনুপাতের --- হয়। [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ০৪]
ক. সমান খ. অর্ধেক গ. অসমান ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

১১. একই সরলরেখায় অবস্থিত নয় এমন ন্যূনতম কয়টি বিন্দু দিয়ে একটি বৃত্ত আঁকা যায়? [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৮]
ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৫ **উত্তর: খ**

১২. দুইটি নির্দিষ্ট বিন্দু দিয়ে কয়টি বৃত্ত আঁকা যাবে? [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১২]
ক. ১টি খ. ২টি গ. ৩টি ঘ. অসংখ্য **উত্তর: ঘ**

১৩. একটি বিন্দু দিয়ে অসংখ্য বৃত্ত আঁকা গেলে দুইটি বিন্দু দিয়ে কয়টি বৃত্ত আঁকা যাবে? [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ১৭]
ক. অসংখ্য খ. ৩টি গ. ২টি ঘ. ১টি **উত্তর: ক**

১৪. একই সরলরেখায় অবস্থিত তিনটি বিন্দুর মধ্যে দিয়ে কয়টি বৃত্ত আঁকা যাবে? [অগ্রণী ব্যাংকের অফিসার: ৯৭]
ক. ১টি খ. ৩টি গ. ২টি ঘ. আঁকা সম্ভব নয় **উত্তর: ঘ**

১৫. বৃত্তের কেন্দ্রে উৎপন্ন কোণগুলোর সমষ্টি কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৩]
ক. ৩৪০° খ. ৩৬০° গ. ৪০০° ঘ. ৪৪০° **উত্তর: খ**

১৬. বৃত্তের কেন্দ্রের কোণ কত ডিগ্রীর সমান? [১৪তম শিক্ষক নিবন্ধন]
ক. ৩৬০° খ.২৭০° গ. ১৮০° ঘ. ০° **উত্তর: ক**

১৭. একটি বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত কোন ধরনের সংখ্যা? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]
ক. মৌলিক খ. মূলদ গ. স্বাভাবিক ঘ. অমূলদ **উত্তর: ঘ**

১৮. বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত - [১৬তম বিসিএস]
ক. ৩ খ. $৫\frac{২৫}{৯}$ গ. $\frac{২৫}{৯}$ ঘ. $\frac{২২}{৭}$ **উত্তর: ঘ**

১৯. বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত - [এলজিইডি'র সহকারী প্রকৌশলী: ০৫]
ক. ৩ খ ৩.১৪ গ. ৪.১৫ ঘ. ৫.২১ **উত্তর: খ**

২০. π এর মান - [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১৯]
ক. ৩.১৪ খ. ৩ গ. ৩.৩৪ ঘ. ৩.২৮ **উত্তর: ক**

২১. নিচের কোনটি বৃত্তের পরিধি এবং ব্যাসের অনুপাত? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৩]
ক. π খ. ৩.১৪১৬ গ. $\frac{২২}{৭}$ ঘ. সবগুলোই **উত্তর: ক**

২২. একটি জ্যা কয়টি চাপে বিভক্ত? [আবাআখা প্রকল্পের উপজেলা সমন্বয়কারী: ১৭]
ক. ১ খ. ২ গ. ৩ ঘ. ৪ **উত্তর: খ**

২৩. বৃত্তের বৃহত্তম জ্যা হচ্ছে - [দুদকের অফিস সহায়ক: ১৯]
ক. ব্যাস খ. ব্যাসার্ধ গ. কেন্দ্র হতে দূরবর্তী জ্যাটি ঘ. ব্যাসার্ধের অর্ধেকের সমান জ্যা **উত্তর: ঘ**

২৪. বৃত্তের দুটি ব্যাস পরস্পরকে সমদ্বিখণ্ডিত করলে ছেদবিন্দুর অবস্থান কোথায় হবে? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৩]
ক. বৃত্তের বাইরে খ. বৃত্তের ওপরে গ. বৃত্তের কেন্দ্রে ঘ. বৃত্তের পরিধিতে **উত্তর: গ**

২৫. বৃত্তের দুইটি জ্যা পরস্পরকে সমদ্বিখণ্ডিত করলে ছেদবিন্দুর অবস্থান কোথায় যাবে? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০১]
ক. বৃত্তের কেন্দ্রে খ. বৃত্তের ওপরে গ. বৃত্তের বাইরে ঘ. কেন্দ্র ছাড়া বৃত্তের ভিতরে **উত্তর: ক**

২৬. কোনো বৃত্তের তিনটি সমান জ্যা একই বিন্দুতে ছেদ করলে ঐ বিন্দুটির অবস্থান হবে বৃত্তের - [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৩]
ক. পরিধিতে খ. কেন্দ্র ও পরিধির মধ্যস্থানে গ. কেন্দ্রে ঘ. ভিন্ন জ্যায়ে **উত্তর: গ**

২৭. বৃত্তের সমান সমান জ্যা কেন্দ্র হতে সর্বদা নিচের কোনটি? [১৪তম শিক্ষক নিবন্ধন]
ক. সমদূরবর্তী খ. অসমদূরবর্তী গ. সমান্তরাল ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

২৮. বৃত্তের কেন্দ্রের নিকটবর্তী জ্যা দূরবর্তী জ্যা - [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৮]
ক. অপেক্ষা বড় হবে খ. অপেক্ষা ছোট হবে গ. সমান হবে ঘ. দ্বিগুণ হবে **উত্তর: ক**

২৯. কোনো বৃত্তের ব্যাসার্ধ ৭ সে.মি. হলে বৃত্তের বৃহত্তম জ্যা এর দৈর্ঘ্য নিচের কোনটি? [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. ২ সে.মি. খ. ৬ সে.মি. গ. ১৪ সে.মি. ঘ. ১২ সে.মি. **উত্তর: গ**

৩০. ADB বৃত্তে AB এবং CD দুইটি সমান জ্যা পরস্পর P বিন্দুতে ছেদ করলে কোনটি সত্য? [১২তম বিসিএস]
ক. PC = PD খ. PB = PC গ. PB = PA ঘ. PB = PD **উত্তর: ঘ**

৩১. ৪ সে.মি. ব্যাস বিশিষ্ট বৃত্ত আঁকলে কেন্দ্র হতে পরিধির দূরত্ব কত হবে? [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরী অ্যাটেনডেন্ট: ২০]
ক. ১ সে.মি. খ. ২ সে.মি. গ. ৪ সে.মি. ঘ. ৮ সে.মি. **উত্তর: খ**

৩২. ১৩ সে.মি. ব্যাসার্ধের বৃত্তের কেন্দ্র হতে ৫ সে.মি. দূরত্বে অবস্থিত জ্যা'র দৈর্ঘ্য কত? [২৬তম বিসিএস]
ক. ২৪ সে.মি. খ. ১৮ সে.মি. গ. ১৬ সে.মি. ঘ. ১২ সে.মি. **উত্তর: ক**

৩৩. ৫ একক ব্যাসার্ধ বিশিষ্ট একটি বৃত্তের কেন্দ্র হতে একটি জ্যা এর লম্ব দূরত্ব ৪ একক হলে জ্যা এর দৈর্ঘ্য কত হবে তা বের করুন। [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুটেন্ট: ১৫]
ক. ২ একক খ. ৩ একক গ. ৬ একক ঘ. ৮ একক **উত্তর: গ**

৩৪. ১০ সেন্টিমিটার ব্যাসার্ধের বৃত্তের কেন্দ্র থেকে ৬ সেন্টিমিটার দূরত্বে অবস্থিত জ্যা এর দৈর্ঘ্য কত? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৭]
ক. ১২ সেন্টিমিটার খ. ১৪ সেন্টিমিটার গ. ১৬ সেন্টিমিটার ঘ. ১৮ সেন্টিমিটার **উত্তর: গ**

৩৫. ১৫ সে.মি. ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের একটি জ্যা ২৪ সে.মি. হলে কেন্দ্র থেকে উক্ত জ্যা এর সর্বনিম্ন দূরত্ব কত হবে? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ০৭]
ক. ৮ সে.মি. খ. ৯ সে.মি. গ. ১০ সে.মি. ঘ. ১৫ সে.মি. **উত্তর: খ**

৩৬. কোন বৃত্তের ১২ মিটার দীর্ঘ একটি জ্যা কেন্দ্র থেকে ৮ মিটার দূরে অবস্থিত হলে বৃত্তটির ব্যাস কত মিটার হবে? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]
ক. ১০ খ. ১৫ গ. ১৮ ঘ. ২০ **উত্তর: ঘ**

৩৭. কোনো বৃত্তের কেন্দ্রগামী জ্যা এর দৈর্ঘ্য ১০ সে.মি. হলে, কেন্দ্র হতে ৩ সে.মি. দূরবর্তী জ্যা এর দৈর্ঘ্য হবে - [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৫]
ক. ৮ সে.মি. খ. ৪ সে.মি. গ. ৬ সে.মি. ঘ. ৭.৫ সে.মি. **উত্তর: ক**

৩৮. ১৩ সে.মি. ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের একটি জ্যা'র দৈর্ঘ্য ২৪ সে.মি. হলে কেন্দ্র থেকে উক্ত জ্যা'র লম্ব দূরত্ব কত সে.মি.? [৩৭তম বিসিএস]
ক. ৩ খ. ৪ গ. ৫ ঘ. ৬ **উত্তর: গ**

৩৯. একটি বৃত্তের কেন্দ্র হতে ২৪ সে.মি. দীর্ঘ জ্যা এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য ৫ সে.মি. হলে ব্যাসার্ধের দৈর্ঘ্য হবে - [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ১২]
ক. ১৩ সে.মি. খ. ১৪ সে.মি. গ. ১২ সে.মি. ঘ. ১৫ সে.মি. **উত্তর: ক**

৪০. কোনো বৃত্তের ১০ সেন্টিমিটার দীর্ঘ একটি জ্যা কেন্দ্র হতে ১২ সেন্টিমিটার দূরে অবস্থিত। বৃত্তটির ব্যাসার্ধ কত সেন্টিমিটার হবে? [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ১০]
ক. ১৩ খ. ১৪.৫ গ. ৯ ঘ. ১৪ **উত্তর: ক**

৪১. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে OD, AB জ্যা-এর ওপর লম্ব এবং AD = 5 সে.মি. হলে AB = কত সে.মি.? [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১০]
ক. 10 সে.মি. খ. 15 সে.মি. গ. 7 সে.মি. ঘ. 4 সে.মি. **উত্তর: ক**

৪২. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে D, AB জ্যায়ের মধ্যবিন্দু। ∠ODB = কত? [শ্রম পরিদপ্তরের শ্রম অফিসার: ৯৬]
ক. ৪৫° খ. ৯০° গ. ১১০° ঘ. ১৮০° **উত্তর: খ**

৪৩. O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে OD, AB জ্যায়ের উপর লম্ব। AD = ৩ সেন্টিমিটার হলে AB = কত সেন্টিমিটার? [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. ৩ সে.মি. খ. ৪ সে.মি. গ. ৫ সে.মি. ঘ. ৬ সে.মি. **উত্তর: ঘ**

৪৪. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে AB একটি ব্যাস ভিন্ন জ্যা। OD, AB এর উপর লম্ব। AD = 2.5 cm হলে AB = কত cm? [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৩]
ক. 8 cm খ. 5 cm গ. 6 cm ঘ. 3 cm **উত্তর: খ**

৪৬. কোনো বৃত্তের কেন্দ্র থেকে কোনো জ্যা-এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য অর্ধ-জ্যা অপেক্ষা ২ সে.মি. কম। বৃত্তের ব্যাসার্ধ ১০ সে.মি. হলে ঐ জ্যা-এর দৈর্ঘ্য কত? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. ১০ সে.মি. খ. ১৬ সে.মি. গ. ২০ সে.মি. ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৪৭. একটি বৃত্তচাপ কেন্দ্রে ৬০০ কোণ উৎপন্ন করে। বৃত্তের ব্যাস ১২ সে.মি. হলে বৃত্তচাপের দৈর্ঘ্য কত? [৪৫তম বিসিএস]
ক. π খ. 2π গ. 3π ঘ. 4π **উত্তর: খ**

৪৮. বৃত্তের একই চাপের ওপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণ পরিধিস্থ কোণের কত গুণ? [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইন্সট্রাক্টর: ১৮]
ক. অর্ধেক খ. সমান গ. দ্বিগুণ ঘ. তিনগুণ **উত্তর: গ**

৪৯. একটি বৃত্তের একটি চাপের উপর অঙ্কিত কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের কত অংশ? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহকারী: ১১]
ক. অর্ধেক খ. দ্বিগুণ গ. সমান ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৫০. একই চাপের উপর দণ্ডায়মান পরিধিস্থ কোণের পরিমাণ ৬০° ডিগ্রি হলে কেন্দ্রস্থ কোণের পরিমাণ হবে - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. ১৮০° খ. ১২০° গ. ৬০° ঘ. ৩০° **উত্তর: খ**

৫১. একই চাপের উপর দণ্ডায়মান পরিধিস্থ কোণ ৪০° হলে কেন্দ্রস্থ কোণের পরিমাণ হবে - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. ৮০° খ. ৪০° গ. ২০° ঘ. ১৪০° **উত্তর: ক**

৫২. একই চাপের উপর দণ্ডায়মান পরিধিস্থ কোণের পরিমাণ ৬৫° হলে কেন্দ্রস্থ কোণের পরিমাণ হবে - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ১১৫° খ. ১২০° গ. ১৩০° ঘ. ১৩৫° **উত্তর: গ**

৫৩. একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণের পরিমাণ ১০০° হলে পরিধিস্থ কোণের পরিমাণ হবে - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. ১০০° খ. ৮০° গ. ৫০° ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

৫৪. একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণের পরিমাণ ১১০° হলে পরিধিস্থ কোণের পরিমাণ - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ৫০° খ. ৫৫° গ. ৬০° ঘ. ৭০° **উত্তর: খ**

৫৫ কোনো বৃত্তের কেন্দ্রস্থ কোণ ১২০° হলে ঐ বৃত্তের পরিধিস্থ কোণ হবে - [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ক. ২৪০° খ. ৬০° গ. ৯০° ঘ. ১২০° **উত্তর: খ**

৫৬. অর্ধবৃত্তস্থ কোণ সমান কত? [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. ৩০° খ. ৪৫° গ. ৬০° ঘ. ৯০° **উত্তর: ঘ**

৫৭. অর্ধবৃত্তস্থ ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের একটি অপরটির দ্বিগুণ হলে ক্ষুদ্রতম কোণটির পরিমাণ - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৭]
ক. ৩০° খ. ৬০° খ.৯০° ঘ. ১২০° **উত্তর: ক**

৫৮. কোনো বৃত্তের অধিচাপে অন্তর্লিখিত কোণ - [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. সূক্ষ্মকোণ খ. স্থূলকোণ গ. সমকোণ ঘ. পূরক কোণ **উত্তর: ক**

৫৯. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে BC চাপের উপর ∠BAC হলো পরিধিস্থ কোণ। ∠BOC = 110° হলে ∠BAC = কত? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. 30° খ. 40^0 গ. 55^0 ঘ. 110^0 **উত্তর: গ**

৬০. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে x কোণের মান কত? [৪৩তম বিসিএস]



ক. 54° খ. 72^0 গ. 108^0 ঘ. 126^0 **উত্তর: ঘ**

৬১. কোন বৃত্তের কেন্দ্র O। A, P, B তিনটি পরিধিস্থ বিন্দু এবং ∠APB = 90° হলে ∠AOB সমান কত? [উপজেলা / থানা শিক্ষা অফিসার: ৯৯]
ক. ৯০° খ. ১২০° গ. ১৫০° ঘ. ১৮০° **উত্তর: ঘ**

৬২. স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধ এবং স্পর্শকের অন্তর্ভুক্ত কোণ - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. এক সমকোণের অর্ধেক খ. দুই সমকোণ গ. এক সমকোণ ঘ. সূক্ষ্মকোণ **উত্তর: গ**

৬৩. বৃত্তের কোন বিন্দুতে কয়টি স্পর্শক আঁকা যায়? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ১৮]
ক. ১টি খ.২টি গ. ৩টি ঘ. ৪টি **উত্তর: ক**

৬৪. একটি ত্রিভুজ এবং বৃত্ত নূন্যতম কয়টি বিন্দুতে ছেদ করতে পারে? [এনএসআই'র সহকারী পরিচালক: ১৫]
ক. ১টি খ. ২টি গ. ৩টি ঘ. ৪টি **উত্তর: গ**

৬৫. বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু হতে কয়টি স্পর্শক আঁকা যায়? [১৩তম প্রভাষক নিবন্ধন]
ক. ১টি খ. ২টি গ. ৩টি ঘ. ৪টি **উত্তর: খ**

৬৬. দুইটি পরস্পর ছেদী বৃত্তে কয়টি সাধারণ স্পর্শক আঁকা যেতে পারে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক]
ক. ১ টি খ.২টি গ. ৩ টি ঘ. ৪টি **উত্তর: খ**

৬৭. দুইটি বৃত্ত যদি পরস্পর স্পর্শ করে তবে কেন্দ্রদ্বয় হতে স্পর্শ বিন্দুগামী সরলরেখা দুটির অন্তর্ভুক্ত কোণ - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. সূক্ষ্মকোণ খ. স্থূলকোণ গ. সমকোণ ঘ. সরলকোণ **উত্তর: ঘ**

৬৮. A ও B কেন্দ্রবিশিষ্ট দুইটি বৃত্ত O বিন্দুতে বহিঃস্থভাবে স্পর্শ করেছে। ∠AOB = কত? [সহকারী উপজেলা / থানা শিক্ষা কর্মকর্তা: ১৬]
ক. ৯০° খ. ১২০° গ. ১৮০° ঘ. ২৭০° **উত্তর: গ**

৬৯. বহিঃস্থ O বিন্দু হতে অঙ্কিত ABC বৃত্তে OA এবং OB দুটি স্পর্শক। অতএব - [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৩]
ক. $OA \perp OB$ খ. $OA \parallel OB$ গ. $OA = OB$ ঘ. $OA \neq OB$ **উত্তর: গ**

৭০. **O, ABC বৃত্তের কেন্দ্র। OA = 3 সে.মি.। AT এবং BT উক্ত বৃত্তের দুটি স্পর্শক AT + BT = 8 সে.মি. OT = কত?** [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক: ০৬]

ক. 6 সে.মি. খ. 9.5 সে.মি. গ. 7 সে.মি. ঘ. 5 সে.মি. **উত্তর: ঘ**

৭১. **2 সে.মি. ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের কেন্দ্র হতে 5 সে.মি. দূরে কোনো বিন্দু হতে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য কত সে.মি.?** [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. 4.58 খ. 5.38 গ. 3 ঘ. 5 **উত্তর: ক**

৭২. **O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে AB, A বিন্দুতে স্পর্শক। ∠AOB = ৬০° হলে ∠ABO = কত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]

ক. ৩০° খ. ৪০° গ. ৪৫° ঘ. ৬০° **উত্তর: ক**

৭৩. **A ও B কেন্দ্রবিশিষ্ট দুটি বৃত্ত পরস্পর C বিন্দুতে বহিঃস্থভাবে স্পর্শ করে। ∠ACB এর মান -** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ১২০° খ. ১৮০° গ. ২৭০° ঘ. ৩৬০° **উত্তর: খ**

৭৪. **দুইটি বৃত্ত পরস্পর স্পর্শ করলে তাদের কেন্দ্রদ্বয় এবং স্পর্শবিন্দু সংযোজক রেখা কেমন হবে?** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৪]

ক. বক্ররেখা খ. সরলরেখা গ. পরাবৃত্ত ঘ. উপবৃত্ত **উত্তর: খ**

৭৫. **x সে.মি. এবং y সে.মি. পরিধির দুটি বৃত্ত পরস্পরকে স্পর্শ করে। বৃত্ত দুটির কেন্দ্রের দূরত্ব কত?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ১২]

ক. $2\pi x + 2\pi y$ সে.মি. খ. $\frac{x+y}{2\pi}$ সে.মি. গ. $\pi x + \pi y$ সে.মি. ঘ. $\frac{\pi}{x+y}$ সে.মি. **উত্তর: খ**

৭৬. **একটি ত্রিভুজ এবং একটি বৃত্ত ন্যূনতম কয়টি বিন্দুতে ছেদ করে?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১২]

ক. ৪টি খ. ১টি গ. ৩টি ঘ. ২টি **উত্তর: ঘ**

৭৭. **বৃত্তস্থ সামান্তরিক একটি -** [আমদানি-রপ্তানি দপ্তরের অফিস সহায়ক: ২০]

ক. আয়তক্ষেত্র খ. বর্গক্ষেত্র গ. রম্বস ঘ. ট্রাপিজিয়াম **উত্তর: ক**

৭৮. **বৃত্তস্থ চতুর্ভুজের বিপরীত কোণদ্বয়ের সমষ্টি -** [বিবিএস'র পরিসংখ্যান অফিসার: ২০]

ক. ৯০° খ. ১২০° গ. ১৮০০ ঘ. ৩৬০° **উত্তর: গ**

৭৯. **নিচের কোনটি বৃত্তস্থ চতুর্ভুজ হয় না?** [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. বর্গ খ. আয়ত গ. ট্রাপিজিয়াম ঘ. রম্বস **উত্তর: ঘ**

৮০. **ABCD একটি বৃত্তস্থ চতুর্ভুজ। ∠BAD ও ∠BCD এর সমষ্টি কত হবে?** [নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৩]

ক. ১২০° খ. ১৮০° গ. ৯০° ঘ. কোনো নির্দিষ্ট মান নেই **উত্তর: খ**

৮১. **বৃত্তস্থ চতুর্ভুজের একটি কোণ ৭০° হলে বিপরীত কোণটির পরিমাপ কত?** [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২০]

ক. ২০° খ. ১১০° গ. ২০০° ঘ. ২৯০° **উত্তর: খ**

৮২. **ABC একটি বৃত্তস্থ ত্রিভুজ। AB বাহুকে E পর্যন্ত বর্ধিত করা হলো। ∠CBE = 80° হলে ∠ABC = কত?** [সিএজি কার্যালয়ের অধীক্ষক: ৯৮]

ক. 45^0 খ. 60° গ. 30^0 ঘ. 100^0 **উত্তর: ঘ**

৮৩. **বৃত্তস্থ চতুর্ভুজের একটি কোণ ৭৫° হলে বিপরীত কোণটি হবে -** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০২]

ক. ১৫° খ. ২৫° গ. ৯০° ঘ. ১০৫° **উত্তর: ঘ**

৮৪. **ABCD বৃত্তস্থ চতুর্ভুজের ∠B = ১০৫°। ∠D এর পরিমাণ কত?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৮]

ক. ৭৫° খ. ৮০° গ. ১৬৫° ঘ. ২৫৫° **উত্তর: ক**

৮৫. **ABCD বৃত্তে অন্তর্লিখিত একটি চতুর্ভুজের B + D = ১৮০°, C = ৮৫° হলে A এর মান -** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ০৫]

ক. ৯৫° খ. ৮০° গ. ১০০° ঘ. ৭৫° **উত্তর: ক**

বহুভুজ

০১. **সুষম বহুভুজের বাহুর সংখ্যা n হলে কোণগুলোর সমষ্টি কত?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]

ক. n সমকোণ খ. 2n সমকোণ গ. (2n - 8) সমকোণ ঘ. (2n - 2) সমকোণ **উত্তর: গ**

০২. **একটি পঞ্চভুজের সমষ্টি -** [৩৪তম বিসিএস]

ক. ৪ সমকোণ খ. ৬ সমকোণ গ. ৮ সমকোণ ঘ. ১০ সমকোণ **উত্তর: খ**

সমাধানঃ কোণগুলোর সমষ্টি = (2n - 8) সমকোণ = (২×৫ - 8) = ৬ সমকোণ

০৩. **একটি পঞ্চভুজের অভ্যন্তরীণ পাঁচটি কোণের সমষ্টি হবে -** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]

ক. ৩৬০° খ. ৫৪০° গ. ৪৫০° ঘ. ২৭০° **উত্তর: খ**

সমাধানঃ কোণগুলোর সমষ্টি = {(2n - 8) × ৯০}° = {(২×৫ - 8) × ৯০°} = ৫৪০°

০৪. **একটি ষড়ভুজের ছয়টি কোণের সমষ্টি কত?** [সেসিপ'র উপজেলা / থানা একাডেমিক সুপারভাইজার: ১৫]

ক. পাঁচ সমকোণ খ. ছয় সমকোণ গ. আট সমকোণ ঘ. তিন সমকোণ **উত্তর: গ**

সমাধানঃ কোণগুলোর সমষ্টি = (2n - 8) সমকোণ = (২×৬ - 8) = ৮ সমকোণ।

০৫. **অষ্টভুজের অন্তঃস্থ কোণসমূহের সমষ্টি কত?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০০]

ক. ১৬ সমকোণ খ. ১২ সমকোণ গ. ৮ সমকোণ ঘ. ৬ সমকোণ **উত্তর: খ**

সমাধানঃ কোণগুলোর সমষ্টি = (2n - 8) সমকোন = (২×৮ - 8) = ১২ সমকোণ।

০৬. আট বাহু বিশিষ্ট সুষম বহুভুজের একটি বহিঃস্থ কোণের পরিমাণ কত? [এসডিএফ'র আইটি অফিসার: ১২]

ক. ৪৫° খ. ৬০° গ. ৮০° ঘ. ১০০° **উত্তর: ক**

সমাধানঃ প্রতিটি বহিঃকোণের পরিমাণ $= (\frac{৩৬০}{\text{বাহুর সংখ্যা}})^\circ = (\frac{৩৬০}{৮})^\circ = ৪৫^\circ$

০৭. কোনো সুষম দশভুজের প্রতিটি কোণ হবে - [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ১২]

ক. সূক্ষ্মকোণ খ. প্রবৃদ্ধ কোণ গ. স্থূলকোণ ঘ. সমকোণ **উত্তর: গ**

সমাধানঃ প্রতিটি অন্তঃকোণের পরিমাণ $= (১৮০\times \frac{n-২}{n})^\circ = (১৮০\times \frac{১০-২}{১০})^\circ = ১৪৪^\circ$

০৮. সুষম পঞ্চভুজের বহিঃস্থ কোণের পরিমাণ হবে - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ৬০° খ. ৬৬° গ. ৭০° ঘ. ৭২° **উত্তর: ঘ**

সমাধানঃ প্রতিটি বহিঃকোণের পরিমাণ $= (\frac{৩৬০}{\text{বাহুর সংখ্যা}})^\circ = (\frac{৩৬০}{৫})^\circ = ৭২^\circ$

০৯. একটি সুষম পঞ্চভুজের একটি অন্তঃকোণের পরিমাণ হবে - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]

ক. ৯০° খ. ১১০০ গ. ১২০° ঘ. ১০৮° **উত্তর: ঘ**

সমাধানঃ প্রতিটি অন্তঃকোণের পরিমাণ $= (১৮০\times \frac{n-২}{n})^\circ = (১৮০\times \frac{৫-২}{৫})^\circ = ১০৮^\circ$

১০. একটি সুষম ষড়ভুজের অন্তঃকোণগুলির সমষ্টি কত ডিগ্রি? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]

ক. ১২০° খ. ১৩০ গ. ৭২০° ঘ. ১০৮০° **উত্তর: গ**

সমাধানঃ কোণগুলোর সমষ্টি $= \{(২n-৪)\times ৯০\}^\circ = \{(১২-৪)\times ৯০^\circ\} = ৭২০^\circ$

১১. একটি সুষম ষড়ভুজের একটি অন্তঃকোণের পরিমাণ হবে - [নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৩]

ক. ৯০° খ. ১০৫° গ. ১২০° ঘ. ১৪৫° **উত্তর: গ**

সমাধানঃ প্রতিটি অন্তঃকোণের পরিমাণ $= (১৮০\times \frac{n-২}{n})^\circ = (১৮০\times \frac{৬-২}{৬})^\circ = ১২০^\circ$

১২. একটি সুষম ষড়ভুজের একটি বহিঃস্থ কোণের পরিমাণ কত? [১৩তম শিক্ষক নিবন্ধন]

ক. ১২০° খ. ৬০° গ. ৯০° ঘ. ৩০° **উত্তর: খ**

সমাধানঃ প্রতিটি বহিঃকোণের পরিমাণ $= (\frac{৩৬০}{\text{বাহুর সংখ্যা}})^\circ = (\frac{৩৬০}{৬})^\circ = ৬০^\circ$

১৩. সুষম ষড়ভুজের কোনো একটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণের পরিমাণ - [আবাআখা প্রকল্পের উপজেলা সমন্বয়কারী: ১৭]

ক. ৫০° খ. ৬০° গ. ৭৫° ঘ. ৯০° **উত্তর: খ**

সমাধানঃ প্রতিটি বহিঃকোণের পরিমাণ $= (\frac{৩৬০}{\text{বাহুর সংখ্যা}})^\circ = (\frac{৩৬০}{৬})^\circ = ৬০^\circ$

১৪. একটি সুষম বহুভুজের বহিঃস্থ কোণগুলির সমষ্টি - [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ১৮০° খ. ২৭০° গ. ৩৬০° ঘ. ৫৪০° **উত্তর: গ**

সমাধানঃ বহুভূজের বহিঃস্থ কোণগুলোর সমষ্টি = ৩৬০°

১৫. একটি সুষম বহুভুজের প্রত্যেকটি বহিঃস্থ কোণের পরিমাণ ৩০° হলে বহুভুজটির বাহুর সংখ্যা - [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার: ১৭]

ক. ১৮টি খ. ১৬টি গ. ১২টি ঘ. ৪টি **উত্তর: গ**

সমাধানঃ বাহুর সংখ্যা $= \frac{৩৬০}{\text{একটি বহিঃস্থ কোণের পরিমাণ}} = \frac{৩৬০}{৩০} = ১২$

১৬. একটি সুষম বহুভুজের বাহুর সংখ্যা ৮ হলে প্রত্যেকটি অন্তঃস্থ কোণের পরিমাণ কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]

ক. ৪৫° খ. ১২৫° গ. ১৩৫° ঘ. ১৪৫° **উত্তর: গ**

সমাধানঃ প্রতিটি অন্তঃকোণের পরিমাণ $= (১৮০\times \frac{n-২}{n})^\circ = (১৮০\times \frac{৮-২}{৮})^\circ = ১৩৫^\circ$

১৭. একটি সুষম বহুভুজের প্রত্যেকটি বহিঃস্থ কোণের পরিমাণ ২০° হলে বহুভুজটির বাহু সংখ্যা কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]

ক. ৯ খ. ১৮ গ. ২৭ ঘ. ৩৬ **উত্তর: খ**

সমাধানঃ বাহুর সংখ্যা $= \frac{৩৬০}{\text{একটি বহিঃস্থ কোণের পরিমাণ}} = \frac{৩৬০}{২০} = ১৮$

১৮. সুষম বহুভুজের একটি বহিঃস্থ কোণের পরিমাণ ৪৫° হলে এর বাহুর সংখ্যা হবে - [বিবিএস'র পরিসংখ্যান অফিসার: ১৪]

ক. ৮ খ. ১০ গ. ১২ ঘ. ১৬ **উত্তর: ক**

সমাধানঃ বাহুর সংখ্যা $= \frac{৩৬০}{\text{একটি বহিঃস্থ কোণের পরিমাণ}} = \frac{৩৬০}{৪৫} = ৮$

১৯. সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমাণ ১২০° হলে বহুভুজটির বাহুর সংখ্যা হবে - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ৫ খ. ৬ গ. ৮ ঘ. ১০ **উত্তর: খ**

সমাধানঃ বহুভুজের প্রতিটি বহিঃস্থকোণের পরিমাণ = (১৮০ - ১২০)° = ৬০°। বাহুর সংখ্যা = $\frac{৩৬০}{\text{একটি বহিঃস্থ কোণের পরিমাণ}} = \frac{৩৬০}{৬০} = ৬$

২০. একটি সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমাণ ১৩৫° হলে বহুভুজটির বাহুর সংখ্যা হবে - [১২তম বিসিএস]

ক. ৬ খ. ৭ গ. ৮ ঘ. ১০ **উত্তর: গ**

সমাধানঃ ষড়ভুজের প্রতিটি বহিঃস্থকোণের পরিমাণ = (১৮০ - ১৩৫)° = ৪৫°। বাহুর সংখ্যা = $\frac{৩৬০}{\text{একটি বহিঃস্থ কোণের পরিমান}} = \frac{৩৬০}{৪৫} = ৮$

২১. সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমাণ ১৪৪° হলে বহুভুজটির বাহুর সংখ্যা কত? [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]

ক. ৭ খ. ৮ গ. ৯ ঘ. ১০ **উত্তর: ঘ**

সমাধানঃ বহুভুজের প্রতিটি বহিঃস্থকোণের পরিমাণ = (১৮০ - ১৪৪)° = ৩৬°। বাহুর সংখ্যা = $\frac{৩৬০}{\text{একটি বহিঃস্থ কোণের পরিমান}} = \frac{৩৬০}{৩৬} = ১০$

২২. সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমাণ ১৪০ হলে বহুভুজটির বাহুর সংখ্যা হবে - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]

ক. ৬ খ. ৮ গ. ৯ ঘ. ১০ **উত্তর: গ**

সমাধানঃ বহুভুজের প্রতিটি বহিঃস্থকোণের পরিমাণ = (১৮০ - ১৪০)° = ৪০°। বাহুর সংখ্যা = $\frac{৩৬০}{\text{একটি বহিঃস্থ কোণের পরিমান}} = \frac{৩৬০}{৪০} = ৯$

২৩. একটি সুষম বহুভুজের প্রত্যেকটি অন্তঃস্থ কোণের পরিমাণ ১৬২ হলে বহুভুজটির বাহুসংখ্যা - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]

ক. ৫ খ. ১০ গ. ১৫ ঘ. ২০ **উত্তর: ঘ**

সমাধানঃ বহুভুজের প্রতিটি বহিঃস্থকোণের পরিমাণ = (১৮০ - ১৬২)° = ১৮°। বাহুর সংখ্যা = $\frac{৩৬০}{\text{একটি বহিঃস্থ কোণের পরিমান}} = \frac{৩৬০}{১৮} = ২০$

২৪. একটি সুষম বহুভুজের প্রত্যেকটি কোণ ১৬৮°। এর বাহুসংখ্যা কতগুলো হবে? [৪৪তম বিসিএস]

ক. ৩০ খ. ২০ গ. ১৮ ঘ. ১০ **উত্তর: ক**

সমাধানঃ বহুভুজের প্রতিটি বহিঃস্থকোণের পরিমাণ = (১৮০ - ১৬৮)° = ১২°। বাহুর সংখ্যা = $\frac{৩৬০}{\text{একটি বহিঃস্থ কোণের পরিমান}} = \frac{৩৬০}{১২} = ৩০$

পরিমিতি

০১. ত্রিভুজের শীর্ষবিন্দু থেকে এর ভূমির উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্যকে কী বলা হয়? [আইন মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার: ৯২]

ক. মধ্যমা খ. কর্ণ গ. অতিভুজ ঘ. উচ্চতা **উত্তর: ঘ**

০২. ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র নিচের কোনটি? [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক: ১৭]

ক. ভূমি × উচ্চতা খ. দৈর্ঘ্য × প্রস্থ গ. ভূমি × উচ্চতা ঘ. $\frac{১}{২}$ × বাহুদ্বয়ের দৈর্ঘ্য × উচ্চতা **উত্তর: গ**

০৩. একটি ত্রিভুজের ভূমির পরিমাণ ৪ মিটার ও উচ্চতা ৩ মিটার। ক্ষেত্রফল কত? [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৯]

ক. ৬ বর্গমিটার খ. ৯ বর্গমিটার গ. ১২ বর্গমিটার ঘ. ১৮ বর্গমিটার **উত্তর: ক**

সমাধানঃ ত্রিভূজের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ × ভূমি × উচ্চতা = $\frac{১}{২}$ × ৪ × ৩ = ৬ বর্গমিটার

০৪. একটি ত্রিভুজের ভূমি ১২ সেন্টিমিটার, উচ্চতা ৪ সেন্টিমিটার, তার ক্ষেত্রফল কত বর্গ সেন্টিমিটার? [৪র্থ বিজেএস]

ক. ১২ খ. ১৮ গ. ২৪ ঘ. ৪৮ **উত্তর: গ**

সমাধানঃ ত্রিভূজের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ × ভূমি × উচ্চতা = $\frac{১}{২}$ × ১২ × ৪ = ২৪

০৫. একটি ত্রিভুজের ভূমি ১২ সেন্টিমিটার এবং উচ্চতা ১০ সেন্টিমিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল হবে - [বিআরটিএ'র মোটর পরিদর্শক: ০৫]

ক. ১২০ বর্গ সে.মি. খ. ৬০ বর্গ সে.মি. গ. ২৪০ বর্গ সে.মি. ঘ. ১২০ ঘনমিটার **উত্তর: খ**

সমাধানঃ ত্রিভূজের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ × ভূমি × উচ্চতা = $\frac{১}{২}$ × ১২ × ১০ = ৬০ বর্গমিটার

০৬. একটি ত্রিভুজাকৃতি জমির ভূমির পরিমাপ ৮০ মিটার এবং উচ্চতার পরিমাপ ৪৫ মিটার। তাহলে জমির ক্ষেত্রফল কত হবে? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]

ক. ১৮০০ বর্গমিটার খ. ৯০০ বর্গমিটার গ. ৩৬০০ বর্গমিটার ঘ. ২৪০০ বর্গমিটার **উত্তর: ক**

সমাধানঃ ত্রিভূজের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ × ভূমি × উচ্চতা = $\frac{১}{২}$ × ৮০ × ৪৫ = ১৮০০ বর্গমিটার

০৭. একটি ত্রিভুজের ভূমি ৬ সে.মি. এবং এর উচ্চতা ৫ সে.মি. হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত? [১৫তম শিক্ষক নিবন্ধন]

ক. ১১ বর্গ সে.মি. খ. ১৫ বর্গ সে.মি. গ. ৩০ বর্গ সে.মি. ঘ. ২৫ বর্গ সে.মি. **উত্তর: খ**

সমাধানঃ ত্রিভূজের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ × ভূমি × উচ্চতা = $\frac{১}{২}$ × ৬ × ৫ = ৩০ বর্গ সে.মি.

০৮. একটি ত্রিভুজাকৃতি জমির ভূমি ৭৫ মিটার এবং উচ্চতা ২০ মিটার। প্রতি বর্গমিটারে ২.০০ টাকা হিসেবে ঘাস লাগাতে কত খরচ হবে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]

ক. ১২৫০ টাকা খ. ১৫০০ টাকা গ. ১৪০০ টাকা ঘ. ১৬০০ টাকা **উত্তর: খ**

সমাধানঃ ত্রিভূজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা $= \frac{১}{২} \times ৭৫ \times ২০ = ৭৫০$ বর্গমিটার। প্রতি বর্গমিটারে ২.০০ টাকা হারে খরচ $= ৭৫০ \times ২ = ১৫০০$ টাকা

০৯. একটি ত্রিভুজাকৃতি জমির ভূমি ৫০ মিটার এবং উচ্চতা ২০ মিটার। প্রতি বর্গমিটার ১.৫০ টাকা হিসাবে ঘাস লাগাতে কত খরচ হবে? [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ০১]

ক. ৬০০ টাকা খ. ৬৫০ টাকা গ. ৭০০ টাকা ঘ. ৭৫০ টাকা **উত্তর: ঘ**

সমাধানঃ ত্রিভূজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা $= \frac{১}{২} \times ৫০ \times ২০ = ৫০০$ বর্গমিটার। প্রতি বর্গমিটারে ১.৫০ টাকা হারে খরচ $= ৫০০ \times ১.৫০ = ৭৫০$ টাকা

১০. একটি সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল নিম্নোক্তভাবে নির্ণয় করা হয় - [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]

ক. ভূমি $\times$ উচ্চতা খ. ভূমি $\times$ অতিভুজ গ. $\frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা ঘ. ভূমি $\times$ উচ্চতা $>$ অতিভুজ **উত্তর: গ**

১১. কোনো সমকোণী ত্রিভুজের ভূমি x এবং উচ্চতা y হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত হবে? [১৪তম শিক্ষক নিবন্ধন]

ক. xy বর্গ একক খ. $\frac{1}{2} \times xy$ বর্গ একক গ. $x^2 + y^2$ বর্গ একক ঘ. $\frac{1}{2} \times (x^2 + y^2)$ বর্গ একক **উত্তর: খ**

সমাধানঃ সমকোণী ত্রিভূজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা $= \frac{১}{২} \times xy$ বর্গ একক

১২. একটি ত্রিভুজের বাহুগুলোর অনুপাত $1 : 2\sqrt{2} : 3$ হলে এর বৃহত্তম কোণটির মান কত? [৪৫তম বিসিএস]

ক. 30^0 খ. 60^0 গ. 80^0 ঘ. 90^0 **উত্তর: ঘ**

১৩. ২৫ মিটার উচ্চতা ও ১৬ মিটার ভূমি বিশিষ্ট ত্রিভুজের ক্ষেত্রফল কত বর্গমিটার? [বাংলাদেশ বেতারের হিসাব সহকারী: ১৯]

ক. ৪০০ খ. ৩০০ গ. ২০০ ঘ. ১০০ **উত্তর: গ**

সমাধানঃ ত্রিভূজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা $= \frac{১}{২} \times ১৬ \times ২৫ = ২০০$

১৪. একটি ত্রিভুজের ভূমি ১২ ইঞ্চি এবং উচ্চতা ৮ ইঞ্চি হলে এর ক্ষেত্রফল কত? [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ১৯]

ক. ৪০ বর্গ ইঞ্চি খ. ৪৮ বর্গ ইঞ্চি গ. ৪৮ ইঞ্চি ঘ. ৪০ ইঞ্চি **উত্তর: খ**

সমাধানঃ ত্রিভূজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা $= \frac{১}{২} \times ১২ \times ৮ = ৪৮$ বর্গ ইঞ্চি

১৫. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ ব্যতীত অন্য দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ১০ ফুট ও ৬ ফুট। উহার ক্ষেত্রফল কত? [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]

ক. ১৫ বর্গফুট খ. ৩০ বর্গফুট গ. ৬০ বর্গফুট ঘ. ১২০ বর্গফুট **উত্তর: খ**

সমাধানঃ সমকোণী ত্রিভূজের অতিভূজ ব্যতীত অপর সন্নিহিত বাহুদ্বয় ভূমি ও উচ্চতা। ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ সমকোণ সন্নিহিত বাহুদ্বয়ের গুণফল $= \frac{১}{২} \times ১০ \times ৬ = ৩০$ বর্গফুট

১৬. একটি ত্রিভুজাকৃতি ক্ষেত্রের ক্ষেত্রফল ৮৪ বর্গগজ। ত্রিভুজটির ভূমির দৈর্ঘ্য ১৪ গজ হলে শীর্ষ বিন্দু হতে ভূমির উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য কত? [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৫]

ক. ১০ গজ খ. ১২ গজ গ. ১৪ গজ ঘ. ১৬ গজ **উত্তর: খ**

১৭. একটি ত্রিভুজাকৃতি ক্ষেত্রের ক্ষেত্রফল ২৬৪ বর্গমিটার এবং ভূমি ২২ মিটার হলে উচ্চতা কত হবে? [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. ১২ মিটার খ. ১৫ মিটার গ. ২৪ মিটার ঘ. ২৮ মিটার **উত্তর: গ**

সমাধানঃ ত্রিভূজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা $\Rightarrow ২৬৪ = \frac{১}{২} \times ২২ \times$ উচ্চতা $\Rightarrow ২৬৪ = ১১ \times$ উচ্চতা $\Rightarrow$ উচ্চতা $= \frac{২৬৪}{১১} = ২৪$

১৮. একটি ত্রিভুজাকৃতি ক্ষেত্রের ক্ষেত্রফল ৮৪ বর্গগজ। ত্রিভুজের শীর্ষবিন্দু হতে ভূমির উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য ১২ গজ হলে ভূমির দৈর্ঘ্য কত? [১৭তম বিসিএস]

ক. ১০ গজ খ. ১২ গজ গ. ১৪ গজ ঘ. ৭ গজ **উত্তর: গ**

সমাধানঃ ত্রিভূজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা $\Rightarrow ৮৪ = \frac{১}{২} \times$ ভূমি $\times ১২ \Rightarrow ৮৪ =$ ভূমি $\times ৬ \Rightarrow$ ভূমি $= \frac{৮৪}{৬} = ১৪$ গজ

১৯. একটি ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্য $(x + ৯)$ মিটার, $(২x + ১)$ মিটার এবং $২(২x - ১)$ মিটার। ত্রিভুজটির পরিসীমা ২৯ মিটার হলে ক্ষুদ্রতম বাহুটির দৈর্ঘ্য হবে - [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা: ১২]

ক. ৩ মিটার খ. ৫ মিটার গ. ৭ মিটার ঘ. ১০ মিটার **উত্তর: গ**

সমাধানঃ ত্রিভূজটির পরিসীমা $= \{(x + ৯) + (২x + ১) + ২(২x - ১)\} \Rightarrow ২৯ = ৭x + ৮ \Rightarrow ৭x = ২১ \Rightarrow x = ৩$। বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে ৩+৯ = ১২ মিটার, ২×৩+১ = ৭ মিটার, ২(২×৩-১) = ১০ মিটার। সুতরাং ক্ষুদ্রতম বাহু = ৭ মিটার।

২০. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ ছাড়া অন্য দুইটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ০.১ এবং ০.২ মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল কত? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল অফিসার: ৮৪]

ক. ১০০ বর্গ সে.মি. খ. ০.০১ বর্গ মিটার গ. ২০০ বর্গ সে.মি. ঘ. ০.০২ বর্গ মিটার **উত্তর: খ**

সমাধানঃ সমকোণী ত্রিভূজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ সমকোণ সন্নিহিত বাহুদ্বয়ের গুণফল $= \frac{১}{২} \times ০.১ \times ০.২ = ০.০১$ বর্গমিটার

২১. একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের সমান বাহুদ্বয়ের দৈর্ঘ্য ১০ একক হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ একক? [রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]

ক. ৫০ খ. ৪৯ গ. ১০০ ঘ. ৮১ **উত্তর: ক**

সমাধানঃ সমকোণী ত্রিভূজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ সমকোণ সন্নিহিত বাহুদ্বয়ের গুণফল $= \frac{১}{২} \times ১০ \times ১০ = ৫০$ বর্গ একক

২২. সমকোণী ত্রিভুজাকৃতির একটি মাঠের অতিভুজ ও ভূমির দৈর্ঘ্য যথাক্রমে ১৩ মিটার ও ৫ মিটার। মাঠটির ক্ষেত্রফল কত হবে? [বাংলাদেশ রেলওয়ের সহকারী সার্জন: ০৫]

ক. ৬০ বর্গমিটার খ. ৬৫ বর্গমিটার গ. ৪৫ বর্গমিটার ঘ. ৩০ বর্গ মিটার **উত্তর: ঘ**

সমাধানঃ ধরি, সমকোণী ত্রিভূজটির লম্ব ক মিটার। লম্ব^২ + ভূমি^{২} = অতিভুজ^২ => ক^২ + ৫^২ = ১৩^২ => ক^২ = ১৪৪ => ক = ১২।

ত্রিভূজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times ১২ \times ৫ = ৩০$ বর্গ মিটার

২৩. একটি সমকোণী ত্রিভুজের ভূমি ১২ মিটার এবং অতিভুজ ১৩ মিটার হলে এর ক্ষেত্রফল কত? [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]

ক. ১০ বর্গমিটার খ. ২০ বর্গমিটার গ. ৩০ বর্গমিটার ঘ. ৪০ বর্গমিটার **উত্তর: গ**

সমাধানঃ ধরি, সমকোণী ত্রিভূজটির লম্ব ক মিটার। লম্ব^২ + ভূমি^{২} = অতিভুজ^২ => ক^২ + ১২^২ = ১৩^২ => ক^২ = ২৫ => ক = ৫। ত্রিভূজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times ৫ \times ১২ = ৩০$ বর্গ মিটার

২৪. কোনো সমকোণী ত্রিভুজের অতিভুজ ১৩ সে.মি. এবং পরিসীমা ৩০ সে.মি.। ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় করুন। [আমদানি-রপ্তানি দপ্তরের নির্বাহী অফিসার: ০৭]

ক. ২৪ বর্গ সে.মি. খ. ২৭ বর্গ সে.মি. গ. ২৮ বর্গ সে.মি. ঘ. ৩০ বর্গ সে.মি. **উত্তর: ঘ**

সমাধানঃ ত্রিভুজের পরিসীমা = অতিভুজ + লম্ব + ভূমি => ৩০ = ১৩ + লম্ব + ভূমি => লম্ব + ভূমি = ১২+৭। সুতরাং ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ লম্ব $\times$ ভূমি $= \frac{১}{২} \times ১২ \times ৫ = ৩০$ বর্গ সে.মি.

২৫. ১টি সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ১৩ মিটার হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত? [পায়রা বন্দর কর্তৃপক্ষের সহকারী সাব-ইন্সপেক্টর: ২০]

ক. ৩০ বর্গমিটার খ. ৪২ বর্গমিটার গ. ৫৬ বর্গমিটার ঘ. ৮৪ বর্গমিটার **উত্তর: ক**

সমাধানঃ সমকোণী ত্রিভুজের (অতিভূজের দৈর্ঘ্য)^২ = (১৩)^২ = ১৬৯ = ১৪৪ + ২৫ = (১২)^২ + (৫)^২ =(ভূমি)^২ + (লম্ব)^২। ত্রিভূজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ লম্ব $\times$ ভূমি $= \frac{১}{২} \times ৫ \times ১২ = ৩০$ বর্গমিটার

২৬. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ 5 সে.মি. এবং অপর একটি বাহু 4 সে.মি. হলে ত্রিভুজটির পরিসীমা কত সে.মি.? [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহকারী: ১৯]

ক. 5 খ. 9 গ. 3 ঘ. 12 **উত্তর: ঘ**

২৭. একটি সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল ১৪৪ বর্গ একক। সমকোণ সন্নিহিত বাহুদ্বয়ের একটির দৈর্ঘ্য ১২ একক হলে অপরটি কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]

ক. ১৫ একক খ. ২৪ একক গ. ২০ একক ঘ. ৩০ একক **উত্তর: খ**

সমাধানঃ সমকোণী ত্রিভূজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের গুণফল => ১৪৪ $= \frac{১}{২} \times ১২ \times$ বাহু => বাহু $= \frac{১৪৪ \times ২}{১২} = ২৪$

২৮. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে x মিটার এবং (x + ৩) মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল ১৭০ বর্গমিটার হলে x এর মান কত হবে? [সমাজসেবা অধিদপ্তরের সমাজকল্যাণ সংগঠক: ০৫]

ক. ১৬ মিটার খ. ১৭.৫ মিটার গ. ১৭ মিটার ঘ. ১৮.৫ মিটার **উত্তর: গ**

২৯. সমকোণী ত্রিভুজ ABC এর ক্ষেত্রফল ১৮ এবং $\angle A = ৪৫^\circ$, অতিভুজ AC এর দৈর্ঘ্য - [সওজ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ০৩]

ক. $৩\sqrt{২}$ খ. $৬\sqrt{২}$ গ. $৯\sqrt{২}$ ঘ. $১২\sqrt{২}$ **উত্তর: খ**

৩০. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ ছাড়া অন্য দুই বাহুর দৈর্ঘ্য ০.২ মিটার এবং ০.৩ মিটার হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত? [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]

ক. ০.০৬ বর্গমিটার খ. ০.০৩ বর্গমিটার গ. ০.০৫ বর্গমিটার ঘ. ০.০১ বর্গমিটার **উত্তর: খ**

৩১. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ বাদে অপর দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৮ মিটার ও ৬ মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল কত? [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. ১৫ বর্গমিটার খ. ২০ বর্গমিটার গ. ২৪ বর্গমিটার ঘ.৩০ বর্গমিটার **উত্তর: গ**

৩২. একটি সমকোণী ত্রিভুজের ভূমি ৫ মিটার ও অতিভুজ ১৩ মিটার হলে ত্রিভুজের পরিসীমা হবে - [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভাগীয় সহকারী: ১৯]

ক. ২৫ মিটার খ. ৩৫ মিটার গ.৩০ মিটার ঘ. ৩৬ মিটার **উত্তর: গ**

৩৩. সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য যদি a হয়, তবে ক্ষেত্রফল হবে - / একটি সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য a একক হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ একক? [৩৮তম বিসিএস]

ক. $\frac{\sqrt{3}}{4}a^2$ খ. $\frac{\sqrt{3}}{2}a^2$ গ. $\frac{3}{4}a^2$ ঘ. $\frac{1}{2}a^2$ **উত্তর: ক**

৩৪.. ABC সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য x হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত? [১৪ প্রভাষক নিবন্ধন]

ক. x^3 বর্গ একক খ. $\frac{\sqrt{3}}{4}x^2$ বর্গএকক গ. $\frac{\sqrt{3}}{2}x^2$ বর্গএকক ঘ. $\frac{\sqrt{4}}{3}a^2$ বর্গএকক **উত্তর: খ**

সমাধানঃ সমবাহু ত্রিভূজটির ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}$ বাহু$^২ = \frac{\sqrt{3}}{4}x^2$ বর্গএকক

৩৫. একটি সমবাহু ত্রিভুজের একটি বাহু ১৬ মিটার ত্রিভুজটির ক্ষেত্রফল কত? [১২তম বিসিএস]

ক. ১৯২ খ. $৩২\sqrt{৩}$ গ. $৬৪\sqrt{৩}$ ঘ. ৬৪ **উত্তর: গ**

সমাধানঃ সমবাহু ত্রিভূজটির ক্ষেত্রফল $= \frac{\sqrt{৩}}{৪}(১৬)^২ = ৬৪\sqrt{৩}$

৩৬. একটি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য ২ সে.মি. এবং উচ্চতা x সে.মি. হলে x এর মান কোনটি? [৪৪তম বিসিএস]

ক. $\sqrt{2}$ খ.$\sqrt{3}$ গ. 2 ঘ. 3 **উত্তর: খ**

৩৭. একটি সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য 2 মিটার হলে উহার ক্ষেত্রফল কত বর্গমিটার? [বিআরডিবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ১৯]

ক. $\sqrt{3}$ খ. 3 গ. 2 ঘ. 4 **উত্তর: ক**

সমাধানঃ সমবাহু ত্রিভূজটির ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}(2)^2 = \sqrt{3}$

৩৮. একটি সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল ৫০ বর্গ সে.মি.। ত্রিভুজের প্রতি বাহুর দৈর্ঘ্য কত? [আইসিটি বিভাগের সহকারী প্রোগ্রামার: ১৭]

ক. ১৫.২ সে.মি. খ. ১০.৫ সে.মি গ. ১০.৭ সে.মি. ঘ. ১৭.১ সে.মি. **উত্তর: গ**

৩৯. একটি সমবাহু ত্রিভুজের বাহুর প্রত্যেকটির দৈর্ঘ্য ২ মিটার বাড়ালে এর ক্ষেত্রফল ৩ বর্গমিটার বেড়ে যায়। সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য কত? [৩২তম বিসিএস]

ক. ১ মিটার খ. ২ মিটার গ. ৩ মিটার ঘ. ৪ মিটার **উত্তর: খ**

৪০. একটি সমবাহু ত্রিভুজের পরিসীমা 9 সে.মি. হলে এর উচ্চতা কত সে.মি.? [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. $\frac{3\sqrt{3}}{2}$ খ. $2\sqrt{3}$ গ. $4\sqrt{3}$ ঘ. $\frac{3\sqrt{3}}{4}$ **উত্তর: ক**

৪১. একটি সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য ১০ সে.মি. হলে তার ক্ষেত্রফল কত? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৩]

ক. $২৫\sqrt{৩}$ বর্গ সে.মি. খ. $২৫\sqrt{৩}$ বর্গ সে.মি. গ. ১০০ বর্গ সে.মি. ঘ. ৫০ বর্গ সে.মি. **উত্তর: ক**

৪২. একটি সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য ৪ সে.মি. হলে উহার ক্ষেত্রফল হবে কত? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট: ১৯]

ক. $\sqrt{৩}$ বর্গ সে.মি. খ. $২\sqrt{৩}$ বর্গ সে.মি. গ. $৪\sqrt{৩}$ বর্গ সে.মি. গ. $\frac{১}{২}\sqrt{৩}$ বর্গ সে.মি. **উত্তর: গ**

৪৩. সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য ২ একক হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল - [১৩তম শিক্ষক নিবন্ধন]

ক. $\frac{৩\sqrt{৩}}{৪}$ বর্গ একক খ. $৩\sqrt{৩}$ বর্গ একক গ. ৯ বর্গ একক ঘ. ৩ বর্গ একক **উত্তর: খ**

৪৪. একটি সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $\sqrt{3}$ বর্গমিটার হলে তার বাহুর দৈর্ঘ্য কত মিটার? [১৩তম শিক্ষক নিবন্ধন]

ক. ২ খ. ৩ গ. $\sqrt{৩}$ ঘ. ৪ **উত্তর: ক**

৪৫. কোনো সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি ১৬ একক এবং অপর প্রত্যেক বাহুদ্বয় ১০ একক। ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ একক? [২৩তম বিসিএস]

ক. ১৬০ খ. ৮০ গ. ৩৬ ঘ. ৪৮ **উত্তর: গ**

৪৬. একটি সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয়ের প্রত্যেকটির দৈর্ঘ্য ১০ সে.মি. এবং বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ ৪৫° হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি.? [১৩তম প্রভাষক নিবন্ধন]

ক. ২৫ খ. ২৫২ গ. ৩০ ঘ. ২৫৫ **উত্তর: খ**

৪৭. একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ১২ সে.মি. হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি.? [২৭তম বিসিএস]

ক. ৩৬ খ. ৪৮ গ. ৫৬ ঘ. ৭২ **উত্তর: ক**

৪৮. একটি সমদ্বিবাহু ত্রিভুজের পরিসীমা ১৬ মিটার। এর সমান সমান বাহুর দৈর্ঘ্য ভূমির অংশ হলে ত্রিভুজক্ষেত্রটির ক্ষেত্রফল কত? [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]

ক. ১৪ বর্গ মিটার খ. ১৬ বর্গ মিটার গ. ১২ বর্গ মিটার ঘ.২০ বর্গ মিটার **উত্তর: গ**

৪৯. একটি সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয়ের প্রতিটির দৈর্ঘ্য ৪ একক হলে, উহার ক্ষেত্রফল কত বর্গ একক? [১৫তম শিক্ষক নিবন্ধন]

ক. $\sqrt{৩}$ খ. $২\sqrt{৩}$ গ. $৩\sqrt{৩}$ ঘ. $৪\sqrt{৩}$ **উত্তর: ঘ**

৫০. একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি ২ সে.মি. এবং অপর বাহুদ্বয়ের প্রতিটির দৈর্ঘ্য ৩ সে.মি. হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত? [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৫]

ক. ৯ বর্গ সে.মি. খ. ৬ বর্গ সে.মি. গ. $\sqrt{৮}$ বর্গ সে.মি. ঘ. $২\sqrt{৩}$ বর্গ সে.মি. **উত্তর: গ**

৫১. একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ১০ সে.মি.। ত্রিভুজটির ক্ষেত্রফল - [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ৫০ বর্গ সে.মি খ. ২৫ বর্গ সে.মি. গ. ১০০ বর্গ সে.মি. ঘ. ৫ বর্গ সে.মি. **উত্তর: খ**

৫২. একটি ত্রিভুজের ৩টি বাহুর দৈর্ঘ্য ৪, ৫ ও ৩ ফুট হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত? [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]

ক. ১২ বর্গফুট খ.৬ বর্গফুট গ. ৩০ বর্গফুট ঘ. ৪০ বর্গফুট **উত্তর: খ**

সমাধানঃ ৫৪ নং সমাধানের অনুরুপ নিয়ম।

৫৩. ৪ সে.মি., ৫ সে.মি. ও ৯ সে.মি. বাহুবিশিষ্ট ত্রিভুজের ক্ষেত্রফল কত বর্গ একক? [১৫তম শিক্ষক নিবন্ধন]

ক. ০ খ. ৬০ গ. ৮০ ঘ. ১২০ **উত্তর: ক**

৫৪. একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য ৫, ৬, ৭ মিটার। নিকটতম বর্গমিটারে ত্রিভুজটির ক্ষেত্রফল কত? [২৪তম বিসিএস]

ক. ১৬ বর্গমিটার খ. ১৫ বর্গমিটার গ. ১৭ বর্গমিটার ঘ. ১৪ বর্গমিটার **উত্তর: খ**

৫৫. একটি ত্রিভুজের তিনবাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৫, ৭, ৮ মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গমিটার? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৮]

ক. ১৪.৬৯ খ. ১৫.৬৯ গ. ১৭.৩২ ঘ. ১৮.৩২ **উত্তর: গ**

৫৬. ৫, ১২ এবং ১৩ সেন্টিমিটার বাহুবিশিষ্ট ত্রিভুজের ক্ষেত্রফল কত বর্গসেন্টিমিটার? [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহকারী: ১৯]

ক. ১২০ খ. ৬৫ গ. ৬০ ঘ. ৩০ **উত্তর: ঘ**

সমাধানঃ ত্রিভূজটির পরিসীমা, $2s = (৫+১২+১৩) \Rightarrow 2s = ৩০ \Rightarrow s = ১৫$ সে.মি.। ত্রিভূজটির ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

$= \sqrt{১৫(১৫-৫)(১৫-১২)(১৫-১৩)} = \sqrt{১৫ \times ১০ \times ৩ \times ২} = \sqrt{৩ \times ৫ \times ৫ \times ২ \times ৩ \times ২} = ২ \times ৩ \times ৫ = ৩০$ বর্গমিটার

৫৭. একটি ত্রিভুজাকৃতি মাঠের বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে ২০মি., ২১ মি. এবং ২৯ মি. হলে এর ক্ষেত্রফল কত? [৩১তম বিসিএস]

ক. ২০০ বর্গমিটার খ. ২১০ বর্গমিটার গ. ২৯০ বর্গমিটার ঘ. ৩০০ বর্গমিটার **উত্তর: খ**

৫৮. একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য ১৩, ১৪ ও ১৫ মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল কত? [কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার: ১৮]

ক. ৬০ বর্গমিটার খ. ৮৪ বর্গমিটার গ. ৯০ বর্গমিটার ঘ. ১০৮ বর্গমিটার **উত্তর: খ**

সমাধানঃ ত্রিভূজটির পরিসীমা, $2s = (১৩+১৪+১৫) \Rightarrow 2s = ৪২ \Rightarrow s = ২১$। ত্রিভূজটির ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$

$= \sqrt{২১(২১-১৩)(২১-১৪)(২১-১৫)} = \sqrt{২১ \times ৮ \times ৭ \times ৬} = ৮৪$ বর্গমিটার

৫৯. ত্রিভুজ ABC এর ক্ষেত্রফল ২০ বর্গ একক। X এবং Y যথাক্রমে AB এবং AC এর মধ্যবিন্দু। AXY ত্রিভুজ সমান কত বর্গ একক? [সিএজি কার্যালয়ের জুনিয়র অডিটর: ১১]

ক. ৫ বর্গ একক খ. ২ বর্গ একক গ. ৪ বর্গ একক ঘ. ১০ বর্গ একক **উত্তর: ক**

৬০. ত্রিভুজ ABC এর BE = EF = CF, AEC এর ক্ষেত্রফল ৪৮ বর্গফুট হলে ত্রিভুজ ABC এর ক্ষেত্রফল কত বর্গফুট? [১০ম বিসিএস]

ক. ৭২ খ. ৬০ গ. ৪৮ ঘ. ৬৪ **উত্তর: ক**

৬১. বিষমবাহু ΔABC এর বাহুগুলির মান এমনভাবে নির্ধারিত যে AD মধ্যমা দ্বারা গঠিত ΔABD এর ক্ষেত্রফল x বর্গমিটার। ΔABC এর ক্ষেত্রফল কত? [৩৪তম বিসিএস]

ক. x^2 বর্গ মি. খ. $2x$ বর্গমি. গ. $\left(\frac{x}{2}\right)^2$ বর্গ মি. ঘ. $\left(\frac{\sqrt{x}}{3}\right)^3$ বর্গ মি. **উত্তর: খ**

৬২. ১০ গজ × ৫ গজ = কত? [অগ্রণী ব্যাংকের অফিসার: ৯৭]

ক. ৫০ গজ খ. ৫০ বর্গগজ গ. ২৫ বর্গগজ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৬৩. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য a একক এবং প্রস্থ b একক হলে কর্ণের দৈর্ঘ্য কত? [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]

ক. $\sqrt{a+b}$ খ. $\sqrt{a^2+b^2}$ গ. a^2+b^2 ঘ. ab **উত্তর: খ**

সমাধানঃ আয়তক্ষেত্রের প্রতিটি কোণ সমকোণ। সমকোণ সংলগ্ন বাহুদ্বয় a ও b হলে আয়তক্ষেত্রের অতিভূজ বা কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{a^2+b^2}$

৬৪. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ১২ সে.মি. এবং প্রস্থ ৫ সে.মি. হলে এর একটি কর্ণের দৈর্ঘ্য কত? [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক: ০৬]

ক. ১৭ সে.মি. খ.১৫ সে.মি. গ. ১৩ সে.মি. ঘ. ১৪ সে.মি. **উত্তর: গ**

সমাধানঃ আয়তক্ষেত্রটির কর্ণ $= \sqrt{a^2+b^2} = \sqrt{১২^২+৫^২} = \sqrt{১৬৯} = ১৩$ সে.মি.

৬৫. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য ১০ মিটার এবং প্রস্থ ৬ মিটার হলে পরিসীমা কত? / আয়তাকার বাগানের দৈর্ঘ্য ১০ মিটার এবং প্রস্থ ৬ মিটার হলে বাগানটির পরিসীমা - / একটি চতুর্ভুজের দৈর্ঘ্য ১০ মিটার, প্রস্থ ৬ মিটার। চতুর্ভুজটির পরিসীমা কত? [আইইআর'র উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর: ২০]

ক. ৩২ বর্গমিটার খ.৬০ বর্গমিটার গ. ৩২ মিটার ঘ. ১৬ মিটার **উত্তর: গ**

সমাধানঃ পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) = ২(১০ + ৬) = ৩২ মিটার

৬৬. কোনো বাগানের দৈর্ঘ্য ২০ মিটার এবং প্রস্থ ১০ মিটার হলে ঐ বাগানের ক্ষেত্রফল কত বর্গমিটার? [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার: ১৭]

ক. ৩০ খ. ২ গ. ৩০০ ঘ. ২০০ **উত্তর: ঘ**

সমাধানঃ বাগানটির ক্ষেত্রফল = (দৈঘ্য × প্রস্থ) = (২০×১০) = ২০০ বর্গমিটার

৬৭. আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা ৪ ফুট বড়। দৈর্ঘ্য ৮ ফুট হলে ক্ষেত্রফল কত বর্গফুট? [সেসিপ'র উপজেলা একাডেমিক সুপারভাইজার: ১৫]

ক. ৩০ খ. ৪০ গ. ৩৫ ঘ. ৩২ **উত্তর: ঘ**

সমাধানঃ দৈর্ঘ্য ৮ ফুট হলে প্রস্থ = (৮ - ৪) = ৪ফুট। ক্ষেত্রফল = (দৈর্ঘ্য × প্রস্থ) = ৮×৪ = ৩২ বর্গফুট

৬৮. আয়তাকার জমির ক্ষেত্রফল ৪২৫০ বর্গমিটার এবং প্রস্থ ৫০ মিটার। জমিটির দৈর্ঘ্য কত? [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরী অ্যাটেনডেন্ট: ২০]

ক. ৭৫ মি. খ. ৮৫ মি. গ. ৯৫ মি ঘ. ৬৫ মি. **উত্তর: খ**

সমাধানঃ ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ => দৈর্ঘ্য = $\frac{\text{ক্ষেত্রফল}}{\text{প্রস্থ}} = \frac{৪২৫০}{৫০}$ = ৮৫ মিটার

৬৯. একটি আয়তাকার বাগানের ক্ষেত্রফল ৮৪০ বর্গমি. এবং দৈর্ঘ্য ৪০ মি. হলে প্রস্থ কত? [বন অধিদপ্তরের বন প্রহরী: ১৫]

ক. ২১ মি. খ. ২২ মি. গ. ২৫ মি. ঘ. ২৫ মি. **উত্তর: ক**

সমাধানঃ ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ => প্রস্থ = $\frac{\text{ক্ষেত্রফল}}{\text{দৈর্ঘ্য}} = \frac{৮৪০}{৪০}$ = ২১ মিটার

৭০. একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ১ এয়র, এর দৈর্ঘ্য ১২.৫ মিটার হলে আয়তক্ষেত্রটির প্রস্থ কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]

ক. ৪ মিটার খ. ৬ মিটার গ. ৮ মিটার ঘ. ১০ মিটার **উত্তর: গ**

সমাধানঃ ১ এয়র = ১০০ বর্গমিটার। ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ => প্রস্থ = $\frac{\text{ক্ষেত্রফল}}{\text{দৈর্ঘ্য}} = \frac{১০০}{১২.৫}$ = ৮ মিটার

৭১. যদি একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ৮ মি. এবং পরিসীমা ২৪ মি. হয়, তবে এর প্রস্থ কত? যদি একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ৮ মি. এবং পরিসীমা ২৪ মি. হয় তবে এর প্রস্থ কত? [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্রেডিট সুপারভাইজার: ১৯]

ক. ৩ মি. খ. ২ মি. গ. ৬ মি. ঘ. ৪ মি. **উত্তর: ঘ**

সমাধানঃ আয়তক্ষত্রটির পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) => ২৪ = ২(দৈর্ঘ্য + প্রস্থ) => ৮ + প্রস্থ = ১২ => প্রস্থ = ৪ মিটার

৭২. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ৪২ সে.মি. এবং এর পরিসীমা ১ মিটার। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল কত? [বাংলাদেশ শিপিং কর্পোরেশনে সিনিয়র অফিসার: ১৮]

ক. ৩৩৬ বর্গ সে.মি. খ. ৮৪ সে.মি গ. ৮৪ বর্গ সে.মি. ঘ. ১০০ বর্গমি. **উত্তর: ক**

সমাধানঃ আয়তক্ষত্রটির পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) => ১০০ = ২(দৈর্ঘ্য + প্রস্থ) => ৪২ + প্রস্থ = ৫০ => প্রস্থ = ৮ সে.মি.। ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ = ৪২ × ৮ = ৩৩৬ বর্গ সে.মি.

৭৩. একটি আয়তাকার বাগানের ক্ষেত্রফল ৪০০ বর্গমিটার এবং প্রস্থ ১৬ মিটার। বাগানের পরিসীমা কত মিটার? [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. ১৬ খ. ২৫ গ. ৪১ ঘ. ৮২ **উত্তর: ঘ**

সমাধানঃ ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ => দৈর্ঘ্য = $\frac{\text{ক্ষেত্রফল}}{\text{প্রস্থ}} = \frac{৪০০}{১৬}$ = ২৫ মিটার। পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) = ২(২৫ + ১৬) = ৮২ মিটার

৭৬. একটি ঘরের দৈর্ঘ্য ২৭ মিটার ও প্রস্থ ১৮ মিটার হলে, ঘরের মেঝের ক্ষেত্রফল হবে - [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পার্সোনাল অফিসার: ০৬]

ক. ৩০০ বর্গমিটার খ. ৪০০ বর্গমিটার গ. ৪৮৬ বর্গমিটার ঘ. ৯০০ বর্গমিটার **উত্তর: গ**

সমাধানঃ ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ = ২৭ × ১৮ = ৪৮৬ বর্গমিটার

৭৭. একখণ্ড জমির দৈর্ঘ্য ৯০ ফুট এবং প্রস্থ ৮০ ফুট হলে ঐ জমির ক্ষেত্রফল হবে? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ১ কাঠা খ. ১০ কাঠা গ. ৭.২ কাঠা ঘ. ৭২ কাঠা **উত্তর: খ**

সমাধানঃ ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ = ৯০ × ৮০ = ৭২০০ বর্গফুট = $\frac{৭২০০}{৭২০}$ = ১০ কাঠা। [১ কাঠা = ৭২০ বর্গফুট]

৭৮. আয়তাকার বাগানের ক্ষেত্রফল ৩৬০ বর্গমিটার এবং প্রস্থ ১২ মিটার হলে, দৈর্ঘ্য কত মিটার? [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]

ক. ৩০ খ. ৩৫ গ. ৪০ ঘ. ২৫ **উত্তর: ক**

সমাধানঃ ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ => দৈর্ঘ্য = $\frac{\text{ক্ষেত্রফল}}{\text{প্রস্থ}} = \frac{৩৬০}{১২}$ = ৩০ মিটার

৭৯. একটি আয়তাকার জমির দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ এবং উহার ক্ষেত্রফল ৮০০ বর্গমিটার হলে জমিটির পরিসীমা কত মিটার? [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৩]

ক. ১০০ খ. ১৪০ গ. ১২০ ঘ. ১১৫ **উত্তর: গ**

সমাধানঃ জমির প্রস্থ x মিটার হলে দৈর্ঘ্য ২x মিটার। ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ = $(২x \times x) = ২x^২$ বর্গমিটার। পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) = ২(২x + x) = ৬x মিটার। প্রশ্নমতে, $২x^২ = ৮০০ => x^২ = ৪০০ => x = ২০$। সুতরাং পরিসীমা = ২(২x + x) = ২(২×২০ + ২০) = ১২০ মিটার

৮০. একটি আয়তাকার জমির ক্ষেত্রফল ২৪ এয়র দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ৩ : ২ হলে ঐ জমির পরিসীমার পরিমাপ কত? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]

ক. ২০০ মিটার খ. ১৫০ মিটার গ. ১০০ মিটার ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

৮১. ২০x পরিসীমাবিশিষ্ট আয়তক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য ৪x + ৩ হলে অপর বাহুর দৈর্ঘ্য কত? [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুটেন্ট: ১৫]

ক. ৪x - ৩ খ. ৫x + ৩ গ. ৫x - ৩ ঘ. ৬x - ৩ **উত্তর: ঘ**

৮২. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। এর ক্ষেত্রফল ৫১২ বর্গমিটার হলে পরিসীমা কত? [এনএসআই'র ফিল্ড অফিসার: ১৭]

ক. ৯৮ মিটার খ. ৯৬ মিটার গ. ৯৪ মিটার ঘ. ৯২ মিটার **উত্তর: খ**

সমাধানঃ আয়তাকার ঘরের বিস্তার x মিটার হলে দৈর্ঘ্য ২x মিটার। ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ => ৫১২ = (২x × x) => ৫১২ = ২x^2 => x = ১৬ বর্গমিটার। পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) = ২(x + ২x) = ২(১৬ + ২×১৬) = ৯৬ মিটার

৮৩. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল ৩০০ বর্গমিটার হলে পরিসীমা কত? [২৪তম বিসিএস]

ক. ৭০ মিটার খ. ৭৫ মিটার গ. ৮০ মিটার ঘ. ২৭২ মিটার **উত্তর: গ**

সমাধানঃ আয়তক্ষেত্রটির প্রস্থ x মিটার হলে দৈর্ঘ্য ৩x মিটার। ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ => ৩০০ = (৩x × x) => ৩০০ = ৩x^2 => x = ১০। পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) = ২(৩x + x) = ৮x = ৮×১০ = ৮০ মিটার।

৮৪. আয়তাকার ঘরের প্রস্থ দৈর্ঘ্যের $\frac{২}{৩}$ গুণ এবং ক্ষেত্রফল ৩৮৪ বর্গ মিটার হলে ঐ ঘর পরিসীমা কত? [ডাক বিভাগের এস্টিমেটর: ১৮]

ক. ২৫৬ মিটার খ. ৫৭৬ মিটার গ. ৪০ মিটার ঘ. ৮০ মিটার **উত্তর: ঘ**

৮৫. একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ১৬০ বর্গমিটার। এর প্রস্থ দৈর্ঘ্য অপেক্ষা ৬ মিটার কম। আয়তক্ষেত্রের দৈর্ঘ্য কত? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৩]

ক. ২০ মিটার খ. ১৬ মিটার গ. ১২ মিটার ঘ. ৮ মিটার **উত্তর: খ**

৮৬. একটি আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল ১৬০ বর্গমিটার। যদি উহার দৈর্ঘ্য ৬ মিটার কম হয় তাহলে আয়তাকার ক্ষেত্রটি বর্গক্ষেত্র হয়। আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন। [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক: ০৫]

ক. দৈর্ঘ্য ১৫ মিটার, প্রস্থ ৯ মিটার খ. দৈর্ঘ্য ১৬ মিটার, প্রস্থ ১০ মিটার
গ. দৈর্ঘ্য ১৭ মিটার, প্রস্থ ১১ মিটার ঘ. দৈর্ঘ্য ১৮ মিটার, প্রস্থ ১২ মিটার **উত্তর: খ**

৮৭. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য, প্রস্থ অপেক্ষা ৩০ মিটার বেশি। আয়তাকার ক্ষেত্রটির পরিসীমা ১৪০ মিটার হলে ক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন। [কারিগরি শিক্ষা অধিদপ্তরের চীফ ইন্সট্রাক্টর: ০৩]

ক. ৫০ মিটার ও ২০ মিটার খ. ৫৫ মিটার ও ২৫ মিটার গ. ৬০ মিটার ও ৩০ মিটার ঘ. ৪৫ মিটার ও ১৫ মিটার **উত্তর: ক**

সমাধানঃ আয়তাকার ক্ষেত্রটির প্রস্থ x মিটার হলে দৈর্ঘ্য (x +৩০) মিটার। পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) => ১৪০ = ২(x+ x+৩০) => ৪x +৬০ = ১৪০ => x = ২০ মিটার। সুতরাং ক্ষেত্রটির প্রস্থ ২০ মিটার হলে দৈর্ঘ্য (২০+৩০) = ৫০ মিটার

৮৮. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৬ একক বেশি। আয়তক্ষেত্রটির পরিসীমা ৪০ একক হলে দৈর্ঘ্য কত? [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]

ক. ৭ খ. ৮ গ. ১৩ ঘ. ১৫ **উত্তর: গ**

সমাধানঃ আয়তক্ষেত্রের প্রস্থ x একক হলে দৈর্ঘ্য (x + ৬)। পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) => ৪০ = ২(x+ x+৬) => ৪০ = ৪x + ১২ => x = ২০ একক। সুতরাং ক্ষেত্রটির প্রস্থ ২০ মিটার হলে দৈর্ঘ্য (২০ + ৩০) = ৫০ মিটার

৮৯. একটি আয়তাকার জমির দৈর্ঘ্য প্রস্থের তিনগুণ এবং উক্ত জমির পরিসীমা ৪০ মিটার হলে জমিটির দৈর্ঘ্য কত? [প্রাণিসম্পদ অধিদপ্তরের ভিএফএ: ২০]

ক. ১২ মি. খ. ৩০ মি. গ. ১৫ মি. ঘ. ৩৬ মি. **উত্তর: গ**

সমাধানঃ জমিটির প্রস্থ x মিটার হলে দৈর্ঘ্য ৩x মিটার। পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) => ৪০ = ২(x + ৩x) => ৮x = ৪০ => x = ৫ মিটার। সুতরাং দৈর্ঘ্য = ৩x = ৩×৫ = ১৫ মিটার

৯০. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য বিস্তারের ৩ গুণ। দৈর্ঘ্য ৪৮ মিটার হলে ক্ষেত্রটির পরিসীমা কত? [১১তম বিসিএস]

ক. ১২৮ মিটার খ. ১৪৪ মিটার গ. ৬৪ মিটার ঘ. ৯৬ মিটার **উত্তর: ক**

সমাধানঃ আয়তক্ষেত্রটির বিস্তার = $\frac{\text{দৈর্ঘ্য}}{৩} = \frac{৪৮}{৩}$ = ১৬ মিটার। পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) = ২(৪৮ + ১৬) = ৬৪×২ = ১২৮ মিটার

৯১. ৪৮ মিটার দীর্ঘ একটি আয়তক্ষেত্রের প্রস্থ দৈর্ঘ্যের এক তৃতীয়াংশ। ঐ আয়তক্ষেত্রের সমান পরিসীমাবিশিষ্ট বর্গের একটি বাহুর দৈর্ঘ্য - [বাংলাদেশ রেলওয়ের সহকারী সার্জন: ০৫]

ক. ১৬ মিটার খ. ৩২ মিটার গ. ২৪ মিটার ঘ. ২৮ মিটার **উত্তর: খ**

সমাধানঃ আয়তক্ষেত্রটির প্রস্থ = $\frac{১}{৩}$ × দৈর্ঘ্য = $\frac{১}{৩}$ × ৪৮ = ১৬ মিটার। পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) = ২(৪৮ + ১৬) = ১২৮ মিটার। বর্গের একটি বাহুর দৈর্ঘ্য = $\frac{১২৮}{৪}$ = ৩২ মিটার

৯২. একটি আয়তক্ষেত্রের প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য ৪ মিটার বেশি। এর ক্ষেত্রফল ১৯২ বর্গমিটার হলে পরিসীমা কত? [নির্বাচন কমিশন সচিবালয়ের কম্পিউটার অপারেটর: ১৯]

ক. ৫৬ মিটার খ. ১২৮ মিটার গ. ৮৪ মিটার ঘ. ৭৪ মিটার **উত্তর: ক**

সমাধানঃ আয়তক্ষেত্রটির প্রস্থ x মিটার হলে দৈর্ঘ্য (x+8) মিটার। ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ => ১৯২ = x (x+8) => x^2+8x -১৯২ = ০ => x^2+১৬x -১২x - ১৯২ = ০ => (x + ১৬) (x - ১২) = ০ => x= ১২, - ১৬। অতএব, দৈর্ঘ্য = (x+8) = (8+১২) = ১৬ মিটার। সুতরাং পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) = ২(১৬ + ১২) = ৫৬ মিটার

৯৩. আয়তাকার একটি ঘরের মেঝের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা ২ মিটার বেশি। ঘরটির মেঝের ক্ষেত্রফল ৩৬০ বর্গমিটার হলে মেঝের দৈর্ঘ্য কত? [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১৮]

ক. ২০ মিটার খ. ১৮ মিটার গ. ২৫ মিটার ঘ. ১৬ মিটার **উত্তর: ক**

সমাধানঃ আয়তক্ষেত্রটির প্রস্থ x মিটার হলে দৈঘ্য (x +২) ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ => ৩৬০ = x(x +২) => $x^২$+২x - ৩৬০ = ০ => $x^২$+২০x - ১৮x - ৩৬০ = ০ => (x+২০) (x-১৮) = ০ => x =১৮, - ২০। মেঝেটির দৈর্ঘ্য = (১৮+২) = ২০ মিটার।

৯৪. আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা ৪ মিটার বেশি। ঘরটির পরিসীমা ৩২ মিটার হলে এর ক্ষেত্রফল কত? [ডাকের সহকারী পরিচালক: ২০]

ক. ৬০ বর্গ মিটার খ. ৪৮ বর্গ মিটার গ. ১০ বর্গ মিটার ঘ. ৪২ বর্গ মিটার **উত্তর: ক**

সমাধানঃ আয়তক্ষেত্রটির প্রস্থ x মিটার হলে দৈর্ঘ্য (x+৪) মিটার। পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) => ২(x + x+৪) = ৩২ => ৪x = ২৪ => x = ৬। ঘরের দৈর্ঘ্য = (৪+৬) =১০ মিটার। আয়তাকার ঘরটির ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ = ১০×৬ = ৬০ বর্গমিটার

৯৫. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য এর প্রস্থের তিনগুণ এবং পরিসীমা ২৪ মিটার। বাগানটির ক্ষেত্রফল কত? [১৪তম প্রভাষক নিবন্ধন]

ক. ২৭ বর্গমিটার খ. ৩০ বর্গমিটার গ. ১৮ বর্গমিটার ঘ. ৯ বর্গমিটার **উত্তর: ক**

সমাধানঃ বাগানটির প্রস্থ x মিটার হলে দৈর্ঘ্য ৩x মিটার। ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ = x × ৩x = ৩$x^২$ বর্গমিটার। পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) => ২৪ = ২(x+ ৩x) => ৮x = ২৪ => x = ৩ মিটার। সুতরাং ক্ষেত্রফল = ৩$x^২$ = ৩ × $৩^২$ = ২৭ বর্গমিটার।

৯৬. একটি আয়তাকার ঘরের প্রস্থ তার দৈর্ঘ্যের $\frac{২}{৩}$ অংশ। ঘরটির পরিসীমা ৪০ মিটার হলে তার ক্ষেত্রফল কত? [৩৩তম বিসিএস]

ক. ৬০ বর্গমিটার খ. ৯৬ বর্গমিটার গ. ৭২ বর্গমিটার ঘ. ৬৪ বর্গমিটার **উত্তর: খ**

সমাধানঃ ঘরটির দৈর্ঘ্য ৩x মিটার হলে প্রস্থ ২x মিটার। ক্ষেত্রফল = ৩x×২x = ৬$x^২$ বর্গ মিটার। পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) => ৪০ = ২(৩x+২x) => ১০x = ৪০ => x = ৪ মিটার। সুতরাং ক্ষেত্রফল = ৬$x^২$ = (৬×$৪^২$) = ৯৬ বর্গমিটার

৯৭. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ৩ : ১ এবং উহার পরিসীমা ২০০ মিটার হলে আয়তাকার ক্ষেত্রটির ক্ষেত্রফল কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ১৫৭৫ ব.মি. খ. ১৭৭৫ ব.মি. গ. ১৬৭৫ ব.মি. ঘ. ১৮৭৫ ব.মি. **উত্তর: ঘ**

সমাধানঃ আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য ৩x মিটার হলে প্রস্থ x মিটার। ক্ষেত্রফল = (৩x×x) = ৩$x^২$ বর্গমিটার। পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) => ২০০ = ২(৩x+x) => ৮x = ২০০ => x = ২৫ মিটার। ক্ষেত্রফল = ৩$x^২$ = ৩×($২৫^২$) = ১৮৭৫ বর্গমিটার

৯৮. আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দেড় গুণ। ক্ষেত্রটির ক্ষেত্রফল ৯৬ বর্গ মিটার হলে ক্ষেত্রটির দৈর্ঘ্য কত? [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২০]

ক. ১২ মিটার খ. ৬ মিটার গ. ৮ মিটার ঘ. ১৬ মিটার **উত্তর: ক**

৯৯. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। ক্ষেত্রফল ৩২ বর্গমিটার হলে বড় বাহুটির দৈর্ঘ্য - [সেসিপ'র উপজেলা / থানা একাডেমিক সুপারভাইজার: ১৫]

ক. ৮ মিটার খ. ৪ মিটার গ. ১৬ মিটার ঘ. ১০ মিটার **উত্তর: ক**

১০০. আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের দেড় গুণ। তার ক্ষেত্রফল ২১৬ বর্গমিটার হলে ইহার পরিসীমা কত? [আমদানি-রপ্তানি দপ্তরের অফিস সহায়ক: ২০]

ক. ৬৫ মিটার খ. ৬০ মিটার গ. ১৮ মিটার ঘ. ৫০ মিটার **উত্তর: খ**

সমাধানঃ ঘরটির প্রস্থ ২x মিটার হলে দৈর্ঘ্য (২x × $\frac{৩}{২}$) = ৩x মিটার। ক্ষেত্রফল = (২x × ৩x) => ৬$x^২$ = ২১৬ => $x^২$ = ৩৬ => x = ৬ বর্গমিটার। পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) = ২(৩x + ২x) = ১০x = ১০× ৬ = ৬০ মিটার।

১০১. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য, প্রস্থের দেড়গুণ। এর ক্ষেত্রফল ২৯৪ বর্গমিটার হলে পরিসীমা কত? [১৪তম শিক্ষক নিবন্ধন]

ক. ৪০ মিটার খ. ৫০ মিটার গ. ৬০ মিটার ঘ. ৭০ মিটার **উত্তর: ঘ**

সমাধানঃ ঘরটির প্রস্থ ২x মিটার হলে দৈর্ঘ্য (২x ×১$\frac{১}{২}$) = ৩x মিটার। ক্ষেত্রফল = (২x × ৩x) => ৬$x^২$ = ২৯৪ => $x^২$ = ৪৯ => x = ৭ বর্গমিটার। পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) = ২(৩x + ২x) = ১০x = ১০× ৭ = ৭০ মিটার।

১০২. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের। এর ক্ষেত্রফল ১৩.৫ বর্গমিটার হলে পরিসীমা কত মিটার? [ডাক বিভাগের পরিদর্শক: ১৬]

ক. ৭. ৫ খ. ১৩.৫ গ. ১৫ ঘ. ৬.৫ **উত্তর: গ**

সমাধানঃ ঘরের প্রস্থ ২x মিটার হলে দৈর্ঘ্য ৩x মিটার। ক্ষেত্রফল = (২x × ৩x) => ৬$x^২$ = ১৩.৫ => $x^২$ = ২.২৫ => x = $\frac{১৫}{১০}$ মিটার।

পরিসীমা = ২(দৈঘ্য + প্রস্থ) = ২(২x+ ৩x) = ১০x = ১০× $\frac{১৫}{১০}$ = ১৫ মিটার।

১০৩. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ১২৫০ বর্গমিটার হলে এর দৈর্ঘ্য কত মিটার? [৩০তম বিসিএস]

ক. ৩০ খ. ৪০ গ. ৫০ ঘ. ৬০ **উত্তর: গ**

সমাধানঃ আয়তক্ষেত্রটির প্রস্থ x মিটার হলে দৈঘ্য ২x মিটার। ক্ষেত্রফল = (২x × x) => ১২৫০ = ২$x^২$ => $x^২$ = ৬২৫ => x = ২৫ মিটার। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য = ২x = ২×২৫ = ৫০ মিটার।

১০৪. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থকে দ্বিগুণ করলে ক্ষেত্রফল মূল আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের - [বিআরডিবি'র মাঠ সংগঠক: ১৪]

ক. দ্বিগুণ হবে খ. চারগুণ হবে গ. ছয়গুণ হবে ঘ. আটগুণ হবে **উত্তর: খ**

১০৫. দুইটি আয়তাকার কক্ষের ক্ষেত্রফল সমান। প্রথম কক্ষের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ২০ মিটার এবং ১৫ মিটার। দ্বিতীয় কক্ষের দৈর্ঘ্য ১৮ মিটার হলে প্রস্থ কত? [মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]

ক. ১৫ মিটার খ. ১৫ $\frac{১}{২}$ মিটার গ. ১৬ $\frac{১}{৩}$ মিটার ঘ. ১৬ $\frac{২}{৩}$ মিটার **উত্তর: ঘ**

সমাধানঃ প্রথম কক্ষের ক্ষেত্রফল = (দৈঘ্য × প্রস্থ) = (২০×১৫) = ৩০০ বর্গমিটার। দ্বিতীয় কক্ষের ক্ষেত্রফল = (১৮× প্রস্থ) বর্গমিটার। প্রশ্নমতে, ১৮×প্রস্থ = ৩০০ => প্রস্থ = $\frac{৩০০}{১৮} = ১৬\frac{২}{৩}$ মিটার

১০৬. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ১৮ সে.মি. এবং প্রস্থ ১০ সে.মি.। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য বৃদ্ধি করে ২৫ সে.মি. করা হলো। আয়তক্ষেত্রটির প্রস্থ কত হলে ক্ষেত্রফল অপরিবর্তিত থাকবে? [৩৯তম বিসিএস]

ক. ৭.৩ সে.মি. খ. ৭ সে.মি. গ. ৭.১ সে.মি. ঘ. ৭.২ সে.মি. **উত্তর: ঘ**

সমাধানঃ আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল = (১৮×১০) = ১৮০ বর্গ সে.মি.। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য ২৫ সে.মি হলে প্রস্থ হবে = $\frac{১৮০}{২৫}$ = ৭.২ সে.মি.

১০৭. একটি আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল ৪৮ ব.মি.; দৈর্ঘ্য ১ মি. কমালে এবং প্রস্থ ১ মি. বাড়ালে ক্ষেত্রফল ৪৯ ব.মি. হয়। আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ কত মিটার? [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]

ক. ১২, ৪ খ. ১৬, ৩ গ. ৮, ৬ ঘ. ২, ২৪ **উত্তর: গ**

১০৮. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ১৫০ মিটার ও ১০০ মিটার। বাগানটির দৈর্ঘ্য ২০% এবং প্রস্থ ১০% বৃদ্ধি করলে নতুন বাগানটির ক্ষেত্রফল কত বর্গমিটার হবে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ২০৫০০ খ. ১৯৮০০ গ. ১৮৫০০ ঘ. ১৫৫০০ **উত্তর: খ**

সমাধানঃ বাগানটির ক্ষেত্রফল = (১৫০×১০০) = ১৫০০০ বর্গমিটার। ২০% দৈর্ঘ্য বৃদ্ধির ফলে দৈর্ঘ্য হবে $(১৫০+১৫০\times\frac{২০}{১০০}) = ১৮০$ মিটার এবং ১০% প্রস্থ বৃদ্ধির ফলে প্রস্থ হবে (১০০+১০) = ১১০ মিটার। দৈর্ঘ্য ও প্রস্থ বৃদ্ধির ফলে ক্ষেত্রফল = (১৮০×১১০) = ১৯৮০০

১০৯. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ৫ মিটার কম এবং প্রস্থ ৩ মিটার অধিক হলে এর ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। আবার দৈর্ঘ্য ৫ মিটার অধিক এবং প্রস্থ ২ মিটার কম হলেও এর ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। এর দৈর্ঘ্য ও প্রস্থ - [উপজেলা / থানা শিক্ষা অফিসার: ০৫]

ক. দৈর্ঘ্য ২০ মিটার এবং প্রস্থ ১৫ মিটার খ. দৈর্ঘ্য ২২ মিটার এবং প্রস্থ ১৪ মিটার
গ. দৈর্ঘ্য ২৪ মিটার এবং প্রস্থ ১৩ মিটার ঘ. দৈর্ঘ্য ২৫ মিটার এবং প্রস্থ ১২ মিটার **উত্তর: ঘ**

১১০. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ৫ মিটার কম এবং প্রস্থ ৩ মিটার অধিক হলে ক্ষেত্রফল ৯ বর্গমিটার কম হয়। আবার দৈর্ঘ্য ৩ মিটার এবং প্রস্থ ২ মিটার বেশি হলে ক্ষেত্রফল ৬৭ বর্গমিটার বেশি হয়। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন। [আমদানি-রপ্তানি দপ্তরের নির্বাহী অফিসার: ০৭]

ক. দৈর্ঘ্য ১৫ মিটার, প্রস্থ ১১ মিটার খ. দৈর্ঘ্য ১৭ মিটার, প্রস্থ ৯ মিটার
গ. দৈর্ঘ্য ১৯ মিটার, প্রস্থ ৭ মিটার ঘ. দৈর্ঘ্য ২১ মিটার, প্রস্থ ৬ মিটার **উত্তর: খ**

১১১. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ। এর ক্ষেত্রফল ৩৮৪ বর্গমিটার হলে পরিসীমা কত? [১৩তম প্রভাষক নিবন্ধন]

ক. ৭০ মিটার খ. ৮০ মিটার গ. ৯০ মিটার ঘ. ৯৬ মিটার **উত্তর: খ**

১১২. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা ৪ মিটার বেশি। ঘরটির পরিসীমা ৩২ মিটার হলে ঘরটির দৈর্ঘ্য কত? [৩২তম বিসিএস]

ক. ৬ মিটার খ. ১০ মিটার খ. ১৮ মিটার ঘ. ১২ মিটার **উত্তর: খ**

১১৩. আয়তক্ষেত্রের পরিসীমা ১৬০ মিটার। আয়তক্ষেত্রটির প্রস্থ দৈর্ঘ্যের $\frac{৩}{৫}$ গুণ। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য কত মিটার? [সিএজি কার্যালয়ের অডিটর: ১৫]

ক. ৪৫ খ. ৫০ গ. ৬৫ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ আয়তক্ষেত্রটির প্রস্থ ৩x মিটার হলে দৈঘ্য ৫x মিটার। পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) => ১৬০ = ২(৫x+৩x) => ১৬x = ১৬০ => x =১০ মিটার। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য = ৫×১০ = ৫০ মিটার।

১১৪. একটি আয়তক্ষেত্রের প্রস্থের দ্বিগুণ দৈর্ঘ্য অপেক্ষা ১০ মিটার বেশি। আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ৬০০ বর্গমিটার হলে ইহার দৈর্ঘ্য কত? [উপজেলা / থানা নির্বাচন অফিসার: ০৪]

ক. ২০ মিটার খ. ২৫ মিটার গ. ৩০ মিটার ঘ. ৩৫ মিটার **উত্তর: গ**

সমাধানঃ আয়তক্ষেত্রটির প্রস্থ x মিটার হলে দৈর্ঘ্য (2x - ১০) মিটার। ক্ষেত্রফল = x(2x-১০) => ৬০০ = x(2x -১০) => $2x^2$ - ১০x - ৬০০ = ০ => (x-২০) (x+১৫) = ০ => x = ২০, - ১৫ মিটার। দৈর্ঘ্য = (2x - ১০) = (২×২০-১০) = ৩০ মিটার

১১৫. একটি আয়তক্ষেত্রের প্রস্থের দ্বিগুণ দৈর্ঘ্য অপেক্ষা ২৩ মিটার বেশি। আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ৬০০ বর্গমিটার হলে তার দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন। [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]

ক. দৈর্ঘ্য ২৪ মিটার এবং প্রস্থ ২৩ মিটার খ. দৈর্ঘ্য ২৫ মিটার এবং প্রস্থ ২৪ মিটার
গ. দৈর্ঘ্য ২৬ মিটার এবং প্রস্থ ২৫ মিটার ঘ. দৈর্ঘ্য ৩০ মিটার এবং প্রস্থ ২৫ মিটার **উত্তর: খ**

১১৬. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য তার প্রস্থের $\frac{৬}{৫}$ ভাগ। যদি আয়তক্ষেত্রটির পরিসীমা ১৩২ মিটার হয় তবে তার আয়তন কত? [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৯]

ক. ১০৮০ বর্গ মি. খ. ১০৫০ বর্গ মি. গ. ১০৭০ বর্গ মি. ঘ. ১০৯০ বর্গ মি. **উত্তর: ক**

সমাধানঃ আয়তক্ষেত্রের প্রস্থ ২x মিটার হলে দৈঘ্য $(2x \times ১\frac{১}{২}) = ৩x$ মিটার। ক্ষেত্রফল = (2x × ৩x) => ২৯৪ = $৬x^2$ => $x^2 = ৪৯$ => x =৭ মিটার। পরিসীমা = ২(দৈঘ্য+প্রস্থ) = ২(৩x+2x) = ১০x = ১০×৭ = ৭০ মিটার।

১১৭. একটি আয়তক্ষেত্রের পরিসীমা ২০০ মিটার। এর দৈর্ঘ্য প্রস্থের $\frac{৩}{৫}$ অংশ। দৈর্ঘ্য নির্ণয় করুন - [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ৯৮]

ক. ৩০ মি. খ. ৫০ মি. গ. ৬০ মি. ঘ. ৭০ মি. **উত্তর: ঘ**

১১৮. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের $১\frac{১}{২}$ গুণ। দৈর্ঘ্য ৪৮ মিটার হলে ক্ষেত্রটির পরিসীমা কত? [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ০৫]

ক. ৬৪ মিটার খ. ১৪৪ মিটার গ. ১৬০ মিটার ঘ. ৯৬ মিটার **উত্তর: গ**

সমাধানঃ আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য = (প্রস্থ × $১\frac{১}{২}$) => প্রস্থ = (দৈর্ঘ্য ÷ $\frac{৩}{২}$) = ($৪৮\times\frac{২}{৩}$) = ৩২ মিটার। পরিসীমা = ২(দৈর্ঘ্য+প্রস্থ) = ২(৪৮+৩২) = ১৬০ মিটার

১১৯. যদি কোন আয়তক্ষেত্রের প্রস্থ ৪ মিটার এবং ক্ষেত্রফল ২৪ মি. পরিসীমা বিশিষ্ট বর্গের ক্ষেত্রফলের সমান। আয়তক্ষেত্রের পরিসীমা কত হবে? [শ্রম পরিদপ্তরের উপ-সহকারী পরিচালক: ০১]

ক. ২০ মিটার খ. ১৬ মিটার গ. ২৪ মিটার ঘ. ২৬ মিটার **উত্তর: ঘ**

সমাধানঃ বর্গের পরিসীমা = ৪×এক বাহুর দৈর্ঘ্য => ২৪ = ৪× এক বাহুর দৈর্ঘ্য => এক বাহুর দৈর্ঘ্য = ৬ মিটার। বর্গের ক্ষেত্রফল = (এক বাহু)^২ = ৬^২ = ৩৬ বর্গমিটার। আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ => ৩৬ = দৈর্ঘ্য × ৪ => দৈর্ঘ্য = ৯ মিটার। আয়তক্ষেত্রের পরিসীমা = ২(৯+৪) = ২৬ মিটার

১২০. একটি আয়তাকার ক্ষেত্রের পরিসীমা ১৮ মিটার এবং ক্ষেত্রফল ২০ বর্গমিটার হলে এর দৈর্ঘ্য ও প্রস্থ কত? [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৩]

ক. ১২ মিটার ও ৬ মিটার খ. ১০ মিটার ও ২ মিটার গ. ৯ মিটার ও ২ মিটার ঘ. ৫ মিটার ও ৪ মিটার **উত্তর: ঘ**

সমাধানঃ পরিসীমা = ২(দৈর্ঘ্য+প্রস্থ) => ১৮ = ২(দৈর্ঘ্য +প্রস্থ) => দৈর্ঘ্য+প্রস্থ = ৯। অপশন ঘ তে (৫+৪) = ৯ হয়।

১২১. একটি কামরার পরিসীমা ৪৪ ফুট, ক্ষেত্রফল ১২০ বর্গফুট, কামরার দৈর্ঘ্য ও প্রস্থ কত? [সেসিপ'র সহকারী পরিদর্শক: ১৯]

ক. ৩০, ১৪ খ. ২০, ৬ গ. ১২, ১০ ঘ. ২৪, ৫ **উত্তর: গ**

সমাধানঃ পরিসীমা = ২(দৈর্ঘ্য+প্রস্থ) => ৪৪ = ২(দৈর্ঘ্য+প্রস্থ) => দৈর্ঘ্য+প্রস্থ = ২২। অপশন গ তে (১২+১০) = ২২ হয়।

১২২. একটি আয়তক্ষেত্রের পরিসীমা ৩৬ মিটার এবং ক্ষেত্রফল ৮০ বর্গমিটার হলে, তার দৈর্ঘ্য ও প্রস্থ কত মিটার হবে তা বের করুন। [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৪]

ক. ১৬ ও ৫ মিটার খ. ১০ ও ৮ মিটার গ. ১২ ও ৮ মিটার ঘ. ২০ ও ৪ মিটার **উত্তর: খ**

সমাধানঃ পরিসীমা = ২(দৈর্ঘ্য+প্রস্থ) => ৩৬ = (দৈর্ঘ্য+প্রস্থ) => দৈর্ঘ্য+প্রস্থ = ১৮। অপশন খ তে (১০+৮) = ১৮ হয়।

১২৩. একটি আয়তাকার বিলবোর্ডের ক্ষেত্রফল ১৯২ বর্গইঞ্চি এবং এর পরিসীমা ২৮ ইঞ্চি। এর প্রস্থ দৈর্ঘ্য অপেক্ষা শতকরা কত কম? [পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]

ক. ৩৩% খ. ২৫% গ. ১২৫% ঘ. ১৩৩% **উত্তর: ঙ**

১২৪. একটি আয়তকার মেঝের ক্ষেত্রফল ২৭৩ বর্গমিটার। দৈর্ঘ্য ৫ মিটার বেশি হলে মেঝের ক্ষেত্রফল হতো ৩৩৮ বর্গমিটার। মেঝের দৈর্ঘ্য, প্রস্থ কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]

ক. দৈর্ঘ্য ২১ মিটার, প্রস্থ ১৩ মিটার খ. দৈর্ঘ্য ২৭ মিটার, প্রস্থ ১৪ মিটার

গ. দৈর্ঘ্য ২৭ মিটার, প্রস্থ ১৩ মিটার ঘ. দৈর্ঘ্য ৪৭ মিটার, প্রস্থ ৩২ মিটার **উত্তর: ক**

সমাধানঃ অপশনগুলোর মধ্যে একমাত্র ক অপশনেই (২১×১৩) = ২৭৩ হয়।

১২৫. একটি আয়তক্ষেত্রের পরিসীমা ৬৪ মিটার এবং তার ক্ষেত্রফল ২৩১ বর্গমিটার। ক্ষেত্রটির দৈর্ঘ্য কত মিটার? [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৫]

ক. ২৪ খ. ১৬ গ. ২১ ঘ. ২৩ **উত্তর: গ**

১২৬. আয়তক্ষেত্রের পরিসীমা ৩০ সে.মি.। এর ক্ষেত্রফল ৫০ বর্গ সে.মি. হলে আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য কত? [যোগাযোগ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]

ক. ১০ সে.মি. খ. ৯ সে.মি. গ. ১১ সে.মি. ঘ. ১৫ সে.মি. **উত্তর: ক**

১২৭. একটি আয়তাকার মেঝের দৈর্ঘ্য তার প্রস্থের তিন গুণ। যদি মেঝেটি পাকা করতে প্রতি বর্গমিটার ৩ টাকা হিসেবে ৩২৪ টাকা খরচ হয় তবে মেঝের দৈর্ঘ্য কত মিটার। [কৃষি মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৯]

ক. ৬ খ. ১২ গ. ১২ ঘ. ১৮ **উত্তর: ঘ**

সমাধানঃ আয়তাকার মেঝেটির ক্ষেত্রফল = $\frac{৩২৪}{৩}$ = ১০৮ বর্গমিটার। মেঝের প্রস্থ x মিটার হলে দৈর্ঘ্য ৩x মিটার। ক্ষেত্রফল = (৩x×x) => ১০৮ = ৩x^২ => x^২ = ৩৬ => x = ৬ মিটার। দৈর্ঘ্য = ৩x = ৬×৩ = ১৮ মিটার

১২৮. একটি আয়তাকার মসজিদের ১৫ মিটার দীর্ঘ এবং ১১ মিটার প্রশস্ত মেঝে ২.২ মিটার লম্বা এবং ১.২৫ মিটার চওড়া কতটি মাদুর দিয়ে ঢাকা যাবে? [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা: ০৩]

ক. ৪০টি খ. ৫০টি গ. ৭০টি ঘ. ৬০টি **উত্তর: ঘ**

সমাধানঃ মেঝের ক্ষেত্রফল = (১৫×১১) = ১৬৫ বর্গমিটার। প্রতিটি মাদুরের ক্ষেত্রফল = (২.২×১.২৫) = ২.৭৫ বর্গমিটার। মাদুরের সংখ্যা = $\frac{\text{মসজিদের মেঝের ক্ষেত্রফল}}{\text{প্রতিটি মাদুরের ক্ষেত্রফল}} = \frac{১৬৫}{২.৭৫}$ = ৬০ টি

১২৯. একটি আয়তাকার মেঝের দৈর্ঘ্য তার প্রস্থের দ্বিগুণ। যদি মেঝেটি পাকা করতে প্রতি বর্গমিটার ২ টাকা হিসাবে ১৪৪ টাকা খরচ হয়, তবে মেঝের দৈর্ঘ্য কত? [দুদকের সহকারী পরিদর্শক: ০৪]

ক. ১০ মিটার খ. ১৪ মিটার গ. ১২ মিটার ঘ. ১৬ মিটার **উত্তর: গ**

সমাধানঃ ক্ষেত্রটির ক্ষেত্রফল = $\frac{১৪৪}{২}$ = ৭২ বর্গমিটার। ক্ষেত্রটির প্রস্থ x মিটার হলে দৈর্ঘ্য ২x মিটার। ক্ষেত্রফল = $(২x \times x) \Rightarrow ৭২ = ২x^২$

$\Rightarrow x^২ = ৩৬ \Rightarrow x = ৬$। ক্ষেত্রটির দৈর্ঘ্য = (৬×২) = ১২ মিটার

১৩০. একটি ঘরের মেঝে কার্পেট দ্বারা মোড়াতে ৮০০ টাকা খরচ হয়। যদি ঘরটির দৈর্ঘ্য ১ মিটার কম হতো তাহলে মেঝে মোড়াতে ৭০০ টাকা খরচ হতো। ঘরটির দৈর্ঘ্য নির্ণয় করুন। [সমাজসেবা অধিদপ্তরের উপ-তত্ত্বাবধায়ক: ০৫]

ক. ৭.৫ মিটার খ. ৮.৫ মিটার গ. ৮ মিটার ঘ. ৯ মিটার **উত্তর: গ**

সমাধানঃ ১ মিটার দৈর্ঘের জন্য খরচ হয় = (৮০০-৭০০) = ১০০ টাকা। সুতরাং ঘরটির দৈর্ঘ্য = $\frac{৮০০}{১০০}$ = ৮ মিটার

১৩১. একটি ঘরের দৈর্ঘ্য ১৬ ফুট ও প্রস্থ ১২ ফুট। ৪ ফুট দীর্ঘ ও ৩ ফুট প্রস্থবিশিষ্ট কার্পেট দিয়ে মুড়তে কয়টি কার্পেট লাগবে। [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম অফিসার: ০৩]

ক. ১০টি খ. ১২টি গ. ১৪টি ঘ. ১৬টি **উত্তর: ঘ**

সমাধানঃ ক্ষেত্রটির ক্ষেত্রফল = (১৬×১২) = ১৯২ বর্গফুট। প্রতিটি কার্পেটের ক্ষেত্রফল = (৪×৩) =১২ বর্গফুট। কার্পেটের সংখ্যা = $\frac{\text{ঘরটির ক্ষেত্রফল}}{\text{প্রতিটি কার্পেটের ক্ষেত্রফল}} = \frac{১৯২}{১২}$ = ১৬ টি

১৩২. কোনো বাগানের দৈর্ঘ্য ৪০ মিটার, প্রস্থ ৩০ মিটার। বাগানের বাইরে চারদিকে ২ মিটার চওড়া রাস্তা আছে। বাগানের ক্ষেত্রফল কত বর্গমিটার? [আবাআখা প্রকল্পের উপজেলা সমন্বয়কারী: ১৭]

ক. ৭০ খ. ১৪০ গ. ৬০০ ঘ. ১২০০ **উত্তর: ঘ**

সমাধানঃ বাগানের ক্ষেত্রফল = দৈর্ঘ্য×প্রস্থ = ৪০×৩০ = ১২০০ বর্গ মিটার

১৩৩. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ২৮ মিটার এবং প্রস্থ ১৮ মিটার। ক্ষেত্রের বাইরে চারদিকে ২ মিটার চওড়া রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত? [সমাজসেবা অধিদপ্তরের ইন্সট্রাক্টর: ০৫]

ক. ১৮০ বর্গমিটার খ. ২০০ বর্গমিটার গ. ২২০ বর্গমিটার ঘ. ১৩৬ বর্গমিটার **উত্তর: খ**

১৩৪. একটি আয়তক্ষেত্রাকার জমির উপর ২৫ ফুট বাই ২৪ ফুট একটি শেড মাত্র ৫% জায়গা ঢাকতে পারে। উক্ত জমির ক্ষেত্রফল কত বর্গফুট - [শ্রম পরিদপ্তরের প্রভাষক: ০৫]

ক. ৫,৭০০ খ. ১২,০০০ গ. ২২,৫০০ ঘ. ৩০,০০০ **উত্তর: খ**

সমাধানঃ শেডের ক্ষেত্রফল = (২৫×২৪) = ৬০০ বর্গফুট। ৫% = ৬০০ বর্গফুট হলে ১০০% = $\frac{৬০০ \times ১০০}{৫}$ = ১২০০০ বর্গফুট।

১৩৫. প্রতিটি মাদুরের ক্ষেত্রফল ২.৭৫। একটি বাগানের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ৯০.৭৫ মিটার ও ৪৫.৫০ মিটার। বাগানটিতে গাছের চারা লাগাতে প্রতি ৪.১২৫ বর্গ মিটারে ৭.৫৫ টাকা খরচ হয়। বাগানটিতে চারা লাগাতে সর্বমোট কত খরচ হবে? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের চীফ ইন্সট্রাক্টর: ০৩]

ক. ৭৫৫৭.৭৫ টাকা খ. ৭৫৬৭.৬৫ টাকা গ. ৭৮৭৫.২০ টাকা ঘ. ৮৬৯৫.৩৫ টাকা **উত্তর: ক**

১৩৬. একটি আয়তাকার কক্ষের ক্ষেত্রফল ১৯২ বর্গমিটার। এর দৈর্ঘ্য ৪ মিটার কমালে ও প্রস্থ ৪ মিটার বাড়ালে ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। আয়তাকার কক্ষের সমান পরিসীমাবিশিষ্ট বর্গাকার কক্ষের ক্ষেত্রফল কত হবে? [৩৪তম বিসিএস]

ক. ২২৫ বর্গমিটার খ. ১৪৪ মিটার গ. ১৬৯ বর্গমিটার ঘ. ১৯৬ মিটার **উত্তর: ঘ**

১৩৭. প্রতি ৪ কলাম-ইঞ্চি (২ কলাম চওড়া ও ২ ইঞ্চি উচ্চ) বিজ্ঞাপনের দর ২,৪০০ টাকা। একটি ৫ কলাম চওড়া ও ৩ ইঞ্চি উচ্চ বিজ্ঞাপনের দর কত টাকা? [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ০৯]

ক. ৯,০০০ খ. ১৮,০০০ গ. ৬,০০০ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

১৩৮. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৩২ মিটার এবং প্রস্থ ২৪ মিটার। এর ভিতরে চারদিকে ২ মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত? [বিবিএস'র সহকারী পরিসংখ্যান অফিসার: ১৪]

ক. ৯৫২ বর্গ মি. খ. ৭২০ বর্গ মি. গ. ২০৮ বর্গ মি. ঘ. ৪৮০ বর্গ মি. **উত্তর: গ**

সমাধানঃ রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = (৩২×২৪) = ৭৬৮ বর্গমিটার। রাস্তা ছাড়া বাগানের ক্ষেত্রফল = $\{৩২ - (২ \times ২)\} \times \{২৪ - (২ \times ২)\}$ = ২৮×২০ = ৫৬০ বর্গমিটার। সুতরাং রাস্তার ক্ষেত্রফল = (৭৬৮ - ৫৬০) = ২০৮ বর্গমিটার।

১৩৯. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৮০ মিটার ও প্রস্থ ৩০ মিটার। বাগানের ভিতরে সীমানার পাশ দিয়ে ২ মিটার চওড়া রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত? [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক: ০৭]

ক. ৩৮০ বর্গমিটার খ. ৪২৪ বর্গমিটার গ. ৪০০ বর্গমিটার ঘ. ৩৮৪ বর্গমিটার **উত্তর: খ**

সমাধানঃ রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = (৮০×৩০) = ২৪০০ বর্গমিটার। রাস্তা ছাড়া বাগানের ক্ষেত্রফল = $\{৮০ - (২ \times ২)\} \times \{৩০ - (২ \times ২)\}$ = (৭৬×২৬) = ১৯৭৬ বর্গমিটার। সুতরাং রাস্তার ক্ষেত্রফল = (২৪০০ - ১৯৭৬) = ৪২৪ বর্গমিটার

১৪০. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ১৬ গজ এবং প্রস্থ ১২ গজ। এর ভিতরে চারদিকে ২ গজ চওড়া রাস্তা আছে। রাস্তার ক্ষেত্রফল কত? [তথ্য মন্ত্রণালয়ের টেলিভিশন প্রকৌশলী: ০৪]

ক. ৮০ বর্গগজ খ. ৯৫ বর্গগজ গ. ৯০ বর্গগজ ঘ. ৯৬ বর্গগজ **উত্তর: ঘ**

সমাধানঃ রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল = (১৬×১২) = ১৯২ বর্গগজ। রাস্তা ছাড়া বাগানের ক্ষেত্রফল = {১৬ - (২×২)} × {১২ - (২×২)} = (১২×৮) = ১৯৭৬ বর্গগজ। সুতরাং রাস্তার ক্ষেত্রফল = (১৯২ - ৯৬) = ৯৬ বর্গ গজ

১৪১. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৪০ মিটার ও প্রস্থ ৩০ মিটার। বাগানের চতুর্দিকে ১ মিটার চওড়া ১টি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের পার্সোনাল অফিসার: ০৪]

ক. ১২০ বর্গ.মি. খ. ১৪৮ বর্গ.মি. গ. ১৩৬ বর্গমি. ঘ. ২৪৮ বর্গ.মি. **উত্তর: গ**

১৪২. পাড়সহ পুকুরের দৈর্ঘ্য ৭০ মিটার এবং প্রস্থ ৬০ মিটার যদি পুকুরের প্রত্যেক পাড়ের বিস্তার ৪ মিটার হয়, তবে পুকুরের পাড়ের ক্ষেত্রফল কত? [উপজেলা বা থানা শিক্ষা অফিসার: ০৪]

ক. ৭৮০ বর্গমিটার খ. ৮০০ বর্গমিটার গ. ৮৭৫ বর্গমিটার ঘ. ৯৭৬ বর্গমিটার **উত্তর: ঘ**

১৪৩. একটি পুকুরের দৈর্ঘ্য ৬০ মিটার এবং প্রস্থ ৪০ মিটার। পুকুরের পাড়ের বিস্তার ৩ মিটার হলে পুকুরের পাড়ের ক্ষেত্রফল কত নির্ণয় করুন। [কারিগরি শিক্ষা অধিদপ্তরের চীফ ইন্সট্রাক্টর: ০৩]

ক. ৬৩০ বর্গমিটার খ. ৫৬০ বর্গমিটার গ. ৬৩৬ বর্গমিটার ঘ. ৫৩৬ বর্গমিটার **উত্তর: গ**

১৪৪. ৮০ ফুট দীর্ঘ এবং ৭০ ফুট প্রস্থ একটি বাগানের বাহিরের চতুর্দিকে ৫ ফুট প্রস্থ একটি রাস্তা আছে? রাস্তাটির ক্ষেত্রফল কত হবে? [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১১]

ক. ১৬০০ বর্গফুট খ. ১২০০ বর্গফুট গ. ৮৫৫ বর্গফুট ঘ. ৭৫৫ বর্গফুট **উত্তর: ক**

১৪৫. ১৫ মিটার দীর্ঘ ও ১০ মিটার প্রশস্ত একটি বাগানের চারদিকে ১ মিটার চওড়া একটি হাঁটার পথ আছে। পথটির ক্ষেত্রফল - [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৬]

ক. ৫৪ বর্গমিটার খ. ৬০ বর্গমিটার গ. ৪২ বর্গমিটার ঘ. ৪৬ বর্গমিটার **উত্তর: ক**

১৪৬. একটি ছবি লম্বায় ৩৬ প্রস্থে ১৬। এর ফ্রেম চারিদিকে চওড়া হলে বর্গ ইঞ্চিতে ফ্রেমের ক্ষেত্রফল কত? [সওজ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ০৩]

ক. ৫৪ খ. ১০৮ গ. ১৮০ ঘ. ৫৭৬ **উত্তর: খ**

১৪৭. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৩০ মিটার এবং প্রস্থ ২০ মিটার। বাগানের সীমানা সংলগ্ন বাহিরে ২ মিটার চওড়া রাস্তা আছে। রাস্তাটির পরিসীমা কত? [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]

ক. ১১৬ মিটার খ. ২১৬ মিটার গ. ৬০০ মিটার ঘ. ১০০ মিটার **উত্তর: ক**

সমাধানঃ রাস্তাসহ বাগানের দৈর্ঘ্য = {৩০+(২×২)}= ৩৪ মিটার এবং রাস্তাসহ বাগানের প্রস্থ = {২০+(২×২)} = ২৪ মিটার। রাস্তার পরিসীমা = ২(৩৪+২৪) = ১১৬ মিটার

১৪৮. একটি আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য ১৫মি. এবং প্রস্থ ১০মি. হলে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ মিটার [৩৭তম বিসিএস]

ক. $৩৫\sqrt{৫}$ খ. $৪০\sqrt{৫}$ গ. $৪৫\sqrt{৫}$ ঘ. $৫০\sqrt{৫}$ **উত্তর: ঘ**

১৪৯. একটি আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য ১৫ cm এবং প্রস্থ ৫ cm হলে উহার ক্ষেত্রফল - [এলজিআরডি মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ১৭]

ক. $৩৫\sqrt{২}$ cm খ. $৪০\sqrt{২}$ cm গ. $৪৫\sqrt{২}$ cm ঘ. $৫০\sqrt{২}$ cm **উত্তর: ঘ**

১৫০. একটি আয়তক্ষেত্রের পরিসীমা কর্ণদ্বয়ের সমষ্টি অপেক্ষা ৮ মিটার বেশি। ক্ষেত্রটির ক্ষেত্রফল ৪৮ বর্গমিটার হলে দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় করুন। [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক: ০৩]

ক. দৈর্ঘ্য ৮ মিটার ও প্রস্থ ৬ মিটার খ. দৈর্ঘ্য ১২ মিটার ও প্রস্থ ৪ মিটার

গ. দৈর্ঘ্য ১৬ মিটার ও প্রস্থ ৩ মিটার ঘ. দৈর্ঘ্য ২৪ মিটার ও প্রস্থ ২ মিটার **উত্তর: ক**

১৫১. একটি আয়তক্ষেত্রের প্রস্থ তার দৈর্ঘ্য অপেক্ষা ৪০% কম। যদি আয়তক্ষেত্রের প্রস্থ ৩৬ মিটার হয়, তাহলে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল কত? [তিতাস গ্যাস ফিল্ডের সহকারী অফিসার: ১৮]

ক. ২৪০০ বর্গ মি. খ. ২৬১০ বর্গ মি. গ.২৪৬০ বর্গ মি. ঘ ২১৬০ বর্গ মি. **উত্তর: ঘ**

১৫২. একটি ৯ ফুট দৈর্ঘ্য ও ১২ ফুট প্রস্থ বিশিষ্ট কার্পেট একটি ঘরের ৬০% ঢেকে আছে। ঘরটির ক্ষেত্রফল কত বর্গফুট? [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ০৯]

ক. ৩০০ খ. ১৮০ গ. ১০৮ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ কার্পেটের ক্ষেত্রফল = (৯×১২) = ১০৮ বর্গফুট। ঘরটির ৬০% = ১০৮ বর্গফুট হলে ১০০% = $\frac{১০৮\times১০০}{৬০}$ = ১৮০ বর্গফুট

১৫৩. ১২ ফুট দৈর্ঘ্য এবং ৮ ফুট প্রস্থবিশিষ্ট একটি কার্পেট দ্বারা একটি মেঝের ৬০% মোড়ানো যায়। মেঝেটির আয়তন কত বর্গফুট - [বিবিএস'র সহকারী পরিসংখ্যান অফিসার: ২০]

ক. ৯৬ খ. ১৬০ গ. ৬৪ ঘ. ১৮০ **উত্তর: খ**

সমাধানঃ কার্পেটের ক্ষেত্রফল = (৮×১২) = ৯৬ বর্গফুট। ঘরটির ৬০% = ৯৬ বর্গফুট হলে ১০০% = $\frac{৯৬\times১০০}{৬০}$ = ১৬০ বর্গফুট

১৫৪. একটি আয়তাকার বাগানের পরিসীমা ৫৬ মিটার এবং একটি কর্ণ ২০ মিটার। ঐ বাগানের সমান ক্ষেত্রফল বিশিষ্ট বর্গক্ষেত্রের একটি বাহুর দৈর্ঘ্য কত? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৭]

ক. ৮৩ মিটার খ. ৮২ মিটার গ. ৮ মিটার ঘ. ৭৯ মিটার **উত্তর: ক**

১৫৫. একটি আয়তক্ষেত্রের প্রস্থ ও পরিসীমার অনুপাত ১ : ৫; আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত কত? [তিতাস গ্যাস ফিল্ডের সহকারী অফিসার: ১৮]

ক. ১ : ১ খ. ৫ : ১ গ. ৩ : ২ ঘ. ২ : ৩ **উত্তর: গ**

১৫৬. একটি বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য a মিটার হলে এর ক্ষেত্রফল কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]

ক. a × a মিটার খ. a বর্গমিটার গ. a^2 বর্গমিটার ঘ. a^2 মিটার **উত্তর: গ**

সমাধানঃ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (এক বাহুর দৈর্ঘ্য)^২ = a^2 বর্গমিটার

১৫৭. একটি বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য ২.৫ সে.মি. হলে এর ক্ষেত্রফল কত? [পিএসসি'র সহকারী সচিব: ০৫]

ক. ৫ বর্গসে.মি. খ. ১০ বর্গসে.মি. গ. ৬.২৫ বর্গসে.মি. ঘ. ১২.৫ বর্গসে.মি. **উত্তর: গ**

সমাধানঃ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (এক বাহুর দৈর্ঘ্য)^২ =(২.৫)^২ = ৬.২৫ বর্গসে.মি.

১৫৮. একটি বর্গক্ষেত্রের একটি বাহুর দৈর্ঘ্য ৫ ফুট। উহার ক্ষেত্রফল হবে - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৪]

ক. ২০ বর্গফুট খ. ২৫ ফুট গ. ২৫ বর্গফুট ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

সমাধানঃ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (এক বাহুর দৈর্ঘ্য)^২ =(৫)^২ = ২৫ বর্গফুট

১৫৯. কোনো বর্গক্ষেত্রের একবাহুর দৈর্ঘ্য ১০ সে. মি। বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল কত? [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]

ক. ৪০ সে.মি খ. ১০০ সে.মি. গ. ৪০ বর্গ সে.মি ঘ. ১০০ বর্গ সে.মি **উত্তর: ঘ**

সমাধানঃ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (এক বাহুর দৈর্ঘ্য)^২ = (১০)^২ = ১০০ বর্গ সে.মি

১৬০. একটি বর্গাকার জমির এক পাশের দৈর্ঘ্য ১০ ফুট হলে ঐ জমির ক্ষেত্রফল কত বর্গফুট? [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]

ক. ৮০ বর্গফুট খ. ১০০ বর্গফুট গ. ২০ বর্গফুট ঘ. ২০০ বর্গফুট **উত্তর: খ**

সমাধানঃ বর্গাকার জমির ক্ষেত্রফল = (এক বাহুর দৈর্ঘ্য)^২ = (১০)^২ = ১০০ বর্গফুট

১৬১. একটি বর্গাকার জমির এক পাশের দৈর্ঘ্য ২২ ফুট হলে ঐ জমির ক্ষেত্রফল কত বর্গফুট? [বিজেএমসি'র উচ্চমান সহকারী: ১৭]

ক. ৮৮ খ. ৪৮৪ গ. ২২০ ঘ. ৪৮০ **উত্তর: খ**

সমাধানঃ বর্গাকার জমির ক্ষেত্রফল = (এক বাহুর দৈর্ঘ্য)^২ = (২২)^২ = ৪৮৪

১৬২. বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য ৪৫ মিটার হলে এর ক্ষেত্রফল কত? [৬ষ্ঠ বিজেএস]

ক. ২০২৫ বর্গমিটার খ. ২০১৫ বর্গমিটার গ. ২৪৭৫ বর্গমিটার ঘ. ১০১৫ বর্গমিটার **উত্তর: ক**

সমাধানঃ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (এক বাহুর দৈর্ঘ্য)^২ = (৪৫)^২ = ২০২৫ বর্গমিটার

১৬৩. দুইটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য যথাক্রমে a মিটার b মিটার হলে তাদের ক্ষেত্রফলের অনুপাত কত? [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]

ক. $a^2 : b^2$ খ. $a : b$ গ. $b^2 : a^2$ ঘ. $\frac{a}{2} : \frac{b}{2}$ **উত্তর: ক**

সমাধানঃ প্রথম বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (এক বাহুর দৈর্ঘ্য)^২ = a^2 বর্গমিটার। দ্বিতীয় বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (এক বাহুর দৈর্ঘ্য)^২ = b^2 বর্গমিটার। সুতরাং ক্ষেত্রফলের অনুপাত = $a^2 : b^2$

১৬৪. বর্গাকার বাগানের ক্ষেত্রফল ২০২৫ বর্গমিটার। এর চারদিকে বেড়া আছে। বেড়ার দৈর্ঘ্য হবে - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ১৮০ মিটার খ. ১৬০ মিটার গ. ১৪০ মিটার ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

সমাধানঃ বাগানটির একদিকের বেড়ার দৈর্ঘ্য = $\sqrt{২০২৫}$ = ৪৫ মিটার। বাগানটির চারদিকের বেড়ার দৈর্ঘ্য = (৪×৪৫) = ১৮০ মিটার।

১৬৫. একটি বর্গের বাহুর দৈর্ঘ্য ৩ গুণ হলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে? [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]

ক. ৩ খ. ৬ গ. ৯ ঘ. ১২ **উত্তর: গ**

১৬৬. একটি বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য ৩ ফুট থেকে বৃদ্ধি করে ৬ ফুট করা হলে ক্ষেত্রফল কতগুণ বাড়বে? [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ১৯]

ক. ২ গুণ খ. ৩ গুণ গ. ৪ গুণ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

১৬৭. একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গ ঐ সরলরেখার অর্ধেকের উপর অঙ্কিত বর্গের কতগুণ। [বিবিএস'র ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর: ২০]

ক. চারগুণ খ. তিনগুণ গ. দ্বিগুণ ঘ. পাঁচগুণ **উত্তর: ক**

১৬৮. একটি সরল রেখার উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ঐ সরল রেখার তিন ভাগের একভাগের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের কতগুণ? [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. ৩ গুণ খ. ৬ গুণ গ. ৯ গুণ ঘ. ১২ গুণ **উত্তর: গ**

১৬৯. একটি সরল রেখার উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল ঐ সরল রেখার ২৫ শতাংশের উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল কত গুণ? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]

ক. ২ খ. ৪ গ. ৮ ঘ. ১৬ **উত্তর: ঘ**

১৭০. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ৪০০ বর্গফুট। এর একবাহু হতে ২ গজ কমিয়ে দিলে যে বর্গক্ষেত্র থাকবে তার ক্ষেত্রফল কত? [দুদকের সহকারী পরিদর্শক: ০৪]

ক. ১৯৬ বর্গফুট খ. ২০০০ বর্গফুট গ. ২০৪ বর্গফুট ঘ. ২০৮ বর্গফুট **উত্তর: ক**

সমাধানঃ বর্গক্ষেত্রটির একবাহু = $\sqrt{৪০০}$ = ২০ ফুট। বাহুর দৈর্ঘ্য ২ গজ কমালে দৈর্ঘ্য হবে = (২০-৬) = ১৪ ফুট। বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (এক বাহুর দৈর্ঘ্য)^২ =(১৪)^২ =১৯৬ বর্গফুট।

১৭১. একটি বর্গের এক বাহু ৫ ইঞ্চি হলে বর্গটির পরিসীমা কত? [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]

ক. ২০ খ. ২৫ গ. ২৪ ঘ. ২৬ **উত্তর: ক**

সমাধানঃ বর্গটির পরিসীমা = (৪×এক বাহুর দৈর্ঘ্য) = (৪×৫) = ২০

১৭২. কোন বর্গের কর্ণের দৈর্ঘ্য ১৬ সে.মি. হলে বর্গের ক্ষেত্রফল কত বর্গ সে.মি.? [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহকারী: ১৯]

ক. ১১২ খ. ১২০ গ. ১২৮ ঘ. ২৫৬ **উত্তর: গ**

১৭৩. একটি বর্গক্ষেত্রের পরিসীমা ২৮ মিটার হলে বর্গক্ষেত্রেটির ক্ষেত্রফল কত বর্গমিটার? [দুদকের উপ-সহকারী পরিচালক: ১০]

ক. ৩৬ খ. ৪২ গ. ৪৯ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

১৭৪. একটি বর্গাকৃতি ক্ষেত্রের পরিসীমা ৪৪ মিটার হলে এর ক্ষেত্রফল কত? [বিটিভি'র রির্সাচ অফিসার: ০৬]

ক. ৮৮ মি. খ. ১২০ মি. গ. ১২১ বর্গমি. ঘ. ১৩২ বর্গমি. **উত্তর: গ**

সমাধানঃ বর্গক্ষেত্রটির একবাহুর দৈর্ঘ্য $= \frac{\text{বর্গক্ষেত্রটির পরিসীমা}}{৪} = \frac{৪৪}{৪} = ১১$ মিটার। সুতরাং ক্ষেত্রফল $= (১১)^২ = ১২১$ বর্গমিটার

১৭৫. একটি বর্গক্ষেত্রের পরিসীমা ১২০ ফুট। প্রত্যেক বাহুর দৈর্ঘ্য কত? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]

ক. ২০ ফুট খ. ২৫ ফুট গ. ৩০ ফুট ঘ. ৪০ ফুট **উত্তর: গ**

সমাধানঃ বর্গক্ষেত্রটির একবাহুর দৈর্ঘ্য $= \frac{\text{বর্গক্ষেত্রটির পরিসীমা}}{৪} = \frac{১২০}{৪} = ৩০$ ফুট

১৭৬. একটি বর্গাকৃতি বাগানের ক্ষেত্রফল ১ হেক্টর। বাগানটির পরিসীমা কত মিটার? [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১৯]

ক. ২০০ খ. ৩০০ গ. ৪০০ ঘ. ৫০০ **উত্তর: গ**

সমাধানঃ ১ হেক্টর = ১০০০০ বর্গমিটার। বর্গাকার বাগানটির একপাশের দৈর্ঘ্য $= \sqrt{১০০০০}$ মিটার = ১০০ মিটার। বাগানটির পরিসীমা = (৪×এক বাহুর দৈর্ঘ্য) = (৪×১০০) = ৪০০ মিটার।

১৭৭. একটি বর্গক্ষেত্রের পরিসীমা ৪০০ মিটার। এর ক্ষেত্রফল কত বর্গ কি.মি.? [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ৯৮]

ক. ২০০ খ. ১০ গ. ১০০ ঘ. ০.০১ **উত্তর: ঘ**

১৭৮. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ৯০০ বর্গমিটার। এর পরিসীমা কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]

ক. ৩০ মি. খ. ৬০ মি. গ. ১২০ মি. ঘ. ৯০ মি. **উত্তর: গ**

১৭৯. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ১৬০০ বর্গ মিটার। এর পরিসীমা কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]

ক. ২০০ খ. ১৭২ গ. ১৮০ ঘ. ১৬০ **উত্তর: ঘ**

সমাধানঃ বর্গক্ষেত্রটির এক বাহুর দৈর্ঘ্য $= \sqrt{১৬০০}$ মিটার = ৪০ মিটার। বর্গক্ষেত্রটির পরিসীমা = (৪×৪০) = ১৬০ মিটার

১৮০. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল হচ্ছে ৬২,৫০০ বর্গমিটার। বর্গের একটি ধার হচ্ছে - [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পার্সোনাল অফিসার: ০৬]

ক. ২০০ মিটার খ. ২২০ মিটার গ. ২৫০ মিটার ঘ. ২১০ মিটার **উত্তর: গ**

১৮১. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য ৬ ফুট হলে, বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল কত? [মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০২]

ক. ৯ বর্গফুট খ. ১২ বর্গফুট গ. ১৮ বর্গফুট ঘ. ৩৬ বর্গফুট **উত্তর: গ**

১৮২. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য ৭.৫ ফুট হলে, বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]

ক. ১২.৭২৫ বর্গফুট খ. ২৮.১২৫ বর্গফুট গ. ৩৬.৫০ বর্গফুট ঘ. ৯.৩৭৫ বর্গফুট **উত্তর: খ**

১৮৩. বর্গক্ষেত্রের একটি কর্ণের দৈর্ঘ্য $৫\sqrt{২}$ একক হলে উহার এক বাহুর দৈর্ঘ্য - [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৮]

ক. ৫ একক খ. ২৫ একক গ. ৫০ একক ঘ. ১০০ একক **উত্তর: ক**

১৮৪. কোনো বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য ৫ সে.মি. হলে কর্ণের দৈর্ঘ্য কত? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৩]

ক. ১০ মিটার খ. ২৫ মিটার গ. $৫\sqrt{২}$ মিটার ঘ. ২০ মিটার **উত্তর: গ**

১৮৫. একটি বর্গক্ষেত্রের প্রতিটি বাহুর দৈর্ঘ্য ৫ ফুট হলে কর্ণের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৩]

ক. ৪০ বর্গফুট খ. ৫০ বর্গফুট গ. ১০০ বর্গফুট ঘ. ৪০ বর্গফুট **উত্তর: খ**

১৮৬. একটি অফিসের মেঝের আয়তন ১৯৬০০ বর্গফুট। যদি মেঝেটি বর্গাকৃতির হয়ে থাকে, তাহলে এক পাশের দৈর্ঘ্য কত হতে পারে? [বাংলাদেশ শিপিং কর্পোরেশনে সিনিয়র অফিসার: ১৮]

ক. ১৯৬ ফুট খ. ১৪০ ফুট গ. ১৫০ ফুট ঘ. ১০০ ফুট **উত্তর: খ**

সমাধানঃ মেঝেটির ক্ষেত্রফল = (এক বাহুর দৈর্ঘ্য)^২ => (এক বাহুর দৈর্ঘ্য)^২ = ১৯৬০০ => এক বাহুর দৈর্ঘ্য $= \sqrt{১৯৬০০} = ১৪০$ ফুট

১৮৭. কোন বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ১০ একর। এর একবাহুর দৈর্ঘ্য কত গজ? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী লাইব্রেরিয়ান: ১৮]

ক. ১০০ খ. ২২০ গ. ৩.১৬ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

সমাধানঃ ১ একর = ৪৮৪০ বর্গগজ হলে ১০ একর = ৪৮৪০×১০ = ৪৮৪০০ বর্গগজ। ক্ষেত্রফল = (এক বাহুর দৈর্ঘ্য)^২ => ৪৮৪০০ = (এক বাহুর দৈর্ঘ্য)^২ => একবাহু $= \sqrt{৪৮৪০০} = ২২০$ গজ।

১৮৮. একটি বর্গক্ষেত্রের পরিসীমা এর কর্ণের দৈর্ঘ্যের কত গুণ? [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. $\frac{\sqrt{২}}{২}$ খ. $\sqrt{২}$ গ. $২\sqrt{২}$ ঘ. ২ **উত্তর: গ**

সমাধানঃ বর্গক্ষেত্রের একবাহু a একক হলে পরিসীমা 4a এবং কর্ণ $\sqrt{২}a$। সুতরাং $\frac{\text{পরিসীমা}}{\text{কর্ণ}} = \frac{৪}{\sqrt{২}} = ২\sqrt{২}$।

১৮৯. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য a মিটার হলে ঐ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত হবে? [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]

ক. $\frac{a^2}{2}$ ব.মি. খ. $2a^2$ ব.মি. গ. $3a^2$ ব.মি. ঘ. a^2 ব.মি. **উত্তর: ক**

সমাধানঃ বর্গক্ষেত্রটির বাহুর দৈর্ঘ্য = $\frac{\text{কর্ণের দৈর্ঘ্য}}{\sqrt{২}} = \frac{a}{\sqrt{২}}$। বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল = $(\frac{a}{\sqrt{২}})^২ = \frac{a^2}{2}$ ব.মি.

১৯০. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য 6 সে.মি. হলে এর ক্ষেত্রফল কত? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. 12 বর্গ সে.মি. খ. 18 বর্গ সে.মি. গ. 24 বর্গ সে.মি. ঘ. 36 বর্গ সে.মি. **উত্তর: খ**

সমাধানঃ বর্গক্ষেত্রটির বাহুর দৈর্ঘ্য = $\frac{\text{কর্ণের দৈর্ঘ্য}}{\sqrt{২}} = \frac{৬}{\sqrt{২}}$। বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল = $(\frac{৬}{\sqrt{২}})^২ = \frac{৩৬}{২} = ১৮$ বর্গ সে.মি.

১৯১. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $৪\sqrt{২}$ একক হলে ঐ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ একক? [৩৬তম বিসিএস]

ক. ২৪ খ. ৮ গ. ১৬ ঘ. ৩২ **উত্তর: গ**

সমাধানঃ বর্গক্ষেত্রের একবাহু a হলে ক্ষেত্রফল $a^২$ এবং কর্ণ $\sqrt{২}a$। প্রশ্নমতে, $\sqrt{২}a = ৪\sqrt{২} \Rightarrow a = ৪$। বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $৪^২ = ১৬$

১৯২. একটি বর্গক্ষেত্রের প্রত্যেকটি বাহুর দৈর্ঘ্য a সে.মি হলে ঐ ক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য কত? [ডেসকো'র সুপারভাইজার: ১৯]

ক. a খ. 2a গ. a^2 ঘ. $2a^2$ **উত্তর: ক**

সমাধানঃ বর্গের কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{২}$ × একবাহুর দৈর্ঘ্য = $\sqrt{২}a$

১৯৩. $\sqrt{2}a$ দৈর্ঘ্যের কর্ণ বিশিষ্ট বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য সমান - [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রোগামার: ১৬]

ক. a খ. $\sqrt{২}a$ গ. a^2 ঘ. $2a^2$ **উত্তর: ক**

সমাধানঃ বর্গের কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{২}$ × একবাহুর দৈর্ঘ্য $\Rightarrow \sqrt{২}a = \sqrt{২}$ × একবাহুর দৈর্ঘ্য $\Rightarrow$ একবাহুর দৈর্ঘ্য = a

১৯৪. একটি বর্গের কর্ণের দৈর্ঘ্য $৬\sqrt{২}$ একক হলে উহার পরিসীমার অর্ধেক - [১৫তম শিক্ষক নিবন্ধন]

ক. ৬ একক খ. ১২ একক গ. ২০ একক ঘ. ২৪ একক **উত্তর: খ**

সমাধানঃ বর্গের কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{২}$ × একবাহুর দৈর্ঘ্য $\Rightarrow ৬\sqrt{২} = \sqrt{২}$ × একবাহুর দৈর্ঘ্য $\Rightarrow$ একবাহুর দৈর্ঘ্য = ৬। পরিসীমার অর্ধেক = (২×৬) = ১২ একক।

১৯৫. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল x বর্গ একক। এর কর্ণের দৈর্ঘ্য হবে - [বিবিএস'র ডাটা এন্টি / কন্ট্রোল অপারেটর: ২০]

ক. $\sqrt{x}$ খ. $\sqrt{3}$ গ. $\sqrt{2x}$ ঘ. $\frac{1}{\sqrt{x}}$ **উত্তর: গ**

১৯৬. a বাহুবিশিষ্ট বর্গক্ষেত্রের কর্ণের উপর অঙ্কিত একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল - [স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৬]

ক. a^2 বর্গ একক খ. $2a^2$ বর্গ একক গ. $\sqrt{2}a^2$ ঘ. $\sqrt{2}a$ বর্গ একক **উত্তর: খ**

১৯৭. একটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য ৮ ফুট হলে ঐ বর্গক্ষেত্রের কর্ণের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত? [২৬তম বিসিএস]

ক. ১৫৬ বর্গফুট খ. ১৬৪ বর্গফুট গ. ১২৮ বর্গফুট ঘ. ২১৮ বর্গফুট **উত্তর: গ**

১৯৮. একটি বর্গক্ষেত্রের এক বাহু অপর এক বর্গক্ষেত্রের পরিসীমার সমান হলে বর্গক্ষেত্র দুইটির কর্ণের অনুপাত কত হবে তা নির্ণয় করুন। [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ১ : ২ খ. ২ : ১ গ. ৫ : ২ ঘ. ৪ : ১ **উত্তর: ঘ**

১৯৯. একজন ব্যক্তি একটি বর্গক্ষেত্র জুড়ে আড়াআড়িভাবে হেঁটে গিয়েছিল। প্রান্ত বরাবর না হাঁটার কারণে কত শতাংশ কম হাঁটতে হয়েছিল? [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]

ক. ২০% খ. ২৫% খ. ৩২% ঘ. ৩৫% **উত্তর: ঙ**

২০০. একটি আয়তাকার জমির প্রস্থ এর দৈর্ঘ্যের তিন-পঞ্চমাংশ। দৈর্ঘ্য ও প্রস্থ উভয়কে দ্বিগুণ করা হলে, নতুন আয়তক্ষেত্রের ক্ষেত্রফল মূল আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের কত শতাংশ হবে? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]

ক. ১০০% খ. ২০০% গ. ৩০০% ঘ. ৪০০% **উত্তর: ঘ**

২০১. একটি বর্গাকার জমির ক্ষেত্রফল ৯৮ বর্গমিটার। বর্গাকার জমির পাশে একটি আয়তাকার জমি আছে যার দৈর্ঘ্য বর্গাকার জমির কর্ণের ১৫০%। আবার আয়তাকার জমির প্রস্থ এর দৈর্ঘ্যের এক-তৃতীয়াংশ। আয়তাকার জমির ক্ষেত্রফল বর্গাকার জমির ক্ষেত্রফলের শতকরা কত অংশ? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]

ক. ২৫% খ. ৫০% গ. ১৫০% ঘ. ২০০% উত্তর: গ

২০২. একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য এর প্রস্থের ৩ গুণ এবং ক্ষেত্রফল ৭৬৮ বর্গমিটার। বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য কত? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০১]

ক. ১২৮ মিটার খ. ৬৮ মিটার গ. ৩২ মিটার ঘ. ৪৮ মিটার **উত্তর: গ**

২০৩. একটি আয়তক্ষেত্র ও একটি বর্গক্ষেত্রের পরিসীমা পরস্পর সমান। যদি আয়তক্ষেত্রের প্রস্থ তার দৈর্ঘ্যের অর্ধেক হয় তবে বর্গক্ষেত্র ও আয়তক্ষেত্রের ক্ষেত্রফল অনুপাত কত? [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]

ক. ৩ : ১ খ. ৬ : ৫ গ. ৪ : ৩ ঘ. ৯ : ৮ **উত্তর: ঘ**

২০৪. একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষত্রটির দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ এবং ক্ষেত্রফল ৯৬৮ বর্গমিটার। বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য কত? [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]

ক. ৬৪ মিটার খ. ৩৩ মিটার গ. ২৮ মিটার ঘ. ৩১ মিটার **উত্তর: খ**

২০৫. একটি বর্গের ক্ষেত্রফল একটি আয়তের ক্ষেত্রফলের সমান। বর্গের পরিসীমা ২৪ সে.মি. এবং আয়তের প্রস্থ ৪ সে.মি. হলে আয়তের পরিসীমা হবে - [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]

ক. ১৬ সে.মি. খ. ২০ সে.মি. গ. ২৪ সে.মি. ঘ. ২৬ সে.মি. **উত্তর: ঘ**

২০৬. একটি বর্গাকার জমির দৈর্ঘ্য ১০ মিটার। দুইটি কোণাকোণি আইল দ্বারা একে চারটি সমান। ত্রিভুজাকার ভাগে ভাগ করা হল। প্রতিটি ত্রিভুজের ক্ষেত্রফল কত বর্গমিটার? [জারাবো'র ওয়াচার কনস্টেবল: ১৯]

ক. ২.৫ খ. ৫.০ গ. ৭.৫ ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

২০৭. একটি মাঠের প্রস্থ আরও ১০ মিটার বেশি হলে এটি ১০০০০ বর্গমিটার ক্ষেত্রবিশিষ্ট বর্গাকার মাঠ হত। মাঠটির প্রস্থ কত মিটার? [কমিউনিটি হেলপ কেয়ার প্রোভাইডার: ১৮]

ক. ৮৫ খ. ১০০ গ. ৯০ ঘ. ১০৫ **উত্তর: গ**

২০৮. যদি একটি আয়তাকার মাঠের প্রস্থ আরও ১০ মিটার বেশি হতো তাহলে মাঠটি ১০,০০০ বর্গমিটার ক্ষেত্রফলবিশিষ্ট একটি বর্গাকার ক্ষেত্র হতো। মাঠটির দৈর্ঘ্য কত? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৭]

ক. ৯০ মিটার খ. ৯৫ মিটার গ. ১০০ মিটার ঘ. ১০৫ মিটার **উত্তর: গ**

২০৯. ৪ বর্গফুট একটি বর্গাকার জায়গা ঢাকতে ৪ বর্গফুট ক্ষেত্রবিশিষ্ট কয়টি পাথর লাগবে? [তুলা উন্নয়ন বোর্ডের তুলা উন্নয়ন কর্মকর্তা: ৯৭]

ক. ১টি খ. ২টি গ. ৪টি ঘ. ৮টি **উত্তর: ক**

২১০. ৫ হাত লম্বা ও ৪ হাত চওড়া কয়টি চাদর দ্বারা ২০ হাত বিশিষ্ট একটি বর্গাকার মাঠ আচ্ছাদান করা সম্ভব? [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৪]

ক. ১৬ টি খ. ২০টি গ. ২৫টি ঘ. ৮টি **উত্তর: খ**

২১১. কোনটি সামান্তরিকের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র? [১৪তম বিসিএস]

ক. $\frac{১}{২}$ (ভূমি × উচ্চতা) খ. দৈর্ঘ্য × প্রস্থ গ. ২ (দৈর্ঘ্য + প্রস্থ) ঘ. ভূমি × উচ্চতা **উত্তর: ঘ**

২১২. সামান্তরিকের ভূমি ৪ ফুট এবং উচ্চতা ৩ ফুট হলে উহার ক্ষেত্রফল কত বর্গফুট? [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো- অর্ডিনেটর: ১৯]

ক. ১৪ খ. ১২ গ. ১৮ ঘ. ৭ **উত্তর: খ**

সমাধানঃ সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা = ৪×৩ = ১২ বর্গফুট

২১৩. একটি সামান্তরিকের ক্ষেত্রফল ৩.৯ বর্গ সে.মি. এবং ভূমি ২.৬ সে.মি.। এর উচ্চতা কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৮৯]

ক. ১.৫ সে.মি. খ. ১.৩ সে.মি. গ. ২ সে.মি. ঘ. ১.৬ সে.মি. **উত্তর: ক**

সমাধানঃ সামান্তরিকের উচ্চতা $= \frac{\text{ক্ষেত্রফল}}{\text{ভূমি}} = \frac{৩.৯}{২.৬} =$ ১.৫ সে.মি.

২১৪. একটি সামান্তরিকের দুইটি সন্নিহিত বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৭ সেন্টিমিটার এবং ৫ সেন্টিমিটার হলে এর পরিসীমা কত? [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ২০]

ক. ২৪ খ. ১২ গ. ২৮ ঘ. ২০ **উত্তর: ক**

সমাধানঃ সামান্তরিকের পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) = ২(৭+৫) = ২৪

২১৫. একটি চতুর্ভুজের দৈর্ঘ্য ৪ ইঞ্চি এবং প্রস্থ ৩ ইঞ্চি হলে এর পরিসীমা কত? [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ১৯]

ক. ৭ ইঞ্চি খ. ১৪ বর্গ ইঞ্চি গ. ৭ বর্গ ইঞ্চি ঘ. ১৪ ইঞ্চি **উত্তর: ঘ**

সমাধানঃ সামান্তরিকের পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) = ২(৪+৩) = ১৪ ইঞ্চি

২১৬. একটি চতুর্ভুজের দৈর্ঘ্য ৩ ইঞ্চি এবং প্রস্থ ২ ইঞ্চি হলে এর পরিসীমা কত? [বিআরইবি'র লাইনম্যান: ১৯]

ক. ৬ ইঞ্চি খ. ১০ বর্গ ইঞ্চি গ. ৬ বর্গ ইঞ্চি ঘ. ১০ ইঞ্চি **উত্তর: ঘ**

সমাধানঃ সামান্তরিকের পরিসীমা = ২(দৈর্ঘ্য + প্রস্থ) = ২(৩+২) =১০ ইঞ্চি

২১৭. ABCD সামান্তরিকের AB = ১২ সে.মি. এবং D বিন্দু থেকে AB এর লম্ব-দূরত্ব ৬ সে.মি.। তাহলে সামান্তরিকটির ক্ষেত্রফল কত হবে? [১৩তম শিক্ষক নিবন্ধন]

ক. ১৮ বর্গ সে.মি. খ. ৩৬ বর্গ সে.মি. গ. ৭২ সে.মি. ঘ. ১৪৪ বর্গ সে.মি. **উত্তর: গ**

সমাধানঃ সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি × উচ্চতা = ১২×৬ =৭২ সে.মি.

২১৮. একটি সামান্তরিকের ক্ষেত্রফল ১২০ বর্গ সে.মি. এবং উহার কর্ণের দৈর্ঘ্য ২৪ সে.মি.। বিপরীত কৌণিক বিন্দু হতে উক্ত কর্ণের উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য নির্ণয় করুন। [সমাজসেবা অধিদপ্তরের উপ-তত্ত্বাবধায়ক: ০৫]

ক. ৫.৫ সে.মি. খ. ৬ সে.মি. গ. ৫ সে.মি. ঘ. ৭ সে.মি. **উত্তর: গ**

২১৯. সামান্তরিক ক্ষেত্র ABCD এর অভ্যন্তরে P যেকোনো একটি বিন্দু নিলে ΔAPB এর ক্ষেত্রফল + ΔPCD এর ক্ষেত্রফল সামান্তরিক ABCD এর ক্ষেত্রফলের কতগুণ? [জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনটেনডেন্ট অব সার্ভে: ০৫]

ক. ২ গুণ খ. ৩ গুণ গ. সমান ঘ. গুণ **উত্তর: ঘ**

২২০. রম্বসের কর্ণদ্বয় পরস্পর $d_১$ ও $d_২$ একক হলে রম্বসটির রম্বসের ক্ষেত্রফল কত বর্গ একক? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]

ক. $d_১d_২$ খ. $\frac{১}{২}d_১d_২$ গ. $২d_১d_২$ ঘ. $৪d_১d_২$ **উত্তর: খ**

২২১. রম্বসের ক্ষেত্রফল কত? [১৫তম শিক্ষক নিবন্ধন]

ক. $\frac{১}{২} \times$ (কর্ণদ্বয়ের গুণফল) খ. $\frac{১}{২} \times$ (ভূমি × উচ্চতা)

গ. $\frac{১}{২} \times$ (কর্ণদ্বয়ের সমষ্টি) ঘ. $\frac{১}{২} \times$ (সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্যের সমষ্টি × উচ্চতা) **উত্তর: ক**

২২২. একটি রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে ৪ সে.মি. এবং ৬ সে.মি. হয়, তবে রম্বসের ক্ষেত্রফল কত? [৩১তম বিসিএস]

ক. ৬ বর্গ সে.মি. খ. ৮ বর্গ সে.মি. গ. ১২ বর্গ সে.মি. ঘ. ২৪ বর্গ সে.মি. **উত্তর: গ**

সমাধানঃ রম্বসের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ কর্ণদ্বয়ের গুণফল $= \frac{১}{২} \times ৪ \times ৬ = ১২$ বর্গ সে.মি.

২২৩. একটি রম্বসের কর্ণদ্বয় ৪০ সে.মি. ও ৬০ সে.মি.। এর ক্ষেত্রফল - [গুদামের সহকারী পরিচালক: ১০]

ক. ২৪০০ বর্গ সে.মি. খ. ১২০০ বর্গ সে.মি. গ. ৬০০ বর্গ সে.মি. ঘ. ৮০০ বর্গ সে.মি. **উত্তর: খ**

সমাধানঃ রম্বসের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ কর্ণদ্বয়ের গুণফল $= \frac{১}{২} \times ৪০ \times ৬০ = ১২০০$ বর্গ সে.মি.

২২৪. রম্বসের দুইটি কর্ণের দৈর্ঘ্য ৮ সে.মি. ও ৬ সে.মি. হলে, এর ক্ষেত্রফল কত বর্গ সে.মি.? [রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]

ক. ২৪ খ. ৪৮ গ. ৬০ ঘ. ১৪ **উত্তর: ক**

সমাধানঃ রম্বসের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ কর্ণদ্বয়ের গুণফল $= \frac{১}{২} \times ৮ \times ৬ = ২৪$ বর্গ সে.মি.

২২৫. একটি রম্বস ক্ষেত্রের কর্ণ যথাক্রমে ৫ সে.মি. ও ৪.৫ সে.মি.। উহার ক্ষেত্রফল কত বর্গ। সে.মি.? [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ৯৫]

ক. ২.২৫ বর্গ সে.মি. খ. ২২.৫০ বর্গ সে.মি. গ. ১২.৫০ বর্গ সে.মি. ঘ. ১১.২৫ বর্গ সে.মি. **উত্তর: ঘ**

সমাধানঃ রম্বসের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ কর্ণদ্বয়ের গুণফল $= \frac{১}{২} \times ৫ \times ৪.৫ = ১১.২৫$ বর্গ সে.মি.

২২৬. একটি রম্বসের কর্ণদ্বয়ের দৈর্ঘ্য ৫ মিটার এবং ৪.২ মিটার হলে তার ক্ষেত্রফল কত? [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]

ক. ১০.৫ বর্গ মিটার খ. ২১.০০ বর্গ মিটার গ. ৫.২৫ বর্গ মিটার ঘ. ৫.৫ বর্গ মিটার **উত্তর: ক**

সমাধানঃ রম্বসের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ কর্ণদ্বয়ের গুণফল $= \frac{১}{২} \times ৫ \times ৪.২ = ১০.৫$ বর্গ মি.

২২৭. একটি রম্বসের ক্ষেত্রফল ৫২ বর্গ সে.মি. হলে এর কর্ণদ্বয়ের গুণফল কত? [১৩তম শিক্ষক নিবন্ধন]

ক. ২৬ সে.মি খ. ৫২ সে.মি. গ. ১০৪ সে.মি. ঘ. ১০৮ সে.মি. **উত্তর: গ**

সমাধানঃ কর্ণদ্বয়ের গুণফল = ২ × রম্বসের ক্ষেত্রফল = ২×৫২ = ১০৪ সে.মি.

২২৮. একটি রম্বসের কর্ণদ্বয়ের দৈর্ঘ্য ৮ সে.মি. ও ৯ সে.মি.। এই রম্বসের ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফল বিশিষ্ট বর্গক্ষেত্রের পরিসীমা কত সেন্টিমিটার হবে তা বের করুন? [৩৩তম বিসিএস]

ক. ২৪ সে.মি. খ. ১৮ সে.মি. গ.৩৬ সে.মি. ঘ. ১২ সে.মি. **উত্তর: ক**

সমাধানঃ রম্বসের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ কর্ণদ্বয়ের গুণফল $= \frac{১}{২} \times ৮ \times ৯ = ৩৬$ বর্গ সে.মি.। বর্গক্ষেত্রের একবাহুর দৈর্ঘ্য $= \sqrt{৩৬} = ৬$ সে.মি.।

বর্গক্ষেত্রের পরিসীমা = (৪×৬) = ২৪ সে.মি.।

২২৯. কোনো রম্বসের একটি বাহু ও একটি কর্ণের দৈর্ঘ্য যথাক্রমে ১৩ cm ও ২৪ cm; রম্বসটির অপর কর্ণের দৈর্ঘ্য কত? [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]

ক. ১০ cm খ. ১৬ cm গ. ৫ cm ঘ. ৮ cm **উত্তর: ক**

২৩০. একটি রম্বসের প্রতিটি বাহুর দৈর্ঘ্য ৫ সে.মি.। রম্বসটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি.? [১৪তম প্রভাষক নিবন্ধন]

ক. ২৪ খ. ৬০ গ.১২ ঘ. ৪৮ **উত্তর: ক**

২৩১. ট্রাপিজিয়াম ক্ষেত্রের ক্ষেত্রফল = কত? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট: ১৯]

ক. সামান্তরাল বাহুদ্বয়ের বিয়োগফল × উচ্চতা খ. সামান্তরাল বাহুদ্বয়ের সমষ্টি × উচ্চতা

গ. সামান্তরাল বাহুদ্বয়ের সমষ্টি গড় × উচ্চতা ঘ. সামান্তরাল বাহুদ্বয়ের গুণফল × উচ্চতা **উত্তর: খ**

২৩২. একটি ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল - [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর: ১৯]

ক. ভূমি × উচ্চতা খ. সমান্তরাল বাহুদ্বয়ের দৈঘ্য × উচ্চতা

গ. $\frac{১}{২}$ (ভূমি × উচ্চতা) ঘ. $\frac{১}{২}$ (সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য সমষ্টি × উচ্চতা) **উত্তর: ঘ**

২৩৩. ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্রটি কোনটি? [১৫তম শিক্ষক নিবন্ধন]

ক. $\frac{1}{2}(a+b)h$ খ. $\frac{\sqrt{3}}{4}a^2$ গ. $6a^2$ ঘ. $\pi r^2 h$ **উত্তর: ক**

২৩৪. ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৭ সে.মি. ও ৫ সে.মি. এবং তাদের মধ্যে লম্ব দূরত্ব ৪ সে.মি. হলে এর ক্ষেত্রফল কত বর্গ সে.মি.? [আবাআখা প্রকল্পের জেলা সমন্বয়কারী: ১৭]

ক. ১২ বর্গ সে.মি. খ. ২৪ বর্গ সে.মি. গ. ৩০ বর্গ সে.মি. ঘ. ৪৮ বর্গ সে.মি. **উত্তর: খ**

সমাধানঃ ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{১}{২}$ (সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্যের সমষ্টি × উচ্চতা) $= \frac{১}{২} \times (৭+৫) \times ৪ = ২৪$ বর্গ সে.মি.

২৩৫. একটি ট্রাপিজিয়ামের উচ্চতা ৮ সে.মি. এবং সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে ৯ সে.মি. এবং ৭ সে.মি. হলে এর ক্ষেত্রফল কত বর্গ সে.মি.? [১৪তম প্রভাষক নিবন্ধন]

ক. ২৪ খ. ৬৪ গ. ৯৬ ঘ. ১০০ **উত্তর: খ**

সমাধানঃ ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{১}{২}$ (সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্যের সমষ্টি × উচ্চতা) $= \frac{১}{২} \times (৯+৭) \times ৮ = ৬৪$ বর্গ সে.মি

২৩৬. একটি ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল ২০ সে.মি.^{২}। সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য ৩ সে.মি. ও ৭ সে.মি.। সমান্তরাল বাহুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৯]

ক. ২ সেমি. খ. ৩ সে.মি. গ. ৪ সে.মি. ঘ. ৫ সে.মি. **উত্তর: গ**

সমাধানঃ সমান্তরাল বাহুদ্বয়ের লম্ব দূরত্ব $= \frac{২ \times \text{ক্ষেত্রফল}}{\text{সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্যের সমষ্টি}} = \frac{২ \times ২০}{৭+৩} = ৪$ সে.মি.

২৩৭. একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহু দুইটির দৈর্ঘ্য ৫ মিটার ও ৭ মিটার। এর ক্ষেত্রফল ৪৮ বর্গমিটার হলে বাহু দুইটির মধ্যবর্তী লম্ব দূরত্ব কত হবে? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]

ক. ৬ মিটার খ. ৮ মিটার গ. ৯ মিটার ঘ. ১০ মিটার **উত্তর: খ**

সমাধানঃ সমান্তরাল বাহুদ্বয়ের লম্ব দূরত্ব $= \frac{২ \times \text{ক্ষেত্রফল}}{\text{সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্যের সমষ্টি}} = \frac{২ \times ৪৮}{৫+৭} = ৮$ মিটার

২৩৮. কোনো ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল ৪০ বর্গমিটার এবং সমান্তরাল বাহু দুইটির মধ্যবর্তী লম্ব দূরত্ব ৮ মিটার। একটি বাহুর দৈর্ঘ্য ৬ মিটার হলে অপর বাহুর দৈর্ঘ্য কত? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]

ক. ৪ মিটার খ. ৬ মিটার গ. ৮ মিটার ঘ. ১০ মিটার **উত্তর: ক**

সমাধানঃ সমান্তরাল বাহুদ্বয়ের লম্ব দূরত্ব $= \frac{২ \times \text{ক্ষেত্রফল}}{\text{সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্যের সমষ্টি}} \Rightarrow ৮ = \frac{২ \times ৪০}{৬ + \text{অপর বাহুর দৈর্ঘ্য}} \Rightarrow ৮(৬ + \text{অপর বাহুর দৈর্ঘ্য}) = ৮০ \Rightarrow ৬ + \text{অপর বাহুর দৈর্ঘ্য} = ১০ \Rightarrow \text{অপর বাহুর দৈর্ঘ্য} = ৪$ মিটার।

২৩৯. একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের একটির দৈর্ঘ্য ১০ cm, সমান্তরাল বাহুদ্বয়ের দূরত্ব ৫ cm। ট্রাপিজিয়ামটির ক্ষেত্রফল ২৫ cm হলে অপর সমান্তরাল বাহুর দৈর্ঘ্য কত? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ২ cm খ. ৪ cm গ. ৬ cm ঘ. ৮ cm **উত্তর: ক**

২৪০. একটি বৃত্তের পরিধি কত? [মাউশি অধিদপ্তরের হিসাব সহকারী: ১৩]

ক. $৪\pi r$ খ. πr^2 গ. $\frac{4}{3}\pi r^2$ ঘ. $2\pi r$ **উত্তর: ঘ**

২৪১. যে বৃত্তের ব্যাস ২১ মিটার তার পরিধি আসন্ন মিটারে কত? [সমাজসেবা অধিদপ্তরের ইন্সট্রাক্টর: ০৫]

ক. ৮২ মিটার খ. ৬৬ মিটার গ. ৭৬ মিটার ঘ. ৮৬ মিটার **উত্তর: খ**

২৪২. একটি বৃত্তের ব্যাস ২৬ সে.মি. হলে এর পরিধি কত? [১৪তম প্রভাষক নিবন্ধন]

ক. ১৩π সে.মি. খ. ২৬π সে.মি. গ. ৫২π সে.মি. ঘ. ৩৯π সে.মি. **উত্তর: খ**

সমাধানঃ বৃত্তের ব্যাসার্ধ r সে.মি. হলে ব্যাস 2r সে.মি। বৃত্তের পরিধি $= 2\pi r =$ ব্যাস$\times\pi = ২৬\pi r$ সে.মি.

২৪৩. 2 সেন্টিমিটার ব্যাসবিশিষ্ট বৃত্তের পরিসীমা কত? [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভাগীয় সহকারী: ১৯]

ক. 4π cm খ. 2π cm গ. $\frac{\pi}{4}$ cm ঘ. $\frac{\pi}{2}$ cm **উত্তর: খ**

সমাধানঃ বৃত্তের ব্যাসার্ধ $= \frac{\text{ব্যাস}}{২} = \frac{২}{২} = ১$। বৃত্তের পরিধি $= 2\pi r = 2\pi \times ১ = 2\pi$

২৪৪. কোনো বৃত্তের পরিধি ২৩ সে.মি. হলে এর ব্যাসার্ধ কত? [টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ইন্সট্রাক্টর: ১৮]

ক. ২.৩৩ সে.মি. খ. ৩.৬৬ সে.মি. গ. ৭.৩২ সে.মি. ঘ. ১১.৫ সে.মি. **উত্তর: খ**

২৪৫. একটি বৃত্তের ব্যাস r হলে বৃত্তটির ক্ষেত্রফল কত? [১৩তম শিক্ষক নিবন্ধন]

ক. πr^2 খ. $\frac{\pi r^2}{2}$ গ. $8\pi r^2$ ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

সমাধানঃ বৃত্তের ব্যাস r হলে ব্যাসার্ধ $= \frac{r}{2}$। ক্ষেত্রফল $= \pi \times (\frac{r}{2})^২ = \frac{\pi r^2}{৮}$

২৪৬. কোনো বৃত্তের ব্যাসার্ধ r হলে তার ক্ষেত্রফল কত? আমদানি-রপ্তানি দপ্তরের অফিস সহায়ক: ২০]

ক. πr খ. πr^2 গ. πr^3 ঘ. $2r$ **উত্তর: খ**

২৪৭. একক ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের ক্ষেত্রফল কত? [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. ২ বর্গ একক খ. π বর্গ একক গ. π^2 বর্গ একক ঘ. ১ বর্গ একক **উত্তর: খ**

২৪৮. একটি বৃত্তের ব্যাস ১৬ একক দৈর্ঘ্যের হলে বৃত্তটির ক্ষেত্রফল - [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রোগামার: ১৬]

ক. ১৬π খ. ৬৪π গ. ২৫৬π ঘ. ৪π **উত্তর: খ**

সমাধানঃ বৃত্তের ব্যাসার্ধ $= \frac{\text{ব্যাস}}{২} = \frac{১৬}{২} = ৮$। ক্ষেত্রফল $= \pi(\text{ব্যাসার্ধ})^২ = \pi \times ৮^২ = ৬৪\pi$

২৪৯. ১ সে.মি. ব্যাসবিশিষ্ট বৃত্তের ক্ষেত্রফল কত? [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]

ক. 4π cm খ. 2π cm^2 গ. πcm^2 ঘ. $\frac{\pi}{4}$ cm^2 **উত্তর: ঘ**

সমাধানঃ বৃত্তের ব্যাসার্ধ $= \frac{\text{ব্যাস}}{২} = \frac{১}{২}$। ক্ষেত্রফল $= \pi(\text{ব্যাসার্ধ})^২ = \pi \times (\frac{১}{২})^২ = \frac{\pi}{4}$

২৫০. কোনো বৃত্তের ব্যাস ১০ cm হলে বৃত্তটির ক্ষেত্রফল কত? [১৫তম শিক্ষক নিবন্ধন]

ক. ৫π খ. ১০π গ. ২৫π ঘ. ১০০π **উত্তর: গ**

সমাধানঃ বৃত্তের ব্যাসার্ধ $= \frac{\text{ব্যাস}}{২} = \frac{১০}{২} = ৫$। ক্ষেত্রফল $= \pi(\text{ব্যাসার্ধ})^২ = \pi \times ৫^২ = ২৫\pi$

২৫১. যে বৃত্তাকার ক্ষেত্রের ব্যাস ২৮ মিটার, আসন্ন বর্গমিটারে তার ক্ষেত্রফল - [বাংলাদেশ রেলওয়ের সহকারী সার্জন: ০৫]

ক. ৩৩০ বর্গ মিটার খ. ৩৩৬ বর্গ মিটার গ. ৩৩২ বর্গ মিটার ঘ. ৬১৬ বর্গ মিটার **উত্তর: ঘ**

২৫২. যে বৃত্তের ব্যাস ১৪মি. তার ক্ষেত্রফল আসন্ন বর্গ মিটারে - [সমাজসেবা অধিদপ্তরের উপ-সহকারী পরিচালক: ০৫]

ক. ১৫০ বর্গ মিটার খ. ১৫২ বর্গ মিটার গ. ১৫৪ বর্গ মিটার ঘ. ১৫৬ বর্গ মিটার **উত্তর: গ**

২৫৩. একটি বৃত্তের ক্ষেত্রফল ১৬ বর্গ মিটার, পরিধি ৮ মিটার। এর ব্যাসার্ধ কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ২.২৬ মিটার খ. ৩ মিটার গ. ৪ মিটার ঘ. $২\frac{১}{৩}$ মিটার **উত্তর: ক**

২৫৪. একটি বৃত্তের পরিধি ও ক্ষেত্রফল যথাক্রমে ১৩২ সেন্টিমিটার ও ১৩৮৬ বর্গসেন্টিমিটার। বৃত্তটির বৃহত্তম জ্যা এর দৈর্ঘ্য কত? [৩৪তম বিসিএস]

ক. ৬৬ সে.মি. খ. ৪২ সে.মি. গ. ২১ সে.মি. ঘ. ২২ সে.মি. **উত্তর: খ**

২৫৫. একটি বৃত্তের ব্যাস দ্বিগুণ করলে বৃত্তটির ক্ষেত্রফল হবে - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ১৮]

ক. দ্বিগুণ খ. তিনগুণ গ. চার গুণ গ. একই থাকবে **উত্তর: গ**

২৫৬. বৃত্তের ব্যাস ৩ গুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে? [৪৪তম বিসিএস]

ক. ১৬ খ. ১২ গ. ৯ ঘ. ৪ **উত্তর: গ**

২৫৭. বৃত্তের ব্যাস দ্বিগুণ বৃদ্ধি পেলে এর পরিধি কতগুণ বৃদ্ধি পায়? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৮]

ক. ২ গুণ খ. ৬ গুণ গ. ৪ গুণ ঘ. ১২ গুণ **উত্তর: ক**

২৫৮. বৃত্তাকার একটি পুকুরের ব্যাসার্ধ একটি বৃত্তাকার বাগানের তিনগুণ। পুকুরটির ক্ষেত্রফল বাগানটির ক্ষেত্রফলের চেয়ে কত গুণ বেশি? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ৯৯]

ক. ২ খ. ৬ গ. ৯ ঘ. ১২ **উত্তর: গ**

২৫৯. দুইটি বৃত্তের ব্যাসের অনুপাত ১ : ৩। এদের ক্ষেত্রফলের অনুপাত কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ১ : ২৭ খ. ১ : ৯ গ. ১ : ১২ ঘ. ১: ১৮ **উত্তর: খ**

২৬০. দুইটি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত ৩ : ২, বৃত্ত দুইটির ক্ষেত্রফলের অনুপাত কত হবে? [৪৪তম বিসিএস]

ক. ২ : ৩ খ. ৩ : ৪ গ. ৪ : ৯ ঘ. ৯ : ৪ **উত্তর: ঘ**

২৬১. ৫৬ ফুট ব্যাসের একটি বৃত্তাকার ক্ষেত্রকে একই ক্ষেত্রফলের একটি বর্গক্ষেত্র করলে বর্গক্ষেত্রের যেকোনো এক দিকের বাহুর দৈর্ঘ্য কত হবে? [১৮তম বিসিএস]

ক. ২৮ ফুট খ. ৩৬.৮ ফুট গ. ৪৯.৬ ফুট ঘ. ৪৬ ফুট **উত্তর: গ**

২৬৩. কোন বৃত্তের অভ্যন্তরে অঙ্কিত বৃহত্তম সমবাহু ত্রিভুজের পরিসীমা p হলে, ঐ বৃত্তের ক্ষেত্রফল কত? [দুদকের অফিসার: ৯৪]

ক. $\frac{\pi p^2}{3}$ খ. $\frac{\pi p^2}{9}$ গ. $\frac{\pi p^2}{27}$ ঘ. $\frac{\pi p^2}{81}$ **উত্তর: গ**

২৬৪. ৭ সে.মি. ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের অন্তর্লিখিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত? [৩২তম বিসিএস]

ক. ৯৮ বর্গ সে.মি. খ. ৪৯ বর্গ সে.মি. গ. ১৯৬ বর্গ সে.মি. ঘ. ১৪৬ বর্গ সে.মি. **উত্তর: ক**

২৬৫. r ব্যাসার্ধ বিশিষ্ট একটি অর্ধ-বৃত্তের মধ্যে অন্তর্লিখিত করা যায় এরূপ সর্ববৃহৎ ত্রিভুজের ক্ষেত্রফল কত? [আইসিটি বিভাগের সহকারী প্রোগ্রামার: ১৭]

ক. r^2 খ. $2r^2$ গ. $\frac{1}{2}r^2$ ঘ. r^3 **উত্তর: ক**

২৬৬. বৃত্তের ব্যাসার্ধ r কে বৃদ্ধি করে ব্যাসার্ধ r + n করলে বৃত্তের ক্ষেত্রফল 8 গুণ হয়। r এর মান কত? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. $\frac{n}{2}$ খ. n গ. 2n ঘ. $\frac{n}{2\sqrt{2}-1}$ **উত্তর: ঘ**

২৬৭. বৃত্তের ব্যাস যদি r থেকে বৃদ্ধি করে (r + n) করা হয়, তার ক্ষেত্রফল দ্বিগুণ হয়। r এর মান কত? [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার: ১৭]

ক. $(\sqrt{2}+১)n$ খ. $(\sqrt{2}-১)n$ গ. $\sqrt{2}n + n$ ঘ. $\sqrt{2}n + ১$ **উত্তর: ক**

২৬৮. একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ১২ বার ঘুরে। চাকাটি পাঁচ সেকেন্ডে কত ডিগ্রি ঘুরে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ৩৬০° খ. ৩০০° গ. ১৮০° ঘ. ৩০° **উত্তর: ক**

সমাধানঃ ৬০ সেকেন্ডে ১২ বার ঘুরলে ৫ সেকেন্ডে ঘুরে ১ বার। আর চাকা ১ বার ঘুরলে অতিক্রম করে = ৩৬০°

২৬৯. একটি গাড়ীর চাকা প্রতি মিনিটে ৯০ বার ঘোরে। ১ সেকেন্ডে চাকাটি কত ডিগ্রি ঘুরবে? [দুদকের সহকারী পরিচালক: ২০]

ক. ১৮০° খ. ২৭০° গ. ৩৬০° ঘ. ৫৪০° **উত্তর: ঘ**

২৭০. একটি গাড়ীর চাকা প্রতি মিনিটে ৯০ বার ঘুরলে ১.৫ সেকেন্ডে চাকাটি কত ডিগ্রী ঘুরে? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৮]

ক. ১৮০° খ. ২৭০° গ. ৩৬০° ঘ. ৫৪০° **উত্তর:**

২৭১. একটি গাড়ীর চাকা প্রতি মিনিটে ৮০ বার ঘুরলে ১.০ সেকেন্ডে চাকাটি কত ডিগ্রী ঘুরবে? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]

ক. ১৮০° খ. ৪৮০° গ. ৩৬০° ঘ. ৫৪০° **উত্তর: খ**

২৭২. একটি চাকা ১.৭৬ কি.মি. পথ যেতে ৪০০ বার ঘোরে। চাকাটির ব্যাসার্ধ কত? [উপজেলা / থানা সহকারী শিক্ষা অফিসার: ৯৯]

ক. ৬ মিটার খ. ০.৭ মিটার গ. ৮মিটার ঘ. ৭.৫ মিটার **উত্তর: খ**

২৭৩. গাড়ীর চাকা 30 মিনিটে 2,000 বার ঘুরে 10 কি.মি. পথ অতিক্রম করে। চাকার পরিধি - [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]

ক. 10 m খ. 15 m গ. 20 m ঘ. 5 m **উত্তর: ঘ**

২৭৪. একটি চাকার ব্যাস ৪.২ মিটার। চাকাটি ৩০০ মিটার পথ অতিক্রম করতে কতবার ঘুরবে। [সিএজি কার্যালয়ের অডিটর: ১৪]

ক ২৫ বার খ. ৩০ বার গ. ১৫ বার ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

২৭৫. একটি চাকার ব্যাস ৪.২ মিটার। চাকাটি ৩৩০ মিটার পথ অতিক্রম করতে কতবার ঘুরবে? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]

ক. ২৫ বার খ. ৩০ বার গ. ১৫ বার ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

২৭৬. একটি চাকার ব্যাস ৭০ সে.মি.। চাকাটির একবার ঘুরলে কতটুকু পথ অতিক্রম করে? [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৪]

ক. ২.২৫৯ মি. খ. ২.১৯৯ মি. গ. ২.৩৫৯ মি. ঘ. ২.১৫৯ মি. **উত্তর: খ**

২৭৭. একটি চাকার পরিধি ৫ মিটার। ৮০ কি.মি. পথ যেতে চাকাটি কত বার ঘুরবে? [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার: ১৭]

ক. ১৬ খ. ১৬০ গ. ১৬০০ ঘ. ১৬০০০ **উত্তর: ঘ**

২৭৮. একটি গাড়ির চাকার পরিধি ৫ মিটার। ১ কিলোমিটার ৫০০ মিটার পথ যেতে চাকাটি কত। বার ঘুরবে? [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. ২০০ খ. ২৫০ গ. ৩০০ ঘ. ৩৫০ **উত্তর: গ**

২৭৯. একটি চাকার পরিধি ৮ ফুট। ১ কিলোমিটার পথ অতিক্রম করতে চাকাটি কতবার ঘুরবে? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]

ক. ৫০০ খ. ৪২০ গ. ৪১০ ঘ. ৪৬০ **উত্তর: গ**

২৮০. যদি একটি চাকার পরিধি ৫ মিটার হয়, তাহলে ২০ মাইল পথ অতিক্রম করতে চাকাটি কতবার ঘুরবে? (১ মাইল = ১.৬ কিলোমিটার) [সিএজি কার্যালয়ের অধীক্ষক: ৯৮]

ক. ৬৪০০ খ. ৫৪০০ গ. ৬০০০ ঘ. ৬২০০ **উত্তর: ক**

২৮১. বিষুবরেখার দৈর্ঘ্য যদি ৪০ মিলিয়ন মিটার হয়, তবে পৃথিবীর ব্যাসার্ধ কত কিলোমিটার? [আইসিটি বিভাগের সহকারী প্রোগ্রামার: ১৭]

ক. ৩৬৩ খ. ৬৩৬০ গ. ৬৩৬৩.৬৩ ঘ. ৬৩৬.৬৩ **উত্তর: গ**

২৮২. যদি r ব্যাসার্ধ বিশিষ্ট একটি বৃত্তের ক্ষেত্রফল b ভূমি বিশিষ্ট আয়তক্ষেত্রের সমান হয়, তাহলে আয়তক্ষেত্রের উচ্চতা কত হবে? [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০০]

ক. $\frac{\pi r^2}{b}$ খ. $\frac{\pi r^2}{b^2}$ গ. $\frac{\pi r}{b}$ ঘ. $\frac{\pi}{b}$ **উত্তর: ক**

২৮৩. একটি বৃত্তাকার পার্কের ব্যাস ৬০ মিটার এবং $\pi = ৩.১৪১৬$ হলে পার্কটির পরিধির দৈর্ঘ্য কত মিটার হবে তা বের করুন। [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]

ক. ১৯৮.৪৯৬ মি. খ. ১৮৯.৪৯৬ মি. গ. ১৮৮.৪৯৬ মি. ঘ. ১৮৭.৪৯৬ মি. **উত্তর: গ**

ক. ৭টি খ. ৫টি গ. ৩টি ঘ. ৪টি **উত্তর: গ**

সমাধানঃ তিনটি দেশ হতে যেকোনো দুইটি দেশে নিয়ে খেলা অনুষ্ঠিত হওয়ার মোট উপায় $= {}^3C_2 = \frac{3!}{(3-2)!\,3!} = 3$ টি।

১০. একটি দাবা খেলার প্রতিযোগিতায় 3 জন প্রতিযোগির প্রত্যেকে অন্য একজন খেলোয়াড়ের সাথে একবার মাত্র খেলবে। সর্বমোট কতগুলো খেলা অনুষ্ঠিত হবে। [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর: ১৮]

ক. 2টি খ. 3টি গ. 6টি ঘ. 9টি **উত্তর: খ**

সমাধানঃ 3 জন খেলোয়াড় হতে 2 জন খেলোয়ার নিয়ে খেলা অনুষ্ঠিত হওয়ার মোট উপায় $= {}^3C_2 = \frac{3!}{(3-2)!\,3!} = 3$টি।

১১. একটি ফুটবল টুর্নামেন্টে 6 টি দল অংশগ্রহণ করেছে। একক লীগ পদ্ধতিতে খেলা হলে মোট কতটি খেলা পরিচালনা করতে হবে? [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]

ক. 6টি খ. 12টি গ. 15টি ঘ. 5টি **উত্তর: গ**

সমাধানঃ ৬ টি দল হতে ২ টি দল নিয়ে একটি লীগ খেলা অনুষ্ঠিত হবে। খেলা পরিচালনা করার মোট উপায় $= {}^6C_2 = \frac{6!}{(6-2)!\,2!} = 12$টি।

১২. একটি নৌকায় 3 জন লোক উঠতে পারে, নৌকাটি দ্বারা 4 জন লোক কত প্রকারে উঠে নদী পার হতে পারে? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ১৬]

ক. 1 খ. 2 গ. 3 ঘ. 4 **উত্তর: ঘ**

সমাধানঃ 4 জন হতে 3 জন করে নৌকাতে উঠে নদী পার হওয়ার উপায় ${}^4C_3 = \frac{4!}{(4-3)!\,3!} = 4$

১৩. 14 জন খেলোয়াড়ের মধ্য থেকে নির্দিষ্ট একজন অধিনায়কসহ 11জনের একটি ক্রিকেট দল কতভাবে বাছাই করা যাবে? [৩৫তম বিসিএস]

ক. 728 খ. 364 গ. 286 ঘ. 1001 **উত্তর: খ**

সমাধানঃ একজনকে অধিনায়ক হিসেবে বাছাই করার পর বাকি (১৪ – ১) বা ১৩ জন হতে (১১ – ১) বা ১০ জনকে বাছাই করে ১১ জনের দল গঠন করার উপায় $= {}^{13}C_{10} = \frac{13 \times 12 \times 11}{3 \times 2 \times 1} = 364$

১৪. 20 সদস্যবিশিষ্ট একটি ফুটবল দল থেকে একজন অধিনায়ক ও একজন সহ-অধিনায়ক কতভাবে নির্বাচন করা যাবে? [২৩তম বিসিএস]

ক. 20 খ. 190 গ. 380 ঘ. 760 **উত্তর: গ**

সমাধানঃ 20 জন সদস্যবিশিষ্ট ফুটবল দল হতে একজন অধিনায়ক নির্বাচিত করার উপায় $= {}^{20}C_1 = \frac{20!}{(20-1)!\,1!} = 20$; পরবর্তীতে একজন সহ-অধিনায়ক নির্বাচিত করার উপায় $= {}^{20-1}C_1 = {}^{19}C_1 = 19$; একজন অধিনায়ক এবং একজন সহ-অধিনায়ক নির্বাচিত করার মোট উপায় $= 20 \times 19 = 380$

১৫. 12 টি পুস্তক থেকে 5টি কত প্রকারে বাছাই করা যায় যেখানে 2 টি পুস্তক সর্বদাই অন্তর্ভুক্ত থাকবে? [৩৬তম বিসিএস]

ক. 252 খ. 792 গ. 224 ঘ. 120 **উত্তর: ঘ**

সমাধানঃ ২ টি পুস্তক সর্বদাই অর্ন্তভুক্ত রেখে অবশিষ্ট (১২ - ২) = ১০ টি হতে (৫ - ২) = ৩ টিকে বাছাই করার উপায় $= {}^{10}C_3 = \frac{10!}{(10-3)!\,3!} = 120$

১৬. 3 জন পুরুষ ও 3 জন মহিলা হতে কত ভাবে 2 সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা যাবে যেখানে ন্যূনতম পক্ষে 1 জন পুরুষ ও 1 জন মহিলা থাকবে? [ডাক বিভাগেরবিল্ডিং ওভারশিয়ার: ১৮]

ক. 9 খ. 6 গ. 5 ঘ. 3 **উত্তর: ক**

সমাধানঃ ৩ জন পুরুষ হতে অন্তত পক্ষে ১ জন পুরুষ বেছে নেওয়ার উপায় $= {}^3C_1 = 3$; ৩ জন মহিলা হতে অন্তত ১ জন মহিলা বেছে নেওয়ার উপায় $= {}^3C_1 = 3$; ২ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করার মোট উপায় $= 3 \times 3 = 9$

১৭. 10 জন বালক ও 8 জন বালিকা থেকে 2 জন বালক ও 2 জন বালিকা কত বিভিন্ন উপায়ে বেছে নেয়া যায়? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৫]

ক. 73 খ. 1260 গ. 3060 ঘ. 5060 **উত্তর: খ**

সমাধানঃ ১০ জন বালক হতে প্রতিবার ২ জন বালক বেছে নেয়ার উপায় ${}^{10}C_2 = \frac{10!}{(10-2)!\,2!} = 45$; ৮ জন বালিকা হতে প্রতিবার ২ জন বালিকা বেছে নেয়ার উপায় ${}^{8}C_2 = \frac{8!}{(8-2)!\,2!} = 28$; মোট বেছে নেয়ার উপায় = $45 \times 28 = 1260$

১৮. 10 টি জিনিসের মধ্যে 2 টি এক জাতীয় এবং বাকীগুলো ভিন্ন ভিন্ন জিনিস। ঐ জিনিসগুলো থেকে প্রতিবারে 5 টি নিয়ে কত প্রকারে বাছাই করা যায়? [৩৭তম বিসিএস]

ক. 170 খ. 182 গ. 190 ঘ. 192 **উত্তর: খ**

সমাধানঃ ১০টি জিনিস হতে ৫ টি জিনিস বাছাই করার পর যখন এক জাতীয় দুটির একটিও থাকবে না এদের সংখ্যা = ${}^{10-2}C_5 = \frac{8!}{(8-5)!\,5!} = 56$; যখন এক জাতীয় দুটির একটি থাকবে এদের সংখ্যা = ${}^{10-2}C_{5-1} = \frac{8!}{(8-4)!\,54!} = 70$; যখন এক জাতীয় দুটির উভয়ই থাকবে এদের সংখ্যা = ${}^{10-2}C_{5-2} = \frac{8!}{(8-3)!\,3!} = 56$; সুতরাং বাছাই করার মোট উপায় = $56 + 70 + 56 = 182$

১৯. 4 জন মহিলা ও 6 জন পুরুষের মধ্য থেকে 4 সদস্যবিশিষ্ট একটি উপ-কমিটি গঠন করতে হবে যাতে 1 জন নির্দিষ্ট পুরুষ সর্বদাই উপস্থিত থাকেন। কত প্রকারে ঐ কমিটি গঠন করা যেতে পারে? [৩৮তম বিসিএস]

ক. 210 খ. 304 গ. 84 ঘ. 120 **উত্তর: গ**

সমাধানঃ ৪ সদস্যবিশিষ্ট উপ-কমিটি গঠনে ১ জন নির্দিষ্ট পুরুষ সর্বাদাই অর্ন্তভুক্ত রাখতে ৪ জন মহিলা ও $(৬ - ১) = ৫$ জন পুরুষ হতে $(৪ - ১) = ৩$ জনকে বাছাই করার উপায়গুলো হলো (a) ৩ জন মহিলা ও ০ জন পুরুষ, (b) ২ জন মহিলা ও ১ জন পুরুষ, (c) ১ জন মহিলা ও ২ জন পুরুষ, (d) ০ জন মহিলা ও ১ জন পুরুষ। কমিটি গঠনের উপায়গুলো হলো (a) এর ক্ষেত্রে ${}^{4}C_3 \times {}^{5}C_0 = 4 \times 1 = 4$, (b) এর ক্ষেত্রে, ${}^{4}C_2 \times {}^{5}C_1 = 6 \times 5 = 30$, (c) এর ক্ষেত্রে, ${}^{4}C_1 \times {}^{5}C_2 = 4 \times 10 = 40$, (d) এর ক্ষেত্রে, ${}^{4}C_0 \times {}^{5}C_3 = 1 \times 10 = 10$; মোট কমিটি গঠনের উপায় = $4 + 30 + 40 + 10 = 84$

২০. ঢাকা থেকে চট্টগ্রামে ৫ টি ট্রেন যায় ও ৫ টি ট্রেন আসে। একটি লোক এক ট্রেনে ঢাকা থেকে চট্টগ্রামে যেয়ে অপর এক ট্রেনে ঢাকা ফিরে আসতে পারবে - [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী সচিব: ৯৬]

ক. ৪০ প্রকারে খ. ২০ প্রকারে গ. ৮ প্রকারে ঘ. ৫০ প্রকারে **উত্তর: খ**

সমাধানঃ যে ট্রেনে চট্রগ্রামে যাবে সেই ট্রেনটি ছাড়া অন্য ট্রেনগুলোতে ফিরতে হবে। প্রথম ট্রেনে গিয়ে ফিরতে পারবে $(৫ - ১) = ৪$ প্রকার। ৫ টি ট্রেনে গিয়ে ফিরতে পারবে = $(৫ \times ৪) = ২০$ প্রকার।

২১. একজন পরীক্ষার্থীকে 12 টি প্রশ্ন থেকে 6 টি প্রশ্নের উত্তর করতে হবে। প্রথম 5 টি থেকে ঠিক 4 টি প্রশ্ন বাছাই করে কত প্রকারে 6 টি প্রশ্ন উত্তর করা যাবে? [উপজেলা / থানা শিক্ষা অফিসার: ৯৯]

ক. 10 খ. 105 গ. 110 ঘ. 220 **উত্তর: খ**

২২. পাঁচ বাহু বিশিষ্ট বহুভুজের কতটি কর্ণ আছে? [ডাক বিভাগের বিল্ডিং ওভারশিয়ার: ১৮]

ক. 4 টি খ. 3 টি গ. 6 টি ঘ. 5 টি **উত্তর: ঘ**

সমাধানঃ পাঁচ বাহু বিশিষ্ট বহুভুজের ৫ টি কৌণিক বিন্দু আছে। এই ৫ টি বিন্দুর যেকোনো ২ টি বিন্দু নিয়ে একটি রেখা গঠিত হয় এবং রেখাগুলো ${}^{5}C_2$ ভাবে গঠিত পারে। নির্ণেয় রেখার সংখ্যা = ${}^{5}C_2 = \frac{5!}{(5-2)!\,2!} = 10$; কিন্তু এ রেখাগুলোর মধ্যে ৫ টি কর্ণ নয়। কারণ তারা বহুভুজটির পার্শ্বরেখা। সুতরাং নির্ণেয় কর্নের সংখ্যা = $(10 - 5) = 5$ টি।

২৩. ৬ জন খেলোয়াড়কে সমান সংখ্যক দুইটি দলে কত ভাবে বিভক্ত করা যায়? [৪০তম বিসিএস]

ক. ১০ খ. ২০ গ. ৬০ ঘ. ১২০ **উত্তর: ক**

সমাধানঃ ২m সংখ্যক জিনিস সমান দুই ভাগে বিভক্ত করলে সমাবেশ সংখ্যা = $\frac{(২m)!}{২!\,(m!)^{২}}$; ৬ বা (২×৩) জন খেলোয়াড় সমান সংখ্যক দুইটি দলে বিভক্ত করার উপায় = $\frac{৬!}{২!\,(৩!)^{২}} = \frac{৬০}{৩!} = ১০$

২৪. একটি অনুষ্ঠানে কিছু লোক উপস্থিত ছিল। তারা কেবল একজন মাত্র একজনের সাথে একবার করমর্দন করতে পারবে। যদি করমর্দনের সংখ্যা ৩০০ হয়, তাহলে ঐ অনুষ্ঠানে কতজন লোক ছিল? [৪৩তম বিসিএস]

ক. ২৪ খ. ২৫ গ. ৩০ ঘ. ৬০ **উত্তর: খ**

সমাধানঃ করমর্দন করতে দুইজন ব্যক্তির প্রয়োজন হয়। লোকসংখ্যা n জন হলে করমর্দন সংখ্যা = $\frac{n!}{(n-2)!\,2!} = \frac{n(n-1)\,(n-2)!}{(n-2)!\,2!} = \frac{n(n-1)}{2}$; শর্তমতে, $\frac{n(n-1)}{2} = ৩০০ \Rightarrow n^2 - n = 600 \Rightarrow n^2 - 25n + 24n - 600 = 0 \Rightarrow (n - 25)\,(n + 24) = 0 \Rightarrow n = 25$ (n এর মান ঋণতাত্মক হতে পারে না)

পরিসংখ্যান

০১. ৫, ১১, ১৩, ৭, ৮ এবং ১০ সংখ্যাগুলোর গড় কত? [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. ৬ খ. ৭ গ. ৮ ঘ. ৯ **উত্তর: ঘ**

০২. ৬, ৮, ১০ এর গাণিতিক গড় ৭, ৯ এবং কোন সংখ্যার গাণিতিক গড়ের সমান? [১৮তম বিসিএস]
ক. ৫ খ. ৮ গ. ৬ ঘ. ১০ **উত্তর: খ**

০৩. ৬, ৮ ও ১০ এর গড় কত? [সেসিপ'র গবেষণা কর্মকর্তা: ১৫]
ক. ৬ খ. ৮ গ.১০ ঘ. ১২ **উত্তর: খ**

০৪. ৭, ১২, ১৭, ৩, ১১, ৬, ১৩, ৩ সংখ্যাগুলোর গড় কত? [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. ৬ খ. ৭ গ. ৮ ঘ. ৯ **উত্তর: ঘ**

০৫. ১১, ১২, ১৩, ১৪ এবং ১৫ এই সংখ্যাগুলোর গড় হবে - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরে স্বাস্থ্য সহকারী: ১৪]
ক. ২৪ খ. ১৩ গ. ১৫ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

০৬. ১৩, ১৬, ১৮, ২৪, ৩৪ এর গড় কত? [স্বাস্থ্য অধিদপ্তরের অফিস সহায়ক: ১৯]
ক. ১৬ খ. ১৮ গ. ১৯ ঘ. ২১ **উত্তর: ঘ**

০৭. ৭৩, ৭৫, ৭৭, ৭৯, ও ৮১ এর গড় কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯২]
ক. ৭৫ খ. ৭৬ গ. ৭৭ ঘ. ৭৮ **উত্তর: গ**

০৮. তিনটি সংখ্যা 5, 6, K এর গড় 12 হলে K এর মান - [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অফিস সহকারী: ১৯]
ক. 26 খ. 2 গ. - 2 ঘ. 25 **উত্তর: ঘ**

০৯. .০২, .০০৮, ১.০০২, ৪০.০১২ ও x এর গড় ১২.২১২৪। x এর মান হচ্ছে - [পিএসসি'র সহকারী পরিচালক: ০৬]
ক. ২০.০০২ খ. ২০.০২০ গ. ২০.২০০ ঘ. ২০.০২২ **উত্তর: খ**

১০. x ও y এর মানের গড় ৯ এবং z = ১২ হলে x, y, z এর মানের গড় কত? [২০তম বিসিএস]
ক. ৬ গ. ৯ গ. ১০ ঘ. ১২ **উত্তর: গ**

১১. 3x + 3y + 3 = 90 হলে x, y, z এর গড় মান কত? [আইইআর'র উপজেলা উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর: ২০]
ক. 3 খ. 10 গ. 30 ঘ. 90 **উত্তর: খ**

১২. যদি 3x + 5y = 14 এবং 5x - 5y = 6 হয়, তাহলে x ও y এর গড় কত? [জারাবো'র উচ্চমান সহকারী: ১৯]
ক. 3.5 খ. 3 গ. 2.5 ঘ. 0.95 **উত্তর: ঘ**

১৩. $\frac{১}{২}, \frac{৫}{৬}, \frac{৩}{৪}, \frac{৫}{১২}$ এর গড় কত? [টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ইন্সট্রাক্টর: ১৮]
ক. $\frac{৫}{৪}$ খ. $\frac{৫}{২}$ গ. $\frac{৫}{৮}$ ঘ. $\frac{৫}{১২}$ **উত্তর: গ**

১৪. ৫,৭, ২৪ এর গাণিতিক গড়; ৭, ৯ এবং কোন সংখ্যার গাণিতিক গড়ের সমান? [বিটিভি'র সহকারী প্রকৌশলী: ১৭]
ক. ২০ খ. ১৬ গ. ১৪ ঘ. ২৪ **উত্তর: ক**

১৫. ৫, ৬, ৭ এবং w এর গড় (গাণিতিক গড়) ৮ হলে w এর মান কত? [৩৪তম বিসিএস]
ক. ৮ খ. ১২ গ. ১৪ ঘ. ১৬ **উত্তর: গ**

১৬. ০.২, ০.৮, ১ এবং x এর গড়মান ০.৬ হলে x এর মান কত? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ৯৯]
ক. ০.২ খ. ০.৪ গ. ০.৬৭ ঘ. ২.৪ **উত্তর: খ**

১৭. ৪, ৬, ৭ এবং x এর গড় মান ৫.৫ হলে x এর মান কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. ৫.৫ খ. ৫ গ. ৪.৫ ঘ. ৬ **উত্তর: খ**

১৮. যদি 7, 11, 15 এবং x এর গড় y হয়, তবে x এর মান কত? [ডিএই'রকম্পিউটার মুদ্রাক্ষরিক: ১৮]
ক. 4y – 33 খ. (y + 28)/4 গ. y – 33 ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

১৯. x ও y এর মানের গড় ১০ এবং z = ১৩ হলে x, y, z এর মানের গড় কত হবে? [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ১৩]
ক. ১১ খ. ৯ গ. ১৮ ঘ. ১২ **উত্তর: ক**

২০. $\frac{১}{৪}, \frac{১}{২}, \frac{৩}{৪}$ এর গড় কোনটি? [বেবিচকের হিসাব নিরীক্ষক: ১৭]
ক. $\frac{৫}{৪}$ খ. $\frac{২}{৩}$ গ. $\frac{১}{২}$ ঘ. $\frac{৩}{৪}$ **উত্তর: গ**

২১. M সংখ্যক সংখ্যার গড় A এবং N সংখ্যক সংখ্যার গড় B হলে সবগুলো সংখ্যার গড় কত? [৩৩তম বিসিএস]
ক. $\frac{A+B}{2}$ খ. $\frac{AM+BN}{2}$ গ. $\frac{AM+BN}{M+N}$ ঘ. $\frac{AM+BN}{A+B}$ **উত্তর: গ**

২২. P, Q রাশি দুইটির গড় A এবং X, Y রাশি দুইটির গড় A; তাহলে P, Q, X, Y রাশি চারটির গড় কত হবে তা বের করুন। [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৭]

ক. $\frac{A_1 + A_2}{4}$ খ. $\frac{P + Q}{2} + \frac{X + Y}{2}$ গ. $\frac{A_1 + A_2}{2}$ ঘ. $\frac{A_1(P + Q) + A_2(X + Y)}{4}$ **উত্তর: গ**

২৩. দুইটি সংখ্যার গড় xy, একটি সংখ্যা x হলে অপরটি কত? [পাবপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]

ক. y খ. $\frac{x(y + 1)}{2}$ গ. $x(2y - 1)$ ঘ. $x(y - 2)$ **উত্তর: গ**

২৪. দশটি সংখ্যার গড় x এবং পাঁচটি সংখ্যার গড় y। বাকি 5টি সংখ্যার গড় z হয়, তবে নিচের কোনটি সঠিক? [ডিএই'র কম্পিউটার মুদ্রাক্ষরিক: ১৮]

ক. $2x = y + z$ খ. $2x = y + z$ গ. $x = 2y + 2x$ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক,খ**

২৫. তিনটি সংখ্যার গড় x। যদি প্রথম ২ টি সংখ্যার গড় y হয় এবং শেষ ২ টি সংখ্যার গড় z হয়, তবে দ্বিতীয় সংখ্যাটি কত? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৭]

ক. $2y + 2z + 3x$ খ. $3x - y - z$ গ. $2y + 2z - 3x$ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

২৬. প্রথম ও দ্বিতীয় সংখ্যার গড় ২৫। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গড় ৩০ হলে, তৃতীয় সংখ্যাটি কত? [এনএটিপি'র অফিস সহকারী: ১৯]

ক. ২৫ খ. ৪০ গ. ৯০ ঘ. ৫০ **উত্তর: খ**

২৭. ৩ টি সংখ্যার গড় ৬ এবং ঐ ৩ টি সংখ্যাসহ মোট ৪ টি সংখ্যার গড় ৮ হলে চতুর্থ সংখ্যাটির অর্ধেকের মান কত হবে তা বের করুন। [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ৭ খ. ৮ গ. ৫ ঘ. ৬ **উত্তর: ক**

২৮. ছয়টি ধারাবাহিক বিজোড় সংখ্যার গড়ের ছয়গুণ সবচেয়ে বড় সংখ্যাটির চারগুণ অপেক্ষা ১২ বেশি। ধারাবাহিক সংখ্যাগুলোর গড় কত? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]

ক. ১৬ খ. ১৭ গ. ১৮ ঘ. ২০ **উত্তর: ক**

২৯. ছয়টি সংখ্যার গড় ৬। যদি প্রত্যেকটি সংখ্যা থেকে ৩ বিয়োগ করা হয়, তাহলে নতুন সংখ্যাগুলোর গড় কত হবে বের করুন। [আবাআখা প্রকল্পের উপজেলা সমন্বয়কারী: ১৭]

ক. ১৮ খ. ১৫ গ. ৪ ঘ. ৩ **উত্তর: ঘ**

৩০. ৩ টি সংখ্যার গড় ৩৩। দুইটি সংখ্যা ২৪ এবং ৪২ হলে অপর সংখ্যাটি কত? [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ১২]

ক. ১২ খ. ২২ গ. ৩২ ঘ. ৩৩ **উত্তর: ঘ**

৩১. ৫ টি সংখ্যার গড় ৪০। এর সাথে ৩টি সংখ্যা যোগ করা হলো, সংখ্যা তিনটির গড় ২২। সমষ্টিগতভাবে ৮ টি সংখ্যার গড় কত হবে? [১৫তম প্রভাষক নিবন্ধন]

ক. ৩৩.২ খ. ৩৩.৫০ গ. ৩৩.২৫ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

৩২. ছয়টি সংখ্যার গড় ৬। যদি প্রতিটি সংখ্যা থেকে ২ বিয়োগ করা হয়, তাহলে নতুন সংখ্যাগুলোর গড় কত হবে তা বের করুন। [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৮]

ক. ২ খ. ৪ গ. ৫ ঘ. ৬ **উত্তর: খ**

৩৩. ৭ টি সংখ্যার গড় ৪০। এর সাথে ৩টি সংখ্যা যোগ করা হলো। সংখ্যা ৩ টির গড় ২১। সমষ্টিগতভাবে ১০ টি সংখ্যার গড় কত? [সিএজি কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]

ক. ৩৭.৩ খ. ৩৩.৩ গ. ৩৪.৩ ঘ. ৩২.৩ **উত্তর: গ**

৩৪. ১০ টি সংখ্যার যোগফল ৪০০। তাদের প্রথম ৬ টির গড় ৪০ এবং শেষ ৬ টির গড় ৩০। ষষ্ঠ সংখ্যাটি কত হবে তা বের করুন। [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৬]

ক. ৪০ খ. কোনটিই নয় গ. ২০ ঘ. ৩০ **উত্তর: খ**

৩৫. ১০ টি সংখ্যার যোগফল ৪৮২। এদের প্রথম চারটির গড় ৫২ এবং শেষের ৫টির গড় ৩৮। পঞ্চম সংখ্যাটি কত হবে তা বের করুন। [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১৯]

ক. ৬০ খ. ৮৪ গ. ৮৪ ঘ. ৬২ **উত্তর: ঘ**

৩৬. ১০ টি সংখ্যার যোগফল ৪৬২। এদের প্রথম ৪টির গড় ৫০ এবং শেষ ৫ টির গড় ৪০ হলে পঞ্চম সংখ্যাটি কত হবে? [বিজেএমসি'র সহকারী সমন্বয় কর্মকর্তা: ১৭]

ক. ৬৫ খ. ৬৪ গ. ৫৮ ঘ. ৬২ **উত্তর: ঘ**

৩৭. ১০ টি সংখ্যার যোগফল ৪০০। এদের প্রথম ৫টির গড় ৪০ এবং শেষ ৪টি গড় ৩০। ষষ্ঠ সংখ্যাটি কত? [দুদকের উপ-সহকারী পরিচালক: ১০]

ক. ২০ খ. ৩০ গ. ৪০ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

৩৮. ১০ টি সংখ্যার যোগফল ৪৬২। এদের প্রথম ৪টির গড় ৫২ এবং শেষের ৫ টির গড় ৩৮। পঞ্চম সংখ্যাটি কত? [১১তম বিসিএস]

ক. ৬০ খ. ৬৪ গ. ৬২ ঘ. ৫০ **উত্তর: খ**

৩৮. যদি x বইয়ের প্রত্যেকটির মূল্য 5 টাকা এবং y বইয়ের প্রত্যেকটির মূল্য 8 টাকা হয়, তাহলে প্রতিটি বইয়ের গড় মূল্য কত হবে? [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]

ক. $\frac{5x + 8y}{x + y}$ খ. $\frac{5x + 8y}{xy}$ গ. $\frac{5x + 8y}{13}$ ঘ. $\frac{40xy}{x + y}$ **উত্তর: ক**

৩৯. ৪ টি ঝুড়িতে যথাক্রমে ৩, ৩, ৪ ও ৫ টি করে কমলা থাকলে প্রত্যেক ঝুড়িতে গড়ে কয়টি করে কমলা আছে? [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরী অ্যাটেনডেন্ট: ২০]

ক. ৩টি খ. ৪টি গ. ৬টি ঘ. ১২টি **উত্তর: ক**

৪০. ৩ টি বইয়ের দাম যথাক্রমে ২২ টাকা, ২৭ টাকা ও ২০ টাকা হলে বইগুলোর গড় দাম কত? [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]

ক. ২৪ টাকা খ. ২৩ টাকা গ. ২৬ টাকা ঘ. ২৫ টাকা **উত্তর: খ**

৪১. কোন পরীক্ষায় ক এর প্রাপ্ত নম্বর যথাক্রমে ৮২, ৮৫ ও ৯২। চতুর্থ পরীক্ষায় তাতে কতনম্বর পেতে হবে, যেন তার গড় প্রাপ্ত নম্বর ৮৭ হয়? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৩]

ক. ৮৯ খ. ৮৮ গ. ৮৬ ঘ. ৯১ **উত্তর: ক**

৪২. ৬ টি কাঠির গড় দৈর্ঘ্য ৪৪.২ সে.মি. এবং এদের ৫ টির গড় দৈর্ঘ্য ৪৬ সে.মি.। ৬ষ্ঠ কাঠিটির দৈর্ঘ্য কত সে.মি.? [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. ৩৫.১ খ. ৩৫.২ গ. ৩৫.৩ ঘ. ৩৫.৪ **উত্তর: খ**

৪৩. ১০ জন ছাত্রের গড় নম্বর x। যদি অন্য ৫ জন ছাত্রের গড় নম্বর ২০ হয়, তবে ঐ ১৫ জন ছাত্রের গড় নম্বর কত হবে তা বের করুন। [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০৯]

ক. $\frac{10x+20}{\frac{x+5}{15}}$ খ. $\frac{10x+20}{x+5}$ গ. $\frac{x+10}{1.5}$ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

৪৪. ১০০ জন শিক্ষার্থীর গড় নম্বর ৯০, যার মধ্যে ৭৫ জন শিক্ষার্থীর গড় নম্বর ৯৫। অবশিষ্ট শিক্ষার্থীদের গড় নম্বর কত? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক: ১৮]

ক. ৭৫ খ. ৭০ গ. ৮০ ঘ. ৬৫ **উত্তর: ক**

৪৫. কোনো শ্রেণির ১২ জন ছাত্রের কোনো পরীক্ষার ফলাফলের গড় ৭০। অপর ১৮ জনের ফলাফলের গড় ৮০। তবে ৩০ জন ছাত্রের ফলাফলের সার্বিক গড় কত? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী লাইব্রেরিয়ান: ১৮]

ক. ৭৬ খ. ৭৭ গ. ৭৩ ঘ. ৭৩ **উত্তর: ক**

৪৬. যদি ১৫ জন ছাত্র ইংরেজিতে গড়ে শতকরা ৮০ নম্বর এবং ১০ জন ছাত্র গড়ে শতকরা ৯০ নম্বর পায়, তাহলে ২৫ জন ছাত্রের শতকরা হিসাবে গড় নম্বর কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ৫৫.৫ খ. ৬৫.৫ গ. ৬০.৫ ঘ. ৬২.৫ **উত্তর: ঘ**

৪৭. কটন আলীর গত তিন বছরের গড় আয় ৫৫,০০০ টাকা। যদি সে ২য় বছরে ১ম বছরের $\frac{৩}{২}$ গুণ আয় করে থাকে এবং ৩য় বছরে ২য় বছরের $\frac{৫}{২}$ গুণ আয় করে থাকে তাহলে তার ২য় এবং ৩য় বছরের আয়ের গড় কত টাকা? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]

ক. ৬৯,৩০০ টাকা খ. ৫৯,৩০০ টাকা গ. ৩৯,৬০০ টাকা ঘ. ২৬,৪০০ টাকা **উত্তর: ক**

৪৮. বুধ, বৃহস্পতি ও শুক্রবারের গড় তাপমাত্রা ৪০°Cএবং বৃহস্পতি, শুক্র ও শনিবারের গড় তাপমাত্রা ৪১°C। শনিবারের তাপমাত্রা ৪২°C হলে বুধবারের তাপমাত্রা কত? [নর্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৮]

ক. ৩৮°C খ. ৩৯°C গ. ৪১°C ঘ. ৪২°C **উত্তর: খ**

৪৯. ৭ জন লোকের গড় ওজন ৩ পাউন্ড কমে যায় যখন ১০ স্টোন ওজনের একজন লোকের পরিবর্তে নতুন একজন যোগদান করে। নতুন লোকটির ওজন কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]

ক. ৯ স্টোন খ.৮ স্টোন গ. ৮$\frac{১}{২}$ স্টোন গ. ৭$\frac{১}{২}$ স্টোন **উত্তর: ঘ**

৫০. ৮ জনের একটি দলে ৬৫ কেজি ওজনের একজনের পরিবর্তে নতুন একজন যোগ দেয়ায় তাদের গড় ওজন ২.৫ কেজি বেড়ে যায়। নতুন ব্যক্তির ওজন কত কেজি? [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ১৭]

ক. ৪৫ খ. ৭৬ গ. ৮০ ঘ. ৮৫ **উত্তর: গ**

৫১. ২০ জন বালকের গড় বয়স ১২ বছর হলে ৭ বছর গড় বয়সের ৫ জন ছেলে যোগ দিলে প্রত্যেকের গড় বয়স কত? [শ্রম পরিদপ্তরের মেডিকেল অফিসার: ০৩]

ক. ১১ বছর খ.১০ বছর গ. ৯ বছর ঘ. ৮ বছর **উত্তর: ক**

৫২. কোন শ্রেণিতে ১০ জন ছাত্রের গড় উচ্চতা ৫ ফুট ৬ ইঞ্চি। এর মধ্যে ৯ জন ছাত্রের গড় উচ্চতা ৫ ফুট ৫ ইঞ্চি হলে ১০ম ছাত্রের উচ্চতা কত? [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১১]

ক. ৫ ফুট ৭ ইঞ্চি খ. ৬ ফুট ৫ ইঞ্চি গ. ৬ ফুট ৩ ইঞ্চি ঘ. ৬ ফুট **উত্তর: গ**

৫৩. একজন ক্রিকেটারের ১০ ইনিংসে রানের গড় ৪৪.৫। ১১তম ইনিংসে কত রান করে আউট হলে সব ইনিংসে মিলিয়ে তার রানের গড় ৫০ হবে তা বের করুন। [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]

ক. ৫৫ রান খ. ৪৫ রান খ. ৯৫ রান ঘ. ১০০ রান **উত্তর: গ**

৫৪. একজন বোলার গড়ে ১৭ রান দিয়ে ৭টি উইকেট পান। পরবর্তী ইনিংসে গড়ে ৮ রান দিয়ে ৩টি উইকেট পান। তিনি উইকেট প্রতি গড়ে কতরান দিয়েছেন? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]

ক. ১২ খ. ১৪.৩ গ. ১৫.৫ ঘ. ১৬ **উত্তর: খ**

৫৫. **পরীক্ষায় ক এর প্রাপ্ত নম্বর যথাক্রমে ৭০, ৮৫ ও ৭৫। চতুর্থ পরীক্ষায় তাকে কত নম্বর পেতে হবে যেন তার গড় প্রাপ্ত নম্বর ৮০ হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]

ক. ৭৮ খ. ৮২ গ. ৮৮ ঘ. ৯০ **উত্তর: ঘ**

৫৬. **একজন ব্যাটসম্যান প্রথম তিনটি T-20 খেলায় ৮২, ৮৫ ও ৯২ রান করেন। চতুর্থ খেলায় কত রান করলে তার গড় রান ৮৭ হবে?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৬]

ক. ৮৬ খ. ৮৭ গ. ৮৮ ঘ. ৮৯ **উত্তর: ঘ**

৫৭. **একজন ক্রিকেটারের ১০ ইনিংসের রানের গড় ৪৫.৫। ১১তম ইনিংসে কত রান করে আউট হলে সব ইনিংসে মিলিয়ে তার রানের গড় ৫০ হবে তা বের করুন?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১১]

ক. ৫৫ রান খ. ৪৫ রান গ. ১০০ রান ঘ. ৯৫ রান **উত্তর: ক**

৫৮. **২০০০ সালের ফেব্রুয়ারি মাসের দৈনিক বৃষ্টিপাতের গড় ০.৫৫ সে.মি.। ঐ মাসের মোট বৃষ্টিপাতের পরিমাণ কত?** [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুটেন্ট: ১৫]

ক. ১৫.৫ সে.মি. খ. ১৫.৪ সে.মি. গ. ১৫.৯৫ সে.মি. ঘ. ১৫.৫৫ সে.মি. **উত্তর: গ**

৫৯. **রবিবার থেকে শনিবার পর্যন্ত কোনো স্থানের গড় বৃষ্টিপাত ৩"। রবিবার থেকে শুক্রবার পর্যন্ত গড় বৃষ্টিপাত ২"। ঐ সপ্তাহের শনিবারে বৃষ্টিপাতের পরিমাণ কত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৭]

ক. ১" খ.৫" গ. ৭" ঘ. ৯" **উত্তর: ঘ**

৬০. **কোনো এক স্থানে সপ্তাহের গড় তাপমাত্রা ৩০°সেলসিয়াস। প্রথম ৩ দিনের গড় তাপমাত্রা ২৮°সে ও শেষ ৩ দিনের গড় তাপমাত্রা ২৯°সেলসিয়াস হলে চতুর্থ দিনের তাপমাত্রা কত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]

ক. ৩৩°সে. খ. ৩৬°সে. গ. ৩৯°সে. ঘ. ৪৩°সে. **উত্তর: গ**

৬২. **জুলাই মাসের দৈনিক বৃষ্টিপাতের গড় ০.৬৫ সেন্টিমিটার ছিল। ঐ মাসের মোট বৃষ্টিপাতের পরিমাণ -** [গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার: ০৫]

ক. ২০.১৫ সে.মি. খ. ২০.২০ সে.মি. গ. ২০.২৫ সে.মি. ঘ. ৬৫ সে.মি. **উত্তর: ক**

৬৩. **২০০০ সালে ফেব্রুয়ারি মাসের দৈনিক বৃষ্টিপাতের গড় ছিল ০.৬৫ সে.মি.। ঐ মাসের মোট বৃষ্টিপাতের পরিমাণ কত?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১১]

ক. ১৮.২ সে.মি. খ. ১৯.৫ সে.মি. গ. ১৮.৮৫ সে.মি. ঘ. ২০ সে.মি. **উত্তর: গ**

৬৪. **তিনজন লোকের ওজনের গড় ৫৩ কেজি। এদের কারো ওজন ৫১ কেজির কম নয়। এদের একজনের সর্বোচ্চ ওজন হবে -** [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা: ১২]

ক. ৫৩ কেজি খ. ৫৫ কেজি গ. ৫৭ কেজি ঘ. ৫৯ কেজি **উত্তর: গ**

৬৫. **১১ জন লোকের গড় ওজন ৭০ কেজি। ৯০ কেজি ওজনের একজন লোক চলে গেলে বাকিদের গড় ওজন কত হবে তা বের করুন।** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক: ১৪]

ক. ৬৮ কেজি খ.৭২ কেজি গ. ৮০ কেজি ঘ. ৬২ কেজি **উত্তর: ক**

৬৬. **এক দোকানদার ১২ দিনে ৫০৪ টাকা আয় করেন। প্রথম ৪ দিনে গড় আয় ৪০ টাকা হলে বাকি দিনগুলোর গড় আয় কত হবে?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]

ক. ৪০ টাকা খ. ৪২ টাকা গ. ৪৩ টাকা ঘ. ৪৭ টাকা **উত্তর: গ**

৬৭. **একজন শ্রমিক প্রতিদিন প্রথম ৮ ঘন্টা কাজ করার জন্য ঘন্টায় ১০ টাকা করে এবং পরবর্তী সময়ের জন্য ঘন্টায় ১৫ টাকা করে মজুরি পায়। দৈনিক ১০ ঘন্টা করে কাজ করলে তার গড়ে প্রতি ঘন্টায় মজুরি কত?** [২৪তম বিসিএস]

ক. ১১ টাকা খ ১২.৫০ টাকা গ. ১২ টাকা ঘ. ১৩ টাকা **উত্তর: ক**

৬৮. **কোনো পরীক্ষায় ১০০ জন ছাত্রের প্রাপ্ত গড় নম্বর ৮০। যদি ২০% ছাত্রকে বাদ দেয়া হয় তবে বাকি ছাত্রদের প্রাপ্ত গড় নম্বর হবে ৯০। ২০% ছাত্রের প্রাপ্ত গড় নম্বর কত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]

ক. ৩২ খ. ৩৬ গ. ৪০ ঘ. ৪২ **উত্তর: গ**

৬৯. **ক, খ, ও গ এর মাসিক গড় বেতন ৫০০ টাকা। খ, গ ও ঘ এর মাসিক গড় বেতন ৪৫০ টাকা। ক এর বেতন ৫৪০ টাকা হলে ঘ এর বেতন কত?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ৩৭৫ টাকা খ. ৩৮০ টাকা গ. ৩৮৫ টাকা ঘ. ৩৯০ টাকা **উত্তর: ঘ**

৭০. **৩ জন পুরুষ ও ৬ জন বালকের আয়ের গড় ১২ টাকা। ১ জন পুরুষের আয় ২ জন বালকের আয়ের সমান হলে ১ জন পুরুষের আয় কত?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ১৪ টাকা খ. ১৬ টাকা গ. ১৮ টাকা ঘ. ২০ টাকা **উত্তর: গ**

৭১. **৩০ টাকা দরের ২ সের সয়াবিন তেলের সাথে ১৮ টাকা সের দরের ১ সের পামওয়েল মিশালে মিশ্রিত তেলের প্রতি সেরের দাম কত?** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৩]

ক. ১৬ খ. ১৮ গ. ২৬ ঘ. ২৮ **উত্তর: গ**

৭৫. **একজন ব্যবসায়ী চেয়ার ও টেবিল প্রস্তুত করে। প্রতিটি চেয়ারের বিক্রয়মূল্য ২,০০০ টাক এবং প্রতিটি টেবিলের বিক্রয়মূল্য ২,৭৫০ টাকা। গত মাসে সে যে পরিমাণ চেয়ার বিক্রি করে তার দ্বিগুণ পরিমাণ টেবিল বিক্রি করে থাকলে তার প্রতি একক পণ্যের গড় বিক্রয়মূল্য কত?** [পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]

ক. ২,৫০০ টাকা খ. ২,৫৫০ টাকা গ. ২,৬০০ টাকা ঘ. ২,৭০০ টাকা **উত্তর: ক**

৭৬. ক ও খ এর গড় আয় ৫০৫ টাকা, খ ও গ এর গড় আয় ৫৩৫ টাকা এবং ক ও গ এর গড় আয় ৫২০ টাকা। ক, খ ও গ এর প্রত্যেকের আয় কত? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের চীফ ইন্সট্রাক্টর: ০৩]
ক. ক ৪৯০ টাকা, খ ৫২০ টাকা, গ ৫৫০ টাকা
খ. ক ৪৬০ টাকা, খ ৬২০ টাকা, গ ৫৩০ টাকা
গ. ক ৪৫৫ টাকা, খ ৪৬০ টাকা, গ ৫৩০ টাকা
ঘ. ক ৫৬০ টাকা, খ ৫৫০ টাকা, গ ৪৮০ টাকা
উত্তর: ক

৭৭. x জন ছাত্র-ছাত্রীর গণিতে প্রাপ্ত নম্বরের সমষ্টি ১১৯০। এর সাথে ৮৮ নম্বর প্রাপ্ত একজন ছাত্রের নম্বর যোগ করায় ছাত্র-ছাত্রীদের প্রাপ্ত নম্বরের গড় ১ বেড়ে যায়। ছাত্র-ছাত্রী সংখ্যা x নির্ণয় করুন। [কারিগরি শিক্ষা অধিদপ্তরের চীফ ইন্সট্রাক্টর: ০৩]
ক. ১৬ খ. ১৭ গ. ১৯ ঘ. ১৮
উত্তর: খ

৭৮. একজন ব্যবসায়ী আলমারি ও টেবিল প্রস্তুত করে। প্রতিটি আলমারির বিক্রয়মূল্য ৭,০০০ টাকা এবং প্রতিটি টেবিলের বিক্রয়মূল্য ৩,৭৫০ টাকা। গত মাসে সে যে পরিমাণ আলমারি বিক্রি করে তার তিনগুণ টেবিল বিক্রি করে থাকলে তার প্রতি একক পণ্যের গড় বিক্রয়মূল্য কত? [বিপিএটিসি'র অফিস সহকারী: ১৯]
ক. ৪,৫৬২.৫০ টাকা খ. ৪,৫৫০ টাকা গ. ৬,৬০০ টাকা ঘ. ৩,৭৪৫ টাকা
উত্তর: ক

৭৯. খাদেম ও তার বাবার বয়সের সমষ্টি ৫০ বছর। ৩ বছর পর তাদের বয়সের সমষ্টি কত হবে? [পেট্রোবাংলার উচ্চমান সহকারী: ১৭]
ক. ৬৬ বছর খ. ৫৩ বছর গ. ৫৬ বছর ঘ. ৫২ বছর
উত্তর: গ

৮০. ক, খ ও গ এর গড় বয়স ৪০ বছর।ক ও গ এর বয়স একত্রে ৮৫ বছর। খ এর বয়স হবে - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল অফিসার: ৯৪]
ক. ৩০ বছর খ. ৩৫ বছর গ. ৪০ বছর ঘ. ৪৫ বছর
উত্তর: খ

৮১. পিতা, মাতা ও পুত্রের বয়সের গড় ৩৭ বছর। আবার পিতা ও পুত্রের বয়সের গড় ৩৫ বছর। মাতার বয়স কত? [২৭তম বিসিএস]
ক. ৩৮ বছর খ. ৪১ বছর গ. ৪৫ বছর ঘ. ৪৮ বছর
উত্তর: খ

৮২. পিতা ও ২ পুত্রের বয়সের গড় ৩০ বছর। ২ পুত্রের বয়সের সমষ্টি ৪০ বছর হলে পিতার বয়স কত? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ১৪]
ক. ৪৫ বছর খ. ৫০ বছর গ. ৪০ বছর ঘ. ৬০ বছর
উত্তর: খ

৮৩. তিন ভাইয়ের বয়সের গড় ১৬ বছর। পিতাসহ ৩ ভাইয়ের বয়সের গড় ২৫ বছর হলে পিতার বয়স কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ৪১ খ. ৪৫ গ. ৪২ ঘ. ৫২
উত্তর: ঘ

৮৪. পিতা ও দুই সন্তানের বয়সের গড় ২৭ বছর। দুই সন্তানের বয়সের গড় ২০ বছর হলে পিতার বয়স কত? [ডাক অধিদপ্তরের এস্টিমেটর : ১৮]
ক. ৪৭ বছর খ. ৪১ বছর গ. ৩৭ বছর ঘ. ৩১ বছর
উত্তর: খ

৮৫. পিতা, মাতা ও কন্যার বয়সের গড় ৩০ বছর। মাতা ও কন্যার গড় বয়স ২৫ বছর হলে পিতার বয়স কত? [পায়রাবন্দর কর্তৃপক্ষের সহকারী সাব-ইন্সপেক্টর: ১৯]
ক. ৩০ বছর খ. ৪০ বছর গ. ৪৫ বছর ঘ. ৩৫ বছর
উত্তর: খ

৮৬. পিতা ও মাতার বয়সের গড় ২০ বৎসর। পিতা, মাতা ও পুত্রের বয়সের গড় ১৬ বৎসর হলে পুত্রের বয়স কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. ৮ বৎসর খ. ১৫ বৎসর গ. ১৬ বৎসর ঘ. ১৬ বৎসর
উত্তর: ক

৮৭. পিতা ও দুই পুত্রের বর্তমান গড় বয়স ২২ বৎসর। ৩ বৎসর পর দুই পুত্রের গড় বয়স ১৩ বৎসর হলে পিতার বর্তমান বয়স কত? [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ১৭]
ক. ৪০ বৎসর খ. ৪২ বৎসর গ. ৪৩ বৎসর ঘ. ৪৬ বৎসর
উত্তর: ঘ

৮৮. তিন বছর আগে দুই বোনের বয়সের গড় ছিল ২৪ বছর। বর্তমানে দুই বোন ও তাদের এক ভাইয়ের বয়সের গড় ২৫ বছর। ভাইয়ের বর্তমান বয়স কত বছর? [বাংলাদেশ শিপিং কর্পোরেশনে সিনিয়র অফিসার: ১৮]
ক. ২৭ খ. ২৪ গ. ২১ ঘ. ১৮
উত্তর: গ

৮৯. পিতা ও দুই পুত্রের বয়স অপেক্ষা মাতা ও উক্ত দুই পুত্রের বয়সের গড় ২ বছর কম। পিতার বয়স ৩০ বছর হলে মাতার বয়স কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. ২০ বছর খ. ২২ বছর গ. ২৪ বছর ঘ. ২৫ বছর
উত্তর: গ

৯০. ৯ জন ছাত্রের গড় বয়স ১৫ বৎসর। ৩ জন ছাত্রের বয়সের গড় ১৭ বৎসর হলে বাকি ৬ জন ছাত্রের বয়সের গড় কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ১৪ বৎসর খ. ১৫ বৎসর গ. ১৬ বৎসর ঘ. ১৭ বৎসর
উত্তর: ক

৯১. পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৬০ বছর। মাতার বয়স পুত্রের বয়স অপেক্ষা ২০ বছর বেশি। পিতা ও মাতার গড় বয়স কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. ২০ খ. ১০ গ. ৪০ ঘ. ৬০
উত্তর: গ

৯২. পিতা ও পুত্রের বয়সের গড় ৪০ বছর এবং মাতা ও ঐ পুত্রের বয়সের গড় ৩৫ বছর। মাতার বয়স ৫০ বছর হলে, পিতার বয়স কত? [১৪তম প্রভাষক নিবন্ধন]
ক. ৫০ বছর খ. ৬০ বছর গ. ৪০ বছর ঘ. ৮৫ বছর
উত্তর: খ

৯৩. পিতা ও মাতার বয়সের গড় ৪৫ বছর। আবার পিতা, মাতা ও এক পুত্রের বয়সের গড় ৩৬ বছর। পুত্রের বয়স - [২৬তম বিসিএস]
ক. ৯ বছর খ. ১৪ বছর গ. ১৫ বছর ঘ. ১৮ বছর
উত্তর: ঘ

৯৪. পাঁচ সন্তানের বয়সের গড় ৭ বছর এবং পিতাসহ তাদের বয়সের গড় ১৩ বছর।পিতার বয়স কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. ৪৩ বছর খ. ৩৩ বছর গ. ৫৩ বছর ঘ. ৬৩ বছর
উত্তর: ক

৯৫. পিতা ও পুত্রের বয়সের গড় ৩০ বছর। দুই পুত্রের বয়সের গড় ২০ বছর। পিতার বয়স কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ২০ বছর খ. ৪০ বছর খ. ৫০ বছর ঘ. ৬০ বছর **উত্তর: গ**

৯৬. ২০ জন বালক ও ১৫ জন বালিকার গড় বয়স ১৫ বছর। বালকদের গড় বয়স ১৫.৫ বছর হলে বালিকাদের গড় বয়স কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ১৪ বছর খ. ১৪ বছর ৪ মাস গ. ১৪ বছর ৬ মাস ঘ. ১৪ বছর ৮ মাস **উত্তর: খ**

৯৭. পিতা ও দুই পুত্রের বর্তমান গড় বয়স ২০ বৎসর। ২ বৎসর পর দুই পুত্রের গড় বয়স ১২ বৎসর হলে পিতার বর্তমান বয়স কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ৪০ বৎসর খ. ৪২ বৎসর গ.৪৩ বৎসর ঘ. ৪৪ বৎসর **উত্তর: ক**

৯৮. পিতা ও দুই পুত্রের গড় বয়স ২০ বছর। দুই বছর পূর্বে দুই পুত্রের গড় বয়স ছিল ১২ বছর। পিতার বর্তমান বয়স কত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক: ১৩]

ক. ২৬ বছর খ. ২৮ বছর গ. ৩০ বছর ঘ. ৩২ বছর **উত্তর: ঘ**

৯৯. তিন বছর আগে রহিম ও করিমের বয়সের গড় ছিল ১৮ বছর। আলম তাদের সাথে যোগদান করায় তাদের বয়সের গড় বেড়ে ২২ বছর হয়। আলমের বয়স কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]

ক. ৩০ বছর খ. ২৮ বছর গ. ২৭ বছর ঘ. ২৪ বছর **উত্তর: ঘ**

১০০. পিতা ও ৩ পুত্রের বয়স অপেক্ষা মাতাও ৩ পুত্রের বয়সের গড় ১ বছর কম। মাতার বয়স ৩০ হলে পিতার বয়স কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ৩০ বছর খ. ৩১ বছর গ. ৩৬ বছর ঘ. ৩৮ বছর **উত্তর: গ**

১০১. পিতা ও চার পুত্রের বয়সের গড়, মাতা ও চার পুত্রের বয়সের গড় অপেক্ষা ২ বছর বেশি। পিতার বয়স ৬০ বছর হলে মাতার বয়সকত? [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক: ০৭]

ক. ৪৮ বছর খ. ৫২ বছর গ. ৫০ বছর ঘ. ৫৬ বছর **উত্তর: গ**

১০২. ১৫ জন লোকের গড় বয়স ২৯ বছর। তাদের মধ্যে আবার দুজনের গড় বয়স ৫৫ বছর। তাহলে বাকি ১৩ জনের গড় বয়স কত হবে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]

ক. ২৫ বছর খ. ২৬ বছর গ.২৭ বছর ঘ. ২৯ বছর **উত্তর: ক**

১০৩. কোনো শ্রেণিতে ২০ জন ছাত্রের বয়সের গড় ১০ বছর। শিক্ষকসহ তাদের বয়সের গড় ১২ বছর হলে শিক্ষকের বয়স কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ৩২ বছর খ. ৪২ বছর গ. ৫২ বছর ঘ. ৬২ বছর **উত্তর: গ**

১০৪. ৬ জন পুরুষ, ৮ জন স্ত্রীলোক এবং ১ জন বালকের বয়সের গড় ৩৫ বছর। পুরুষদের বয়সের গড় ৪০ বছর এবং স্ত্রীলোকদের বয়সের গড় ৩৪ বছর। বালকের বয়স কত? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ১৩ বছর খ. ১৪ বছর গ. ১৫ বছর ঘ. ১৬ বছর **উত্তর: ক**

১০৫. রহিম ও করিমের বয়সের গড় ৩৫ বছর। রহিম ও হামজার বয়সের গড় ২০ বছর। হামজার বয়স ১১ বছর হলে করিমের বয়স কত? [১৬তম শিক্ষক নিবন্ধন]

ক. ৪০ বছর খ. ৪১ বছর গ. ৪২ বছর ঘ. ৪৩ বছর **উত্তর: খ**

১০৬. কালাম সাহেব তার স্ত্রীর চেয়ে ৬ বছরের বড়। তার স্ত্রীর বয়স তার ছেলের বয়সের ৪ গুণ। ৫ বছর পর ছেলের বয়স ১২ বছর হলে ৩ বছর পরে কালাম সাহেবের বয়স কত হবে? [খাদ্য অধিদপ্তরে খাদ্য পরিদর্শক: ১১]

ক. ২৮ বছর খ. ৩৪ বছর গ. ৩৭ বছর ঘ. ৩৯ বছর **উত্তর: গ**

১০৭. একটি ক্রিকেট দলে ১১ জন খেলোয়ারের বয়সের গড় ২৫ বছর। তাদের মধ্যে একজনের বয়স ৩৫ বছর হলে বাকি ১০ জনের বয়সের গড় কত বছর হবে? [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ১৯]

ক. ২০ খ. ২৪ গ. ৩০ ঘ. ৪০ **উত্তর: খ**

১০৮. ১১ জন বালকের গড় ওজন ৫০ কেজি। ৪০ কেজি ওজনের একজন বালক চলে গেলে বাকিদের গড় ওজন কত হবে? [পেট্রোবাংলার উচ্চমান সহকারী: ১৭]

ক. ৫০ কেজি খ. ৪৯ কেজি গ. ৫১ কেজি ঘ. ৬০ কেজি **উত্তর: গ**

১০৯. ১০ জন ছাত্রের গড় বয়স ১৫ বছর। নতুন একজন ছাত্র আসায় গড় বয়স ১৬ বছর হলে নতুন ছাত্রের বয়স কত? [সিএজি কার্যালয়ের অডিটর: ১৫]

ক. ২০ খ. ২৪ গ. ২৬ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

১১০. কোনো শ্রেণির ২৪ জন ছাত্রের গড় বয়স ১৪ বছর। যদি একজন শ্রেণি শিক্ষকের বয়স তাদের বয়সের সাথে যোগ করা হয়, তবে বয়সের গড় এক বছর বৃদ্ধি পায়। শিক্ষকের বয়স কত? [নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৩]

ক. ৪০ বছর খ. ৩৯ বছর গ. ৪৫ বছর ঘ. ৩৫ বছর **উত্তর: খ**

১১১. কোনো শ্রেণিতে ২০ জন ছাত্রীর বয়সের গড় ১২ বছর। ৪ জন নতুন ছাত্রী ভর্তি হওয়াতে বয়সের গড় ৪ মাস কমে গেল। নতুন ৪ জন ছাত্রীর বয়সের গড় কত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]

ক. ১১ বছর খ. ৯ বছর গ. ১০ বছর ঘ. ৮ বছর **উত্তর: গ**

১১২. ৫ জন বালকের বয়সের গড় ১০ বছর। ঐ দলে আরও দুজন বালক যোগ দিলে তাদের সকলের বয়সের গড় হয় ১২ বছর। যোগদানকারী বালক দুইটি যদি সমবয়সী হয় তবে তাদের প্রত্যেকের বয়স কত? [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ৯৮]

ক. ১২ বছর খ. ১৫ বছর গ. ১৭ বছর ঘ. ২০ বছর **উত্তর: গ**

১১৩. তিন সদস্যের একটি বিতর্কদলের সদস্যদের গড় বয়স ২৪ বছর। যদি কোন সদস্যের বয়সই ২১ বছরের নিচে না হয় তবে তাদের কোন একজনের বয়স সর্বোচ্চ কত হতে পারে? [৩৩তম বিসিএস]

ক. ২৫ বছর খ. ৩০ বছর গ. ২৮ বছর ঘ. ৩২ বছর **উত্তর: খ**

১১৪. একটি শ্রেণিতে যতগুলো উপাত্ত অন্তর্ভুক্ত হয় তার নির্দেশক নিচের কোনটি? [ডাক বিভাগের পরিদর্শক: ১৬]

ক. শ্রেণির গণসংখ্যা খ. শ্রেণির মধ্যবিন্দু গ. শ্রেণি সীমা ঘ. ক্রমযোজিত গণসংখ্যা **উত্তর: ক**

১১৫. ১ থেকে ১০০ পর্যন্ত উপাত্তকে ১০টি শ্রেণিতে ভাগ করলে ৮ নম্বর শ্রেণিটি নিচের কোনটি হবে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]

ক. ৮৯ - ৯৯ খ. ৮০ - ৯১ গ. ৮১ - ৯০ ঘ. ৮০ - ৯০ **উত্তর:**

১১৬. প্রথম সাতটি স্বাভাবিক সংখ্যার পরিমিত ব্যবধান কত? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ০ খ. ১ গ. ২ ঘ.৩ **উত্তর: গ**

১১৭. চার জন লোকের বর্তমান বয়সের গড় ও পরিমিত ব্যবধান যথাক্রমে ৪০ বছর ও ৬ বছর হলে৫ বছর পরে তাদের বয়সের গড় ও পরিমিত ব্যবধান হবে- [সিএজি কার্যালয়ের অধীক্ষক: ৯৮]

ক. গড় ৬০ বছর, পরিমিত ব্যবধান ৬ বছর খ. গড় ৪৫ বছর, পরিমিত ব্যবধান ৬ বছর

গ. গড় ৪৫ বছর, পরিমিত ব্যবধান ১১ বছর ঘ. গড় ৫০ বছর, পরিমিত ব্যবধান ৮ বছর **উত্তর: খ**

১১৮. তথ্য সারির মোট মানের সংখ্যা n বিজোড় হলে মধ্যমা কত? [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]

ক. $\frac{n}{2}$ খ. $\frac{n+2}{2}$ গ. $\frac{n+1}{2}$ ঘ. $\frac{n+3}{2}$ **উত্তর: গ**

১১৯. ১২, ৯, ১৫, ৫, ২০, ৮, ২৫, ১৭, ২১, ২৩, ১১ প্রদত্ত উপাত্তগুলোর মধ্যক কোনটি? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]

ক. ১৩ খ. ১৪ গ.১২ ঘ. ১৫ **উত্তর: ঘ**

১২০. ২, ৭, ৫, ৪, ৬ ও ১০ সংখ্যাগুলোর প্রচুরক নিচের কোনটি? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]

ক. ৪ খ. প্রচুরক নেই গ. ৫.৬৭ ঘ. ৪৫.৫০ **উত্তর: খ**

১২১. নিম্নে ৪০ জন ছাত্রের বার্ষিক পরীক্ষায় গণিত বিষয়ে প্রাপ্ত নম্বর দেওয়া হলো ৪২, ৩১, ৪৫, ২৭, ৬০, ৬১, ৩৯, ৪১, ৩৫, ৫৮, ২৯, ৫৩, ৪৮, ৩৯, ৫২, ৩৮, ৪০, ৪৭, ২৮, ৫১, ৪৯, ৭৮, ৯০, ৫২, ৪৮, ৩৬, ৫২, ৩৯, ৭১, ৬৪, ৩২, ৪৯, ৫৬, ৩৩, ৪৮, ৩৩, ২৫, ৪৮, ২৯. উপাত্তগুলোর প্রচুরক নির্ণয় করুন। [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৫]

ক. ৪৭ খ. ৪৬ গ. ৪৮ ঘ. ৪৭.৫ **উত্তর: গ**

১২২. ৩০, ১২, ২২, ১৭, ২৭, ২৫, ২০, ২৪, ১৯, ২, ২৩, ৩২, ২৬, ২৯, ৩৫, ২১, ১১, ২৮ এবং ১৯। প্রদত্ত সংখ্যাগুলোর গড়, মধ্যক ও প্রচুরক নির্ণয় করুন। [কারিগরি শিক্ষা অধিদপ্তরের চীফ ইন্সট্রাক্টর: ০৩]

ক. গড় ২৩.২১, মধ্যক ২৩, প্রচুরক ১৯.২৭ খ. গড় ২৩, মধ্যক ২২, প্রচুরক

গ. গড় ২৩. ২৭, মধ্যক ২৩.৩৭, প্রচুরক ২০ ঘ. ২৩ গড় ২২.২১, মধ্যক ২৩, প্রচুরক ১৯ **উত্তর: ঘ**

সম্ভাব্যতা

০১. যদি একটি মুদ্রা টস করা হয়, তবে HEAD এর সম্ভাব্যতা কত? [পেট্রোবাংলার সহকারী কর্মকর্তা: ০৬]

ক. ০.৫ খ. ১ গ. ০.২৫ ঘ. ২ **উত্তর: ক**

সমাধানঃ সমগ্র সম্ভাব্য ফলাফল = $2^1 = 2$ টি (Head ও Tail)। ঘটনার অনুকূল ফলাফল = Head। নির্ণেয় সম্ভাব্যতা = $\frac{\text{অনুকূল ফলাফল}}{\text{সমগ্র ফলাফল}}$

$= \frac{1}{2} = ০.৫$

০২. একটি মুদ্রাকে দুইবার নিক্ষেপ করলে উভয়ক্ষেত্রে হেড পাওয়ার সম্ভাবনা কত? [আমদানি-রপ্তানি দপ্তরের অফিস সহায়ক: ২০]

ক. $\frac{1}{2}$ খ. $\frac{1}{5}$ গ. $\frac{1}{3}$ ঘ. $\frac{1}{4}$ **উত্তর: ঘ**

সমাধানঃ একটি মুদ্রাকে দুইবার নিক্ষেপ করলে সমগ্র সম্ভাব্য ফলাফল = $2^2 = 4$ টি (HH, HT, TH, TT)। ঘটনার অনুকূল ফলাফল = 1 (HH)। নির্ণেয় সম্ভাব্যতা = $\frac{\text{অনুকূল ফলাফল}}{\text{সমগ্র ফলাফল}} = \frac{1}{4}$

০৩. 30 থেকে 40 পর্যন্ত সংখ্যা থেকে যেকোনো একটিকে ইচ্ছেমত নিলে সে সংখ্যাটি মৌলিক অথবা 5 এর গুণিতক হওয়ার সম্ভাবনা কত? [৩৮তম বিসিএস]

ক. $\frac{5}{11}$ খ. $\frac{1}{2}$ গ. $\frac{3}{5}$ ঘ. $\frac{6}{11}$ **উত্তর: ক**

সমাধানঃ ৩০ থেকে ৪০ পর্যন্ত গণনা করলে তাদের মধ্যে মোট ১১ টি সংখ্যা আছে। এদের মধ্যে মৌলিক সংখ্যা ৩১ ও ৩৭ এবং ৫ এর গুণিতক ৩০, ৩৫ ও ৪০। মৌলিক অথবা ৫ এর গুণিতক হবে এমন সংখ্যা মোট ৫ টি (৩১, ৩৭, ৩০, ৩৫, ৪০)। নির্ণেয় সম্ভাব্যতা = $\frac{5}{11}$

০৪. একটা নিরপেক্ষ ছক্কা নিক্ষেপ করা হলো। 5 আসার সম্ভাবনা কত? [এনএমএসটি'র উপ-সহকারী প্রকৌশলী:১২]

ক. $\frac{1}{2}$ খ. $\frac{1}{6}$ গ. $\frac{5}{6}$ ঘ. $\frac{2}{3}$ **উত্তর: খ**

সমাধানঃ ছক্কা নিক্ষেপ করলে সম্ভাব্য ফলাফল ৬টি (১, ২, ৩, ৪, ৫, ৬)। ৫ একটি থাকায় ৫ আসার সম্ভাবনা $= \frac{1}{6}$

০৫. একটি ছক্কা নিক্ষেপ করলে ছক্কায় জোড় সংখ্যা পাওয়ার সম্ভাবনা কত? [স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ১৬]

ক. ৩০% খ. ৪০% গ. ৫০% ঘ. ৬০% **উত্তর: গ**

সমাধানঃ ছক্কা নিক্ষেপ করলে সম্ভাব্য ফলাফল ৬টি (১, ২, ৩, ৪, ৫, ৬)। এদের মধ্যে জোড় সংখ্যা ৩ টি (২, ৪, ৬)। নির্ণেয় সম্ভাব্যতা $= \frac{৩}{৬} = \frac{১}{২} \times ১০০\% = ৫০\%$

০৬. একটি ছক্কাকে একবার নিক্ষেপ করা হলে 2 থেকে বড় সংখ্যা পাবার সম্ভাবনা কত? [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৪]

ক. $\frac{1}{2}$ খ. $\frac{1}{3}$ গ. $\frac{5}{6}$ ঘ. $\frac{2}{3}$ **উত্তর: ঘ**

সমাধানঃ ছক্কা নিক্ষেপ করলে সম্ভাব্য ফলাফল ৬ টি (১, ২, ৩, ৪, ৫, ৬)। এদের মধ্যে ২ থেকে বড় সংখ্যা ৪টি (৩, ৪, ৫, ৬)। নির্ণেয় সম্ভাব্যতা $= \frac{4}{6} = \frac{2}{3}$

০৭. একটি নিরপেক্ষ ছক্কা নিক্ষেপ করা হলো 4 আসার সম্ভাবনা কত? আবার বিজোড় সংখ্যা আসার সম্ভাবনা কত? [পেট্রোবাংলার উচ্চমান সহকারী: ১৭]

ক. $\frac{1}{6}, \frac{1}{2}$ খ. $\frac{1}{2}, \frac{1}{6}$ গ. $\frac{2}{3}, \frac{1}{6}$ ঘ. $\frac{1}{3}, \frac{2}{3}$ **উত্তর: ক**

সমাধানঃ একটা ছক্কা নিরপেক্ষ করা হলে সম্ভাব্য ফলাফল ৬ টি (১, ২, ৩, ৪, ৫, ৬)। এদের মধ্যে ৪ একটি এবং বিজোড় সংখ্যা ৩ টি (১, ৩, ৫)। ৪ আসার সম্ভাবনা $= \frac{1}{6}$ এবং বিজোড় সংখ্যা আসার সম্ভাবনা $= \frac{3}{6} = \frac{1}{2}$

০৮. দুইটি ছক্কা একত্রে নিক্ষেপ করা হলে দুটি ছয় উঠার সম্ভাব্যতা নির্ণয় কর। [বিজেএমসি'র সহকারী ভান্ডার কর্মকর্তা:০৮]

ক. $\frac{1}{6}$ খ. $\frac{2}{3}$ গ. $\frac{1}{36}$ ঘ. $\frac{1}{18}$ **উত্তর: গ**

সমাধানঃ সমগ্র সম্ভাব্য ফলাফল $= ৬^২ = ৩৬$। দুইটি ৬ পাওয়ার অনুকূলে ফলাফল ১ টি (৬৬)। দুইটি ৬ উঠার সম্ভাব্যতা $= \frac{1}{36}$

০৯. দুইটি ছক্কা একসাথে ফেলে প্রাপ্ত সংখ্যা দুটি যোগ করলে যোগফল ১০ হবার সম্ভাবনা কত? [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]

ক. $\frac{1}{36}$ খ. $\frac{1}{18}$ গ. $\frac{1}{9}$ ঘ. $\frac{1}{12}$ **উত্তর: ঘ**

সমাধানঃ সমগ্র সম্ভাব্য ফলাফল $= ৬^২ = ৩৬$। প্রাপ্ত সংখ্যা দুইটির যোগফল ১০ হবার অনুকূল সম্ভাবনা ৩ টি (৪+৬, ৫+৫, ৬+৪)। নির্ণেয় সম্ভাবনা $= \frac{3}{36} = \frac{1}{12}$

১০. একটি ছক্কা ও দুইটি মুদ্রা একত্রে নিক্ষেপ করা হলে ছক্কায় 4 উঠার সম্ভাব্যতা নির্ণয় কর। [পরমানু শক্তি কমিশনের সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট: ০২]

ক. $\frac{1}{6}$ খ. $\frac{1}{2}$ গ. $\frac{2}{3}$ ঘ. $\frac{1}{8}$ **উত্তর: ক**

সমাধানঃ একটি ছক্কা ও দুইটি মুদ্রা একত্রে নিক্ষেপে মোট নমুনা বিন্দু $= (৬ \times ২^২) = ২৪$ টি। 4 উঠার অনুকূল ঘটনা 4 টি (4HH, 4HT, 4TH, 4TT)। নির্ণেয় সম্ভাবনা $= \frac{4}{24} = \frac{1}{6}$

১১. 52 খানা তাসের প্যাকেটে 4 টি টেক্কা আছে। নিরপেক্ষভাবে যেকোনো একখানা তাস টেনে টেক্কা না পাওয়ার সম্ভাব্যতা কত? [প্রাণিসম্পদ অধিদপ্তরের এফএ: ০৬]

ক. $\frac{12}{13}$ খ. $\frac{1}{13}$ গ. $\frac{14}{13}$ ঘ. $\frac{2}{13}$ **উত্তর: ক**

সমাধানঃ ৫২ খানা তাসের প্যাকেটে ৪ টি টেক্কা আছে। সুতরাং নিরপেক্ষভাবে যেকোনো একখানা তাস টেনে টেক্কা পাওয়ার সম্ভাব্যতা $= \frac{4}{52} = \frac{1}{13}$; সুতরাং টেক্কা না পাওয়ার সম্ভাব্যতা $= 1 - \frac{1}{13} = \frac{12}{13}$

১২. চাকরি পাওয়ার সম্ভাবনা $\frac{4}{5}$ হলে চাকরি না পাওয়ার সম্ভাবনা কত? [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৬]

ক. $\frac{1}{5}$ খ. $\frac{5}{4}$ গ. $\frac{3}{5}$ ঘ. $\frac{4}{5}$ **উত্তর: ক**

সমাধানঃ কোনো একটি ঘটনা ঘটা ও না ঘটার সম্ভাবনার সমষ্টি 1. সুতরাং চাকরি না পাওয়ার সম্ভাবনা $= 1 - \frac{4}{5} = \frac{1}{5}$

১৩. ধরা যাক রাত ১১.৫৯ মিনিটে বাইরে তুমুল ঝড় বৃষ্টি হচ্ছে। ঠিক ৭২ ঘন্টা পর রৌদ্রজ্বল আবহাওয়ার সম্ভাবনা কত তা বের করুন। [সমবায় অধিদপ্তরের মাঠ সহকারী: ১৮]

ক. ৫০% খ. ২৫% গ. ১০০% ঘ. ০% **উত্তর: ঘ**

সমাধানঃ রাত ১১.৫৯ মিনিটের ঠিক ৭২ ঘন্টা পর রাত ১১.৫৯ মিনিটই আসবে। সুতরাং রাত্রের বেলায় রৌদ্রজ্বল আবহাওয়ার সম্ভাবনা শুন্য।

১৪. আবহাওয়া অফিসের রিপোর্ট অনুযায়ী 2015 সালের জুলাই মাসের দ্বিতীয় সপ্তাহে বৃষ্টি হয়েছে মোট 5 দিন। ঐ সপ্তাহে বুধবার বৃষ্টি না হওয়ার সম্ভাবনা কত? [৩৬তম বিসিএস]

ক. 1 খ. $\frac{5}{7}$ গ. $\frac{2}{7}$ ঘ. $\frac{1}{7}$ **উত্তর: গ**

সমাধানঃ ১ সপ্তাহ বা ৭ দিনে বৃষ্টি হয়েছে ৫ দিন। যেকোনো একদিন বৃষ্টি হওয়ার সম্ভাবনা $= \frac{5}{7}$; বুধবার বৃষ্টি হওয়ার সম্ভাবনা $= \frac{5}{7}$; যেকোনো দৈব পরীক্ষণে একটি ঘটনা ঘটা ও না ঘটার সম্ভাবনা 1. সুতরাং বুধবার বৃষ্টি না হওয়ার সম্ভাবনা $= 1 - \frac{5}{7} = \frac{2}{5}$

১৫. কোনো একটি স্বাস্থ্য কেন্দ্রের রিপোর্ট অনুযায়ী কম ওজনের 155 শিশু, স্বাভাবিক ওজনের 386 শিশু এবং বেশি ওজনের 98 টি শিশু জন্ম নেয়। এখান হতে একটি শিশু দৈবভাবে নির্বাচন করলে নির্বাচিত শিশুটি বেশি ওজনের হবে এর সম্ভাবনা কত? [ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের উপজেলা ব্যবস্থাপক: ১২]

ক. $\frac{98}{541}$ খ. $\frac{98}{639}$ গ. $\frac{98}{649}$ ঘ. $\frac{98}{484}$ **উত্তর: খ**

১৬. একটি থলিতে ৪ টি লাল, ৫টি সবুজ ও ৬ টি নীল কলম আছে। ঐ থলি হতে একটি কলম নেয়া হলে উহা সবুজ হবার সম্ভাবনা কত? [বিআরইবি'র উপ-সহকারী প্রকৌশলী: ২০]

ক. $\frac{৪}{১৫}$ খ. $\frac{৬}{১৫}$ গ. $\frac{১}{৫}$ ঘ. $\frac{১}{৩}$ **উত্তর: ঘ**

সমাধানঃ থলিতে মোট কলম = (৪ + ৫ + ৬) টি = ১৫টি। কলমটি সবুজ হওয়ার সম্ভাবনা $= \frac{\text{অনুকূল ফলাফল}}{\text{সমগ্র ফলাফল}} = \frac{৫}{১৫} = \frac{১}{৩}$

১৭. একটি থলিতে নীল বল 12 টি, সাদা বল 16টি এবং কালো বল 20 টি আছে। দৈবভাবে একটা বল নেওয়া হলো। বলটি নীল হওয়ার সম্ভাবনা কত? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৮]

ক. $\frac{1}{16}$ খ. $\frac{1}{12}$ গ. $\frac{1}{8}$ ঘ. $\frac{1}{4}$ **উত্তর: ঘ**

সমাধানঃ মোট বলের সংখ্যা = (১২ + ১৬ + ২০) = ৪৮টি। একটি বল নীল হওয়ার সম্ভাবনা $= \frac{1}{48} = \frac{1}{4}$

১৮. একটি থলিতে 6 টি নীল বল, 8 টি সাদা বল এবং 10 টি কালো বল আছে। দৈবভাবে একটি বল তুললে সেটি সাদা না হবার সম্ভাবনা কত? [৩৭তম বিসিএস]

ক. $\frac{2}{3}$ খ. $\frac{1}{3}$ গ. $\frac{3}{4}$ ঘ. $\frac{1}{4}$ **উত্তর: ক**

সমাধানঃ মোট বলের সংখ্যা = (৬ + ৮ + ১০) = ২৪ টি। বলটি সাদা হওয়ার সম্ভাবনা $= \frac{8}{24} = \frac{1}{3}$; বলটি সাদা না হওয়ার সম্ভাবনা $= 1 - \frac{1}{3} = \frac{2}{3}$

১৯. একটা থলেতে 4 টা লাল, 5 টা সাদা ও 6টা কালো বল আছে। দৈবভাবে একটা বল নেয়া হলো। বলটি লাল, সাদা, কালো হওয়ার সম্ভাবনা কত? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ০৮]

ক. $\frac{2}{5}, \frac{1}{3}, \frac{4}{15}$ খ. $\frac{1}{2}, \frac{4}{15}, \frac{2}{5}$ গ. $\frac{4}{15}, \frac{1}{3}, \frac{2}{5}$ ঘ. $\frac{4}{15}, \frac{1}{3}, \frac{2}{3}$ **উত্তর: গ**

২০. একটি বাক্সে 4 টি লাল, 5টি নীল এবং 7 টি সাদা রং এর বল আছে। দৈবচয়নে একটি বলের লাল বা সাদা হওয়ার সম্ভাব্যতা কত? [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ০৫]

ক. $\frac{11}{16}$ খ. $\frac{9}{16}$ গ. $\frac{5}{16}$ ঘ. $\frac{7}{16}$ **উত্তর: ক**

২১. একটি ব্যাগে 4 টি সাদা এবং 5 টি কালো বল আছে। একজন লোক নিরপেক্ষভাবে তিনটি বল উঠালেন। তিনটি বলই কালো হওয়ার সম্ভাব্যতা নির্ণয় কর। [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী:০৪]

ক. $\frac{3}{9}$ খ. $\frac{9}{42}$ গ. $\frac{4}{42}$ ঘ. $\frac{5}{42}$ **উত্তর: ঘ**

সমাধানঃ মোট বলের সংখ্যা (৪ + ৫) টি = ৯ টি। এখন ৫টি কালো বল হতে ৩ টি কালো বল তোলা যায় ${}^5C_3$ উপায়ে। আবার ৯ টি বল হতে ৩ টি বল তোলা যায় ${}^9C_3$ উপায়ে। এক্ষেত্রে সম্ভাব্যতা $= {}^5C_3 \div {}^9C_3 = \frac{5.4.3}{3.2.1} \div \frac{9.8.7}{3.2.1} = \frac{10}{84} = \frac{5}{42}$

২২. একটি বাক্সে 10 টি নীল ও 15 টি লাল মার্বেল আছে। যেমন খুশি টানলে প্রতিবার 2 টি একই রংয়ের মার্বেল হওয়ার সম্ভাব্যতা - [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]

ক. $\frac{1}{2}$ খ. $\frac{1}{3}$ গ. $\frac{1}{4}$ ঘ. $\frac{1}{5}$ **উত্তর: ক**

সমাধানঃ মোট মার্বেল সংখ্যা = (১০ + ১৫) টি = ২৫টি। মার্বেল ২ টি একই রং এর হওয়ার সম্ভাব্যতা = $\frac{{}^{10}C_2 \; {}^{15}C_0}{{}^{25}C_2} + \frac{{}^{15}C_2 \; {}^{10}C_0}{{}^{25}C_2}$

$= \frac{3}{2} + \frac{7}{20} = \frac{3+7}{20} = \frac{1}{2}$

২৩. **একটি থলিতে 3 টি সাদা এবং 2 টি কালো বল আছে। অপর একটি থলিতে 2 টি সাদা এবং 5 টি কালো বল আছে। নিরপেক্ষভাবে প্রত্যেক থলি হতে একটি করে বল তোলা হলো। দুইটি বলের মধ্যে অন্তত একটি সাদা হওয়ার সম্ভাব্যতা নির্ণয় কর।** [অর্থ মন্ত্রণালয়ের অফিস সহকারী:০৮]

ক. $\frac{4}{35}$ খ. $\frac{4}{7}$ গ. $\frac{5}{7}$ ঘ. $\frac{6}{7}$ **উত্তর: গ**

সমাধানঃ দুইটি বলের মধ্যে নিম্নোক্ত উপায়ে অন্তত একটি সাদা হতে পারে। (১) উভয়টি সাদা এক্ষেত্রে সম্ভাব্যতা = $\frac{3}{5} \times \frac{2}{7} = \frac{6}{35}$; (২) ১ম থলি হতে ২য় থলি হতে কালোর ক্ষেত্রে সম্ভাব্যতা = $\frac{3}{5} \times \frac{5}{7} = \frac{3}{7}$; (৩) ১ম থলি হতে কালো ২য় থলি হতে সাদার ক্ষেত্রে সম্ভাব্যতা = $\frac{2}{5} \times \frac{2}{7} = \frac{4}{35}$; নির্ণেয় সম্ভাবনা = $\frac{6}{35} + \frac{3}{7} + \frac{4}{35} = \frac{5}{7}$

২৪. **একটি মুদ্রাকে তিনবার নিক্ষেপ করা হল। সর্বাধিক বার H আসার সম্ভাবনা কত?** [এনএমএসটি'র গ্যালারী অ্যাটেনডেন্ট: ১২]

ক. ১ বার খ. ২ বার গ. ৩ বার ঘ. $\frac{১}{৮}$ বার **উত্তর: ঘ**

২৫. **একটি তাসের প্যাকেট হতে একটি তাস নিলে টেক্কা পাওয়ার সম্ভাবনা কত?** [বেবিচকের এরোড্রাম কর্মকর্তা: ২১]

ক. $\frac{1}{13}$ খ. $\frac{1}{52}$ গ. $\frac{3}{16}$ ঘ. 8 **উত্তর: ক**

সমাধানঃ মোট তাসের সংখ্যা = ৫২ ; টেক্কার সংখ্যা = ৪ ; সুতরাং তাস টানলে সেটি লাল টেক্কা হওয়ার সম্ভাবনা = $\frac{4}{52} = \frac{1}{13}$

২৬. **52 খানার এক প্যাকেট তাস হতে হরতনের রাজা (K) সরিয়ে রাখা হল। অবশিষ্ট তাসগুলো ভাল করে তাসানো হলো। নিরপেক্ষভাবে একটি তাস টানলে সেটা হরতন হওয়ার সম্ভাব্যতা নির্ণয় কর।** [বিআরডিবি'র মাঠ সহকারী: ০২]

ক. $\frac{7}{13}$ খ. $\frac{4}{17}$ গ. $\frac{3}{17}$ ঘ. $\frac{4}{13}$ **উত্তর: খ**

২৭. **52 খানা তাসের প্যাকেট হতে একখানা তাস দৈবভাবে উঠানো হল। তাসটি লাল টেক্কা হওয়ার সম্ভাবনা কত?** [জরিপ অধিদপ্তরের সার্ভেয়ার: ০১]

ক. $\frac{7}{13}$ খ. $\frac{1}{26}$ গ. $\frac{1}{13}$ ঘ. $\frac{6}{13}$ **উত্তর: খ**

সমাধানঃ মোট তাসের সংখ্যা = ৫২ ; লাল টেক্কার সংখ্যা = ২ ; সুতরাং তাস টানলে সেটি লাল টেক্কা হওয়ার সম্ভাবনা = $\frac{2}{52} = \frac{1}{26}$

২৮. **একটি থলিতে নীল বল 12 টি, সাদা বল 16 টি এবং কালো বল 20 টি আছে। দৈবভাবে একটা বল নেওয়া হলো। বলটি সাদা না হওয়ার সম্ভাবনা কত?** [উত্তরা ব্যাংকের অফিসার: ০৮]

ক. $\frac{1}{3}$ খ. $\frac{2}{3}$ গ. $\frac{1}{16}$ ঘ. $\frac{1}{48}$ **উত্তর: খ**

সমাধানঃ মোট বলের সংখ্যা = (১২ + ১৬ + ২০) = ৪৮টি। বলটি সাদা হওয়ার সম্ভাবনা = $\frac{48}{16} = \frac{1}{3}$; বলটি সাদা না হওয়ার সম্ভাবনা = $1 - \frac{1}{3} = \frac{2}{3}$

২৯. **29 থেকে 38 পর্যন্ত সংখ্যা হতে যেকোনো একটিকে ইচ্ছামতো বেছে নিলে সিটি মৌলিক হওয়ার সম্ভাবনা কত?** [৪৫তম বিসিএস]

ক. $\frac{1}{2}$ খ. $\frac{1}{3}$ গ. $\frac{3}{10}$ ঘ. $\frac{7}{10}$ **উত্তর: গ**

সমাধানঃ ২৯ থেকে ৩৮ পর্যন্ত গণনা করলে তাদের মধ্যে মোট ১০ টি সংখ্যা আছে। এদের মধ্যে মৌলিক সংখ্যা তিনটি (২৯, ৩১, ৩৭)। নির্ণেয় সম্ভাব্যতা = $\frac{\text{অনুকূল ফলাফল}}{\text{সমগ্র ফলাফল}} = \frac{3}{10}$

৩০. **১ থেকে ৪৪০ পর্যন্ত সংখ্যাগুলোর একটি দৈবচয়ন পদ্ধতিতে নেওয়া হলে সংখ্যাটি বর্গ হওয়ার সম্ভাবনা -** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২৩]

ক. $\frac{1}{22}$ খ. $\frac{1}{64}$ গ. $\frac{1}{60}$ ঘ. $\frac{1}{65}$ **উত্তর: ক**

সমাধানঃ ১ থেকে ৪৪০ পর্যন্ত মোট সংখ্যা ৪৪০ টি। এদের মধ্যে বর্গ সংখ্যা ২০ টি। নির্ণেয় সম্ভাব্যতা = $\frac{\text{অনুকূল ফলাফল}}{\text{সমগ্র ফলাফল}} = \frac{২০}{৪৪০} = \frac{১}{২২}$

মানসিক দক্ষতা (১৫ মার্কস)
MENTAL ABILITY

প্রথম অধ্যায় | ভাষাগত যৌক্তিক বিচার (Verbal Reasoning) | ০৩ মার্কস

ভাষাগত যৌক্তিক বিচার

০১. অ, ই, উ, ঋ, --- ধারার পরবর্তী অক্ষরটি কী হবে? [৩৫তম বিসিএস]
ক. এ খ. ঐ গ. ও ঘ. ঔ **উত্তর: খ**

০২. ঙ, ঞ, ণ, --- ধারার পরবর্তী অক্ষরটি কী হবে? [৪৩তম বিসিএস]
ক. ঠ খ. ম গ. ন ঘ. র **উত্তর: গ**

০৩. বাংলা বর্ণবিন্যাসে 'দ' ব্যঞ্জনবর্ণের কোন জায়গায় অবস্থান করে? [৩৩তম বিসিএস]
ক. ৩য় লাইনের দ্বিতীয় খ. ৩র্থ লাইনের তৃতীয় গ. ৪র্থ লাইনের দ্বিতীয় ঘ. ৫ম লাইনের চতুর্থ **উত্তর: খ**

০৪. ক, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ, ট, ঠ, ড, ঢ, ণ, ত, থ, দ, ধ, ন, প, ফ, ব, ভ, ম, য, র, ল, শ - এই বর্ণমালার তৃতীয় বর্ণ থেকে বিজোড় অক্ষরগুলো কেটে বাদ দেয়া হলে বর্ণমালার প্রথম হতে কাটা হয়নি এমন দশম বর্ণ কোনটি? [৩৩তম বিসিএস]
ক. ন খ. য গ. ঢ ঘ. দ **উত্তর: ঘ**

০৫. বাংলা ব্যঞ্জন বর্ণমালায় 'ম' অক্ষরটির পূর্বের পঞ্চম অক্ষরটি কী? [৪০তম বিসিএস]
ক. ধ খ. ন গ. প ঘ. ল **উত্তর: খ**

০৬. 'ল' কততম ব্যঞ্জনবর্ণ? [৩৩তম বিসিএস]
ক. ২৫ খ. ২৭ গ. ২৮ ঘ. ৩০ **উত্তর: গ**

০৭. কঁ, গং, ঙয় - শূন্যস্থানে কোনটি বসবে? [৩৭তম বিসিএস]
ক. ছড় খ. ছই গ. ড়ছ ঘ. ছঢ় **উত্তর: ক**

০৮. অভিধানে কোন শব্দটি আগে আসবে? [৪৪তম বিসিএস]
ক. Beauty খ. Beautiful গ. Beam ঘ. Begin **উত্তর: গ**

০৯. Who is to the immediate left of L? [৩০তম বিসিএস]
ক. K খ. M গ. O ঘ. Q **উত্তর: ক**

১০. ইংরেজি বর্ণমালার ক্রমধারা যদি পাল্টানো হয়, তাহলে কোনটি আপনার বাম থেকে ১৪ তম অক্ষর হবে? [ডেসকোর সুপারভাইজার: ১৯]
ক. N খ. L গ. Q ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

১১. ইংরেজি বর্ণমালার বাম দিক থেকে দ্বাদশ বর্ণ যেটি, তার ডানে অষ্টম বর্ণ কোনটি? [ডেসকোর সুপারভাইজার: ১৯]
ক. V খ. T গ. Y ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

১২. যদি ইংরেজি বর্ণমালাকে উল্টোদিক থেকে লেখা হয়, তাহলে বামদিক থেকে ১২তম অক্ষরের ডান পাশের সপ্তম অক্ষর হবে - [বেরোবি: ১৫-১৬]
ক. F খ. G গ. H ঘ. S **উত্তর: গ**

১৩. ইংরেজি বর্ণমালা ধারাবাহিকভাবে ১৮তম অক্ষরে বামদিকে ১০ম অক্ষর কোনটি? [৩৬তম বিসিএস]
ক. H খ. F গ. S ঘ. J **উত্তর: ক**

১৪. Which letter in the alphabet is as far from G as T is from M? [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৬]
ক. M খ. N গ. O ঘ. P **উত্তর: খ**

১৫. If the letter M was removed from the alphabet, what would the middle letter of the alphabet be? [মধুমতি ব্যাংকের প্রবেশনারী অফিসার: ১৮]
ক. O খ. N গ. P ঘ. Q **উত্তর: খ**

১৬. What letter in the world 'SUPERFLUOUS' is the same number in the word as it is in the alphabet? [৩২তম বিসিএস]
ক. R খ. F গ. L ঘ. U **উত্তর: খ**

১৭. Find out the sixth cinsonant in reverse order from the word 'ELEVTRIFICATION'. [জাবি: ১৮-১৯]
ক. L খ. C গ. T ঘ. R **উত্তর: গ**

১৮. What letter in the word FRIENDSHIP come first in the alphabet? [এক্সিম ব্যাংকের অফিসার: ১৮]
ক. E খ. N গ. D ঘ. P **উত্তর: গ**

১৯. Which letter is out of place in the series I, M, L, T, N, K, O, J? [প্রবাসী কল্যাণ ব্যাংকের অফিসার: ১৪]
ক. O খ. B গ. T ঘ. L **উত্তর: গ**

২০. What is the missing letter in the series of D, H, L, R, - [ষ্ট্যান্ডার্ড ব্যাংকের অফিসার: ১৬]
ক. X খ. Y গ. S ঘ. Z **উত্তর: ক**

২১. **Which is the next logical letter in this sequence of letter A, C, F, J, O? / The next logical letter in this sequence of letter A, C, F, J, O is -** [কুবি:১৩-১৪]
ক. Q খ. S গ. U ঘ. T **উত্তর: গ**

২২. **A, C, E, G, I - এই সিরিজে পরবর্তী বর্ণ কোনটি?** [বেরোবি: ১৭-১৮]
ক. L খ. J গ. K ঘ. M **উত্তর: গ**

২৩. **B C E J ? প্রশ্নবোধক চিহ্নিত স্থানে কী বসবে?** [৪৫তম বিসিএস]
ক. L খ. P গ. T ঘ. X **উত্তর: গ**

২৪. **N এবং R এর মাঝখানে মধ্যবর্তী অক্ষরটির ডান দিকের পঞ্চম অক্ষরের পরের অক্ষর কী?** [৪৪তম বিসিএস]
ক. V খ. T গ. U ঘ. W **উত্তর: ক**

২৫. **যদি ইংরেজি বর্ণমাল হতে M বর্ণটি বাদ দেওয়া হয় তাহলে মাঝের বর্ণটি কী হবে?** [৪৪তম বিসিএস]
ক. P খ. O গ. N ঘ. Q **উত্তর: গ**

২৬. **AZ, CX, RV, - শূন্যস্থানে কোনটি বসবে লিখুন।** [২৭তম বিসিএস]
ক. UB খ. GT গ. EV ঘ. SP **উত্তর: খ**

২৭. **AZ, BY, CX, - শূন্যস্থানে কোনটি বসবে?** [চবি: ১৭-১৮]
ক. EF খ. GH গ. IJ ঘ. DW **উত্তর: ঘ**

২৮. **AZ, CX, FU, - শূন্যস্থানে কোনটি বসবে?** [চবি: ১৮-১৯]
ক. IR খ. IV গ. MN ঘ. JQ **উত্তর: ঘ**

২৯. **AZ, GT, MN, ---, YB. শূন্যস্থানে কোনটি বসবে?** [চবি: ১৮-১৯]
ক. KF খ. RX গ. TS ঘ. SH **উত্তর: ঘ**

৩০. **DC, DE, FE, ---, HG, HI. শূন্যস্থানে কোনটি বসবে?** [৪৩তম বিসিএস]
ক. DE খ. ED গ. FG ঘ. GF **উত্তর: গ**

৩১. **C, H, M, ---, W, B. Find the missing letter.** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৬]
ক. S খ. P গ. Q ঘ. R **উত্তর: ঘ**

৩২. **ELFA, GLHA, ILJA, ---, MLNA. Choose the one that will be best fit in the blank position?** [পিকেবি'র অফিসার (ক্যাশ): ১৪]
ক. OLPA খ. LLMA গ. KLMA ঘ. KLLA **উত্তর: ঘ**

৩৩. **JD, KF, —, PM, TR শূন্যস্থানে কোনটি বসবে?** [৩৮তম বিসিএস]
ক.NJ খ. MI গ. NI ঘ. OJ **উত্তর: খ**

৩৪. **JE, LH, OL, SQ, - শূন্যস্থানে কী হবে?** [জবি: ১৭-১৮]
ক. WV খ. WX গ. VW ঘ. XW **উত্তর: ঘ**

৩৫. **JAK, JBL, LCM, MDN, - Look at the letter pattern and choose the correct option.** [রাকাব'র সিনিয়র অফিসার: ১৪]
ক. NEO খ. MEN গ. PFQ ঘ. OEP **উত্তর: ক**

৩৬. **Select an appropriate term that completes the series LpF, NqG, PrH, RsI, -** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৫]
ক. mPm খ. TtJ গ. tTj ঘ. TTJ **উত্তর: খ**

৩৭. **QPO, SRQ, UTS, WVU, - শূন্যস্থানে কোনটি বসবে?** [চবি: ১৭-১৮]
ক. XVZ খ. ZYA গ. YXW ঘ. KLLA **উত্তর: গ**

৩৮. **T, R, P, N, L, ---, - শূন্যস্থানে কোনটি বসবে?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৬]
ক. J, G খ. K, H গ. J, H ঘ. K, I **উত্তর: গ**

৩৯. **T → 3 → Q → 6 → N → 9 → K → 12 → H → 15 → E → 18 → ? প্রশ্নবোধক স্থানে কোনটি হবে?** [৪০তম বিসিএস]
ক. B খ. 21 গ. A ঘ. 24 **উত্তর: ক**

৪০. **Z, U, Q, ---, L. শূন্যস্থানে কোনটি বসবে?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৬]
ক. I খ. K গ. M ঘ. N **উত্তর: ঘ**

৪১. **ZA, XC, VE, - শূন্যস্থানে কোনটি বসবে?** [জাবি: ১৫-১৬]
ক. TG খ. OP গ. MN ঘ. KL **উত্তর: ক**

৪২. $\frac{15}{A}, \frac{G}{21}, \frac{28}{N}, \frac{?}{?}$ **প্রশ্নবোধক স্থানে কোনটি বসবে?** [৪২তম বিসিএস]
ক. $\frac{54}{N}$ খ. $\frac{T}{18}$ গ. $\frac{L}{52}$ ঘ. $\frac{V}{36}$ **উত্তর: ঘ**

৪৩. অনুপস্থিত বর্ণদ্বয় নির্বাচন করুন? [৪৫তম বিসিএস]



ক. A, R খ. I, O গ. U, D ঘ. B, A উত্তর: ঘ

৪৪. January, February, April, July, November, April, - শূন্যস্থানে কোনটি বসবে? [চবি: ১৮-১৯]

ক. September খ. October গ. November ঘ. December উত্তর: খ

৪৫. There of the following four are alike in respect to their position in the English alphabet and hence form a gorm a group. Which one does hot belong that group? [জাবি: ১৮-১৯]

ক. CFI খ. UXA গ. RUX ঘ. SVZ উত্তর: ঘ

৪৬. Here are four group of letters but one is different from the rest in certain way. Indicate the stranger. [২৭তম বিসিএস]

ক. ABDE খ. GHIJ গ. MNPQ ঘ. STVW উত্তর: খ

৪৭. If all the consonants in the word STABLE are replaced by the prebious letter and all the vowels are replaced by next letter which letter would be third from the left? [৩০তম বিসএস]

ক. S খ. B গ. A ঘ. K উত্তর: খ

৪৮. যদি চ × G = 82 হয়, তবে J × ট = কত? [৪৫তম বিসিএস]

ক. ১২০ খ. ৯২ গ. ১১৫ ঘ. ১১০ উত্তর: ঘ

৪৯. নিচের কোন অক্ষরগুলো পুনর্বিন্যাস করে একটি অর্থবোধক শব্দ তৈরি করা যায়? [৪১তম বিসিএস]

ক. রা ত্র হো অ খ. র বা ধী প নি গ. দ্র তা রি দা ঘ. সা ব ব অ ধ্যা উত্তর: ক

৫০. হ, রু, নি, সা এর সাথে কোন বর্ণ দিয়ে বর্ণগুলো পুনর্বিন্যাস করে একটি অর্থবোধক শব্দ তৈরি করা যায়? [৪৪তম বিসিএস]

ক. ৎ খ. ব গ. ল ঘ. খ উত্তর: ক

৫১. ত মা জা ই না - অক্ষরগুলো দিয়ে সঠিক শব্দ কোনটি? [৩৫তম বিসিএস]

ক. নাতমাইজা খ. জাইনাতমা গ. নাতজামাই ঘ. ইমাইজানাত উত্তর: গ

৫২. প নি শ বে উ - এই এলোমেলো অক্ষর দিয়ে গঠিত অর্থপূর্ণ শব্দের শেষ অক্ষর কোনটি? [৩৬তম বিসিএস]

ক. বে খ. নি গ. শ ঘ. উ উত্তর: গ

৫৩. তিন বর্ণের নাম তার অভিনীত হয়, শেষের বর্ণ বাদ দিলেও একই অর্থ রয়। দ্বিতীয় বর্ণ বাদ দিলে ঘ্রাণেন্দ্রিয় হয়, প্রথম বর্ণ বাদ দিলে স্বাদ তাকে কয়। [জাবি: ১৫-১৬]

ক. ঘটনা খ. মিঠাই গ. জানোনা ঘ. নাটক উত্তর: ঘ

৫৪. কোন গুচ্ছের বর্ণগুলো ভিন্নভাবে সাজিয়ে একটি অর্থপূর্ণ শব্দগঠন সম্ভব? [৪৪তম বিসিএস]

ক. রকাপ্তিপ্রাস্থী খ. রযোসহ্যতাগী গ. পুরাথানির ঘ. রণীস্মআবাম উত্তর: ক

৫৫. নিচের কোন এলোমেলো বর্ণগুচ্ছ সাজিয়ে লিখলে মানবদেহ সম্পর্কিত একটি শব্দ হবে? [৪৪তম বিসিএস]

গ. শ্রী চৈতন্য ও শ্রীনিত্যানন্দ এর প্রবক্তা ছিলেন ঘ. বৃন্দাবন এই আন্দোলনের অন্যতম কেন্দ্র ছিল **উত্তর: ঘ**

২৬. **বাগেরহাটের 'মিঠাপুকুর' কে খনন করেন?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. আলাউদ্দিন হুসেন শাহ খ. সুলতান নুসরাত শাহ গ. সম্রাট হুমায়ুন ঘ. সুজাউদ্দিন **উত্তর: খ**

২৭. **বাংলার শেষ স্বাধীন সুলতান কে ছিলেন?** [বিএফআইডিসি'র সহকারী ব্যবস্থাপক: ১৩]
ক. গিয়াসউদ্দিন আজম শাহ খ. গিয়াসউদ্দিন মাহমুদ শাহ গ. ইলিয়াস শাহ ঘ. নুসরাত শাহ **উত্তর: খ**

বাংলায় বিদেশি পরিব্রাজক

০১. **পরিব্রাজক কে?** [জাবি: ০৯-১০]
ক. পর্যটক খ. পরিদর্শক গ. পরিচালক ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

০২. **মেগাস্থিনিস ছিলেন একজন –** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ সহকারী: ০৩]
ক. শাসক খ. অর্থনীতিবিদ গ. জাদুকর ঘ. রাষ্ট্রদূত **উত্তর: ঘ**

০৩. **মেগাস্থিনিস কার রাজসভায় গ্রিক দূত ছিলেন?** [বিবি: ১৬-১৭]
ক. চন্দ্রগুপ্ত মৌর্য খ. অশোক গ. ধর্মপাল ঘ. সমুদ্রগুপ্ত **উত্তর: ক**

০৪. **চন্দ্রগুপ্ত মৌর্যের সময়ে গ্রিসের রাষ্ট্রদূত কে ছিলেন?** [চবি: ১৫-১৬]
ক. ফা-হিয়েন খ. মেগাস্থিনিস গ. হিউয়েন সাং ঘ. সেলুকাস **উত্তর: খ**

০৫. **কোন গ্রন্থে মেগাস্থিনিস ভারতীয় উপমহাদেশ সম্পর্কে মূল্যবান তথ্য লিপিবদ্ধ করেন?** [জাবি: ১২-১৩]
ক. ইন্ডিয়া খ. ইন্ডিকা গ. ইন্ডিয়ানা ঘ. ইন্ডাস **উত্তর: খ**

০৬. **ফা-হিয়েন ছিলেন –** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. সম্রাট খ. সেনাপতি গ. পরিব্রাজক ঘ. মন্ত্রী **উত্তর: গ**

০৭. **বাংলার প্রথম চৈনিক পরিব্রাজক কে?** [জবি: ০৮-০৯]
ক. ই-সিং খ. ফা-হিয়েন গ. ইউয়েন সাং ঘ. জেন ডং **উত্তর: খ**

০৮. **চীনা পরিব্রাজকে ফা-হিয়েন কখন ভারতবর্ষে অবস্থান করেন?** [সহকারী থানা / উপজেলা শিক্ষা অফিসার: ৯৯]
ক. ২০১ - ২১০ খ্রিস্টাব্দ খ. ৪০১ - ৪১০ খ্রিস্টাব্দ গ. ৭০২ - ৭০৮ খ্রিস্টাব্দ ঘ. ৯০৫ - ৯১৪ খ্রিস্টাব্দ **উত্তর: খ**

০৯. **চীন দেশের কোন ভ্রমণকারী গুপ্তযুগে বাংলাদেশ আগমন করেন?** [৪৪তম বিসিএস]
ক. হিউয়েন সাং খ. ফা-হিয়েন গ. আইসিং ঘ. উপরের সবগুলোই **উত্তর: খ**

১০. **চৈনিক পরিব্রাজক ফা-হিয়েন কার শাসনামলে বাংলায় আসেন?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২১]
ক. দ্বিতীয় চন্দ্রগুপ্ত খ. আলাউদ্দীন হোসেন শাহ গ. প্রথম চন্দ্রগুপ্ত ঘ. হর্ষবর্ধন **উত্তর: ক**

১১. **হিউয়েন সাং কে ছিলেন?** [জাবি: ১৩- ১৪]
ক. মঙ্গোলীয় পরিব্রাজক খ. চীনা ব্যবসায়ী গ. মঙ্গোলীয় লেখক ঘ. চীনা পরিব্রাজক **উত্তর: ঘ**

১২. **সপ্তম শতকের পরিব্রাজক –** [শ্রম অধিদপ্তরের শ্রম অফিসার: ৯৬]
ক. ইবনে বতুতা খ. ফা-হিয়েন গ. হিউয়েন সাং ঘ. মাহুয়ান **উত্তর: গ**

১৩. **চীনা পরিব্রাজক হিউয়েন সাং কত সালে বাংলার আসেন?** [রাবি: ১৭- ১৮]
ক. ৫৩৪ সালে খ. ৬৩৮ সালে গ. ৫৫০ সালে ঘ. ৬৫৮ সালে **উত্তর: খ**

১৪. **হিউয়েন সাং বাংলায় বা ভারতবর্ষে এসেছিলেন যার আমলে –** [জাবি: ১৩-১৮]
ক. সম্রাট অশোক খ. চন্দ্রগুপ্ত মৌর্য গ. শশাঙ্ক ঘ. হর্ষবর্ধন **উত্তর: ঘ**

১৫. **হিউয়েন সাং বাংলার যে অঞ্চলে ভ্রমণ করেন –** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৯]
ক. কামরূপ খ. সমতট গ. তাম্রলিপ্তি ঘ. উপরের সবগুলো **উত্তর: ঘ**

১৬. **চীনা পরিব্রাজক হিউয়েন সাং এর দীক্ষাগুরু কে ছিলেন?** [৩৫তম বিসিএস]
ক. অতীশ দীপঙ্কর খ. শীলভদ্র গ. মাহুয়ান ঘ. মেগাস্থিনিস **উত্তর: খ**

১৭. **ইবনে বতুতা কোন দেশের পর্যটক?** [বিকেবি'র সিনিয়র অফিসার: ১২]
ক. ইতালি খ. তিব্বত গ. মরক্কো ঘ. গ্রিস **উত্তর: গ**

১৮. **কার রাজত্বকালে ইবনে বতুতা ভারতে এসেছিলেন?** [বিআরইবি'র হিসাবরক্ষক: ১৫]
ক. মুহম্মদ বিন কাসিম খ. মুহম্মদ বিন তুগলক গ. সম্রাট হুমায়ুন ঘ. সম্রাট আকবর **উত্তর: খ**

১৯. **ইবনে বতুতা কার শাসনামলে বাংলায় আসেন?** [জবি: ০৬-০৭]
ক. শামসউদ্দিন ফিরোজ শাহ খ. হাজী ইলিয়াস শাহ গ. হুসাইন শাহ ঘ. ফখরউদ্দিন মুবারক শাহ **উত্তর: ঘ**

২০. **ইবনে বতুতা বাংলায় কার সাথে সাক্ষাতের উদ্দেশ্যে এসেছিলেন?** [জাবি: ১২-১৩]
ক. হযরত শাহ মখদুম খ. হযরত শাহ পরাণ গ. হযরত শাহ জালাল ঘ. হযরত শাহ সুলতান **উত্তর: গ**

২১. **মধ্যযুগে কোন বিদেশি পরিব্রাজক প্রথম বাঙ্গালা শব্দ ব্যবহার করেন?** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল অফিসার: ০৩]
ক. কলম্বাস খ. ইবনে বতুতা গ. কালিদাস ঘ. বখতিয়ার খলজি **উত্তর: খ**

২২. **ইবনে বতুতা কোন শতকে বাংলাদেশে আসেন?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. চতুর্দশ খ. সপ্তদশ গ. অষ্টাদশ ঘ. ত্রয়োদশ **উত্তর: ক**

২৩. **চতুর্দশ শতকে কোন বিদেশি পর্যটক বাংলাদেশে আসেন?** [বিআরইবি'র হিসাবরক্ষক: ১৫]
ক. মাহুয়ান খ. বার্নিয়ার গ. ইবনে বতুতা ঘ. মার্কো পোলো **উত্তর: গ**

২৪. **বিখ্যাত পরিব্রাজক ইবনে বতুতা কত সালে বাংলাদেশ ভ্রমণ করেন?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]
ক. ৬০৫ সালে খ. ১১৪৫ সালে গ. ১৩৪৫ সালে ঘ. ১২৪৫ সালে **উত্তর: গ**

২৫. **নিম্নের কোন পর্যটক সোনারগাঁও এসেছিলেন?** [২৫তম বিসিএস]
ক. ফা-হিয়েন খ. ইবনে বতুতা গ. মার্কো পলো ঘ. হিউয়েন সাং **উত্তর: খ**

২৬. **বিখ্যাত পর্যটক ইবনে বতুতা কত সালে সোনারগাঁ ভ্রমণ করেন?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ১৬]
ক. ১৩৪২ খ. ১৩৪৪ গ. ১৩৪৫ ঘ. ১৩৪৭ **উত্তর: গ**

২৭. **কে বাংলাকে 'দোযখপুর নিয়ামত' বলে অভিহিত করেন?** [রাবি: ১০-১১]
ক. ইবনে বতুতা খ. কলন্দর শাহ গ. হিউয়েন সাং ঘ. মা-হুয়ান **উত্তর: ক**

২৮. **কোন ব্যক্তি বাংলাদেশকে 'ধনসম্পদপূর্ণ নরক' বলে অভিহিত করেন?** [৪র্থ বিজেএস]
ক. ফা-হিয়েন খ. ইবনে বতুতা গ. হিউয়েন সাং ঘ. ইবনে খলদুন **উত্তর: খ**

২৯. **ইবনে বতুতার গ্রন্থের নাম** - [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্রাফট ইন্সট্রাক্টর: ২১]
ক. ইন্ডিকা খ. অর্থশাস্ত্র গ. রেহেলা ঘ. তারিখ-ই-মুবারকশাহী **উত্তর: গ**

৩০. **সফরনামা গ্রন্থের রচয়িতা** - [রাবি: ১১-১২]
ক. মালিক কাফুর খ. খসরু খান গ. ইবনে বতুতা ঘ. সাদি খান **উত্তর: গ**

৩১. **মা-হুয়ান কোন দেশি পর্যটক ছিলেন?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. পারস্য খ. কোরিয়া গ. চীন ঘ. তাইওয়ান **উত্তর: গ**

৩২. **চীনের পরিব্রাজক মা-হুয়ান সোনারগাঁও সফর করেন** - [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. ১৩৪৬ গ. ১৪০৬ গ. ১৪৮৬ ঘ. ১৫০৬ **উত্তর: খ**

মুঘল সাম্রাজ্য

০১. **প্রথম পানিপথের যুদ্ধ কখন হয়?** [মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের এমটিও: ১৩]
ক. ১৫৫৬ খ্রিস্টাব্দে খ. ১৬২১ খ্রিস্টাব্দে গ. ১৫২৬ খ্রিস্টাব্দে ঘ. ১৫৩৬ খ্রিস্টাব্দে **উত্তর: গ**
ব্যাখ্যা: ১৫২৬ খ্রিস্টাব্দে পানিপথের প্রথম যুদ্ধে জহিরউদ্দিন মুহম্মদ বাবর লোদী বংশের সর্বশেষ সুলতান ইব্রাহিম লোদীকে পরাজিত করেন। বাবরের জয়ের মধ্যে দিয়ে লোদী বংশের শাসন ও সুলতানি শাসনের অবসান ঘটে এবং মুঘল বংশের শাসন শুরু হয়। মুঘল সম্রাট ছিলেন যথাক্রমে বাবর, হুমায়ুন, আকবর, জাহাঙ্গীর, শাহজাহান, আওরঙ্গজেব, বাহাদুর শাহ বা প্রথম শাহ আলম, ফররুখ শিয়ার, মুহম্মদ শাহ, আহমদ শাহ, দ্বিতীয় শাহ আলম ও দ্বিতীয় বাহাদুর শাহ।

০২. **কোন খ্রিস্টাব্দে দিল্লির সুলতানি শাসনের অবসান হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ১৫২৬ খ. ১৫২৪ গ. ১৫২৭ ঘ. ১৫২৩ **উত্তর: ক**

০৩. **বাবর দিল্লির সিংহাসন অধিকার করেন** - [নৌবাহিনীর ক্যাশিয়ার: ২৩]
ক. ১৫২২ সালে খ. ১৫২৮ সালে গ. ১৫২৮ সালে ঘ. ১৫২৬ সালে **উত্তর: ঘ**

০৪. **১৫২৬ খ্রিস্টাব্দে পানিপথের প্রথম যুদ্ধে বাবর কাকে পরাজিত করেন?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. রানা প্রতাপ সিংহ খ. ইব্রাহিম লোদী গ. শিবাজি ঘ. বৈরাম খা **উত্তর: খ**

০৫. **কোন যুদ্ধে ইব্রাহীম লোদী বাবরের কাছে পরাজিত হয়?** [স্ট্যান্ডার্ড ব্যাংকের অফিয়ার: ০৬]
ক. খানুয়ার যুদ্ধে খ. পানিপথের প্রথম যুদ্ধে গ. তরাইনের যুদ্ধে ঘ. পানিপথের দ্বিতীয় যুদ্ধে **উত্তর: খ**

০৬. **ভারতের কোন যুদ্ধে প্রথম কামানের ব্যবহার হয়?** [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৩-০৪]
ক. পলাশীর যুদ্ধে খ. চৌসারের যুদ্ধে গ. পানিপথের প্রথম যুদ্ধে ঘ. পানিপথের দ্বিতীয় যুদ্ধে **উত্তর: গ**

০৭. **পানিপথ অবস্থিত** - [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্টার: ০১]
ক. মুলতানের অদূরে খ. পেশোয়ারের অদূরে গ. দিল্লির অদূরে ঘ. কাবুলের অদূরে **উত্তর: গ**

০৮. **কোন নদীর তীরে পানিপথের যুদ্ধ হয়েছিল?** [জাককানইবি: ১৪-১৫]
ক. মেঘনা খ. গঙ্গা গ. যমুনা ঘ. সিন্ধু **উত্তর: গ**

০৯. **কোন যুদ্ধের মাধ্যমে ভারতের মুঘল সাম্রাজ্যের পত্তন ঘটেছিল?** [বেরোবি: ০৯-১০]
ক. পানিপথের প্রথম যুদ্ধ খ. পানিপথের দ্বিতীয় যুদ্ধ গ. দ্বিতীয় তরাইনের যুদ্ধ ঘ. পনিপথের তিতীয় যুদ্ধ **উত্তর: ক**

১০. **ভারতবর্ষে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে?** [ডেসকোর অফিস সহকারী: ১৯]
ক. জাহাঙ্গীর খ. আকবর গ. বাবর ঘ. হুমায়ুন **উত্তর: গ**

১১. **মুঘল সম্রাট বাবরের পুরো নাম কী?** [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১]
ক. তৈমুর লং খ. জহিরউদ্দীন মুহম্মদ বাবর গ. জালালউদ্দীন ঘ. সামসুদ্দীন **উত্তর: খ**

১২. **বাবর শব্দের অর্থ কী?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. বাবড়ী চুল খ. বাঘ গ. সিংহ ঘ. সাহসী **উত্তর: খ**

১৩. **সম্রাট বাবরের পিতৃরাজ্যের নাম ছিল** – [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. সমরখন্দ খ. কাশ্মীর গ. বোখারা ঘ. ফারগানা **উত্তর: ঘ**

১৪. **মুঘল সম্রাটদের মধ্যে কে প্রথম আত্মজীবনী লিখেছিলেন?** [৩৮তম বিসিএস]
ক. আকবর খ. বাবর গ. শাহজাহান ঘ. হুমায়ুন **উত্তর: খ**

১৫. **'তুযুক ই-বাবুর' গ্রন্থটি কোন ভাষায় রচিত?** [টেলিযোগাযোগ অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৫]
ক. ফার্সি খ. তুর্কি গ. আরবি ঘ. উর্দু **উত্তর: খ**

১৬. **বাবরি মসজিদ ভারতবর্ষের কোন শহরে অবস্থিত ছিল?** [আবহাওয়া অধিদপ্তরেব সহকারী আবহাওয়াবিদ: ০০]
ক. দিল্লি খ. বোম্বাই গ. অযোধ্যা ঘ. পাটনা **উত্তর: গ**

১৭. **ঐতিহাসিক 'বাবরি মসজিদ' ভারতের কোন প্রদেশের অন্তর্ভুক্ত ছিল? / 'বাবরি মসজিদ' ভারতের কোন প্রদেশে অবস্থিত?** [দুদকের উপ-সহকারী পরিচালক: ১০]
ক. অন্ধ্র খ. হরিয়ানা গ. রাজস্থান ঘ. উত্তর প্রদেশ **উত্তর: ঘ**

১৮. **কোন তারিখে বাবরি মসজিদ ধ্বংস করা হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ১৪ আগস্ট, ১৯৯০ খ. ১৭ নভেম্বর, ১৯৯১ গ. ৭ মার্চ, ১৯৯২ ঘ. ৬ ডিসেম্বর, ১৯৯২ **উত্তর: ঘ**

১৯. **দ্বিতীয় মুঘল সম্রাট কে? / গ্রন্থাগারের সিঁড়ি থেকে পড়ে মৃত্যুবরণ করেন** – [বেবিচকের উচ্চমান হিসাব সহকারী: ২৩]
ক. সম্রাট বাবর খ. সম্রাট হুমায়ুন গ. সম্রাট শাহজাহান ঘ. সম্রাট আওরঙ্গজেব **উত্তর: খ**

২০. **কোন মুঘল সম্রাটের সময় সাম্রাজ্যের সর্বাপেক্ষা বেশি বিস্তার ঘটে? / সর্বশেষ্ঠ মুঘল সম্রাট কে?** [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৩-০৪]
ক. বাবর খ. আকবর গ. আওরঙ্গজেব ঘ. শাহজাহান **উত্তর: খ**

২১. **আকবর দিল্লির সিংহাসনে বসার সময় তার বয়স ছিল** – [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ০৫]
ক. ১৭ বছর খ. ১৬ বছর গ. ১৩ বছর ঘ. ১৪ বছর **উত্তর: গ**

২২. **মুঘল সম্রাট আকবরের পিতামহ কে ছিলেন?** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩]
ক. বাবর খ. হুমায়ূন গ. বৈরাম খাঁ ঘ. জাহাঙ্গীর **উত্তর: ক**

২৩. **সম্রাট আকবরের সময়ে কোর্টের অফিসিয়াল ভাষা কী ছিল?** [প্রিমিয়ার ব্যাংকের এমটিও: ১২]
ক. আরবি খ. ফারসি গ. উর্দু ঘ. তুর্কি **উত্তর: খ**

২৪. **দেশের সরকারি কাজে ফারসি ভাষা চালু করেন কে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. হুসেন শাহ খ. সম্রাট জাহাঙ্গীর গ. রাজা টোডরমল ঘ. ইংরেজরা **উত্তর: গ**

২৫. **'দীন-ই-এলাহী' কী?** [ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের অফিসার: ১২]
ক. মসজিদ খ. কুটির গ. দরবেশ ঘ. ধর্ম **উত্তর: ঘ**

২৬. **'দীন-ই-ইলাহী' প্রবর্তন করেন** – [ইসলামী ব্যাংকের অফিসার: ১১]
ক. সম্রাট জাহাঙ্গীর খ. সম্রাট শাহজাহান গ. সম্রাট আকবর ঘ. সম্রাট আওরঙ্গজেব **উত্তর: গ**

২৭. **আকবরের প্রচারিত ধর্মের অনুসারী ছিল** – [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. ১১ জন খ. ১৭ জন গ. ১৮ জন ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

২৮. **কোন মুঘল শাসকের আমলে 'ফাতেহপুর সিক্রি' দূর্গনগর নির্মিত হয়?** [ঢাবি: ১৮-১১]
ক. শাহজাহান খ. হুমায়ুন গ. আকবর ঘ. জাহাঙ্গীর **উত্তর: গ**

২৯. **সম্রাট আকবরের ভূমি ব্যবস্থাপনার কৃতিত্বের স্বাক্ষর রাখেন** – [জবি: ১১-১২]
ক. আবদুল মজিদ খ. টোডরমল গ. শাহবাজ খান ঘ. আবদুর রহমান **উত্তর: খ**

৩০. **টোডরমল কে?** [জাবি: ০৯-১০]
ক. আকবরের ধর্মমন্ত্রী খ. আকবরের অর্থমন্ত্রী গ. আকবরের সমরমন্ত্রী ঘ. আকবরের পরিকল্পনা মন্ত্রী **উত্তর: খ**

৩১. **টোডরমলের নাম কোন সংস্কারের সঙ্গে জড়িত?** [রাবি: ১১-১২]
ক. ধর্মীয় খ. সামরিক গ. রাজস্ব ঘ. সামাজিক **উত্তর: গ**

৩২. **কোন মুঘল সম্রাট জিজিয়া কর রহিত করেন?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. হুমায়ুন খ. আকবর গ. শাহজাহান ঘ. আওরঙ্গজেব **উত্তর: খ**

৩৩. **জিজিয়া ছিল** – [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৮-০৯]
ক. উৎসব কর খ. বাণিজ্য কর গ. অমুসলমানদের উপর ধার্য ভূমি কর ঘ. অমুসলমানদের উপর ধার্য সামরিক কর **উত্তর: ঘ**

৩৪. **বাংলার মুসলিম শাসনামলে 'আওয়াব' শব্দটি কোন ক্ষেত্রে ব্যবহৃত হতো?** [ঢাবি: ১২-১৩]
ক. নদী খ. পানি গ. খাজনা ঘ. জমি **উত্তর: গ**

৩৫. **তানসেন কোন সম্রাটের সভা গায়ক ছিলেন?** [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৩-০৪]
ক. সম্রাট আকবর খ. সম্রাট জাহাঙ্গীর গ. সম্রাট শাহজাহান ঘ. সম্রাট আওরঙ্গজেব **উত্তর: ক**

৩৬. **বুলবুল-ই-হিন্দ নামে পরিচিত তানসেনের অপর নাম কী** – [বিবিএস'র ডাটা এন্ট্রি অপারেটর: ১২]
ক. হরিদাশ স্বামী খ. রামতনু পান্ডে গ. বিষ্ণু গোবিন্দ যোগ ঘ. হেমেন্দ্র লাল সেন **উত্তর: খ**

৩৭. **কোন সালে পানিপথের দ্বিতীয় যুদ্ধ সংঘটিত হয়?** [রাবি: ১১-১২]
ক. ১৫২৬ খ. ১৫২৫ গ. ১৫৫৬ ঘ. ১৭৬৩ **উত্তর: গ**

৩৮. **পানিপথের দ্বিতীয় যুদ্ধ কার কার মধ্যে সংঘটিত হয়?** [জাবি:১০-১১]
ক. বাবর ও ইব্রাহিম লোদী খ. হুমায়ুন ও শেরশাহ গ. আকবর ও হিমু ঘ. আকবর ও দাউদ খান **উত্তর: গ**

৩৯. **কোন যুদ্ধে আকবর দিল্লি জয় করেন?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. পানিপথের প্রথম যুদ্ধ খ. পানিপথের দ্বিতীয় যুদ্ধ গ. খনুয়ার যুদ্ধ ঘ. হলদিঘাটের যুদ্ধ **উত্তর: খ**

৪০. **সম্রাট আকবরের সমাধি কোথায়?** [ঢাবি: ১৮-১৯]
ক. সেকেন্দ্রা খ. আগ্রা গ. অমরকোট ঘ. ফতেহপুর সিকরী **উত্তর: ক**

৪১. **সম্রাট জাহাঙ্গীরের স্ত্রী সম্রাজ্ঞী নূরজাহানের প্রকৃত নাম –** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. হামিদা বানু খ. মেহেরুন্নিসা গ. আরজুমান্দ বানু ঘ. জাহানারা **উত্তর: খ**

৪২. **মুঘল সম্রাট জাহাঙ্গীরের সমাধি কোথায়?** [জাবি: ১৬-১৭]
ক. দিল্লিতে খ. আগ্রাতে গ. লাহোরে ঘ. পাঞ্জাবে **উত্তর: গ**

৪৩. **সম্রাট শাহজাহান মুঘল বংশের কততম শাসক? / খুররম মুঘল বংশের কততম শাসক?** [ঢাবি: ০৫-০৬]
ক. তৃতীয় খ. চতুর্থ গ. পঞ্চম ঘ. ষষ্ঠ **উত্তর: গ**

৪৪. **মুঘল শাসনামলের কোন ক্রমটি ঠিক আছে?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. বাবর - হুমায়ুন - জাহাঙ্গীর - আকবর খ. বাবর - জাহাঙ্গীর - হুমায়ুন - শাহজাহান
গ. বাবর - হুমায়ুন - আকবর - জাহাঙ্গীর ঘ. বাবর - আকবর - জাহাঙ্গীর - শাহজাহান **উত্তর: গ**

৪৫. **ময়ূর সিংহাসনের নির্মাতা –** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ১৩]
ক. আকবর খ. শাহজাহান / খুররম গ. হুমায়ুন ঘ. আওরঙ্গজেব **উত্তর: খ**

৪৬. **আগ্রার দুর্গের নির্মাতা কে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. সম্রাট শাহজাহান খ. সম্রাট হুমায়ুন গ. সম্রাট আওরঙ্গজেব ঘ. সম্রাট জাহাঙ্গীর **উত্তর: ক**

৪৭. **খাসমহল, শীশমহল, জেসমিন মহল কে নির্মাণ করেন?** [বিএসসি'র অফিসার: ২৩]
ক. আকবর খ. জাহাঙ্গীর গ. শাহজাহান ঘ. আওরঙ্গজেব **উত্তর: গ**

৪৮. **কোন মুঘল সম্রাটকে Prince of Builders বলা হয়? / কোন মুঘল সম্রাটকে 'প্রিন্স অব বিল্ডার্স' বলে অভিহিত করা হয়?** [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৮]
ক. আকবর খ. জাহাঙ্গীর গ. শাহজাহান ঘ. আওরঙ্গজেব **উত্তর: গ**

৪৯. **স্ত্রী মমতাজের স্মৃতি রক্ষার্থে 'তাজমহল' কে প্রতিষ্ঠা করেছেন?** [জবি: ১২-১৩]
ক. আকবর খ. জাহাঙ্গীর গ. শাহজাহান ঘ. আওরঙ্গজেব **উত্তর: গ**

৫০. **যে মহিলার সমাধির উপর তাজমহল নির্মিত –** [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ০০]
ক. নূরজাহান খ. ঘসেটি বেগম গ. মমতাজ ঘ. জেবুন্নেসা **উত্তর: গ**

৫১. **তাজমহলের আর্কিটেক্ট কে ছিলেন?** [আইসিবি'র অফিসার: ১১]
ক. মাস্টার ঈশা খ. লুইস খান গ. মৃণাল হক ঘ. স্টিফেন জনসন **উত্তর: ক**

৫২. **তাজমহল কোন শতাব্দীতে তৈরি হয়েছিল?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. ষোড়শ খ. সপ্তদশ গ. অষ্টাদশ ঘ. উনবিংশ **উত্তর: খ**

৫৩. **পৃথিবী বিখ্যাত তাজমহল কোন নদীর তীরে অবস্থিত?** [বিএডিসি'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ২১]
ক. পদ্মা খ. গঙ্গা গ. যমুনা ঘ. ভাগিরথী **উত্তর: গ**

৫৪. **দিল্লীর লাল কেল্লা কে নির্মাণ করেন?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৬]
ক. সম্রাট শাহজাহান খ. সম্রাট হুমায়ুন গ. সম্রাট আওরঙ্গজেব ঘ. সম্রাট জাহাঙ্গীর **উত্তর: ক**

৫৫. **লাল কেল্লা কোথায় অবস্থিত?** [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা: ০৩]
ক. দিল্লী, ভারত খ. লালবাগ, ঢাকা গ. শিলাইদহ, কুষ্টিয়া ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

৫৬. **শাহজাহানের কনিষ্ঠ পুত্র –** [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. দারা খ. মুরাদ গ. সুজা ঘ. আওরঙ্গজেব **উত্তর: খ**

৫৭. **শাহজাহানের কন্যা জাহান আরা কোন ভ্রাতাকে সমর্থন করেছিলেন?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. দারা খ. আওরঙ্গজেব গ. মুরাদ ঘ. সুজা **উত্তর: ক**

৫৮. **ভারতের যে সম্রাটকে আলমগীর বলা হতো –** [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ০০]
ক. শাহজাহান খ. বাবর গ. বাহাদুর শাহ ঘ. আওরঙ্গজেব **উত্তর: ঘ**

৫৯. **কে বাদশাহ আলমগীরের ভাই ছিলেন না?** [বিআইডব্লিউটিএ'র সহকারী কোষাধ্যক্ষ: ২৩]
ক. সুজা খ. মুরাদ গ. শেরশাহ ঘ. দারা **উত্তর: গ**

৬০. **ফতোয়া-ই-আলমগীরী কোন মোঘল সম্রাট সম্পর্কীয়?** [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী: ০৬]
ক. সম্রাট বাবর খ. সম্রাট আকবর গ. সম্রাট জাহাঙ্গীর ঘ. সম্রাট আওরঙ্গজেব **উত্তর: ঘ**

৬১. **কার পৃষ্ঠপোষকতায় 'ফতোয়া-ই-আলমগীরী' রচিত হয়?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. সম্রাট আকবর খ. আবুল ফজল গ. সম্রাট আওরঙ্গজেব ঘ. খাজা আব্দুস সামাদ **উত্তর: গ**

৬২. **আলমগীরনগর কোথায় প্রতিষ্ঠিত হয়েছিল?** [জাবি: ১২-১৩]
ক.পান্ডুয়া খ. বিহার গ. লক্ষণাবতী ঘ. কুচবিহার **উত্তর: ঘ**

৬৩. **মুঘল সম্রাটদের মধ্যে সর্বাধিক ধর্মপরায়ণ ও খোদাভীরু** - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৩]
ক. সম্রাট আকবর খ. সম্রাট শাহজাহান গ. সম্রাট আওরঙ্গজেব ঘ. সম্রাট হুমায়ুন **উত্তর: গ**

৬৪. **কোন মুঘল সম্রাটকে জিন্দাপীর বলা হয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ সহকারী: ০৩]
ক. আকবর খ. শেরশাহ গ. শাহজাহান ঘ. আওরঙ্গজেব **উত্তর: ঘ**

৬৫. **নাদির শাহ ভারত আক্রমণ করেন যে শাসকের সময়** - [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. মুহম্মদ শাহ খ. বাহাদুর শাহ গ. ফররুখ শিয়ার ঘ. দ্বিতীয় আকবর **উত্তর: ক**

৬৬. **কোন সালে নাদির শাহ ভারত আক্রমণ করেছিলেন?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৯]
ক. ১৭৬১ খ. ১৭৯৩ গ. ১৭৩৯ ঘ. ১৭৬০ **উত্তর: গ**

৬৭. **যে বিদেশি রাজা ভারতের কোহিনুর মণি ও ময়ূর সিংহাসন লুট করেন** - [বেবিচকের অ্যারোড্রাম কর্মকর্তা: ২১]
ক. আহমদ শাহ আবদালি খ. নাদির শাহ গ. দ্বিতীয় শাহ আব্বাস ঘ. সুলতান মাহমুদ **উত্তর: খ**

৬৮. **পানিপথের তৃতীয় যুদ্ধ হয়** - [বিআরডিবি'র মাঠ সংগঠক: ১৮]
ক. ১৫২৬ সালে খ. ১৫৫৬ সালে গ. ১৭৬১ সালে ঘ. ১৭৬৫ সালে **উত্তর: গ**

৬৯. **তৃতীয় পানিপথের যুদ্ধে কে কাকে পরাজিত করে?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার: ০১]
ক. বাবর ইব্রাহিম লোদীকে খ. আকবর হিমুকে গ. আকবর রানা প্রতাপকে ঘ. আহমদ শাহ আবদালি মারাঠাদের **উত্তর: ঘ**

৭০. **মারাঠা শাসকের উপাধি ছিল** - [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. রাজ্য খ. পেশোয়া গ. সম্রাট ঘ. বাদশাহ **উত্তর: খ**

৭১. **শেষ মুঘল সম্রাটের নাম কী? / মুঘল সাম্রাজ্যের শেষ স্বাধীন সম্রাট কে ছিলেন?** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]
ক. আওরঙ্গজেব খ. দ্বিতীয় শাহ আলম গ. দ্বিতীয় আকবর ঘ. দ্বিতীয় বাহাদুর শাহ **উত্তর: ঘ**

৭২. **দ্বিতীয় বাহাদুর শাহকে নির্বাসিত করা হয় - / শেষ মুঘল সম্রাট বাহাদুর শাহের কবর কোথায়?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. আগ্রা খ. আন্দামান গ. লাহোর ঘ. রেঙ্গুন / ইয়াঙ্গুন **উত্তর: ঘ**

৭৩. **বাংলাদেশের বর্তমান ভৌগলিক এলাকা মুসলমান কর্তৃক শাসিত হয় - / বাংলাদেশের বর্তমান ভৌগলিক এলাকা কোন সময়কালে মুসলমান কর্তৃক শাসিত হয়?** [আইএফআইসি ব্যাংকের অফিসার: ৯৭]
ক. খ্রিস্টপূর্ব ১৪-১৮ শতক খ. খ্রিস্টপূর্ব ১৫ শতক গ. মুঘল আমলে ঘ. খ্রিস্টপূর্ব ১৪ শতকের আগে **উত্তর: গ**

৭৪. **নিচের কোন ব্যক্তি মুঘল সম্রাট ছিলেন না?** [বিআরইবি'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. আকবর খ. বাহাদুর শাহ গ. ঈশা খা ঘ. বাবর **উত্তর: গ**

শুর ও বারো ভূঁইয়া শাসন

০১. **শুর শাসনের সূত্রপাত করেন কে? / শুর শাসনের শ্রেষ্ঠ শাসক কে?** [উপজেলা বা থানা একাডেমিক সুপারভাইজার: ০৬]
ক. বাবর খ. হুমায়ুন গ. শেরশাহ ঘ. আকবর **উত্তর: গ**
ব্যাখ্যা: ১৫৪০ সালের ১৭ মে আফগান জাতির শুর উপদলভুক্ত নেতা শের খান (তাঁর উপাধি ছিল শাহ) কনৌজের সন্নিকটে বিলগ্রাম নাম স্থানে মুঘল সম্রাট হুমায়ুনের সাথে যুদ্ধে লিপ্ত হোন। কনৌজের যুদ্ধে শেরশাহ বিজয়ী হোন এবং ভারতবর্ষে শুর শাসন প্রবর্তন করেন। শেরশাহের রাজত্বকাল ছিল মাত্র পাঁচ বছর।

০২. **ভারত উপমহাদেশের ডাক ব্যবস্থার প্রবর্তক কে?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]
ক. শেরশাহ খ. সম্রাট আকবর গ. লর্ড ক্লাইভ ঘ. সম্রাট বাবর **উত্তর: ক**

০৩. **ভারতবর্ষে বা বাংলাদেশে ঘোড়ার ডাকের প্রচলন করেন কে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. অশোক খ. শেরশাহ গ. আকবর ঘ. মুহম্মদ বিন তুগলক **উত্তর: খ**

০৪. **গ্রান্ড ট্রাঙ্ক রোডের নির্মাতা** - [ইসলামী ব্যাংকের সহকারী অফিসার: ০৫]
ক. বাবর খ. আকবর গ. শাহজাহান ঘ. শেরশাহ **উত্তর: ঘ**

০৫. **বিখ্যাত গ্রান্ড ট্রাঙ্ক রোডটি বাংলাদেশের কোন অঞ্চল থেকে শুরু হয়েছে?** [আইন মন্ত্রণালয়ের সহকারী সচিব: ০৫]
ক. কুমিল্লা জেলার দাউদকান্দি খ. ঢাকা জেলার বারিধারা খ. যশোর জেলার ঝিকরগাছা ঘ. নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও **উত্তর: ঘ**

০৬. **কবুলিয়ত ও পাট্টা প্রথার প্রবর্তক** - [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ২৩]
ক. বাবর খ. হুমায়ুন গ. শেরশাহ ঘ. আকবর **উত্তর: গ**

০৭. **শেরশাহ কিসের জন্য বিখ্যাত?** [বিএইচবিএফসি'র অফিসার: ১৭]
ক. যুদ্ধ কৌশল খ. বাজার নিয়ন্ত্রণ গ. ভূমি রাজস্ব ব্যবস্থা ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

০৮. **শেরশাহ শূরের সমাধিসৌধ কোথায় অবস্থিত?** [জাবি: ১৬-১৭]
ক. জৌনপুর খ. সাসারাম গ. রোটাসগড় ঘ. লাহোর **উত্তর: খ**

০৯. **বারো ভূঁইয়া কাদের বলা হতো?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ব্রিটিশ যুগের শক্তিশালী যোদ্ধাদের খ. বড় বড় স্বাধীন জমিদারদের
গ. মুঘল আমলের ১২ জন সেনাপতিকে ঘ. উপরে উল্লেখিত সকলকেই **উত্তর: খ**

ব্যাখ্যা: বাংলার যে সব বড় বড় স্বাধীন জমিদার মুঘল শাসনের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলেন তাঁরা বারো ভূঁইয়া নামে পরিচিত ছিলেন। সম্রাট আকবরের সময় বারো ভূঁইয়ার অভ্যুত্থান ঘটে। সে সময় বারো ভূঁইয়াদের নেতা ছিলেন সোনারগাঁও এর জমিদার ঈসা খান। অন্যান্য উল্লেখযোগ্য বারো ভূঁইয়া হলেন যশোরের প্রতাপাদিত্য, ভাওয়ালের গাজী পরিবার, বিক্রমপুরের চাঁদ রায় ও কেদার রায়, ফতেহবাদের মুরাদ খান, বুকাইনগরের খাজা ওসমান প্রমুখ। ঈসা খানের মৃত্যুর পর তাঁর পুত্র মুসা খান বারো ভূঁইয়াদের নেতা হোন।

১০. **বারো ভূঁইয়া বলা হতো কোন আমলের জমিদারদের?** [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২১]
ক. মুঘল আমলের খ. পাঠান আমলের গ. ব্রিটিশ আমলের ঘ. পাল আমলের **উত্তর: ক**

১১. **বাংলাদেশে বারো ভূঁইয়ার অভ্যুত্থান ঘটে** - [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা: ০৩]
ক. বাবরের সময় খ. আওরঙ্গজেবের সময় গ. জাহাঙ্গীরের সময় ঘ. আকবরের সময় **উত্তর: ঘ**

১২. **বাংলার যে সব জমিদার মুঘল শাসনের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলেন তাঁরা পরিচিত ছিলেন** - [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. বারো মন্ডল নামে খ. বারো কুতুব নামে গ. বারো ভূঁইয়া নামে ঘ. বারো পঞ্চায়েত নামে **উত্তর: গ**

১৩. **প্রতাপ আদিত্য কে ছিলেন?** [৩৯তম বিসিএস]
ক. রাজপুত রাজা খ. বাংলার শাসক গ. মুঘল সেনাপতি ঘ. বারো ভূঁইয়াদের একজন **উত্তর: ঘ**

১৪. **নিচের কে বারো ভূঁইয়াদের একজন ছিলেন?** [জনতা ব্যাংকের অফিসার: ০৯]
ক. ঈসা খাঁ খ. শায়েস্তা খান গ. মানসিংহ ঘ. ইসলাম খান **উত্তর: ক**

১৫. **বাংলার রাজধানী হিসেবে সোনারগাঁয়ের পত্তন করেছিলেন কে?** [এনএসআই'র সহকারী ফিল্ড স্টাফ: ২৩]
ক. শাহজাদা আজম খ. সুবাদার ইসলাম খান গ. সম্রাট আকবর ঘ. ঈসা খাঁ **উত্তর: ঘ**

১৬. **ঈসা খাঁর রাজধানী কোথায় অবস্থিত?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]
ক. গৌড় খ. লক্ষণাবতী গ. মহস্থানগড় ঘ. সোনারগাঁও **উত্তর: ঘ**

১৭. **বাংলার ভাটি অঞ্চলের শাসক ঈসা খাঁ এর জীবনকাল** - [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১০]
ক. ১৫২৯ - ১৫৯৫ খ. ১৫২৯ - ১৫৯৬ গ. ১৫২৯ - ১৫৯৮ ঘ. ১৫২৯ - ১৫৯৯ **উত্তর: ঘ**

১৮. **এগারসিন্ধুর গ্রাম নামকরণের কারণ হলো, পূর্বে সেখানে** - [৭ম বিজেএস]
ক. এগারটি দূর্গ ছিল খ. এগারটি দীঘি ছিল
গ. এগারটি নদীর সংযোগস্থল ছিল ঘ. ঈসা খানের ১১ কক্ষ বিশিষ্ট দালান বাড়ি ছিল **উত্তর: গ**

বাংলায় সুবেদারি শাসন

০১. **কোন মুঘল সম্রাট প্রথম বাংলা জয় করেন?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]
ক. বাবর খ. হুমায়ুন গ. আকবর ঘ. জাহঙ্গীর **উত্তর: খ**

০২. **কোন মুঘল সম্রাট বাংলাকে জান্নাতুম সুবাহ্ (স্বর্গীয় প্রদেশ) বলে আখ্যায়িত করেছিলেন?** [রাকাব'র ক্যাশিয়ার: ১৪]
ক. বাবর খ. হুমায়ুন গ. আকবর ঘ. জাহাঙ্গীর **উত্তর: খ**

০৩. **কোন মুঘল সম্রাট বাংলার নাম দেন 'জান্নাতাবাদ'? / কোন মুঘল সম্রাট গৌড়ের নাম দেন 'জান্নাতাবাদ'?** [১০তম বিসিএস]
ক. বাবর খ. হুমায়ুন গ. আকবর ঘ. জাহাঙ্গীর **উত্তর: খ**

০৪. **কোন মুঘল সম্রাট তার শাসনকালে বাংলায় স্থায়ী প্রতিষ্ঠা লাভে ব্যর্থ হয়েছিলেন?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৬]
ক. সম্রাট হুমায়ুন খ. সম্রাট আকবর গ. সম্রাট জাহাঙ্গীর ঘ. সম্রাট আওরঙ্গজেব **উত্তর: ক**

০৫. **রাজমহলের যুদ্ধ কখন অনুষ্ঠিত হয়েছিল?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. ১৫৭৬ খ. ১৫৬০ গ. ১৫৫৬ ঘ. ১৫৫০ **উত্তর: ক**

০৬. **সম্রাট আকবরের সময় ১৫৭৬ সালে নিম্নের কোন রাজ্য বিজিত হয়?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. কাবুল খ. বাংলা গ. সিন্ধু ঘ. কাশ্মীর **উত্তর: খ**

০৭. **কোন সনে সম্রাট আকবর বাংলার শাসনভার গ্রহণ করেন?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ০৫]
ক. ১৫৭৫ খ. ১৫৭২ গ. ১৫৫৬ ঘ. ১৫৭৬ **উত্তর: ঘ**

০৮. **বাংলায় মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা** - [উপজেলা বা থানা একাডেমিক সুপারভাইজার: ১৫]
ক. আকবর খ. বাবর গ. হুমায়ুন ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**
ব্যাখ্যা: মুঘল সম্রাট হুমায়ুন প্রথম বাংলা জয় করলেও বাংলায় মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা আকবর। কারণ মুঘল সম্রাট হুমায়ুন তাঁর শাসনকালে বাংলায় স্থায়ী প্রতিষ্ঠা লাভে ব্যর্থ হয়েছিলেন।

০৯. **সুবা বাংলা শব্দটি প্রথম ব্যবহার করা হয়** - [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ৯৫]
ক. সম্রাট জাহাঙ্গীরের সময়ে খ. সম্রাট শাহজাহানের সময়ে গ. সম্রাট হুমায়ুনের সময়ে ঘ. সম্রাট আকবরের সময়ে **উত্তর: ঘ**

১০. **সুবা বাংলা** - [মার্কেন্টাইল ব্যাংকের এমটিও: ১৫]
ক. বাংলা-বিহার-আসাম খ. বাংলা-বিহার-মুর্শিদাবাদ গ. বাংলা-বিহার-উড়িষ্যা ঘ. পূর্ববাংলা ও আসাম **উত্তর: গ**

১১. **বাংলার প্রথম সুবাদার কে ছিলেন?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. মীর জুমলা খ. ইসলাম খান গ. মানসিংহ ঘ. শায়েস্তা খান **উত্তর: খ**
ব্যাখ্যা: বাংলায় মুঘল শাসনের দুইটি ধাপ ছিল। যথা- সুবেদারি শাসন ও নবাবী শাসন। মুঘল সুবেদার ইসলাম খান বারো ভূঁইয়া নেতা মুসা খানকে পরাজিত করে বাংলায় বারো ভূঁইয়াদের শাসনের অবসান ঘটান এবং সুবেদারি শাসন প্রতিষ্ঠা করেন। ইসলাম খানের পর পর্যায়ক্রমে

সুবেদার হিসেবে দায়িত্ব পালন করেন ইসলাম খান চিশতি, ইব্রাহিম খান, দারার খান, মহব্বত খান, মুকাররম খান, ফিতাই খান, কাসিম খান জুয়িনি, শাহ সুজা, মীর জুমলা, শায়েস্তা খান ও মুর্শিদকুলী খান।

১২. ঢাকা শহরের গোড়াপত্তন হয় - [৪১তম বিসিএস]
ক. ব্রিটিশ আমলে খ. সুলতানি আমলে গ. মুঘল আমলে ঘ. স্বাধীন নবাবী আমলে **উত্তর: গ**

১৩. নগর হিসেবে প্রতিষ্ঠিত হবার পর ঢাকা বর্তমানে এর কততম শতাব্দী অতিক্রম করেছে? [বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক: ১১]
ক. ২য় খ. ৩য় গ. ৪র্থ ঘ. ৫ম **উত্তর: ঘ**

১৪. মুঘল আমলে সুবা বাংলার রাজধানী - [রাকাব'র সুপারভাইজার: ১৪]
ক. সোনারগাঁও খ. মুর্শিদাবাদ গ. রাজমহল ঘ. জাহাঙ্গীরনগর **উত্তর: গ, ঘ**

১৫. কোন নগরী মুঘল আমলে সুবা বাংলার রাজধানী ছিল? [১৬তম বিসিএস]
ক. গৌড় খ. সোনারগাঁও গ. ঢাকা ঘ. হুগলী **উত্তর: গ**

১৬. ঢাকায় বাংলার রাজধানী স্থাপনের সময় মুঘল সুবাদার কে ছিলেন? [২৬তম বিসিএস]
ক. ইসলাম খান খ. ইব্রাহীম খান গ. শায়েস্তা খান ঘ. মীর জুমলা **উত্তর: ক**

১৭. কার সময় বাংলার রাজধানী ঢাকায় স্থাপন করা হয়? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৩]
ক. বখতিয়ার খলজি খ. মুর্শিদকুলী খাঁ গ. সম্রাট জাহাঙ্গীর ঘ. শেরশাহ **উত্তর: গ**

১৮. ঢাকার নাম জাহাঙ্গীরনগর রাখেন কে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. শায়েস্তা খান খ. সুবাদার ইসলাম খান গ. ইব্রাহিম খান ঘ. মীর জুমলা **উত্তর: খ**

১৯. মুঘল আমলে ঢাকার নাম কী ছিল? / ঢাকার প্রাচীন নাম কী ছিল? [গ্রামীণ ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. ইসলামাবাদ খ. পরীবাগ গ. জাহাঙ্গীরনগর ঘ. সোনারগাঁও **উত্তর: গ**

২০. ঢাকা শহর কোন সালে প্রতিষ্ঠিত হয়? / ঢাকা কখন সর্বপ্রথম বাংলার রাজধানী হয়েছিল? / ঢাকা কখন সুবা বাংলার রাজধানী হয়েছিল? / কত সালে ঢাকার নামকারণ জাহাঙ্গীরনগর করা হয়? / কত সালে জাহাঙ্গীরনগর নামে ঢাকা রাজধানীর মর্যাদা লাভ করে? [২৮তম বিসিএস]
ক. ১২৫৫ সালে খ. ১৬১০ সালে গ. ১৯০৫ সালে ঘ. ১৯৪৭ সালে **উত্তর: খ**

২১. ঢাকা শহর প্রতিষ্ঠা করেন - [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]
ক. ইসলাম খান খ. মীর জুমলা গ. শায়েস্তা খান ঘ. শাহ সুজা **উত্তর: ক**

২২. ঢাকার ধোলাই খাল খনন করেন কে? [৩৬তম বিসিএস]
ক. পরিবিবি খ. ইসলাম খান গ. শায়েস্তা খান ঘ. ঈসা খান **উত্তর: খ**

২৩. 'বাংলার নৌকা বাইচ' উৎসবের সূচনা করেছিলেন কে? [মাউশি অধিদপ্তরের ক্যাশিয়ার: ২১]
ক. পরিবিবি খ. ইসলাম খান গ. শায়েস্তা খান ঘ. ঈসা খান **উত্তর: খ**

২৪. সম্রাট শাহজাহানের কোন পুত্র বাংলার শাসনকর্তা ছিলেন? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]
ক. দারা খ. শাহ সুজা গ. মুরাদ ঘ. আওরঙ্গজেব **উত্তর: খ**

২৫. কোন মুঘল সম্রাট ঢাকা পরিদর্শন করেন? [মার্কেন্টাইল ব্যাংকের অফিসার: ০৯]
ক. বাবর খ. আকবর গ. শাহজাহান ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

২৬. ঢাকা গেট কে নির্মাণ করেন? [বিআরইবি'র সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার: ২৩]
ক. শায়েস্তা খান খ. ইসলাম খান গ. মীর জুমলা ঘ. খিযির হায়াত খান **উত্তর: গ**

২৭. মীর জুমলার কামানটি কোন যুদ্ধে ব্যবহৃত হয়? [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. আসাম যুদ্ধে খ. পিলখানা যুদ্ধে গ. পলাশীর যুদ্ধে ঘ. রাজমহলের যুদ্ধে **উত্তর: ক**

২৮. ১৬৬০ সালে রাজমহল থেকে ঢাকায় রাজধানী স্থানান্তর করেন কে? [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের অফিসার: ২১]
ক. শায়েস্তা খান খ. ইসলাম খান গ. মীর জুমলা ঘ. খিযির হায়াত খান **উত্তর: গ**

২৯. শায়েস্তা খানের আমলে এক টাকায় চাউল পাওয়া যায় - [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক. ২ মণ খ. ৪ মণ গ. ৮ মণ ঘ. ১০ মণ **উত্তর: গ**

৩০. বাংলার শেষ সুবাদার কে ছিলেন? [দুদকের পরিদর্শক: ০৮]
ক. মীর জুমলা খ. ইসলাম খান গ. শাহ সুজা ঘ. মুর্শিদকুলী খান **উত্তর: ঘ**

বাংলায় নবাবী শাসন

০১. কোন সুবাদারের সময় থেকে বাংলায় নবাবী শাসন শুরু হয়? / বাংলায় স্বাধীন নবাবী আমলের সূচনা করেন - [রাবি: ১০-১১]
ক. ইসলাম খান খ. মুর্শিদকুলী খান গ. শায়েস্তা খান ঘ. আলীবর্দী খান **উত্তর: খ**

ব্যাখ্যা: বাংলায় মুঘল শাসনের দুইটি ধাপ ছিল। যথা- সুবেদারি শাসন ও নবাবী শাসন। মুঘল সম্রাট ফররুখ শিয়ারের সময় মুর্শিদকুলী খান বাংলার সুবাদার হিসেবে দায়িত্ব পান। তখনকার মুঘল সম্রাটগণ দুরবর্তী সুবাগুলোর দিকে তেমন নজর দিতে না পারায় এসব অঞ্চলের সুবাদারগণ স্বাধীনভাবে নিজেদের অঞ্চল শাসন করতে থাকেন। এই পথ ধরেই বাংলায় স্বাধীন নবাবী শাসন শুরু হয়। মুর্শিদকুলী খানই বাংলায় প্রথম স্বাধীন নবাব ছিলেন। মুর্শিদকুলী খানের পর যথাক্রমে নবাব সুজাউদ্দিন খান, নবাব সরফরাজ খান, নবাব আলীবর্দী খান ও আলীবর্দী খানের দৌহিত্র নবাব সিরাজ-উদ-দৌলা বাংলা শাসন করেন।

০২. **বাংলাদেশের প্রথম স্বাধীন নবাব কে? / বাংলায় স্বাধীন রাজবংশ প্রতিষ্ঠা করেন কে?** [৪৪তম বিসিএস]
ক. নবাব সিরাজউদ্দৌলা খ. মুর্শিদকুলী খান গ. ইলিয়াস শাহ ঘ. আলাউদ্দিন হুসেন শাহ **উত্তর: খ**

০৩. **কোন মুঘল সুবাদার বাংলার রাজধানী ঢাকা হইতে মুর্শিদাবাদে স্থানান্তর করেন?** [১৫তম বিসিএস]
ক. ইসলাম খান খ. শায়েস্তা খান গ. মুর্শিদকুলী খান ঘ. আলীবর্দী খান **উত্তর: গ**

০৪. **বাংলায় প্রথম রাজস্ব সংস্কার করেন কে? / বাংলার রাজস্ব ব্যবস্থা পুনর্গঠন করেন –** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের জুনিয়র শিক্ষক: ২১]
ক. মুর্শিদকুলী খান খ. শায়েস্তা খান গ. কাসিম খান ঘ. আলীবর্দী খান **উত্তর: ক**

০৫. **নবাব সুজাউদ্দিন খানের বাংলার শাসনকাল –** [জাবি: ১৬-১৭]
ক. ১৭২৭ - ১৭৩৯ খ. ১৭৮২ - ১৭৫৫ গ. ১৭৩৯ - ১৭৪৩ ঘ. ১৭৮৯ - ১৭৫৬ **উত্তর: ক**

০৬. **নবাব সরফরাজ খানের বাংলায় শাসনকাল –** [বিবিএস'র কম্পিউটার অপারেটর: ২১]
ক. ১৭২৭ - ১৭৩৯ খ. ১৭৩৯ - ১৭৪০ গ. ১৭৩০ - ১৭৮০ ঘ. ১৭১৭ - ১৭২৭ **উত্তর: খ**

০৭. **১৭৪০ - ১৭৫৬ পর্যন্ত বাংলা, বিহার ও উড়িষ্যার নবাব ছিলেন কে?** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. সিরাজউদ্দৌলা খ. আলিবর্দী খাঁ গ. মীর জাফর ঘ. মীর কাসিম **উত্তর: খ**

০৮. **মুসলমান শাসনামলে এদেশে এসে অত্যাচার ও লুট করেছে কারা?** [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুটেন্ট: ১০]
ক. জলদস্যুরা খ. পর্তুগিজরা গ. বর্গীরা ঘ. ইংরেজরা **উত্তর: গ**

০৯. **কাদের লুণ্ঠনপ্রিয় বর্গী বলা হতো?** [পিকেবি'র অফিসার (ক্যাশ): ২১]
ক. মারাঠি সৈন্যদলকে খ. মুগল সৈন্যদলকে গ. বার্মার সৈন্যদলকে ঘ. ইংরেজ সৈন্যদলকে **উত্তর: ক**

১০. **কত সালে নবাব সিরাজ-উদ-দৌলা বাংলার সিংহাসনে বসেন?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৬]
ক. ১৭৫৬ খ. ১৮৫৬ গ. ১৭৫৭ ঘ. ১৮৫৭ **উত্তর: ক**

১১. **নবাব সিরাজউদ্দৌলা কত বছর বয়সে বাংলার নবাব হোন?** [পানি উন্নয়ন বোর্ডের সহকারী প্রকৌশলী: ২২]
ক. ২০ বছর খ. ২১ বছর গ. ২২ বছর ঘ. ২৩ বছর **উত্তর: গ**

১২. **নবাব সিরাজউদ্দৌলার প্রকৃত নাম কী ছিল?** [নিপোর্টের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. মির্জা মোহাম্মদ খ. মির্জা আলম গ. মির্জা খলিল ঘ. মির্জা আজম **উত্তর: ক**

১৩. **নবাব সিরাজ-উদ-দৌলার পিতার নাম কী?** [মাউশি অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. জয়েন উদ্দিন খ. আলীবর্দী খাঁ গ. শওকত জং ঘ. হায়দার আলী **উত্তর: ক**

১৪. **অন্ধকূপ হত্যা কাহিনী কার তৈরি?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ১০]
ক. হলওয়েল খ. মীর জাফর গ. ক্লাইভ ঘ. কর্নওয়ালিস **উত্তর: ক**

১৫. **কোনটি ভারতের ইতিহাসে নতুন যুগের সূচনা করে?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০০]
ক. পলাশীর যুদ্ধ খ. পানিপথের যুদ্ধ গ. বক্সারের যুদ্ধ ঘ. ১৮৫৭ সালের সিপাহি বিদ্রোহ **উত্তর: ক**

১৬. **১৭৫৭ সালে কী সংঘটিত হয়েছিল?** [পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা প্রসেসিং অপারেটর: ০৪]
ক. ফরাসী বিপ্লব খ. সিপাহি বিদ্রোহ গ. পলাশীর যুদ্ধ ঘ. পানিপথের যুদ্ধ **উত্তর: গ**

১৭. **পলাশীর যুদ্ধ কখন হয়েছিল?** [৩৯তম বিসিএস]
ক. ২৩ জুন, ১৭৫৭ খ. ২৫ জুলাই, ১৭৫৭ গ. ১৫ আগস্ট, ১৮৫৮ ঘ. ২৫ আগস্ট, ১৮৫৮ **উত্তর: ক**

১৮. **কোন নদীর তীরে পলাশীর যুদ্ধ সংঘটিত হয়?** [জেলা প্রশাসকের কার্যালয়ের ইউনিয়ন পরিষদ সচিব: ২৩]
ক. হুগলী খ. গঙ্গা গ. দামোদর ঘ. ভাগীরথী **উত্তর: ঘ**

১৯. **সিরাজউদ্দৌলা কোন যুদ্ধে পরাজিত হোন?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০০]
ক. উদয়নালা খ. বক্সার গ. গিরিয়া ঘ. পলাশী **উত্তর: ঘ**

২০. **পলাশীর যুদ্ধে মারা যান –** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. মীরমদন খ. ইয়ার লতিফ গ. মোহনলাল ঘ. রাজবল্লভ **উত্তর: ক**

২১. **বাংলার শেষ স্বাধীন নবাব কে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. নবাব আলিবর্দী খাঁ খ. আলাউদ্দিন হুসেন শাহ গ. নবাব সিরাজউদ্দৌলা ঘ. ফকির মজনু শাহ **উত্তর: গ**
ব্যাখ্যা: নবাব সিরাজ-উদ-দৌলা ছিলেন বাংলার শেষ স্বাধীন নবাব। কারণ ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধে নবাব নবাব সিরাজ-উদ-দৌলার পরাজয়ের পর ইংরেজ গভর্নর রবার্ট ক্লাইভ মীর জাফর আলীকে বাংলার মসনদে বসান। ইস্ট ইন্ডিয়া কোম্পানির দাবি পূরণে ব্যর্থ হওয়ায় মীর জাফরকে সরিয়ে তারই জামাতা মীর কাসিমকে ১৭৬০ সালে বাংলার মসনদে বসানো হয়। মীর কাসিম নবাব হয়ে জনগণের কল্যাণ ও স্বাধীনতা প্রতিষ্ঠায় সোচ্চার ছিলেন। ১৭৬৪ সালের ২২ অক্টোবর মীর কাসিম বিহারের বক্সারে সম্মিলিত বাহিনী যুদ্ধে ইংরেজদের কাছে পরাজিত হোন। ফলে ইংরেজরা দেওয়ানি লাভ করে।

২২. **নবাব মীর কাসিমের বাংলায় শাসনকাল –** [শ্রম পরিদপ্তরের শ্রম অফিসার: ০৬]
ক. ১৭৬০ - ১৭৬৪ খ. ১৭৬৭ - ১৭৭১ গ. ১৭৬৩ - ১৭৬৯ ঘ. ১৭৫৭ - ১৭৬৭ **উত্তর: ক**

২৩. **মুঙ্গেরে বাংলার রাজধানী স্থানান্তর করেন –** [ডাক বিভাগের হিসাবরক্ষক: ২৩]
ক. নবাব আলীবদী খান খ. নবাব সরফরাজ খান গ. নবাব মীর জাফর ঘ. নবাব মীর কাসিম **উত্তর: ঘ**

২৪. **বক্সারের যুদ্ধ কত সালে সংঘটিত হয়?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. ১৬৬০ খ. ১৭০৭ গ. ১৭৫৭ ঘ. ১৭৬৪ **উত্তর: ঘ**

২৫. **বক্সারের যুদ্ধের ফলে –** [শ্রম অধিদপ্তরের শ্রম অফিসার: ৯৪]
ক. ইংরেজরা বিতাড়িত হয় খ. সিরাজের পতন ঘটে গ. ইংরেজরা ক্ষমতা লাভ করে ঘ. ইংরেজরা দেওয়ানি লাভ করে **উত্তর: ঘ**

উপমহাদেশে ইউরোপীয়দের আগমন

০১. **কত সালে পর্তুগিজ নাবিক বার্থোলোমিউ দিয়াজ ইউরোপ হতে আফ্রিকার উত্তমাশা অন্তরীপ হয়ে সমুদ্রপথে পূর্বদিকে আসার জলপথ আবিষ্কার করেন?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. ১৪৮৭ খ. ১৪৯০ গ. ১৪৯৮ ঘ. ১৫০২ **উত্তর: ক**

০২. **কারা সর্বপ্রথম ভারতে আসার সমুদ্রপথ আবিষ্কার করেন?** [এনসিসি ব্যাংকের অফিসার: ০২]
ক. পর্তুগিজরা খ. ব্রিটিশরা গ. ওলন্দাজরা ঘ. ফরাসিরা **উত্তর: ক**

০৩. **ইউরোপ থেকে ভারতে আসার জলপথ আবিষ্কার করেন কে? / কোন ইউরোপীয় ভারতে আসার জলপথ আবিষ্কার করেন?** [ইসলামী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২২]
ক. ফার্ডন্যান্ড ম্যাগেলান খ. ভাস্কো-দা-গামা গ. কলম্বাস ঘ. ফ্রান্সিস ড্রেক **উত্তর: খ**

০৪. **ভাস্কো-দা-গামা ছিলেন?** [পল্লী উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ২১]
ক. পর্তুগিজ খ. ফরাসি গ. ওলন্দাজ ঘ. ব্রিটিশ **উত্তর: ক**

০৫. **কোন সালে ইউরোপ হতে ভারতে আসার জলপথ আবিষ্কৃত হয়? / ইউরোপ হতে ভারতে আসার জলপথ আবিষ্কৃত হয় –** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. ১৪৯৮ সালে খ. ১৪৯২ সালে গ. ১৫১৭ সালে ঘ. ১৬৪৮ সালে **উত্তর: ক**

০৬. **কত সালে পর্তুগিজ নাবিক ভাস্কো-দা-গামা ভারত পৌছেন?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৬]
ক. ১৪৫৩ খ. ১৪৭৬ গ. ১৪৯২ ঘ. ১৪৯৮ **উত্তর: ঘ**

০৭. **ভাস্কো-দা-গামা ভারতে প্রথম অবতরণ করেন –** [সোনালী ব্যাংকের অফিসার: ১০]
ক. কোচিন বন্দরে খ. চট্টগ্রাম বন্দরে গ. গোয়া বন্দরে ঘ. কালিকট বন্দরে **উত্তর: ঘ**

০৮. **কোন ইউরোপীয় জাতি সর্বপ্রথম ভারতবর্ষে আসে?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. ডাচ খ. ইংরেজ গ. ফ্রেঞ্চ ঘ. পর্তুগিজ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: ১৪৯৮ সালে ভাস্কো-দা-গামার ইউরোপ হতে ভারতে আসার জলপথ আবিষ্কারের ধারাবাহিকতায় ১৫১৬ সালে ইউরোপীয়দের মধ্যে পর্তুগিজরা প্রথম ভারতের পশ্চিমবঙ্গের হুগলিতে তথা বাংলায় আসে। ১৫১৮ সালে তাঁরা চট্টগ্রাম আসে এবং বাণিজ্য করার অনুমতি পায়। ১৬০২ সালে হল্যান্ডের বা নেদারল্যান্ডের অধিবাসী ডাচ বা ওলন্দাজরা উপমহাদেশে আসে। ১৬২০ সালে ডেনমার্কের অধিবাসী ডেনিশ বা দিনেমাররা দক্ষিণ ভারতের ত্রিবাঙ্কুরে আসে এবং ১৬৭৬ সালে বাংলার শ্রীরামপুরে বাণিজ্য কুঠি স্থাপন করে। ১৬৫৮ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানির প্রতিনিধি হিসেবে জেমস হার্টের ঢাকায় প্রবেশ করার মধ্যে দিয়ে বাংলাদেশে ইংরেজদের আগমণ শুরু হয়। ইউরোপীয়দের মধ্যে ফ্রান্সের ফরাসিরা সর্বশেষ (১৬৬৮ সালে) ভারতীয় উপমহাদেশ তথা বাংলায় আসে।

০৯. **ভারতে পর্তুগিজ শক্তির প্রকৃত প্রতিষ্ঠাতা –** [জাবি: ১৬-১৭]
ক. আল বুকার্ক খ. ভাস্কো-দা-গামা গ. বার্থোলোমিউ দিয়াজ ঘ. ফ্রান্সিসকো-ডি-আলসিডা **উত্তর: ক**

১০. **ইউরোপীয় বণিকদের মধ্যে কারা প্রথমে বাংলায় এসেছিলেন?** [৪০তম বিসিএস]
ক. ইংরেজরা খ. ওলন্দাজরা গ. ফরাসিরা ঘ. পর্তুগিজরা **উত্তর: ঘ**

১১. **পর্তুগিজরা কত খ্রিষ্টাব্দে প্রথম চট্টগাম আসে এবং বাণিজ্য করার অনুমতি পায়?** [বেসিক ব্যাংকের সহকারী ব্যবস্থাপক: ১২]
ক. ১৪৯৮ খ. ১৫৩৪ গ. ১৬৫০ ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

১২. **ফিরিঙ্গি কাদের বলা হয়?** [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার: ১৩]
ক. ফরাসিদের খ. মগদের গ. পর্তুগিজদের ঘ. দিনেমারদের **উত্তর: গ**

১৩. **পর্তুগিজরা চট্টগ্রাম বন্দরের নাম দিয়েছিল –** [সাধারণ বীমা কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ০৯]
ক. পোর্টো গ্রান্ডে খ. সোদকাওয়ান গ. সমন্দর ঘ. চাটিগাঁ **উত্তর: ক**

১৪. **কোন সম্রাটের আমলে পর্তুগিজদের হুগলি থেকে উচ্ছেদ করা হয়?** [জাবি: ০৯-১০]
ক. আকবর খ. শাহজাহান গ. বাবর ঘ. জাহাঙ্গীর **উত্তর: খ**

১৫. **দিল্লির কোন সম্রাট বাংলা থেকে পর্তুগিজদের বিতাড়িত করেন?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৬]
ক. শেরশাহ খ. আকবর গ. জাহাঙ্গীর ঘ. আরওঙ্গজেব **উত্তর: ক**

১৬. **বাংলার দক্ষিণ অঞ্চলের মানুষকে পর্তুগিজ ও মগ জলদস্যুদের অত্যাচার থেকে রক্ষা করেন কে?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৮]
ক. মুর্শিদকুলি খান খ. ইসলাম খান গ. শায়েস্তা খান ঘ. ঈশা খান **উত্তর: গ**

১৭. **কার শাসনামলে চট্টগ্রাম প্রথমবারের মতো পূর্ণভাবে বাংলার সাথে যুক্ত হয়?** [রাকাব'র ক্যাশিয়ার: ১৪]
ক. শায়েস্তা খান খ. রাজা মানসিংহ গ. মীর জুমলা ঘ. ইসলাম খান **উত্তর: ক**

১৮. **কোন মুঘল সম্রাট চট্টগ্রাম দখল করে এর নাম রাখেন ইসলামাবাদ?** [২৪তম বিসিএস]
ক. ইসলাম খান খ. রাজা মানসিংহ গ. মীর জুমলা ঘ. শায়েস্তা খান **উত্তর: ঘ**

১৯. **ইসলামাবাদ কোন জেলার পূর্বনাম?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. ময়মনসিংহ খ. নোয়াখালী গ. চট্টগ্রাম ঘ. সিলেট **উত্তর: গ**

২০. **কোন মুঘল সুবেদার পর্তুগিজদের চট্টগ্রাম থেকে বিতাড়িত করেন?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কাসিম খান খ. ইসলাম খান গ. মীর জুমলা ঘ. শায়েস্তা খান **উত্তর: ঘ**

২১. **ওলন্দাজরা কখন ভারতে আসেন?** [দুদকের উপ-সহকারী পরিদর্শক: ০৮]
ক. ১৬০২ সালে খ. ১৫০২ সালে গ. ১৬০৫ সালে ঘ. ১৫৮০ সালে **উত্তর: ক**

২২. **ওলন্দাজরা কোন দেশের নাগরিক?** [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ০৯]
ক. হল্যান্ড খ. ফ্রান্স গ. পর্তুগাল ঘ. ডেনমার্ক **উত্তর: ক**

২৩. **ইউনাইটেড ইস্ট ইন্ডিয়া কোম্পানি গঠন করে -** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. হল্যান্ড খ. স্পেন গ. ব্রিটেন ঘ. ফ্রান্স **উত্তর: ক**

২৪. **কোন দেশের অধিবাসীরা ডাচ নামে পরিচিত?** [জাতীয় সংসদ সচিবালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ২৩]
গ. নেদারল্যান্ড ঘ. হাঙ্গেরি গ. পর্তুগাল ঘ. স্পেন **উত্তর: ক**

২৫. **ডাচ ইস্ট ইন্ডিয়া কোম্পানি গঠন করে -** [নৌবাহিনীর ক্যাশিয়ার: ২৩]
ক. হল্যান্ড খ. স্পেন গ. ফ্রান্স ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

২৬. **ইউরোপের কোন দেশের অধিবাসীদের দিনেমার বলা হয়?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. স্পেন খ. নেদারল্যান্ড গ. পর্তুগাল ঘ. ডেনমার্ক **উত্তর: ঘ**

২৭. **কত খ্রিষ্টাব্দে ইংল্যান্ডে দি ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি স্থাপিত হয়?** [ঢাবি: ১২-১৩]
ক. ১৬০৮ সালে খ. ১৭৫৭ সালে গ. ১৬০০ সালে ঘ. ১৬৫২ সালে **উত্তর: গ**

২৮. **ইস্ট-ইন্ডিয়া কোম্পানি নামক বণিক সংঘ কত জন সদস্য নিয়ে গঠিত হয়?** [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১০]
ক. ৩২০ জন খ. ৮২০ জন গ. ২১৮ জন ঘ. ২৮১ জন **উত্তর: গ**

২৯. **কোন ইংরেজ ইংল্যান্ডের রাজা প্রথম জেমসের চিঠি নিয়ে সর্বপ্রথম সম্রাট জাহাঙ্গীরের দরবারে আসেন?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. ক্যাপ্টেন হকিন্স খ. এডওয়ার্ডস গ. উইলিয়াম করি ঘ. স্যার টমাস রো **উত্তর: ক**

৩০. **সম্রাট জাহাঙ্গীরের দরবারের প্রথম ইংরেজ দূত -** [বেবিচকের ইন্সপেক্টর: ২১]
ক. ক্যাপ্টেন হাকিন্স খ. এডওয়ার্ডন গ. স্যার টমাস রো ঘ. উইলিয়াম কেরি **উত্তর: গ**

৩১. **কোন সম্রাট সর্বপ্রথম ইস্ট ইন্ডিয়া কোম্পানিকে সুরাটে বাণিজ্য কুঠি স্থাপনের অনুমতি দেন?** [জাবি: ০৯-১০]
ক. আকবর খ. শাহবাজ খান গ. মূর্শিদকুলি খান ঘ. জাহাঙ্গীর **উত্তর: ঘ**

৩২. **ইংরেজরা বাংলাদেশে আগমন করে** - [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. ১৫৯৯ খ. ১৭৫৭ গ. ১৬৫৮ ঘ. ১৬০০ **উত্তর: গ**

৩৩. **ইংরেজ বণিকগণ সরাসরিভাবে বঙ্গদেশে বাণিজ্য কেন্দ্র স্থাপন করেন** -[খাদ্য অধিদপ্তরের পরিদর্শক: ৯৬]
ক. আকবরের আমলে খ. জাহাঙ্গীরের আমলে গ. শাহজাহানের আমলে ঘ. আলমগীরের আমলে **উত্তর: গ**

৩৪. **কোন সম্রাট ইংরেজদের বঙ্গাদেশে কুঠির নির্মাণের অনুমতি দেয়?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. সম্রাট জাহাঙ্গীর খ. সম্রাট শাহজাহান গ. সম্রাট আওরঙ্গজেব ঘ. সম্রাট ফররুখ শিয়র **উত্তর: খ**

৩৫. **ইংরেজরা কাশিম বাজারে কুঠি স্থাপন করে -** [তিতাস গ্যাসের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. ১৫৫১ সালে খ. ১৬৪৮ সালে গ. ১৬৫১ সালে ঘ. ১৬৫৮ সালে **উত্তর: ঘ**

৩৬. **ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসন কেন্দ্র ছিল** - [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ০৪]
ক. কলকাতা খ. দিল্লি গ. পাঞ্জাব ঘ. ঢাকা **উত্তর: ক**

৩৭. **কলকাতা নগরীর প্রতিষ্ঠাতা কে?** [বিআরইবি'র হিসাবরক্ষক: ১৫]
ক. ক্লাইভ খ. ডালহোসি গ. ওয়েলেসলি ঘ. জব চার্নক **উত্তর: ঘ**

৩৮. **কলকাতা কোন নদীর তীরে অবস্থিত?** [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক: ০৪]
ক. গঙ্গা খ. যমুনা গ. হুগলি ঘ. মহানদী **উত্তর: গ**

৩৯. **কোন দেশের বাণিজ্যিক কোম্পানি ফোর্ট উইলিয়াম দুর্গ নির্মাণ করে?** [বিআরইবি'র হিসাবরক্ষক: ১৫]
ক. ইংল্যান্ড খ. ফ্রান্স গ. হল্যান্ড ঘ. ডেনমার্ক **উত্তর: ক**

৪০. **ফোর্ট উইলিয়াম দুর্গ কোথায় অবস্থিত ছিল?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ১৬]
ক. ঢাকা খ. মুর্শিদাবাদ গ. কলকাতা খ. আগ্রা **উত্তর: গ**

৪১. **ইউরোপীয়দের মধ্যে সবশেষে ভারতে এসেছিল - / বাংলায় ইউরোপীয়দের মধ্যে সর্বশেষ আগমন করে** - [জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ফরাসিরা খ. ইংরেজরা গ. ডেনিসরা ঘ. ডাচরা **উত্তর: ক**

৪২. **চন্দনগর বা পশ্চিমবঙ্গ একসময় কার উপনিবেশ ছিল?** [গণপূর্ত অধিদপ্তবের হিসাব সহকারী: ১৬]
ক. হল্যান্ড খ. ফ্রান্স গ. ইংল্যান্ড ঘ. পর্তুগাল **উত্তর: খ**

উপমহাদেশে ইংরেজ শাসন

০১. **ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি কখন বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি লাভ করেন?** [২৪ তম বিসিএস]
ক. ১৬৯০ খ. ১৭৬৫ গ. ১৭৯৩ ঘ. ১৮২৯ **উত্তর: খ**
ব্যাখ্যা: বক্সারের যুদ্ধের পর ১৭৬৫ সালে লর্ড ক্লাইভ ও সম্রাট দ্বিতীয় শাহ আলমের মধ্যে স্বাক্ষরিত এলাহাবাদ চুক্তির মাধ্যমে ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি শাসন তথা রাজস্ব আদায়ের ক্ষমতা লাভ করেন।

০২. **কোম্পানি দেওয়ানি লাভ করে** - [বিআরইবি'র মিটার টেষ্টার: ২৩]
ক. মুর্শিদাবাদ চুক্তিতে খ. এলাহাবাদ চুক্তিতে গ. মুঙ্গের চুক্তিতে ঘ. কলকাতা চুক্তিতে **উত্তর: খ**

০৩. **ইস্ট ইন্ডিয়া কোম্পানিকে বাংলা, বিহার ও উড়িষ্যার দেওয়ানি প্রদান করেন** - [ঢাবি: ১৮-১৯]
ক. শাহ সুজা খ. মীর জাফর গ. ফররুখ শিয়ার ঘ. দ্বিতীয় শাহ আলম **উত্তর: ঘ**

০৪. **বাংলার প্রথম গভর্নর কে?** [শ্রম অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৯]
ক. লর্ড কর্নওয়ালিস খ. ওয়ারেন হেস্টিংস গ. নবাব মীর কাশেম ঘ. লর্ড ক্লাইভ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: বাংলার প্রথম গভর্নর ছিলেন লর্ড ক্লাইভ। এরপর হেনরি ভ্যান্সিটার্ট, হ্যারি ভেরেলেস্ট ও জন কার্টিয়ার গভর্নর হিসেবে দায়িত্ব পালন করেন। বাংলার শেষ গভর্নর ছিলেন ওয়ারেন হেস্টিংস।

০৫. **বাংলাদেশে দ্বৈত শাসন কে প্রবর্তন করেন?** [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২৩]
ক. লর্ড কর্নওয়ালিস খ. লর্ড ক্লাইভ গ. নবাব মীর কাশেম ঘ. ওয়ারেন হেস্টিংস **উত্তর: খ**

০৬. **কত সালে দ্বৈত শাসন ব্যবস্থা চালু হয়?** [ক্রীড়া পরিদপ্তরের অফিসা সহকারী: ১৯]
ক. ১৭৫৮ সালে খ. ১৭৬৫ সালে গ. ১৮৬২ সালে ঘ. ১৮৫৮ সালে **উত্তর: খ**

০৭. **বাংলা কোন সনে ছিয়াত্তরের মন্বন্তর হয়েছিল?** [৩৬তম বিসিএস]
ক. ১০৭৬ সনে খ. ১৩৭৬ সনে গ. ১১৭৬ সনে ঘ. ১২৭৬ সনে **উত্তর: গ**

০৮. **ইংরেজি কত সালে ছিয়াত্তরের মন্বন্তর নামক ভয়াবহ দুর্ভিক্ষ হয়েছিল?** [বেবিচকের উপ-সহকারী প্রকৌশলী: ২১]
ক. ১৭৬৮ সালে ক. ১৭৬৯ সালে গ. ১৭৭০ সালে ঘ. ১৭৭২ সালে **উত্তর: গ**

০৯. **ছিয়াত্তরের দুর্ভিক্ষের সময় বাংলার গভর্নর কে ছিলেন?** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩]
ক. লর্ড ওয়ারেন হেস্টিংস খ. লর্ড রিপন গ. লর্ড কার্টিয়ার ঘ. লর্ড কর্নওয়ালিস **উত্তর: গ**

১০. **লর্ড ক্লাইভ আত্মহত্যা করে** - [১১তম বিজেএস]
ক. ১৭৫৭ সালে খ. ১৭৭৪ সালে গ. ১৭৬৭ সালে ঘ. ১৭৭৬ সালে **উত্তর: খ**

১১. **ব্রিটিশ পার্লামেন্টে ভারত শাসন আইন পাস হয়** - [১৪তম শিক্ষক নিবন্ধন]
ক. ১৭৮৪ খ. ১৭৮৬ গ. ১৭৭৩ ঘ. ১৭৯০ **উত্তর: ক**

১২. **বাংলার শেষ গভর্নর কে? / বাংলার প্রথম গভর্নর জেনারেল কে? / ব্রিটিশ ভারতের প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন?** [বাখরাবাদ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. লর্ড কর্নওয়ালিস খ. লর্ড ওয়াটসন গ. লর্ড মিন্টো ঘ. ওয়ারেন হেস্টিংস **উত্তর: ঘ**
ব্যাখ্যা: ১৭৭৪ সালের রেগুলেটিং আইন অনুসারে নিযুক্ত বাংলার শেষ গভর্নর ও বাংলার প্রথম গভর্নর জেনারেল ছিলেন ওয়ারেন হেস্টিংস। এরপর স্যার জন ম্যাকফারসন, চার্লস কর্নওয়ালিস, রিচার্ড ওয়েলেসলি প্রমুখ গভর্নর জেনারেল হিসেবে দায়িত্ব পালন করেন। বাংলার শেষ গভর্নর জেনারেল ছিলেন লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক।

১৩. **১৭৭২ সালে দ্বৈত শাসন ব্যবস্থা বাতিল করেন কে?** [আইন মন্ত্রণালয়ের সহকারী সচিব: ৯৪]
ক. লর্ড কর্নওয়ালিস খ. লর্ড ক্লাইভ গ. ওয়ারেন হেস্টিংস ঘ. নবাব মীর কাশেম **উত্তর: গ**

১৪. **ভারতবর্ষে সর্বপ্রথম রাজস্ব বোর্ড স্থাপন করেন** - [ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]
ক. লর্ড ক্লাইভ খ. শেরশাহ গ. সম্রাট আকবর ঘ. ওয়ারেন হেস্টিংস **উত্তর: ঘ**

১৫. **'পাঁচশালা' ও 'একশালা' বন্দোবস্ত প্রবর্তন করেন কে?** [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার: ১৩]
ক. ওয়ারেন হেস্টিংস খ. শেরশাহ গ. সম্রাট আকবর ঘ. লর্ড ক্লাইভ **উত্তর: ক**

১৬. **ভারতীয় উপমহাদেশের সিভিল সার্ভিস চালু করেন - / ইন্ডিয়ান সিভিল সার্ভিসের বিধি প্রণয়ন করেন কে?** [খুবি: ১৬-১৭]
ক. লর্ড কর্নওয়ালিস খ. লর্ড কার্জন গ. লর্ড ডালহৌসি ঘ. লর্ড ওয়েলেসলি **উত্তর: ক**

১৭. **বাংলায় চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করেন কে? / বাংলায় চিরস্থায়ী ভূমি ব্যবস্থা প্রবর্তন করেন কে? / চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করেন** - [২২তম বিসিএস]
ক. লর্ড ওয়াভেল খ. লর্ড বেন্টিঙ্ক গ. লর্ড ক্লাইভ ঘ. লর্ড কর্নওয়ালিস **উত্তর: ঘ**

১৮. **বাংলায় চিরস্থায়ী বন্দোবস্ত কবে প্রবর্তন করা হয়?** [৩৪তম বিসিএস]
ক. ২২ মার্চ, ১৮৯৩ খ. ২২ মার্চ, ১৮০৫ গ. ২২ মার্চ, ১৭৯৩ ঘ. ১৬ মার্চ, ১৭৯৬ **উত্তর: গ**

১৯. **কোন ঐতিহাসিক ঘটনার জন্য ১৭৯৩ সাল বিখ্যাত?** [পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা প্রসেসিং অপারেটর: ০৪]
ক. পলাশীর যুদ্ধ খ. সিপাহী বিদ্রোহ গ. বঙ্গভঙ্গ রদ ঘ. চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন **উত্তর: ঘ**

২০. **চিরস্থায়ী বন্দোবস্তে চিরস্থায়ী করা হয়** - [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. রাজস্ব খ. জমিদার গ. রায়ত ঘ. জমি **উত্তর: ক**

২১. **সূর্যাস্ত আইন প্রবর্তন করেন কে? / 'দশশালা' বন্দোবস্ত চালু করেন কে?** [তিতাস গ্যাস ফিল্ডের উপ-সহকারী প্রকৌশলী: ১১]
ক. লর্ড ওয়াভেল খ. লর্ড বেন্টিঙ্ক গ. লর্ড ক্লাইভ ঘ. লর্ড কর্নওয়ালিস **উত্তর: ঘ**

২২. **কোন সালে সূর্যাস্ত আইন চালু হয়?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ০৩]
ক. ১৭৯৩ খ. ১৮৯৩ গ. ১৭৯২ ঘ. ১৮৯২ **উত্তর: ক**

২৩. **অধীনতামূলক মিত্রতা নীতির প্রবর্তক –** [বিআরইবি'র লাইন ম্যান: ২৩]
ক. লর্ড ক্লাইভ খ. লর্ড ওয়েলেসলি গ. লর্ড মিন্টো ঘ. লর্ড বেন্টিঙ্ক **উত্তর: খ**

২৪. **টিপু সুলতানের রাজ্যের নাম –** [শ্রম অধিদপ্তরের শ্রম অফিসার: ৯৬]
ক. অযোধ্যা খ. মাদ্রাজ গ. হায়দ্রাবাদ ঘ. মহীশূর **উত্তর: ঘ**

২৫. **ভারতের কোন রাজ্য অতীতে মহীশূর নামে পরিচিত ছিল?** [বিএসসি'র সহকারী প্রকৌশলী: ২০]
ক. কেরালা খ. মহারাষ্ট্র গ. কর্ণাটক ঘ. মধ্য প্রদেশ **উত্তর: গ**

২৬. **মহীশূরের টিপু সুলতান সর্বশেষ কোন ইংরেজ সেনাপতির সঙ্গে যুদ্ধ করেন?** [জনতা ব্যাংকের অফিসার: ১৫]
ক. ওয়েলেসলি খ. ওয়ারেন হেস্টিংসে গ. কর্নওয়ালিস ঘ. ডালহৌসি **উত্তর: ক**

২৭. **বাংলার শেষ গভর্নর জেনারেল কে ছিলেন? / ভারতের প্রথম গভর্নর জেনারেল কে?** [বাখরাবাদ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. লর্ড কর্নওয়ালিস খ. লর্ড বেন্টিক গ. লর্ড মিন্টো ঘ. ওয়ারেন হেস্টিংস **উত্তর: খ**
ব্যাখ্যা: ১৮৩৩ সালের চার্টার আইন অনুসারে নিযুক্ত বাংলার শেষ গভর্নর জেনারেল ও ভারতের প্রথম গভর্নর জেনারেল ছিলেন লর্ড বেন্টিঙ্ক। এরপর চার্লস মেটকাফ, জর্জ এডেন, জেমস ব্রাউন প্রমুখ গভর্নর জেনারেল হিসেবে দায়িত্ব পালন করেন। ভারতের শেষ গভর্নর জেনারেল ছিলেন লর্ড ক্যানিং।

২৮. **সতীদাহ প্রথা কত সালে রহিত হয়?** [২২তম বিসিএস]
ক. ১৮১৯ খ. ১৮২৯ গ. ১৮৩৯ ঘ. ১৮৪৯ **উত্তর: খ**

২৯. **সতীদাহ প্রথা বিলোপ করেন কে? / সতীদাহ প্রথা রহিতকরণ আইন পাস করেন কে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. লর্ড কর্নওয়ালিস খ. রাজা রামমোহন রায় গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. লর্ড বেন্টিঙ্ক **উত্তর: ঘ**

৩০. **কার উদ্যোগে সতীদাহ প্রথা বিলুপ্ত হয়?** [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৯]
ক. রামমোহন রায় খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর গ. হান্টার ঘ. লর্ড বেন্টিঙ্ক **উত্তর: ক**

৩১. **রাজা রামমোহন রায় কোন আন্দোলনের নেতৃত্ব দেন?** [তিতাস গ্যাস ফিল্ডের উপ-সহকারী প্রকৌশলী: ১১]
ক. সতীদাহ বিলোপ খ. নীল বিদ্রোহ গ. বিধবা বিবাহ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

৩২. **সতীদাহ প্রথা রহিতকরণে কোন সমাজ সংস্কারকের ভূমিকা উল্লেখযোগ্য?** [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৯]
ক. গোপাল কৃষ্ণ গোখলে খ. রাজা রামমোহন রায় গ. সরোজিনী নাইডু ঘ. দাদাভাই নওরোজী **উত্তর: খ**

৩৩. **সহীদাহ প্রথা প্রসঙ্গে রামমোহন রায়ের রচিত পুস্তক –** [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক: ০০]
ক. দোলনচাঁপা খ. পথে হলো দেখা গ. পথের পাঁচালী ঘ. প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ **উত্তর: ঘ**

৩৪. **রাজা রামমোহন রায় যে বিষয়ের বিরুদ্ধে আন্দোলন শুরু করেন** - [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. প্রেস অর্ডিন্যান্স খ. নীল চাষ গ. নীল কমিশন ঘ. রাইফেল ব্যবহার **উত্তর: ক**

৩৫. **ব্রাহ্মসমাজের প্রতিষ্ঠাতা কে?** [বিকেবি'র সুপারভাইজার: ০৪]
ক. রাজা রামমোহন রায় খ. কেশবচন্দ্র সেন গ. দেবেন্দ্রনাথ ঠাকুর ঘ. স্বামী বিবেকানন্দ **উত্তর: ক**

ব্রিটিশ সরকারের ভারত শাসন

০১. **ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনকাল –** [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. ১৭৫৭ - ১৯৪৭ খ. ১৮৭৫ - ১৯৮৭ গ. ১৭৫৭ - ১৮৫৭ ঘ. ১৭৬৫ - ১৮৮৫ **উত্তর: গ**

০২. **গভর্নর জেনারেল পদটিকে ভাইসরয় বা রাজ প্রতিনিধি হিসেবে ঘোষণা করা হয় –** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. ১৮৫৭ সালে খ. ১৮৫৮ সালে গ. ১৯১৯ সালে ঘ. ১৯০৯ সালে **উত্তর: খ**

০৩. **ভারতের শেষ গভর্নর জেনারেল কে ছিলেন? / ভারতবর্ষে প্রথম ভাইসরয় নিযুক্ত হয়েছিলেন কে?** [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার: ১৩]
ক. লর্ড কর্নওয়ালিস খ. লর্ড ডালহৌসি গ. লর্ড ক্যানিং ঘ. লর্ড বেন্টিঙ্ক **উত্তর: গ**
ব্যাখ্যা: ভারতের শেষ গভর্নর জেনারেল ও ভারতের প্রথম ভাইসরয় বা বড়লাট ছিলেন লর্ড ক্যানিং। এরপর লর্ড কার্জন, লর্ড হার্ডিঞ্জ, এডওয়ার্ড উড প্রমুখ ভাইসরয় হিসেবে দায়িত্ব পালন করেন। ভারতের শেষ ভাইসরয় বা বড়লাট ছিলেন লর্ড মাউন্টব্যাটেন।

০৪. **কোন সালে ভারতীয় উপমহাদেশে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান হয়?** [সাব-রেজিস্ট্রার: ০১]
ক. ১৮৫৭ খ. ১৮৫৮ গ. ১৮৫৯ ঘ. ১৮৬০ **উত্তর: খ**

০৫. **ভারতের শাসনভার ইংল্যান্ডের রানী ও পার্লামেন্টের হাতে অর্পিত হয়** - [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৬]
ক. ১৭৫৮ সালে খ. ১৮৫৮ সালে গ. ১৭৯২ সালে ঘ. ১৮৬২ সালে **উত্তর: খ**

০৬. **ইন্ডিয়ান সিভিল সার্ভিস নামকরণ করেন কে? / উপমহাদেশে পুলিশ সার্ভিস চালু করেন কে? / কোন ব্যক্তি উপমহাদেশে প্রথম কাগজের মুদ্রা চালু করেন?** [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৮]
ক. লর্ড ক্যানিং খ. লর্ড রিপন গ. লর্ড লিটন ঘ. লর্ড কার্জন **উত্তর: ক**

০৭. **লর্ড ক্যানিং ভারত উপমহাদেশে প্রথম কোন ব্যবস্থা চালু করেন?** [৩৫তম বিসিএস]
ক. চিরস্থায়ী বন্দোবস্ত ব্যবস্থা খ. দ্বৈত শাসন ব্যবস্থা গ. সতীদাহ নিবারণ ব্যাবস্থা ঘ. পুলিশ ব্যবস্থা **উত্তর: ঘ**

০৮. **বাংলাদেশের পুলিশ আইন প্রণীত হয়** - [বেবিচকের অ্যারোড্রাম কর্মকর্তা: ২১]
ক. ১৮৫৮ সালে খ. ১৯৭১ সালে গ. ১৮৬১ সালে ঘ. ১৯৪৭ সালে **উত্তর: গ**

০৯. **কবে উপমহাদেশে প্রথম কাগজের মুদ্রা চালু হয়?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক: ০৫]
ক. ১৮৫৫ খ. ১৮৫৭ গ. ১৮৯০ ঘ. ১৮৬১ **উত্তর: ঘ**

১০. **কোন সালে ভারতবর্ষে প্রথম আদমশুমারি হয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৭]
ক. ১৯৭২ খ. ১৮৫০ গ. ১৮৭২ ঘ. ১৯০১ **উত্তর: গ**

১১. **লর্ড লিটন কত সালে আর্মস অ্যাক্ট প্রবর্তন করেন?** [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৮]
ক. ১৮৭৬ সালে খ. ১৮৭৮ সালে গ. ১৮৮০ সালে ঘ. ১৮৮২ সালে **উত্তর: খ**

১২. **বাংলায় স্থানীয় স্বায়ত্তশাসনের প্রবর্তক - / স্থানীয় সরকার ব্যবস্থা প্রবর্তন করেন কে?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]
ক. লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক খ. লর্ড লিটন গ. লর্ড রিপন ঘ. লর্ড কার্জন **উত্তর: গ**

১৩. **লর্ড রিপন কর্তৃক গঠিত শিক্ষা কমিশনের নাম কী?** [১৩তম প্রভাষক নিবন্ধন]
ক. রিপন কমিশন খ. হান্টার কমিশন গ. নাথান কমিশন ঘ. লর্ড কমিশন **উত্তর: খ**

১৪. **১৯০৫ সাল কোন ঘটনার সঙ্গে জড়িত?** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-সহকারী পরিচালক: ০১]
ক. মুসলিম লীগ প্রতিষ্ঠা খ. বঙ্গভঙ্গ গ. গান্ধী হত্যা ঘ. ভারত বিভক্তি **উত্তর: খ**

১৫. **বঙ্গভঙ্গ কী ধরনের সংস্কার ছিল?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. প্রশাসনিক সংস্কার খ. সামাজিক সংস্কার গ. অর্থনৈতিক সংস্কার ঘ. কাঠামোগত সংস্কার **উত্তর: ক**

১৬. **কত সালে বঙ্গভঙ্গ আইন পাস করা হয়?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. ১৯০৫ খ. ১৯০৬ গ. ১৯১১ ঘ. কোনটিই নয় **উত্তর: ক**

১৭. **কত সালে বঙ্গভঙ্গ হয়? / প্রথম কত সালে বঙ্গভঙ্গ হয়? / প্রথম কত সালে বাংলা বিভক্ত হয়?** [ঢাবি: ১০-১১]
ক. ১৬ অক্টোবর, ১৯০৫ খ. ১৬ অক্টোবর, ১৮৫৭ গ. ১৬ অক্টোবর, ১৭৫৭ ঘ. ১৬ অক্টোবর, ১৯৪৭ **উত্তর: ক**

১৮. **বঙ্গভঙ্গের প্রস্তাব দেন কে? / বঙ্গভঙ্গ কার্যকর করেন কে? / বঙ্গভঙ্গকালে ভারতের ভাইসরয় কে ছিলেন?** [৪০তম বিসিএস]
ক. লর্ড কার্জন খ. লর্ড ওয়াভেল গ. লর্ড মাউন্ট ব্যাটেন ঘ. লর্ড লিনলিথগো **উত্তর: ক**

১৯. **বঙ্গভঙ্গের কারণে কোন নতুন প্রদেশ সৃষ্টি হয়েছিল? / বঙ্গভঙ্গের কারণে কোন দুইটি প্রদেশ সৃষ্টি হয়েছিল?** [৪৪তম বিসিএস]
ক. পূর্ব বাংলা ও বিহার খ. পূর্ববঙ্গ ও আসাম গ. পূর্ববঙ্গ ও উড়িষ্যা ঘ. পূর্ববঙ্গ **উত্তর: খ**

২০. **পূর্ববঙ্গ ও আসাম প্রদেশ গঠনকালে ব্রিটিশ ভারতের গভর্নর জেনারেল এবং ভাইসরয় কে ছিলেন?** [৩৭তম বিসিএস]
ক. লর্ড রিপন খ. লর্ড কার্জন গ. লর্ড মিন্টো ঘ. লর্ড হার্ডিঞ্জ **উত্তর: খ**

২১. **পূর্ব বাংলার ও আসামের প্রথম লেফটেন্যান্ট গভর্নর কে ছিলেন?** [১৫তম বিসিএস]
ক. ফুলার খ. কার্জন গ. মিন্টো ঘ. হেস্টিংস **উত্তর: ক**

২২. **১৯০৫ সালে ঢাকা যে নতুন প্রদেশটির রাজধানী হয়েছিল, সে প্রদেশটির নাম কী?** [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৭-০৮]
ক. পূর্ব পাকিস্তান খ. পূর্ববঙ্গ ও আসাম গ. বঙ্গ প্রদেশ ঘ. পূর্ববঙ্গ **উত্তর: খ**

২৩. **বাংলা বিভাগের ফলে প্রতিষ্ঠিত নতুন প্রদেশের রাজধানী হয়** - [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. ঢাকা খ. কলকাতা গ. আসাম ঘ. মুর্শিদাবাদ **উত্তর: ক**

২৪. **ব্রিটিশ শাসনামলে কোন সালে ঢাকাকে প্রাদেশিক রাজধানী করা হয়?** [আবাআখা প্রকল্পের জেলা সমন্বয়কারী: ১৭]
ক. ১৭৫৭ খ. ১৯০৫ গ. ১৮৭৫ ঘ. ১৯১১ **উত্তর: খ**

২৫. **বঙ্গভঙ্গের পরেই ঢাকায় কী নির্মিত হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. সুরম্য অট্টালিকা খ. কার্জন হল গ. হাইকোর্ট ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

২৬. **বাংলাদেশের কোন জেলাটি আসামের অন্তর্ভূক্ত ছিল?** [ডাক বিভাগের হিসাবরক্ষক: ২৩]
ক. হবিগঞ্জ খ. মৌলভীবাজার গ. সুনামগঞ্জ ঘ. সিলেট **উত্তর: ঘ**

২৭. **সিলেট জেলায় 'বেঙ্গলি' কাদের বলা হয়?** [পার্বত্য জেলা পরিষদের সহকারী পরিদর্শক: ২৩]
ক. সিলেটের স্থায়ী জনগোষ্ঠী খ. সিলেটের আদি জনগোষ্ঠী
গ. সিলেটের আদি হাওর অঞ্চলের মানুষ ঘ. সিলেটে বসবাসরত অস্থানীয় জনগোষ্ঠী **উত্তর: ঘ**

২৮. **ব্রিটেনের রাজা পঞ্চম জর্জ ও রানী মেরী ভারত সফরে আসেন** - [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. ১৯০৫ সালে খ. ১৯১১ সালে গ. ১৯১৪ সালে ঘ. ১৯১৮ সালে **উত্তর: খ**

২৯. **বঙ্গভঙ্গ রদ কে ঘোষণা করেন?** [৪১তম বিসিএস]
ক. লর্ড বেন্টিঙ্ক খ. লর্ড ডালহৌসি গ. লর্ড হার্ডিঞ্জ ঘ. রাজা পঞ্চম জর্জ **উত্তর: ঘ**

৩০. **বঙ্গভঙ্গ রদের সুপারিশ করেন কে? / বঙ্গভঙ্গ ব্যবস্থা রহিত করেন** - [৬ষ্ঠ বিজেএস]
ক. লর্ড বেন্টিঙ্ক খ. লর্ড ডালহৌসি গ. লর্ড হার্ডিঞ্জ ঘ. লর্ড ক্যানিং **উত্তর: গ**

৩১. **কোন সালে বঙ্গভঙ্গ রদ বা রহিত হয়?** [৩৯তম বিসিএস]
ক. ৫ ডিসেম্বর, ১৯১১ খ. ১২ ডিসেম্বর, ১৯১১ গ. ১৬ ডিসেম্বর, ১৯১১ ঘ. ২০ ডিসেম্বর, ১৯১১ **উত্তর: খ**

৩২. **কত সালে ব্রিটিশ ভারতের রাজধানী কলকাতা থেকে দিল্লীতে স্থানান্তরিত হয়? / কত সালে দিল্লি ব্রিটিশ ভারতের রাজধানী হয়?** [৪১তম বিসিএস]
ক. ১৯১২ খ. ১৯১৩ গ. ১৯১৪ ঘ. ১৯১৫ **উত্তর: ক**
ব্যাখ্যা: ১৯১১ সালে পঞ্চম জর্জ ব্রিটিশ ভারতের রাজধানী কলকাতা থেকে দিল্লীতে স্থানান্তরের ঘোষণা দেন। ১৯১২ সালে সেটা কার্যকর হয়।

৩৩. **কত সালে মন্টেগু-চেমসফোর্ড আইন হয়?** [জাবি: ১৫-১৬]
ক. ১৯১১ খ. ১৯১২ গ. ১৯১৯ ঘ. ১৯৩০ **উত্তর: গ**

ব্রিটিশ বিরোধী আন্দোলন

০১. **ব্রিটিশ শাসনের বিরুদ্ধে বাঙালিদের প্রথম বিদ্রোহ - / ব্রিটিশ শাসনের বিরুদ্ধে বাঙালিদের প্রথম বিদ্রোহের নাম কী?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]
ক. সিপাহি বিদ্রোহ খ. নীল বিদ্রোহ গ. আগস্ট বিদ্রোহ ঘ. ফকির ও সন্ন্যাসী বিদ্রোহ **উত্তর: ঘ**

০২. **ফকিররা কত সাল থেকে কত সাল পর্যন্ত বাংলার বিভিন্ন স্থানে বিদ্রোহ করেছিল?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ১৭৮১ থেকে ১৮৮০ পর্যন্ত খ. ১৭৬০ থেকে ১৮৮০ পর্যন্ত গ. ১৭৫৭ থেকে ১৮৫৭ পর্যন্ত ঘ. ১৮১৯ থেকে ১৮৬২ পর্যন্ত **উত্তর: খ**

০৩. **কোন শতাব্দীতে ফকির আন্দোলন সংঘটিত হয়?** [জাবি: ০৯-১০]
ক. সপ্তদশ শতাব্দীতে খ. অষ্টদশ শতাব্দীতে গ. উনবিংশ শতাব্দীতে ঘ. বিংশ শতাব্দীতে **উত্তর: খ**

০৪. **বাংলায় ফকির-সন্ন্যাসী আন্দোলনের নেতা ছিলেন -** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার: ১৭]
ক. ফকির মজনু শাহ খ. ফকির মূসা শাহ গ. ফকির আফগান শাহ ঘ. ফকির বুগরা শাহ **উত্তর: ক**

০৫. **ময়মনসিংহ ও শেরপুরে ফকির সন্ন্যাসী আন্দোলনের নেতা ছিলেন -** [জাবি: ১৫-১৬]
ক. ফকির মজনু শাহ খ. ফকির মুসা শাহ গ. ফকির আফগান শাহ ঘ. ফকির বুগরা শাহ **উত্তর: ক**

০৬. **ইস্ট ইন্ডিয়া কোম্পানি চট্টগ্রামের শাসনভার লাভ করে -** [চবি: ০৩-০৪]
ক. ১৭৬০ খ্রিস্টাব্দে খ. ১৮৬০ খ্রিস্টাব্দে গ. ১৬০০ খ্রিস্টাব্দে ঘ. ১৬৮৫ খ্রিস্টাব্দে **উত্তর: ক**

০৭. **যে চাকমা রাজা ইংরেজ কোম্পানিকে রাজস্ব দিতে অস্বীকৃতি জানায় -** [মার্কেন্টাইল ব্যাংকের এমটিও: ১৫]
ক. জোয়ান বক্স খ. ফরিং চাকমা গ. দেনেব বক্স ঘ. শোভা চাকমা **উত্তর: ক**

০৮. **ব্রিটিশ বণিকদের বিরুদ্ধে একজন চাকমা জুমিয়া নেতা বিদ্রোহের পতাকা উড়িয়েছিলেন, তাঁর নাম -** [১৭তম বিসিএস]
ক. রাজা ত্রিদিব রায় খ. রাজা ত্রিভুবন চাকমা গ. জুম্মা খান ঘ. জোয়ান বকস খাঁ **উত্তর: ঘ**

০৯. **কত সালে তিতুমীর বাঁশের কেল্লা স্থাপন করেন?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল অফিসার: ১৪]
ক. ১৮৩২ খ. ১৮৩৩ গ. ১৮৩১ ঘ. ১৮৩৪ **উত্তর: গ**

১০. **তিতুমীরের দুর্গের মূল উপাদান কী ছিল?** [হাইকোর্টের রেজিস্ট্রার: ৯৮]
ক. ইট খ. পাথর গ. বাঁশ ঘ. কাঠ **উত্তর: গ**

১১. **তিতুমীরের বাঁশের কেল্লা কোথায় অবস্থিত ছিল?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ১১]
ক. বারাসত খ. নারিকেলবাড়িয়া গ. চাঁদপুর ঘ. হায়দারপুর **উত্তর: খ**

১২. **বাঁশের কেল্লাখ্যাত স্বাধীনতা সংগ্রামী কে?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী লাইব্রেরিয়ান: ১৮]
ক. ফকির মজনু শাহ খ. দুদু মিয়া গ. তিতুমীর ঘ. মীর কাসিম **উত্তর: গ**

১৩. **সৈয়দ মীর নিসার আলী বাংলায় কী নামে পরিচিত?** [রাবি: ১৭-১৮]
ক. দুদু মিয়া খ. তিতুমীর গ. ফরায়েজী ঘ. সব্যসাচী **উত্তর: খ**

১৪. **ব্রিটিশ আমলে বাংলাদেশে যে সব আন্দোলন হয়েছিল তার মধ্যে প্রধান কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. হাসেমী আন্দোলন খ. কোরায়েশী আন্দোলন গ. ফরায়েজী আন্দোলন ঘ. সৈয়দী আন্দোলন **উত্তর: গ**

১৫. **বাংলায় ফরায়েজী আন্দোলনের উদ্যোক্তা বা সূচনাকারী কে ছিলেন?** [২৪তম বিসিএস]
ক. শাহ ওয়ালীউল্লাহ ক. হাজী শরীয়তুল্লাহ গ. পীর মুহসীন ঘ. তিতুমীর **উত্তর: খ**

১৬. **ফরায়েজী আন্দোলনের নেতা কে ছিলেন?** [১৫তমবিসিএস]
ক. তিতুমীর খ. হাজী শরীয়তউল্লাহ গ. ইসমাইল হোসেন সিরাজী ঘ. কেরামত আলী **উত্তর: খ**

১৭. **হাজী শরীয়তউল্লাহ কোন জেলায় জন্মগ্রহণ করেন?** [অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ক. শরীয়তপুর খ. মাদারীপুর গ. ফরিদপুর ঘ. যশোর **উত্তর: খ**

১৮. **'জমি থেকে খাজনা আদায় আল্লাহর আইনের পরিপন্থী' এটি কার ঘোষণা?** [১৪তম বিসিএস]
ক. তিতুমীর খ. ফকির মজনু শাহ গ. দুদু মিয়া ঘ. হাজী শরীয়তুল্লাহ **উত্তর: গ**

১৯. **ফরায়েজী আন্দোলনের প্রধান কেন্দ্র ছিল -** [রবি: ১১-১২]
ক. ফরিদপুর খ. শরীয়তপুর গ. খুলনা ঘ. যশোর **উত্তর: ক**

২০. **ফরায়েজী আন্দোলনকে কোন নেতা রাজনৈতিক আন্দোলনে রূপদান করেন?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. হাজী শরীয়তউল্লাহ ক. তিতুমীর গ. দুদু মিয়া ঘ. নবাব সলিমুল্লাহ **উত্তর: গ**

২১. **দুদু মিয়া কোন আন্দোলনের সাথে জড়িত?** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০১]
ক. তেভাগা খ. ফরায়েজী গ. স্বদেশী ঘ. ওয়াহাবী **উত্তর: খ**

২২. **প্রতি বছর কোন তারিখে ঐতিহাসিক সাঁওতাল বিদ্রোহ দিবস পালিত হয়?** [জাবি: ১৫-১৬]
ক. ৩০ মে খ. ৩০ জুন গ. ৩০ জুলাই ঘ. ৩০ আগস্ট **উত্তর: খ**

২৩. **বাংলায় নীল চাষের বিরুদ্ধে বিদ্রোহের সূচনা হয় -** [নার্সিং অধিদপ্তরের মিডওয়াইফ: ১৭]
ক. মুর্শিদাবাদে খ. ঢাকায় গ. মানিকগঞ্জে ঘ. কুষ্টিয়ায় **উত্তর: ঘ**

২৪. **কী কারণে বাংলাদেশ হতে নীলচাষ বিলুপ্ত হয়?** [বিআরইবি'র সহকারী সচিব: ১৫]
ক. নীলচাষ নিষিদ্ধ করার ফলে খ. নীলকরদের অত্যাচারের ফলে গ. নীলচাষীদের বিদ্রোহের ফলে ঘ. কৃত্রিম নীল আবিষ্কারের ফলে **উত্তর: গ**

২৫. **নীল বিদ্রোহ কখন সংঘটিত হয়?** [ইবি: ১৩-১৮]
ক. ১৪৪২ - ৪৪ সালে খ. ১৮৫৯ - ৬২ সালে গ. ১৮৯৪ - ৯৬ সালে ঘ. ১৯১৭ - ২০ সালে **উত্তর: খ**

২৬. **কত সালে নীল কমিশন গঠন করা হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ১৮৬১ খ. ১৮৫৭ গ. ১৮৪৫ ঘ. ১৮৮২ **উত্তর: ক**

২৭. **বাংলাদেশে নীল বিদ্রোহের অবসান হয় -** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. ১৮৫৮ সালে খ. ১৮৫৬ সালে গ. ১৮৬০ সালে ঘ. ১৮৬২ সালে **উত্তর: ঘ**

২৮. **প্রথম স্বাধীনতা সংগ্রাম কোনটি?**[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক: ০৫]
ক. তিতুমীরের বাঁশের কেল্লা খ. সিপাহি বিপ্লব গ. অসহযোগ আন্দোলন ঘ. জালিয়ানওয়ালাবাগের সংগ্রাম **উত্তর: খ**

২৯. **এনফিল্ড রাইফেল যেসব পশুর চর্বি মিশ্রিত থাকার কথা প্রচার করা হয় সেগুলো হলো -** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. শুকর ও গরু খ. শুকর ও ঘোড়া গ. শুকর ও কুকুর ঘ. শুকর ও বানর **উত্তর: ক**

৩০. **কোন সালে পাক-ভারত-বাংলা এই উপমহাদেশের প্রথম স্বাধীনতা যুদ্ধ শুরু হয়?** [বিপিডিবি'র উপ-সহকারী প্রকৌশলী: ১২]
ক. ১৭৫১ খ. ১৮৫৭ গ. ১৯৫২ ঘ. ১৯৭১ **উত্তর: খ**

৩১. **ভারতবর্ষে কোন সালে সিপাহি বিদ্রোহ হয়?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৯]
ক. ১৭৫৭ খ. ১৮৫০ গ. ১৮৫৭ ঘ. ১৭৯৩ **উত্তর: গ**

৩২. **১৮৫৭ সালের কোন তারিখে সিপাহি বিদ্রোহের সূচনা হয়েছিল?** [বিবিএস'র সহকারী পরিসংখ্যান কর্মকর্তা: ৯৮]
ক. ১৫ মার্চ খ. ১৯ মার্চ গ. ২৬ মার্চ ঘ. ২৯ মার্চ **উত্তর: ঘ**

৩৩. **সিপাহি বিদ্রোহের নেতা কে ছিলেন?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]
ক. চিত্তরঞ্জন দাশ খ. সুভাষ চন্দ্র বসু গ. মঙ্গল পান্ডে ঘ. তিতুমীর **উত্তর: গ**

৩৪. **মঙ্গল পান্ডে নামটি কোন বিদ্রোহের সাথে জড়িত?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]
ক. নানকার বিদ্রোহ খ. সিপাহি বিদ্রোহ গ. নাচোল বিদ্রোহ ঘ. কৃষক বিদ্রোহ **উত্তর: খ**

৩৫. **সিপাহি বিদ্রোহের সূচনা ঘটে -** [বেরোবি: ১৭-১৮]
ক. ব্যারাকপুর সেনানিবাসে খ. কলকাতায় গ. ভিক্টোরিয়া পার্কে ঘ. ঢাকায় **উত্তর: ক**

৩৬. **কোথা থেকে ১৮৫৭ সালের প্রথম স্বাধীনতা আন্দোলন শুরু হয়?** [শ্রম অধিদপ্তরের শ্রম অফিসার: ৯৪]
ক. ঝাঁসি খ. অগ্রো গ. দিল্লি ঘ. মিরাট **উত্তর: ঘ**

৩৭. **বাহাদুর শাহ পার্ক কোথায় অবস্থিত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. দিল্লীতে খ. আগ্রায় গ. রাজশাহীতে ঘ. ঢাকায় **উত্তর: ঘ**

৩৮. **ঢাকায় ১৮৫৭ সালের সিপাহি বিদ্রোহের স্মৃতিজড়িত স্থান কোনটি?** [কুবি: ১৯-২০]
ক. সোহরাওয়ার্দী উদ্যান খ. লালবাগ কেল্লা গ. বাহাদুর শাহ পার্ক ঘ. রায়েরবাজার বধ্যভূমি **উত্তর: গ**

৩৯. **স্বদেশী আন্দোলন কী?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবারকল্যাণ প্রশিক্ষণার্থী: ১৩]
ক. কুটির শিল্পের পুনরুজ্জীবনের আন্দোলন খ. ইংরেজ বিরোধী স্বাধীনতা আন্দোলন
গ. পাকিস্তানিদের বিরুদ্ধে পরিচালিত স্বাধীনতা আন্দোলন ঘ. মুঘলবিরোধী স্বাধিকার আন্দোলন **উত্তর: খ**

৪০. **নিশাত তাঁর খাদ্য তালিকায় এবং পোশাকে দেশীয় পণ্য ব্যবহার করে। নিশাত আমাদের মনে করিয়ে দেয় -** [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. অসহযোগ আন্দোলন খ. ফারায়েজী আন্দোলন গ. খিলাফত আন্দোলন ঘ. স্বদেশী আন্দোলন **উত্তর: ঘ**

৪১. **বঙ্গভঙ্গের বিরুদ্ধে স্বদেশী আন্দোলনের নেতৃত্ব দান করেন কে?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৪]
ক. বল্লভভাই প্যাটেল খ. অরবিন্দ ঘোষ গ. হাজী শরীয়তউল্লাহ ঘ. সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় **উত্তর: ঘ**

৪২. **কে বাংলায় গ্রামে গ্রামে ঘুরে পড়ো না রেশমী চুড়ি বঙ্গনারী গান গেয়ে জনগণের মধ্যে স্বদেশি আন্দোলনের পক্ষে তীব্র আবেগ সৃষ্টি করেন?** [রাজউকের ইমারত পরিদর্শক: ১৭]
ক. করি মুকুন্দ দাস খ. সৈয়দ আমীর আলী গ. বঙ্কিমচন্দ্র ঘ. সুভাষ চন্দ্র বসু **উত্তর: ক**

৪৩. **ইংরেজ ম্যাজিস্ট্রেট কিংস ফোর্ডকে হত্যার জন্য কে বোমা নিক্ষেপ করে?** [বিবিএস'র সহকারী পরিসংখ্যান অফিসার: ১৪]
ক. ক্ষুদিরাম খ. মাস্টার দা সূর্যসেন গ. তিতুমীর ঘ. আসাদুজ্জামান আসাদ **উত্তর: ক**

৪৪. **যে ইংরেজকে হত্যার অভিযোগে ক্ষুদিরামকে ফাঁসি দেয়া হয় তার নাম -** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. কিংসফোর্ড খ. লর্ড হার্ডিঞ্জ গ. হাডসন ঘ. সিম্পসন **উত্তর: ক**

৪৫. **কোন সালে চট্টগ্রামের অস্ত্রাগার লুণ্ঠিত হয়? / কত সালে মাস্টারদা সূর্যসেন চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন করেন?** [বেবিচকের উচ্চমান সহকারী: ২১]
ক. ১৯১১ সালে খ. ১৯১৫ সালে গ. ১৯২১ সালে ঘ. ১৯৩০ সালে **উত্তর: ঘ**

৪৬. **চট্টগ্রাম যুব বিদ্রোহের নেতা ছিলেন - / চট্টগ্রামের অস্ত্রাগার লুণ্ঠন করেন কে?** [চবি: ১৫-১৬]
ক. সূর্য সেন খ. চিত্তরঞ্জন দাস গ. ক্ষুদিরাম ঘ. যাত্রামোহন সেন **উত্তর: ক**

৪৭. **কে ব্রিটিশ বিরোধী স্বাধীনতা যুদ্ধের নেতা?** ঢাবি: ১৪-১৫]
ক. বল্লাল সেন খ. অমর্ত্য সেন গ. সূর্যসেন ঘ. বনলতা সেন **উত্তর: গ**

৪৮. **মাস্টারদা সূর্যসেনের ফাঁসি কার্যকর হয়েছিল?** [বিআরইবি'র হিসাবরক্ষক: ১৫]
ক. মেদিনীপুরে খ. ব্যারাকপুরে গ. চট্টগ্রামে ঘ. আন্দামানে **উত্তর: গ**

৪৯. **প্রীতিলতা ওয়াদ্দেদার সম্পৃক্ত ছিলেন** - [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০১]
ক. তেভাগা আন্দোলনে খ. সত্যাগ্রহ আন্দোলন গ. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ ঘ. ব্রিটিশ বিরোধী আন্দোলন **উত্তর: ঘ**

৫০. **প্রীতিলতা ওয়াদ্দেদার কার শিষ্য ছিলেন? / প্রীতিলতা ওয়াদ্দেদার কার সহযোগী ছিলেন?** [জাতীয় সংসদ সচিবালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ২৩]
ক. দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের খ. মাস্টারদা সূর্যসেনের গ. নেতাজী সুভাস চন্দ্র বসুর ঘ. মহাত্মা গান্ধীজীর **উত্তর: খ**

৫১. **ব্রিটিশ বিরোধী আন্দোলনে প্রথম নারী শহিদ** - [কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রধান সহকারী: ২১]
ক. কল্পনা দত্ত খ. মনোরমা মাসিমা গ. ভগিনী নিবেদিতা ঘ. প্রীতিলতা ওয়াদ্দেদার **উত্তর: ঘ**

৫২. **খিলাফত আন্দোলনের অন্যতম নেতা** - [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. খাজা নাজিমউদ্দীন খ. মোহাম্মদ আলী জিন্নাহ গ. মাওলানা মোহাম্মদ আলী ঘ. এ. কে. ফজলুল হক **উত্তর: গ**

৫৩. **'ইন্ডিয়া উইনস ফ্রিডম' বইয়ের লেখক কে?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. মহাত্মা গান্ধী খ. খাজা নাজিমউদ্দিন গ. আবুল কালাম আজাদ ঘ. মাওলানা আকরাম খান **উত্তর: গ**

৫৪. **জালিয়ানওয়ালাবাগ অবস্থিত** - [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. হরিয়ানায় খ. জম্মুতে গ. অমৃতসরে ঘ. লুধিয়ানায় **উত্তর: গ**

৫৫. **জালিয়ানওয়ালাবাগ পরিচিতি** - [জাবি: ১৫-১৬]
ক. স্বর্ণ মন্দিরের জন্য খ. ফুলের জন্য গ. নৃশংসতার জন্য ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

৫৬. **জাতির জনক হিসেবে পরিচিত, কিন্তু কখনো রাষ্ট্রীয় পদে অধিষ্ঠিত হননি - / নিচের কোন ব্যক্তি কখনো রাষ্ট্রীয় পদে অধিষ্ঠিত হননি?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ৯৯]
ক. মহাত্মা গান্ধী খ. মোহাম্মদ আলী জিন্নাহ ক. নেলসন ম্যান্ডেলা ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান **উত্তর: ক**

৫৭. **কোন দেশে মহাত্মা গান্ধীর রাজনৈতিক নেতৃত্বের উত্থান ঘটে?** [ডাক অধিদপ্তরের উপজেলা পোস্ট মাস্টার: ১৬]
ক. ভারত খ. দক্ষিণ আফ্রিকা গ. ইংল্যান্ড ঘ. নেপাল **উত্তর: খ**

৫৮. **কে অসহযোগ আন্দোলনে নেতৃত্ব কে?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ১০]
ক. মহাত্মা গান্ধী খ. মাওলানা শওকত আলী গ. জহরলাল নেহেরু ঘ. বিপিনচন্দ্র পাল **উত্তর: ক**

৫৯. **'মহাত্মা' কার উপাধি? / 'বাপু' কার উপাধি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. মোহনদাস করমচাঁদ গান্ধী খ. চিত্তরঞ্জন দাস গ. জহরলাল নেহেরু ঘ. সরোজিনী নাইডু **উত্তর: ক**

৬০. **মহাত্মা গান্ধী দক্ষিণ আফ্রিকার কোন পত্রিকাটি সম্পাদনা করতেন?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৬]
ক. ইন্ডিয়ান অপিনিয়ন খ. দি হেরাল্ড গ. দি টাইমস ঘ. দি ক্রনিকেল **উত্তর: ক**

৬১. **'দ্য স্টোরি অব মাই এক্সপেরিয়েন্স উইথ ট্রুথ' বইয়ের লেখক** - [চবি: ১১-১২]
ক. মহাত্মা গান্ধী খ. মাইকেল এন্ডারসন গ. উইনস্টন চার্চিল ঘ. জেমস মরিস **উত্তর: ক**

৬২. **মহাত্মা গান্ধীর হত্যাকারী** - [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার: ১৩]
ক. বলরাম গডসে খ. নাথুরাম গডসে গ. ক্ষুদিরাম ঘ. আকবর খাঁ **উত্তর: খ**

৬৩. **মহাত্মা গান্ধীর চিতাভস্ম কত বছর ধরে এবং ভারতের কোথায় রাখা আছে?** [জেলা দুর্নীতি দমন অফিসার: ৯৮]
ক. ৮৪ বছর এবং স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, কটক খ. ৮৫ বছর এবং স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, পুরি
গ. ৪৩ বছর এবং স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, আহমদবাদ ঘ. ৪৪ বছর এবং স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, নাগপুর **উত্তর: ক**

৬৪. **মহাত্মা গান্ধী বাংলাদেশের কোন জেলা সফর করেছিলেন?** [বেরোবি: ১৫-১৬]
ক. নোয়াখালী খ. বরিশাল গ. ঢাকা ঘ. খুলনা **উত্তর: ক**

৬৫. **গান্ধী স্মৃতি জাদুঘর কোন জেলায় অবস্থিত?** [এক্সিম ব্যাংকের অফিসার: ১৩]
ক. সিলেট খ. নোয়াখালী গ. দিনাজপুর ঘ. পাবনা **উত্তর: খ**

৬৬. **অসহযোগ এবং খেলাফত আন্দোলনের সঙ্গে জড়িত স্মরণীয় নায়ক কে?** [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক: ৯৬]
ক. মোহাম্মদ আলী জিন্নাহ খ. মাওলানা মোহাম্মদ আলী গ. আগা খান ঘ. আবদুর রহিম **উত্তর: খ**

৬৭. **তেভাগা আন্দোলনের নেত্রী** - [জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ইলা মিত্র খ. সুমিত্র দেবী গ. তারামন বিবি ঘ. সেতারা বেগম **উত্তর: ক**

৬৮. **নাচোল বিদ্রোহের নেত্রীর নাম কী?** [টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের সিনিয়র ইন্সট্রাক্টর: ২১]
ক. ইলা মিত্র খ. সুমিত্র দেবী গ. তারামন বিবি ঘ. সেতারা বেগম **উত্তর: ক**

৬৯. **তেভাগা আন্দোলনের নেতা হিসেবে সুপরিচিত -** [বিবি: ১২-১৩]
ক. হাজী শরীয়তুল্লাহ খ. হাজী মোহাম্মদ দানেশ গ. হাজী মুহম্মদ মুহসীন ঘ. এ. কে. ফজলুল হক **উত্তর: খ**

নবজাগরণ ও সংস্কার আন্দোলন

০১. **কোন সালে কলকাতা মাদ্রাসা প্রতিষ্ঠিত হয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৭]
ক. ১৭৬৫ খ. ১৭৮১ গ. ১৮০০ ঘ. ১৮১৩ **উত্তর: খ**

০২. **আমাদের বর্তমান শিক্ষা ব্যবস্থা প্রবর্তন কে করেন?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী লাইব্রেরিয়ান: ১৮]
ক. রাজা রামমোহন রায় খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর গ. স্যার সৈয়দ আহমদ ঘ. লর্ড মেকলে **উত্তর: ঘ**

০৩. **কোন সন থেকে সরকারি ভাষা হিসেবে এদেশে ইংরেজির ব্যবহার শুরু হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. ১৭৬৫ খ. ১৮২৪ গ. ১৮৩৫ ঘ. ১৮৫৭ **উত্তর: গ**

০৪. **পূর্ব বাংলার প্রথম সরকারি বালিকা বিদ্যালয়ের কোনটি?** [ঢাবি: ১২-১৩]
ক. বেথুন স্কুল খ. ঢাকা ফিমেল স্কুল গ. ইডেন গার্লস স্কুল ঘ. বাংলা বাজার গার্লস স্কুল **উত্তর: গ**

০৫. **সমাজসেবক হলেও সমাজ সংস্কারক নন -** [বেরোবি: ১৬-১৭]
ক. রাজা রামমোহন রায় খ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর গ. হাজী মুহম্মদ মুহসীন ঘ. বেগম রোকেয়া **উত্তর: গ**

০৬. **হাজী মুহম্মদ মুহসীনের বাড়ি কোথায়?** [সাব-রেজিস্ট্রার: ১৬]
ক. হুগলী খ. মুর্শিদাবাদ গ. রাজশাহী ঘ. মেদিনীপুর **উত্তর: ক**

০৭. **মুসলিম শিক্ষা প্রসারে সম্পত্তি দান করেছেন কে?** [জাবি: ০৯-১০]
ক. সৈয়দ আমির আলী খ. নওয়াব আবদুল লতিফ গ. হাজী মুহম্মদ মুহসীন ঘ. হাজী শরীয়তউল্লাহ **উত্তর: গ**

০৮. **'এত ধন দৌলত বিলাচ্ছ কেন? তুমি কি দানবীর মুহসীন হলে নাকি?' এই বাক্যে কোন মুহসীনের কথা বলা হয়েছে?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ক. মোহসীন উল মূলক খ. হাজী মুহম্মদ মুহসীন গ. কে. এম. মোহসীন ঘ. মোহসীন শাস্ত্রপাণি **উত্তর: খ**

০৯. **কার প্রচেষ্টায় কলকাতার আলিয়া মাদ্রাসায় ইংরেজি বিভাগ খোলা হয়?** [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. নওয়াব আবদুল লতিফ খ. সৈয়দ আমীর আলী গ. স্যার সৈয়দ আহমদ ঘ. হাজী মুহাম্মদ মুহসীন **উত্তর: ক**

১০. **বাংলায় মুসলমানদের মধ্যে আধুনিক শিক্ষা প্রচলনের জন্য কে অগ্রণী ভূমিকা পালন করেন?** [২৪তম বিসিএস]
ক. সৈয়দ আমীর আলী খ. নওয়াব আবদুল লতিফ গ. নওয়াব স্যার সলিমুল্লাহ ঘ. স্যার সৈয়দ আহমদ খান **উত্তর: খ**

১১. **ভারত মুসলমানদের ইংরেজী শিক্ষায় শিক্ষিত করার প্রয়াস পান যিনি -** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. হাজী শরিয়ত উল্লাহ খ. তিতুমীর গ. নবাব আবদুল লতিফ ঘ. নবাব সলিমুল্লাহ **উত্তর: গ**

১২. **বাঙ্গালি মুসলমানদের শিক্ষা প্রসারে গঠিত 'মোহামেডান লিটারারি সোসাইটি' এর প্রতিষ্ঠাতা কে? / 'মোহামেডান লিটারারি সোসাইটি' এর প্রতিষ্ঠাতা কে?** [এলজিইডি'র কমিউনিটি অর্গানাইজার: ২৩]
ক. নওয়াব আবদুল লতিফ খ. হাজী মুহম্মদ মুহসীন গ. সৈয়দ আমির আলী ঘ. স্যার সলিমুল্লাহ **উত্তর: ক**

১৩. **মুন্সী মেহেরুল্লাহর জন্ম তারিখ -** [উপজেলা / থানা শিক্ষা অফিসার: ৯৯]
ক. ২১ ডিসেম্বর, ১৮৫৬ খ. ২৬ জানুয়ারি, ১৮৬০ গ. ২৬ ডিসেম্বর, ১৮৬১ ঘ. ২৫ মার্চ, ১৮৬৫ **উত্তর: গ**

১৪. **'সেন্ট্রাল ন্যাশনাল মোহামেডান অ্যাসোসিয়েশন' কে গঠন করেন?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. নওয়াব আবদুল লতিফ খ. স্যার সৈয়দ আহমদ খান গ. সৈয়দ আমীর আলী ঘ. নওয়াব স্যার সলিমুল্লাহ **উত্তর: গ**

১৫. **'দ্য স্পিরিট অব ইসলাম' বইটির লেখক কে? / Who is the author of 'Spirits of Islam'?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. তিতুমীর খ. হাজী শরীয়তুল্লাহ গ. সৈয়দ আহমেদ ঘ. সৈয়দ আমীর আলী **উত্তর: ঘ**

১৬. **'এ শর্ট হিস্ট্রি অব দি সারাসিনস' বইয়ের রচয়িতা কে?** [ববিপ্রবি: ১৯-২০]
ক. সৈয়দ আমীর আলী খ. স্যার সৈয়দ আহমদ খান গ. নওয়াব আব্দুল লতিফ ঘ. হাজী মুহাম্মদ মুহসীন **উত্তর: ক**

১৭. **ভারতের মুসলিম জাগরণের প্রথম অগ্রদূত কে?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. এ. কে. ফজলুল হক খ. স্যার সৈয়দ আহমদ খান গ. নবাব সলিমুল্লাহ ঘ. আবুল কালাম আজাদ **উত্তর: খ**

১৮. **কোন সংস্থার সাথে সম্পৃক্ত থাকার জন্যে স্যার সৈয়দ আহমদ অমর হয়ে আছে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০০]
ক. মুসলিম লীগ খ. ওহাবী আন্দোলন গ. আলীগড় ঘ. ঋণ সালিশী বোর্ড **উত্তর: গ**

১৯. **আলীগড় বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা কে? / কার নেতৃত্বে আলীগড় আন্দোলন শুরু হয়?** [সুপ্রিম কোর্টের অফিস সহায়ক: ২১]
ক. সৈয়দ আমির আলী খ. সৈয়দ আহমদ ব্রেলভী গ. স্যার সৈয়দ আহমেদ ঘ. মাওলানা আবুল কালাম আজাদ **উত্তর: গ**

২০. **কোন সালে স্যার সৈয়দ আহমদ আলীগড় মুসলিম স্থাপন করেন?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক: ১০]
ক. ১৮৮৪ সালে খ. ১৯২০ সালে গ. ১৭৫৭ সালে ঘ. ১৮৮৫ সালে **উত্তর: খ**

২১. **কোন আন্দোলনটি ব্রিটিশ বিরোধী ছিল না?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]
ক. অসহযোগ খ. খেলাফত গ. ফরায়েজী ঘ. আলীগড় **উত্তর: ঘ**

২২. **কার নেতৃত্বে আলীগড় আন্দোলন শুরু হয়?** [শ্রম অধিদপ্তরের শ্রম অফিসার: ৯৪]
ক. সৈয়দ আমীর আলী খ. নবাব আব্দুল লতিফ গ. স্যার সৈয়দ আহমদ খান ঘ. ইসমাইল হোসেন সিরাজী **উত্তর: গ**

২৩. **আলীগড় ভারতের কোন রাজ্যে অবস্থিত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. মধ্য প্রদেশ খ. উত্তর প্রদেশ গ. পশ্চিমবঙ্গ ঘ. রাজস্থান **উত্তর: খ**

বিভাগপূর্ব রাজনীতি

০১. **ভারতের সবচেয়ে প্রাচীন রাজনৈতিক দল কোনটি?** [৩৮তম বিসিএস]
ক. ভারতীয় জনতা পার্টি খ. কমিউনিষ্ট পার্টি গ. ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস ঘ. বহুজন সমাজ পার্টি **উত্তর: গ**

০২. **১৮৮৫ সালে কোন রাজনৈতিক দলটির আত্মপ্রকাশ ঘটে?** [বিবি: ১৬-১৭]
ক. ভারতীয় জাতীয় কংগ্রেস খ. নিখিল ভারত গ. বিজেপি ঘ. সিপিএম **উত্তর: ক**

০৩. **ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠা করেন - / ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠার উদ্যোক্তা কে?** [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ২১]
ক. জওহরলাল নেহেরু খ. মহাত্মা গান্ধী গ. অক্টোভিয়ান হিউম ঘ. ইন্দিরা গান্ধী **উত্তর: গ**

০৪ **সর্বভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম সভাপতি -** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. অক্টোভিয়ান হিউম খ. আনন্দমোহন বসু গ. মতিলাল নেহেরু ঘ. উমেশচন্দ্র ব্যন্দ্যাপাধ্যায় **উত্তর: ঘ**

০৫. **কত সালে মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. ১৯০৩ সালে খ. ১৯০৪ সালে গ. ১৯০৫ সালে ঘ. ১৯০৬ সালে **উত্তর: ঘ**

০৬. **কে মুসলিম লীগ প্রতিষ্ঠা করেন?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. মাওলানা ভাসানী খ. নবাব সলিমুল্লাহ গ. সৈয়দ আমীর আলী ঘ. হাজী মুহম্মদ মুহসীন **উত্তর: খ**

০৭. **কোন শহরে নিখিল ভারত মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী পরিচালক: ২০]
ক. ফরিদপুরে খ. ঢাকায় গ. করাচিতে ঘ. কলকাতায় **উত্তর: খ**

০৮. **ব্রিটিশ পার্লামেন্টে ভারতীয় সদস্য কে ছিলেন? / কাকে 'Grand Old Man of India' বলা হয়? / কে 'গ্রান্ড ওল্ড ম্যান অব ইন্ডিয়া' নামে পরিচিত?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৮]
ক. দাদাভাই নওরোজি খ. রমেশ চন্দ্র দত্ত গ. মাওলানা মোহাম্মদ আলী ঘ. স্যার সৈয়দ আহমদ **উত্তর: ক**

০৯. **মর্লি-মিন্টো সংস্কার আইন হয় -** [বিডিবিএল'র অফিসার: ১৬]
ক. ১৯০৬ খ. ১৯০৯ গ. ১৯১১ ঘ ১৯১৬ **উত্তর: খ**

১০. **বেঙ্গল প্যাক্ট স্বাক্ষরিত হয় -** [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ১৬]
ক. ১৯২১ সালে খ. ১৯২৩ সালে গ. ১৯২৭ সালে ঘ. ১৯৩৫ সালে **উত্তর: খ**

১১. **বেঙ্গল প্যাক্ট কার উদ্যোগে স্বাক্ষরিত হয়?** [বিবি: ১৪-১৫]
ক. এ. কে ফজলুল হক খ. খাজা নাজিমউদ্দীন গ. সুভাস চন্দ্র বসু ঘ. চিত্তরঞ্জন দাশ **উত্তর: ঘ**

১২. **'দেশবন্ধু' উপাধি পেয়েছিলেন কোন রাজনীতিবিদ?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিভিলিয়ান স্টাফ অফিসার: ১৬]
ক. সুভাষ চন্দ্র বসু খ. এ. কে. ফজলুল হক গ. চিত্তরঞ্জন দাশ ঘ. শরৎচন্দ্র বসু **উত্তর: গ**

১৩. **সীমান্ত গান্ধী নামে পরিচিত -** [নৌবাহিনীর ক্যাশিয়ার: ২৩]
ক. রাজীব গান্ধী খ. আবদুল গাফফার খান গ. মহাত্মা গান্ধী ঘ. ইন্দিরা গান্ধী **উত্তর: খ**

১৪. **দ্বি-জাতি তত্ত্বের প্রবক্তা কে ছিলেন?** [ব্যাংক আলফালাহ'র এমটিও: ০৫]
ক. আল্লামা ইকবাল খ. স্যার সৈয়দ আহম্মদ গ. মোহাম্মদ আলী জিন্নাহ ঘ. স্যার সলিমুল্লাহ **উত্তর: গ**

১৫. **১৪ দফা উত্থাপন করেন -** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার: ১৭]
ক. গান্ধী খ. নেহেরু গ. জিন্নাহ ঘ. ফজলুল হক **উত্তর: গ**

১৬. **বিশ শতকের প্রথমার্ধে চিরস্থায়ী বন্দোবস্তের বিরুদ্ধে প্রধানত বাংলায় গড়ে ওঠে শক্তিশালী -** [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. ওয়াহাবী আন্দোলন খ. ফরায়েজী আন্দোলন গ. প্রজা আন্দোলন ঘ. স্বদেশী আন্দোলন **উত্তর: গ**

১৭. **বাংলাদেশের কোন নেতা কলকাতা করপোরেশনের মেয়র ছিলেন?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. শহীদ সোহরাওয়ার্দী খ. এ. কে. ফজলুল হক গ. মাওলানা ভাসানী ঘ. শেখ মুজিবুর রহমান **উত্তর: খ**

১৮. **এ. কে. ফজলুল হককে 'শেরে বাংলা' উপাধি দেয়া হয় -** [অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ক. ঢাকায় খ. রাওয়ালপিন্ডিতে গ. কলকাতায় ঘ. লাহোরে **উত্তর: ঘ**

১৯. **কৃষক প্রজা পার্টির প্রতিষ্ঠাতা -** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রধান সহকারী: ২১]
ক. মাওলানা ভাসানী খ. এ. কে. ফজলুল হক গ. আবুল হাশিম ঘ. সোহরাওয়ার্দী **উত্তর: খ**

২০. **কৃষক প্রজা পার্টি কত সালে প্রতিষ্ঠিত হয়?** [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ২১]
ক. ১৯৩৬ খ. ১৯০৫ গ. ১৯১১ ঘ. ১৯৪৭ **উত্তর: ক**

২১. **শেরে বাংলা এ. কে. ফজলুল হক কোন জেলার অধিবাসী ছিলেন?** [বিটিভি'র রিসার্চ অফিসার: ০৬]
ক. ঢাকা খ. কুমিল্লা গ. বরিশাল ঘ. সিরাজগঞ্জ **উত্তর: গ**

২২. **শেরে বাংলার পিতার নাম কী?** [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুটেন্ট: ০৫]
ক. মোহাম্মদ ওয়াজেদ খ. মোহাম্মদ ইকরাম আলী গ. মোহাম্মদ আবুল কাসেম ঘ. মোহাম্মদ আশরাফ আলী **উত্তর: ক**

২৩. **অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী** - [জবি: ১৭-১৮]
ক. সৈয়দ মাহমুদ খ. সৈয়দ আমীর আলী গ. নওয়াব আব্দুল লতিফ ঘ. এ. কে. ফজলুল হক **উত্তর: ঘ**

২৪. **বাংলায় ঋণ সালিশি আইন কার আমলে প্রণীত হয়?** [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক. এ. কে. ফজলুল হক খ. এইচ. এস. সোহরাওয়ার্দী গ. খাজা নাজিম উদ্দীন ঘ. নুরুল আমিন **উত্তর: ক**

২৫. **কোন নেতা জমিদারি প্রথা রদে প্রধান ভূমিকা পালন করেন?** [ঢাবি: ০৯-১০]
ক. আতাউর রহমান খান খ. মাওলানা ভাসানী গ. এ. কে. ফজলুল হক ঘ. হোসেন শহীদ সোহরাওয়ার্দী **উত্তর: গ**

২৬. **কবে এ. কে. ফজলুল হক পূর্ব বাংলার গভর্নর নিযুক্ত হোন?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. ১৯৫৪ সালে খ. ১৯৫৫ সালে গ. ১৯৫৬ সালে ঘ. ১৯৫৭ সালে **উত্তর: গ**

২৭. **কে লাহোর প্রস্তাব উত্থাপন করেন? / ১৯৪০ সালে লাহোর প্রস্তাবের উত্থাপক ছিলেন কে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. মোহাম্মদ আলী জিন্নাহ খ. শহীদ সোহরাওয়ার্দী গ. খাজা নাজিমউদ্দীন ঘ. এ. কে. ফজলুল হক **উত্তর: ঘ**

২৮. **ঐতিহাসিক লাহোর প্রস্তাব কত তারিখে উত্থাপিত হয়? / কখন লাহোর প্রস্তাব করা হয়? / লাহোর প্রস্তাব কত সালে গৃহীত হয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের টেকনিশিয়ান: ২৩]
ক. ১৩ ফেব্রুয়ারি, ১৯৮০ খ. ১৩ মার্চ, ১৯৪০ গ. ২৩ মার্চ, ১৯৪০ ঘ. ২৩ মার্চ, ১৯৪২ **উত্তর: গ**

২৯. **লাহোর প্রস্তাব ছিল** – [সিএজি কার্যালয়ের অডিটর: ৯৮]
ক. স্বাধীন বাংলা প্রস্তাব খ. ভারতে মুসলিম সংখ্যাগরিষ্ঠ এলাকার জন্য স্বাধীন রাষ্ট্রসমূহ গঠনের প্রস্তাব
গ. ভারত বিভাগের প্রস্তাব ঘ. পাকিস্তান প্রস্তাব **উত্তর: খ**

৩০. **অবিভক্ত বাংলার দ্বিতীয় মুখ্যমন্ত্রী** – [খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. আবুল হাসেম খ. এ. কে. ফজলুল হক গ. শহীদ সোহরাওয়ার্দী ঘ. খাজা নাজিমউদ্দীন **উত্তর: ঘ**

৩১. **কত সালে ভারত ছাড় আন্দোলন শুরু হয়?** [৪৫তম বিসিএস]
ক. ১৯১৭ খ. ১৯২৭ গ. ১৯৩৭ ঘ. ১৯৪২ **উত্তর: ঘ**

৩২. **ভারতে ১৯৪৩ সালের মনুষ্য সৃষ্ট দুর্ভিক্ষে ব্রিটিশ প্রধানমন্ত্রী হিসেবে কাকে দায়ী করা হয়?** [নিপোর্টের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. রানি ভিক্টোরিয়া খ. স্যার উইনস্টন চার্চিল গ. মার্গারেট থ্যাচার ঘ. টনি ব্লেয়ার **উত্তর: খ**

৩৩. **ভারতে ক্যাবিনেট মিশন কখন এসেছিল?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. ১৯৪০ সালে খ. ১৯৪৬ সালে গ. ১৯৪২ সালে ঘ. ১৯৮৭ সালে **উত্তর: খ**

৩৪. **ক্রীপস মিশন কোন উদ্দেশ্যে এদেশে আগমন করে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. অর্থনৈতিক খ. রাজনৈতিক গ. সামাজিক ঘ. সাংস্কৃতিক **উত্তর: খ**

৩৫. **১৯৪৬ সালে ভারতে প্রেরিত ব্রিটিশ মন্ত্রী মিশনের সদস্য কতজন ছিল?** [চবি: ১৪-১৫]
ক. ৪ জন খ. ৩ জন গ. ৫ জন ঘ. ২ জন **উত্তর: খ**

৩৬. **কে মন্ত্রী মিশনের সদস্য ছিলেন না?** [গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার: ০৫]
ক. স্যার স্টাফোর্ড ক্রিপস খ. ক্লিমেন্ট এটলি গ. এ. ভি. আলেকজান্ডার ঘ. লর্ড পেথিক লরেন্স **উত্তর: খ**

৩৭. **কোন বাঙালি নেতার নামের আগে নেতাজি বলা হয়?** [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রোগ্রামার: ১৬]
ক. চিত্তরঞ্জন দাশ খ. এ. কে. ফজলুল হক গ. মণি সিংহ ঘ. সুভাষচন্দ্র বসু **উত্তর: ঘ**

৩৮. **'আমাকে রক্ত দাও, আমি তোমাদের স্বাধীনতা দেব' কে বলেছিলেন?** [বিবি: ১৫-১৬]
ক. সুভাষচন্দ্র বসু খ. মহাত্মা গান্ধী গ. ইন্দিরা গান্ধী ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর: ক**

৩৯. **প্রত্যক্ষ সংগ্রাম দিবস ঘোষণা করে** – [জাবি: ১৫-১৬]
ক. মুসলিম লীগ খ. আওয়ামী লীগ গ. কংগ্রেস ঘ. হিন্দু মহাসভা **উত্তর: ক**

৪০. **Special Committee on the East Bengal State Acquisition and Tenancy Bill, 1948 এর চেয়ারম্যান কে ছিলেন?** [১০ম বিজেএস]
ক. এ. কে. ফজলুল হক খ. তাফাজ্জল আলী গ.আব্দুর রাশিদ তর্কবাগীশ ঘ. নাজির হোসেন খন্দকার **উত্তর: ক**

৪১. **কবে পূর্ববঙ্গ জমিদারি দখল ও প্রজাস্বত্ব আইন প্রণীত হয়?** [১৩তম বিসিএস]
ক. ১৯৫০ খ. ১৯৪৮ গ. ১৯৪৭ ঘ. ১৯৫৪ **উত্তর: ক**

৪২. **কত সালে জমিদারি প্রথা বিলুপ্ত হয়?** [নার্সিং অধিদপ্তরের মিডওয়াইফ: ২০]
ক. ১৯৪৭ সালে খ. ১৯৫০ সালে গ. ১৯৫২ সালে ঘ. ১৯৬৪ সালে **উত্তর: খ**

৪৩. **কত সালে চিরস্থায়ী বন্দোবস্তের অবসান হয়?** [বিআরইবি'র অফিস সহকারী: ১৬]
ক. ১৯০৫ খ. ১৯৫০ গ. ১৯৭২ ঘ. ১৯৪৭ **উত্তর: খ**

৪৪. **অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী কে ছিলেন?** [২৪ তম বিসিএস]
ক. শহীদ সোহরাওয়ার্দী খ. এ. কে. ফজলুল হক গ. খাজা নাজিমউদ্দীন ঘ. আবুল হাসেম **উত্তর: ক**

৪৫. **অবিভক্ত বাংলার সর্বশেষ গভর্নর ছিলেন** – [এনএসআই'র সহকারী ফিল্ড স্টাফ: ২৩]
ক. স্যার জন হাবার্ট খ. এডারসন গ. স্যার এফ বারোজ ঘ. আর. জি. কেসি **উত্তর: গ**

দেশ ভাগ

০১. **কোন সালে দ্বিতীয়বার বাংলা দ্বিখন্ডিত হয়েছে? / কত সালে দেশ ভাগ হয়েছিল?** [চবি: ০৭-০৮]
ক. ১৮৫৭ ক. ১৯০৫ গ. ১৯৭১ ঘ. ১৯৪৭ **উত্তর: ঘ**

০২. **দেশ বিভাগ কেন হয়েছিল?** [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক: ৯৫]
ক. খ্রিস্টান মুসলিম দ্বন্দ্বের জন্য খ. দ্বিজাতি তত্ত্বের জন্য গ. এগারো দফার জন্য ঘ. ছয় দফার জন্য **উত্তর: খ**

০৩. **ব্রিটিশ ভারতের শেষ ভাইসরয় বা বড়লাট বা গভর্নর জেনারেল কে ছিলেন?** [২৯তমবিসিএস]
ক. লর্ড ওয়াভেল খ. লর্ড কার্জন গ. লর্ড বেন্টিঙ্ক ঘ. লর্ড মাউন্টব্যাটেন **উত্তর: ঘ**

০৪. **কোন ব্রিটিশ শাসকের সময়ে ভারত উপমহাদেশ স্বাধীন হয়?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৩]
ক. লর্ড মাউন্ট ব্যাটেন খ. লর্ড কর্নওয়ালিস গ. লর্ড বেন্টিঙ্ক ঘ. লর্ড ডালহৌসি **উত্তর: ক**

০৫. **ভারত বিভক্তের সময় ইংল্যান্ডের প্রধানমন্ত্রী কে ছিলেন?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]
ক. এটলি খ. চার্চিল গ. ডিজরেইলি ঘ. গ্লাডস্টোন **উত্তর: ক**

০৬. **১৯৪৭ সালে গঠিত বেঙ্গল বাউন্ডারি কমিশনের চেয়ারম্যান কে ছিলেন?** [চবি: ১৯-২০]
ক. স্যার স্ট্যাফোর্ড ক্রিপস খ. লর্ড ওয়াভেল গ. সি.সি. বিশ্বাস ঘ. সিরিল র‍্যাডক্লিফ **উত্তর: ঘ**

০৭. **১৯৪৭ সালের সীমানা কমিশন কোন নামে পরিচিত?** [সিএজি কার্যালয়ের অডিটর: ১৪]
ক. র‍্যাডক্লিফ কমিশন খ. মাউন্টব্যাটেন কমিশন গ. ডুরান্ড কমিশন ঘ. স্যার মাকমোহন কমিশন **উত্তর: ক**

০৮. **১৯৪৭ সালে উপমহাদেশ বিভক্তির সময় ভারত ও পাকিস্তানের মধ্যে নিরূপিত সীমারেখা** – [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]
ক. ম্যাকমোহন লাইন খ. ডুরান্ড লাইন খ. ম্যানারহেইম লাইন ঘ. র‍্যাডক্লিফ লাইন **উত্তর: ঘ**

০৯. **'র‍্যাডক্লিফ লাইন' কোন দুইটি দেশের চিহ্নিত সীমারেখা?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৭]
ক. জার্মানি - ফ্রান্স খ. ভারত - পাকিস্তান খ. ভারত - জার্মানী ঘ. জার্মানী - পাকিস্তান **উত্তর: খ**

১০. **স্বাধীন ভারতের প্রথম গভর্নর জেনারেল কে?** [জাবি: ১৫-১৬]
ক. লর্ড ওয়াভেল খ. লর্ড মাউন্ট ব্যাটেন গ. জওহরলাল নেহেরু ঘ. এম. কে. গান্ধী **উত্তর: খ**
ব্যাখ্যা: ভারতের শেষ ভাইসরয় ও স্বাধীন ভারতের প্রথম গভর্নর জেনারেল ছিলেন লর্ড মাউন্টব্যাটেন এবং স্বাধীন ভারতের শেষ গভর্নর জেনারেল চক্রবর্তী রাজাগোপালাচারী। তবে স্বাধীন ভারতের প্রথম ও শেষ (একমাত্র) ভারতীয় গভর্নর জেনারেল চক্রবর্তী রাজাগোপালাচারী।

১১. **স্বাধীন ভারতের শেষ গভর্নর জেনারেল কে? / স্বাধীন ভারতের প্রথম ভারতীয় গভর্নর জেনারেল কে? / স্বাধীন ভারতের প্রথম ও শেষ ভারতীয় গভর্নর জেনারেল কে?** [উপজেলা বা থানা শিক্ষা অফিসার: ৯৯]
ক. জওহরলাল নেহেরু খ. লর্ড মাউন্ট ব্যাটেন গ. লর্ড ওয়াভেল ঘ. চক্রবর্তী রাজাগোপালচারী **উত্তর: ঘ**

১২. **কত সালে ভারতবর্ষে ব্রিটিশ শাসনের অবসান হয়?** [এনএসআই'র ফিল্ড অফিসার: ২১]
ক. ১৯৪৭ খ. ১৯৫২ গ. ১৯৬৮ ঘ. ১৯৭১ **উত্তর: ক**

১৩. **ব্রিটিশরা ভারতীয় উপমহাদেশ প্রায় কত বছর শাসন করে?** [প্রিমিয়ার ব্যাংক অফিসার: ০৯]
ক. ৫০০ খ. ৪৫০ গ. ৪০০ ঘ. ২০০ **উত্তর: ঘ**

১৪. **'পাকিস্তান' শব্দটি সর্বপ্রথম কে তৈরি করেন?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০০]
ক. আল্লামা ইকবাল খ. মোহাম্মদ আলী জিন্নাহ গ. লিয়াকত আলী খান ঘ. চৌধুরী রহমত আলী **উত্তর: ঘ**

১৫. **স্বাধীন পাকিস্তানের প্রথম গভর্নর জেলারেল কে?** [জাবি: ১৫-১৬]
ক. লিয়াকত আলী খান খ. মোহাম্মদ আলী জিন্নাহ গ. লর্ড ওয়াভেল ঘ. লর্ড মাউন্টব্যাটেন **উত্তর: খ**

১৬. **পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী কে?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৩]
ক. লিয়াকত আলী খান খ. ফ্রেডারিক বোর্ন গ. নুরুল আমিন ঘ. মোহাম্মদ আলী জিন্নাহ **উত্তর: ক**

১৭. **পাকিস্তান আমলে পূর্ব বাংলার প্রথম গভর্নর ছিলেন** – [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. খাজা নাজিমউদ্দিন খ. ফ্রেডারিক বোর্ন গ. নুরুল আমিন ঘ. ফিরোজ খান নুন **উত্তর: খ**

১৮. **পূর্ব বাংলার প্রথম মুখ্যমন্ত্রী ছিলেন** – [রাবি: ০১-০২]
ক. খাজা নাজিমউদ্দিন খ. কায়েদে আজম গ. নুরুল আমিন ঘ. লিয়াকত আলী খান **উত্তর: ক**

ভাষা আন্দোলন

০১. **পাকিস্তানে কত শতাংশ মানুষ বাংলাভাষী ছিল?** [জাবি: ১৫-১৬]
ক. ৭ খ. ৪৮ গ. ৫৬ ঘ. ৬৬ **উত্তর: গ**

০২. **ভাষা আন্দোলন শুরু হয়** – [ইবি: ০৬-০৭]
ক. ১৯৪৭ খ. ১৯৪৮ গ. ১৯৫০ ঘ. ১৯৫২ **উত্তর: ক**

০৩. **১৯৪৭ সালে পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী ছিলেন** – [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক: ৯৬]
ক. নুরুল আমিন খ. আতাউর রহমান গ. খাজা নাজিমউদ্দীন ঘ. আবু হোসেন সরকার **উত্তর: গ**

০৪. **ভাষা আন্দোলনের প্রথম পর্যায়ে পূর্ববঙ্গের মুখ্যমন্ত্রী কে ছিলেন?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৬]
ক. আতাউর রহমান খান খ. নুরুল আমিন গ. খাজা নাজিমুদ্দিন ঘ. আবু হোসেন সরকার **উত্তর: গ**

০৫. **কিসের ভিত্তিতে পূর্ব বাংলায় ভাষা আন্দোলন হয়েছিল?** [৩৮তম বিসিএস]
ক. দ্বি-জাতিতত্ত্ব খ. সামাজিক চেতনা গ. অসাম্প্রদায়িকতা ঘ. বাঙালি জাতীয়তাবাদ **উত্তর: ঘ**

০৬. **বাঙালি জাতীয়তাবাদের মূল ভিত্তি হলো** – [ঢাবি: ১৯-২০]
ক. আঞ্চলিকতা খ. ধর্ম গ. রাজনীতি ঘ. ভাষা ও সংস্কৃতি **উত্তর: ঘ**

০৭. **রাষ্ট্রভাষার আন্দোলন অঙ্কুরিত হয় ১৯৪৭ সালে, মহীরুহে পরিণত হয় –** [টেলিযেলোযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা: ০৩]
ক. ১৯৪৮ সালে খ. ১৯৪৯ সালে গ. ১৯৫১ সালে ঘ. ১৯৫২ সালে **উত্তর: ঘ**

০৮. **'তমদ্দুন মজলিশ' ছিল একটি –** মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. সাংস্কৃতিক প্রতিষ্ঠান খ. সামাজিক প্রতিষ্ঠান গ. রাজনৈতিক প্রতিষ্ঠান ঘ. দাতব্য প্রতিষ্ঠান **উত্তর: ক**

০৯. **'তমদ্দুন মজলিশ' কত সালে প্রতিষ্ঠিত হয়?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের চিফ ইন্সট্রাক্টর: ০৫]
ক. ২ সেপ্টেম্বর, ১৯৪৬ খ. ১ বা ২ সেপ্টেম্বর, ১৯৪৭ গ. ২ সেপ্টেম্বর, ১৯৪৮ ঘ. ২ সেপ্টেম্বর, ১৯৫০ **উত্তর: খ**

১০. **ভাষা আন্দোলনের সাথে জড়িত প্রতিষ্ঠান 'তমদ্দুন মজলিশ' কার নেতৃত্বে গঠিত হয়? / তমদ্দুন মজলিস কে প্রতিষ্ঠা করেন?** [৪৪তম বিসিএস]
ক. অধ্যাপক আবুল কাসেম খ. কামরুদ্দিন আহমদ গ. আবদুল মতিন ঘ. আবদুস সালাম **উত্তর: ক**

১১. **বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে প্রথম কোন সংগঠনটি প্রতিষ্ঠিত হয়?** [আইইআর'র উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর: ২০]
ক. একাডেমি সংঘ খ. ভাষা আন্দোলন মঞ্চ গ. তমদ্দুন মজলিশ ঘ. বাংলা ভাষা আন্দোলন কেন্দ্র **উত্তর: গ**

১২. **রাষ্ট্রভাষা আন্দোলনে কোন সংস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে?** [৪২তম বিসিএস]
ক. তমদ্দুন মজলিশ খ. ভাষা পরিষদ গ. আমরা বাঙালি ঘ. মাতৃভাষা পরিষদ **উত্তর: ক**

১৩. **ভাষা আন্দোলনের একজন পথপ্রদর্শক হিসেবে খ্যাত কে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. জ্যোতির্ময় গুহ ঠাকুরদা খ. জিতেন ঘোষ গ. ধীরেন্দ্রনাথ দত্ত ঘ. মুহম্মদ আব্দুল হাই **উত্তর: গ**

১৪. **কে প্রথম পাকিস্তান শাসনতান্ত্রিক পরিষদের ধারা বিবরণীতে বাংলা ভাষা ব্যবহারের দাবি করেছিলেন?** [২৪তম বিসিএস]
ক. আবুল হাশেম খ. শেখ মুজিবুর রহমান গ. ড. মুহাম্মদ শহীদুল্লাহ ঘ. ধীরেন্দ্রনাথ দত্ত **উত্তর: ঘ**

১৫. **পাকিস্তানের গণপরিষদে উর্দুর পাশাপাশি বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবি কে জানিয়েছিলেন? / ১৯৪৮ সালের ২৩ ফেব্রুয়ারি পাকিস্তান গণপরিষদে বাংলা ভাষাকে গণপরিষদের অন্যতম ভাষা হিসেবে ব্যবহারের প্রস্তাব রাখেন কে?** [৩৫তম বিসিএস]
ক. তমিজউদ্দীন খান খ. সৈয়দ আজমত খান গ. ধীরেন্দ্রনাথ দত্ত ঘ. মনোরঞ্জন ধর **উত্তর: গ**

১৬. **কখন বাংলা ভাষাকে রাষ্ট্রভাষার মর্যাদা দেওয়ার দাবিতে প্রথম ধর্মঘট হয়? / বঙ্গবন্ধু ভাষা আন্দোলনের জন্য কত তারিখে গ্রেফতার হয়েছিলেন?** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার: ১৭]
ক. ১১ মার্চ, ১৯৪৭ খ. ১১ মার্চ, ১৯৪৮ গ. ১৭ মার্চ, ১৯৪৯ ঘ. ৭ মার্চ, ১৯৫৭ **উত্তর: খ**

১৭. **১৯৪৮-১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময়ে প্রতিবছর ভাষা দিবস বলে যে দিনটি পালন করা হতো –** [বিসিকের প্রকাশনা কর্মকর্তা: ২৩]
ক. ৩০ জানুয়ারি খ. ২৬ ফেব্রুয়ারি গ. ১১ মার্চ ঘ. ২১ এপ্রিল **উত্তর: গ**

১৮. **১৯৪৮ সালের ২১ মার্চ ঢাকার রেসকোর্স ময়দানে তৎকালীন পাকিস্তানের একজন নেতা ঘোষণা করেন 'উর্দু এবং একমাত্র উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা।' কে এই নেতা?** [সোনালী ব্যাংকের অফিসার: ৯৮]
ক. খাজা নাজিমউদ্দীন খ. লিয়াকত আলী খান গ. মোহাম্মদ আলী জিন্নাহ ঘ. আইয়ুব খান **উত্তর: গ**

১৯. **কত সালে রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয়?** [আবাআখা প্রকল্পের জেলা সমন্বয়কারী: ১৭]
ক. ১৯২০ সালে খ. ১৯৪৭ সালে গ. ১৯৫০ সালে ঘ. ১৯৫২ সালে **উত্তর: খ**

২০. **ভাষা আন্দোলনের সময় 'পূর্ববাংলা ভাষা কমিটি' এর সভাপতি কে ছিলেন?** [জাবি: ১২-১৩]
ক. ড. মুহম্মদ শহীদুল্লাহ খ. আবদুল মতিন গ. আকরাম খাঁ ঘ. মহিউদ্দিন আহমেদ **উত্তর: গ**

২১. **কত জন সদস্যের সমন্বয়ে আকরাম খান শিক্ষা কমিটি গঠিত হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]
ক. ১৫ জন খ. ১৬ জন গ. ১৭ জন ঘ. ১৮ জন **উত্তর: গ**

২২. **কোন সালে সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটি গঠিত হয়? / রাষ্ট্রভাষা বাংলার দাবিতে দ্বিতীয়বারের মতো গঠিত 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' কবে গঠিত হয়?** [৪৫তম বিসিএস]
ক. ২ মার্চ, ১৯৪৮ খ. ১২ মার্চ, ১৯৫০ গ. ২২ মার্চ, ১৯৫২ ঘ. ২৪ মার্চ, ১৯৫৪ **উত্তর: ক**

২৩. **সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ বা কমিটি গঠিত হয়?** [৩৬তম বিসিএস]
ক. ২০ জানুয়ারি, ১৯৫২ খ. ২ ফেব্রুয়ারি, ১৯৫২ গ. ১৮ ফেব্রুয়ারি, ১৯৫২ ঘ. ৩০ বা ৩১ জানুয়ারি, ১৯৫২ **উত্তর: ঘ**

২৪. **সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ বা কমিটির আহবায়ক কে ছিলেন?** [ডিএমএলসি'র জুনিয়র শিক্ষক: ২৩]
ক. আবদুল মতিন খ. সৈয়দ নুরুল আলম গ. ডাক্তার গোলাম মাওলা ঘ. কাজী গোলাম মাহবুব **উত্তর: ঘ**

২৫. **১৯৫২ সালে পূর্ববাংলার মুখ্যমন্ত্রী কে ছিলেন?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অফিসার: ৯৯]
ক. খাজা নাজিমউদ্দীন খ. নুরুল আমিন গ. আতাউর রহমান খান ঘ. আবু হোসেন সরকার **উত্তর: খ**

২৬. **ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন?** [১৩তম বিসিএস]
ক. খাজা নাজিমউদ্দীন খ. নুরুল আমিন গ. লিয়াকত আলী খান ঘ. মোহাম্মদ আলী জিন্নাহ **উত্তর: ক**

২৭. **১৯৫২ সালে ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের গর্ভনর জেনরেল কে ছিলেন?** [সিএজি কার্যালয়ের অডিটর: ১৪]
ক. খাজা নাজিমউদ্দীন খ. মোহাম্মদ আলী জিন্নাহ গ. নূরুল আমীন ঘ. মালিক গোলাম মোহাম্মদ **উত্তর: ঘ**

২৮. **১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলা সাল কত ছিল?** [আবাআখা প্রকল্পের জেলা সমন্বয়কারী: ১৭]
ক. ১৩৫৮ খ. ১৩৫৯ গ. ১৩৭০ ঘ. ১৩৭১ **উত্তর: ক**

২৯. **১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলা কত তারিখ ছিল? / ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলা ফাল্গুন মাসের কত তারিখ ছিল?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ৮ ফাল্গুন খ. ৯ মাঘ গ. ৩১ পৌষ ঘ. ২৯ মাঘ **উত্তর: ক**

৩০. **১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি কী বার ছিল?** [ঢাবি: ০৮-০৯]
ক. বৃহস্পতিবার খ. শুক্রবার গ. শনিবার ঘ. রবিবার **উত্তর: ক**

৩১. **১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারির প্রথম শহিদ - / বায়ান্নর ভাষা আন্দোলনের প্রথম শহিদ -** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. রফিক খ. সালাম গ. বরকত ঘ. জব্বার **উত্তর: ক**
ব্যাখ্যা: বায়ান্নর ভাষা আন্দোলনের শহিদ হয়েছেন আবুল বরকত, আবদুস সালাম, আব্দুল জব্বার, রফিক উদ্দিন আহমেদ, শফিউর রহমান।

৩২. **১৯৫২ সালের ভাষা আন্দোলনে শহিদ আবুল বরকতের ডাক নাম কী ছিল?** [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক: ২৩]
ক. খোকা খ. আবাই গ. আবু ঘ. আবুল **উত্তর: খ**

৩৩. **বায়ান্নর ভাষা শহিদদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন -** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]
ক. আব্দুস সালাম খ. আবুল বরকত গ. রফিক উদ্দিন ঘ. সকলেই **উত্তর: খ**

৩৪. **ভাষার জন্য যারা প্রাণ দিয়েছেন, তাঁদের একজনের নাম - / বাংলা ভাষার জন্য প্রাণ দিয়েছেন কে?** [এনএসআই'র ওয়্যারলেস অপারেটর: ২১]
ক. ইকবাল খ. আসাদ গ. সালাম ঘ. নূর হোসেন **উত্তর: গ**

৩৫. **বাংলাদেশের ভাষা আন্দোলনে শহিদ হয়েছেন কে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্রাফট ইন্সট্রাক্টর: ২১]
ক. আসাদ খ. নুর হোসেন গ. মোস্তফা কামাল ঘ. বরকত **উত্তর: ঘ**

৩৬. **কে ভাষা শহিদ নন?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. নূর হোসেন খ. রফিক গ. জব্বার ঘ. সালাম **উত্তর: ক**

৩৭. **১৯৫২ সালের কোন তারিখে প্রথম শহিদ স্মৃতি স্তম্ভটি তৈরি করা হয়? / ১৯৫২ সালের ভাষা আন্দোলনে কবে প্রথম শহিদ মিনার তৈরি হয়?** [বেবিচকের নিরাপত্তা অফিসার: ২১]
ক. ২১ ফেব্রুয়ারি খ. ২২ ফেব্রুয়ারি গ. ২৩ ফেব্রুয়ারি ঘ. ২৪ ফেব্রুয়ারি **উত্তর: গ**

৩৮. **কেন্দ্রীয় শহিদ মিনারের স্থপতি বা নকশাকার কে?** [২৭তম বিসিএস]
ক. হামিদুর রহমান খ. শামীম সিকদার গ. আমিনুল ইসলাম ঘ. নিতুন কুন্ডু **উত্তর: ক**

৩৯. **ঢাকায় কেন্দ্রীয় শহিদ মিনার কে উন্মোচন করেন?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]
ক. শহিদ শফিউরের বাবা খ. শহিদ জব্বারের বাবা গ. শহিদ বরকতের মা ঘ. শহিদ সালামের বাবা **উত্তর: গ**

৪০. **নিচের কোন স্থানটি অন্য স্থানগুল হতে আলাদা?** [ফায়ার সার্ভিসের স্টাফ অফিসার: ২৩]
ক. মুজিবনগর খ. থিয়েটার রোড, কলকাতা গ. রেসকোর্স ময়দান ঘ. কেন্দ্রীয় শহিদ মিনার **উত্তর: ঘ**

৪১. **৭১ ফুট উচ্চতা বিশিষ্ট দেশের সর্বোচ্চ শহিদ মিনার কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৭]
ক. কেন্দ্রীয় শহিদ মিনার খ. কুয়েট শহিদ মিনার গ. বুয়েট শহিদ মিনার ঘ. জাহাঙ্গীরনগর শহিদ মিনার **উত্তর: ঘ**

৪২. **রাজশাহী বিশেবিদ্যালয়ের শহিদ মিনারের নকশা কে করেন?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. শিল্পী ফনিভূষণ খ. শিল্পী মুর্তজা বশীর গ. শিল্পী নিতুন কুন্ডু ঘ. শিল্পী মৃণাল হক **উত্তর: খ**

৪৩. **বাংলাদেশের বাইরে কোন দেশে প্রথম শহিদ মিনার স্থাপিত হয়?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]
ক. অষ্ট্রেলিয়া খ. যুক্তরাজ্য গ. যুক্তরাষ্ট্র ঘ. চীন **উত্তর: খ**

৪৪. **বাংলাদেশের বাহিরে কোন মুসলিম দেশে সর্বপ্রথম শহিদ মিনার নির্মিত হয়?** [বেরোবি: ০৮-০৯]
ক. বাহরাইনে খ. সংযুক্ত আরব আমিরাতে গ. মিশরে ঘ. ওমানে **উত্তর: ঘ**

৪৫. **১৯৫২ সালের তৎকালীন ভাষা আন্দোলন কিসের জন্ম দিয়েছিল?** [১৪তম বিসিএস]
ক. এক রাজনৈতিক মতবাদের খ. এক সাংস্কৃতিক আন্দোলনের গ. এক নতুন জাতীয় চেতনার ঘ. এক নতুন সমাজ ব্যবস্থার **উত্তর: গ**

৪৬. **২১ ফেব্রুয়ারি প্রথম শহিদ দিবস পালিত হয় -** [অগ্রণী ব্যাংকের অফিসার: ০৮]
ক. ১৯৫২ সালে খ. ১৯৫৩ সালে গ. ১৯৫৮ সালে ঘ. ১৯৫৫ সালে **উত্তর: খ**

৪৭. **বাংলা ভাষাকে পাকিস্তান গণপরিষদ কোন তারিখে অন্যতম রাষ্ট্রভাষা হিসাবে স্বীকৃতি দেয়?** [৩৬তম বিসিএস]
ক. ৯ মে, ১৯৫৪ খ. ২২ ফেব্রুয়ারি, ১৯৫৩ গ. ১৬ ফেব্রুয়ারি, ১৯৫৬ ঘ. ২১ ফেব্রুয়ারি, ১৯৫২ **উত্তর: ক**

৪৮. **কত সালে বাংলা ভাষাকে সাংবিধানিকভাবে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয়?** [আবাআখা প্রকল্পের উপজেলা সমন্বয়কারী:১৭]
ক. ২৩ মার্চ, ১৯৫২ খ. ২৩ মার্চ, ১৯৫৪ গ. ২৩ মার্চ, ১৯৫৬ ঘ. ২৩ মার্চ, ১৯৬২ **উত্তর: গ**

৪৯. **ভাষা আন্দোলনের ফলে কোন প্রতিষ্ঠানটি সৃষ্টি হয়?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. এশিয়াটিক সোসাইটি খ. বাংলা একাডেমি গ. ঢাকা বিশ্ববিদ্যালয় ঘ. শিল্পকলা একাডেমি **উত্তর: খ**

৫০. **বাঙালি জাতিসত্তার প্রতীক কী?** [মাউশি অধিদপ্তরের ল্যাবরেটরী সহকারী: ২১]
ক. ভাষা একাডেমি খ. শিল্পকলা একাডেমি গ. জাতীয় জাদুঘর ঘ. বাংলা একাডেমি **উত্তর: ঘ**

৫১. **কবে বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয়?** [২৯তম বিসিএস]
ক. ১৯ ডিসেম্বর, ১৯৭০ খ. ৩ ডিসেম্বর, ১৯৫৫ গ. ২১ ফেব্রুয়ারি, ১৯৭১ ঘ. ১৬ ডিসেম্বর, ১৯৭২ **উত্তর: খ**

৫২. **বাংলা ভাষা ও সাহিত্য উন্নয়নে কোন প্রতিষ্ঠানটি সর্বাধিক খ্যাতি লাভ করেছে?** [উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা: ০৬]
ক. শিল্পকলা একাডেমি খ. শিশু একাডেমি গ. এশিয়াটিক সোসাইটি ঘ. বাংলা একাডেমি **উত্তর: ঘ**

৫৩. **বাংলা একাডেমির প্রথম মহাপরিচালক কে ছিলেন?** [২৬তম বিসিএস]
ক. প্রফেসর আব্দুল হাই খ. ড. মুহাম্মদ শহীদুল্লাহ গ. কাজী মোতাহার হোসেন ঘ. অধ্যাপক মাযহারুল ইসলাম **উত্তর: ঘ**

৫৪. **বাংলা একাডেমির প্রথম নারী মহাপরিচালক কে?** [বাবি: ১৩-১৪]
ক. নীলিমা ইব্রাহিম খ. বেগম সুফিয়া কামাল গ. লিলি ইসলাম ঘ. সনজিদা খাতুন **উত্তর: ক**

৫৫. **বাংলা একাডেমির প্রথম পরিচালক কে?** [বেবিচকের উপ-সহকারী প্রকৌশলী: ২১]
ক. কাজী মোতাহার হোসেন খ. ড. এনামুল হক গ. প্রফেসর আব্দুল হাই ঘ. মাযহারুল ইসলাম **উত্তর: খ**

৫৬. **বাংলা একাডেমির বর্তমান মহাপরিচালকের নাম কী?** [ঢাবি: ১৮-১৯]
ক. মুহম্মদ নূরুল হুদা খ. হাবিবুল্লাহ সিরাজী গ. আনিসুজ্জামান ঘ. আনোয়ার হোসেন **উত্তর: ক**

৫৭. **বাংলা একাডেমির বর্তমান সভাপতির নাম কী?** [রপ্তানি উন্নয়ন ব্যুরোর সহকারী পরিচালক: ২২]
ক. মুহম্মদ নূরুল হুদা খ. হাবিবুল্লাহ সিরাজী গ. আনিসুজ্জামান ঘ. সেলিনা হোসেন (২২তম) **উত্তর: ঘ**

৫৮. **বাংলা একাডেমির মূল ভবনের নাম কী ছিল?** [২২তম বিসিএস]
ক. বর্ধমান হাউজ খ. বাংলা ভবন গ. আহসান মঞ্জিল ঘ. চামেলি হাউজ **উত্তর: ক**

৫৯. **বাংলা একাডেমির মূল মিলনায়তনটি কার নামে?** [বিবিএস'র ডাটা এন্ট্রি অপারেটর: ১৬]
ক. ড. মুহাম্মদ শহীদুল্লাহ খ. শামসুর রাহমান গ. ভাষা শহিদ বরকত ঘ. আবদুল করিম সাহিত্য বিশারদ **উত্তর: ঘ**

৬০. **নজরুল মঞ্চ কোথায় অবস্থিত?** [দুদকের সহকারী পরিচালক: ২০]
ক. এশিয়াটিক সোসাইটি খ. নজরুল বিশ্ববিদ্যালয় গ. বাংলা একাডেমি ঘ. ঢাকা বিশ্ববিদ্যালয় **উত্তর: গ**

৬১. **কোথায় নজরুল স্মৃতিকক্ষ নির্মাণ করা হয়েছে?** [জাককানইবি: ১১-১২]
ক. বাংলা একাডেমিতে খ. চারুকলা ইনস্টিটিউটে গ. কলা ভবনে ঘ. ময়মনসিংহে **উত্তর: ক**

৬২. **ভাষা শহিদদের স্মরণে নির্মিত ভাস্কর্যের নাম কী?** [বিআরইবি'র হিসাবরক্ষক: ১৫]
ক. অপরাজেয় বাংলা খ. অঙ্গীকার গ. মোদের আশা ঘ. মোদের গরব **উত্তর: ঘ**

৬৩. **বাংলা একাডেমিতে ভাষা আন্দোলনের শহিদদের স্মরণে নির্মিত ভাস্কর্যের নাম কী?** [চবি: ১৭-১৮]
ক. ভাষার কথা খ. ভাষার স্বাধীনতা গ. মোদের গরব ঘ. দুরন্ত **উত্তর: গ**

৬৪. **অমর একুশে ভাস্কর্যটি কোথায় অবস্থিত?** [জাবি: ১৮-১৯]
ক. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খ. খুলনা বিশ্ববিদ্যালয় গ. ঢাকা বিশ্ববিদ্যালয় ঘ. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় **উত্তর: ঘ**

৬৫. **একুশে গ্রন্থমেলার আয়োজক সংস্থার নাম কী?** [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা: ১৬]
ক. শিল্পকলা একাডেমি খ. গ্রন্থাগার অধিদপ্তর গ. শিক্ষা অধিদপ্তর ঘ. বাংলা একাডেমি **উত্তর: ঘ**

৬৬. **কত সালে বাংলা একাডেমি প্রাঙ্গণে বইমেলা চালু হয়?** [বেবিচকের ড্রাফটসম্যান: ২১]
ক. ১৯৬০ খ. ১৯৭৮ গ. ১৯৮০ ঘ. ১৯৮২ **উত্তর: খ**

৬৭. **আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কোনটি?** [বিএডিসি'র ড্রাইভার: ২৩]
ক. ১৪ এপ্রিল খ. ১৬ ডিসেম্বর গ. ২১ ফেব্রুয়ারি ঘ. ২৬ মার্চ **উত্তর: গ**

৬৮. **আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের উদ্দেশ্য –** [ডাক বিভাগের এস্টিমেটর: ১৮]
ক. ভাষা অধিকার খ. মাতৃভাষার জনপ্রিয়তা গ. মাতৃভাষার বিদেশে প্রচার ঘ. মাতৃভাষার আন্তর্জাতিক স্বীকৃতি **উত্তর: ক**

৬৯. **কোন আন্তর্জাতিক সংস্থা ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করেছে?** [৩৪তম বিসিএস]
ক. ইউনিসেফ খ. আইএমএফ গ. ইউএনডিপি ঘ. ইউনেস্কো **উত্তর: ঘ**

৭০. **ইউনেস্কোর কততম সম্মেলনে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয়?** [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. ৩০তম খ. ৩১তম গ. ৩২তম ঘ. ৩৩তম **উত্তর: ক**

৭১. **কবে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয়? / কবে প্যারিসে অনুষ্ঠিত ইউনেস্কোর সাধারন পরিষদের সম্মেলন থেকে একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয়? / আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কোন সালে স্বীকৃতি লাভ করে?** [বেবিচকের উচ্চমান সহকারী: ২১]
ক. ১৭ নভেম্বর, ১৯৯৯ খ. ১৭ নভেম্বর, ২০০০ গ. ১৯ নভেম্বর, ১৯৯৯ ঘ. ২১ নভেম্বর, ১৯৯৯ **উত্তর: ক**

৭২. **কত সাল থেকে ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হচ্ছে?** [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২১]
ক. ১৯৯৮ খ. ১৯৯৯ গ. ২০০০ ঘ. ২০০১ **উত্তর: গ**

৭৩. **আন্তর্জাতিক মাতৃভাষা দিবস প্রথম বছরে কতটি দেশ পালন করেছে?** [বিটিভি'র রিসার্চ অফিসার: ০৬]
ক. ১৭৬ খ. ১৭৮ গ. ১৮৮ ঘ. ১৯০ **উত্তর: গ**

৭৪. **আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে কোন দেশ বাংলাদেশের কেন্দ্রীয় শহিদ মিনারের ছবি সম্বলিত ডাকটিকেট প্রকাশ করেছে?** [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. যুক্তরাষ্ট্র খ. যুক্তরাজ্য গ. কানাডা ঘ. ভারত **উত্তর: ক**

৭৫. **কোন বিদেশি রাষ্ট্র বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে? / কোন দেশ বাংলা ভাষাকে তাদের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছে? / বাংলাকে কোন দেশের দ্বিতীয় রাষ্ট্রভাষা করা হয়েছে? / বাংলা কোন দেশের দ্বিতীয় সরকারি ভাষা?** [৪৪তম বিসিএস]
ক. রুয়ান্ডা খ. সিয়েরালিয়ন গ. সুদান ঘ. লাইবেরিয়া **উত্তর: খ**

৭৬. **ভারতের কোন রাজ্যে বাংলা ভাষাকে দ্বিতীয় সরকারি ভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ১৬]
ক. আসাম খ. মিজোরাম গ. ত্রিপুরা ঘ. ঝাড়খন্ড **উত্তর: ঘ**

৭৭. **বাংলাদেশের বাইরে বিশ্বের প্রথম মাতৃভাষা স্মৃতিসৌধটি নির্মিত হয় কোথায়?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. ব্রিজবেন, অস্ট্রেলিয়া খ. পার্থ, অস্ট্রেলিয়া গ. সিডনি, অস্ট্রেলিয়া ঘ. মেলবোর্ন, অস্ট্রেলিয়া **উত্তর: গ**

৭৮. **বাংলাদেশ সরকার 'বাংলা ভাষা প্রচলন আইন' পাস করে - / সর্বস্তরে বাংলা ভাষা প্রচলন আইন কত সালে পাশ হয়?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রধান সহকারী: ২১]
ক. ১৯৭২ সালে খ. ১৯৭৫ সালে গ. ১৯৮৭ সালে ঘ. ১৯৯৯ সালে **উত্তর: গ**

৭৯. **কখন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট নির্মাণ কাজের উদ্বোধন হয়?** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ৯৪]
ক. ১৫ মার্চ, ১৯৯৯ খ. ১৫ মার্চ, ২০০০ গ. ১৫ মার্চ, ২০০১ ঘ. ২১ মার্চ, ২০০২ **উত্তর: গ**

৮০. **কত সালে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়?** [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২১]
ক. ১৯৯৮ সালে খ. ১৯৯৯ সালে গ. ২০০০ সালে ঘ. ২০০১ সালে **উত্তর: ঘ**

৮১. **আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?** [১০ম প্রভাষক নিবন্ধন]
ক. সেগুনবাগিচা, ঢাকা খ. বেইজিং, চীন গ. প্যারিস, ফ্রান্স ঘ. জাতিসংঘ ভবন, নিউইয়র্ক **উত্তর: ক**

৮২. **বিশ্বের প্রথম ভাষা জাদুঘর কোথায়?** [বিএমইটি'র অফিস সহায়ক: ২৩]
ক. প্যারিস, ফ্রান্স খ. নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র গ. কলকাতা, ভারত ঘ. ঢাকা, বাংলাদেশ **উত্তর: ঘ**

যুক্তফ্রন্ট নির্বাচন

০১. **পূর্ব বাংলায় যুক্তফ্রন্ট কত সালে গঠন করা হয়?** [ফায়ার সার্ভিসের স্টাফ অফিসার: ২৩]
ক. ১৯৫৩ সালে খ. ১৯৫৪ সালে গ. ১৯৫৫ সালে ঘ. ১৯৫৬ সালে **উত্তর: ক**

০২. **যুক্তফ্রন্টে রাজনৈতিক দলের সংখ্যা -** [পল্লী উন্নয়ন একাডেমির সহকারী পরিচালক: ১৪]
ক. চার ক. পাঁচ গ. তিন ঘ. ছয় **উত্তর: ক**

০৩. **১৯৫৪ সালে পূর্ব পাকিস্তান প্রাদেশিক নির্বাচনে যুক্তফ্রন্টভুক্ত রাজনৈতিক দল নয় -** [বিকেবি'র সুপারভাইজার: ০৪]
ক. আওয়ামী লীগ খ. কৃষক প্রজা পার্টি গ. নেজামে ইসলাম ঘ. ন্যাশনাল আওয়ামী পার্টি **উত্তর: ঘ**

০৪. **কত সালে পূর্ব বাংলা প্রাদেশিক নির্বাচন অনুষ্ঠিত হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. ১৯৫২ সালে খ. ১৯৫৪ সালে গ. ১৯৫৬ সালে ঘ. ১৯৫৭ সালে **উত্তর: খ**

০৫. **১৯৫৪ সালের সাধারণ নির্বাচনে যুক্তফ্রন্টের নির্বাচনি ইশতেহারে কয়টি দফা ছিল?** [১৪তম প্রভাষক নিবন্ধন]
ক. ১০ দফা খ. ১৬ দফা গ. ২১ দফা ঘ. ২৬ দফা **উত্তর: গ**

০৬. **যুক্তফ্রন্টের ২১ দফার খসড়া প্রণয়ন করেন কে?** [ডিএমএলসি'র জুনিয়র শিক্ষক: ২৩]
ক. এ. কে. ফজলুল হক খ. মাওলানা ভাসানী গ. হাবিবুর রহমান ঘ. আবুল মনসুর আহমদ **উত্তর: ঘ**

০৭. **ঐতিহাসিক ২১ দফা দাবির প্রথম দাবি কী ছিল?** [২৮তম বিসিএস]
ক. প্রাদেশিক স্বায়ত্তশাসন খ. বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করা
গ. পূর্ব বাংলার অর্থনৈতিক বৈষম্য দূরীকরণ ঘ. বিনা ক্ষতিপূরণে জমিদারী স্বত্বের উচ্ছেদ সাধন **উত্তর: খ**

০৮. **১৯৫৪ সালে পূর্ব বাংলায় নির্বাচনের মূলমন্ত্র কী ছিল?** [বিআইডব্লিউটিএ'র সহকারী কোষাধ্যক্ষ: ২৩]
ক. স্বাধীনতা খ. ক্ষমতার পরিবর্তন গ. পূর্ণ স্বায়ত্তশাসন ঘ. অর্থনৈতিক মুক্তি **উত্তর: গ**

০৯. **১৯৫৪ সালের পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদ নির্বাচনে যুক্তফ্রন্টের প্রতীক কী ছিল?** [৩৭তম বিসিএস]
ক. ধানের শীষ খ. নৌকা গ. লাঙ্গল ঘ. বাইসাইকেল **উত্তর: খ**

১০. **পূর্ব বাংলা প্রাদেশিক পরিষদে কতটি আসন ছিল?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্রাফট ইন্সট্রাক্টর: ২১]
ক. ২৫০টি খ. ২৭৫টি গ. ৩০০টি ঘ. ৩০৯টি **উত্তর: ঘ**

১১. **১৯৫৪ সালের নির্বাচনে কোন দল জয়লাভ করে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. মুসলিম লীগ খ. কংগ্রেস গ. ন্যাপ ঘ. যুক্তফ্রন্ট **উত্তর: ঘ**

১২. **১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্ট কতটি আসন লাভ করে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ২৮০টি খ. ২২৩টি গ. ২৯৮টি ঘ. ১৭১টি **উত্তর: খ**

১৩. **১৯৫৪ সালে পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদ নির্বাচনে কোন শ্রেণির প্রভাব পরিলক্ষিত হয়?** [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. নিম্নবিত্ত শিক্ষিত শ্রেণি খ. মধ্যবিত্ত শিক্ষিত শ্রেণি গ. উচ্চবিত্ত শিক্ষিত শ্রেণি ঘ. মধ্য ও উচ্চবিত্ত শিক্ষিত শ্রেণি **উত্তর: খ**

১৪. **পূর্ব বাংলার যুক্তফ্রন্টের মন্ত্রিসভার প্রথম মুখ্যমন্ত্রীর নাম কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. এ. কে. ফজলুল হক খ. চৌধুরী খালেকুজ্জামান গ. মুহাম্মদ আলী ঘ. ইস্কান্দার মীর্জা **উত্তর: ক**

১৫. **কবে বঙ্গবন্ধু প্রথমবারের মতো মন্ত্রী হয়েছিলেন? / বঙ্গবন্ধু কত সালে প্রথম মন্ত্রিসভার সদস্য নির্বাচিত হোন?** [সমবায় অধিদপ্তরের পরিদর্শক: ২৩]
ক. ১৯৫৪ খ. ১৯৬৬ গ. ১৯৬৯ ঘ. ১৯৭২ **উত্তর: ক**

১৬. **কত বছর বয়সে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যুক্তফ্রন্ট মন্ত্রিসভার সদস্য বা মন্ত্রী হোন?** [বেবিচকের অ্যারোড্রাম কর্মকর্তা: ২১]
ক. ৩৪ খ. ৩৬ গ. ৪১ ঘ. ৫০ **উত্তর: ক**

১৭. **১৯৫৪ সালের সাধারণ নির্বাচনে যুক্তফ্রন্ট সরকারের কৃষি মন্ত্রী কে ছিলেন?** [বেবিচক'র হিসাব নিরীক্ষক: ১৭]
ক. হাজী দানেশ খ. মাওলানা ভাসানী গ. মাওলানা আতাহার আলী ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান **উত্তর: ঘ**

১৮. যুক্তফ্রন্ট মন্ত্রিসভায় বঙ্গবন্ধু কোন দপ্তরের মন্ত্রী ছিলেন? [এনএসআই'র সহকারী পরিচালক: ১৭]
ক. কৃষি ও খাদ্য খ. কৃষি ও পল্লী উন্নয়ন গ. শিল্প, বাণিজ্য ও শ্রম ঘ. আইন, বিচার ও সংসদ **উত্তর: খ**

১৯. ১৯৫৪ সালের পূর্ব বাংলা প্রাদেশিক পরিষদ নির্বাচনে যুক্ত ছিলেন না - [৩৮তম বিসিএস]
ক. এ. কে. ফজলুল হক খ. মওলানা ভাসানী গ. নবাব স্যার সলিমুল্লাহ ঘ. হোসেন শহীদ সোহরাওয়ার্দী **উত্তর: গ**

সংবিধান ও সামরিক শাসন

০১. কবে পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র বা সংবিধান প্রবর্তিত হয়? [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. ১৯৪৭ সালে খ. ১৯৫২ সালে গ. ১৯৫৪ সালে ঘ. ১৯৫৬ সালে **উত্তর: ঘ**

০২. কখন পূর্ববঙ্গের নাম পূর্ব পাকিস্তান করা হয়? [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী: ১৭]
ক. ১৯৫৬ সালে খ. ১৯৬২ সালে গ. ১৯৫২ সালে ঘ. ১৯৬৯ সালে **উত্তর: ক**

০৩. During British colonial rule, what was the region that comprises modern-day Bangladesh known as? [পূবালী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. East Pakistan খ. Bengal Presidency গ. West Bengal ঘ. Assam-Bengal **উত্তর: ক**

০৪. পাকিস্তানের প্রথম প্রেসিডেন্ট কে ছিলেন? [বাংলাদেশ রেলওয়ের বুকিং সহকারী: ১৪]
ক. মোহাম্মদ আলী জিন্নাহ খ. লিয়াকত আলী খান গ. খাজা নাজিমুদ্দিন ঘ. ইস্কান্দার মির্জা **উত্তর: ঘ**

০৫. ১৯৫৬ সালে কোয়ালিশন সরকারের মন্ত্রিসভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন দপ্তরের মন্ত্রী ছিলেন? [খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. শিল্প, বাণিজ্য ও শ্রম খ. আইন, বিচার ও সংসদ গ. কৃষি ও পল্লী উন্নয়ন ঘ. কৃষি ও খাদ্য **উত্তর: ক**

০৬. কাগমারী সম্মেলন অনুষ্ঠিত হয় - [বেবিচকের নিরাপত্তা অফিসার: ২১]
ক. ১৯৫৪ খ. ১৯৫৬ গ. ১৯৫৭ ঘ. ১৯৬১ **উত্তর: গ**

০৭. কোথায় কাগমারী সম্মেলন অনুষ্ঠিত হয়? [ডাক বিভাগের উপজেলা পোস্টমাস্টার: ০৬]
ক. রোজ গার্ডেন, ঢাকা খ. হাটিকুমরুল, সিরাজগঞ্জ গ. সন্তোষ, টাঙ্গাইল ঘ. তাহিরপুর, সুনামগঞ্জ **উত্তর: গ**

০৮. ঐতিহাসিক কাগমারী সম্মেলনে নেতৃত্বদানকারী নেতার নাম কী? [রাবি: ১৮-১৯]
ক. স্যার সলিমউল্লাহ খ. শহিদ তিতুমীর গ. মাওলানা ভাসানী ঘ. সোহরাওয়ার্দী **উত্তর: গ**

০৯. মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী কোথায় জন্মগ্রহণ করেন? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. সিরাজগঞ্জ খ. টাঙ্গাইল গ. ঢাকা ঘ. কুমিল্লা **উত্তর: ক**

ক. জয় বাংলা ফুটবল দল খ. বাংলাদেশ ফুটবল দল গ. স্বাধীন বাংলা ফুটবল দল ঘ. বাংলা ফুটবল দল **উত্তর: গ**

৪৮. **স্বাধীন বাংলা ফুটবল দলের অধিনায়ক কে ছিলেন?** [এসআইবিএল'র অফিসার: ১২]
ক. আমিনুল ইসলাম খ. জাকারিয়া পিন্টু গ. আকরাম হোসেন ঘ. মঞ্জুরুল হাসান **উত্তর: খ**

৪৯. **বাংলাদেশের মুক্তিযুদ্ধে প্রথম শত্রুমুক্ত জেলার নাম** - [বিএডিসি'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ২১]
ক. মাগুড়া খ. মেহেরপুর গ. যশোর ঘ. ময়মনসিংহ **উত্তর: গ**

৫০. **বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় সর্বপ্রথম কোন এলাকা মুক্ত হয়?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক: ০৯]
ক. কুষ্টিয়া খ. যশোর ও সিলেট গ. রংপুর ও দিনাজপুর ঘ. ময়মনসিংহ **উত্তর: খ**

মুক্তিযুদ্ধে বহির্বিশ্বের ভূমিকা

০১. **'ফ্রেন্ডস অব বাংলাদেশ' পুরস্কার কাকে দেয়া হয়েছে?** [৭ম বিজেএস]
ক. শ্যাম সুন্দর সিং খ. ফ্রান্সিস জুলিয়ান গ. লসংকর কৃষ্ণা ঘ. অব. কর্নেল অশোক তারা **উত্তর: খ**

০২. **'দ্য ক্রুয়েল বার্থ অব বাংলাদেশ' গ্রন্থের লেখক কে?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]
ক. এস. এ. করিম খ. অ্যান্থনি মার্সকারেনহাস গ. আর্চার কে. ব্লাড ঘ. এডওয়ার্ড কেনেডি **উত্তর: গ**

০৩. **'সেপ্টেম্বর অন যশোর রোড' কবিতাটির রচয়িতা কে?** [৪২তম বিসিএস]
ক. ওয়াল্ট হুইটম্যান খ. অ্যালেন গিন্সবার্গ গ. রবার্ট ফ্রস্ট ঘ. কার্লোস উইলিয়াম **উত্তর: খ**

০৪. **'সেপ্টেম্বর অন যশোর রোড' কবিতাটি সুরারোপ করেন** - [জনপ্রশাসন মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. অ্যালেন গিন্সবার্গ খ. বব ডিলান গ. বব মার্লে ঘ. ডিলান টমাস **উত্তর: ক**

০৫. **'সেপ্টেম্বর অন যশোর রোড' কবিতাটির রচয়িতা অ্যালেন গিন্সবার্গ কোন দেশের নাগরিক?** [মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. কানাডা খ. ফ্রান্স গ. যুক্তরাষ্ট্র ঘ. যুক্তরাজ্য **উত্তর: গ**

০৬. **১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালীন 'কনসার্ট ফর বাংলাদেশ' কোথায় অনুষ্ঠিত হয়?** [ডিএমএলসি'র সহকারী শিক্ষক: ২৩]
ক. ট্রাফালগার স্কোয়ার খ. টাইমস স্কোয়ার গ. রেড স্কোয়ার ঘ. ম্যাডিসন স্কোয়ার গার্ডেন **উত্তর: ঘ**

০৭. **১৯৭১ সালের ১ আগস্ট 'কনসার্ট ফর বাংলাদেশ' কোথায় অনুষ্ঠিত হয়েছিল? / বাংলাদেশ কনসার্টের সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠান কোথায় আয়োজন করা হয়?** [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৯]
ক. লন্ডন, যুক্তরাজ্য খ. নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র গ. ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র ঘ. লিভারপুর, যুক্তরাজ্য **উত্তর: খ**

০৮. **১৯৭১ সালে অনুষ্ঠিত কনসার্ট ফর বাংলাদেশে রবিশঙ্কর ও অন্য ভারতীয় শিল্পীদের পরিবেশিত সঙ্গীতের নাম কী ছিল?** [ঢাবি: ২১-২২]
ক. বাংলা ধুন খ. বাংলাদেশের গান গ. মাই সুইট লর্ড ঘ. অপেরা **উত্তর: ক**

০৯. **১৯৭১ সালের 'কনসার্ট ফর বাংলাদেশ' এর প্রধান শিল্পী কে?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী লাইব্রেরিয়ান: ১৮]
ক. রুনা লায়লা খ. বাপ্পী লাহিড়ী গ. মার্ক আন্থনি ঘ. জর্জ হ্যারিসন **উত্তর: ঘ**

১০. **মুক্তিযুদ্ধের পক্ষে সঙ্গীত পরিবেশনের মাধ্যমে কোন পাশ্চাত্য শিল্পী বিশেষ ভূমিকা রেখেছিলেন?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সহকারি ব্যবস্থাপক: ২১]
ক. মাইকেল জ্যাকসন খ. এলভিস প্রিন্সলে গ. জন লেলন ঘ. জর্জ হ্যারিসন **উত্তর: ঘ**

১১. **নিউইয়র্ক ম্যাডিসন স্কয়ার গার্ডেনের কনসার্টের মাধ্যমে বাংলাদেশের মুক্তিযুদ্ধের জন্য অর্থ সংগ্রহ করেছিলেন –** [কৃষি প্রশিক্ষণ একাডেমির নার্স: ১৯]
ক. সিনেটর কেনেডি খ. জর্জ হ্যারিসন গ. ওডারম্যান ঘ. জর্জ নিকোলাস **উত্তর: খ**

১২. **'কনসার্ট ফর বাংলাদেশ' কে আয়োজন করেন? / Concert for Bangladesh আয়োজন করেন –** [বেবিচকের উচ্চমান হিসাব সহকারী: ২৩]
ক. জর্জ উইলিয়াম খ. জর্জ হ্যারিসন গ. জর্জ লেলন ঘ. রজার রয়টার্স **উত্তর: খ**

১৩. **'কনসার্ট ফর বাংলাদেশ' আয়োজনকারী জর্জ হ্যারিসন কোন দেশের নাগরিক?** [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুটেন্ট: ১৫]
ক. রাশিয়া খ. যুক্তরাজ্য গ. যুক্তরাষ্ট্র ঘ. অস্ট্রেলিয়া **উত্তর: খ**

১৪. **১৯৭১ সালে বাংলাদেশের জন্য কনসার্ট খ্যাত জর্জ হ্যারিসন কোন বাদক দলের সদস্য?** [বিকেবি'র সুপারভাইজার: ০৪]
ক. বিটলস খ. বি-গিস গ. পিঙ্ক ফ্লয়েড ঘ. ডিপ পারপল **উত্তর: ক**

১৫. **১৯৭১ সালে জর্জ হ্যারিসন কার আহ্বানে বাংলাদেশ কনসার্টে যোগ দেন?** [বিসিকের শিল্প কর্মকর্তা: ২৩]
ক. অ্যান্থনি মাসকারেনহাস খ. পিটার সোর গ. ডি. পি. ধর ঘ. রবি শঙ্কর **উত্তর: ঘ**

১৬. **রবি শঙ্কর একজন বিখ্যাত –** [দুদকের উপ-সহকারী পরিচালক: ২০]
ক. সেতার বাদক খ. গায়ক গ. স্বরোদবাদক ঘ. বেহালা বাদক **উত্তর: ক**

১৭. **বব ডিলানের অংশগ্রহণে ১৯৭১ সালের কত তারিখে 'দ্য কনসার্ট ফর বাংলাদেশ' অনুষ্ঠিত হয়?** [জাবি: ১৬-১৭]
ক. ১ জুলাই খ. ১ আগস্ট গ. ৫ জুলাই ঘ. ৫ আগস্ট **উত্তর: খ**

১৮. **কোন ধরনের রচনার জন্য বব ডিলান ২০১৬ সালে সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন?** [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ১৬]
ক. নাটক খ. গল্প গ. উপন্যাস ঘ. সঙ্গীত **উত্তর: ঘ**

১৯. **কত সালে বব ডিলানের আত্মজীবনী 'ক্রনিকলস : ভলিয়ম ওয়ান' প্রকাশিত হয়?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. ২০০৪ খ. ২০০৬ গ. ২০০৭ ঘ. ২০১১ **উত্তর: ক**

২০. **বিখ্যাত গায়ক জন লেনন কোন ব্যান্ডের গায়ক ছিলেন?** [সাউথইস্ট ব্যাংকের অফিসার: ০৯]
ক. ইগলস খ. বিটলস গ. অ্যারো স্মিথ ঘ. ডিপ পারপল **উত্তর: খ**

২১. **নিচের কোন শিল্পী কনসার্ট ফর বাংলাদেশে সক্রিয় অংশগ্রহণ করেন?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ২২]
ক. জিমি হেনড্রিক্স খ. ডেভিড গিলমোর গ. ম্যারিলিন মনরো ঘ. এরিক ক্ল্যাপটন **উত্তর: ঘ**

২২. **নিচের কোন মার্কিন সঙ্গীতশিল্পী কনসার্ট ফর বাংলাদেশে উপস্থিত ছিলেন না?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. লিওন রাসেল খ. বিলি প্রেস্টন গ. ব্রুস স্প্রিংস্টিন ঘ. বব ডিলান **উত্তর: গ**

২৩. **ডেভিড ফ্রস্ট ছিলেন –** [বিসিকের প্রকাশনা কর্মকর্তা: ২৩]
ক. একজন মুক্তিযোদ্ধা খ. একজন চিকিৎসক গ. একজন রাজনীতিবিদ ঘ. একজন সাংবাদিক **উত্তর: ঘ**

২৪. **কোন বিদেশি সাংবাদিক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শেখ হাসিনা উভয়েরই সাক্ষাৎকার নিয়েছিলেন?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. সেন্ট পিটারবার্গ খ. ডেভিড ফ্রস্ট গ. ক্যারি বার্নস্টেইন ঘ. ক্রিস্টিন আমান **উত্তর: খ**

২৫. **মুক্তিযুদ্ধের সময় বিশ্বের কাছে বাংলাদেশকে কে তুলে ধরেন?** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার: ১৭]
ক. জর্জ হ্যারিসন খ. সায়মন ড্রিং গ. পন্ডিত রবিসংকর ঘ. উপরের সবাই **উত্তর: ঘ**

২৬. **কোন বিদেশি সাংবাদিক ১৯৭১ সালে পূর্ব পাকিস্তানে পাকিস্তানি বর্বরতার খবর সর্বপ্রথম বহির্বিশ্বে প্রকাশ করেন?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. হেজেল হাস্ব খ. মার্ক টালি গ. সাইমন ড্রিং ঘ. অ্যান্থনি মাসকারেনহাস **উত্তর: গ**

২৭. **১৯৭১ সালে সর্বপ্রথম কোন পত্রিকা পাকিস্তানি বাহিনীর গণহত্যার উপর ব্রিটিশ সাংবাদিক সাইমন ড্রিং এর প্রতিবেদন প্রকাশ করে?** [বেবিচকের উপ-সহকারী প্রকৌশলী: ২১]
ক. নিউইয়র্ক টাইমস খ. ডেইলি মেইল গ. ডেইলি টেলিগ্রাফ ঘ. দ্য ইনডিপেন্ডেন্ট **উত্তর: গ**

২৮. **বাংলাদেশের মুক্তিযুদ্ধে নিহত ফাদার মারিও ভেরেনজি ছিলেন –** [সিজিএ কার্যালয়ের অডিটর: ২১]
ক. অস্ট্রেলিয়ার নাগরিক খ. ফ্রান্সের নাগরিক গ. ব্রিটিশ নাগরিক ঘ. ইতালির নাগরিক **উত্তর: ঘ**

২৯. মুক্তিযুদ্ধকালে কখন বাংলাদেশ-ভারত যৌথ বাহিনী গঠিত হয়? [রাকাব'র ক্যাশিয়ার: ১৬]
ক. ২১ নভেম্বর, ১৯৭১ খ. ২২ নভেম্বর, ১৯৭১ গ. ২৩ নভেম্বর, ১৯৭১ ঘ. ২৪ নভেম্বর, ১৯৭১ **উত্তর: ক**

৩০. বাংলাদেশের মুক্তিযুদ্ধে মিত্রবাহিনী কোনটি? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৯]
ক. মুক্তিবাহিনী খ. ভারতীয় সেনাবাহিনী গ. পাকিস্তানী সেনাবাহিনী ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৩১. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ভারত-বাংলাদেশ যৌথ বাহিনীর অধিনায়ক কে ছিলেন? [বাংলাদেশ রেলওয়ের বুকিং সহকারী: ১৪]
ক. আতাউল গণি ওসমানী খ. জগজিৎ সিং অরোরা গ. জেনারেল জ্যাকব ঘ. জেনারেল স্যাম মানেকশ **উত্তর: খ**

৩২. মুক্তিযুদ্ধের সময় কোন তারিখে ভারত পাকিস্তানের বিরুদ্ধে আনুষ্ঠানিক যুদ্ধ ঘোষণা করে? [চবি: ১৭-১৮]
ক. ৭ মার্চ, ১৯৭১ খ. ২৫ মার্চ, ১৯৭১ গ. ৩ ডিসেম্বর, ১৯৭১ ঘ. ১৬ ডিসেম্বর, ১৯৭১ **উত্তর: গ**

৩৩. ১৯৭১ সালের ডিসেম্বর মাসে দুই লক্ষাধিক ভারতীয় সেনা বা মিত্র বাহিনী আমাদের মুক্তিবাহিনীর সাথে বাংলাদেশে প্রবেশ করে। উক্ত ভারতীয় সেনা কতদিন বাংলাদেশে অবস্থান করে? [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ০১]
ক. প্রায় তিন মাস খ. প্রায় ছয় মাস গ. প্রায় নয় মাস ঘ. প্রায় এক বছর **উত্তর: ক**

৩৪. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ভারতের রাষ্ট্রপতি কে ছিলেন? [ডিএমএলসি'র সহকারী শিক্ষক: ২৩]
ক. ভেঙ্কট গিরি খ. ইন্দিরা গান্ধী গ. সুভাষ রায় ঘ. শরণ সিং **উত্তর: ক**

৩৫. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ভারতের প্রধানমন্ত্রী কে ছিলেন? [আইএফআইসি ব্যাংকের অফিসার: ১৮]
ক. জ্যোতি বসু খ. ইন্দিরা গান্ধী গ. রাজীব গান্ধী ঘ. কোনটিই নয় **উত্তর: খ**

৩৬. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘে নিযুক্ত ভারতের স্থায়ী প্রতিনিধি কে ছিলেন? [১০ম বিজেএস]
ক. সরদার শরন সিং খ. সমর সেন গ. আর. কে. দিক্ষিত ঘ. বিজয় লক্ষ্মী পন্ডিত **উত্তর: খ**

৩৭. ১৯৭১ সালে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসাবে আমাদের স্বাধীনতা সংগ্রামে সাহায্য করেছিলেন - [১০ম বিজেএস]
ক. প্রফুল্ল চন্দ্র সেন খ. অজয় মুখোপাধ্যায় গ. সিদ্ধার্থ শঙ্কর রায় ঘ. জ্যোতি বসু **উত্তর: খ**

৩৮. মুক্তিযুদ্ধের সময় সোভিয়েত ইউনিয়নের প্রধানমন্ত্রী কে ছিলেন? [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২৩]
ক. লিওনিদ ব্রেজনেভ খ. আলেক্সি কোসিগিন গ. আন্দ্রেই গ্রোমিকো ঘ. নিকলাই পদগনী **উত্তর: খ**

৩৯. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় সোভিয়েত ইউনিয়নের প্রেসিডেন্ট ছিলেন - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. মিখাইল গর্বাচেভ খ. নিকিতা ক্রুসেভ গ. নিকোলাই পদগর্নি ঘ. লিওনিদ ব্রেজনেভ **উত্তর: গ**

৪০. আমাদের স্বাধীনতা যুদ্ধের সময় তৎকালীন সোভিয়েত ইউনিয়নের পররাষ্ট্রমন্ত্রী কে ছিলেন? / বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় তৎকালীন সোভিয়েত ইউনিয়নের পররাষ্ট্রমন্ত্রী কে ছিলেন? [১০ম বিজেএস]
ক. লিওনিদ ব্রেজনেভ খ. আলেক্সি কোসিগিন গ. আন্দ্রেই গ্রোমিকো ঘ. নিকলাই পদগনী **উত্তর: গ**

৪১. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধকালে জাতিসংঘের মহাসচিব কে ছিলেন? [ভূমি মন্ত্রণালয়ের নিরীক্ষক: ২৩]
ক. কফি আনান খ. উথান্ট গ. দ্যাগ হ্যামারশোল্ড ঘ. বুট্রোস ঘালি **উত্তর: খ**

৪২. মুক্তিযুদ্ধকালে জাতিসংঘে মার্কিন স্থায়ী প্রতিনিধি কে ছিলেন? [বেবিচকের নিরাপত্তা অধীক্ষক: ২১]
ক. জর্জ বুশ খ. রবার্ট পেইন গ. উইলিয়াম রজার্স ঘ. রোনাল্ড রিগ্যান **উত্তর: ক**

৪৩. মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানের প্রেসিডেন্ট বা রাষ্ট্রপতি কে ছিলেন? [এসআইবিএল'র অফিসার: ১২]
ক. ইয়াহিয়া খান খ. নুরুল আমিন গ. লিয়াকত আলী খান ঘ. খাজা নাজিমউদ্দিন **উত্তর: ক**

৪৪. মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন? [আইএফআইসি ব্যাংকের অফিসার: ১৯]
ক. লিয়াকত আলী খান খ. খাজা নাজিমউদ্দিন গ. নুরুল আমিন ঘ. ইয়াহিয়া খান **উত্তর: গ**

৪৫. মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী কে ছিলেন? [এসআইবিএল'র অফিসার: ১২]
ক. নুরুল আমিন খ. ইয়াহিয়া খান গ. খাজা নাজিমউদ্দিন ঘ. জুলফিকার আলী ভুট্টো **উত্তর: ঘ**

৪৬. ১৯৭১ সালে রাজাকার বাহিনীর প্রধান কে ছিলেন? [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]
ক. আব্দুস কাদের মোল্লা খ. মতিউর রহমান নিজামী গ. গোলাম আযম ঘ. দেলোয়ার হোসেন সাঈদী **উত্তর: গ**

৪৭. মুক্তিযুদ্ধের সময় রাজাকার বাহিনীর মতো পশ্চিম পাকিস্তানিদের সহায়তাকারী আরও বাহিনীর নাম - [ডিএমএলসি'র সহকারী শিক্ষক: ২৩]
ক. আল বদর খ. আল হিতবা গ. আল শামস ঘ. ক ও গ উভয়ই **উত্তর: ঘ**

৪৮. বাংলাদেশের মুক্তিযুদ্ধ বন্ধ করতে কতবার জাতিসংঘে প্রস্তাব উত্থাপন করা হয়? / মুক্তিযুদ্ধ চলাকালে সোভিয়েত রাশিয়া মোট কতবার বাংলাদেশের পক্ষে ভেটো ক্ষমতা প্রদান করে? [বিসিএসআইআর'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. এক বার খ. দুই বার গ. তিন বার ঘ. চার বার **উত্তর: গ**
ব্যাখ্যা: বাংলাদেশের মুক্তিযুদ্ধ বন্ধ করতে তিনবার জাতিসংঘে প্রস্তাব উত্থাপন করা হয়েছিল। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী রাষ্ট্র ও ভেটো ক্ষমতাসম্পন্ন দুইটি দেশ (যুক্তরাষ্ট্র ও চীন) বাংলাদেশের বাংলাদেশের স্বাধীনতা লাভের বিরোধিতা করেছিল। কিন্তু সোভিয়েত ইউনিয়ন (রাশিয়া) বাংলদেশের বাংলাদেশের পক্ষে ছিল এবং তিনবারই সোভিয়েত ইউনিয়নের (রাশিয়া) ভেটোর কারণে এই প্রস্তাব পাস হয়নি।

৪৯. জাতিসংঘের ভেটো ক্ষমতাসম্পন্ন কতটি দেশ বাংলাদেশের স্বাধীনতার বিপক্ষে ছিল? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ১ টি খ. ২ টি গ. ৩ টি ঘ. ৪ টি **উত্তর: খ**

৫০. জাতিসংঘের নিরাপত্তা পরিষদের কোন দুইটি স্থায়ী রাষ্ট্র বাংলাদেশের স্বাধীনতা লাভের বিরোধিতা করেছিল? [এসবিসি'র উচ্চমান সহকারী: ২৩]
ক. যুক্তরাজ্য ও চীন খ. যুক্তরাষ্ট্র ও ফ্রান্স গ. চীন ও যুক্তরাষ্ট্র ঘ. রাশিয়া ও ফ্রান্স **উত্তর: গ**

৫১. **জাতিসংঘে বাংলাদেশের সদস্যপদ লাভের বিরুদ্ধে ভেটো প্রদানকারী রাষ্ট্র –** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. চীন খ. ফ্রান্স গ. যুক্তরাষ্ট্র ঘ. ব্রিটেন **উত্তর: ক**

৫২. **মুক্তিযুদ্ধের বিরোধিতাকারী দেশ কোনটি?** [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৪]
ক. ব্রিটেন খ. ভারত গ. রাশিয়া ঘ. যুক্তরাষ্ট্র **উত্তর: ঘ**

৫৩. **বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট কে ছিলেন?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৬]
ক. জেরাল্ড ফোর্ড খ. রিচার্ড নিক্সন গ. লিন্ডন বি জনসন ঘ. জিমি কার্টার **উত্তর: খ**

৫৪. **প্রশান্ত মহাসাগরে যুক্তরাষ্ট্রের সপ্তম নৌবহরের সদর দপ্তর হচ্ছে –** [৩৫তম বিসিএস]
ক. ইউকোসুক খ. হাওয়াই গ. গোয়াম ঘ. সুবিক বে **উত্তর: ক**

৫৫. **১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘের কোন দেশ বাংলাদেশের পক্ষে ভেটো প্রদান করেছিল? / কোন দেশ মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের পক্ষে ছিল?** [৪০তম বিসিএস]
ক. যুক্তরাজ্য খ. ফ্রান্স গ. যুক্তরাষ্ট্র ঘ. সোভিয়েত ইউনিয়ন **উত্তর: ঘ**

৫৬. **বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভারত ছাড়াও কোন দেশটি ব্যাপকভাবে সহযোগিতা করেছে?** [কোস্ট গার্ডের উপ-সহকারী প্রকৌশলী: ২০]
ক. চীন খ. নেপাল গ. শ্রীলংকা ঘ. রাশিয়া **উত্তর: ঘ**

৫৭. **মুক্তিযুদ্ধের বিরুদ্ধে বহির্বিশ্বকে বিভ্রান্ত করার জন্য গঠিত মালিক মন্ত্রিসভার সদস্য সংখ্যা কত ছিল?** [সামরি ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২৩]
ক. ১০ খ. ১৫ গ. ১২ ঘ. ১৩ **উত্তর: ক**

আত্মসমর্পণ ও অভ্যুদয়

০১. **মুক্তিযুদ্ধকালীন কোন তারিখে বুদ্ধিজীবীদের ওপর ব্যাপক হত্যাকাণ্ড সংঘটিত হয়?** [৩৬তমবিসিএস]
ক. ২৫ মার্চ, ১৯৭১ খ. ২৬ মার্চ, ১৯৭১ গ. ১৪ ডিসেম্বর, ১৯৭১ ঘ. ১৬ ডিসেম্বর, ১৯৭১ **উত্তর: গ**

০২. **কবে শহিদ বুদ্ধিজীবী দিবস পালন করা হয়?** [১৯তম বিসিএস]
ক. ১৪ ডিসেম্বর খ. ১৬ ডিসেম্বর গ. ২১ ডিসেম্বর ঘ. ২৩ ডিসেম্বর **উত্তর: ক**

০৩. **শহিদ সেলিনা পারভীন ছিলেন –** [বিআইডব্লিউটিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. শিক্ষক খ. ডাক্তার গ. সাংবাদিক ঘ. আইনজীবী **উত্তর: গ**

০৪. **১৯৭১ সালে মুক্তিযুদ্ধে একজন বিখ্যাত দার্শনিক শহিদ হোন, তার নাম কী?** [মৎস্য অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. জি. সি. দেব খ. শহীদুল্লাহ কায়সার গ. জহির রায়হান ঘ. শংকরাচার্য **উত্তর: ক**

০৫. **ড. গোবিন্দ চন্দ্র দেব ছিলেন একজন –** [এনএসআই'র ফিল্ড অফিসার: ২১]
ক. নাট্যকার খ. শিল্পী গ. বিজ্ঞানী ঘ. দার্শনিক **উত্তর: ঘ**

০৬. **গোবিন্দ চন্দ্র দেব ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগে অধ্যাপনা করতেন?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. ইতিহাস খ. পদার্থবিজ্ঞান গ. দর্শন ঘ. অর্থনীতি **উত্তর: গ**

০৭. **কোন তারিখে স্বাধীনতা যুদ্ধে বাংলাদেশ-ভারত মিত্র বাহিনীর কাছে পাকিস্তান সেনাবাহিনী আত্মসমর্পণ করে?** [এনএসআই'র সহকারি ফিল্ড স্টাফ: ২৩]
ক. ৬ ডিসেম্বর, ১৯৭১ খ. ২৬ মার্চ, ১৯৭১ গ. ১৬ ডিসেম্বর, ১৯৭১ গ. ১৪ ডিসেম্বর, ১৯৭১ **উত্তর: গ**

০৮. **কোন তারিখে বাংলাদেশের বিজয় দিবস পালিত হয়? / বাংলাদেশের বিজয় দিবস কোনটি?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. ২১ ফেব্রুয়ারি খ. ২৬ মার্চ গ. ১৭ এপ্রিল ঘ. ১৬ ডিসেম্বর **উত্তর: ঘ**

০৯. **১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বাংলা কত সন?** [বিটিভির অফিস সহযোগী: ২১]
ক. ১৩৭৬ খ. ১৩৭৭ গ. ১৩৭৮ (২রা পৌষ) ঘ. ১৩৭৯ **উত্তর: গ**

১০. **১৬ ডিসেম্বর, ১৯৭১ দিনটি কী বার ছিল?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. সোমবার খ. বুধবার গ. বৃহস্পতিবার ঘ. শুক্রবার **উত্তর: গ**

১১. **১৬ ডিসেম্বর কোন পাকিস্তানি জেনারেল মিত্র বাহিনীর নিকট আত্মসমর্পণ করেন?** [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী সচিব: ৯৬]
ক. জেনারেল টিক্কা খান খ. জেনারেল ইয়াহিয়া খান গ. জেনারেল আবদুল হামিদ ঘ. জেনারেল নিয়াজী **উত্তর: ঘ**

১২. **১৯৭১ সালের ১৬ ডিসেম্বর রেসকোর্স ময়দানে আত্মসমর্পণ দলিলে স্বাক্ষর করেন –** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. জেনারেল মানেকশ ও জেনারেল নিয়াজী খ. জেনারেল জ্যাকব ও ইয়াহিয়া খান
গ. জেনারেল দলবীর সিং ও জুলফিকার আলী ভুট্টো ঘ. জেনারেল জগজিৎ সিং অরোরা ও জেনারেল নিয়াজী **উত্তর: ঘ**

১৩. **কোন স্থানে ১৯৭১ সালে পাক বাহিনীর আত্মসমর্পণের দলিল স্বাক্ষরিত হয়েছিল?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৬]
ক. রমনা উদ্যান খ. সোহরাওয়ার্দী উদ্যান গ. ওসমানী উদ্যান ঘ. চন্দ্রিমা উদ্যান **উত্তর: খ**

১৪. **১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পাকিস্তানি বাহিনী ঢাকার কোথায় আত্মসমর্পণ করেন?** [২০তম বিসিএস]
ক. রমনা পার্কে খ. পল্টন ময়দানে গ. ঢাকা ক্যান্টনমেন্টে ঘ. রেসকোর্স ময়দানে **উত্তর: ঘ**

১৫. **১৯৭১ সালের ১৬ ডিসেম্বর পাক বাহিনীর আত্মসমর্পণের সময় মুক্তিবাহিনীর প্রতিনিধিত্ব কে করেছিলেন?** [২২তম বিসিএস]
ক. এম. এ. জি. ওসমানী খ. জগজিৎ সিং অরোরা গ. কাদের সিদ্দিকী ঘ. এ. কে. খন্দকার **উত্তর: ঘ**

১৬. **মুক্তিযুদ্ধে যৌথ বাহিনীর কাছে পাক হানাদার বাহিনীর আত্মসমর্পণকারী সৈন্য সংখ্যা ছিল - / ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর কতজন পাকিস্তানি সৈন্য আত্মসমর্পণ করেন?** [বিআইডব্লিউটিএ'র সহকারী কোষাধ্যক্ষ: ২৩]
ক. ৯০ হাজার খ. ৯১ হাজার গ. ৯৩ হাজার ঘ. ৯৪ হাজার **উত্তর: গ**

১৭. **স্বাধীনতা যুদ্ধে সর্বশেষ শত্রুমুক্ত জেলা কোনটি?** [স্থাপত্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. কিশোরগঞ্জ খ. কুমিল্লা গ. সিলেট ঘ. ঢাকা (মিরপুর এলাকা) **উত্তর: ঘ**

১৮. **বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর সময়কাল কোনটি?** [বিএনসিসি অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. ২৬ মার্চ, ২০২০ - ১৬ ডিসেম্বর, ২০২১ খ. ২৬ মার্চ, ২০২১ - ৩১ মার্চ, ২০২২
গ. ১৬ ডিসেম্বর, ২০২০ - ২৬ মার্চ, ২০২১ ঘ. ১৬ ডিসেম্বর, ২০২১ - ২৬ মার্চ, ২০২২ **উত্তর: খ**

১৯. **স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর লোগোর নকশা করেন কে?** [বিভিন্ন মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ প্রকৌশলী: ২২]
ক. রামেন্দ্র মজুমদার খ. প্রদীপ চক্রবর্তী গ. ক ও খ উভয়ই ঘ. সব্যসাচী হাজরা **উত্তর: গ**

বাংলাদেশকে স্বীকৃতিদান

০১. **বাংলাদেশকে প্রথম স্বীকৃতিদানকারী দেশ কোনটি?** [২৯তম বিসিএস]
ক. ভারত খ. ইরাক গ. সোভিয়েত ইউনিয়ন ঘ. ভুটান **উত্তর: ঘ**

০২. **ভুটান কত তারিখে বাংলাদেশকে স্বীকৃতি দেয়?** [প্রবাসী কল্যাণ ব্যাংকের সিনিয়র অফিসার: ১৪]
ক. ৭ ডিসেম্বর, ১৯৭১ খ. ৬ ডিসেম্বর, ১৯৭১ গ. ১২ জানুয়ারি, ১৯৭২ ঘ. ১৩ জানুয়ারি, ১৯৭২ **উত্তর: খ**

০৩. **বাংলাদেশকে প্রথম স্বীকৃতিদানকারী দেশ কোনটি?** [বিসিআইসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ২১]
ক. সেনেগাল খ. ইরাক গ. সোভিয়েত ইউনিয়ন ঘ. ভারত (ভুটান না থাকলে) **উত্তর: ঘ**

০৪. **বাংলাদেশকে স্বাধীন দেশ হিসেবে স্বীকৃতিদানকারী দ্বিতীয় দেশের নাম –** [১৭তম বিসিএস]
ক. ভারত খ. রাশিয়া গ. ভূটান ঘ. ইরান **উত্তর: ক**

০৫. **ভারত বাংলাদেশকে স্বীকৃতি দান করে করে?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৫]
ক. ১৭ এপ্রিল, ১৯৭১ খ. ২৬ মার্চ, ১৯৭১ গ. ৬ ডিসেম্বর, ১৯৭১ ঘ. ১৬ ডিসেম্বর, ১৯৭১ **উত্তর: গ**

০৬. **বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম ওশেনিয়ার দেশ কোনটি?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২১]
ক. টোঙ্গা খ. কাতার গ. ফিজি ঘ. ইরান **উত্তর: ক**

০৭. **বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম সমাজতান্ত্রিক দেশ কোনটি? / বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম ইউরোপীয় দেশ –** [৩৬তম বিসিএস]
ক. পোল্যান্ড খ. পূর্ব জার্মানি গ. বুলগেরিয়া ঘ. সোভিয়েত ইউনিয়ন **উত্তর: খ**

০৮. **বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম ইউরোপীয় দেশ কোনটি?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. ফ্রান্স খ. স্পেন গ. ইংল্যান্ড ঘ. পোল্যান্ড (পূর্ব জার্মানি না থাকলে) **উত্তর: ঘ**

০৯. **বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম মুসলিম দেশ কোনটি? / বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম অনারব মুসলিম দেশ কোনটি? / বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম আফ্রিকান দেশ কোনটি?** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]
ক. সৌদি আরব খ. কুয়েত গ. ইরাক ঘ. সেনেগাল **উত্তর: ঘ**

১০. **বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম অনারব মুসলিম দেশ কোনটি?** [৩৭তম বিসিএস]
ক. পাকিস্তান খ. মালয়েশিয়া গ. মালদ্বীপ ঘ. ইন্দোনেশিয়া (সেনেগাল না থাকলে) **উত্তর: ঘ**

১১. **বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম অনারব মুসলিম দেশ কোনটি?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ২১]
ক. পাকিস্তান খ. ইরাক গ. মালদ্বীপ ঘ. মালয়েশিয়া (ইন্দোনেশিয়া না থাকলে) **উত্তর: ঘ**

১২. **বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম এশীয় মুসলিম দেশ কোনটি?** [ডিএমএলসি'র সহকারী শিক্ষক: ২৩]
ক. ইন্দোনেশিয়া খ. মালয়েশিয়া গ. মালদ্বীপ ঘ. পাকিস্তান **উত্তর: ক**

১৩. **বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম এশীয় মুসলিম দেশ কোনটি?** [এনএসআই'র ফিল্ড অফিসার: ২১]
ক. ইরাক খ. পাকিস্তান গ. মালদ্বীপ ঘ. মালয়েশিয়া (ইন্দোনেশিয়া না থাকলে) **উত্তর: ঘ**

১৪. **বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম আরব দেশ কোনটি? / বাংলাদেশকে স্বীকৃতিদানকারী মধ্যপ্রাচ্যের প্রথম দেশ কোনটি?** [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]
ক. ইরাক খ. ইরান গ. সৌদি আরব ঘ. লেবানন **উত্তর: ক**

১৫. **বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম উপসাগরীয় দেশ কোনটি?** [বিসিকের প্রকাশনা কর্মকর্তা: ২৩]
ক. কাতার খ. কুয়েত গ. সংযুক্ত আরব আমিরাত ঘ. ইরান **উত্তর: খ**

১৬. **বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম উত্তর আমেরিকার দেশ কোনটি?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৬]
ক. যুক্তরাষ্ট্র খ. বার্বাডোস গ. কানাডা ঘ. মেক্সিকো **উত্তর: খ**

১৭. **বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম দক্ষিণ আমেরিকার দেশ কোনটি?** [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২৩]
ক. ভেনিজুয়েলা খ. ব্রাজিল গ. আর্জেন্টিনা ঘ. চিলি **উত্তর: ক**

১৮. **কত সালে সোভিয়েত ইউনিয়ন বা রাশিয়া বাংলাদেশকে স্বীকৃতিদান করে?** [ডেসকোর সুপারভাইজার: ১৯]
ক. ২৪ জানুয়ারি, ১৯৭২ খ. ২৬ জানুয়ারি, ১৯৭৩ গ. ২৬ জানুয়ারি, ১৯৭৪ ঘ. ২৬ জানুয়ারি, ১৯৭৫ **উত্তর: ক**

১৯. **কত সালে ফ্রান্স বাংলাদেশকে স্বীকৃতিদান করে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]
ক. ১২ ফেব্রুয়ারি, ১৯৭২ খ. ১৩ ফেব্রুয়ারি, ১৯৭২ গ. ১৪ ডিসেম্বর, ১৯৭২ ঘ. ১৫ ফেব্রুয়ারি, ১৯৭২ **উত্তর: গ**

২০. **কত সালে মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশকে স্বীকৃতিদান করে?** [১৬তম বিসিএস]
ক. ৪ এপ্রিল, ১৯৭২ খ. ৪ ফেব্রুয়ারি, ১৯৭৩ গ. ১৬ ডিসেম্বর, ১৯৭৪ ঘ. ২৪ ফেব্রুয়ারি, ১৯৭৫ **উত্তর: ক**

২১. **কত সালে পাকিস্তান বাংলাদেশকে একটি সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতিদান করে? / পাকিস্তান বাংলাদেশকে স্বীকৃতি দেয়** – [৪১তম বিসিএস]
ক. ২০ ফেব্রুয়ারি, ১৯৭৪ খ. ২১ ফেব্রুয়ারি, ১৯৭৪ গ. ২২ ফেব্রুয়ারি, ১৯৭৪ ঘ. ২৩ ফেব্রুয়ারি, ১৯৭৪ **উত্তর: গ**

২২. **বাংলাদেশকে স্বীকৃতি দানকারী সর্বশেষ দেশ কোনটি? / বাংলাদেশকে স্বীকৃতি দানকারী ১৫০তম দেশ কোনটি?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৫]
ক. জাপান খ. পূর্ব জার্মানি গ. স্পেন ঘ. চীন (বেসরকারিভাবে: ব্রুনাই) **উত্তর: ঘ**

২৩. **কত সালে চীন বাংলাদেশকে স্বীকৃতিদান করে? / গণচীন বাংলাদেশকে স্বীকৃতি দেয়** – [রেলপথ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২১]
ক. ১৫ আগস্ট, ১৯৭৫ খ. ১৬ ডিসেম্বর, ১৯৭১ গ. ২৬ মার্চ, ১৯৭১ ঘ. ৩১ আগস্ট, ১৯৭৫ **উত্তর: ঘ**

২৪. **নিচের দেশগুলোর মধ্যে কোন দেশটি প্রথম বাংলাদেশকে স্বীকৃতিদান করে?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২৩]
ক. পোল্যান্ড খ. সেনেগাল গ. ইরান ঘ. ইরাক **উত্তর: ক**

২৫. **মুক্তিযুদ্ধের পর ভারত-পাকিস্তানের মধ্যে কোন চুক্তি স্বাক্ষরিত হয়?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. দিল্লী খ. লক্ষ্ণৌ চুক্তি গ. লাহোর চুক্তি ঘ. সিমলা চুক্তি **উত্তর: ঘ**

২৬. **কোন দুইটি দেশের মধ্যে সিমলা চুক্তি স্বাক্ষরিত হয়?** [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক: ১৭]
ক. রাশিয়া - ভারত খ. ভারত - পাকিস্তান গ. ভারত - চীন ঘ. ভারত - বাংলাদেশ **উত্তর: খ**

২৭. **কোন সালে সিমলা চুক্তি স্বাক্ষরিত হয়?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৭]
ক. ১৯৭০ খ. ১৯৭১ গ. ১৯৭২ ঘ. ১৯৭৩ **উত্তর: গ**

২৮. **ঐতিহাসিক সিমলা চুক্তিতে স্বাক্ষর করেন** – [বিএমইটি'র উপ-সহকারী পরিচালক: ০১]
ক. রাজীব গান্ধী ও বেনজির ভুট্টো খ. ইন্দিরা গান্ধী ও জুলফিকার আলী ভুট্টো
গ. লাল বাহাদুর শাস্ত্রী ও আইয়ুব খান ঘ. অটল বিহারী বাজপেয়ী ও জেনারেল পারভেজ মোশাররফ **উত্তর: খ**

বঙ্গবন্ধু

০১. **কে সম্মোহনী নেতৃত্বের উজ্জ্বল দৃষ্টান্ত?** [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]
ক. ফজলুল হক খ. মাওলানা ভাসানী গ. এরশাদ ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান **উত্তর: ঘ**

০২. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত তারিখে জন্মগ্রহণ করেন?** [৩৪ তম বিসিএস]
ক. ১ মার্চ, ১৯১৯ খ. ১৭ মার্চ, ১৯২০ গ. ১৪ আগষ্ট, ১৯৪৭ ঘ. ২১ জুন, ১৯৪১ **উত্তর: খ**

০৩. **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত তারিখে জন্মগ্রহণ করেন?** [বিসিকের প্রমোশন অফিসার: ২৩]
ক. ৬ জ্যৈষ্ঠ, ১৩২০ খ. ৩ চৈত্র, ১৩২৬ গ. ১৬ বৈশাখ, ১৩২২ ঘ. ২৬ চৈত্র, ১৩২৫ **উত্তর: খ**

০৪. **কোন দিবসটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিনের সাথে সম্পর্কযুক্ত?** [নির্বাচন কমিশন সচিবালয়ের স্টোর কিপার: ১৯]
ক. বিশ্ব নারী দিবস খ. জাতীয় শিশু দিবস গ. বিশ্ব পরিবেশ দিবস ঘ. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস **উত্তর: খ**

০৫. **বঙ্গবন্ধুর জন্মদিন কবে? / কবে জাতীয় শিশু দিবস পালিত হয়?** [ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]
ক. ১৭ জুন খ. ১৭ ফেব্রুয়ারি গ. ১৭ মার্চ ঘ. ১৭ এপ্রিল **উত্তর: গ**

০৬. **২০২৪ সালের ১৭ মার্চ বঙ্গবন্ধুর কততম জন্মবার্ষিকী?** [মাউশি অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]
ক. ১০১ খ. ১০২ গ. ১০৩ ঘ. ১০৪ **উত্তর: ঘ**

০৭. **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছোট বেলার ডাক নাম কী?** [গ্রামীণ ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. বাবু খ. মুজিব গ. দুখু ঘ. খোকা **উত্তর: ঘ**

০৮. **জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মস্থান** – [প্রাণিসম্পদ অধিদপ্তরের পোল্ট্রি টেকনিশিয়ান: ২০]
ক. ডুমুরিয়া, খুলনা খ. টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ গ. আলফাডাঙ্গা, ফরিদপুর ঘ. কালিয়া, নড়াইল **উত্তর: খ**

০৯. **বঙ্গবন্ধুর গ্রাম কোন নদীর তীরে অবস্থিত?** [১৪তম প্রভাষক নিবন্ধন]
ক. মধুমতি খ. বাইগার গ. কুমার ঘ. ভৈরব **উত্তর: খ**

১০. **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শৈশবে কোন বিদ্যালয়ে তাঁর পাঠ শুরু করেন?** [এলজিইডি'র সহকারী প্রকৌশলী: ১৭]
ক. গোপলগঞ্জ প্রাথমিক বিদ্যালয়ে গ. গিমাডাঙ্গা প্রাথমিক বিদ্যালয়ে
গ. টুঙ্গিপাড়া প্রাথমিক বিদ্যালয়ে ঘ. শ্রী রাম কান্দি প্রাথমিক বিদ্যালয়ে **উত্তর: খ**

১১. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন কলেজের শিক্ষার্থী ছিলেন?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ২১]
ক. প্রেসিডেন্সি কলেজ খ. ইসলামিয়া কলেজ গ. রিপন কলেজ ঘ. ফোর্ট উইলিয়াম কলেজ **উত্তর: খ**

১২. **বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত বেকার হোস্টেল কোথায় অবস্থিত?** [বাংলাদেশ বিমানের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্ট: ২২]
ক. টুঙ্গিপাড়া খ. মেহেরপুর গ. সাভার ঘ. কলকাতা (ইসলামিয়া কলেজ) **উত্তর: ঘ**

১৩. **বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত বেকার হোস্টেলের কত নম্বর কক্ষকে জাদুঘরে রূপান্তর করা হয়েছে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৮]
ক. ২১ খ. ২২ গ. ২৩ ও ২৪ ঘ. ২৫ **উত্তর: গ**

১৪. **'বঙ্গবন্ধু স্মৃতিভবন' কোথায় অবস্থিত? / 'বঙ্গবন্ধু স্মৃতিকক্ষ' কোথায় অবস্থিত?** [গণপূর্ত অধিদপ্তরের হিসাব সহকারী: ১৬]
ক. টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ খ. মুজিবনগর, মেহেরপুর গ. কলকাতা, ভারত ঘ. সাভার, ঢাকা **উত্তর: গ**

১৫. **কোন শহরের একটি সড়কের নাম বঙ্গবন্ধুর নামে রাখা হয়েছে?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কম্পিউটার মুদ্রারিক: ১৮]
ক. কলকাতা, ভারত খ. দিল্লী, ভারত গ. লন্ডন, যুক্তরাজ্য ঘ. কলম্বো, শ্রীলংকা **উত্তর: খ**

১৬. **বঙ্গবন্ধু ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগে অধ্যয়ন করেন?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ২৩]
ক. দর্শন খ. আইন গ. রসায়ন ঘ. ইংরেজি **উত্তর: খ**

১৭. **বঙ্গবন্ধু কার অনুপ্রেরণায় আইন বিভাগে ভর্তি হোন?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ইন্সট্রাক্টর: ২৩]
ক. ফজলুল হক খ. শহীদ সোহরাওয়ার্দী গ. মাওলানা ভাসানী ঘ. তাঁর পিতা শেখ লুৎফর রহমান **উত্তর: ঘ**

১৮. **শহীদ রাসেলের জন্মতারিখ কোনটি?** [পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পরিচালক: ২১]
ক. ১৮ অক্টোবর, ১৯৬৪ খ. ১৮ অক্টোবর, ১৯৬৫ গ. ২১ অক্টোবর, ১৯৬৬ ঘ. ২৩ অক্টোবর, ১৯৬৫ **উত্তর: ক**

১৯. **২০২১ সালে বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের নামে চালু হওয়া 'শেখ রাসেল দিবস' পালিত হয়** - [সিএজি কার্যালয়ের অডিটর: ২১]
ক. ১৮ অক্টোবর খ. ১৯ অক্টোবর গ. ২১ অক্টোবর ঘ. ২৩ অক্টোবর **উত্তর: ক**

২০. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মীকে কোন নামে অভিহিত করা হয়?** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট: ২২]
ক. বঙ্গজননী খ. বঙ্গমাতা গ. বঙ্গজায়া ঘ. বঙ্গমায়া **উত্তর: খ**

২১. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সর্বপ্রথম কোন সালে গ্রেফতার হোন?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ১৮]
ক. ১৯৩৬ খ. ১৯৩৮ গ. ১৯৫২ ঘ. ১৯৬২ **উত্তর: খ**

২২. **ভাষা আন্দোলনের সময় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন কারাগারে বন্দি ছিলেন?** [পল্লী উন্নয়ন একাডেমির সহকারী পরিচালক: ২১]
ক. ঢাকা খ. নারায়ণগঞ্জ গ. ফরিদপুর ঘ. চট্টগ্রাম **উত্তর: গ**

২৩. **'বায়ান্নর দিনগুলো' অনুসারে জেলখানায় অনশনকারীর সংখ্যা কতজন?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৫ **উত্তর: ক**

২৪. **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক রচিত 'বায়ান্নর দিনগুলো'তে কারাগারে অনশনরত বঙ্গবন্ধুর সঙ্গী কে ছিলেন?** [বিএমইটি'র ইন্সট্রাক্টর: ১৮]
ক. মওলানা ভাসানী খ. খান সাহেব ওসমান আলী গ. আবদুর রশিদ তর্কবাগীশ ঘ. মহিউদ্দিন আহমেদ **উত্তর: ঘ**

২৫. **ভাষা সৈনিকদের শহিদ হওয়ার খবর শেখ মুজিবুর রহমান কীভাবে পেয়েছিলেন?** [বেবিচকের উপ-সহকারী প্রকৌশলী: ২১]
ক. সিপাহিদের মাধ্যমে খ. প্রহরীদের সহায়তায় গ. বন্দিদের নিকট থেকে ঘ. রেডিও শুনে **উত্তর: ক**

২৬. **'মুক্তি দেলে খাবো, না দিলে খাবো না। তবে আমার লাশ মুক্তি পেয়ে যাবে' এখানে কাদের মুক্তির কথা বলা হয়েছে?** [জাককানইবি: ১৯-২০]
ক. বাঙালিদের খ. রাজবন্দিদের গ. শোষিতদের ঘ. পাকিস্তানিদের **উত্তর: খ**

২৭. **'একদিন মরতেই হবে, অন্যায় ও অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ করে যদি মরতে পারি, সে মরাতেও শান্তি আছে' উক্তিটি কার?** [জাবি: ১৯-২০]
ক. অনুপম খ. মিন্টু গ. মাসি-পিসি ঘ. শেখ মুজিবুর রহমান **উত্তর: ঘ**

২৮. **জেলখানায় বঙ্গবন্ধুর অনশন ভাঙ্গান কে?** [বিসিকের প্রকাশনা কর্মকর্তা: ২৩]
ক. একজন কর্মচারী খ. রাজনৈতিক সহকর্মী গ. সিভিল সার্জন ঘ. ডেপুটি জেলার **উত্তর: খ**

২৯. **ফরিদপুর জেল থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কয়টি চিঠি লিখেছিলেন?** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]
ক. তিন খ. চার গ. পাঁচ ঘ. ছয় **উত্তর: খ**

৩০. **ফরিদপুর জেলে বসে শেখ মুজিবুর রহমান কাকে কাকে চিঠি লিখেছিলেন?** [জাবি: ১৯-২০]
ক. আব্বা, রেণু, শহীদ সাহেব, ভাসানী সাহেব খ. আব্বা, হাসু, শহীদ সাহেব, ভাসানী সাহেব
গ. আব্বা, রেণু, ফজলুল হক সাহেব, ভাসানী সাহেব ঘ. আব্বা, রেণু, শামসুল হক সাহেব, শহীদ সাহেব **উত্তর: ক**

৩১. **১৯৫২ সালের কত তারিখে বঙ্গবন্ধু কারাবাস থেকে মুক্তি পান?** [আইইআর'র উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর: ২০]
ক. ২২ ফেব্রুয়ারি খ. ২৪ ফেব্রুয়ারি গ. ২৬ ফেব্রুয়ারি ঘ. ২৮ ফেব্রুয়ারি (২৭ তারিখের অর্ডার) **উত্তর: ঘ**

৩২. **বায়ান্নর দিনগুলোয় কারাবন্দি শেখ মুজিবুর রহমান জেল থেকে ছাড়া পেয়ে কয়দিন পর বাড়ি পৌঁছেছিলেন?** [চবি: ২০-২১]
ক. তিন খ. চার গ. পাঁচ ঘ. ছয় **উত্তর: গ**

৩৩. **১৯৬০ সালের ১ মার্চ বঙ্গবন্ধু কোন বিমা কোম্পানিতে চাকরি নিয়েছিলেন?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৫]
ক. আলফা ইন্স্যুরেন্স খ. প্রগতি ইন্সুরেন্স গ. উত্তরা ইন্সুরেন্স ঘ. হাবিব ইন্সুরেন্স **উত্তর: ক**

৩৪. **কোন জেলে বঙ্গবন্ধুর বিচারকার্য সম্পন্ন করে মৃত্যুদন্ডের রায় দেওয়া হয়েছিল?** [রাকাব'র ক্যাশিয়ার: ১৬]
ক. লায়ালপুর (ফয়সালাবাদ) খ. ফরিদপুর গ. ঢাকা ঘ.করাচি **উত্তর: ক**

৩৫. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত তারিখে পাকিস্তানের কারাগার হতে মুক্তি পান?** [বিসিকের প্রকাশনা কর্মকর্তা: ২৩]
ক. ৯ জানুয়ারি, ১৯৭২ খ. ১০ জানুয়ারি, ১৯৭৩ গ. ১০ জানুয়ারি, ১৯৭২ ঘ. ৮ জানুয়ারি, ১৯ ৭২ **উত্তর: ঘ**

৩৬. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন তারিখে স্বদেশে প্রত্যাবর্তন করেন?** [বিএডিসি'র ড্রাইভার: ২৩]
ক. ১ জানুয়ারি, ১৯৭২ খ. ১০ জানুয়ারি, ১৯৭২ গ. ২৩ মার্চ, ১৯৭২ ঘ. ১৭ এপ্রিল, ১৯৭২ **উত্তর: খ**

৩৭. **বঙ্গবন্ধু স্বদেশে প্রত্যাবর্তন দিবস কোনটি? / বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস** - [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২৩]
ক. ১০ ডিসেম্বর খ. ১০ জানুয়ারি গ. ১০ মার্চ ঘ. ১০ জুন **উত্তর: খ**

৩৮. **বঙ্গবন্ধুর জেল জীবনের উপর রচিত বইয়ের নাম কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. ৫০৫৩ দিন খ. ৫০৫০ দিন গ. ৩০৫৩ দিন ঘ. ৩০৫০ দিন **উত্তর: গ**

৩৯. **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কতদিন জেলে বন্দি ছিলেন?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. ৪৮৭৫ দিন খ. ৩০৫৩ দিন গ. ৪৬৮৫ দিন ঘ. ৪৬৮২ দিন (সূত্র: তোফায়েল আহমেদ) **উত্তর: ঘ**

৪০. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে তাঁর জীবনে মোট কত বছর কারাগারে কাটাতে হয়েছে?** [সিএজি কার্যালয়ের অডিটর: ২১]
ক. ৮ বছর খ. ১০ বছর গ. ১২ বছর ঘ. ১৪ বছর **উত্তর: গ**

৪১. **বিশ্ব শান্তি পরিষদ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে কোন পদকে ভূষিত করে?** [গণপূর্ত অনিদপ্তরের হিসাব সহকারী: ১৬]
ক. নোবেল পদক খ. জুলি ও কুরি পদক গ. ম্যাগসেসে পদক ঘ. মাদাম কুরি পদক **উত্তর: খ**
ব্যাখ্যা: ১৯৭২ সালের ১০ অক্টোবর বিশ্ব শান্তি পরিষদ শান্তিতে অবদানের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জুলি ও কুরি পদকে ভূষিত করে নাম ঘোষণা করে। কিন্তু ১৯৭৩ সালের ২৩ মে বাংলাদেশের জাতীয় সংসদের উত্তর প্লাজায় এশীয় শান্তি সম্মেলনের এক আড়ম্বরপূর্ন অনুষ্ঠানে বিশ্ব শান্তি পরিষদের তৎকালীন সেক্রেটারি জেনারেল রমেশচন্দ্র বঙ্গবন্ধুকে পদক পরিয়ে দেন।

৪২. **শান্তিতে অবদানের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন পদকটি পেয়েছিলেন?** [৪২তম বিসিএস]
ক. ফ্রিডম পদক খ. ম্যাগসেসে পদক গ. জুলি ও কুরি পদক ঘ. জওহরলাল নেহেরু পদক **উত্তর: গ**

৪৩. **জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কখন 'জুলি ও কুরি' পুরস্কার লাভ করেন?** [ভূমি মন্ত্রনালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. ১০ অক্টোবর, ১৯৭২ খ. ৭ নভেম্বর, ১৯৭২ গ. ১৬ ডিসেম্বর, ১৯৭২ ঘ. ২৫ ডিসেম্বর, ১৯৭২ **উত্তর: ক**

৪৪. **বঙ্গবন্ধুকে কখন 'জুলি ও কুরি' শান্তি পুরস্কার প্রদান করা হয়?** [৪১তম বিসিএস]
ক. ২০ মে, ১৯৭৩ খ. ২১ মে, ১৯৭৩ গ. ২২ মে, ১৯৭৩ ঘ. ২৩ মে, ১৯৭৩ **উত্তর: ঘ**

৪৫. **রাজনীতির কবি কে? / Poet of Politics কে?** [বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. মাওলানা ভাসানী খ. সোহরাওয়ার্দী গ. ফজলুল হক ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান **উত্তর: ঘ**

৪৬. **কোন বিখ্যাত ম্যাগাজিন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'রাজনীতির কবি' আখ্যা দিয়েছিল?** [৩৯তম বিসিএস]
ক. টাইম খ. নিউজ উইকস গ. ইকোনোমিষ্ট ঘ. পলিটিক্যাল উইকলি **উত্তর: খ**

৪৭. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'রাজনীতির কবি' আখ্যা দিয়েছিলেন কে?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]
ক. মাওলানা আকরাম খান খ. রবার্ট ফিস্ক গ. আব্দুল গাফফার চৌধুরী ঘ. লোবেন জেঙ্কিস **উত্তর: ঘ**

৪৮. **বঙ্গবন্ধুকে 'রাজনীতির নান্দনিক শিল্পী' বলেছেন** - [কারিগরি শিক্ষা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. শেখ হাসিনা খ. আনিসুজ্জামান গ. ড. মুনতাসির মামুন ঘ. বঙ্গবন্ধু **উত্তর: ক**

৪৯. **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন পত্রিকায় কাজ করেছিলেন?** [ভূমি মন্ত্রণালয়ের নিরীক্ষক: ২৩]
ক. ইত্তেহাদ খ. মিল্লাত গ. আজাদ ঘ. ইত্তেফাক **উত্তর: ক**

৫০. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে মৃত্যুবরণ করেন?** [সমবায় অধিদপ্তরের মাঠ সহকারী: ১৮]
ক. ১৩ আগস্ট, ১৯৭৫ খ. ১৪ আগস্ট, ১৯৭৫ গ. ১৫ আগস্ট, ১৯৭৫ ঘ. ১৬ আগস্ট, ১৯৭৫ **উত্তর: গ**

৫১. **জাতীয় শোক দিবস** - [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্রাফট ইন্সট্রাক্টর: ২১]
ক. ২৬ মার্চ খ. ১৫ আগষ্ট গ. ২৪ সেপ্টেম্বর ঘ. ২১ ফেব্রুয়ারি **উত্তর: খ**

৫২. **২০২৪ সালের ১৫ আগষ্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কততম শাহাদাত বার্ষিকী?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার: ১৭]
ক. ৪০তম খ. ৪১তম গ. ৪২তম ঘ. ৪৯তম **উত্তর: ঘ**

৫৩. **বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কোথায় অবস্থিত?** [বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের কম্পিউটার অপারেটর: ১৪]
ক. ধানমন্ডি, ঢাকা খ. টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ গ. সদর, বরিশাল ঘ. মুজিবনগর, মেহেরপুর **উত্তর: ক**

৫৪. **বঙ্গবন্ধুর জীবনকর্ম নিয়ে নির্মিত 'পলাশী থেকে ধানমন্ডি' চলচ্চিত্রের পরিচালক কে?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১৯]
ক. জহির রায়হান খ. শামিমা আকতার গ. আমজাদ হোসেন ঘ. আবদুল গাফফার চৌধুরী **উত্তর: ঘ**

৫৫. **বঙ্গবন্ধুকে হিমালয়ের সাথে তুলনা করেছেন কে? / 'আমি হিমালয় দেখিনি, আমি শেখ মুজিবকে দেখেছি' উক্তিটি কার?** [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২৩]
ক. ইয়াসির আরাফাত খ. ফিদেল কাস্ত্রো গ. জেমস এলেন ঘ. ডেনিসন প্রেনটিস **উত্তর: খ**

৫৬. **কোন প্রতিষ্ঠানের জরিপে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি নির্বাচিত হোন?** [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]
ক. ভয়েস অব আমেরিকা খ. টাইমস অব ইন্ডিয়া গ. ইউনেস্কো ঘ. বিবিসি **উত্তর: ঘ**

৫৭. **কত সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিবিসির জরিপে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি নির্বাচিত হোন?** [বেবিচকের ট্রেলিম্যান: ২১]
ক. ২০০৩ খ. ২০০৪ গ. ২০০৫ ঘ. ২০০৬ **উত্তর: খ**

৫৮. **ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কত তারিখে বঙ্গবন্ধুর বহিষ্কারাদেশ প্রত্যাহার করে নেন?** [মেডিকেল: ২১-২২]
ক. ৭ মার্চ, ২০১০ খ. ১৭ মার্চ, ২০১০ গ. ১৪ আগস্ট, ২০১০ ঘ. ১৫ আগস্ট, ২০১০ **উত্তর: গ**

৫৯. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনীমূলক গ্রন্থের নাম কী? / বঙ্গবন্ধুর লেখা প্রথম গ্রন্থ কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. অসমাপ্ত আত্মজীবনী খ. আমার জীবনী গ. সংগ্রাম ঘ. আমার বাংলাদেশ **উত্তর: ক**

৬০. **'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের লেখক কে?** [৩৫তম বিসিএস]
ক. আবুল মনসুর আহমেদ খ. সুনীল গঙ্গোপাধ্যায় গ. শেখ মুজিবুর রহমান ঘ. তাজউদ্দীন আহমদ **উত্তর: গ**

৬১. **'অসমাপ্ত আত্মজীবনী' একটি** - [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]
ক. নাটক খ. উপন্যাস গ. প্রবন্ধ ঘ. আত্মজীবনীমূলক গ্রন্থ **উত্তর: ঘ**

৬২. **'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের ভূমিকা কে লিখেছেন?** [খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. শেখ হাসিনা খ. আনিসুজ্জামান গ. ড. মুনতাসির মামুন ঘ. বঙ্গবন্ধু **উত্তর: ক**

৬৩. **কোন শিল্পী 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের প্রচ্ছদ এঁকেছেন?** [গণপূর্ত অধিদপ্তরের হিসাব সহকারী: ১৬]
ক. সমর মজুমদার খ. কাইয়ুম চৌধুরী গ. শাহাবুদ্দীন আহমেদ ঘ. ধ্রুব এষ **উত্তর: ক**

৬৪. **কবে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী প্রথম প্রকাশিত হয়?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]
ক. জুন, ২০১১ খ. জুলাই, ২০১১ গ. জুন, ২০১২ ঘ. জানুয়ারি, ২০১৩ **উত্তর: গ**

৬৫. **শেখ মুজিবুর রহমান রচিত 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থটির প্রকাশক** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. বঙ্গবন্ধু ফাউন্ডেশন খ. বাংলা একাডেমি গ. জাতীয় সাহিত্য প্রকাশন ঘ. ইউনিভার্সিটি প্রেস লিমিটেড **উত্তর: ঘ**

৬৬. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে অসমাপ্ত আত্মজীবনী লেখা শুরু করেন?** [জাককানইবি: ১৭-১৮]
ক. ১৯৬৭ সালের শুরুতে খ. ১৯৬৭ সালের মাঝামাঝি গ. ১৯৬৭ সালের শেষে ঘ. ১৯৬৭ সালের ফেব্রুয়ারি **উত্তর: খ**

৬৭. **কোন জেলে বন্দি অবস্থায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর অসমাপ্ত আত্মজীবনী লেখা শুরু করেন?** [রাকাব'র ক্যাশিয়ার: ১৬]
ক. ঢাকা সেন্ট্রাল জেলে খ. গাজীপুর জেলে গ. আগরতলা জেলে ঘ. লাহোর জেলে **উত্তর: ক**

৬৮. **বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনীতে কত সাল পর্যন্ত বঙ্গবন্ধুর জীবনের ঘটনাকালের বর্ণনা রয়েছে?** [রূপালী ব্যাংকের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার: ২১]
ক. ১৯৫৫ সাল খ. ১৯৫২ সাল গ. ১৯৬৬ সাল ঘ. ১৯৬৯ সাল **উত্তর: ক**

৬৯. **কীভাবে 'অসমাপ্ত আত্মজীবনী' বর্ণিত হয়েছে?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৯]
ক. শেখ হাসিনার বয়ানে খ. সম্পাদকের বয়ানে গ. বঙ্গবন্ধুর নিজ বয়ানে ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

৭০. **'অসমাপ্ত আত্মজীবনীতে উল্লিখিত 'আন্দামান' বলতে কী বুঝায়?** [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক. জেলার নাম খ. সাগরের নাম গ. ইংরেজ আমলের জেলখান ঘ. পাকিস্তান আমলের অফিস **উত্তর: গ**

৭১. **'অসমাপ্ত আত্মজীবনী'র বর্ণনানুসারে বঙ্গবন্ধু ঢাকা জেলে কী কাজ করতেন?** [জাককানইবি: ১৮-১৯]
ক. সুতা কাটার কাজ খ. মালির কাজ গ. কম্বল তৈরির কাজ ঘ. রান্নার কাজ **উত্তর: খ**

৭২. **বঙ্গবন্ধুর আত্মজীবনীমূলক গ্রন্থ অসমাপ্ত আত্মজীবনী কতটি ভাষায় অনুদিত হয়েছে?** [সেসিপ'র সহকারী পরিদর্শক: ১৭]
ক. ১০ খ. ১৩ গ. ২০ ঘ. ১৮ **উত্তর: গ**
ব্যাখ্যা: অসমাপ্ত আত্মজীবনী গ্রন্থটি ২০ টি ভাষায় অনূদিত হয়েছে। যথা- ইংরেজি, উর্দু, জাপানি, চীনা, আরবি, ফরাসি, হিন্দি, তুর্কি, নেপালি, স্প্যানিশ, অসমিয়া, মালয়, রুশ, কোরীয়, ইতালি, মারাঠি, গ্রিক, থাই, মেক্সিকান-স্প্যানিশ বা ল্যাটিন ও ত্রিপুরা। তবে বাংলাসহ ২১ ভাষায় প্রকাশিত হয়েছে।

৭৩. **বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' ইংরেজিতে অনুবাদ করেন** - [মৎস্য অধিদপ্তরের কম্পিইউটার অপারেটর: ২১]
ক. জামিলুর রেজা চৌধুরী খ. ফকরুল আলম গ. আশরাফ হোসেন ঘ. আনিসুজ্জামান **উত্তর: খ**

৭৪. **'অসমাপ্ত আত্মজীবনী' এর ইংরেজি অনুবাদ কী?** [সিজিএ কার্যালয়ের জুনিয়র অডিটর: ২২]
ক. Unfinished Biography খ. Incomplete Biography গ. The Unfinished Memoirs ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

৭৫. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' জাপানি ভাষায় অনুবাদকের নাম কী?** [এলজিইডি'র কার্য সহকারী: ২৩]
ক. কাজুহিরো ওয়াতানাবো খ. হাইয়ামি ওয়াতানাবো গ. ইশিকাওয়া ওয়াতানাবো ঘ. কুনেমিরো ওয়াতানাবো **উত্তর: ক**

৭৬. **অসমাপ্ত আত্মজীবনী সর্বশেষ কোন ভাষায় অনুবাদ করা হয়?** [সেসিপ'র সহকারী পরিদর্শক: ১৯]
ক. স্প্যানিশ খ. তুর্কী গ. অসমীয়া ঘ. ত্রিপুরা (নাম: পাইথাকয়া লাংমা) **উত্তর: ঘ**

৭৭. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' ত্রিপুরা ভাষায় অনুবাদকের নাম কী?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের জুনিয়র শিক্ষক: ২১]
ক. কুনেমিরো ওয়াতানাবো খ. হাইয়ামি ওয়াতানাবো গ. ইশিকাওয়া ওয়াতানাবো ঘ. যুবরাজ দেববর্মা (কুবি শিক্ষার্থী) **উত্তর: ঘ**

৭৮. **অসমাপ্ত আত্মজীবনীতে উল্লিখিত 'আন্দামান' বলতে কী বুঝায়?** [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক. একটি সাগরের নাম খ. একটি জেলের নাম গ. ইংরেজ আমলের জেলখানা ঘ. পাকিস্তান আমলের অফিস **উত্তর: খ**

৭৯. **অসমাপ্ত আত্মজীবনী ভিত্তিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র হলো** - [বিএমইটি'র অফিস সহায়ক: ২৩]
ক. চিরঞ্জীব মুজিব খ. মুজিব মানে মুক্তি গ. মুজিব আমার পিতা ঘ. টুঙ্গিপাড়ার মিঞাভাই **উত্তর: ক**

৮০. **বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থটি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগের পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত হয়েছে?** [বেবিচকের হিসাব সহকারী: ২১]
ক. বাংলা খ. ইংরেজি গ. দর্শন ঘ. রাষ্ট্রবিজ্ঞান **উত্তর: খ**

৮১. **কোন মন্ত্রণালয় থেকে বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের ব্রেইল সংস্করণ প্রকাশ করা হয়েছে?** [নৌবাহিনীর ক্যাশিয়ার: ২৩]
ক. সমাজকল্যাণ মন্ত্রণালয় খ. জনপ্রশাসন মন্ত্রণালয় গ. প্রধানমন্ত্রীর কার্যালয় ঘ. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় **উত্তর: ক**

৮২. **বঙ্গবন্ধুর আত্মজীবনীর দ্বিতীয় গ্রন্থের নাম কী? / বঙ্গবন্ধুর লেখা দ্বিতীয় গ্রন্থ কোনটি?** [পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি অ্যাটেনডেন্ট: ২০]
ক. আমি বিজয় দেখেছি খ. অসমাপ্ত আত্মজীবনী গ. আমি শেখ মুজিব বলছি ঘ. কারাগারের রোজনামচা **উত্তর: ঘ**

৮৩. **'কারাগারের রোজনামচা' গ্রন্থের রচয়িতা কে? / 'Prison Diaries' বইটি কে লিখেছেন?** [মৎস্য অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. মওলানা ভাসানী খ. শহীদ সোহরাওয়ার্দী গ. এ. কে. ফজলুল হক ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান **উত্তর: ঘ**

৮৪. **'কারাগারের রোজনামচা' হলো** - [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৯]
ক. নাটক খ. উপন্যাস গ. দিনলিপি ঘ. কাব্য **উত্তর: গ**

৮৫. **কবে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত 'কারাগারের রোজনামচা' প্রকাশিত হয়?** [বাংলাদেশ রেলয়ের অফিস সহায়ক: ২১]
ক. ২৭ মার্চ, ২০১৭ খ. ৭ মার্চ, ২০১৭ গ. ২৮ মার্চ, ২০১৭ ঘ. ১৭ মার্চ, ২০১৭ **উত্তর: ঘ**

৮৬. **'কারাগারের রোচনামচা' গ্রন্থটির প্রকাশক** - [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ২২]
ক. বঙ্গবন্ধু ফাউন্ডেশন খ. বাংলা একাডেমি গ. জাতীয় সাহিত্য প্রকাশন ঘ. ইউনিভার্সিটি প্রেস লিমিটেড **উত্তর: খ**

৮৭. **'কারাগারের রোজনামচা' রচনাটির নামকরণ করেন কে?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. শেখ মুজিব খ. শেখ ফজিলাতুন্নেসা গ. শেখ হাসিনা ঘ. শেখ রেহানা **উত্তর: ঘ**

৮৮. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তার কারাগার জীবনের লেখা দিনপঞ্জির নাম দিয়েছিলেন? / বঙ্গবন্ধু নিজে 'কারাগারের রোজনামচা' গ্রন্থটির নাম কী রেখেছিলেন?** [বিসিএসআইআর'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. কারাগারের রোজনামচা খ. কারাগারের রাতদিন গ. অসমাপ্ত আত্মজীবনী ঘ. থালা-বাটি কম্বল, জেলখানার সম্বল **উত্তর: ঘ**

৮৯. **'কারাগারের রোজনামচা'র ভূমিকা লিখেছেন** - [মাউশি অধিদপ্তরের ল্যাবরেটরী সহকারী: ২১]
ক. আনিসুজ্জামান খ. শেখ হাসিনা গ. শেখ মুজিবুর রহমান ঘ. মহিউদ্দিন আহমেদ **উত্তর: খ**

৯০. **বঙ্গবন্ধু কারাগারের রোজনামচা গ্রন্থে কোন সময়ের স্মৃতি লিপিবদ্ধ করেছেন?** [বাংলাদেশ বিমানের অ্যাডমিন অ্যাসিস্ট্যান্ট: ২৩]
ক. ১৯৬৯ - ১৯৭১ খ. ১৯৭০ - ১৯৭১ গ. ১৯৬৬ - ১৯৬৮ ঘ. ১৯৬২ - ১৯৬৮ **উত্তর: গ**

৯১. **কারাগারের রোজনামচা গ্রন্থটিতে 'বন্দুক দফা' বলতে কোন ধরনের কয়েদিদের বুঝানো হয়েছে?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ২২]
ক. যাঁরা ঝাড়ু দেন খ. মেথর গ. যাঁরা নাইটগার্ডের কাজ করেন ঘ. যাঁরা ওয়ার্ডে পানি দেন **উত্তর: খ**

৯২. **বঙ্গবন্ধুর লেখা 'কারাগারের রোজনামচা' গ্রন্থের ইংরেজি ভাষার অনুবাদক কে?** [বেবিচকের নিরাপত্তা অধীক্ষক: ২১]
ক. অধ্যাপক নজরুল ইসলাম খ. অধ্যাপক হরুন-অর-রশিদ গ. সৈয়দ মঞ্জুরুল ইসলাম ঘ. অধ্যাপক ড. ফকরুল আলম **উত্তর: ঘ**

৯৩. **বঙ্গবন্ধুর আত্মজীবনীর তৃতীয় গ্রন্থের নাম কী? / বঙ্গবন্ধুর লেখা তৃতীয় গ্রন্থ কোনটি?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]
ক. অসমাপ্ত আত্মজীবনী খ. কারাগারের রোজনামচা গ. আমি শেখ মুজিব বলছি ঘ. আমার দেখা নয়াচীন **উত্তর: ঘ**

৯৪. **'আমার দেখা নয়াচীন' গ্রন্থের রচয়িতা কে? / 'New China 1952' বইটি কে লিখেছেন?** [মৎস্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]
ক. মওলানা ভাসানী খ. শহীদ সোহরাওয়ার্দী গ. এ. কে. ফজলুল হক ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান **উত্তর: ঘ**

৯৫. **'আমার দেখা নয়াচীন' কোন ধরনের গ্রন্থ?** - [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ২২]
ক. অর্থনীতি বিষয়ক খ. ভ্রমণ কাহিনী গ. গল্পগ্রন্থ ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

৯৬. **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে কারাগারে রাজবন্দি অবস্থায় 'আমার দেখা নয়াচীন' গ্রন্থের পান্ডুলিপি রচনা করেন? / 'আমার দেখা নয়াচীন' গ্রন্থটি কত সালে লেখা হয়?** [বেবিচকের সহকারী প্রকৌশলী: ২৩]
ক. ১৯৫২ খ. ১৯৫৩ গ. ১৯৫৪ ঘ. ১৯৫৫ **উত্তর: গ**

৯৭. **কবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত 'আমার দেখা নয়াচীন' প্রকাশিত হয়?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ২০]
ক. ২ জানুয়ারি, ২০১৯ খ. ২ ফেব্রুয়ারি, ২০২০ গ. ২ মার্চ, ২০২১ ঘ. ১৭ মার্চ, ২০২১ **উত্তর: খ**

৯৮. **'আমার দেখা নয়াচীন' গ্রন্থের ভূমিকা লিখেছেন** - [বিএডিসি'র সহকারী প্রশাসনিক কর্মকর্তা: ২১]
ক. আনিসুজ্জামান খ. শেখ হাসিনা গ. শেখ মুজিবুর রহমান ঘ. মহিউদ্দিন আহমেদ **উত্তর: খ**

৯৯. **'আমার দেখা নয়াচীন' গ্রন্থে বঙ্গবন্ধু কোন সময়ের স্মৃতি লিপিবদ্ধ করেছেন?** [এনআরবিসিবি'র অফিসার: ২০]
ক. ১৯৪৯ সালের চীন ভ্রমণ খ. ১৯৫০ সালের চীন ভ্রমণ গ. ১৯৫২ সালের চীন ভ্রমণ ঘ. ১৯৫৭ সালের চীন ভ্রমণ **উত্তর: গ**

১০০. **চীন ভ্রমণকালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে কোন কবির দেখা হয়েছিল?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. নাজিম হিকমত খ. আহমেদ আরিফ গ. ফারুক নাফিজ ঘ. আহমেদ হাসিম **উত্তর: ক**

১০১. **বঙ্গবন্ধুর লেখা 'আমার দেখা নয়াচীন' গ্রন্থের ইংরেজি ভাষার অনুবাদক কে?** [যুব উন্নয়ন অধিদপ্তরের অফিস সহকারী: ২০]
ক. অধ্যাপক নজরুল ইসলাম খ. অধ্যাপক হরুন-অর-রশিদ গ. সৈয়দ মঞ্জুরুল ইসলাম ঘ. অধ্যাপক ড. ফকরুল আলম **উত্তর: ঘ**

১০২. **অসমাপ্ত আত্মজীবনী গ্রন্থের গ্রন্থস্বত্ব কার? / কারাগারের রোজনামচা গ্রন্থের গ্রন্থস্বত্ব কার? / আমার দেখা নয়াচীন গ্রন্থের গ্রন্থস্বত্ব কার?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২৩]
ক. সিআরআই খ. বাংলাদেশ আওয়ামী লীগ গ. বঙ্গবন্ধুর পরিবার ঘ. বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্ট **উত্তর: ঘ**

১০৩. **নিচের কোন গ্রন্থটি বঙ্গবন্ধু কর্তৃক রচিত নয়?** [স্থানীয় প্রকৌশল অধিদপ্তরের হিসাব সহকারী: ২১]
ক. আমার দেখা নয়াচীন খ. কারাগারের রোজনামচা গ. অসমাপ্ত আত্মজীবনী ঘ. আমার দেখা রাজনীতির পঞ্চাশ বছর **উত্তর: ঘ**

১০৪. **'সিক্রেট ডকুমেন্টস অব ইন্টেলিজেস ব্রাঞ্চ অন ফাদার অব দ্য নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' গ্রন্থের মোড়ক উন্মোচন হয়** - [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. ৬ সেপ্টেম্বর, ২০১৮ খ. ৭ সেপ্টেম্বর, ২০১৮ গ. ৬ সেপ্টেম্বর, ২০১৭ ঘ. ৮ সেপ্টেম্বর, ২০১৮ **উত্তর: খ**

১০৫. **'সিক্রেট ডকুমেন্টস অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দ্য নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' গ্রন্থে কত তারিখে গোয়েন্দা প্রতিবেদন সূচনা হয়?** [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২১]
ক. ১৩ জানুয়ারি, ১৯৪৮ খ. ৭ মার্চ, ১৯৪১ গ. ১৫ এপ্রিল, ১৯৫০ ঘ. ২১ ফেব্রুয়ারি, ১৯৫২ **উত্তর: ক**

১০৬. **Secret Documents of Intelligence Branch on Father of the Nation Bangandhu Sheikh Mujibur Rahman, Vol: 1 ends with the documents of** - [বিএসসি'র সিনিয়র অফিসার: ২১]
ক. 1948 খ. 1949 গ. 1950 ঘ. 1951 **উত্তর: গ**

১০৭. **'সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দ্য নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' গ্রন্থের কোন খন্ড সম্প্রতি প্রকাশিত হয়েছে?** [ঢাবি: ১৮-১৯]
ক. প্রথম খ. দ্বিতীয় গ. চর্তুদশ ঘ. পঞ্চম **উত্তর: খ**

ফর্মা-৮২/বি

১০৮. **কবে মুজিববর্ষ ঘোষণা করা হয়?** [বিএমইটির অফিস সহায়ক: ২৩]
ক. ১১ জানুয়ারি, ২০১৯ খ. ১২ জানুয়ারি, ২০১৯ গ. ২৩ জানুয়ারি, ২০১৯ ঘ. ২৫ জানুয়ারি, ২০১৯ **উত্তর: খ**

১০৯. **কোন তারিখ থেকে মুজিব শতবর্ষের ক্ষণগণনা শুরু হয়েছিল?** [সিজিএ কার্যালয়ের অডিটর: ২২]
ক. ১ জানুয়ারি, ২০২০ খ. ১০ জানুয়ারি, ২০২০ গ. ১০ জানুয়ারি, ২০২০ ঘ. ২৫ মার্চ, ২০২০ **উত্তর: খ**

১১০. **মুজিববর্ষ উদযাপনকাল হলো - / কোন সময়কালকে মুজিববর্ষ হিসেবে ঘোষণা দেওয়া হয়েছে? / মুজিববর্ষের সময়কাল কত?** [বিআরইবি'র জেনারেল ম্যানেজার: ২২]
ক. ১৭ মার্চ, ২০২০ - ১৬ ডিসেম্বর, ২০২১ খ. ২৬ মার্চ, ২০২০ - ২৬ মার্চ, ২০২১
গ. ১৭ এপ্রিল, ২০২০ - ১৭ এপ্রিল, ২০২১ ঘ. ১৭ মার্চ, ২০২০ - ৩১ মার্চ, ২০২২ **উত্তর: ঘ**

১১১. **মুজিব শতবর্ষের লোগোর ডিজাইনার কে?** [ফায়ার সার্ভিসের ফায়ার ফাইটার: ২৩]
ক. সব্যসাচী হাজরা খ. মুস্তাফা মনোয়ার গ. হাশেম খান ঘ. শিল্পী শাহাবুদ্দিন **উত্তর: ক**

১১২. **মুজিব বর্ষের থিম সঙ্গীত 'তুমি বাংলার ধ্রুবতারা' এর গীতিকার বা রচয়িতা কে? / মুজিব বর্ষের থিম সং এর রচয়িতা কে?** [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২০]
ক. কবি কামাল চৌধুরী খ. নকীব খান গ. আবদুল গাফফার চৌধুরী ঘ. ফজলুর রহমান বাবু **উত্তর: ক**

১১৩. **কোন সংস্থার সাথে যৌথভাবে 'মুজিব বর্ষ' উদযাপনের সিদ্ধান্ত হয়?** [জনতা ব্যাংকের অফিসার: ২০]
ক. ইউনিসেফ খ. জাতিসংঘ গ. ইউনেস্কো ঘ. আইএমএফ **উত্তর: গ**

১১৪. **ইউনেস্কোর কততম নির্বাহী সভায় বাংলাদেশের সঙ্গে একত্রে মুজিববর্ষ উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়?** [মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ষ্টোর কিপার: ২১]
ক. ৩৯তম খ. ৪০তম গ. ২০৬তম ঘ. ২০৭তম **উত্তর: খ**

১১৫. **মুজিব বর্ষ উপলক্ষ্যে স্থাপিত 'বঙ্গবন্ধু নৌকা জাদুঘর' কোন জেলায় অবস্থিত?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহকারী: ২১]
ক. বরগুনা খ. বরিশাল গ. নারায়নগঞ্জ ঘ. পটুয়াখালী **উত্তর: ক**

১১৬. **বৃহত্তম 'Crop-Field-Mosaic' হিসেবে গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডে স্থান পায় কোনটি?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. শস্যচিত্রে বঙ্গবন্ধু খ. মাঠে বঙ্গবন্ধু গ. বঙ্গবন্ধুর সোনার বাংলা ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

১১৭. **গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসে স্থান পাওয়া 'শস্যচিত্রে বঙ্গবন্ধু' নির্মাণে কোন শস্যের চারা ব্যবহার করা হয়?** [১১তম বিজেএস]
ক. আলু খ. পাঠ গ. গম ঘ. ধান **উত্তর: ঘ**

১১৮. **গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসে স্থান পাওয়া 'শস্যচিত্রে বঙ্গবন্ধু' শিল্পকর্মটিতে বঙ্গবন্ধুর প্রতিকৃতির আয়তন কত?** [চবি: ২০-২১]
ক. ৭ লাখ ৭০ হাজার বর্গফুট খ. ৮ লাখ ৮০ হাজার বর্গফুট গ. ১০ লাখ ৯১ হাজার বর্গফুট ঘ. ১২ লাখ ৯২ হাজার বর্গফুট **উত্তর: ঘ**

১১৯. **বঙ্গবন্ধুর নামে আন্তর্জাতিক পুরস্কার প্রবর্তন করে কোন সংস্থা?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিম্নমান হিসাব সহকারী: ২৩]
ক. ইউনেস্কো খ. ইউএনডিপি গ. ডব্লিউএইচও ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

১২০. **ইউনেস্কো বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্তর্জাতিক পুরস্কার যে বিষয়ে** - [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]
ক. শান্তি খ. সাহিত্য গ. চলচ্চিত্র ঘ. সৃজনশীল অর্থনীতি **উত্তর: ঘ**

১২১. **ইউনেস্কো বাংলাদেশ 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্তর্জাতিক পুরস্কার-২০২৩' পান** - [বিসিএসআইআর'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ইউনেস্কো খ. ওপিসিডব্লিউ গ. বাপার্ড ঘ. মিউজিক ক্রসরোডস (জিম্বাবুয়ে) **উত্তর: ঘ**

১২২. **ইউনেস্কো বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আন্তর্জাতিক পুরস্কারের অর্থমূল্য** - [বাংলাদেশ কোস্ট গার্ডের উপ-সহকারী প্রকৌশলী: ২০]
ক. ১০০০০ মার্কিন ডলার খ. ৩০০০০ মার্কিন ডলার গ. ৫০০০০ মার্কিন ডলার ঘ. ১০০০০০ মার্কিন ডলার **উত্তর: গ**

১২৩. **জাতিসংঘের কোন সংস্থার সদর দপ্তরে 'বাংলাদেশ-বঙ্গবন্ধু শেখ মুজিব কক্ষ' উদ্বোধন করা হয়?** [বিআরইবি'র সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার: ২৩]
ক. FAO খ. IFAD গ. ESCAP ঘ. UNICEF **উত্তর: ক**

১২৪. **'মুজিব : একটি জাতির রূপকার' চলচ্চিত্রটি কবে মুক্তি পায়?** [বিআইডব্লিউটিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. ১ অক্টোবর, ২০২৩ খ. ৭ অক্টোবর, ২০২৩ গ. ১১ অক্টোবর, ২০২৩ ঘ. ১৩ অক্টোবর, ২০২৩ **উত্তর: ঘ**

১২৫. **বঙ্গবন্ধুকে নিয়ে বিশেষ ফিল্ম 'Mujib: The Making of a Nation' তৈরি করেছেন** - [ভূমি মন্ত্রনালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. রিচার্ড আটনবারো খ. শ্যাম বেনেগাল গ. তানভীর মোকাম্মেল ঘ. গৌতম ঘোষ **উত্তর: খ**

১২৬. **'Mujib: The Making of a Nation' চলচ্চিত্রটির প্রযোজক কে? / 'মুজিব : একটি জাতির রূপকার' চলচ্চিত্রটির প্রযোজক কে?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. জাজ মাল্টিমিডিয়া খ. ইমপ্রেস টেলিফিল্ম গ. বিএফডিসি ঘ. বাংলাদেশ ও ভারত সরকার **উত্তর: ঘ**

বীরত্বসূচক খেতাব

০১. **মুক্তিযুদ্ধে অবদানের জন্য কতটি ক্যাটেগরিতে খেতাব প্রদান করা হয়?** [এলজিইডি'র অফিস সহায়ক: ২৩]
ক. ৪ টি খ. ৫ টি গ. ৬ টি ঘ. ৭ টি **উত্তর: ক**
ব্যাখ্যা: ১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর মুক্তিযুদ্ধে অবদানের জন্য ৪ টি ক্যাটেগরিতে খেতাব প্রদান করা হয়। যথা- বীরশ্রেষ্ঠ, বীর উত্তম, বীর বিক্রম ও বীর প্রতীক। ৭ জন বীরশ্রেষ্ঠ, ৬৮ জন বীর উত্তম, ১৭৫ জন বীর বিক্রম ও ৪২৬ জন বীর প্রতীকসহ মোট ৬৭৬ জন খেতাব পান। ২০২১ সালের ৬ জুন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত খুনি শরিফুল হক ডালিম (বীর উত্তম), নূর চৌধুরী (বীর বিক্রম), রাশেদ চৌধুরী (বীর প্রতীক) ও মোসলেম উদ্দিন (বীর প্রতীক) এর খেতাব বাতিল করে।

০২. **কত সালে বাংলাদেশ সরকার বীরত্বসূচক খেতাব প্রদান করে?** [বেবিচকের সিনিয়র অফিসার: ২১]
ক. ১৫ ডিসেম্বর, ১৯৭২ খ. ১৬ ডিসেম্বর, ১৯৭২ গ. ১৫ ডিসেম্বর, ১৯৭৩ ঘ. ১৬ ডিসেম্বর, ১৯৭৩ **উত্তর: গ**

০৩. **বাংলাদেশে মোট রাষ্ট্রীয় খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সংখ্যা কত?** [আবাআখা প্রকল্পের উপজেলা সমন্বয়কারী: ২১]
ক. ৬৮ জন খ. ১৭৫ জন গ. ৪২৬ জন ঘ. ৬৭৬ জন (বর্তমান: ৬৭২ জন) **উত্তর: ঘ**

০৪. **কবে বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত খুনিদের মুক্তিযুদ্ধের খেতাব বাতিলের প্রজ্ঞাপন জারি হয়?** [ডিএমএলসি'র জুনিয়র শিক্ষক: ২৩]
ক. ৬ জুন, ২০২১ খ. ১৬ জুন, ২০২১ গ. ২৬ জুন, ২০২১ ঘ. ৩০ জুন, ২০২১ **উত্তর: ক**

০৫. **বাংলাদেশের সর্বোচ্চ রাষ্ট্রীয় খেতাব বা সামরিক খেতাব বা সর্বোচ্চ বীরত্ব কোনটি? / মুক্তিযোদ্ধাদের সম্মানসূচক সর্বোচ্চ খেতাব কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. বীর প্রতীক খ. বীরশ্রেষ্ঠ গ. বীর বিক্রম ঘ. বীর উত্তম **উত্তর: খ**

০৬. **মুক্তিযোদ্ধাদের জন্য সর্বোচ্চ খেতাব বীরশ্রেষ্ঠ আনুষ্ঠানিকভাবে কবে ঘোষিত হয়?** [বেবিচকের সিনিয়র অফিসার: ২১]
ক. ১৫ ডিসেম্বর, ১৯৭২ খ. ১৫ ডিসেম্বর, ১৯৭৩ গ. ২০ মার্চ, ১৯৭২ ঘ. ২০ মার্চ, ১৯৭৩ **উত্তর: খ**

০৭. **কত সালে বাংলাদেশ সরকার বীরশ্রেষ্ঠদের নাম ঘোষণা করে? / বাংলাদেশের বীরত্বের জন্য কয়জনকে সর্বোচ্চ সম্মান বীরশ্রেষ্ঠ খেতাব বা উপাধি দেওয়া হয়?** [১৮তম বিসিএস]
ক. ৯ জন খ. ৭ জন গ. ৮ জন ঘ. ১০ জন **উত্তর: খ**
ব্যাখ্যা: সাত জন বীরশ্রেষ্ঠের নাম হলো সিপাহী মোস্তফা কামাল (সেনাবাহিনী), সিপাহী হামিদুর রহমান (সেনাবাহিনী), ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর (সেনাবাহিনী), ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান (বিমান বাহিনী), স্কোয়াড্রন ইঞ্জিনিয়ার রুহুল আমিন (নৌবাহিনী), ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ (ইপিআর) ও ল্যান্স নায়েক মুন্সী আব্দুর রউফ (ইপিআর)।

০৮. **সাতজন বীরশ্রেষ্ঠের মধ্যে সেনাবাহিনীর কত জন?** [বিএডিসি'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ২১]
ক. ২ জন খ. ৩ জন গ. ৪ জন ঘ. ৫ জন **উত্তর: খ**

০৯. **সাতজন বীরশ্রেষ্ঠের মধ্যে বিমান বাহিনীর কত জন?** [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]
ক. ১ জন খ. ২ জন গ. ৩ জন ঘ. ৪ জন **উত্তর: ক**

১০. **বীরশ্রেষ্ঠদের মধ্যে প্রথম শহিদ হোন কে?** [প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের সহকারী পরিচালক: ১৯]
ক. মহিউদ্দিন জাহাঙ্গীর খ. হামিদুর রহমান গ. মুন্সী আব্দুর রউফ ঘ. মোস্তফা কামাল (দ্বিতীয় শহিদ) **উত্তর: গ**

১১. **বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফের পদবি কী ছিল?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. ক্যাপ্টেন খ. লেফটেন্যান্ট গ. ল্যান্স নায়েক ঘ. সিপাহি **উত্তর: গ**

১২. **বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফের সমাধিস্থল কোথায়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. নানিয়ারচর, রাঙামাটি খ. লাকসাম, কুমিল্লা গ. বদলগাছী, নওগাঁ ঘ. টেকনাফ, কক্সবাজার **উত্তর: ক**

১৩. **বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল কত নং সেক্টরে যুদ্ধ করেন?** [বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের অফিস সহকারী: ১৯]
ক. ২ নং খ. ৪ নং গ.৭ নং ঘ. ৮ নং **উত্তর: ক**

১৪. **বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল কোথায় জন্মগ্রহণ করেন?** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১০]
ক. সিলেট খ. ঢাকা গ. রংপুর ঘ. ভোলা **উত্তর: ঘ**

১৫. **বীরশ্রেষ্ঠ মোস্তফা কামালকে কোথায় সমাধিস্থ করা হয়েছে?** [মাউশি অধিদপ্তরের স্টোর কিপার: ২১]
ক. চরফ্যাশন, ভোলা খ. আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া গ. বিক্রমপুর, মুন্সিগঞ্জ ঘ মূকসুদপুর, গোপালগঞ্জ **উত্তর: খ**

১৬. **শহিদ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান একজন –** [মাউশি অধিদপ্তরের ক্যাশিয়ার: ২১]
ক. বীর প্রতীক খ. বীরশ্রেষ্ঠ গ. বীর বিক্রম ঘ. বীর উত্তম **উত্তর: খ**

১৭. **বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমানের জন্মস্থান কোথায়?** [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ১৬]
ক. ঢাকা খ. গাজীপুর গ. ব্রাহ্মণবাড়িয়া ঘ. কিশোরগঞ্জ **উত্তর: ক**

১৮. **বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমানের পৈত্রিক নিবাস কোথায়?** [শাহজালাল ইসলামী ব্যাংকের অফিসার: ১০]
ক. ঢাকা খ. গাজীপুর গ. ব্রাহ্মণবাড়িয়া ঘ. নরসিংদী **উত্তর: ঘ**

১৯. **কোন বীরশ্রেষ্ঠের সমাধিস্থল পাকিস্তানের করাচিতে ছিল?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. মোস্তফা কামাল খ. মতিউর রহমান গ. হামিদুর রহমান ঘ. মহিউদ্দিন জাহাঙ্গীর **উত্তর: খ**

২০. **বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের দেহাবশেষ কোন দেশ থেকে বাংলাদেশে আনা হয়?** [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ১৪]
ক. ভারত খ. পাকিস্তান গ. মিয়ানমার ঘ. শ্রীলংকা **উত্তর: খ**

২১. **বীরশ্রেষ্ঠ ফ্লাইট মোঃ মতিউর রহমানের দেহাবশেষ পাকিস্তান থেকে কবে বাংলাদেশে আনা হয়?** [প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা: ০৬]
ক. ২৪ জুন, ২০০৬ খ. ২৫ জুন, ২০০৬ গ. ২৩ জুন, ২০০৬ ঘ. ২৬ ডিসেম্বর, ১৯৭২ **উত্তর: ক**

২২. **বীরশ্রেষ্ঠ ফ্লাইট লে. মতিউর রহমানের দেহাবশেষ কোথায় সমাহিত করা হয়?** [আবাআখা প্রকল্পের উপজেলা সমন্বয়কারী: ১৭]
ক. করাচি, পাকিস্তান খ. কলম্বো, শ্রীলংকা গ. পেশোয়ার, পাকিস্তান ঘ. মিরপুর বুদ্ধিজীবী কবরস্থান, ঢাকা **উত্তর: ঘ**

২৩. **বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের উপর ভিত্তি করে যে ছায়াছবি নির্মিত হয়েছে তার নাম কী?** [বিআইডব্লিউটিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. অস্তিত্বে আমার দেশ খ. ওরা এগারো জন গ. জন্মভূমি ঘ. আলোর মিছিল **উত্তর: ক**

২৪. **বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ কত নম্বর সেক্টরে যুদ্ধ করেছেন?** [৪৩তম বিসিএস]
ক. ১১ খ. ৮ গ. ১০ ঘ. ৭ **উত্তর: খ**

২৫. **বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদের গ্রামের নাম** – [বিএফআইডিসি'র সহকারী ব্যবস্থাপক: ১০]
ক. মহেষখালি খ. পাথরঘাট গ.বাগচা পাড়া ঘ. সালামতপুর **উত্তর: ক**

২৬. **বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ শেখের বাড়ি কোন জেলায়?** [রাকাব'র সিনিয়র অফিসার: ১০]
ক. ঢাকা খ. যশোর গ. নড়াইল ঘ. ফরিদপুর **উত্তর: গ**

২৭. **বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদের পদবি কী ছিল?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৫]
ক. ক্যাপ্টেন ক. লেফটেন্যান্ট গ. সিপাহি ঘ. ল্যান্স নায়েক **উত্তর: ঘ**

২৮. **কোথায় যুদ্ধ করার জন্য বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ বিশেষভাবে স্মরণীয় হয়ে থাকবেন?** [সোনালী ব্যাংকের অফিসার: ১৮]
ক. গোয়ালহাটি, যশোর খ. কাশিপুর, যশোর গ. মহিশখোলা, নড়াইল ঘ. চৌগাছা, যশোর **উত্তর: ক**

২৯. **সিপাহি মোহাম্মদ হামিদুর রহমান কোন সেক্টরে যুদ্ধ করেন?** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]
ক. ৪ নম্বর খ. ৯ নম্বর গ. ১১ নম্বর ঘ. ৭ নম্বর **উত্তর: ক**

৩০. **বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের পদবি কী ছিল?** [১৪তম বিসিএস]
ক. সিপাহি খ. ল্যান্স নায়েক গ. লেফটেন্যান্ট ঘ. ক্যাপ্টেন **উত্তর: ক**

৩১. **বীরশ্রেষ্ঠ সিপাহি হামিদুর রহমানের জন্মস্থান** – [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২১]
ক. নড়াইল খ. নরসিংদী গ. ভোলা ঘ. ঝিনাইদহ **উত্তর: ঘ**

৩২. **সিপাহি হামিদুর রহমান কোথায় শাহাদাত বরণ করেন?** [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ১৯]
ক. শিবগঞ্জ, চাপাইনবাবগঞ্জ খ. মহালছড়ি, রাঙ্গামাটি গ. খালিশপুর, ঝিনাইদহ ঘ. কমলগঞ্জ, মৌলভীবাজার **উত্তর: ঘ**

৩৩. **কোন বীরশ্রেষ্ঠের দেহাবশেষ ভারত থেকে বাংলাদেশে আনা হয়েছে?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. মোস্তফা কামাল খ. মতিউর রহমান গ. হামিদুর রহমান ঘ. মহিউদ্দিন জাহাঙ্গীর **উত্তর: গ**

৩৪. **বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের দেহাবশেষ কোন তারিখে বাংলাদেশে আনা হয়?** [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ১৪]
ক. ১০ ডিসেম্বর খ. ১০ নভেম্বর গ.২২ সেপ্টেম্বর ঘ. ২২ জানুয়ারি **উত্তর: ক**

৩৫. **বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের দেহাবশেষ কোথায় সমাহিত করা হয়েছে?** [শ্রম অধিদপ্তরের জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা: ০৯]
ক. বনানী কবরস্থান খ. আজিমপুর কবরস্থান গ. মোহাম্মদপুর কবরস্থান ঘ. মিরপুর বুদ্ধিজীবী কবরস্থান, ঢাকা **উত্তর: ঘ**

৩৬. **কোন বীরশ্রেষ্ঠের দেহাবশেষ বাংলাদেশে এনে বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের কবরের পাশে সমাহিত করা হয়?** [৪১তম বিসিএস]
ক. মোস্তফা কামাল খ. মুন্সি আব্দুর রউফ গ. নূর মোহাম্মদ শেখ ঘ. হামিদুর রহমান **উত্তর: ঘ**

৩৭. **বীরশ্রেষ্ঠ রুহুল আমিন কোথায় কাজ করতেন?** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]
ক. সেনাবাহিনী খ. নৌবাহিনী গ. বিমানবাহিনী ঘ. ইপিআর **উত্তর: খ**

৩৮. **বীরশ্রেষ্ঠ রুহুল আমিন ছিলেন** – [সহকারী থানা শিক্ষা অফিসার: ০৯]
ক. ফ্লাইট লেফটেন্যান্ট খ. ক্যাপ্টেন গ. ল্যান্স নায়েক ঘ. স্কোয়াড্রোন ইঞ্জিনিয়ার **উত্তর: ঘ**

৩৯. **মুক্তিযুদ্ধে যোগদানের পূর্বে বীরশ্রেষ্ঠ রুহুল আমিন ছিলেন** – [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. আর্মি অফিসার খ. বিমানবাহিনীর অফিসার গ. ইপিআর'র অফিসার ঘ. নৌবাহিনীর মেকানিক্যাল ইঞ্জিনিয়ার **উত্তর: ঘ**

৪০. **বীরশ্রেষ্ঠ রুহুল আমিন কোন গানবোটের ইঞ্জিন রুম আর্টিফিসার নিযুক্ত ছিলেন?** [বিপিএটিসি'র অফিস সহায়ক: ১৯]
ক. পদ্মা খ. পলাশ গ. বাংলার দূত ঘ. বখতিয়ার **উত্তর: খ**

৪১. **বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর কোথায় জন্মগ্রহণ করেন?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. কুমিল্লা খ. চট্টগ্রাম গ. বরিশাল ঘ. ঢাকা **উত্তর: গ**

৪২. **বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর কোন বাহিনীতে চাকরিরত ছিলেন?** [পঞ্চদশ প্রভাষক নিবন্ধন]
ক. সেনাবাহিনী খ. নৌবাহিনী গ. বিমান বাহিনী ঘ. পুলিশ বাহিনী **উত্তর: ক**

৪৩. **বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাঙ্গীরের পদবি কী ছিল?** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১০]
ক. লেফটেন্যান্ট খ. ক্যাপ্টেন গ. ল্যান্স নায়েক ঘ. সিপাহি **উত্তর: খ**

৪৪. **বীরশ্রেষ্ঠ মহিউদ্দীন জাহাঙ্গীর কোন তারিখে শহিদ হন?** [বেবিচকের নিরাপত্ত অধীক্ষক: ২১]
ক. ১৪ এপ্রিল, ১৯৭২ খ. ১৪ এপ্রিল, ১৯৭১ গ. ১০ ডিসেম্বর, ১৯৭১ ঘ. ১৪ ডিসেম্বর, ১৯৭১ **উত্তর: ঘ**

৪৫. **কোন বীরশ্রেষ্ঠের সমাধি বৃহত্তর রাজশাহী জেলায় অবস্থিত?** [বাংলাদেশ কৃষি ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ১৮]
ক. হামিদুর রহমান খ. মোস্তফা কামাল গ. রুহুল আমিন ঘ. মহিউদ্দিন জাহাঙ্গীর **উত্তর: ঘ**

৪৬. **বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীরের কবর কোন জেলায়?** [২৪তম বিসিএস]
ক. নাটোর খ. চাঁপাইনবাবগঞ্জ গ. জয়পুরহাট ঘ. নওগাঁ **উত্তর: খ**

৪৭. **কোন প্রাচীন মসজিদের সামনে বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাঙ্গীরের সমাধি অবস্থিত?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ছোট সোনা মসজিদ খ. কুসুম্ব মসজিদ গ. আতিয়া মসজিদ ঘ. বাঘা মসজিদ **উত্তর: ক**

৪৮. **সর্বশেষ নিহত বীরশ্রেষ্ঠ কে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. মোস্তফা কামাল খ. মহিউদ্দিন জাহাঙ্গীর গ. আব্দুর রউফ ঘ. মতিউর রহমান **উত্তর: খ**

৪৯. **নিম্নোক্তগণের মধ্যে কে বীরশ্রেষ্ঠ নন?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. হামিদুর রহমান খ. মোস্তফা কামাল গ. মুন্সী আব্দুর রহিম ঘ. নূর মোহাম্মদ শেখ **উত্তর: গ**

৫০. **বাংলাদেশের বীরত্বসূচক উপাধিগুলোর মধ্যে কোনটির স্থান মর্যাদার দিক থেকে দ্বিতীয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. বীরশ্রেষ্ঠ খ. বীরপ্রতীক গ. বীরউত্তম ঘ. বীরবিক্রম **উত্তর: গ**

৫১. **দেশের কোনো জীবিত ব্যক্তিকে প্রদত্ত সর্বোচ্চ বীরত্বসূচক পদক কী?** [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২৩]
ক. বীরশ্রেষ্ঠ খ. বীর উত্তম গ. বীর প্রতীক ঘ. বীর বিক্রম **উত্তর: খ**

৫২. **বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য কত জনকে বীর উত্তম উপাধিতে ভূষিত করা হয়? / মুক্তিযুদ্ধে অবদানের জন্য কত জনকে বীর উত্তম উপাধিতে ভূষিত করা হয়?** [২৪তম বিসিএস]
ক. ২৫৭ জন খ. ১৬৩ জন গ. ৪৪ জন ঘ. ৬৮ জন (বর্তমান: ৬৭ জন) **উত্তর: ঘ**
ব্যাখ্যা: বীর উত্তম খেতাবপ্রাপ্ত ৬৮ জনের (বর্তমান: ৬৭ জন) মধ্যে সেনাবাহিনীর ৪২ জন (বর্তমান: ৪১ জন), বিমান বাহিনীর ৬ জন, নৌ বাহিনীর ৮ জন, ইপিআরের ৭ জন ও গণবাহিনীর ৫ জন।

৫৩. **মুক্তিযুদ্ধে অবদানের জন্য সেনাবাহিনীর কতজন সদস্য দ্বিতীয় সর্বোচ্চ সামরিক খেতাব বীর উত্তম পদকপ্রাপ্ত হয়েছেন?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৮]
ক. ৫২ খ. ৫০ গ. ৪২ (বর্তমান: ৪১ জন) ঘ. ৫১ **উত্তর: গ**

৫৪. **মুক্তিযুদ্ধে অবদানের জন্য বিমান বাহিনীর কতজন সদস্য সর্বোচ্চ সামরিক খেতাব বীর উত্তম পদকপ্রাপ্ত হয়েছেন?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৮]
ক. ৫ জন খ. ৮ জন গ. ৬ জন ঘ. ৭ জন **উত্তর: গ**

৫৫. **স্বাধীনতা যুদ্ধে বীর উত্তম খেতাব পাওয়া বেসামরিক বীর মুক্তিযোদ্ধার সংখ্যা -** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৮]
ক. ৩ জন খ. ৪ জন গ. ২ জন ঘ. ৫ জন **উত্তর: ঘ**

৫৬. **বাংলাদেশে মর্যাদা অনুসারে তৃতীয় বীরত্ব সূচক খেতাব কোনটি?** [৩৭তমবিসিএস]
ক. বীর প্রতীক খ. বীরশ্রেষ্ঠ গ. বীর উত্তম ঘ. বীর বিক্রম **উত্তর: ঘ**

৫৭. **স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য বাংলাদেশে কত জন বীর বিক্রম উপাধি লাভ করেছিলেন?** [৪৪তম বিসিএস]
ক. ১০০ জন খ. ১২৫ জন গ. ১৫০ জন ঘ. ১৭৫ জন (বর্তমান: ১৭৪ জন) **উত্তর: ঘ**
ব্যাখ্যা: বীর বিক্রম খেতাবপ্রাপ্ত ১৭৫ জনের (বর্তমান: ১৭৪ জন) মধ্যে সেনাবাহিনীর ৮৪ জন (বর্তমান: ৮৩ জন), বিমান বাহিনীর ১ জন, নৌ বাহিনীর ৮ জন, ইপিআরের ৩৬ জন, গণবাহিনীর ৩৭ জন, পুলিশ বাহিনীর ৩ জন ও মুজাহিদ বাহিনীর ৬ জন।

৫৮. **উপজাতি হিসেবে মুক্তিযুদ্ধের একমাত্র বীর বিক্রম খেতাবধারী মুক্তিযোদ্ধা কে ছিলেন?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. আরুপ মারমা খ. ঝিলংজা মারমা গ. সুকান্ত ঘ. উক্যাচিং মারমা **উত্তর: ঘ**

৫৯. **স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য বীর প্রতীক উপাধি লাভ করে কতজন?** [২৭তম বিসিএস]
ক. ৭ জন খ. ৬৮ জন গ. ১৭৫ জন ঘ. ৪২৬ জন (বর্তমান: ৪২৪ জন) **উত্তর: ঘ**
ব্যাখ্যা: বীর প্রতীক খেতাবপ্রাপ্ত ৪২৬ জনের (বর্তমান: ৪২৪ জন) মধ্যে সেনাবাহিনীর ১৫৯ জন (বর্তমান: ১৫৭ জন), বিমান বাহিনীর ১৩ জন, নৌ বাহিনীর ৭ জন, ইপিআরের ১০৪ জন, গণবাহিনীর ১৩৩ জন, পুলিশ বাহিনীর ২ জন ও মুজাহিদ বাহিনীর ৮ জন।

৬০. **বাংলাদেশের মুক্তিযুদ্ধে অবদানের জন্য বীর প্রতীক খেতাবপ্রাপ্ত একমাত্র বিদেশি নাগরিক -** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. জর্জ হ্যারিসন খ. মাইকেল হ্যারিসন গ. রিচার্ড বার্নাড ঘ. ডব্লিউ. এস. ওডারল্যান্ড **উত্তর: ঘ**

৬১. **মুক্তিযুদ্ধে বীর প্রতীক খেতাবপ্রাপ্ত একমাত্র বিদেশির নাগরিকতা কী ছিল?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ০১]
ক. ব্রিটিশ খ. ফরাসি গ. ডাচ ঘ. ক্যানাডিয়ান **উত্তর: গ**

৬২. **মুক্তিযুদ্ধে বীর প্রতীক খেতাবপ্রাপ্ত ডব্লিউ. এস. ওডারল্যান্ড কোন দেশে জন্মগ্রহণ করেছিলেন?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০১]
ক. হল্যান্ড খ. সুইজারল্যান্ড গ. বেলজিয়াম ঘ. জার্মানি **উত্তর: ক**

৬৩. **মুক্তিযুদ্ধে বীর প্রতীক খেতাবপ্রাপ্ত একমাত্র বিদেশি নাগরিক কোন দেশের?** [টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের সিনিয়র ইন্সট্রাক্টর: ২১]
ক. ভারতের খ. রাশিয়ার গ. অস্ট্রেলিয়ার ঘ. নেপালের **উত্তর: গ**

৬৪. **স্বাধীনতা যুদ্ধে অবদান রাখার জন্য কতজন মহিলাকে বীর প্রতীক উপাধিতে ভূষিত করা হয়? / মুক্তিযুদ্ধে অবদান রাখার জন্য কতজন নারীকে বীর প্রতীক উপাধিতে ভূষিত করা হয়? / খেতাবপ্রাপ্ত মহিলা বীর প্রতীক কতজন?** [২৭তম বিসিএস]
ক. ২ জন খ. ৫ জন গ. ৬ জন ঘ. ৭ জন **উত্তর: ক**

৬৫. **মুক্তিযুদ্ধে বীর প্রতীক খেতাবপ্রাপ্ত দুই জন মহিলা মুক্তিযোদ্ধা কে কে?** [জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের অফিস সহায়ক: ২৩]
ক. সুলতান কবীর ও সালমা খান খ. আঞ্জুমান আরা ও কানিজ ফাতেমা
গ. ডা. সেতারা বেগম ও তারামন বিবি ঘ. বেগম সুফিয়া কামাল ও সুলতানা কামাল **উত্তর: গ**

৬৬. **কোন নারী মুক্তিযোদ্ধা সর্বপ্রথম বীর প্রতীক খেতাব পান?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. জাহানারা ইমাম খ. বেগম সুফিয়া কামাল গ. ক্যাপ্টেন সেতারা বেগম ঘ. জাহানারা বেগম **উত্তর: গ**

৬৭. **সেতারা বেগম কত নং সেক্টরে যুদ্ধ করেন?** [ডিএমএলসি'র সহকারী শিক্ষক: ২৩]
ক. ২ নং খ. ৪ নং গ. ৫ নং ঘ. ৮ নং **উত্তর: ক**

৬৮. **মুক্তিযুদ্ধে বীর প্রতীক খেতাবপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধা কে? / বীর প্রতীক খেতাবপ্রাপ্ত একজন মহিলা মুক্তিযোদ্ধা হলেন -** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. নীলিমা ইব্রাহিম খ. তারামন বিবি গ. ফারিয়া লারা ঘ. ফেরদৌসী প্রিয়ভাষিণী **উত্তর: খ**

৬৯. **তারামন বিবি কে?** [গণপূর্ত অধিদপ্তরের থানা প্রকৌশলী: ৯৯]
ক. ব্যাংকার খ. বিশিষ্ট মুক্তিযোদ্ধা গ. জারিগান গায়িকা ঘ. নাটকের চরিত্র **উত্তর: খ**

৭০. **মুক্তিযোদ্ধা তারামন বিবি কোন সেক্টরে যুদ্ধ করেছেন?** [১৪তম প্রভাষক নিবন্ধন] [সিজিএ কার্যালয়ের অডিটর: ২১]
ক. ৯ নং খ. ৪ নং গ. ৮ নং ঘ. ১১ নং **উত্তর: ঘ**

৭১. **সর্বকনিষ্ঠ খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা - / বীর প্রতীক খেতাবপ্রাপ্ত সর্বকনিষ্ঠ মুক্তিযোদ্ধা -** [বিআরইবি'র মিটার রিডার: ২৩]
ক. হামিদুর রহমান খ. নূর মোহাম্মদ শেখ গ. মতিউর রহমান ঘ. শহীদুল ইসলাম লালু **উত্তর: ঘ**

৭২. **বাংলাদেশের মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী নারী মুক্তিযোদ্ধা কতজন?** [জনতা ব্যাংকের অফিসার (আইটি): ২০]
ক. ২০৩ জন খ. ৩০৭ জন গ. ৩১৫ জন ঘ. ৩২২ জন **উত্তর: ঘ**

৭৩. **মুক্তিযুদ্ধে বীরাঙ্গনা উপাধিপ্রাপ্ত হোন কতজন নারী? / কতজন বীরাঙ্গনাকে মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ২২]
ক. ১০৫ জন খ. ৩০৭ জন গ. ৩৩৬ জন ঘ. ৪৪৮ জন **উত্তর: ঘ**

৭৪. **কাকন বিবি কে?** [জনতা ব্যাংকের অফিসার: ১২]
ক. নারী উদ্যোক্তা খ. এনজিও নেত্রী গ. লেখিকা ঘ. মুক্তিযোদ্ধা **উত্তর: ঘ**

৭৫. **বীর মুক্তিযোদ্ধা কাকন বিবি কোন সম্প্রদায়ের?** [এলজিইডি'র অফিস সহায়ক: ২৩]
ক. রাখাইন খ. খাসিয়া গ. সাঁওতাল ঘ. গারো **উত্তর: খ**

৭৬. **কোন নারী মুক্তিযোদ্ধা 'মুক্তিবেটি' নামে পরিচিতি?** [বেবিচকের অ্যারোড্রাম কর্মকর্তা: ২১]
ক. সেতারা বেগম খ. তারামন বিবি গ. কাঁকন বিবি ঘ. আলেয়া বেগম **উত্তর: গ**

৭৭. **কোন সালে বাংলাদেশ সরকার প্রথম বীরাঙ্গনাদের মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি প্রদান করে?** [বিসিকের শিল্প কর্মকর্তা: ২৩]
ক. ২০১৫ খ. ২০১৬ গ. ২০১৪ ঘ. ২০১২ **উত্তর: ক**

৭৮. **২০১৬ সালে নারী মুক্তিযোদ্ধা স্বীকৃতিপ্রাপ্ত ফেরদৌসী প্রিয়ভাষণী ছিলেন একজন -** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৮]
ক. অভিনেত্রী খ. চিত্রশিল্পী গ. ভাস্কর ঘ. নৃত্যশিল্পী **উত্তর: গ**

৭৯. **কোন দিনটিকে 'মুক্তিযোদ্ধা দিবস' ঘোষণা করা হয়েছে? / 'মুক্তিযোদ্ধা দিবস' কোনটি?** [বিটিভির অফিস সহযোগী: ২১]
ক. ১ ডিসেম্বর খ. ৭ মার্চ গ. ২৪ নভেম্বর ঘ. ২৬ মার্চ **উত্তর: ক**

৮০. **বর্তমানে বীর মুক্তিযোদ্ধাদের মাসিক সম্মানী ভাতা কত?** [বেবিচকের নিরাপত্তা অপারেটর: ২১]
ক. ৫০০০ টাকা খ. ১০০০০ টাকা গ. ১৫০০০ টাকা ঘ. ২০০০০ টাকা **উত্তর: ঘ**

৮১. **অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য সরকার কর্তৃক নির্মিত বাড়িগুলোর নাম কী?** [মন্ত্রিপরিষদ বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. বীর নিবাস খ. ব্যারাক গ. আশ্রায়ন ঘ. মুক্তিযোদ্ধা নিবাস **উত্তর: ক**

মুক্তিযুদ্ধভিত্তিক স্থাপনা ও প্রতিষ্ঠান

০১. **'জাগ্রত চৌরঙ্গী' হলো -** [ডেসকো'র সুপারভাইজার: ১৯]
ক. বিখ্যাত রাস্তা খ. জনবহুল রাস্তা গ. সিনেমা ঘ. ভাস্কর্য **উত্তর: ঘ**

০২. **মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম ভাস্কর্য কোনটি?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট: ১৯]
ক. জাগ্রত চৌরঙ্গী খ. সংশপ্তক গ. অপরাজেয় বাংলা ঘ. সাবাস বাংলাদেশ **উত্তর: ক**

০৩. **মুক্তিযুদ্ধের চেতনায় নির্মিত দেশের প্রথম ভাস্কর্য 'জাগ্রত চৌরঙ্গী' ভাস্কর্যের ভাস্কর কে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. নিতুন কুন্ডু খ. হামিদুর রহমান গ. আবদুর রাজ্জাক ঘ. নভেরা আহমেদ **উত্তর: গ**

০৪. **স্বাধীনতার স্মরণে নির্মিত ভাস্কর্য 'জাগ্রত চৌরঙ্গী' কোথায় অবস্থিত?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. জয়দেবপুর খ. রাজশাহী বিশ্ববিদ্যালয় গ. চাঁদপুর ঘ. ঢাকা বিশ্ববিদ্যালয় **উত্তর: ক**

০৫. **'জাগ্রত চৌরঙ্গী' কোন জেলায় অবস্থিত?** [বিসিকের প্রকাশনা কর্মকর্তা: ২৩]
ক. গাজীপুর খ. ঢাকা গ. রাজশাহী ঘ. চট্টগ্রাম **উত্তর: ক**

০৬. **জয়দেবপুরের চৌরাস্তায় স্থাপিত 'মুক্তিযোদ্ধা' ভাস্কর্যটির শিল্পী কে?** [সহকারী থানা শিক্ষা অফিসার: ৯৯]
ক. আব্দুর রাজ্জাক খ. নিতুন কুন্ডু গ. নভেরা আহমদ ঘ. সৈয়দ আব্দুল্লাহ খালিদ **উত্তর: ক**

০৭. **'অপরাজেয় বাংলা' কী?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. মুক্তিযোদ্ধাদের একটি প্রতীক খ. মুক্তিযোদ্ধাদের একটি ভাস্কর্য
গ. মুক্তিযোদ্ধাদের সর্বাধিনায়ক ঘ. মুক্তিযোদ্ধাদের তৈরি একটি ভাস্কর্য **উত্তর: খ**

০৮. **শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত প্রথম ভাস্কর্য কোনটি?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৬]
ক. জাগ্রত চৌরঙ্গী খ. সংশপ্তক গ. অপরাজেয় বাংলা ঘ. সাবাস বাংলাদেশ **উত্তর: গ**

০৯. **কবে 'অপরাজেয় বাংলা' উদ্বোধন করা হয়?** [২৮তম বিসিএস]
ক. ১৬ ডিসেম্বর, ১৯৭৯ খ. ২৬ ডিসেম্বর, ১৯৭৯ গ. ১ জানুয়ারি, ১৯৮০ ঘ. ২১ ফেব্রুয়ারি, ১৯৮০ **উত্তর: ক**

১০. **'অপরাজেয় বাংলা' স্থাপত্যের স্থপতি বা ভাস্কর কে?** [বিবিএস'র ডাটা এন্ট্রি অপারেটর: ২০]
ক. লুই আই কান খ. নিতুন কুণ্ডু গ. শামীম শিকদার ঘ. সৈয়দ আবদুল্লাহ খালেদ **উত্তর: ঘ**

১১. **'অপরাজেয় বাংলা' ভাস্কর্যটি কোথায় অবস্থিত?** [বিবিএস'র পরিসংখ্যান কর্মকর্তা: ১৭]
ক. ঢাকা বিশ্ববিদ্যালয় খ. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গ. রাজশাহী বিশ্ববিদ্যালয় ঘ. খুলনা বিশ্ববিদ্যালয় **উত্তর: ক**

১২. **ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে অবস্থিত ভাস্কর্যটির নাম কী?** [ঢাবি: ৯৫-৯৬]
ক. যুদ্ধবিধ্বস্ত বাংলা খ. সংগ্রাম বাংলা গ. অপরাজেয় বাংলা ঘ. রূপসী বাংলা **উত্তর: গ**

১৩. **'অপরাজেয় বাংলা' কিসের প্রতীক?** [এমআরএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. নাগরিক স্বাধীনতা খ. মুক্তিযুদ্ধভিত্তিক সিনেমা গ. সাফ গেমসের মাসকট ঘ. নারী-পুরুষের সম্মিলিত মুক্তিযুদ্ধ **উত্তর: ঘ**

১৪. **জাতীয় স্মৃতিসৌধের স্থপতি বা ডিজাইনার কে?** [১৪তম বিসিএস]
ক. হামিদুর রহমান খ. তানভীর কবির গ. মাইনুল হোসেন ঘ. মাযহারুল ইসলাম **উত্তর: গ**

১৫. **জাতীয় স্মৃতিসৌধের মূল স্থাপনা, কৃত্রিম লেক এবং অন্যান্য সুবিধাদির নির্মাণ কাজ কবে সমাপ্ত হয়? / জাতীয় স্মৃতিসৌধটি কবে উদ্বোধন করা হয়?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. ১২ জানুয়ারি, ১৯৭২ খ. ২৬ মার্চ, ১৯৮১ গ. ১৬ ডিসেম্বর, ১৯৮২ ঘ. ২৬ মার্চ, ১৯৮৩ **উত্তর: গ**

১৬. **জাতীয় স্মৃতিসৌধ কোথায় অবস্থিত?** [মাউশি অধিদপ্তরের ক্যাশিয়ার: ২১]
ক. সাভার, ঢাকা খ. মুজিবনগর, মেহেরপুর গ. তেলিয়াপাড়া, হবিগঞ্জ ঘ. ফুলতলা, যশোর **উত্তর: ক**

১৭. **জাতীয় স্মৃতিসৌধে ফলক কয়টি? / বাংলাদেশ জাতীয় স্মৃতিসৌধে কতটি কৌণিক স্তর রয়েছে?** [বেবিচকের স্টোরম্যান: ২১]
ক. ৩টি খ. ৫টি গ.৭ টি ঘ. ৯টি **উত্তর: গ**

১৮. **জাতীয় স্মৃতিসৌধের উচ্চতা কত?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ১৬]
ক. ১৫০ ফুট (৪৫.৭২ মিটার) খ. ১৭২ ফুট গ. ১৮০ ফুট ঘ. ২১৬ ফুট **উত্তর: ক**

১৯. **কোন স্মৃতিসৌধটি 'সম্মিলিত প্রয়াস' নামে পরিচিত?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. কেন্দ্রীয় শহিদ মিনার খ. মুজিবনগর স্মৃতিসৌধ গ. তিন নেতার মাজার ঘ. জাতীয় স্মৃতিসৌধ **উত্তর: ঘ**

২০. **কোথায় জাতীয় স্মৃতিসৌধের ব্রেপ্লিকা স্থাপন করা হয়েছে?** [রাকাব'র ক্যাশিয়ার: ১৫]
ক. সিঙ্গাপুর খ. মালয়েশিয়া গ. নাইজেরিয়া ঘ. মালদ্বীপ **উত্তর: ঘ**

২১. **কোন দেশে বাংলাদেশের স্মৃতিসৌধের প্রতিকৃতি স্থাপিত হয়েছে?** [১২তম বিজেএস]
ক. ভারত খ. ফ্রান্স গ. জাপান ঘ. কানাডা **উত্তর: ক**

২২. **'মুজিবনগর স্মৃতিসৌধ' এর স্থপতি কে?** [মাউশি অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. তানভীর কবির খ. সৈয়দ আবদুল্লাহ খালেদ গ. হামিদুর রহমান ঘ. মঈনুল হোসেন **উত্তর: ক**

২৩. **'মুজিবনগর স্মৃতিসৌধ' কোন জেলায় অবস্থিত?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. কুষ্টিয়া খ. বাগেরহাট গ. যশোর ঘ. মেহেরপুর **উত্তর: ঘ**

২৪. **'শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ' এর স্থপতি কে?** [বাংলাদেশ পুলিশের সহকারী রাসায়নিক পরীক্ষক: ০২]
ক. শামীম শিকদার খ. অলক রায় গ. আলাউদ্দীন বুলবুল ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

২৫. **ঢাকার মিরপুরের শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের স্থপতি কে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. শামীম শিকদার খ. হামিদুজ্জামান খান গ. হামিদুর রহমান ঘ. মোস্তফা হারুন কুদ্দুস হিলি **উত্তর: ঘ**

২৬. **ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধের স্থপতি কে?** [বাংলাদেশ পুলিশের সহকারী রসায়নবিদ: ০২]
ক. শামীম শিকদার খ. অলক রায় গ. আলাউদ্দিন বুলবুল ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

২৭. **রায়েরবাজারের বধ্যভূমি স্মৃতিসৌধের নকশাবিদ বা ডিজাইনার কে ছিলেন?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ১৭]
ক. নিতুন কুণ্ডু খ. মৃণাল হক গ. হামিদুর রহমান ঘ. ফরিদউদ্দিন ও জামি আল সাফি **উত্তর: ঘ**

২৮. **'শিখা অনির্বাণ' কোথায় অবস্থিত?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৬]
ক. সোহরাওয়ার্দী উদ্যানে খ. মুজিবনগরে গ. ঢাকা সেনানিবাসে ঘ. মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানে **উত্তর: গ**

২৯. **'শিখা চিরন্তন' কোথায় অবস্থিত?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. ঢাকা সেনানিবাসে খ. সোহরাওয়ার্দী উদ্যানে গ. শেরে বাংলা নগরে ঘ. সাভারে **উত্তর: খ**

৩০. **'শিখা অনির্বাণ' ও 'শিখা চিরন্তন' অবস্থিত যথাক্রমে** - [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ৯৯]
ক. ঢাকা সেনানিবাসে ও সোহরাওয়ার্দী উদ্যানে খ. সোহরাওয়ার্দী উদ্যানে ও ঢাকা সেনানিবাসে
গ. ঢাকা সেনানিবাসে ও চট্টগ্রাম সেনানিবাসে ঘ. সাভার স্মৃতিসৌধে ও বগুড়া সেনানিবাসে **উত্তর: ক**

৩১. **জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগারের সম্মুখে স্থাপিত ভাস্কর্য 'সংশপ্তক' এর ভাস্কর** - [জাবি: ১২-১৩]
ক. আবদুর রাজ্জাক খ. মৃণাল হক গ. হামিদুজ্জামান খান ঘ. শামীম শিকদার **উত্তর: গ**

৩২. **নিচের কোন ভাস্কর্যটি হামিদুজ্জামান খান নির্মাণ করেছেন?** [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. সংশপ্তক খ. রক্তিম নিথর গ. সাবাস বাংলাদেশ ঘ. অপরাজেয় বাংলা **উত্তর: ক**

৩৩. **'সংশপ্তক' ভাস্কর্যটি কোথায় অবস্থিত?** [ন্যাশনাল ব্যাংকের অফিসার: ০৯]
ক. ঢাকা বিশ্ববিদ্যালয় খ. রাজশাহী বিশ্ববিদ্যালয় গ. জগন্নাথ বিশ্ববিদ্যালয় ঘ. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় **উত্তর: ঘ**

৩৪. **জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত 'সংশপ্তক' ভাস্কর্যটির বিষয়বস্তু কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ভাষা আন্দোলন খ. গণঅভ্যুত্থান গ. মুক্তিযুদ্ধ ঘ. স্বৈরাচারবিরোধী আন্দোলন **উত্তর: গ**

৩৫. **'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটির শিল্পী বা ভাস্কর কে?** [২৬তম বিসিএস]
ক. হামিদুজ্জামান খ. নিতুন কুন্ডু গ. মৃণাল হক ঘ. শামিম শিকদার **উত্তর: খ**

৩৬. **নিতুন কুন্ডু একজন প্রখ্যাত** – [ভূমি সংস্কার বোর্ডের কম্পিউটার অপারেটর: ১২]
ক. নাট্যকার খ. সঙ্গীতকার গ. ভাস্কর ঘ. চলচ্চিত্রকার **উত্তর: গ**

৩৭. **'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটি কোথায় অবস্থিত?** [৩৩তম বিসিএস]
ক. টিএসসি মোড়ে খ. ঢাকা বিশ্ববিদ্যালয়ে গ. রেডক্রস ময়দানে ঘ. রাজশাহী বিশ্ববিদ্যালয়ে **উত্তর: ঘ**

৩৮. **'স্বোপার্জিত স্বাধীনতা' ভাস্কর্যের স্থপতির নাম** – [মাউশি অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]
ক. মৃণাল হক খ. নিতুন কুন্ডু গ. শামীম শিকদার ঘ. কাইয়ুম চৌধুরী **উত্তর: গ**

৩৯. **'স্বোপার্জিত স্বাধীনতা' কোথায় অবস্থিত?** [বিএডিসি'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ২১]
ক. জগন্নাথ বিশ্ববিদ্যালয় খ. ঢাকা বিশ্ববিদ্যালয় গ. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ঘ. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় **উত্তর: খ**

৪০. **'স্বাধীনতা সংগ্রাম' ভাস্কর্যটির স্থপতি কে?** [ভূমি মন্ত্রণালয়ের নিরীক্ষক: ২৩]
ক. শ্যামল চৌধুরী খ. শামীম শিকদার গ. তৌফিক হাসান ঘ. তানভীর কবির **উত্তর: খ**

৪১. **মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য 'স্বাধীনতা সংগ্রাম' কোথায় অবস্থিত?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার: ১৭]
ক. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খ. জগন্নাথ বিশ্ববিদ্যালয় গ. ঢাকা বিশ্ববিদ্যালয় ঘ. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় **উত্তর: গ**

৪২. **রাজারবাগ পুলিশ লাইনে 'দুর্জয়' ভাস্কর্যটির শিল্পী কে?** [২৭তম বিসিএস]
ক. হামিদুর রহমান খ. মৃণাল হক গ. শামিম শিকদার ঘ. নভেরা আহমেদ **উত্তর: খ**

৪৩. **'জয় বাংলা জয় তারুণ্য' ভাস্কর্যের স্থপতি কে?** [খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১২]
ক. মাইনুল হোসেন খ. আলাউদ্দিন বুলবুল গ. নিতুন কুন্ডু ঘ. ফারুল ইসলাম **উত্তর: খ**

৪৪. **'মুক্ত বাংলা' ভাস্কর্যটির নির্মাতা** – [মাউশি অধিদপ্তরের অফিস সহায়ক: ১১]
ক. হামিদুর রহমান খ. মাইনুল হোসেন গ. রশিদ আহমেদ ঘ. মর্তুজা বশীর **উত্তর: গ**

৪৫. **ইসলামী বিশ্ববিদ্যালয়ের মুক্তিযুদ্ধ স্মারক ভাস্কর্য ভাস্কর কে?** [জনসংখ্যা ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা: ০৯]
ক. নিতুন কুন্ডু খ. আব্দুর রাজ্জাক গ. মাইনুল হোসেন ঘ. রশিদ আহমেদ **উত্তর: ঘ**

৪৬. **'মুক্ত বাংলা' ভাস্কর্যটি কোথায় অবস্থিত?** [পিটিআই'র ইন্সট্রাক্টর: ১৯]
ক. ইসলামী বিশ্ববিদ্যালয় খ. খুলনা বিশ্ববিদ্যালয় গ. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ঘ. বরিশাল বিশ্ববিদ্যালয় **উত্তর: ক**

৪৭. **'অদম্য বাংলা' ভাস্কর্যের ভাস্কর কে?** [খুবি: ১৬-১৭]
ক. গোপাল চন্দ্র পাল খ. হামিদুর রহমান গ. নিতুন কুন্ডু ঘ. সৈয়দ আব্দুল্লাহ খালিদ **উত্তর: ক**

৪৮. **অদম্য বাংলা ভাস্কর্যটি কোথায় অবস্থিত?** [সোনালী ব্যাংকের অফিসার (আইটি): ২০]
ক. ঢাকা বিশ্ববিদ্যালয় খ. খুলনা বিশ্ববিদ্যালয় গ. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ঘ. বরিশাল বিশ্ববিদ্যালয় **উত্তর: খ**

৪৯. **'জননী ও গর্বিত বর্ণমাল' ভাস্কর্যটির শিল্পী কে?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের অ্যাডমিন অ্যাসিস্ট্যান্ট: ২৩]
ক. হামিদুর রহমান খ. মৃণাল হক গ. শামিম শিকদার ঘ. নভেরা আহমেদ **উত্তর: খ**

৫০. **'চেতনা ৭১' হলো** - [মৎস্য অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. উন্নতজাতের ধান খ. উন্নতজাতের পাট গ. স্মৃতিসৌধ ঘ. ভাস্কর্য **উত্তর: ঘ**

৫১. **'চেতনা ৭১' এর স্থপতি কে?** [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক. মৃণাল হক খ. মোঃ মঈনুল হোসেন গ. মোঃ কামরুল হাসান ঘ. নিতুন কুন্ডু **উত্তর: খ**

৫২. **'চেতনা ৭১' স্থপত্যটির অবস্থান** – [১১তম বিজেএস]
ক. বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ খ. জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা
গ. পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ঘ. শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট **উত্তর: ঘ**

৫৩. **দেশের প্রথম পতাকা ভাস্কর্য 'পতাকা ৭১' কোথায় অবস্থিত?** [পল্লী সঞ্চয় ব্যাংকের ক্যাশ সহকারী: ১৮]
ক. গাজীপুর খ. মুন্সিগঞ্জ গ. নারায়ণগঞ্জ ঘ. ঢাকা **উত্তর: খ**

৫৪. **মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য 'বিজয় ৭১' কোথায় অবস্থিত?** [শ্রম অধিদপ্তরের সহকারী শ্রম পরিচালক: ০৬]
ক. খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা খ. বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা
গ. রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী ঘ. বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ (স্থপতি: শ্যামল চৌধুরী) **উত্তর: ঘ**

৫৫. **যশোরে অবস্থিত 'বিজয় ৭১' হ্যাপত্যের স্থপতি কে?** [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২৩]
ক. পল রুডলফ খ. হামিদুজ্জান খান গ. অনীক রেজা ঘ. বদরুল ইসলাম নানু (নান্নু) **উত্তর: ঘ**

৫৬. **'বিজয় উল্লাস' ভাস্কর্যটি কোথায় অবস্থিত?** [৬ষ্ঠ বিজেএস]
ক. খুলনা খ. কুষ্টিয়া গ. ফরিদপুর ঘ. যশোর **উত্তর: খ**

৫৭. **মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য 'বিজয় গাথা' কোথায় অবস্থিত?** [আইসিটি বিভাগের সহকারী প্রোগ্রামার: ১৭]
ক. ঢাকা সেনানিবাস খ. রংপুর সেনানিবাস গ. সিলেট সেনানিবাস ঘ. যশোর সেনানিবাস **উত্তর: খ**

৫৮. **'মুক্ত বিহঙ্গ' ভাস্কর্যটি অবস্থিত** – [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৮]
ক. রংপুরে খ. চট্টগ্রামে গ. ঢাকায় ঘ. কুমিল্লায় **উত্তর: ক**

৫৯. **মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্য 'প্রজন্ম' কোথায় অবস্থিত?** [বিএমইটি'র অফিস সহায়ক: ২৩]
ক. তিতুমীর কলেজ, ঢাকা খ. রাজশাহী কলেজ, রাজশাহী গ. ঢাকা কলেজ, ঢাকা ঘ. কারমাইকেল কলেজ, রংপুর **উত্তর: ঘ**

৬০. **স্বাধীনতা যুদ্ধের প্রতীক হিসাবে পরিচিত ভাস্কর্য 'অঙ্গীকার' এর অবস্থান কোথায়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. জয়দেবপুর খ. চাঁদপুর গ. রংপুর ঘ. মেহেরপুর **উত্তর: খ**

৬১. **মুক্তিযুদ্ধের সংরক্ষিত স্থান 'শহিদ সাগর' কোথায় অবস্থিত?** [৮ম প্রভাষক নিবন্ধন]
ক. বরগুনা খ. নোয়াখালী গ. খুলনা ঘ. নাটোর **উত্তর: ঘ**

৬২. **রাজেন্দ্রপুর সেনানিবাসে অবস্থিত মুক্তিযুদ্ধে স্মৃতিস্তম্ভের নাম কী?** [২৭তম বিসিএস]
ক. বিজয় স্তম্ভ খ. বিজয় কেতন গ. স্বাধীনতা সোপান ঘ. রক্ত সোপান **উত্তর: ঘ**

৬৩. **মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভ 'রক্ত সোপান' কোথায় অবস্থিত?** [বিটিভি'র সহকারী প্রকৌশলী: ১৭]
ক. ঢাকা সেনানিবাস খ. সৈয়দপুর সেনানিবাস গ. রাজেন্দ্রপুর সেনানিবাস ঘ. রংপুর সেনানিবাস **উত্তর: গ**

৬৪. **কবে 'ভ্রাম্যমান যুদ্ধ জাদুঘর' চালু হয়?** [পূবালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৪]
ক. ১ জুলাই, ২০০০ খ. ১ জুলাই, ২০০১ গ. ১০ জুলাই, ২০০১ ঘ. ১০ জুলাই, ২০০২ **উত্তর: গ**

৬৫. **'বিজয় কেতন' কী?** [জাতীয় সংসদ সচিবালয়ের প্রটোকল অফিসার: ০৬]
ক. শহিদ স্মৃতিসৌধ খ. জাতীয় জাদুঘর গ. ওসমানী জাদুঘর ঘ. মুক্তিযুদ্ধ জাদুঘর **উত্তর: ঘ**

৬৬. **ঢাকা সেনানিবাসে অবস্থিত মুক্তিযুদ্ধ জাদুঘরের নাম কী? / ঢাকা সেনানিবাসে অবস্থিত মুক্তিযুদ্ধের স্মৃতিবিজরিত স্মৃতিস্তম্ভের নাম কী?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ২৩]
ক. উল্লাস খ. বিজয় ৭১ গ. বিজয় কেতন ঘ. ঐতিহ্য **উত্তর: গ**

৬৭. **ঢাকা সেনানিবাসে আগরতলা ষড়যন্ত্র মামলার স্মৃতিবিজড়িত জাদুঘর কোনটি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ইন্সট্রাক্টর: ২১]
ক. বঙ্গবন্ধু জাদুঘর খ. বিজয় কেতন জাদুঘর গ. বীরশ্রেষ্ঠ ঘ. ঢাকা সেনানিবাস জাদুঘর **উত্তর: ক, খ**

৬৮. **সাভার সেনানিবাসে অবস্থিত মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভের নাম কী?** [শ্রম অধিদপ্তরের প্রভাষক: ০৫]
ক. বিজয় কেতন খ. বিজয় চেতন গ. রক্ত সোপান ঘ. শিখা অনির্বাণ **উত্তর: খ**

৬৯. **'স্বাধীনতা স্তম্ভ' কোথায় অবস্থিত?** [রেলপথ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২১]
ক. মেহেরপুর খ. সোহরাওয়ার্দী উদ্যান, ঢাকা গ. ঢাকা সেনানিবাস ঘ. রাজশাহী বিশ্ববিদ্যালয় **উত্তর: খ**

৭০. **'স্বাধীনতা জাদুঘর' অবস্থিত -** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০১]
ক. আগারগাঁওয়ে খ. সেগুনবাগিচায় গ. সোহরাওয়ার্দী উদ্যানে ঘ. মতিঝিলে **উত্তর: গ**

৭১. **বাংলাদেশে সর্ববৃহৎ গণহত্যাটি কোথায় হয়?** [পল্লী উন্নয়ন একাডেমির সহকারী পরিচালক: ২১]
ক. রমনা, ঢাকা খ. কাজলা, রাজশাহী গ. চুকনগর, খুলনা ঘ. বিনোদপুর, রংপুর **উত্তর: গ**

৭২. **'১৯৭১ : গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর' কোথায় অবস্থিত? / দেশের একমাত্র গণহত্যা জাদুঘর কোথায় অবস্থিত?** [৪৫তম বিসিএস]
ক. আগারগাঁও, ঢাকা খ. কাজলা, রাজশাহী গ. রমনা, ঢাকা ঘ. সাউথ সেন্ট্রাল রোড, খুলনা **উত্তর: ঘ**

৭৩. **'মুক্তিযুদ্ধ জাদুঘর' কবে প্রতিষ্ঠিত হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ১৯৯২ সালের ১৭ মার্চ খ. ১৯৯০ সালের ২৫ মার্চ গ. ১৯৯৬ সালের ২২ মার্চ ঘ. ১৯৯৫ সালের ৭ মার্চ **উত্তর: গ**

৭৪. **'মুক্তিযুদ্ধ জাদুঘর' কোথায় অবস্থিত?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৭]
ক. চট্টগ্রামে খ. ঢাকায় গ. খুলনায় ঘ. রাজশাহীতে **উত্তর: খ**

৭৫. **'মুক্তিযুদ্ধ জাদুঘর' ঢাকার কোন এলাকায় অবস্থিত?** [১৮তম বিসিএস]
ক. সেগুনবাগিচা খ. আগারগাঁও গ. তেজগাঁও ঘ. কাঁঠাল বাগান **উত্তর: খ**

৭৬. **বাংলাদেশে 'ভ্রাম্যমাণ মুক্তিযুদ্ধ জাদুঘর' কবে চালু হয়?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ১৪]
ক. ১ জুলাই, ২০০০ খ. ১ জুলাই, ২০০১ গ. ১০ জুলাই, ২০০১ ঘ. ১০ জুলাই, ২০০২ **উত্তর: গ**

৭৭. **কত সালে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় গঠিত হয়?** [২৬তমবিসিএস]
ক. ১৯৯২ সালে খ. ২০০০ সালে গ. ২০০১ সালে ঘ.২০০২ সালে **উত্তর: গ**

যুদ্ধাপরাধীদের বিচার

০১. **১৯৭১ সালের যুদ্ধপরাধীদের বিচারের জন্য কত সালে সোহরাওয়ার্দী উদ্যানে গণআদালত অনুষ্ঠিত হয়েছিল?** [ঢাবি: ০১-০২]
ক. ১৯৯০ সালে খ. ১৯৯২ সালে গ. ১৯৯৬ সালে ঘ. ১৯৯৯ সালে **উত্তর: খ**

০২. **একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির প্রতিষ্ঠাতা সভাপতি কে?** [শ্রম অধিদপ্তরের প্রভাষক: ১৪]
ক. নীলিমা ইব্রাহিম খ. জাহানারা ইমাম গ. শাহরিয়ার খান ঘ. হারুন-অর-রশীদ **উত্তর: খ**

০৩. **ঘাতক-দালালদের বিচারের জন্য গঠিত গণআদালতের সঙ্গে কার নাম সম্পৃক্ত?** [মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ফেরদৌসী প্রিয়ভাষিণী খ. মালেকা বেগম গ. জাহানারা ইমাম ঘ. বেগম সুফিয়া কামাল **উত্তর: গ**

০৪. **'শহিদ জননী' নামে কে বেশি পরিচিত?** [মাউশি অধিদপ্তরের হিসাব সহকারী: ১৩]
ক. রাজিয়া মাহবুব খ. বেগম সুফিয়া কামাল গ. জাহানারা ইমাম ঘ. বেগম নুসরাত জাহান **উত্তর: গ**

০৫. **বাংলাদেশে গঠিত যুদ্ধাপরাধীদের বিচার প্রক্রিয়ায় সহায়ক সক্রিয় সংগঠনটির নাম কী?** [ডিএমএলসি'র সহকারী শিক্ষক: ২৩]
ক. আন্তর্জাতিক ট্রাইবুনাল খ. সেক্টর কমান্ডারস ফোরাম গ. মুক্তিযোদ্ধা সংসদ ঘ. ঘাতক দালাল নির্মূল কমিটি **উত্তর: ঘ**

০৬. **বর্তমান সময়ে বাংলাদেশ সরকারের বড় অর্জন কোনটি?** [৩৬তম বিসিএস]
ক. যুদ্ধাপরাধীদের বিচার খ. সমুদ্রসীমা বিজয় গ. বৈদেশিক মুদ্রার রিজার্ভ ঘ. বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি **উত্তর: ক**

০৭. **কবে আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল প্রতিষ্ঠিত হয়েছিল?** [মাউশি অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. ২৫ মার্চ, ২০১০ খ. ১৫ নভেম্বর, ২০১০ গ. ১ সেপ্টেম্বর, ২০১০ ঘ. ৭ নভেম্বর, ২০১০ **উত্তর: ক**

০৮. **আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল মানবতাবিরোধী অপরাধের প্রথম রায় করে প্রদান করে?** [বেবিচকের নিরাপত্তা কর্মকর্তা: ২১]
ক. ২১ জানুয়ারি, ২০১৩ খ. ২৩ জানুয়ারি, ২০১৩ গ. ২৫ জানুয়ারি, ২০১৩ ঘ. ২৭ জানুয়ারি, ২০১৩ **উত্তর: ক**

জাতীয় বিষয়াবলি

০১. **বাংলাদেশের জাতীয় পাখি -** [১৯তম বিসিএস]
ক. ময়না খ. কাক গ. শালিক ঘ. দোয়েল **উত্তর: ঘ**

০২. **বাংলাদেশের জাতীয় পশু কোনটি?** [সমবায় অধিদপ্তারর মাঠ সহকারী: ১৮]
ক. গরু খ. ছাগল গ. গয়াল ঘ. রয়েল বেঙ্গল টাইগার **উত্তর: ঘ**

০৩. **বাংলাদেশের জাতীয় ফলের নাম হচ্ছে -** [৩০তম বিসিএস]
ক. কাঁঠাল খ. আম গ. পেপে ঘ. লেবু **উত্তর: ক**

০৪. **বাংলাদেশের জাতীয় বৃক্ষ কোনটি? / বাংলাদেশের জাতীয় গাছের নাম কী?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. কাঁঠাল গাছ খ. বট গাছ গ. তাল গাছ ঘ. আম গাছ **উত্তর: ঘ**

০৫. **বাংলাদেশের জাতীয় ফুল -** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৮]
ক. গোলাপ খ. শাপলা গ. রজনীগন্ধা ঘ. জবা **উত্তর: খ**

০৬. **শাপলা বাংলাদেশের জাতীয় ফুল যেহেতু -** [খাদ্য অবিদপ্তরের পরিদর্শক: ৯৬]
ক. বাংলাদেশ নদীমাতৃক দেশ খ. বাংলাদেশে শাপলা ফুল দুর্লভ
গ. বাংলাদেশে প্রচুর শাপলা জন্মে ঘ. বাংলাদেশের মানুষ শাপলা ফুল পছন্দ করে না **উত্তর: গ**

০৭. **বাংলাদেশের রাষ্ট্রীয় বা জাতীয় প্রতীকের ডিজাইনার কে?** [কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. এ. এন. এ. সাহা খ. কামরুল হাসান গ. রফিকুন্নবী ঘ. জয়নূল আবেদিন **উত্তর: খ**

০৮. **বাংলাদেশের জাতীয় প্রতীকে নিচের যেগুলো রয়েছে -** [এলজিইডি'র অফিস সহায়ক: ২৩]
ক. ধান, পান, শাপলা খ. ধান, পাট, শাপলা গ. ধান, পান, পাট ঘ. পাট, পান, শাপলা **উত্তর: খ**

০৯. **বাংলাদেশের জাতীয় প্রতীকে কয়টি তারকা আছে?** [৪৪তম বিসিএস]
ক. ২ টি খ. ৩ টি গ. ৪ টি ঘ. ৫ টি **উত্তর: গ**

১০. **বাংলাদেশের জাতীয় প্রতীকে যে তারকাগুলো রয়েছে তা দিয়ে কী বুঝানো হয়েছে?** [পেট্রোবাংলার হিসাব সহকারী: ১৯]
ক. অর্থনীতি খ. লক্ষ্য ও উচ্চাকাঙ্ক্ষা গ. অঙ্গীকার ঘ. বাহাত্তরের সংবিধানের মূলনীতি **উত্তর: খ**

১১. **কত তারিখে বাংলাদেশের জাতীয় প্রতীক মন্ত্রিপরিষদ সভায় অনুমোদন করা হয়?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]
ক. ১৮ জানুয়ারি, ১৯৭২ খ. ২১ জানুয়ারি, ১৯৭২ গ. ২৫ ফেব্রুয়ারি, ১৯৭২ ঘ. ২৮ ফেব্রুয়ারি, ১৯৭২ **উত্তর: গ**

১২. **বাংলাদেশের রাষ্ট্রীয় মনোগ্রাম বা সীলমোহর বা লোগোর ডিজাইনার কে?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. কাজী খসরু খ. কামরুল হাসান গ. স্বপন কুমার ঘ. এ. এন. এ. সাহা **উত্তর: ঘ**

১৩. **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মনোগ্রামে কয়টি তারকা চিহ্ন রয়েছে?** [৩০তম বিসিএস]
ক. ৪ টি খ. ৬ টি গ. ৫ টি ঘ. ২ টি **উত্তর: ক**

১৪. **বাংলাদেশের রণসঙ্গীত বা সামরিক সঙ্গীতের রচয়িতা কে?** [টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের সিনিয়র ইন্সট্রাক্টর: ২১]
ক. আল মাহমুদ খ. রবীন্দ্রনাথ ঠাকুর গ. শামসুর রাহমান ঘ. কাজী নজরুল ইসলাম **উত্তর: ঘ**

১৫. **বাংলাদেশের রণসঙ্গীত বা সামরিক সঙ্গীতের সুরকার কে?** [নির্বাচন কমিশন সচিবালয়ের স্টোর কিপার: ১৯]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম গ. জসীমউদ্দিন ঘ. শামসুর রাহমান **উত্তর: খ**

১৬. **বাংলাদেশের রণসঙ্গীত কাজী নজরুল ইসলামের কোন গ্রন্থের অন্তর্ভুক্ত?** [বেবিচকের স্টোরম্যান: ২১]
ক. ভাঙার গান খ. সন্ধ্যা গ. বিষের বাঁশি ঘ. অগ্নিবীণা **উত্তর: খ**

১৭. **বাংলাদেশের রণসঙ্গীত সর্বপ্রথম প্রকাশিত হয় -** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. শিখা পত্রিকায় খ. সমকাল পত্রিকায় গ. বঙ্গদর্শন পত্রিকায় ঘ. বেগম পত্রিকায় **উত্তর: ক**

১৮. **সামরিক সঙ্গীত বা রণসঙ্গীত বাংলা কত সালে প্রথম পত্রিকায় প্রকাশিত হয়?** [বিকেবি'র সিনিয়র অফিসার: ১৫]
ক. ১৩১২ খ. ১৩২১ গ. ১৩৩১ ঘ. ১৩৩৫ **উত্তর: ঘ**

১৯. **বাংলাদেশের ক্রীড়া সঙ্গীতের রচয়িতা কে?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. কাজী নজরুল ইসলাম খ. রবীন্দ্রনাথ ঠাকুর গ. শামসুর রাহমান ঘ. সেলিমা রহমান **উত্তর: ঘ**

২০. **বাংলাদেশের ক্রীড়া সঙ্গীতের সুরকার কে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. সেলিনা হোসেন খ. সেলিমা রহমান গ. খন্দকার নূরুল আলম ঘ. সুবল দাস **উত্তর: গ**

২১. **বাংলাদেশের জাতীয় পতাকা কবে গৃহীত হয়?** [৩৬তম বিসিএস]
ক. ১৭ জানুয়ারি, ১৯৭২ খ. ২৬ মার্চ, ১৯৭১ গ. ১৬ ডিসেম্বর, ১৯৭১ ঘ. ২১ ফেব্রুয়ারি, ১৯৭২ **উত্তর: ক**

২২. **জাতীয় পতাকা বিধি কোন সালে প্রণীত হয়?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার: ০০]
ক. ১৯৭৩ খ. ১৯৯২ গ. ১৯৭২ ঘ. ১৯৭৫ **উত্তর: গ**

২৩. **মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের পতাকায় লাল গোলকের ভিতরে যে প্রতীকটি ছিল** – [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০০]
ক. শাপলা ফুল খ. বাংলাদেশের ম্যাপ গ. নৌকা ঘ. ধানের শীষ **উত্তর: খ**

২৪. **বাংলাদেশের প্রথম পতাকার নকশাকারী বা ডিজাইনার কে? / মানচিত্র খচিত পতাকার নকশাকারী কে?** [মাউশি অধিদপ্তরের ল্যাবরেটরী সহকারী: ২১]
ক. কামরুল হাসান খ. আবুল বারক আলভী গ. হামিদুর রহমান ঘ. শিব নারায়ণ দাশ **উত্তর: ঘ**

২৫. **বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে? / বাংলাদেশের বর্তমান জাতীয় পতাকার ডিজাইনার** – [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. জয়নুল আবেদিন খ. কামরুল হাসান গ. হামিদুর রহমান ঘ. হাশেম খান **উত্তর: খ**

২৬. **বাংলাদেশের জাতীয় পতাকার রং কয়টি?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের পোট্রি টেকনিশিয়ান: ২০]
ক. ২ টি খ. ৩ টি গ. ৪ টি ঘ. ৫ টি **উত্তর: ক**

২৭. **বাংলাদেশের জাতীয় পতাকার রং কী?** [বিএমইটি'র অফিস সহায়ক: ২৩]
ক. গাঢ় সবুজের মধ্যে লাল বৃত্ত খ. গাঢ় লালের মধ্যে সবুজ বৃত্ত গ. গাঢ় সবুজের মধ্যে নীল বৃত্ত ঘ. গাঢ় সবুজের মধ্যে হলুদ বৃত্ত **উত্তর: ক**

২৮. **বাংলাদেশের জাতীয় পতাকার সাথে মিল আছে কোন দেশের পতাকার?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৭]
ক. ভারত খ. মিশর গ. জাপান ঘ. থাইল্যান্ড **উত্তর: গ**

২৯. **বাংলাদেশের জাতীয় পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত কত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ৪ : ৩ খ. ৫ : ৩ গ. ৩ : ২ ঘ. ৬ : ৫ **উত্তর: খ**

৩০. **বাংলাদেশের জাতীয় পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত কোনটি?** [৩২তম বিসিএস]
ক. ৯ : ৬ খ. ১১ : ৭ গ. ১০ : ৬ ঘ. ৮ : ৬ **উত্তর: গ**

৩১. **বাংলাদেশের জাতীয় পতাকার মাঝের লাল বৃত্তটির ব্যাসার্ধ হবে পতাকার দৈর্ঘ্যের** – [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৫]
ক. ৩ ভাগের ১ ভাগ খ. ৪ ভাগের ১ ভাগ গ. ৫ ভাগের ১ ভাগ ঘ. ৬ ভাগের ১ ভাগ **উত্তর: গ**

৩২. **বাংলাদেশের জাতীয় পতাকার দৈর্ঘ্য, প্রস্থ এবং লাল বৃত্তের ব্যাসার্ধের অনুপাত যথাক্রমে** – [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. ৫ : ৩ : ১ খ. ৪ : ২ : ১ গ. ১০ : ১২ : ১ ঘ. ৩ : ১ : ০.০৫ **উত্তর: ক**

৩৩. **বাংলাদেশের জাতীয় সঙ্গীত বিশ্বকবি রবীন্দ্রনাথের কোন কাব্য থেকে নেওয়া হয়েছে?** [ডাক বিভাগের পোস্টম্যান: ১৪]
ক. বনফুল খ. সোনারতরী গ. সন্ধ্যা সংগীত ঘ. গীতবিতান **উত্তর: ঘ**

৩৪. **বাংলাদেশের জাতীয় সঙ্গীত 'আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি' এর রচয়িতা কে? / বাংলাদেশের জাতীয় সঙ্গীতের রচয়িতা কে? / বাংলাদেশের জাতীয় সঙ্গীত কে রচনা করেন?** [বিএডিসি'র ড্রাইভার: ২৩]
ক. দেবাশীষ রায় খ. কাজী নজরুল ইসলাম গ. ইমতিয়াজ বুলবুল ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর: ঘ**

৩৫. **বাংলা কত সালে বাংলাদেশের জাতীয় সংগীত রচিত হয়?** [এনএসআই'র অফিস সহায়ক: ১৭]
ক. ১৩১৫ খ. ১৩১১ গ. ১৩১২ ঘ. ১৩২৫ **উত্তর: গ**

৩৬. **'আমার সোনার বাংলা, আমি তোমায় ভালবাসি' গানটি রচনার প্রেক্ষাপট কী ছিল?** [মাধ্যমিক বিদ্যলেয়ের প্রধান শিক্ষক: ৯৭]
ক. প্রথম বিশ্বযুদ্ধ চলাকালে রচিত খ. বঙ্গভঙ্গজনিত আন্দোলনকালে রচিত
গ. অসহযোগ আন্দোলন চলাকালে রচিত ঘ. কলকাতায় হিন্দু-মুসলমান দাঙ্গাকালে রচিত **উত্তর: খ**

৩৭. **বাংলাদেশের জাতীয় সঙ্গীত সর্বপ্রথম যে পত্রিকায় প্রকাশিত হয়** – [জনপ্রশাসন মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ইত্তেহাদ খ. সমাচার দর্পণ গ. বঙ্গদর্শন ঘ. সমাচার **উত্তর: গ**

৩৮. **কত সালে 'আমার সোনার বাংলা আমি তোমাকে ভালবাসি' প্রথম প্রকাশিত হয়?** [জনতা ব্যাংকের এইও (আরসি): ২৩]
ক. ১৯১৩ খ. ১৯০৫ গ. ১৯৭১ ঘ. ১৯৬৬ **উত্তর: খ**

৩৯. **'আমার সোনার বাংলা' কবিতাটিতে কতটি চরণ আছে?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ১৬]
ক. ২২ টি খ. ২৫ টি গ. ১৮ টি ঘ. ২০ টি **উত্তর: খ**

৪০. **'আমার সোনার বাংলা' গানটির সুরকার** – [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. দেবাশীষ রায় খ. কাজী নজরুল ইসলাম গ. ইমতিয়াজ বুলবুল ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর: ঘ**

৪১. **বাংলাদেশের জাতীয় সঙ্গীতের মূল সুরটি যাঁর গানের সুর থেকে গ্রহণ করা হয়েছে তিনি কে?** [বিএসইসি'র অফিস সহায়ক: ২১]
ক. গগণ হরকরা খ. প্রবীণ হরকরা গ. লালন ফকির ঘ. মন্টু শাহ **উত্তর: ক**

৪২. **আমাদের জাতীয় সঙ্গীত 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি' এই গানের সুর রবীন্দ্রনাথের কোন ধরনের সুর থেকে নিয়েছেন?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৫]
ক. গালা গানের খ. বাউল গানের গ. ভাটিয়ালি গানের ঘ. মুর্শিদি গানের **উত্তর: খ**

৪৩. **বাংলাদেশের জাতীয় সঙ্গীত কোন সুরের অনুপ্রেরণায় রচিত?** [আমদানি-রপ্তানি দপ্তরের অফিস সহায়ক: ২০]
ক. রাম প্রসাদ খ. পাশ্চাত্য গ. কীর্তন ঘ. বাউল **উত্তর: ঘ**

৪৪. **'আমার সোনার বাংলা' গানটি কবে থেকে বাংলাদেশের জাতীয় সঙ্গীত হিসেবে গ্রহণ করা হয়েছে?** [বিকেবি'র অফিসার: ১১]
ক. ২ মার্চ, ১৯৭১ খ. ৩ মার্চ, ১৯৭১ গ. ২৬ মার্চ, ১৯ ৭১ ঘ. ১৭ এপ্রিল, ১৯৭১ **উত্তর: খ**

৪৫. **বাংলাদেশের জাতীয় সঙ্গীতটি মূল কবিতার কোন অংশ? / 'আমার সোনার বাংলা' কবিতার কতটি চরণ আমাদের জাতীয় সঙ্গীত হিসেবে গৃহীত হয়েছে? / রবীন্দ্রনাথ ঠাকুরে আমার সোনার বাংলা কবিতার প্রথম কত লাইন বাংলাদেশের জাতীয় সঙ্গীত হিসেবে নেওয়া হয়েছে?** [বিএমইটি'র অফিস সহায়ক: ২৩]

ক. প্রথম ১০টি চরণ বা লাইন খ. শেষ ১০টি চরণ বা লাইন গ. প্রথম ১২ টি চরণ বা লাইন ঘ. শেষ ১২টি চরণ বা লাইন **উত্তর: ক**

৪৬. **বাংলাদেশের জাতীয় সঙ্গীতের কোন বিষয়টি প্রধানভাবে আছে?** [১৬তম বিসিএস]

ক. বাংলাদেশের আবহাওয়া খ. বাংলাদেশের সাধারণ মানুষ গ. বাংলাদেশের ইতিহাস ঘ. বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য্য **উত্তর: ঘ**

৪৭. **কোনো রাষ্ট্রীয় অনুষ্ঠানে জাতীয় সঙ্গীতের কত চরণ বাজানো হয়?** [৩৬তম বিসিএস]

ক. প্রথম ১০ টি খ. প্রথম ৪ টি গ. প্রথম ৬ টি ঘ. প্রথম ৫ টি **উত্তর: খ**

৪৮. **বিবিসি বাংলার শ্রোতা জরিপে কোন গানটি প্রথম স্থান লাভ করে?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]

ক. মানুষ মানুষের জন্য খ. আমার ভাইয়ের রক্তে রাঙানো

গ. পূর্ব দিগতে সূর্য উঠেছে রক্ত লাল ঘ. আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি **উত্তর: ঘ**

৪৯. **বাংলাদেশের জাতীয় সঙ্গীতের ইংরেজি অনুবাদক কে?** [নিপোর্টের অফিস সহায়ক: ২৩]

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. সৈয়দ আলী আহসান গ. কবীর চৌধুরী ঘ. হাসান হাফিজুর রহমান **উত্তর: খ**

৫০. **শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সঙ্গীত পরিবেশনা বাধ্যতামূলক করা হয়েছে কোন চেতনায়?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৭]

ক. শৃঙ্খলা উন্নতিকল্পে খ. দেশীয় সংস্কৃতি রক্ষায় গ. দেশাত্মবোধ সৃষ্টির লক্ষ্যে ঘ. সুনাগরিক গড়ে তোলার লক্ষ্যে **উত্তর: গ**

৫১. **বাংলা সাহিত্যের কোন কবি দুইটি দেশের জাতীয় সঙ্গীত রচনা করেছেন?** [ডাক বিভাগের বিল্ডিং ওভারশিয়ার: ১৮]

ক. মধুসূদন দত্ত খ. কাজী নজরুল ইসলাম গ. মীর মশাররফ হোসেন ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর: ঘ**

৫২. **কোন কবি এককভাবে তিনটি দেশের (বাংলাদেশ, ভারত ও শ্রীলংকা) জাতীয় সঙ্গীত রচনা করেছেন?** [তিতাস গ্যাস ফিল্ডের টেকনিশিয়ান: ২৩]

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম গ. জন মিল্টন ঘ. বার্সিল ফার্নান্দো **উত্তর: ক**

৫৩. **বাংলাদেশ ছাড়া অন্য কোন দেশ রবীন্দ্রনাথ ঠাকুরের গান জাতীয় সঙ্গীত হিসাবে গ্রহণ করেছে?** [সহকারী থানা শিক্ষা অফিসার: ০৯]

ক. ভুটান খ. ভারত গ. নেপাল ঘ. শ্রীলঙ্কা **উত্তর: খ, ঘ**

৫৪. **ভারতের জাতীয় সঙ্গীতের রচয়িতা কে?** [সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৯]

ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. তারাশঙ্কর বন্দোপাধ্যায় গ. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঘ. বিভূতিভূষণ বন্দোপাধ্যায় **উত্তর: ক**

৫৫. **বাংলাদেশের জাতীয় স্লোগান কী?** [তিতাস গ্যাস ফিল্ডের টেকনিশিয়ান: ২৩]

ক. জয় বাংলা খ. বাংলাদেশ জিন্দাবাদ গ. জয় বাংলাদেশ ঘ. জিন্দাবাদ **উত্তর: ক**

ব্যাখ্যা: ২০২০ সালের ১০ মার্চ জয় বাংলা স্লোগানকে বাংলাদেশের জাতীয় স্লোগান হিসেবে গ্রহণের জন্য হাইকোর্ট রায় প্রদান করেন। হাইকোর্টের রায় বাস্তবায়নের জন্য ২০২২ সালের ২০ ফেব্রুয়ারি মন্ত্রিসভার বৈঠকে জয় বাংলাকে জাতীয় স্লোগান করার সিদ্ধান্ত গৃহীত বা অনুমোদিত হয়। ২০২২ সালের ২ মার্চ মন্ত্রিপরিষদ বিভাগ জয় বাংলাকে জাতীয় স্লোগান ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করে।

৫৬. **'জয় বাংলা' বাংলাদেশের জাতীয় স্লোগান করার নির্দেশ প্রদান করে -** [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ২০]

ক. হাইকোর্ট বিভাগ খ. মন্ত্রিপরিষদ বিভাগ গ. তথ্য মন্ত্রণালয় ঘ. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় **উত্তর: ক**

৫৭. **কবে 'জয় বাংলা' বাংলাদেশের জাতীয় স্লোগান হিসেবে ঘোষণা করা হয়? / 'জয় বাংলা' বাংলাদেশের জাতীয় স্লোগান হিসেবে মন্ত্রিসভায় কত তারিখে অনুমোদিত হয়?** [৪৫তম বিসিএস]

ক. ১ মার্চ, ২০২২ খ. ২ মার্চ, ২০২২ গ. ৭ মার্চ, ২০২২ ঘ. ২৬ মার্চ, ২০২২ **উত্তর: খ**

৫৮. **'জয় বাংলা' স্লোগান বাধ্যতামূলক -** [সিজিএ কার্যালয়ের কম্পিউটার অপারেটর: ২২]

ক. সভা সেমিনারে বক্তব্যের শেষে খ. সকল জাতীয় দিবস উদযাপন ও সরকারি অনুষ্ঠানে বক্তব্যের শেষে

গ. শিক্ষা প্রতিষ্ঠানে প্রাত্যহিক সমাবেশ সমাপ্তির পর ঘ. উপরের সবগুলোই **উত্তর: ঘ**

দ্বিতীয় অধ্যায় | বাংলাদেশের কৃষিজ সম্পদ | ০৩ মার্কস

ভূমি ব্যবস্থাপনা

০১. **১৯৭২ সালে ভূমি সংস্কারে কৃষি জমির মালিকানার সর্বোচ্চ সীমা কত বিঘা রাখা হয়?** [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ১৪]

ক. ১০০ খ. ৭৫ গ. ৫০ ঘ. ২৫ **উত্তর: ক**

০২. **বাংলাদেশের সর্বশেষ ভূমি অর্ডিন্যান্স কোন সালে করা হয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৭]

ক. ১৯৮০ খ. ১৯৮৪ গ. ১৯৮৬ ঘ. ১৯৯০ **উত্তর: খ**

০৩. **১৯৮৪ সালের ভূমি সংস্কার অধ্যাদেশ অনুযায়ী, একজন ব্যক্তি সর্বোচ্চ কত বিঘা পর্যন্ত জমির মালিক হতে পারেন?** [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১০]

ক. ৫০ বিঘা খ. ৬০ বিঘা গ. ৯০ বিঘা ঘ. ১০০ বিঘা **উত্তর: খ**

০৪. **বাংলাদেশে কত বিঘা পর্যন্ত জমির খাজনা মওকুফ করা হয়েছে?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজকল্যাণ সংগঠক: ০৫]

ক. ২৫ বিঘা খ. ১৫ বিঘা গ. ২০ বিঘা ঘ. ৫০ বিঘা **উত্তর: ক**

০৫. **বাংলাদেশে মোট আবাদযোগ্য জমির পরিমাণ -** [৪০তম বিসিএস]

ক. ২ কোটি ৪০ লক্ষ একর খ. ২ কোটি ৫০ লক্ষ একর গ. ২ কোটি ২৫ লক্ষ একর ঘ. ২ কোটি ২১ লক্ষ একর **উত্তর: গ**

০৬. **বাংলাদেশে চাষের অযোগ্য জমির পরিমাণ –** [সহকারী থানা শিক্ষা অফিসার: ৯৫]
ক. ১ কোটি ২৫ লক্ষ একর খ. ১ কোটি ৩২ লক্ষ একর গ. ১ কোটি ৪০ লক্ষ একর ঘ. ১ কোটি ৪৫ লক্ষ একর **উত্তর: ক**

০৭. **বাংলাদেশে মাথাপিছু আবাদী জমির পরিমাণ –** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৫]
ক. ১ একর খ. ১.৫ একর গ. ২ একর ঘ. ০.১৫ একর **উত্তর: ঘ**

০৮. **যে সকল কৃষকের নিজেদের জমির পরিমাণ এক একরের নিচে তাদের কী বলে? / যে সকল কৃষকের জমির পরিমাণ এক একরের নিচে তাদেকে কী বলা হয়?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. প্রান্তিক চাষী খ. মধ্যম চাষী গ. ভূমিহীন চাষী ঘ. ছোট চাষী **উত্তর: গ**

০৯. **কোথায় দেশের প্রথম ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা চালু হয়?** [১৪তম শিক্ষক নিবন্ধন]
ক. সিলেট খ. বরিশাল গ. চট্টগ্রাম ঘ. রংপুর **উত্তর: গ**

১০. **বাংলাদেশ কোন দেশের কাছে ভূমি ইজারা চেয়েছে?** [বিআরইবি'র হিসাবরক্ষক: ১০]
ক. সেনেগাল খ. আর্জেন্টিনা গ. ব্রাজিল ঘ. মিশর **উত্তর: ক**

১১. **কোনটি পৃথিবীর বিশাল প্রাকৃতিক শোধনাগার?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. বায়ু খ. মাটি গ. পানি ঘ. গাছপালা **উত্তর: খ**

১২. **আদর্শ মাটিতে কত ভাগ জৈব পদার্থ থাকে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. ৪% খ. ৫% গ. ৭% ঘ. ৮% **উত্তর: খ**

১৩. **প্রাকৃতিক ও রাসায়নিক গঠনের উপর ভিত্তি করে বাংলাদেশের মাটিকে কতভাগে ভাগ করা যায়?** [শ্রম পরিদপ্তরের সহকারী প্রধান পরিদর্শক: ০৯]
ক. ৫ ভাগে খ. ৩ ভাগে গ. ৬ ভাগে ঘ. ৪ ভাগে **উত্তর: ক**

১৪. **কোন মাটির পানি ধারণ ক্ষমতা সবচেয়ে কম?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. বেলে মাটি খ. পলিমাটি গ. দো-আঁশ মাটি ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

১৫. **কোন মাটির পানি ধারণ ক্ষমতা বেশি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. বেলে মাটি খ. এটেল মাটি গ. দো-আঁশ মাটি ঘ. পলি মাটি **উত্তর: খ**

১৬. **কোন মাটিতে সমান পরিমাণে বালি, পলি ও কাদা থাকে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৬]
ক. বেলে মাটি খ. পলিমাটি গ. দো-আঁশ মাটি ঘ. এটেল মাটি **উত্তর: গ**

১৭. **ফসল উৎপাদনের জন্য কোন ধরনের মাটি উত্তম?** [অগ্রণী ব্যাংকের অফিসার: ১৫]
ক. এটেল মাটি খ. পলি মাটি গ. বেলে মাটি ঘ. দো-আঁশ মাটি **উত্তর: ঘ**

১৮. **কবে প্রথম জাতীয় ভূমি সম্মেলন অনুষ্ঠিত হয়?** [ভূমি মন্ত্রণালয়ের নিরীক্ষক: ২৩]
ক. ২৯-৩১ মার্চ, ২০২২ খ. ২৯-৩১ মার্চ, ২০২৩ গ. ১১-১৪ মার্চ, ২০২৩ ঘ. ২৯-৩১ জানুয়ারি, ২০২৩ **উত্তর: খ**

কৃষিখাত ও মৌসুম

০১. **বাংলাদেশের অর্থনীতির প্রধান খাত কী?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. কাস্টমস খ. আয়কর গ. কৃষি ঘ. ভ্যাট **উত্তর: গ**
ব্যাখ্যা: বাংলাদেশের অর্থনীতির প্রধান খাত তিনটি। যথা- সেবা খাত, কৃষি খাত ও শিল্প খাত। কৃষি খাতের কয়েকটি উপখাত হলো শস্য ও শাকসবজি, প্রাণিসম্পদ, বনজ সম্পদ ও মৎস্য সম্পদ।

০২. **বাংলাদেশের অর্থনৈতিক সেক্টরগুলোর মধ্যে কোন খাতে বেশি কর্মসংস্থান হয়?** [৪০তম বিসিএস]
ক. নির্মাণ খাত খ. কৃষি খাত গ. সেবা খাত ঘ. শিল্প কারখানা খাত **উত্তর: খ**

০৩. **২০২৩ সালের অর্থনৈতিক সমীক্ষা অনুসারে বাংলাদেশের শতকরা কতজন লোক কৃষি কাজ করে?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার: ০০]
ক. ৫০ জন খ. ৪৫.৩৩ জন গ. ৬০ জন ঘ. ৭০ জন **উত্তর: খ**

০৪. **বাংলাদেশে মোট দেশজ উৎপাদনে কৃষিখাতের অবদান –** [৩৮তম বিসিএস]
ক. নিয়মিতভাবে বৃদ্ধি পাচ্ছে খ. অনিয়মিতভাবে বৃদ্ধি পাচ্ছে গ. ক্রমহ্রাসমান ঘ. অপরিবর্তিত থাকছে **উত্তর: গ**

০৫. **২০২২ সালে বাংলাদেশের জিডিপি'তে কৃষি খাতের (ফসল, বন, প্রাণিসম্পদ, মৎস্যসহ) অবদান কত শতাংশ?** [বাংলাদেশ পুলিশের সহকারী রাসায়নিক পরীক্ষক: ০২]
ক. ৫০% খ. ১১.৬৬% গ. ১৪.১১% ঘ. ৮০% **উত্তর: খ**

০৬. **২০২৩ সালের অর্থনৈতিক সমীক্ষা অনুসারে বাংলাদেশের জিডিপিতে কৃষি খাতের (ফসল, বন, প্রাণিসম্পদ, মৎস্যসহ) অবদান কত শতাংশ?** [৩৯তম বিসিএস]
ক. ১০% খ. ১১.২০% গ. ১৩.৬০% ঘ. ২০% **উত্তর: খ**

০৭. **স্বাধীন বাংলাদেশের প্রথম কৃষিশুমারি কবে অনুষ্ঠিত হয়? / বাংলাদেশের প্রথম কৃষিশুমারি অনুষ্ঠিত হয় –** [আইন মন্ত্রণালয়ের সহকারী সচিব: ০৫]
ক. ১৯৭৪ সালে খ. ১৯৭৭ সালে গ. ১৯৭৯ সালে ঘ. ১৯৮১ সালে **উত্তর: খ**
ব্যাখ্যা: বাংলাদেশ ভুখন্ডে ৬ বার (১৯৬০, ১৯৭৭, ১৯৮৩-৮৪, ১৯৯৬, ২০০৮ ও ২০১৯ সাল) কৃষিশুমারি হলেও স্বাধীন বাংলাদেশে ৫ বার (১৯৭৭, ১৯৮৩-৮৪, ১৯৯৬, ২০০৮ ও ২০১৯ সাল) কৃষিশুমারি অনুষ্ঠিত হয়। সাধারণত ১০ বছর পর পর কৃষিশুমারি অনুষ্ঠিত হয়।

০৮. **কত সালে বাংলাদেশের সর্বশেষ বা পঞ্চম কৃষিশুমারি করা হয়?** [খাদ্য অধিদপ্তারর উপ-খাদ্য পরিদর্শক: ১২]
ক. ১৯৯৬ খ. ২০০৮ গ. ২০০১ ঘ. ২০১৯ **উত্তর: ঘ**

০৯. **কত সালে দেশে কোনো কৃষিশুমারি হয়নি?** [৪৩তম বিসিএস]
ক. ১৯৭৭ খ. ২০০৮ গ. ২০১৫ ঘ. ২০১৯ **উত্তর: গ**

১০. **বাংলাদেশের কৃষি কোন প্রকারের?** [৩৫তম বিসিএস]
ক. ধান প্রধান নিবিড় স্বয়ংভোগী খ. স্বয়ংভোগী মিশ্র গ. ধান-প্রধান বাণিজ্যিক ঘ. স্বয়ংভোগী শস্য চাষ ও পশুপালন **উত্তর: ক**

১১. **বাংলাদেশ পানি সম্পদের চাহিদা কোন খাতে সবচেয়ে বেশি?** [১৫তম বিসিএস]
ক. আবাসিক খ. কৃষি গ. পরিবহন ঘ. শিল্প **উত্তর: খ**

১২. **বাংলাদেশে কৃষি দিবস পালিত হয় -** [বিএডিসি'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ২১]
ক. পহেলা কার্তিক খ. পহেলা অগ্রহায়ণ গ. পহেলা পৌষ ঘ. পহেলা আষাঢ় **উত্তর: খ**

১৩. **জাতীয় কৃষি দিবস কবে উদযাপিত হয়?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ২১]
ক. ১০ নভেম্বর খ. ১৫ নভেম্বর গ. ১৬ নভেম্বর ঘ. ১৭ নভেম্বর **উত্তর: খ**

১৪. **কৃষির রবি মৌসুম কোনটি?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]
ক. চৈত্র - বৈশাখ খ. শ্রাবণ - আশ্বিন গ. কার্তিক - ফাল্গুন ঘ. ভাদ্র - অগ্রহায়ণ **উত্তর: গ**
ব্যাখ্যা: উৎপাদনের সময়কালের ভিত্তিতে কৃষির মৌসুম দুই ভাগে বিভক্ত। যথা- রবি ও খরিপ মৌসুম। আশ্বিন মাস থেকে ফাল্গুন মাস পর্যন্ত সময়কালকে রবি মৌসুম বলে। রবি শস্য বলতে শীতকালীন শস্যকে বুঝায়। যেমন- বোরো ধান, গম, যব, ভুট্টা, আলু, টমেটো, ফুলকপি, বাঁধাকপি, মুলা, গাজর, লাউ, শিম, তিল, সূর্যমুখী, বরবটি, বেগুন, শালগম, ওলকপি, কাঁচা মরিচ, পেঁয়াজ, রসুন, ধনিয়া, জিরা, তরমুজ, ডাল, সরিষা, শীতকালীন শাকসবজি ইত্যাদি। চৈত্র থেকে ভাদ্র মাস পর্যন্ত সময়কালকে খরিপ মৌসুম বলে। খরিপ শস্য বলতে গ্রীষ্মকালীন শস্যকে বুঝায়। যেমন- আমন ও আউশ ধান, পাট, তুলা, চা, রাবার, সয়াবিন, কাউন, কচু, চীনাবাদাম, হলুদ, আদা, আনারস, পেপে ইত্যাদি।

১৫. **রবি শস্য বলতে কী বুঝায়?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. গ্রীষ্মকালীন শস্য খ. শীতকালীন শস্য গ. বসন্তকালীন শস্য ঘ. বর্ষাকালীন শস্য **উত্তর: খ**

১৬. **কোনটি রবি ফসল নয়?** [তুলা উন্নয়ন বোর্ডের তুলা উন্নয়ন কর্মকর্তা: ০৬]
ক. টমেটো খ. মুলা গ. গম ঘ. কচু **উত্তর: ঘ**

১৭. **খরিপ শস্য বলতে কী বুঝায়? / চৈত্র-জ্যৈষ্ঠ মৌসুমের শস্যকে বলে -** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৩]
ক. গ্রীষ্মকালীন শস্য খ. শীতকালীন শস্য গ. বসন্তকালীন শস্য ঘ. বর্ষাকালীন শস্য **উত্তর: ক**

১৮. **কৃষিবিদদের মর্যাদাপূর্ণ প্রথম শ্রেণি প্রদান করেন কে?** [বিএডিসি'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ২১]
ক. তাজউদ্দীন আহমেদ খ. মনসুর আলী গ. এ. কে. ফজলুল হক ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান **উত্তর: ঘ**

১৯. **কৃষিক্ষেত্রে অবদানের জন্য কে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার পুরস্কার বা FAO Prize লাভ করেন?** [জাবি: ১৫-১৬]
ক. শাইখ সিরাজ খ. ফজলে হাসান আবেদ গ. রিজওয়ানা হাসান ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

খাদ্যশস্য উৎপাদন ও বহুমুখীকরণ

০১. **বাংলাদেশের প্রধান খাদ্যশস্য কোনটি?** [ডেসকো'র জুনিয়র সহকারী ব্যবস্থাপক: ১৯]
ক. ধান খ. পাট গ. চা ঘ. ইক্ষু **উত্তর: ক**

০২. **মূল্য পরিমাপে বাংলাদেশে কোন কৃষিপণ্য সবচেয়ে বেশি উৎপাদিত হয়? / বাংলাদেশে কোন কৃষিপণ্য সবচেয়ে বেশি উৎপাদিত হয়?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৯]
ক. পাট খ. ইক্ষু গ. চা ঘ. ধান **উত্তর: ঘ**

০৩. **বাংলাদেশে ধান চাষ করা হয় মোট আবাদী জমির -** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০০]
ক ৫০% খ. ৪০% গ. ৮০% ঘ. ৩০% **উত্তর: গ**

০৪. **ধান উৎপাদনে পৃথিবীতে বাংলাদেশের স্থান কততম?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৪]
ক. ২য় খ. ৩য় (তথ্যটি পরিবর্তনশীল) গ. ৪র্থ ঘ. ৫ম **উত্তর: খ**

০৫. **বাংলাদেশে ধান উৎপাদনের পরিমাণ কত?** [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ০৯]
ক. ১০৩.০৮ লক্ষ মেট্রিক টন খ. ১৭৬.০৬ লক্ষ মেট্রিক টন গ. ২২০.০২ লক্ষ মেট্রিক টন ঘ. ৩৭৬.০৮ লক্ষ মেট্রিক টন **উত্তর: ঘ**

০৬. **'ইরাটম' কী? / 'ব্রিশাইল' কী? / 'সোনার বাংলা-১' কী?** [২৬তম বিসিএস]
ক. উন্নত জাতের ধান খ. উন্নত জাতের ইক্ষু গ. উন্নত জাতের পাট ঘ. উন্নত জাতের চা **উত্তর: ক**
ব্যাখ্যা: উন্নত জাতের ধানের নামগুলো হলো ইরাটম, ব্রিশাইল, হীরা, মালা, ময়না, আশা, সুফলা, প্রগতি, মোহিনী, কিরণ, দিশারী, মঙ্গল, হাসি, নিজামী, মুক্তা, দুলাভোগ, নিয়ামত, রহমত, গাজী, বিপ্লব, সুপার রাইস, ব্রি ধান-১, সোনার বাংলা-১, নারিকা-১, বাউ-১৬ ইত্যাদি।

০৭. **'নারিকা-১' কী?** [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ২১]
ক. অপারেটিং সিস্টেম খ. তামাকের একটি জাত গ. খরা সহিষ্ণু ধান ঘ. পাটের একটি জাত **উত্তর: গ**

০৮. **পাখি ছাড়া 'ময়না' শব্দের সঙ্গে যুক্ত -** [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১০]
ক. উন্নত জাতের মসলা খ. উন্নত জাতের আম গ. উন্নত জাতের ধান ঘ. উন্নত জাতের পাট **উত্তর: গ**

০৯. **উত্তরাঞ্চলে 'মঙ্গার ধান' বলে পরিচিত -** [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. ব্রি-৩৩ খ. বিআর ২৮ গ. স্বর্ণা ঘ. বিআর ২২ **উত্তর: ক**

১০. **খরা সহনশীল জাতের ধান হচ্ছে** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ব্রি ধান ৫৬ খ. ব্রি ধান ৫৭ গ. ব্রি ধান ২২ ঘ. ক ও খ উভয়ই **উত্তর: ঘ**

১১. **সবচেয়ে উচ্চ ফলনশীল কোনটি?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৪]
ক. সাতিশাইল খ. মালা ইরি গ. নাইজারশাইল ঘ. পাজাম **উত্তর: খ**

১২. **বাংলাদেশে সবচেয়ে বেশি উৎপাদিত হয়** - [৩৭তম বিসিএস]
ক. আউশ ধান খ. আমন ধান গ. বোরো ধান ঘ. ইরি ধান **উত্তর: গ**

১৩. **সর্বপ্রথমে যে উফশি ধান এদেশে চালু হয়ে এখনও বর্তমান রয়েছে তা হলো** - [১১তম বিসিএস]
ক. ইরি-৮ খ. ইরি-১ গ. ইরি-২০ ঘ. ইরি-৩ **উত্তর: ক**

১৪. **একটি নতুন দেশজ ধানের জাত হলো** - [আইএফআইসি ব্যাংকের প্রবেশনারী অফিসার: ১০]
ক. সুমা ধান খ. হরি ধান গ. সোনালী ধান ঘ. ব্রি **উত্তর: খ**

১৫. **উচ্চ ফলনশীল 'হরি ধান' এর আবিষ্কারক** - [বেবিচকের মেডিকেল অফিসার: ২১]
ক. ফজলে হাসান আবেদ খ. আব্দুল হামিদ খান গ. ড. আখতার হামিদ খান ঘ. রেহমান সোবহান **উত্তর: গ**

২২. **দ্বি-স্তর সমবায় মডেলের উদ্ভাবক কে?** [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ১৪]
ক. ড. আখতার হামিদ খান খ. ড. আবদুল হামিদ গ. ড. মুহাম্মদ ইউনুস ঘ. অমর্ত্য সেন **উত্তর: ক**

২৩. **বাংলাদেশের সমবায় সমিতি আন্দোলনের ক্ষেত্রে কোন জেলাকে পথিকৃৎ বলা হয়** - [ডাবি: ১৬-১৭]
ক. কুমিল্লা খ. রাজশাহী গ. ঢাকা ঘ. সিলেট **উত্তর: ক**

২৪. **কবে জাতীয় সমবায় দিবস পালিত হয়?** [সমবায় অধিদপ্তরের ক্যাশিয়ার: ২৩]
ক. মে মাসের প্রথম শনিবার খ. জুলাই মাসের প্রথম শনিবার গ. জুন মাসের দ্বিতীয় শনিবার ঘ. নভেম্বর মাসের প্রথম শনিবার **উত্তর: ঘ**

২৫. **বাংলাদেশে মোট কয়টি পল্লী উন্নয়ন একাডেমি আছে?** [পল্লী উন্নয়ন একাডেমির সহকারী পরিচালক: ২১]
ক. ২ টি খ. ৩ টি (বার্ড, আরডিএ ও বাপার্ড) গ. ৪ টি ঘ. ৫ টি **উত্তর: খ**

২৬. **BARD এর পূর্ণরূপ কোনটি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. British Air and Road Department খ. Bangladesh Academy for Rural Development
গ. Bangladesh Air and Road Department ঘ. British Agricultural & Rural Development **উত্তর: খ**

২৭. **বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠিত হয় - / বার্ড কবে প্রতিষ্ঠিত হয়?** [বার্ডের সহকারী পরিচালক: ১৩]
ক. ১৯৫৯ সালে খ. ১৯৭১ সালে গ. ১৯৬৮ সালে ঘ. ১৯৮৫ সালে **উত্তর: ক**

২৮. **বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমির প্রতিষ্ঠাতা কে? / বার্ড এর প্রতিষ্ঠাতা কে?** [২২তম বিসিএস]
ক. মোহাম্মদ আইয়ুব খান খ. ড. আখতার হামিদ খান গ. আবদুল হামিদ খান ঘ. এম. এ. এম. ফজলুল হক **উত্তর: খ**

২৯. **বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি কোথায় অবস্থিত?** [আইইআর'র উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর: ২০]
ক. বগুড়া খ. রংপুর গ. কুমিল্লা ঘ. ময়মনসিংহ **উত্তর: গ**

৩০. **BARD কী বিষয়ে গবেষণা করে?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১২]
ক. পল্লী উন্নয়ন খ. পাখি গ. শিক্ষা ঘ. জনসংখ্যা **উত্তর: ক**

৩১. **RDA এর পূর্ণরূপ কী?** [বার্ডের কম্পিউটার অপারেটর: ০৪]
ক. Rajshahi Development Academy খ. Rajdhani Development Authority
গ. Rural Development Academy ঘ. Rural Development Authority **উত্তর: গ**

৩২. **RDA কোথায় অবস্থিত? / পল্লী উন্নয়ন একাডেমি কোথায় অবস্থিত?** [৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন]
ক. কুমিল্লা খ. বগুড়া গ. যশোর ঘ. রাজশাহী **উত্তর: খ**

৩৩. **পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া প্রতিষ্ঠিত হয়** - [পল্লী উন্নয়ন একাডেমির সহকারী পরিচালক: ২১]
ক. ১৯৭৪ খ. ১৯৭৬ গ. ১৯৮২ ঘ. ১৯৮৬ **উত্তর: ক**

৩৪. **বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি কোথায় অবস্থিত? / Bangabandhu Academy for Poverty Alleviation and Rural Development (BAPARD) কোথায় অবস্থিত?** [৬ষ্ঠ শিক্ষক নিবন্ধন]
ক. কোটালিপাড়া, গোপালগঞ্জ খ. শাহজাহানপুর, বগুড়া গ. বেনাপোল, যশোর ঘ. বুড়িচং, কুমিল্লা **উত্তর: ক**

৩৫. **BRDB এর পূর্ণরূপ কী?** [পল্লী উন্নয়ন একাডেমির অফিস সহকারী: ০৩]
ক. Bangladesh Rural Development Board খ. Bangladesh Roads Development Board
গ. Bangladesh Research & Development Board ঘ. Bangladesh Rubber Development Board **উত্তর: ক**

৩৬. **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের পরিচালনা পরিষদের চেয়ারম্যান হলেন** - [পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উপজেলা ব্যবস্থাপক: ১৩]
ক. এলজিআরডি সচিব খ. এলজিআরডি প্রতিমন্ত্রী গ. এলজিআরডি মন্ত্রী ঘ. বিআরডিবি'র মহাপরিচালক **উত্তর: গ**

৩৭. **২০১৩ সালের সেপ্টেম্বর মাসে জাতিসংঘ থেকে বাংলাদেশকে কোন সাফল্যের স্বীকৃতি প্রদান করা হয়?** [জবি: ১৪-১৫]
ক. নারীর উন্নয়ন খ. অর্থনৈতিক উন্নয়ন গ. দারিদ্র্য বিমোচন ঘ. শিক্ষা উন্নয়ন **উত্তর: গ**

৩৮. **সিরডাপ ২০১৩ সালের ৩০ সেপ্টেম্বর তারিখে বাংলাদেশকে কী পুরস্কার প্রদান করে?** [বিআরডিবি'র উপ-প্রকল্প কর্মকর্তা: ১৩]
ক. মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন খ. শিক্ষা ও নারী উন্নয়ন গ. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ঘ. পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন **উত্তর: ঘ**

৩৯. **নিচের কোনটি প্রকৌশল প্রতিষ্ঠান নয়?** [এলজিইডি'র হিসাব সহকারী: ২১]
ক. HED খ. EED গ. PWD ঘ. BAPARD **উত্তর: ঘ**

পঞ্চম অধ্যায় | বাংলাদেশের শিল্প ও বাণিজ্য | ০৩ মার্কস

শিল্প ও কলকারখানা

০১. **পাট কোন দেশের প্রধান শিল্প?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ভারত খ. মিশর গ. বাংলাদেশ ঘ. যুক্তরাজ্য **উত্তর: গ**

০২. **প্রাচ্যের ডান্ডি নামে খ্যাত কোনটি?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ১৪]
ক. মংলা খ. চট্টগ্রাম গ. নারায়ণগঞ্জ ঘ. টঙ্গী **উত্তর: গ**

০৩. **বাংলাদেশের প্রধান তিনটি পাটশিল্প কেন্দ্র কী কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯০]
ক. নারায়ণগঞ্জ, খুলনা, ভৈরব খ. নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা গ. নরসিংদী, খুলনা, চট্টগ্রাম ঘ. নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, চাঁদপুর **উত্তর: খ**

০৪. **কবে বাংলাদেশের সর্ববৃহৎ পাটকল 'আদমজী' বন্ধ করা হয়?** [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ১৪]
ক. ১ জুন, ২০০২ খ. ৩০ জুন, ২০০২ গ. ৩০ জুলাই, ২০০২ ঘ. ৩১ জুলাই, ২০০২ **উত্তর: খ**

০৫. **বাংলাদেশে চিনিকল কয়টি?** [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ০৯]
ক. ৬ টি খ. ৭ টি গ. ১০ টি ঘ. ১৫ টি **উত্তর: ঘ**

০৬. **বাংলাদেশে সবচেয়ে বড় চিনিকল কোনটি?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৯]
ক. জয়পুরহাট চিনিকল খ. কুষ্টিয়া চিনিকল গ. কেরু এন্ড কোং ঘ. ঠাকুরগাঁও চিনিকল **উত্তর: গ**

০৭. **বাংলাদেশে মোট কয়টি সার কারখানা আছে?** [বিভিন্ন মন্ত্রনালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. ৬ টি খ. ৮ টি গ. ৯ টি ঘ. ১৭ টি (সরকারি: ০৮ টি) **উত্তর: ঘ**

০৮. **বাংলাদেশের বৃহত্তম সার কারখানা কোনটি?** [দুদকের সহকারী পরিচালক: ১৩]
ক. যমুনা সার কারখানা, জামালপুর খ. চট্টগ্রাম ইউরিয়া সার কারখানা, চট্টগ্রাম
গ. ঘোড়াশাল সার কারখানা, নরসিংদী ঘ. শাহজালাল ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড, সিলেট **উত্তর: ঘ**

০৯. **বাংলাদেশের বৃহত্তম সার কারখানা কোথায় অবস্থিত?** [বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সিনিয়র অফিসার: ১৮]
ক. আশুগঞ্জ, বি-বাড়ীয়া খ. ঘোড়াশাল, নরসিংদী গ. তারাকান্দি, জামালপুর ঘ. ফেঞ্চুগঞ্জ, সিলেট **উত্তর: ঘ**

১০. **যমুনা সার কারখানায় উৎপাদিত সারের নাম কী?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ১১]
ক. ইউরিয়া খ. এমপি গ. টিএসপি ঘ. কম্পোস্ট **উত্তর: ক**

১১. **যমুনা সার কারখানার বার্ষিক উৎপাদন -** [তুলা উন্নয়ন বোর্ডের তুলা উন্নয়ন কর্মকর্তা: ৯৭]
ক. ৩ লক্ষ ৪০ হাজার মেট্রিক টন খ. ৫ লক্ষ ৬১ হাজার মেট্রিক টন গ. ৩ লক্ষ ৩০ হাজার মেট্রিক টন ঘ. ৪ লক্ষ ২৫ হাজার মেট্রিক টন **উত্তর: খ**

১২. **যমুনা সার কারখানাটি কোথায় অবস্থিত?** [ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]
ক. জামালপুর খ. সিরাজগঞ্জ গ. ময়মনসিংহ ঘ. টাঙ্গাইল **উত্তর: ক**

১৩. **ঘোড়াশাল সার কারখানায় উৎপাদিত সারের নাম কী?** [১৪তম বিসিএস]
ক. টিএসপি খ. ইউরিয়া গ. পটাশ ঘ. এমোনিয়া সালফেট **উত্তর: খ**

১৪. **জিয়া সার কারখানায় উৎপাদিত সারের নাম কী?** [২৪তম বিসিএস]
ক. অ্যামোনিয়া খ. টিএসপি গ. ইউরিয়া ঘ. সুপার ফসফেট **উত্তর: গ**

১৫. **ইউরিয়া সারের কাঁচামাল -** [১১তম বিসিএস]
ক. অপরিশোধিত তেল খ. ক্রিংকার গ. এমোনিয়া ঘ. মিথেন গ্যাস **উত্তর: ঘ**

১৬. **আমাদের দেশে ইউরিয়া সার উৎপাদন করার কাঁচামাল কী? / ইউরিয়া সারের কাঁচামাল -** [৪৫তম বিসিএস]
ক. খনি থেকে আহরিত নাইট্রেট খ. প্রাকৃতিক গ্যাস গ. কয়লা ঘ. বাতাস থেকে আহরিত অক্সিজেন ও নাইট্রোজেন **উত্তর: খ**

১৭. **ন্যাচারাল গ্যাস ফার্টিলাইজার ফ্যাক্টরি লিমিটেডের উৎপাদিত সারের নাম কোনটি?** [৩৫তম বিসিএস]
ক. ইউরিয়া এবং এএসপি খ. টিএসপি এবং এএসপি গ. ইউরিয়া ঘ. ডিএপি **উত্তর: ক**

১৮. **ট্রিপল সুপার ফসফেট / টিএসপি সার কারখানাটি কোথায়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]
ক. ঘোড়াশাল, নরসিংদী খ. আশুগঞ্জ, বি-বাড়ীয়া গ. পতেঙ্গা, চট্টগ্রাম ঘ. জাফলং, সিলেট **উত্তর: গ**

১৯. **বেসরকারি খাতে একক বৃহত্তম সার কারখানাটির নাম কী?** [সিএজি কার্যালয়ের সহকারী পরিসংখ্যান কর্মকর্তা: ৯৮]
ক. কর্ণফুলী সার কারখানা খ. যমুনা সার কারখানা গ. পলাশ সার কারখানা ঘ. ঘোড়াশাল সার কারখানা **উত্তর: ক**

২০. **Karnaphuli Fertilizer Company (KAFCO) কোথায় অবস্থিত? / কাফকো সার কারখানা কোথায় অবস্থিত?** [নিবন্ধন অধিদপ্তরের সাব রেজিস্ট্রার: ১৬]
ক. সাঁথিয়া, পাবনা খ. ঘোড়াশাল, নরসিংদী গ. আনোয়ারা, চট্টগ্রাম ঘ. সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ **উত্তর: গ**

২১. **কাফকো কোন দেশের আর্থিক সহায়তায় গড়ে উঠেছে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. কানাডা খ. চীন গ. জাপান ঘ. ফ্রান্স **উত্তর: গ**

২২. **কত সালে বাংলাদেশে প্রথম কাগজকল স্থাপিত হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. ১৯৪৯ সালে খ. ১৯৫০ সালে গ. ১৯৫৩ সালে ঘ. ১৯৫১ সালে **উত্তর: গ**

২৩. **বাংলাদেশের সর্বপ্রথম কাগজকল কোনটি?** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ক. খুলনা নিউজপ্রিন্ট খ. কর্ণফুলী কাগজকল গ. উত্তরবঙ্গ কাগজকল ঘ. সিলেট কাগজকল **উত্তর: খ**

২৪. **বাংলাদেশের সবচেয়ে বড় পেপার মিল কোনটি?** [শ্রম অধিদপ্তরের মেডিকেল অফিসার: ০৫]
ক. কর্ণফুলী খ. চন্দ্রঘোনা গ. উত্তরবঙ্গ ঘ. খুলনা **উত্তর: ক**

২৫. **কর্ণফুলী পেপার মিল কোথায় অবস্থিত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. রাঙ্গামাটির চন্দ্রঘোনায় খ. সিলেটের ছাতকে গ. পাবনার পাকশীতে ঘ. কুষ্টিয়ার জগতিতে **উত্তর: ক**

২৬. চন্দ্রঘোনা বা কর্ণফুলী কাগজের মিল কোথায় অবস্থিত? [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০২]
ক. মেঘনা নদীর তীরে খ. খুলনা গ. ভৈরব ঘ. কর্ণফুলী নদীর তীরে **উত্তর: ঘ**

২৭. চন্দ্রঘোনা বা কর্ণফুলী কাগজ কলের প্রধান কাঁচামাল কী? [১৪তম বিসিএস]
ক. আখের ছোবরা খ. বাঁশ গ. জারুল গাছ ঘ. নল-খাগড়া **উত্তর: খ**

২৮. বাংলাদেশের রেয়ন মিল কোথায় অবস্থিত? [হাইকোর্ট বিভাগের রেজিস্ট্রার: ৯৪]
ক. রাজশাহী খ. নারায়ণগঞ্জ গ. খুলনা ঘ. রাঙ্গামাটি **উত্তর: ঘ**

২৯. বাংলাদেশের নিউজপ্রিন্ট মিল কোথায় অবস্থিত? [শ্রম অধিদপ্তরের সহকারী শ্রম অফিসার: ৯৪]
ক. খুলনা খ. পাকশী গ. সিলেট ঘ. চন্দ্রঘোনা **উত্তর: ক**

৩০. খুলনার নিউজপ্রিন্ট মিল কাঁচামাল হিসাবে ব্যবহার করে – [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ০০]
ক. সেগুন কাঠ খ. সুন্দরী কাঠ গ. গেওয়া কাঠ ঘ. বাঁশ **উত্তর: গ**

৩১. এশিয়ার সর্ববৃহৎ খুলনা নিউজপ্রিন্ট মিল কত তারিখে বন্ধ হয়ে যায়? [রাবি: ০৩-০৪]
ক. ২৮ নভেম্বর, ২০০২ খ. ২৯ নভেম্বর, ২০০২ গ. ২৭ নভেম্বর, ২০০২ ঘ. ৩০ নভেম্বর, ২০০২ **উত্তর: ঘ**

৩২. কোন ধরনের কাঠ খুলনা হার্ডবোর্ড মিলে কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়? [১৮তম বিসিএস]
ক. চাপালিশ খ. কেওড়া গ. গেওয়া ঘ. সুন্দরী **উত্তর: ঘ**

৩৩. কাঁচামাল হিসেবে আখের ছোবড়া ব্যবহার করা হয় – [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কর্ণফুলী কাগজ কল, চন্দ্রঘোনা খ. খুলনা নিউজপ্রিন্ট মিল, খালিশপুর
গ. উত্তরবঙ্গ কাগজ কল, পাকশী ঘ. পার্টিকেল বোর্ড মিল, নারায়ণগঞ্জ **উত্তর: গ**

৩৪. সবুজ পাট থেকে কাগজের মণ্ড প্রস্তুত প্রযুক্তির উদ্ভব হয় – [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ০০]
ক. জাপানে খ. বাংলাদেশে গ. আমেরিকায় ঘ. ইংল্যান্ডে **উত্তর: খ**

৩৫. বাংলাদেশের প্রধান জাহাজ নির্মাণ কারখানা কোথায় অবস্থিত? [১৪তম বিসিএস]
ক. নারায়ণগঞ্জ খ. কক্সবাজার গ. চট্টগ্রাম ঘ. খুলনা **উত্তর: ঘ**

৩৬. দেশে তৈরি প্রথম যাত্রীবাহী স্টিমার বা জাহাজের নাম কী? [রাবি: ১৭-১৮]
ক. এমভি বাঙালি খ. এমভি বাংলাদেশি গ. এমভি মধুমতি ঘ. এমভি বঙ্গবন্ধু **উত্তর: ক**

৩৭. বাংলাদেশ থেকে রপ্তানি হওয়া প্রথম সমুদ্রগামী জাহাজের নাম কী? [ডাক বিভাগের মেইল অপারেটর: ১৫]
ক. বাংলার দূত খ. স্টেলা মেরিস গ. রূপসী বাংলা ঘ. সোনার বাংলা **উত্তর: খ**

৩৮. বাংলাদেশে তৈরি জাহাজ স্টেলা মেরিস রপ্তানি হয়েছে – [৩৭ তম বিসিএস]
ক. ফিনল্যান্ডে খ. ডেনমার্কে গ. নরওয়েতে ঘ. সুইডেনে **উত্তর: খ**

৩৯. বাংলাদেশের প্রথম ঔষধ পার্ক - / বাংলাদেশের প্রথম ঔষধ শিল্প পার্ক কোথায় অবস্থিত? [৩০তম বিসিএস]
ক. মুন্সীগঞ্জের গজারিয়ায় খ. গাজীপুরের কালিয়াকৈরে গ.সাভারের কোনাবাড়ীতে ঘ. ময়মনসিংহের ভালুকায় **উত্তর: ক**

৪০. ঔষধ নীতির প্রধান উদ্দেশ্য হলো – [১১তম বিসিএস]
ক. অপ্রয়োজনীয় এবং ক্ষতিকর ঔষধ প্রস্তুত বন্ধ করা খ. ঔষধ শিল্পে দেশীয় কাঁচামালের সরবরাহ নিশ্চিত করা
গ. ঔষধ শিল্পে দেশীয় শিল্পপতিদের অগ্রাধিকার দেওয়া ঘ. বিদেশি শিল্পপতিদের দেশীয় কাঁচামাল ব্যবহারে বাধ্য করা **উত্তর: ক**

৪১. বাংলাদেশের কোন প্রতিষ্ঠানের শেয়ার সর্বপ্রথম লন্ডন স্টক মার্কেটে লেনদেন শুরু হয়? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. বেক্সিমকো ফার্মা খ. স্কয়ার ফার্মা গ. মুন্নু সিরামিক ঘ. ট্রান্সকম **উত্তর: ক**

৪২. বর্তমানে দেশে সবচেয়ে বড় সিমেন্ট কারখানা কোনটি? [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৭]
ক. হিউন্দাই সিমেন্ট খ. শাহ সিমেন্ট গ. লাফার্জ হোলসিম সিমেন্ট ঘ. ছাতক সিমেন্ট **উত্তর: খ**

৪৩. বাংলাদেশের ক্ষুদ্রায়তন শিল্প কোনটি? [জাবি: ১২-১৩]
ক. সার শিল্প খ. সিমেন্ট শিল্প গ. কাগজ শিল্প ঘ. চামড়া শিল্প **উত্তর: ঘ**

৪৪. বিশ্ব বাজারে বাংলাদেশের ব্ল্যাক বেঙ্গল ছাগলের চামড়া কী নামে পরিচিত? [৩৫তম বিসিএস]
ক. কুষ্টিয়া গ্রেড খ. ঝিনাইদহ গ্রেড গ. চুয়াডাঙ্গা গ্রেড ঘ. মেহেরপুর গ্রেড **উত্তর: ক**

৪৫. বাংলাদেশের প্রথম 'ট্যানারী ভিলেজ' কোথায় স্থাপন করা হয়েছিল? [কর্ণফুলী গ্যাস কোম্পানির সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. নারায়নগঞ্জ খ. গাজীপুর গ. ঢাকা ঘ. চট্টগ্রাম **উত্তর: ক**

৪৬. বাংলাদেশের চামড়া শিল্প নগরী কোথায় অবস্থিত? [রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৭]
ক. ধামরাই, ঢাকা খ. সাভার, ঢাকা গ. আশুলিয়া, ঢাকা ঘ. কামরাঙ্গীর চর, ঢাকা **উত্তর: খ**

৪৭. বাংলাদেশে কোন শিল্পের সুনাম বহুকালের? [সমবায় অধিদপ্তরের মাঠ সহকারী: ১৮]
ক. কারু শিল্প খ. তাঁত শিল্প গ. কাঁসা শিল্প ঘ. মৃৎ শিল্প **উত্তর: খ**

৪৮. কোন গ্রন্থে বাংলার প্রাচীন বয়নশিল্পের উল্লেখ পাওয়া যায়? [কুবি: ১৮-১৯]
ক. রামচরিত খ. কৌটিল্যের অর্থশাস্ত্র গ. আর্যমঞ্জুশ্রীমূলকল্প ঘ. চর্যাপদ **উত্তর: খ**

৪৯. কোন আমলে প্রাচীন বাংলার গৌরব 'মসলিন কাপড়' ঢাকায় তৈরি হতো? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. পাল খ. মুঘল গ. সেন ঘ. ইংরেজ **উত্তর: খ**

৫০. **কোনটি মুঘল বাদশাহের বিলাসের বস্তু ছিল?** [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৩]
ক. মসলিন খ. জামদানি গ. নকশি কাঁথা ঘ. খাট-পালঙ্ক **উত্তর: ক**

৫১. **ইতিহাস খ্যাত 'মসলিন' এর একটি ছোট টুকরা এখনও সংরক্ষিত আছে কোথায়?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. জাতীয় জাদুঘর খ. মুক্তিযুদ্ধ জাদুঘর গ. লালবাগ দূর্গ ঘ. বরেন্দ্র জাদুঘর **উত্তর: ক**

৫২. **ঢাকা শহরের কোন এলাকায় বেনারশী শাড়ি তৈরি হয়?** [শ্রম অধিদপ্তরের শ্রম কর্মকর্তা: ০৩]
ক. ডেমরা খ. মিরপুর গ. বংশাল ঘ. তাঁতীবাজার **উত্তর: খ**

৫৩. **খাদি কাপড়ের অন্যতম বৈশিষ্ট্য কী?** পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৩]
ক. এটি অত্যন্ত টেকসই খ. এটি হাতের তৈরি গ. এটি অত্যন্ত কমদামের ঘ. এটি সাধারণ মানুষের ব্যবহার্য **উত্তর: খ**

৫৪. **কোন জেলায় কলাগাছের সুতায় কলাবতী শাড়ি উৎপাদন হয়েছে?** [বেবিচকের এরোড্রাম কর্মকর্তা: ২৩]
ক. সিলেট খ. বান্দরবান গ. সিরাজগঞ্জ ঘ. টাঙ্গাইল **উত্তর: খ**

৫৫. **দেশীয় উৎপন্ন জিনিস দিয়ে দেশের মানুষের হাতে তৈরি প্রয়োজনীয় দ্রব্যকে কী বলে?** [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৩]
ক. লোক শিল্প খ. শিল্পজাত দ্রব্য গ. রফতানিজাত দ্রব্য ঘ. কুটির শিল্প **উত্তর: ক**

৫৬. **সখের হাঁড়ি কোন শিল্প বৈশিষ্ট্যের জন্য সমাদৃত?** [ঢাবি: ১৮-১৯]
ক. মৃৎশিল্প খ. বয়নশিল্প গ. চিত্রশিল্প ঘ. ভাস্কর্যশিল্প **উত্তর: ক**

৫৭. **সখের হাঁড়ি কোন অঞ্চলের লোকশিল্প?** [রাবি: ১৭-১৮]
ক. রাজশাহী খ. যশোর গ. ঢাকা ঘ. ময়মনসিংহ **উত্তর: ক**

৫৮. **বাংলাদেশের কোন জিনিসটি এখন বিশ্ব ঐতিহ্যের অংশ?** [কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ১৮]
ক. চাদর খ. ইলিশ মাছ গ. শীতল পাটি ঘ. জামদানি শাড়ি **উত্তর: গ**

৫৯. **শীতল পাটি তৈরি হয় কী দিয়ে?** [ঢাবি: ১৭-১৮]
ক. বাঁশ গাছের বাকল খ. পৈতার গাছের বাকল গ. মূর্তা গাছের বাকল ঘ. বেত গাছের বাকল **উত্তর: গ**

৬০. **মাটির তৈরি শিল্পকর্মকে কী বলে?** [রাবি: ০১-০২]
ক. মৃৎশিল্প খ. বয়নশিল্প গ. চিত্রশিল্প ঘ. ভাস্কর্যশিল্প **উত্তর: ক**

৬১. **২০১৩ সালে ইউনেস্কোর ঐতিহ্যের তালিকায় বাংলাদেশের কোন শিল্পকে অন্তর্ভুক্ত করা হয়েছে?** [১০ম প্রভাষক নিবন্ধন]
ক. মসলিন খ. জামদানি গ. নকশি কাঁথা ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৬২. **কোন শহরটি 'Craft City of Jamdani' নামে পরিচিত?** [ইউসিবি'র প্রবেশনারী অফিসার: ২০]
ক. নারায়নগঞ্জ খ. গাজীপুর গ. নরসিংদী ঘ. ময়মনসিংহ **উত্তর: ক**

৬৩. **নিচের কোন স্থানে বাংলাদেশ সরকার 'শিল্প পার্ক' স্থাপন করেছে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০০]
ক. সিরাজগঞ্জ খ. মুন্সিগঞ্জ গ. বাগেরহাট ঘ. নারায়নগঞ্জ **উত্তর: ক**

৬৪. **SME এর পূর্ণরূপ কী?** [চবি: ১৭-১৮]
ক. Small and Medium Enterprise খ. Small and Multiple Enterprise
গ. Small and Marginal Enterprise ঘ. Small and Mediocre Enterprise **উত্তর: ক**

৬৫. **বাংলাদেশের আইন অনুযায়ী কত বছরের নিচে শিশুদের শ্রমে নিয়োগ করা যাবে না?** [জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২১]
ক. ১২ বছর খ. ১৪ বছর গ. ১৬ বছর ঘ. ১৮ বছর **উত্তর: খ**

৬৬. **CBA কিসের প্রতিনিধি হিসেবে কাজ করে?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ০১]
ক. চাকরিজীবীদের খ. অফিসারদের গ. শ্রমিক-কর্মচারী ঘ. সবগুলোই **উত্তর: গ**

৬৭. **CBA এর পূর্ণরূপ কী?** [রাবি: ১৮-১৯]
ক. Collective Bargaining Act গ. Colective Brgaining Agency
খ. Collective Bargaining Agent ঘ. Collective Bargaining Authority **উত্তর: গ**

৬৮. **বাংলাদেশের পণ্যের মান নির্ধারণকারী প্রতিষ্ঠান হচ্ছে - / বাংলাদেশে পণ্যের মান যাচাইয়ের জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান কোনটি?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২১]
ক. BCIC খ. TIB গ. TCB ঘ. BSTI **উত্তর: ঘ**

৬৯. **কবে বিএসটিআই প্রতিষ্ঠিত হয়?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিভিলিয়ান স্টাফ অফিসার: ১৬]
ক. ১৯৮৩ খ. ১৯৮৭ গ. ১৯৮৫ ঘ. ১৯৮৮ **উত্তর: গ**

৭০. **BSTI এর পূর্ণ অভিব্যক্তি কী?** [৪৪তম বিসিএস]
ক. Bangladesh Salt Testing Institute খ. Bangladesh Society for Telecom & Information
গ. Bangladesh Strategic Training Institute ঘ. Bangladesh Standard & Testing Institute **উত্তর: ঘ**

৭১. **BITAC বা বিটাক কী?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ৯০]
ক. লোক প্রশাসন কেন্দ্র খ. ব্যবস্থাপনা উন্নয়ন কেন্দ্র গ. কুটির শিল্প সংস্থা ঘ. শিল্প কারিগরি সাহায্য কেন্দ্র **উত্তর: ঘ**

৭২. **Bangladesh Industrial Technical Assistance Centre (BITAC) কী ধরনের প্রযুক্তিগত সহায়তা প্রদান করে?** [চবি: ১৭-১৮]
ক. লোকপ্রশাসন খ. ব্যবস্থাপনা উন্নয়ন গ. শিল্প ঘ. কুটির শিল্প **উত্তর: গ**

৭৩. কোন মন্ত্রণালয় Bangladesh Textile Mills Corporation (BTMC) নিয়ন্ত্রণ করে? [জবি: ১৭-১৮]
ক. শিল্প মন্ত্রণালয় খ. পরিবেশ মন্ত্রণালয় গ. বাণিজ্য মন্ত্রণালয় ঘ. পাট ও বস্ত্র মন্ত্রণালয় **উত্তর: ঘ**

৭৪. বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের অধীনে রয়েছে কোন সংস্থাটি? [গ্রামীণ ব্যাংকের সিনিয়র অফিসার: ১০]
ক. BCIC খ. WASA গ. BTMC ঘ. BTTB **উত্তর: ক**

৭৫. BCIC এর পূর্ণরূপ কী? [চবি: ০৫-০৬]
ক. Bangladesh Center for International Cricket খ. Bangladesh Chemical Industries Corporation
গ. Bangladesh Council for International Cricket ঘ. Bangladesh Commerce and Industrial Corporation **উত্তর: খ**

বাণিজ্য ও অনুদান

০১. সরকারি বেসরকারি অংশীদারিত্বে প্রতিষ্ঠিত ব্যবসাকে সংক্ষেপে কী বলা হয়? [বেরোবি: ১৪-১৫]
ক. পিপিপি খ. জিজিজি গ. পি৩ ঘ. সবগুলোই **উত্তর: ক**

০২. পিপিপি'র পূর্ণরূপ কোনটি? [ইবি: ০৯-১০]
ক. প্রাইভেট প্রাকটিস অন ফিজিক্স খ. প্রাইভেট প্রাকটিস প্রসিকিউটর
গ. পাবলিক প্রাইভেট পার্টনারশিপ ঘ. প্রাইভেট প্রাকটিশনার অন পাবলিক হেলথ **উত্তর: গ**

০৩. ট্যারিফ কমিশন কোন মন্ত্রণালয়ের অধীন? [৩৭তম বিসিএস]
ক. বাণিজ্য মন্ত্রণালয় খ. অর্থ মন্ত্রণালয় গ. পরিকল্পনা মন্ত্রণালয় ঘ. শিল্প মন্ত্রণালয় **উত্তর: ক**

০৪. কোনটির কারণে দ্রব্যমূল্য বৃদ্ধি পায়? [বেবিচকের নিরাপত্তা অফিসার: ২১]
ক. বাণিজ্য ঘাটতি খ. মুদ্রাস্ফীতি গ. তারল্য সংকট গ. সরকারের ব্যয় সংকোচন **উত্তর: খ**

০৫. বাংলাদেশে কোন মন্ত্রণালয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের দায়িত্ব নিয়োজিত? [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ০১]
ক. বাণিজ্য খ. পরিকল্পনা গ. অর্থ গ. স্থানীয় সরকার **উত্তর: ক**

০৬. TCB এর পূর্ণরূপ কী? [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৬]
ক. Trading Company Bangladesh খ. Trading Corporation of Bangladesh
গ. Trade Company Bangladesh ঘ. Trade Corporation of Bangladesh **উত্তর: খ**

০৭. ভোক্তা অধিকার নিয়ে কাজ করে কোন সংস্থা? [ঢাবি: ২০-২১]
ক. বাপা খ. টিসিবি গ. বিএসটিআই ঘ. ক্যাব **উত্তর: ঘ**

০৮. বাংলাদেশে ভোক্তা অধিকার সংরক্ষণ সংক্রান্ত আইন কত সালে প্রণীত হয়? / জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চালু হয় কবে? [জাককানইবি: ১৯-২০]
ক. ২০০৭ খ. ২০০৮ গ. ২০০৯ ঘ. ২০১০ **উত্তর: গ**

০৯. Commercially Important Person (CIP) কিসের সাথে সম্পর্কিত? [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. সামরিক বাহিনী খ. রাজনৈতিক গ. ব্যবসা-বাণিজ্য ঘ. কূটনৈতিক **উত্তর: গ**

১০. বাংলাদেশের ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন কোনটি? / বাংলাদেশের বেসরকারি সেক্টরে ব্যবসায়ীদের সর্বোচ্চ সংগঠন - [বিটিভি'র ক্যাশিয়ার: ২১]
ক. FBCCI খ. DCCI গ. SEC ঘ. BKMEA **উত্তর: ক**

১১. Federation of Bangladesh Chambers of Commerce and Industry (FBCCI) এর বর্তমান সভাপতির নাম কী? [জবি: ১৫-১৬]
ক. মোঃ মাহবুবুল আলম খ. শেখ ফজলে ফাহিম গ. সালমান এফ. রহমান ঘ. মোঃ শফিউল ইসলাম **উত্তর: ক**

১২. FBCCI এর সদস্য হতে পারে কোনটি? [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০১]
ক. Industrial Unit খ. Trade Association গ. Banks ঘ. Commercial Establishment **উত্তর: খ**

১৩. DCCI এর পূর্ণরূপ কী? [ট্রাস্ট ব্যাংকের অফিসার: ১১]
ক. Dhaka Construction Companies Institute খ. Dhaka Chambers of Commerce & Industries
গ. Double Coated Cyanide Insulator ঘ. Dhaka Center for Cultural Integration **উত্তর: খ**

১৪. REHAB এর পূর্ণরূপ হলো - [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৮]
ক. Real Estate Housing Association of Bangladesh খ. Real Estate and Housing Association of Bangladesh
গ. Real Estate and Housing Associates of Bangladesh ঘ. Real Estate Housing Associates of Bangladesh **উত্তর: খ**

১৫. BGMEA এর পূর্ণরূপ হলো - [রাবি: ০৫-০৬]
ক. Bangladesh Garments Manufacturers and Exported Association
খ. Bangladesh Garments Manufacturers and Exporters Association
গ. Bangladesh Garments Manufacturers and Exporting Association
ঘ. Bangladesh Garments Manufacturers and Exporters Administration **উত্তর: খ**

১৬. কবে বাংলাদেশ ও ভারতের মধ্যে সীমান্ত হাট চালু হয়? [জাবি: ১২-১৩]
ক. ২৩ জুলাই, ২০১১ খ. ২৩ জুলাই, ২০১২ গ. ২৪ জুলাই, ২০১১ ঘ. ২৪ জুলাই, ২০১২ **উত্তর: ক**

১৭. **TIFA এর পূর্ণরূপ কী?** [৪৫তম বিসিএস]
ক. Trade Impact Fact Act
খ. Trade & Investment From America
গ. Trade Impact Fact Agreement
ঘ. Trade & Investment Framework Agreement
উত্তর: ঘ

১৮. **বাংলাদেশ যুক্তরাষ্ট্রের সঙ্গে যে বাণিজ্য চুক্তি সম্পাদন করেছে তার নাম** - [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. NAFTA খ. SAPTA গ. GATT ঘ. TICFA
উত্তর: ঘ

১৯. **TICFA এর পূর্ণরূপ কী?** [উত্তরা ব্যাংকের প্রবেশনারী অফিসার: ০৯]
ক. Trade Impact Cooperation Fact Act
খ. Trade & Investment Cooperation Framework Agreement
গ. Trade Impact Coordination Fact Agreement
ঘ. Time Investment Cooperation Frame Agreement
উত্তর: খ

২০. **বহুল আলোচিত টিকফা চুক্তির বিষয়** - [চবি: ০৯- ১০]
ক. বাণিজ্য ও বিনিয়োগ খ. অস্ত্র ও বিনিয়োগ গ. যৌথ সামরিক মহড়া ঘ. সন্ত্রাস দমন
উত্তর: ক

২১. **বাংলাদেশে The Bay of Bengal Industrial Growth Belt (BIG-B) সহযোগিতার উদ্যোক্তা দেশ** - [৯ম বিজেএস]
ক. চীন খ. ভারত গ. জাপান ঘ. আমেরিকা
উত্তর: গ

২২. **বাংলাদেশে প্রথম ও একমাত্র ওয়ার্ল্ড ট্রেড সেন্টার কোথায় অবস্থিত?** [১৩তম প্রভাষক নিবন্ধন]
ক. মতিঝিল, ঢাকা খ. জিন্দাবাজার, সিলেট গ. চৌদ্দগ্রাম, কুমিল্লা ঘ. আগ্রাবাদ, চট্টগ্রাম
উত্তর: ঘ

২৩. **বাংলাদেশ কোন সালে বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) সদস্য হয়?** [২৬তম বিসিএস]
ক. জানুয়ারি, ১৯৯৪ খ. জানুয়ারি, ১৯৯৬ গ. জানুয়ারি, ১৯৯৩ ঘ. জানুয়ারি, ১৯৯৫
উত্তর: ঘ

২৪. **Institute of Cost and Management Accountants of Bangladesh (ICMAB) কোন মন্ত্রণালয়ের অধীনের পরিচালিত হয়?** [জাককানইবি: ১৫-১৬]
ক. অর্থ খ. শিল্প গ. বাণিজ্য ঘ. আইন
উত্তর: গ

২৫. **বাংলাদেশ Chartered Accountants (CA) ডিগ্রি প্রদান করে** - [জাককানইবি: ১৪-১৫]
ক. ICMAB খ. SEC গ. BIBM ঘ. ICAB
উত্তর: ঘ

২৬. **বাংলাদেশে পেশাগত হিসাববিজ্ঞানীদের সংগঠন কোনটি?** [বেরোবি: ১৫-১৬]
ক. Institute of Business Administration (IBA)
খ. Institute of Chartered Accountants of Bangladesh (ICAB
গ. Bangladesh Military Academy (BMA)
ঘ. Bangladesh Institute of Bank Management (BIBM)
উত্তর: খ

২৭. **বাংলাদেশের বিনিয়োগ বোর্ড কোন মন্ত্রণালয়ের অধীন?** [কুবি: ১৮-১৯]
ক. প্রধানমন্ত্রীর কার্যালয় খ. স্বরাষ্ট্র মন্ত্রণালয় গ. বাণিজ্য মন্ত্রণালয় ঘ. অর্থ মন্ত্রণালয়
উত্তর: ক

২৮. **BIDA এর পূর্বতন প্রতিষ্ঠানের নাম কী ছিল?** [বেবিচকের সহকারী নিরাপত্তা কর্মকর্তা: ২১]
ক. চা বোর্ড খ. বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ গ. বিনিয়োগ বোর্ড ঘ. নৌ বন্দর কর্তৃপক্ষ
উত্তর: গ

২৯. **BIDA এর পূর্ণরূপ কী?** [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২১]
ক. Bangladesh Irrigation Development Authority
খ. Bangladesh Industry Development Authority
গ. Bangladesh Investment Development Authority
ঘ. Bangladesh Import Development Authroity
উত্তর: গ

৩০. **বাংলাদেশে কোন দেশের বিদেশি বিনিয়োগের পরিমাণ সবচেয়ে বেশি?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৯]
ক. জাপান খ. চীন গ. যুক্তরাষ্ট্র ঘ. দক্ষিণ কোরিয়া
উত্তর: গ

৩১. **বাংলাদেশে মোট বিনিয়োগ জিডিপি'র শতকরা কত ভাগ?** [সিএজি কার্যালয়ের সহকারী পরিসংখ্যান কর্মকর্তা: ৯৮]
ক. ২১.৪ খ. ২৯.৯২ গ. ৩২.৭৫ ঘ. ৩১.২৫ (অর্থনৈতিক সমীক্ষা, ২৩)
উত্তর: ঘ

৩২. **FDI এর পূর্ণরূপ কী?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. Foreign Donor Investment
খ. Foreign Direct Investment
গ. Future Development index
ঘ. Foreign Development Investment
উত্তর: খ

৩৩. **বাংলাদেশে সরাসরি সর্বোচ্চ বিনিয়োগকারী দেশ কোনটি?** [১৮তম বিসিএস]
ক. জাপান খ. যুক্তরাষ্ট্র গ. দক্ষিণ কোরিয়া ঘ. মালয়েশিয়া
উত্তর: খ

৩৪. **UNCTAD এর তথ্য মতে ২০২২ সালে বাংলাদেশের কোন খাতটিতে সর্বাধিক সরাসরি বৈদেশিক বিনিয়োগ বা FDI এসেছে?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৯]
ক. ব্যাংকিং খ. গ্যাস ও খনিজ গ. বিদ্যুৎ ঘ. টেক্সটাইল ও ওয়্যারিং
উত্তর: ঘ

৩৫. **বাংলাদেশের সর্বোচ্চ ঋণদাতা দেশ - / বর্তমানে বাংলাদেশে বৃহৎ সাহায্যদানকারী দেশ কোনটি? / বাংলাদেশের জন্য সর্ববৃহৎ দাতা দেশ -** [৩১তম বিসিএস]
ক. জাপান খ. জার্মানি গ. যুক্তরাষ্ট্র ঘ. যুক্তরাজ্য
উত্তর: ক

৩৬. **জাপানের বৈদেশিক সাহায্য সংস্থার নাম কী?** [ষোড়শ শিক্ষক নিবন্ধন: ১৯]
ক. জাইকা খ. ডিএফআইডি গ. ডানিডা ঘ. ওসিডি
উত্তর: ক

৩৭. **জাপানের বৈদেশিক বাণিজ্য সংস্থার নাম?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী রসায়নবিদ: ০১]
ক. জাইকা খ. জেটরো গ. ডায়েট ঘ. ওসিডি
উত্তর: খ

৩৮. বাংলাদেশের বার্ষিক বৈদেশিক সাহায্যের পরিমাণ নির্ধারণকারী সংস্থা কোনটি? [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩]
ক. বিশ্বব্যাংক খ. বাংলাদেশ ডেভেলপমেন্ট ফোরাম
গ. এশীয় উন্নয়ন ব্যাংক ঘ. এইড-টু-প্যারিস কনসোর্টিয়াম বাংলাদেশ **উত্তর: খ**

৩৯. কোন সংস্থা বাংলাদেশ উন্নয়ন ফোরামের সমন্বয়কারী হিসেবে কাজ করে? / কোন সংগঠনটির নেতৃত্বে বাংলাদেশ উন্নয়ন ফোরামের বৈঠক অনুষ্ঠিত হয়? [৩৪তম বিসিএস]
ক. জিকা খ. ইউএনডিপি গ. বিশ্বব্যাংক ঘ.আইএমএফ **উত্তর: গ**

আমদানি ও রপ্তানি

০১. ২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশের রপ্তানি আয় প্রায় কত মিলিয়ন মার্কিন ডলার? [৪০তম বিসিএস]
ক. ২৫.২৬৭ খ. ৩০.৮৬১ গ. ৪২.৪৬২ ঘ. ৩৪,৯৬৬ (অর্থনৈতিক সমীক্ষা, ২৩) **উত্তর: ঘ**

০২. ২০২৩-২৪ অর্থ বছরে রপ্তানি প্রণোদনা রাখা হয়েছে - [৪০তম বিসিএস]
ক. ৩০০০ কোটি টাকা খ. ৫০০০ কোটি টাকা গ. ৬০০০ কোটি টাকা ঘ. ৯০২৫ কোটি টাকা (বাজেট: ২৩-২৪) **উত্তর: ঘ**

০৩. বাংলাদেশের সর্ববৃহৎ রপ্তানি বাজার - [জবি: ০৭-০৮]
ক. ভারত খ. যুক্তরাজ্য গ. জাপান ঘ. মার্কিন যুক্তরাষ্ট্র **উত্তর: ঘ**

০৪. কোন দেশ থেকে বাংলাদেশ সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জন করে? [টেলিযোগাযোগ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৪]
ক. জাপান খ. ফ্রান্স গ. যুক্তরাষ্ট্র ঘ. চীন **উত্তর: গ**

০৫. বাংলাদেশের পণ্য আমদানিতে শীর্ষ দেশ কোনটি? [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর: ১৮]
ক. ভারত খ. যুক্তরাষ্ট্র গ. জাপান ঘ. জার্মান **উত্তর: খ**

০৬. বাংলাদেশের প্রধান রপ্তানি পণ্য - [সামাসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ১০]
ক. পাটজাত দ্রব্য খ. তৈরি পোশাক গ. জনশক্তি ঘ. চিংড়ি মাছ **উত্তর: খ**

০৭. বিশ্বে পোশাক রপ্তানিতে বাংলাদেশের অবস্থান কত? [দুদকের উপ-সহকারী পরিচালক: ২০]
ক. প্রথম খ. দ্বিতীয় গ. তৃতীয় ঘ. চতুর্থ **উত্তর: খ**

০৮. বাংলাদেশের সর্বাধিক বৈদেশিক মুদ্রা অর্জনকারী খাত কোনটি? / কোন পণ্য রপ্তানি থেকে বাংলাদেশ সর্বাধিক বৈদেশিক মুদ্রা উপার্জন করে? [৩৩তম বিসিএস]
ক. চামড়া জাত পণ্য খ. প্রবাসী শ্রমিক গ. পাট ঘ. তৈরি পোশাক **উত্তর: ঘ**

০৯. ২০২২-২৩ সালের হিসাব মতে, তৈরি পোশাক থেকে বাংলাদেশের রপ্তানি আয়ের শতকরা কত ভাগ আসে? [১৮তম বিসিএস]
ক. প্রায় ৭৫ ভাগ খ. প্রায় ৭০ ভাগ গ. প্রায় ৮১ ভাগ ঘ. প্রায় ৮৩ ভাগ **উত্তর: গ**

১০. কোন দেশে বাংলাদেশের পোশাক সর্বাধিক রপ্তানি করা হয়? [রাবি: ১৩-১৪]
ক. যুক্তরাষ্ট্র খ. যুক্তরাজ্য খ. ফ্রান্স ঘ. জার্মানি **উত্তর: ক**

১১. কোন দেশ বাংলাদেশের পোশাক খাতের প্রধান বৈদেশিক বাজার? [এনএসআই'র সহকারী পরিচালক: ১৭]
ক. যুক্তরাজ্য খ. ফ্রান্স খ. জার্মানি ঘ. যুক্তরাষ্ট্র **উত্তর: ঘ**

১২. WTO চুক্তি অনুসারে বাংলাদেশ কোটাবিহীন বাজারে পোশাক রপ্তানি শুরু করে - [ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের এমটিও: ১৪]
ক. ২০০৫ সালে খ. ২০০৬ সালে গ. ২০০৭ সালে ঘ. ২০০৮ সালে **উত্তর: ক**

১৩. কোন দেশের সাথে বাংলাদেশের কোন জিএসপি সুবিধা বা শুল্কমুক্ত প্রবেশাধিকার নেই? [সাউথইস্ট ব্যাংকের অফিসার: ১২]
ক. যুক্তরাষ্ট্র খ. কানাডা গ. ফ্রান্স ঘ. ফিনল্যান্ড **উত্তর: ক**

১৪. GSP এর পূর্ণরূপ কী? [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২১]
ক. General System of Prevention খ. General System of Preference
গ. Generalized System of Preferences ঘ. General System of Procurement **উত্তর: গ**

১৫. MFA এর পূর্ণরূপ কী? [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ক্লার্ক কাম টাইপিস্ট: ২১]
ক. Multi Fiber Agreement খ. Multi Fiber Arrangement
গ. Most Favourable Agreement ঘ. Most Favourable Arrangement **উত্তর: খ**

১৬. কবে আমেরিকা বাংলাদেশকে দেয়া জিএসপি সুবিধা স্থগিত করে? [ঢাবি: ১৩ -১৪]
ক. ২৭ জুন, ২০১৩ খ. ২৯ জুন, ২০১৩ গ. ৩০ জুন, ২০১৩ ঘ. ১ জুলাই, ২০১৩ **উত্তর: ক**

১৭. বাংলাদেশের তৈরি পোশাক আমদানিতে শীর্ষ দেশ কোনটি? [জাতীয় বিশ্ববিদ্যালয়: ১৩-১৪]
ক. চীন খ. যুক্তরাষ্ট্র গ. জাপান ঘ. সৌদি আরব **উত্তর: খ**

১৮. 'Alliance' যে দেশভিত্তিক গার্মেন্টস ব্র্যান্ডগুলোর সংগঠন - / 'অ্যালায়েন্স' কোন দেশের গার্মেন্টস ব্র্যান্ডগুলোর সংগঠন প্রতিনিধি হিসেবে কাজ করে? [৪০তম বিসিএস]
ক. যুক্তরাজ্য খ. যুক্তরাষ্ট্র গ. কানাডা ঘ. ইউরোপীয় ইউনিয়ন **উত্তর: খ**

১৯. রপ্তানি আয়ের বিবেচনায় বাংলাদেশে দ্বিতীয় সর্বোচ্চ পণ্য - [ডাচ-বাংলা ব্যাংকের অফিসার: ০৯]
ক. তৈরী পোশাক খ. চামড়াজাত পণ্য গ. পাট ও পাটজাত পণ্য ঘ. ঔষধ **উত্তর: গ**

২০. **রপ্তানি আয়ের দিক দিয়ে কোনটি সবচেয়ে অর্থকরী ফসল?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৪]
ক. চা খ. চাল গ. পাট ঘ. শাকসবজি **উত্তর: গ**

২১. **কোন দেশ বাংলাদেশের প্রধান পাট আমদানিকারক?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৯]
ক. যুক্তরাষ্ট্র খ. যুক্তরাজ্য গ. ভারত ঘ. পাকিস্তান **উত্তর: গ**

২২. **দেশের রপ্তানি আয়ের মধ্যে চামড়ার অবস্থান কত?** [১৯তম বিসিএস]
ক. ১ম খ. ২য় গ. ৩য় (তথ্যটি পরিবর্তনশীল) ঘ. ৪র্থ **উত্তর: গ**

২৩. **কোন দেশে বাংলাদেশ থেকে সবচেয়ে বেশি ঔষধ রপ্তানি হয়?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিম্নমান হিসাব সহকারী: ২৩]
ক. নেপাল খ. মিয়ানমার গ. ব্রাজিল ঘ. শ্রীলংকা **উত্তর: খ**

২৪. **কোন দেশে সর্বাধিক বাংলাদেশি জনশক্তি রপ্তানি করা হয়?** [৬ষ্ঠ বিজেএস]
ক. সৌদি আরব খ. সংযুক্ত আরব আমিরাত গ. মালয়েশিয়া ঘ. কুয়েত **উত্তর: ক**

২৫. **প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কোন সরকারের আমলে গঠিত হয়?** [কৃবি: ০৮-০৯]
ক. হুসেইন মোহাম্মদ এরশাদ খ. শেখ হাসিনা গ. বেগম খালেদা জিয়া ঘ. চারদলীয় জোট **উত্তর: ঘ**

২৬. **বাংলাদেশ বর্তমানে সর্বাধিক পরিমাণ অর্থের বিভিন্ন পণ্য আমদানি করে -** [৩৮তম বিসিএস]
ক. ভারত থেকে খ. চীন থেকে গ. জাপান থেকে ঘ. সিঙ্গাপুর থেকে **উত্তর: খ**

২৭. **নিম্নের কোনটি প্রচলিত রপ্তানি পণ্য নয়?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. পাট খ. চা গ. চামড়া ঘ. সিরামিকের বাসন-কোসন **উত্তর: ঘ**

২৮. **কোন দেশ বাংলাদেশে সবচেয়ে বেশি রপ্তানি করে?** [৩৭তম বিসিএস]
ক. চীন খ. ভারত গ. যুক্তরাজ্য ঘ. থাইল্যান্ড **উত্তর: ক**

২৯. **কোন দেশের সাথে বাংলাদেশের বাণিজ্য উদ্বৃত্ত রয়েছে?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৯]
ক. ভারত খ. যুক্তরাষ্ট্র গ. চীন ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

৩০. **কোন দেশের সাথে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি সবচেয়ে বেশি?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিম্নমান হিসাব সহকারী: ২৩]
ক. ভারত খ. জাপান গ. রাশিয়া ঘ. চীন **উত্তর: ঘ**

৩১. **কীভাবে বাংলাদেশের বাণিজ্য ভারসাম্য রক্ষা হয়?** [৪১তম বিসিএস]
ক. IDA Credit এর মাধ্যমে খ. IMF এর Bailout Package এর মাধ্যমে
গ. প্রবাসীদের পাঠানো রেমিট্যান্সের মাধ্যমে ঘ. বিশ্ব ব্যাংকের Budgetary Support এর মাধ্যমে **উত্তর: গ**

৩২. **EPB এর পূর্ণরূপ কী?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৯]
ক. Export Promotion Board খ. Export Promotion Bureau
গ. Exporting Promotion Board ঘ. Exporting Promotion Bureau **উত্তর: খ**

ইপিজেড ও এসইজেড

০১. **ইপিজেড হলো -** [রাবি: ০৪-০৫]
ক. রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা খ. রপ্তানি উন্নয়নকারী সংস্থা গ. আমদানি প্রক্রিয়াকরণ অঞ্চল ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

০২. **EPZ এর পূর্ণরূপ কোনটি?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. Export Promotion Zone খ. Export Processing Zone গ. Export Production Zone ঘ. Export Procurement Zone **উত্তর: খ**

০৩. **বাংলাদেশে বর্তমানে ইপিজেড এলাকা কয়টি?** [জবি: ১৩-১৪]
ক. ৪ টি খ. ৬ টি গ. ৮ টি ঘ. ১০ টি **উত্তর: ঘ**
ব্যাখ্যা: বাংলাদেশে বর্তমানে ১০ টি ইপিজেড রয়েছে। তন্মধ্যে ৮ টি সরকারি ও ২ টি বেসরকারি ইপিজেড। সরকারি ইপিজেডগুলো হলো চট্টগ্রাম ইপিজেড; ঢাকা ইপিজেড; মংলা ইপিজেড, বাগেরহাট; কুমিল্লা ইপিজেড; ঈশ্বরদী ইপিজেড, পাবনা; উত্তরা ইপিজেড, নীলফামারী; আদমজী ইপিজেড, নারায়ণগঞ্জ ও কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম। বেসরকারি ইপিজেডগুলো হলো রাঙ্গুনিয়া ইপিজেড, চট্টগ্রাম ও কোরিয়ান ইপিজেড, চট্টগ্রাম।

০৪. **বাংলাদেশে সরকারি ইপিজেডের সংখ্যা -** [৩৭তম বিসিএস]
ক. ৬ টি খ. ৮ টি গ. ১০ টি ঘ. ১২ টি **উত্তর: খ**

০৫. **বাংলাদেশে কয়টি বেসরকারি ইপিজেড আছে?** [বিবি: ১৩-১৪]
ক. ২ টি খ. ৩ টি গ. ৪ টি ঘ. ৫ টি **উত্তর: ক**

০৬. **কোন সালে বাংলাদেশে ইপিজেডের কার্যক্রম শুরু হয়?** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩]
ক. ১৯৮০ খ. ১৯৮৩ গ. ১৯৭৭ ঘ. ১৯৮২ **উত্তর: খ**

০৭. **বাংলাদেশের প্রথম ইপিজেড কোথায় স্থাপিত হয়? / দেশের প্রথম ইপিজেড কোথায় অবস্থিত?** [২০তম বিসিএস]
ক. সাভার, ঢাকা খ. হালিশহর, চট্টগ্রাম গ. মংলা, বাগেরহাট ঘ. ঈশ্বরদী, পাবনা **উত্তর: খ**

০৮. **বাংলাদেশের প্রথম ইপিজেড কোনটি?** [বেবিচকের সহকারী প্রকৌশলী: ২৩]
ক. চট্টগ্রাম ইপিজেড খ. ঢাকা ইপিজেড গ. উত্তরা ইপিজেড ঘ. রংপুর ইপিজেড **উত্তর: ক**

০৯. **বাংলাদেশের সর্ববৃহৎ রপ্তানি প্রক্রিয়াজাতকরণ অঞ্চল** - [জবি: ০৭-০৮]
ক. কুমিল্লা খ. সাভার গ. চট্টগ্রাম ঘ. ঈশ্বরদী **উত্তর: গ**

১০. **ঢাকা ইপিজেড কোথায়? / DEPZ কোথায়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহকারী: ১১]
ক. ঈশ্বরদী, পাবনা খ. পতেঙ্গা, চট্টগ্রাম গ. সাভার, ঢাকা ঘ. টঙ্গী, গাজীপুর **উত্তর: গ**

১১. **বাংলাদেশের পঞ্চম ইপিজেড কোনটি?** [পিকেবি'র অফিসার: ১৪]
ক. কুমিল্লা খ. ঈশ্বরদী গ. মংলা ঘ. উত্তরা **উত্তর: খ**

১২. **বাংলাদেশের অষ্টম ইপিজেডের নাম কী?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সহকারী পরিচালক: ২০]
ক. কর্ণফুলী ইপিজেড খ. চট্টগ্রাম ইপিজেড গ. সীতাকুন্ড ইপিজেড ঘ. কক্সবাজার ইপিজেড **উত্তর: ক**

১৩. **বাংলাদেশে সর্বশেষ ইপিজেড কোথায় প্রতিষ্ঠিত হয়েছে?** [জবি: ০৫-০৬]
ক. আদমজীনগর খ. মানিকনগর গ. নবীনগর ঘ. চট্টগ্রাম **উত্তর: ঘ**

১৪. **দেশের একমাত্র কৃষিভিত্তিক ইপিজেড** - [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. উত্তরা খ. মেঘনা গ. আদমজী ঘ. ঈশ্বরদী **উত্তর: ক**

১৫. **দেশের একমাত্র কৃষিভিত্তিক ইপিজেড কোন জেলায় অবস্থিত?** [বাংলাদেশ গ্যাস ফিল্ডের উপ-সহকারী প্রকৌশলী: ২১]
ক. নীলফামারী খ. মুন্সিগঞ্জ গ. নারায়ণগঞ্জ ঘ. পাবনা **উত্তর: ক**

১৬. **কোনটি বেসরকারি ইপিজেড?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ সহকারী: ০৩]
ক. রাঙ্গুনিয়া ইপিজেড খ. কোরিয়ান ইপিজেড গ. কর্নফুলী ইপিজেড ঘ. ক ও খ উভয়ই **উত্তর: ঘ**

১৭. **বাংলাদেশে ইপিজেড নেই** - [জাককানইবি: ১৭- ১৮]
ক. কুমিল্লায় খ. মংলায় গ. ঈশ্বরদীতে ঘ. রাজশাহীতে **উত্তর: ঘ**

১৮. **বর্তমানে 'আদমজী' নামটি কিসের সাথে সম্পর্কিত?** [স্ট্যান্ডার্ড ব্যাংকের অফিসার: ০৬]
ক. চিনিকল খ. স্থল মাইন গ. পেপার মিল ঘ. রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল **উত্তর: ঘ**

১৯. **ইপিজেডে চালু শিল্পের মধ্যে সর্বোচ্চ বিনিয়োগে কোন শিল্পে?** [পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা প্রসেসিং অপারেটর: ০২]
ক. তৈরি পোশাক শিল্পে খ. বস্ত্র শিল্পে গ. ইলেক্ট্রনিক্স শিল্পে ঘ. চামড়া শিল্পে **উত্তর: ক**

২০. **বাংলাদেশের রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলসমূহের তদারকির দায়িত্বে নিয়োজিত কোন সংস্থা?** [স্ট্যান্ডার্ড ব্যাংকের অফিসার: ১২]
ক. বোর্ড অব ইনভেস্টমেন্ট খ. SEC গ. বাংলাদেশ ব্যাংক ঘ. BEPZA **উত্তর: ঘ**

২১. **BEPZA ও BEZA কোন মন্ত্রণালয়ের অধীন?** [খুবি: ১৩-১৪]
ক. শিল্প মন্ত্রণালয় খ. বাণিজ্য মন্ত্রণালয় গ. শ্রম মন্ত্রণালয় ঘ. প্রধানমন্ত্রীর কার্যালয় **উত্তর: ঘ**

২২. **BEPZA অর্থ কী?** [মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেসের স্টোরম্যান: ১৮]
ক. Bangladesh Export Processing Zone Area খ. Bangladesh Export Processing Zone Authority
গ. Bangladesh Export Procuring Zone Area ঘ. Bangladesh Export Procuring Zone Authority **উত্তর: খ**

২৩. **BEPZA কত সালে প্রতিষ্ঠিত হয়?** [বিবিএস'র ডাটা এন্ট্রি অপারেটর: ১২]
ক. ১৯৮০ খ. ১৯৭৯ গ. ১৯৮৪ ঘ. ১৯৮১ **উত্তর: ক**

২৪. **SEZ এর পূর্ণরূপ কী?** [ইবি: ১৫-১৬]
ক. Special Exercise Zone খ. Special Export Zone গ. Special Economic Zone ঘ. Special Examination Zone **উত্তর: গ**

২৫. **বাংলাদেশের বৃহত্তম অর্থনৈতিক অঞ্চল কোথায় অবস্থিত?** [রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ২০]
ক. সাভার, ঢাকা খ. পরশুরাম, ফেনী গ. মিরসরাই, চট্টগ্রাম ঘ. ঝিলংঝা, কক্সবাজার **উত্তর: গ**

২৬. **বাংলাদেশের বৃহত্তম অর্থনৈতিক অঞ্চল কোনটি?** [বিকেবি'র অফিসার: ১২]
ক. বে অর্থনৈতিক অঞ্চল খ. রংপুর অর্থনৈতিক অঞ্চল গ. যশোর অর্থনৈতিক অঞ্চল ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর **উত্তর: ঘ**

২৭. **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শিল্পনগর কোথায় অবস্থিত?** [বাংলাদেশ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. সাভার, ঢাকা খ. পরশুরাম, ফেনী গ. মিরসরাই, চট্টগ্রাম ঘ. ঝিলংঝা, কক্সবাজার **উত্তর: গ**

২৮. **দেশের প্রথম বেসরকারি অর্থনৈতিক অঞ্চল 'বে অর্থনৈতিক অঞ্চল' কোথায় অবস্থিত?** [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১২]
ক. গাজীপুর খ. চট্টগ্রাম গ. কক্সবাজার ঘ. বরিশাল **উত্তর: ক**

২৯. **বাংলাদেশের অর্থনৈতিক অঞ্চলসমূহ নিয়ন্ত্রণের দায়িত্বে নিয়োজিত কোন সংস্থা?** [সিলেট গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. BEZA খ. BSEC গ. বাংলাদেশ ব্যাংক ঘ. BEPZA **উত্তর: ক**

৩০. **BEZA এর পূর্ণরূপ কী?** [কুবি: ১৫-১৬]
ক. Bangladesh Economic Zones Area খ. Bangladesh Export Zones Area
গ. Bangladesh Economic Zones Authority ঘ. Bangladesh Export Zones Authority **উত্তর: গ**

খনিজ সম্পদ

০১. **বাংলাদেশের প্রধান খনিজ সম্পদ - / বাংলাদেশের প্রধানতম খনিজ সম্পদ কোনটি?** [৪৫তম বিসিএস]
ক. কয়লা খ. তৈল গ. প্রাকৃতিক গ্যাস ঘ. চুনাপাথর **উত্তর: গ**

০২. **বাংলাদেশে ব্যবহৃত শক্তি সম্পদের প্রধান উৎস কোনটি?** [বিবি: ১৪-১৫]
ক. কয়লা খ. প্রাকৃতিক গ্যাস গ. আনবিক শক্তি ঘ. সৌর শক্তি **উত্তর: খ**

০৩. **গ্যাস সম্পদ অনুসন্ধানের লক্ষ্যে বাংলাদেশকে কয়টি ব্লকে বিভক্ত করা হয়েছে?** [ঢাবি: ০১-০২]
ক. ১৩ টি খ. ২৩ টি গ. ১৯ টি ঘ. ৪৯ টি **উত্তর: ঘ**

০৪. **স্থলভাগে গ্যাস অনুসন্ধানের জন্য বাংলাদেশকে কয়টি ব্লকে ভাগ করা হয়েছে?** [চবি: ১৯-২০]
ক. ২১ টি খ. ২২ টি গ. ২৩ টি ঘ. ২৪ টি **উত্তর: গ**

০৫. **প্রাকৃতিক গ্যাস উত্তোলনের জন্য বাংলাদেশের সমুদ্র অঞ্চলকে কয়টি ব্লকে ভাগ করা হয়েছে?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. ২০ টি খ. ২৫ টি গ. ২৬ টি ঘ. ৩২ টি **উত্তর: গ**

০৬. **Production Sharing Contract শব্দটি কিসের সাথে যুক্ত? / পিএসসি শব্দটি কিসের সাথে যুক্ত?** [ঢাবি: ১২-১৩]
ক. গ্যাস অনুসন্ধান খ. কয়লা উত্তোলন গ. বিদ্যুৎ উৎপাদন ঘ. নদীর পানি ভাগাভাগি **উত্তর: ক**

০৭. **বাংলাদেশে কয়টি গ্যাসক্ষেত্র রয়েছে?** [প্রবাসী কল্যাণ ব্যাংকের সিনিয়র অফিসার: ২১]
ক. ২০ টি খ. ২৫ টি গ. ২৬ টি ঘ. ২৯ টি **উত্তর: ঘ**
ব্যাখ্যা: বাংলাদেশে ২৯ টি গ্যাসক্ষেত্র রয়েছে। সেগুলো হলো সিলেট জেলার হরিপুর, বিয়ানীবাজার, ফেঞ্চুগঞ্জ, জালালাবাদ, কৈলাসটিলা, জকিগঞ্জ, মৌলভীবাজার জেলার মৌলভীবাজার ও রশিদপুর, হবিগঞ্জ জেলার বিবিয়ানা ও হবিগঞ্জ, সুনামগঞ্জ জেলার ছাতক, ব্রাহ্মণবাড়িয়া জেলার তিতাস, সালদা নদী ও মেঘনা, নরসিংদী জেলার নরসিংদী, গাজীপুর জেলার কামতা, নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ, কুমিল্লা জেলার বাঙ্গুরা, বাখরাবাদ ও শ্রীকাইল, নোয়াখালী জেলার বেগমগঞ্জ ও সুন্দলপুর, ফেনী জেলার ফেনী, খাগড়াছড়ি জেলার সেমুতাং, কক্সবাজার জেলার কুতুবদিয়া, চট্টগ্রাম জেলার বঙ্গোপসাগরের সাঙ্গু, ভোলা জেলার শাহবাজপুর, ভোলা নর্থ ও ইলিশা।

০৮. **বাংলাদেশে প্রথম কত সালে গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়?** [বিবিএস'র উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা: ১০]
ক. ১৯৫৫ খ্রি. খ. ১৯৫৭ খ্রি. গ. ১৯৬৪ খ্রি. ঘ. ১৯৬৭ খ্রি. **উত্তর: ক**

০৯. **বাংলাদেশের কোন গ্যাস ক্ষেত্রটি সর্বপ্রথম আবিষ্কৃত হয়?** [পানি উন্নয়ন বোর্ডের ডাটা এন্ট্রি অপারেটর: ১৯]
ক. বাখরাবাদ, কুমিল্লা খ. সাঙ্গু ভ্যালি, চট্টগ্রাম গ. সালদা, বি.বাড়িয়া ঘ. হরিপুর, সিলেট **উত্তর: ঘ**

১০. **বাংলাদেশে প্রথম গ্যাস উত্তোলন শুরু হয়** - [২১তম বিসিএস]
ক. ১৯৫৭ সালে খ. ১৯৬০ সালে গ. ১৯৬২ সালে ঘ. ১৯৭২ সালে **উত্তর: ক**

১১. **মজুত গ্যাসের পরিমাণের ভিত্তিতে বাংলাদেশের সর্ববৃহৎ গ্যাস ফিল্ডের নাম কী? / বাংলাদেশের বৃহত্তম গ্যাসক্ষেত্র কোনটি?** [৪৫তম বিসিএস]
ক. কৈলাশটিলা খ. তিতাস গ. ছাতক ঘ. বাখরাবাদ **উত্তর: খ**

১২. **কোন সালে তিতাস গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়?** [বাংলাদেশ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. ১৯৫১ খ. ১৯৫৬ গ. ১৯৬২ ঘ. ১৯৬৫ **উত্তর: গ**

১৩. **তিতাস গ্যাস ক্ষেত্রটি কোথায়?** [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ১৮]
ক. কুমিল্লা খ. চাঁদপুর গ. ব্রাহ্মণবাড়িয়া ঘ. নোয়াখালী **উত্তর: গ**

১৪. **কোন গ্যাসক্ষেত্র থেকে ঢাকা শহরে গ্যাস সরবরাহ করা হয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ সহকারী: ০৩]
ক. সেমুতাং খ. তিতাস গ. সাঙ্গু ঘ. বাখরাবাদ **উত্তর: খ**

১৫. **আয়তনে বাংলাদেশের সবচেয়ে বড় গ্যাসক্ষেত্র কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ১০]
ক. হরিপুর খ. বিবিয়ানা গ. বাখরাবাদ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

১৬. **বিবিয়ানা গ্যাস ফিল্ডটি কোন জেলার অন্তর্ভুক্ত?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ০০]
ক. সিলেট খ. মৌলভীবাজার গ. হবিগঞ্জ ঘ. ব্রাহ্মণবাড়িয়া **উত্তর: গ**

১৭. **কোন গ্যাস ফিল্ড থেকে দৈনিক সবচেয়ে বেশি গ্যাস তোলা হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৯]
ক. ফেঞ্চুগঞ্জ, সিলেট খ. তিতাস, বি.বাড়িয়া গ. হরিপুর, সিলেট ঘ. বাখরাবাদ, কুমিল্লা **উত্তর: খ**

১৮. **বাখরাবাদ গ্যাসক্ষেত্রটি অবস্থিত** - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৩]
ক. কুমিল্লায় খ. রংপুরে গ. ব্রাহ্মণবাড়িয়ায় ঘ. সিলেটে **উত্তর: ক**

১৯. **সমুদ্র উপকূল এলাকায় মোট কয়টি গ্যাসক্ষেত্র আছে?** [জাতীয় সংসদে সচিবালয়ের গবেষণা অফিসার: ০৫]
ক. একটি খ. দুইটি গ. তিনটি ঘ. চারটি **উত্তর: খ**

২০. **বঙ্গোপসাগরের কোন অঞ্চলে গ্যাসক্ষেত্র আবিষ্কৃত হয়েছে? / সমুদ্র উপকূল এলাকায় আবিষ্কৃত গ্যাসক্ষেত্রগুলো কী কী?** [জবি: ০৫-০৬]
ক. সাঙ্গু ও কুতুবদিয়া ক. কুতুবদিয়া ও সেমুতাং গ. সাঙ্গু ও কামতা ঘ. কুতুবদিয়া ও ছাতক **উত্তর: ক**

২১. **বাংলাদেশের প্রথম সামুদ্রিক গ্যাসক্ষেত্র কোনটি?** [পায়রা বন্দর কর্তৃপক্ষের অফিস সহকারী: ১৯]
ক. জাফোর্ড পয়েন্ট খ. হাতিয়া প্রণালী গ. সাঙ্গু ভ্যালি ঘ. হিরণ পয়েন্ট **উত্তর: গ**

২২. **সাঙ্গু গ্যাসক্ষেত্রটি কোথায় অবস্থিত?** [বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সিনিয়র অফিসার: ১৮]
ক. কুমিল্লায় খ. বঙ্গোপসাগরে গ. সিলেটে ঘ. ব্রাহ্মণবাড়িয়ায় **উত্তর: খ**

২৩. **সাঙ্গু গ্যাসফিল্ড থেকে কবে জাতীয় গ্রিডে গ্যাস সরবরাহ করা হয়?** [জাবি: ০৬-০৭]
ক. ১৪ জুন, ১৯৯৭ খ. ১২ জুন, ১৯৯৮ গ. ২৪ জুন, ১৯৯৭ ঘ. ১ জানুয়ারি, ১৯৯৭ **উত্তর: খ**

২৪. **বিয়ানীবাজার গ্যাসফিল্ডটি কোথায়?** [ঢাবি: ০৩-০৪]
ক. কুমিল্লা খ. চট্টগ্রাম গ. রাজশাহী ঘ. সিলেট **উত্তর: ঘ**

২৫. **কোনটি সিলেট বিভাগে অবস্থিত?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৩]
ক. ময়নামতি প্রত্নতত্ত্বস্থল খ. ছাতক গ্যাসক্ষেত্র গ. রামু রাবার বাগান ঘ. বান্দরবান **উত্তর: খ**

২৬. **কামতা গ্যাস ক্ষেত্রটি অবস্থিত -** [বাখরাবাদ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ০৬]
ক. কামালপুর খ. সিলেট গ. পার্বত্য চট্টগ্রাম ঘ. গাজীপুর **উত্তর: ঘ**

২৭. **শ্রীকাইল গ্যাসক্ষেত্রটি বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?** [চবি: ১২-১৩]
ক. কুমিল্লা খ. নোয়াখালী গ. সুনামগঞ্জ ঘ. হবিগঞ্জ **উত্তর: ক**

২৮. **বাংলাদেশের কোন জেলায় সেমুতাং গ্যাসক্ষেত্রটি অবস্থিত?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. সিলেট খ. খাগড়াছড়ি গ. রাঙ্গামাটি ঘ. বান্দরবান **উত্তর: খ**

২৯. **সালদা নদী গ্যাসক্ষেত্রটি বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?** [জবি: ০৭-০৮]
ক. ব্রাহ্মণবাড়িয়া খ. কুমিল্লা গ. সিলেট ঘ. ফেনী **উত্তর: ক**

৩০. **সুনেত্র গ্যাসক্ষেত্র কোথায় অবস্থিত?** [জবি: ১২-১৩]
ক. নেত্রকোণা খ. সুনামগঞ্জ গ. হবিগঞ্জ ঘ. কিশোরগঞ্জ **উত্তর: ক, খ**

৩১. **দেশের কোন গ্যাসক্ষেত্রে প্রথম অগ্নিকাণ্ড হয়?** [পিএসসি'র সহকারী সচিব: ০৫]
ক. হরিপুর খ. সেমুতাং গ. মাগুরছড়া ঘ. সাঙ্গু **উত্তর: গ**

৩২. **কোন সালে মাগুরছড়া গ্যাসক্ষেত্রে বিস্ফোরণ হয়েছিল?** [ঢাবি: ১৭-১৮]
ক. ২০০০ খ. ১৯৯৫ গ. ১৯৯৯ ঘ. ১৯৯৭ **উত্তর: ঘ**

৩৩. **বাংলাদেশের মাগুরছড়া গ্যাসক্ষেত্র কোথায় অবস্থিত?** [বাংলাদেশ রেলওয়ের সহকারী কমান্ড্যান্ট: ০৭]
ক. কালীগঞ্জ, লালমনিরহাট খ. কমলগঞ্জ, মৌলভীবাজার গ. মিঠামইন, কিশোরগঞ্জ ঘ. ফেঞ্চুগঞ্জ, সিলেট **উত্তর: খ**

৩৪. **যুক্তরাষ্ট্রের অক্সিডেন্টাল কোম্পানি মাগুরছড়া গ্যাসফিল্ড যার নিকট হস্তান্তর করে -** [জবি: ০৭-০৮]
ক. এশিয়া এনার্জি খ. বাপেক্স গ. শেভরন ঘ. ইউনোকল **উত্তর: ঘ**

৩৫. **ইউনোকল যে দেশের তেল কোম্পানি -** [রাবি: ০৫-০৬]
ক. বাংলাদেশ খ. কানাডা গ. যুক্তরাষ্ট্র ঘ. যুক্তরাজ্য **উত্তর: গ**

৩৬. **বাংলাদেশের কোন গ্যাসক্ষেত্রটি আগুন লেগে সর্বাপেক্ষা ক্ষতিগ্রস্থ হয়েছে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. তিতাস খ. বাখরাবাদ গ. টেংরাটিলা ঘ. পলাশ **উত্তর: গ**

৩৭. **টেংরাটিলা গ্যাস ক্ষেত্রে দুর্ঘটনার জন্য দায়ী কোম্পানির নাম কী?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা: ১৭]
ক. ইউনিয়ন কার্বাইড খ. অক্সিডেন্টাল গ. নাইকো ঘ. শেল **উত্তর: গ**

৩৮. **বাংলাদেশে তেল গ্যাস অনুসন্ধানকারী 'নাইকো' গ্যাস কোম্পানিটি কোন দেশের?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. যুক্তরাষ্ট্র খ. কানাডা গ. ব্রিটেন ঘ. অস্ট্রেলিয়া **উত্তর: খ**

৩৯. **টেংরাটিলা গ্যাসক্ষেত্র নিয়ে নাইকোর বিরুদ্ধে ক্ষতিপূরণের মামলাটির রায় দেয় কোন আদালত?** [বাংলাদেশ রেলওয়ের বুকিং সহকারী: ১৪]
ক. International Court of Justice খ. International Centre for Settlement of Investment Dispute
গ. International Criminal Court ঘ. London Court of Arbitration **উত্তর: খ**

৪০. **দেশের সর্বশেষ আবিষ্কৃত গ্যাসক্ষেত্রটির নাম কী? / দেশের ২৯তম গ্যাসক্ষেত্রের নাম কী?** [যমুনা ব্যাংকের অফিসার: ০৪]
ক. সুজাপুর গ্যাসক্ষেত্র খ. ইলিশা গ্যাসক্ষেত্র গ. পিরোজপুর গ্যাসক্ষেত্র ঘ. আমেদপুর গ্যাসক্ষেত্র **উত্তর: খ**

৪১. **বাংলাদেশের সর্বশেষ আবিষ্কৃত গ্যাসক্ষেত্র কোন জেলায় অবস্থিত?** [৫ম বিজেএস]
ক. ব্রাহ্মণবাড়িয়া খ. ভোলা গ. নেত্রকোণা ঘ. জামালপুর **উত্তর: খ**

৪২. **বাংলাদেশের প্রথম এলএনজি টার্মিনাল কোথায় নির্মিত হয়? / বাংলাদেশের প্রথম এলএনজি টার্মিনাল কোথায় অবস্থিত?** [বেবিচকের অ্যারোড্রাম কর্মকর্তা: ২১]
ক. মহেশখালী, কক্সবাজার খ. ফেঞ্চুগঞ্জ, সিলেট গ. হরিপুর, সিলেট ঘ. পতেঙ্গা, চট্টগ্রাম **উত্তর: ক**

৪৩. **বাংলাদেশে কোথায় প্রথম তেলক্ষেত্র আবিষ্কৃত হয়?** [ভূমি মন্ত্রণালয়ের নিরীক্ষক: ২৩]
ক. কৈলাসটিলা খ. ফেঞ্চুগঞ্জ গ. হরিপুর ঘ. বাখরাবাদ **উত্তর: গ**

৪৪. **হরিপুর কেন বিখ্যাত?** [সিএজি কার্যালয়ের অধীক্ষক: ৯৮]
ক. পেট্রোলিয়াম খ. প্রাকৃতিক গ্যাস গ. কয়লা ঘ. সিমেন্ট কারখানা **উত্তর: ক**

৪৫. **সিলেটের হরিপুরে পাওয়া গেছে -** [বাখরাবাদ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ০৬]
ক. গ্যাস খ. তৈল গ. গ্যাস ও তৈল উভয়ই ঘ. চুনাপাথর **উত্তর: গ**

৪৬. **হরিপুরে তেলক্ষেত্র আবিষ্কার হয় -** [১১তম বিসিএস]
ক. ১৯৮৭ সালে খ. ১৯৮৬ সালে গ. ১৯৮৫ সালে ঘ. ১৯৮৪ সালে **উত্তর: খ**

৪৭. **বাংলাদেশে কিছুদিনের জন্য খনিজ তৈল বা পেট্রোলিয়াম উৎপাদিত হয়েছিল কোথায়?** [সিএজি কার্যালয়ের অধীক্ষক: ৯৮]
ক. ফেঞ্চুগঞ্জে খ. কৈলাশটিলায় গ. ছাতকে ঘ. হরিপুরে **উত্তর: ঘ**

৪৮. **বাংলাদেশের একমাত্র তেল শোধনাগারের নাম কী? / বাংলাদেশের একমাত্র তেল রিফাইনারির নাম কী? / Which one fo the following is the state-owned oil refinery of Bangladesh?** [বাংলাদেশ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ০৬]
ক. ইস্টার্ন রিফাইনারি খ. মেঘনা রিফাইনারি গ. বেঙ্গল রিফাইনারি ঘ. পদ্মা রিফাইনারি **উত্তর: ক**

৪৯. **বাংলাদেশের জ্বালানি তেল শোধনাগারটি কোথায় অবস্থিত?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. চট্টগ্রাম খ. সিলেট গ. ঢাকা ঘ. রাজশাহী **উত্তর: ক**

৫০. **বাংলাদেশে এখন পর্যন্ত আবিষ্কৃত কয়লা ক্ষেত্রের সংখ্যা –** [সিএজি কার্যালয়ের অধীক্ষক: ৯৮]
ক. ৪টি খ. ২টি গ. ৩টি ঘ. ৫টি **উত্তর: ঘ**

৫১. **বাংলাদেশের প্রথম কয়লা খনি কোথায় অবস্থিত?** [এনসিসি ব্যাংকের অফিসার: ০২]
ক. জামালগঞ্জ, জয়পুরহাট খ. পায়রাবন্দ, রংপুর গ. বালাসী, গাইবান্ধা ঘ. মাঝিরা, বগুড়া **উত্তর: ক**

৫২. **বাংলাদেশের সর্ববৃহৎ কয়লাখনি কোথায় অবস্থিত?** [ডাক বিভাগের পোস্টমাস্টার জেনারেল: ১৬]
ক. দিঘীপাড়া, দিনাজপুর খ. জামালগঞ্জ, জয়পুরহাট গ. ফুলবাড়ী, দিনাজপুর ঘ. বড়পুকুরিয়া, দিনাজপুর **উত্তর: খ**

৫৩. **জয়পুরহাটের জামালগঞ্জে নিচের কোন খনিজটি পাওয়া যায়?** [বাংলাদেশ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. প্রাকৃতিক গ্যাস খ. কয়লা গ. খনিজ তেল ঘ. চীনামাটি **উত্তর: খ**

৫৪. **বাংলাদেশে উন্নতমানের কয়লার সন্ধান পাওয়া গিয়াছে –** [১২তম বিসিএস]
ক. জামালগঞ্জে খ. জকিগঞ্জে গ. বিজয়পুরে ঘ. রানীগঞ্জে **উত্তর: ক**

৫৫. **বড়পুকুরিয়ায় কী খনিজ প্রকল্পের কাজ চলছে?** [২৬তম বিসিএস]
ক. কঠিন শিলা খ. কয়লা গ. চুনাপাথর ঘ. কাদামাটি **উত্তর: খ**

৫৬. **কত সালে বড়পুকুরিয়া কয়লা খনি আবিষ্কার হয়?** [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৪]
ক. ১৯৮০ খ. ১৯৮১ গ. ১৯৮২ ঘ. ১৯৮৫ **উত্তর: ঘ**

৫৭. **বড়পুকুরিয়া কয়লা খনির আয়তন কত?** [দুদকের সহকারী পরিচালক: ১৩]
ক. ৫.২৫ বর্গ কি.মি. খ. ২৭.০ বর্গ কি.মি. গ. ৩.২ বর্গ কি.মি. ঘ. ৪.০০ বর্গ কি.মি. **উত্তর: ক**

৫৮. **বাংলাদেশের কোন অঞ্চলের খনিতে হীরক ও স্বর্ণের সন্ধান পাওয়ার সম্ভাবনা রয়েছে?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৭]
ক. কোলাবিল, খুলনা খ. জামালগঞ্জ, জয়পুরহাট গ. লালঘাট, সিলেট ঘ. বড়পুকুরিয়া, দিনাজপুর **উত্তর: ঘ**

৫৯. **বড়পুকুরিয়া কয়লাখনি কোন জেলায় অবস্থিত?** [জাতীয় সংসদ সচিবালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ২৩]
ক. দিনাজপুর খ. সিলেট গ. রংপুর ঘ. গোপালগঞ্জ **উত্তর: ক**

৬০. **ফুলবাড়ি কয়লা খনি কোথায় অবস্থিত?** [পূবালী ব্যাংকের জুনিয়র অফিসার: ০৫]
ক. দক্ষিণবঙ্গ খ. পশ্চিমবঙ্গ গ. উত্তরবঙ্গ ঘ. পূর্ববঙ্গ **উত্তর: গ**

৬১. **ফুলবাড়ি কয়লা খনি কোন জেলায় অবস্থিত?** [রাকাব'র সিনিয়র অফিসার: ০৬]
ক. রংপুর খ. রাজশাহী গ. দিনাজপুর ঘ. নীলফামারী **উত্তর: গ**

৬২. **বাংলাদেশের কোন জেলাটি কয়লা সমৃদ্ধ?** [৪৩তম বিসিএস]
ক. সিলেট খ. কুমিল্লা গ. রাজশাহী ঘ. দিনাজপুর **উত্তর: ঘ**

৬৩. **দেশের প্রথম কয়লা শোধনাগার 'বিরামপুর হার্ডকোক লিমিটেড' এর অবস্থান কোথায়?** [যোগাযোগ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. দিনাজপুর খ. সিলেট গ. সুনামগঞ্জ ঘ. রংপুর **উত্তর: ক**

৬৪. **২০০৬ সালে ফুলবাড়ি কেন আলোচনায় এসেছিল?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ইকোপার্ক স্থাপনের জন্য খ. ধান উৎপাদনের জন্য
গ. সাম্প্রদায়িক সহিংসতার জন্য ঘ. উন্মুক্ত কয়লা খনি নির্মাণের বিরুদ্ধে আন্দোলনের জন্য **উত্তর: ঘ**

৬৫. **বাংলাদেশের কোন জেলায় পিট কয়লা পাওয়া যায়?** [থানা সহকারী শিক্ষা অফিসার: ৯৯]
ক. বগুড়া খ. ময়মনসিংহ গ. সিলেট ঘ. টাঙ্গাইল **উত্তর: গ**

৬৬. **মধ্যপাড়া থেকে কী খনিজ উত্তোলন করা হয়?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]
ক. কয়লা খ. শ্বেত মৃত্তিকা গ. চুনাপাথর ঘ. কঠিন শিলা **উত্তর: ঘ**

৬৭. **মধ্যপাড়া কঠিন শিলা এলাকার বিস্তার কত?** [ঢাবি: ০০-০১]
ক. ২ বর্গ কি.মি. খ. ১.২ বর্গ কি.মি. গ. ১.৪৪ বর্গ কি.মি. ঘ. ৩.২ বর্গ কি.মি. **উত্তর: গ**

৬৮. **মধ্যপাড়া কঠিন শিলা কোন জেলায় অবস্থিত?** [জবি: ০৭-০৮]
ক. দিনাজপুর খ. সিলেট গ. রংপুর ঘ. গোপালগঞ্জ **উত্তর: ক**

৬৯. **বাংলাদেশের কোথায় চুনাপাথর মজুদ আছে?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. শ্রীমঙ্গল খ. টেকনাফ গ. সেন্টমার্টিন ঘ. বান্দরবান **উত্তর: গ**

৭০. **বাংলাদেশের কোথায় চীনামাটি বা শ্বেতমৃত্তিকা বা সাদা মাটির সন্ধান পাওয়া গেছে? / সিরামিক্স দ্রব্য তৈরির জন্য ব্যবহৃত সাদামাটি পাওয়া গিয়েছে –** [১২তম বিসিএস]
ক. বিজয়পুর, নেত্রকোনা খ. রানীগঞ্জ, দিনাজপুর গ. টেকেরহাট, মাদারীপুর ঘ. বিয়ানী বাজার, সিলেট **উত্তর: ক**

৭১. **বিজয়পুর কোন জেলায় অবস্থিত?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. সিলেট খ. রাজশাহী গ. বগুড়া ঘ. নেত্রকোণা **উত্তর: ঘ**

৭২. **দেশের কোন অঞ্চলে কাঁচ বালির সর্বাধিক মজুদ রয়েছে?** [গণপূর্ত মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ৯৯]
ক. জামালপুর খ. সিলেট গ. কুমিল্লা ঘ. বগুড়া **উত্তর: খ**

৭৩. **বাংলাদেশের কোথায় ব্ল্যাক গোল্ড বা তেজস্ক্রিয় বালু পাওয়া যায়?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৯]
ক. সিলেটের পাহাড়ে খ. কুমিল্লার লালমাইয়ে গ. সুন্দরবনে ঘ. কক্সবাজারের সমুদ্র সৈকতে **উত্তর: ঘ**

৭৪. **বাংলাদেশের কোথায় গন্ধকের সন্ধান পাওয়া যায়?** [তথ্য মন্ত্রণালয়ের তথ্য অফিসার: ০৫]
ক. হাতিয়া, নোয়াখালী খ. কুতুবদিয়া, কক্সবাজার গ. মহেশখালী, কক্সবাজার ঘ. সন্দ্বীপ, চট্টগ্রাম **উত্তর: খ**

৭৫. **রংপুর জেলার রানীপুকুর ও পীরগঞ্জে কোন খনিজ আবিষ্কৃত হয়েছে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]
ক. চুনাপাথর খ. কয়লা গ. চিনামাটি ঘ. তামা **উত্তর: ঘ**

৭৬. **বাংলাদেশ জিওলজিক্যাল সার্ভের রিপোর্ট অনুযায়ী সম্প্রতি দেশের কোন জেলায় লোহার খনির সন্ধান পাওয়া গেছে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রধান সহকারী: ২১]
ক. ময়মনসিংহ খ. রংপুর গ. কুড়িগ্রাম ঘ. দিনাজপুর **উত্তর: ঘ**

৭৭. **বাংলাদেশের কোথায় ইউরেনিয়ামের সন্ধান পাওয়া গেছে -** [স্থানীয় সরকার মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৯]
ক. চট্টগ্রামের চন্দ্রনাথ পাহাড়ে খ. কুমিল্লার লালমাই পাহাড়ে গ. খাগড়াছড়ির আলুটিলায় ঘ. মৌলভীবাজারের কুলাউড়ায় **উত্তর: ঘ**

৭৮. **জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস কবে পালিত হয়?** [বাংলাদেশ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. ৯ আগস্ট খ. ১৪ সেপ্টেম্বর গ. ২১ অক্টোবর ঘ. ২৫ নভেম্বর **উত্তর: ক**

৭৯. **কত সালে বাংলাদেশ পেট্রোলিয়াম অ্যাক্ট পাস ও কার্যকর হয়?** [বাংলাদেশ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. ১৯৭২ খ. ১৯৭৪ গ. ১৯৭৬ ঘ. ১৯৮০ **উত্তর: খ**

৮০. **বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশনের সংক্ষিপ্ত নাম কী?** [সিলেট গ্যাস সহকারী ব্যবস্থাপক: ১৫]
ক. পেট্রোবাংলা খ. বাপেক্স গ. পেট্রোপোল ঘ. তিতাস **উত্তর: ক**
ব্যাখ্যা: বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশনের সংক্ষিপ্ত নাম পেট্রোবাংলা। পেট্রোবাংলার অধীনে ১৩ টি কোম্পানি রয়েছে। সেগুলো হলো গ্যাস অনুসন্ধান ও উৎপাদন কোম্পানি (বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিমিটেড, বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড ও সিলেট গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড), গ্যাস সঞ্চালন কোম্পানি (গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড), গ্যাস সঞ্চালন ও বিপনন কোম্পানি (তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড ও জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড), গ্যাস সঞ্চালন ও বিপনন কোম্পানি (বাখরাবাদ গ্যাস সিস্টেমস লিমিটেড, পশ্চিমাঞ্চল গাস কোম্পানি লিমিটেড, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড ও সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড), এলএনজি, সিএনজি ও এলপিজি এবং খনন কোম্পানি (রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড ও মধ্যপাড়া গ্রানাইড মাইনিং কোম্পানি লিমিটেড)।

৮১. **কোনটি পেট্রোবাংলার অধীন প্রতিষ্ঠান নয়?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৮]
ক. সাঙ্গু ভ্যালী খ. তিতাস গ. বাখরাবাদ ঘ. জালালাবাদ **উত্তর: ক**

৮২. **রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড কোন প্রতিষ্ঠানের একটি কোম্পানি?** [স্ট্যান্ডার্ড ব্যাংকের অফিসার: ০৬]
ক. Rural Electrification Board (REB) খ. Petrobangla
৫৪. **ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের International Air Transport Association (IATA) Code কোনটি?** [বেবিচকের এরোড্রাম কর্মকর্তা: ২৩]
ক. VGHS খ. DHK গ. DAC ঘ. HSIA **উত্তর: গ**

ষষ্ঠ অধ্যায় | বাংলাদেশের সংবিধান | ০৩ মার্কস

সংবিধান প্রণয়নের ইতিহাস

০১. **বাংলাদেশের অস্থায়ী সংবিধান আদেশ কত তারিখে জারি করা হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ২৩ মার্চ, ১৯৭২ খ. ১২ অক্টোবর, ১৯৭২ গ. ৪ নভেম্বর, ১৯৭২ ঘ. ১১ জানুয়ারি, ১৯৭২ **উত্তর: ঘ**

০২. **বাংলাদেশের অস্থায়ী সংবিধান আদেশ জারি করেন কে?** [আবাআখা প্রকল্পের জেলা সমন্বয়কারী: ১৭]
ক. শেখ মুজিবুর রহমান খ. সৈয়দ নজরুল ইসলাম গ. খন্দকার মোস্তাক ঘ. মুহম্মদুল্লাহ **উত্তর: ক**

০৩. **বাংলাদেশে কবে প্রথম সংসদীয় গণতন্ত্র প্রবর্তন করা হয়?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. ১৯৯১ সালে খ. ১৯৭২ সালে গ. ২০০১ সালে ঘ. ১৯৮২ সালে **উত্তর: খ**

০৪. **কার নির্দেশে তাজউদ্দীন আহমদ প্রধানমন্ত্রীর পদত্যাগ করেন?** [বিভিন্ন মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কমকর্তা: ০৯]
ক. কর্নেল ওসমানী খ. মেজর জিয়া গ. মেজর শফিউল্লাহ ঘ. শেখ মুজিব **উত্তর: ঘ**

০৫. **গণপরিষদ আদেশ জারি করা হয় –** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ক. ২৩ মার্চ, ১৯৭২ খ. ১৩ এপ্রিল, ১৯৭২ গ. ২৩ মে, ১৯৭২ ঘ. ২৪ জুন, ১৯৭২ **উত্তর: ক**

০৬. **গণপরিষদের সদস্য কতজন?** [বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১১]
ক. ৩৯৯ খ. ৪০৩ গ. ৪০৭ ঘ. ৪৩৪ **উত্তর: খ**

০৭. **বাংলাদেশ গণপরিষদের প্রথম অধিবেশন কত তারিখে শুরু হয়?** [আবাআখা প্রকল্পের জেলা সমন্বয়কারী: ১৭]
ক. ৭ এপ্রিল, ১৯৭২ খ. ১০ এপ্রিল, ১৯৭২ গ. ৭ এপ্রিল, ১৯৭৩ ঘ. ১০ এপ্রিল, ১৯৭৩ **উত্তর: খ**

০৮. **গণপরিষদের প্রথম অধিবেশনের সভাপতি ছিলেন** - [ডিটিসিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. মুহম্মদ উল্লাহ খ. শাহ আব্দুল হামিদ গ. তাজউদ্দিন আহমদ ঘ. আব্দুর রশিদ তর্কবাগীশ **উত্তর: ঘ**

০৯. **বাংলাদেশ গণপরিষদের সংসদ নেতা কে ছিলেন?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১১]
ক. তাজউদ্দিন আহমদ খ. সৈয়দ নজরুল ইসলাম গ. ক্যাপ্টেন মনসুর আলী ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান **উত্তর: ঘ**

১০. **বাংলাদেশ গণপরিষদের প্রথম স্পিকার ছিলেন** - [নির্বাচন কমিশন সচিবালয়ের উপজেলা নির্বাচন অফিসার: ০৯]
ক. আব্দুর রশিদ তর্কবাগীশ খ. শাহ আব্দুল হামিদ গ. মুহম্মদ উল্লাহ ঘ. বায়তুল্লাহ **উত্তর: খ**

১১. **বাংলাদেশ গণপরিষদের প্রথম ডেপুটি স্পিকার ছিলেন** - [নির্বাচন কমিশন সচিবালয়ের উপজেলা নির্বাচন অফিসার: ০৯]
ক. বায়তুল্লাহ খ. শাহ আব্দুল হামিদ গ. মুহম্মদ উল্লাহ ঘ. আব্দুর রশিদ তর্কবাগীশ **উত্তর: গ**

১২. **বাংলাদেশের সংবিধান রচিত হয়** - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ সহকারী: ০৩]
ক. রাষ্ট্রপতির আদেশ বলে খ. গণপরিষদের মাধ্যমে গ. গণবিপ্লবের মাধ্যমে ঘ. আইন পরিষদের মাধ্যমে **উত্তর: খ**

১৩. **বাংলাদেশ সংবিধান রচনা কমিটির সদস্য কতজন ছিলেন?** [বিসিকের প্রমোশন অফিসার: ২৩]
ক. ৩১ খ. ৩২ গ. ৩৩ ঘ. ৩৪ **উত্তর: ঘ**

১৪. **বাংলাদেশের খসড়া সংবিধান প্রণয়ন কমিটির চেয়ারম্যান বা সভাপতি ছিলেন - / কাকে বাংলাদেশের সংবিধানের রূপকার বা জনক বা স্থপতি বলা হয়?** [তথ্য মন্ত্রণালয়ের তথ্য অফিসার: ০৫]
ক. মির্জা গোলাম হাফিজ খ. ব্যারিস্টার মওদুদ আহমেদ গ. ড. কামাল হোসেন ঘ. বিচারপতি আবু সাঈদ চৌধুরী **উত্তর: গ**

১৫. **বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটিতে কতজন মহিলা সদস্য ছিলেন?** [বেবিচকের সিনিয়র অফিসার: ২১]
ক. ১ জন খ. ২ জন গ. ৩ জন ঘ. ৪ জন **উত্তর: ক**

১৬. **বাংলাদেশের সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য কে?** [বেবিচকের মেডিকেল অফিসার: ২১]
ক. হামিদা বানু খ. বেগম সুফিয়া কামাল গ. বেগম রাজিয়া বানু ঘ. সেলিনা হোসেন **উত্তর: গ**

১৭. **বাংলাদেশের সংবিধান রচনা কমিটির একমাত্র বিরোধীদলীয় সদস্য কে ছিলেন? / গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান রচনা কমিটির একমাত্র বিরোধীদলীয় সদস্য** - [মভাবিপ্রবি: ০৬-০৭]
ক. আব্দুর রাজ্জাক খ. কামাল হোসেন গ. বেগম রাজিয়া বানু ঘ. সুরঞ্জিত সেনগুপ্ত **উত্তর: ঘ**

১৮. **বাংলাদেশের সংবিধান কোন সালে প্রণীত বা রচিত হয়?** [টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের সিনিয়র ইন্সট্রাক্টর: ২১]
ক. ১৯৭২ খ. ১৯৭৩ গ. ১৯৭৪ ঘ. ১৯৭৫ **উত্তর: ক**

১৯. **১৯৭২ সালের বাংলাদেশের সংবিধানের হাতে লেখা পাণ্ডুলিপি কে তৈরি করেছিলেন? / বাংলাদেশ সংবিধান গ্রন্থের লিপিকার কে? / বাংলাদেশের সংবিধান হাতে লেখার দায়িত্ব কার উপর ন্যস্ত ছিল?** [৪৩তম বিসিএস]
ক. ড. কামাল হোসেন খ. শিল্পী আবদুর রউফ গ. শাহ আবদুল হামিদ ঘ. মুহাম্মদুল্লাহ **উত্তর: খ**

২০. **হস্তলিখিত সংবিধান কত পাতার ছিল?** [ডিটিসিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. ৮৭ খ. ৮৯ গ. ৯১ ঘ. ৯৩ (স্বাক্ষরসহ ১০৮ পাতা) **উত্তর: ঘ**

২১. **হস্তলিখিত সংবিধানে স্বাক্ষর করেন কতজন সদস্য?** [নার্সিং অধিদপ্তরের মিডওয়াইফ: ১৭]
ক. ৩৮৯ খ. ৩৯৩ গ. ৩৯৯ ঘ. ৪০৩ **উত্তর: গ**

২২. **হস্তলিখিত সংবিধানে প্রথম স্বাক্ষর করেন কে?** [এলজিইটি'র কার্য সহকারী: ২৩]
ক. আব্দুর রাজ্জাক খ. কামাল হোসেন গ. বেগম রাজিয়া বানু ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান **উত্তর: ঘ**

২৩. **বাংলাদেশে সংবিধান সর্বপ্রথম কোন তারিখে গণপরিষদে উত্থাপিত হয়?** [১৪তম বিসিএস]
ক. ১২ অক্টোবর, ১৯৭২ খ. ১৬ ডিসেম্বর, ১৯৭২ গ. ২৬ মার্চ, ১৯৭৩ ঘ. ১৬ ডিসেম্বর, ১৯৭৩ **উত্তর: ক**

২৪. **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান জাতীয় সংসদে গৃহীত হয় কবে?** [আইসিবি'র সিনিয়র অফিসার: ১৮]
ক. ১৫ কার্তিক, ১৩৭৯ খ. ২১ কার্তিক, ১৩৭৯ গ. ১৮ কার্তিক, ১৩৭৯ ঘ. ২৮ কার্তিক, ১৩৭৯ **উত্তর: গ**

২৫. **বাংলাদেশের সংবিধান কোন তারিখে গণপরিষদে গৃহীত হয়? / কত সালে গনপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান গণপরিষদে গৃহীত হয়?** [এনএসআই'র ফিল্ড স্টাফ: ২১]
ক. ১২ অক্টোবর, ১৯৭২ খ. ১৬ ডিসেম্বর, ১৯৭২ গ. ২৬ মার্চ, ১৯৭৩ ঘ. ৪ নভেম্বর, ১৯৭২ **উত্তর: ঘ**

২৬. **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান দিবস কত তারিখে? / কত তারিখ সংবিধান দিবস হিসেবে পালন করা হয়? / গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান দিবস** - [বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ১৬ ডিসেম্বর খ. ২৩ অক্টোবর গ. ৭ মার্চ ঘ. ৪ নভেম্বর **উত্তর: ঘ**

২৭. **বাংলাদেশের সংবিধান গৃহীত হওয়ার সময় রাষ্ট্রপতি কে ছিলেন?** [ডাক বিভাগের উপজেলা পোস্টমাস্টার: ১০]
ক. জনাব মুহম্মদুল্লাহ খ. শেখ মুজিবুর রহমান গ. আবু সাঈদ চৌধুরী ঘ. আহসান উদ্দীন চৌধুরী **উত্তর: গ**

২৮. **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান প্রবর্তিত বা কার্যকর হয়** - [৪০তম বিসিএস]
ক. ২৫ মার্চ, ১৯৭১ খ. ২৫ মার্চ, ১৯৭২ গ. ১৬ ডিসেম্বর, ১৯৭১ ঘ. ১৬ ডিসেম্বর, ১৯৭২ **উত্তর: ঘ**

২৯. **১৯৭২ সালের বাংলাদেশের সংবিধানে রাষ্ট্রীয় মূলনীতি** - [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক. ১০ টি খ. ৫ টি গ. ৪ টি ঘ. ৩ টি **উত্তর: গ**

৩০. **১৯৭২ সালের বাংলাদেশ সংবিধানে মূলনীতিগুলোর একটি হলো** - [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. ধনতন্ত্র খ. একনায়কতন্ত্র গ. গণতন্ত্র ঘ. রাজতন্ত্র **উত্তর: গ**

৩১. **কোনটি ১৯৭২ সালের বাংলাদেশ সংবিধানের মূলনীতি ছিল না?** [খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. সামাজিক ন্যায়বিচার খ. গণতন্ত্র গ. ধর্ম নিরপেক্ষতা ঘ. জাতীয়তাবাদ **উত্তর: ক**

৩২. **'Constitutional Law of Bangladesh' বইটির রচয়িতা কে?** [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৩]
ক. মাহমুদুল ইসলাম খ. সাহাবুদ্দীন আহমেদ গ. ব্যারিস্টার আব্দুল হালিম ঘ. মোঃ জসিম আলী **উত্তর: ক**

সংবিধানের ভাগ ও অনুচ্ছেদ

০১. **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সর্বোচ্চ আইন কী? / রাষ্ট্রের সর্বোচ্চ আইন হলো** - [ভূমি মন্ত্রনালয়ের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. নাগরিক অধিকার আইন খ. প্রজাস্বত্ব আইন গ. পেনাল কোড ঘ. সংবিধান **উত্তর: ঘ**

০২. **বাংলাদেশ সংবিধান দুষ্পরিবর্তনীয় কারণ** - [জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৭]
ক. পরিবর্তন সহজ নয় খ. লিখিত আকারে লিপিবদ্ধ গ. নাতিদীর্ঘ ঘ. পরিবর্তনে দক্ষতার অভাব **উত্তর: ক**

০৩. **বাংলাদেশের সংবিধানে কয়টি প্রস্তাবনা আছে?** [দুদকের সহকারী পরিচালক: ২০]
ক. একটি খ. দুইটি গ. তিনটি ঘ. চারটি **উত্তর: ক**

০৪. **বাংলাদেশ সংবিধানের প্রস্তাবনার উপর কী লেখা আছে?** [পিএসসি'র সহকারী পরিচালক: ০৪]
ক. জনগণই ক্ষমতার মালিক খ. সংবিধানই সকল ক্ষমতার উৎস
গ. বিসমিল্লাহির রহমানির রহিম ঘ. সর্বশক্তিমান আল্লাহর উপর পূর্ণ আস্থা **উত্তর: গ**

০৫. **বাংলাদেশের সংবিধানে কয়টি অধ্যায় বা ভাগ আছে?** [পরিবেশ অধিদপ্তরের গবেষণা সহকারী: ২৩]
ক. ৯ খ. ১০ গ. ১১ (সংশোধনীসহ ১২ টি) ঘ. ১৩ **উত্তর: গ**

০৬. **বাংলাদেশের সংবিধানে কয়টি পরিচ্ছেদ আছে?** [অ্যাডভোকেট নিবন্ধন: ১৪]
ক. ৯ খ. ১০ গ. ১২ ঘ. ১৩ **উত্তর: ঘ**

০৭. **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে কতটি অনুচ্ছেদ আছে?** [বিআরইবি'র মিটার রিডার: ২৩]
ক. ১৫৬ খ. ১৫৩ (সংশোধনীসহ ১৬৬ টি) গ. ১৫৫ ঘ. ১৫২ **উত্তর: খ**

প্রথম ভাগ : প্রজাতন্ত্র (০১ - ০৭) = মোট ০৭ টি

০১. **বাংলাদেশ একটি - / সংবিধানের এক নম্বর অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশ একটি** - [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩]
ক. ইসলামী প্রজাতন্ত্র খ. রাজতন্ত্র গ. প্রজাতন্ত্র ঘ. গণপ্রজাতন্ত্র **উত্তর: গ**

০২. **বাংলাদেশের সাংবিধানিক নাম হলো** - [জনপ্রশাসন মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ খ. বাংলাদেশ গ. বাংলাদেশ প্রজাতন্ত্র ঘ. বাংলাদেশ ইসলামী প্রজাতন্ত্র **উত্তর: ক**

০৩. **বাংলাদেশের সাংবিধানিক নামের ইংরেজি পাঠ কী?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের পোল্ট্রি টেকনিশিয়ান: ০২]
ক. People Republic of Bangladesh খ. Bangladesh People's Republic
গ. The Republic of Bangladesh ঘ. The People's Republic of Bangladesh **উত্তর: ঘ**

০৪. **সংবিধানের কোন অনুচ্ছেদে রাষ্ট্রধর্ম ইসলাম ও অন্যান্য ধর্মের সমানাধিকারের কথা বলা হয়েছে?** [ডাক বিভাগের উপজেলা পোস্টমাস্টার: ১০]
ক. ২ খ. ২ক গ. ৪ ঘ. ৪ক **উত্তর: খ**

০৫. **বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে?** [৪৫তম বিসিএস]
ক. প্রথম খ. দ্বিতীয় গ. তৃতীয় ঘ. চতুর্থ **উত্তর: গ**

০৬. **বাংলাদেশের সংবিধানে ভাষা বিষয়ক অনুচ্ছেদটি নিম্নরূপ** - [বেবিচকের সহকারী নিরাপত্তা কর্মকর্তা: ২১]
ক. প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা খ. সরকারের রাষ্ট্রভাষা বাংলা গ. বাংলাদেশের ভাষা বাংলা ঘ. বাংলাদেশের রাষ্ট্রভাষা বাংলা **উত্তর: ক**

০৭. **বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে জাতীয় প্রতীক, পতাকা ও সঙ্গীতের উল্লেখ আছে?** [নিপোর্টের হাউজ কিপার: ২৩]
ক. প্রথম খ. দ্বিতীয় গ. তৃতীয় ঘ. চতুর্থ **উত্তর: ঘ**

০৮. **সংবিধানের কোন অনুচ্ছেদে জাতীয় সঙ্গীত 'আমার সোনার বাংলা' এর উল্লেখ আছে?** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. প্রথম খ. দ্বিতীয় গ. তৃতীয় ঘ. চতুর্থ **উত্তর: ঘ**

০৯. **National emblem of Bangladesh consists of** - [আইএফআইসি ব্যাংকের প্রবেশনারী অফিসার: ৯২]
ক. Shahid Minar in the background of a rising sun.
খ. A Royal Bengal Tiger standing in a forest flanked by spotted deers on two sides.
গ. Shapla Flower on water flanked on two sides by shoots of paddy decorated by two stars and three jute leaves at the top.
ঘ. A bouquet of Rajanigandha with a shoot of paddy on one side and a jute plant on the other. **উত্তর: গ**

১০. **বঙ্গবন্ধুর প্রতিকৃতি সংরক্ষণ ও প্রদর্শনের কথা সংবিধানের কোন অনুচ্ছেদে উল্লেখ আছে?** [মাউশি অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. ৪(১) খ. ৪ক গ. ৪(২) ঘ. ৪(৩) **উত্তর: খ**

১১. **বাংলাদেশের সংবিধানের কত অনুচ্ছেদে রাজধানী ঢাকা সম্পর্কে উল্লেখ আছে?** [গণযোগাযোগ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ৪ নম্বর খ. ৫ নম্বর গ. ৬ নম্বর ঘ. ৩ নম্বর **উত্তর: খ**

১২. **বাংলাদেশের জনগণ জাতি হিসেবে কী নামে পরিচিত?** [এনসিটিবি'র কম্পিউটার অপারেটর: ২১]
ক. বঙ্গবাসী খ. বাঙালি গ. বাঙ্গাল ঘ. বাংলাদেশি **উত্তর: খ**

১৩. **বাংলাদেশের নাগরিকদের পরিচয় কোনটি? / বাংলাদেশের জাতীয়তা কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক: ১৭]
ক. বাংলা খ. বাঙালি গ. বাংলাদেশের বাঙালি ঘ. বাংলাদেশি **উত্তর: ঘ**

১৪. **সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের নাগরিকগণ বাংলাদেশি বলিয়া পরিচিত হবেন?** [২৬তম বিসিএস]
ক. ৬(১) খ. ৬(২) গ. ৭ ঘ. ৮ **উত্তর: খ**

১৫. **'প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ' এই ঘোষণাটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে উল্লেখ রয়েছে?** [জীবন বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২১]
ক. ৫(২) খ. ৭(১) গ. ১৫(৩) ঘ. ২৯(১) **উত্তর: খ**

১৬. **'প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ' এটি সংবিধানের কোন ভাগে বলা হয়েছে?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২১]
ক. ১ খ. ২ গ. ৩ ঘ. ৪ **উত্তর: ক**

১৭. **কোন অনুচ্ছদ বলে বাংলাদেশের সংবিধানের মৌলিক বিধানাবলী পরিবর্তনযোগ্য নয়?** [৪১তম বিসিএস]
ক. ৭ খ. ৭(ক) গ. ৭(খ) ঘ. ৮ **উত্তর: গ**

দ্বিতীয় ভাগ : রাষ্ট্র পরিচালনার মূলনীতি (০৮ - ২৫) = মোট ১৮ টি

০১. **রাষ্ট্র পরিচালনার মূলনীতি সংবিধানের কোন ভাগে রয়েছে?** [বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জুনিয়র ইন্সট্রাক্টর: ২০]
ক. প্রথম ভাগ খ. দ্বিতীয় ভাগ গ. তৃতীয় ভাগ ঘ. পঞ্চম ভাগ **উত্তর: খ**

০২. **বাংলাদেশের সংবিধানে রাষ্ট্রপরিচালনার মূলনীতি বর্ণিত হয়েছে কোন অনুচ্ছেদে?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ২২]
ক. ৫ খ. ৮ গ. ১০ ঘ. ১১ **উত্তর: খ**

০৩. **বাংলাদেশের সংবিধানের মূলনীতি কয়টি? / বাংলাদেশের রাষ্ট্রীয় মূলনীতি -** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]
ক. ৪ টি খ. ৫ টি গ. ৬ টি ঘ. ৮ টি **উত্তর: ক**

০৪. **বাংলাদেশের সংবিধান অনুযায়ী রাষ্ট্র পরিচালনার চার মূলনীতি হচ্ছে -** [ডাক বিভাগের বিল্ডিং ওভারশিয়ার: ১৮]
ক. জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা খ. সমাজতন্ত্র, গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ও সুশাসন
গ. মানবাধিকার, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা ঘ. জাতীয়তাবাদ, আইনের শাসন, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা **উত্তর: ক**

০৫. **বাঙালি জাতীয়তাবাদের ভিত্তি কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক: ১৭]
ক. ধর্মীয় ঐক্য খ. ভ্রাতৃত্ববোধ গ. ঐক্য ও সংহতি ঘ. শৃঙ্খলাবোধ **উত্তর: গ**

০৬. **প্রজাতন্ত্র হইবে একটি গণতন্ত্র ....' শব্দগুলো বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে বর্ণিত আছে? / গণতন্ত্র ও মানবাধিকারের কথা বলা আছে কোন অনুচ্ছেদে?** [১০ম বিজেএস]
ক. ৭ খ. ৮ গ. ১১ ঘ. ১২ **উত্তর: গ**

০৭. **বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদ প্রশাসনের সকল পর্যায়ে নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে জনগণের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করার বিধান আছে?** [৮ম বিজেএস]
ক. ৮ খ. ৯ গ. ১০ ঘ. ১১ **উত্তর: ঘ**

০৮. **সংবিধানের যে ধারায় ধর্মনিরপেক্ষতা নীতির ব্যাখ্যা দেওয়া হয়েছে -** [ডেসকো'র সুপারভাইজার: ১৯]
ক. ১০ খ. ১২ গ. ১৩ ঘ. ১৪ **উত্তর: খ**

০৯. **সংবিধানের ১৫ নং অনুচ্ছেদের বিষয়বস্তু কী?** [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. জনস্বাস্থ্য ও নৈতিকতা খ. সুযোগের সমতা গ. জাতীয় সংস্কৃতি ঘ. মৌলিক প্রয়োজনের ব্যবস্থা **উত্তর: ঘ**

১০. **মানুষের মৌলিক চাহিদা কয়টি? / গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে জীবনধারণের জন্য কয়টি মৌলিক উপকরণের কথা বলা হয়েছে?** [বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]
ক. ৩ টি খ. ৪ টি গ. ৫ টি ঘ. ৭ টি **উত্তর: গ**

১১. **বাংলাদেশে শিক্ষার আইনগত ভিত্তির প্রধান উৎস কোনটি?** [পিটিআই'র ইন্সট্রাক্টর: ২১]
ক. সরকারি আদেশ-নির্দেশ খ. জাতিসংঘের ঘোষণাবলী গ. আইন ও অধ্যাদেশ ঘ. সংবিধান **উত্তর: ঘ**

১২. **সংবিধানের কোন অনুচ্ছেদ পল্লী বিদ্যুতায়নের কথা বলা হয়েছে?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ২৩]
ক. ১২ খ. ১৫ গ. ১৬ ঘ. ২০ **উত্তর: গ**

১৩. **বাংলাদেশের সংবিধানের কত ধারায় অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষার জন্য সাংবিধানিক অঙ্গীকার ব্যক্ত আছে?** [আইইআর'র উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনটর: ২০]
ক. ১৪ নং ধারা খ. ১৫ নং ধারা গ. ১৬ নং ধারা ঘ. ১৭ নং ধারা **উত্তর: ঘ**

১৪. **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে জনস্বাস্থ্য ও নৈতিকতার বিষয়টি আলোচিত হয়েছে?** [৪১তম বিজেএস]
ক. ১৩ খ. ১৮ গ. ২০ ঘ. ২৫ **উত্তর: খ**

১৫. **পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়নের বিষয়টি সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে?** [১১তম বিজেএস]
ক. ১৮ খ. ১৮ক গ. ১৯ ঘ. ২০ **উত্তর: খ**

১৬. সংবিধানের কোন অনুচ্ছেদে সুযোগের সমতা সম্পর্কে বলা হয়েছে? [প্রতিরক্ষাম মন্ত্রনালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ১৮ খ. ১৯(১) গ. ২০ ঘ. ২১ **উত্তর: খ**

১৭. জাতীয় জীবনের সর্বস্তরে মহিলাদের অংশগ্রহণ সম্পর্কে সংবিধানের কোন অনুচ্ছেদে বলা হয়েছে? [ভূমি মন্ত্রণালয়ের কানুনগো: ০২]
ক. ১৮ খ. ১৯(১) গ. ১৯(৩) ঘ. ২০ **উত্তর: গ**

১৮. সংবিধানের কোন অনুচ্ছেদে অনুপার্জিত আয় সম্পর্কে বলা হয়েছে? [দুদকের সহকারী পরিচালক: ২০]
ক. ১৫ খ. ২০ গ. ২৫ ঘ. ২৭ **উত্তর: খ**

১৯. বাংলাদেশের সংবিধানে কত অনুচ্ছেদে নাগরিক কর্তব্য সমূহ আলোচিত হয়েছে? [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১০]
ক. ৩১ অনুচ্ছেদে খ. ২১ অনুচ্ছেদে গ. ১১ অনুচ্ছেদে ঘ. ১ অনুচ্ছেদে **উত্তর: খ**

২০. 'সকল সময়ে --- চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য' গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২১(২) ধারা অনুযায়ী শূন্যস্থান পূরণ করুন। [১৮তম বিসিএস]
ক. জনগণের সেবা করার খ. রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করার
গ. সরকারের প্রতি আনুগত্য প্রকাশ করার ঘ. সংবিধানের প্রতি আনুগত্য প্রকাশ করার **উত্তর: ক**

২১. বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগের পৃথকীকরণের কথা বলা হয়েছে? [৩৯তম বিসিএস]
ক. ৩৭ খ. ১৫ গ. ২২ ঘ. ১১ **উত্তর: গ**

২২. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে জাতীয় ভাষা, সাহিত্য ও শিল্পকলাসমূহের সমৃদ্ধির ওপর গুরুত্বারোপ করা হয়েছে? [জবি: ১৭-১৮]
ক. ২১ খ. ২২ গ. ২৩ ঘ. ২৪ **উত্তর: গ**

২৩. উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা ও নৃ-গোষ্ঠীর সংস্কৃতি সম্পর্কে বলা আছে সংবিধানের কোন অনুচ্ছেদে? [চবি: ০৫-০৬]
ক. ২২ খ. ২৩ গ. ২৩ক ঘ. ২৫ **উত্তর: গ**

২৪. সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে বৈদেশিক নীতি বা পররাষ্ট্র নীতির কথা বলা হয়েছে? / সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও সাংস্কৃতিক উন্নয়নের বিষয়ে উল্লেখ আছে? [৪১তম বিসিএস]
ক. ২২ খ. ২৫ গ. ২৬ ঘ. ২৭ **উত্তর: খ**

২৫. সংবিধানের কত ভাগে আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও সাংস্কৃতিক উন্নয়নের বিষয়ে উল্লেখ আছে? [পিকেবি'র অফিসার: ২১]
ক. প্রথম খ. দ্বিতীয় গ. তৃতীয় ঘ. চতুর্থ **উত্তর: খ**

তৃতীয় ভাগ : মৌলিক অধিকার (২৬ - ৪৭) = মোট ২২ টি

০১. বাংলাদেশ সংবিধানের কোন ভাগে মৌলিক অধিকারের কথা বলা হয়েছে? [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচলেক: ১৭]
ক. প্রথম ভাগে খ. দ্বিতীয় ভাগে গ. তৃতীয় ভাগে ঘ. চতুর্থ ভাগে **উত্তর: গ**

০২. বাংলাদেশের সংবিধানে মৌলিক অধিকার সম্পর্কিত কতটি আর্টিকেল আছে? [স্থাপত্য অধিদপ্তরের অফিস সহকারী: ২৩]
ক. ১৫ টি খ. ২০ টি গ. ২২ টি ঘ. ১৭ টি (প্রচলিত উত্তর: ১৮ টি) **উত্তর: ঘ**

০৩. বাংলাদেশের সংবিধানে কয়টি মৌলিক অধিকারের কথা বলা আছে? [ইসলামিক ফাউন্ডেশনের সহকারী পরিচালক: ১৪]
ক. ১৫ টি খ. ১৮ টি গ. ২২ টি ঘ. ২৪ টি **উত্তর: খ**

০৪. বাংলাদেশ সংবিধানের কোন আর্টিকেলে Doctrine of Eclipse নির্দেশ করে? / কোন অনুচ্ছেদে মৌলিক অধিকারের সাথে অসমঞ্জস আইন বাতিলের কথা বলা আছে? [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ২২]
ক. ২৬ খ. ২৭ গ. ২৮ ঘ. ২৯ **উত্তর: ক**

০৫. 'Nemo Est Supra Leges' প্রবচনের সমার্থক বাক্য কোনটি? [পঞ্চদশ বিজেএস]
ক. কেউ আইনের উর্ধ্ব নয় খ. কেউ সার্বভৌমত্বের উর্ধ্ব নয় গ. কেউ দোষ স্বীকারে বাধ্য নয় ঘ. ক্ষতিকর কর্মের আইনি প্রতিকার নেই **উত্তর: ক**

০৬. 'Nemo Est Supra Leges' নীতিটি সংবিধানের কোন অনুচ্ছেদ ধারণ করে? [ষোড়শ বিজেএস]
ক. ২৯ খ. ২৭ গ. ১৮ ঘ. ৩১ **উত্তর: খ**

০৭. 'সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয় লাভের অধিকারী' কোন অনুচ্ছেদে বর্ণিত আছে? [৩৮তম বিসিএস]
ক. ২৭ খ. ২৮ গ. ৩০ ঘ. ৪৭ **উত্তর: ক**

০৮. 'রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার লাভ করবেন' সংবিধানের কোন অনুচ্ছেদে বলা আছে? / বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে নারী-পুরুষের সমতা নিশ্চিত করা হয়েছে? [৪৩তম বিসিএস]
ক. ১০ নং অনুচ্ছেদে খ. ২১(২) নং অনুচ্ছেদে গ. ২৭ নং অনুচ্ছেদে ঘ. ২৮(২) নং অনুচ্ছেদে **উত্তর: ঘ**

০৯. সংবিধানের ২৮(২) নং অনুচ্ছেদের বিষয়বস্তু কী? [২৭তম বিসিএস]
ক. সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান খ. সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার
গ. সকল নাগরিকের চাকরি লাভের সুযোগ ঘ. জীবন ও ব্যক্তিস্বাধীনতার অধিকার **উত্তর: খ**

১০. সংবিধানের কোন অনুচ্ছেদ বলে রাষ্ট্র নারী, শিশু বা অনগ্রসর নাগরিকদের অগ্রগতির জন্য বিশেষ বিধান তৈরির ক্ষমতা পায়? [২১তম বিসিএস]
ক. ২৫(৭) খ. ২৮(৪) গ. ৪০(৩) ঘ. ৪২ **উত্তর: খ**

১১. সংবিধানের কোন অনুচ্ছেদে সকল নাগরিকের আইনের আশ্রয় লাভের অধিকারের উল্লেখ রয়েছে? [বিটিভি'র রিসার্চ অফিসার: ০৬]
ক. ২৭ নং অনুচ্ছেদ খ. ৩১ নং অনুচ্ছেদ গ. ৩২ নং অনুচ্ছেদ ঘ. ৩৪ নং অনুচ্ছেদ **উত্তর: খ**

১২. নিচের কোনটি বাংলাদেশের সংবিধানে বর্ণিত মৌলিক অধিকার নয়? [আইএফআইসি ব্যাংকের প্রবেশনারী অফিসার: ৯৬]
ক. বাক স্বাধীনতা খ. সংগঠনের স্বাধীনতা গ. সুখের অধিকার ঘ. সমাবেশের স্বাধীনতা **উত্তর: গ**

১৩. সংবিধানের ৩২ নং অনুচ্ছেদ অনুসারে মানুষের জীবন, ব্যক্তি স্বাধীনতা ও নিরাপত্তার অধিকারকে কোন ধরনের অধিকার বলা হয়? [দুদকের সহকারী পরিদর্শক: ০৪]
ক. রাজনৈতিক অধিকার খ. সামাজিক অধিকার গ. মানবাধিকার ঘ. মৌলিক অধিকার **উত্তর: ঘ**

১৪. সংবিধানের কোন অনুচ্ছেদে চলাফেরার স্বাধীনতার উল্লেখ রয়েছে? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. ৩৬ নং অনুচ্ছেদ খ. ৩০ নং অনুচ্ছেদ গ. ৩৭ নং অনুচ্ছেদ ঘ. ৩১ নং অনুচ্ছেদ **উত্তর: ক**

১৫. সংবিধানের কোন অনুচ্ছেদে সমাবেশের স্বাধীনতার উল্লেখ রয়েছে? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৮]
ক. ৩০ নং অনুচ্ছেদ খ. ৩৬ নং অনুচ্ছেদ গ. ৩৭ নং অনুচ্ছেদ ঘ. ৩৮ নং অনুচ্ছেদ **উত্তর: গ**

১৬. সংবিধানের কোন অনুচ্ছেদে সংগঠনের স্বাধীনতার উল্লেখ রয়েছে? [শ্রম অধিদপ্তরের সহকারী শ্রম অফিসার: ০৪]
ক. ২১ নং অনুচ্ছেদ খ. ৩২ নং অনুচ্ছেদ গ. ৩৮ নং অনুচ্ছেদ ঘ. ৪০ নং অনুচ্ছেদ **উত্তর: গ**

১৭. চিন্তা ও বিবেকের স্বাধীনতার বিষয়টি সংবিধানের কোন অনুচ্ছেদে বর্ণিত আছে? [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ১১]
ক. ২৬ খ. ৪৩ গ. ১০৮ ঘ. ৩৯ **উত্তর: ঘ**

১৮. সংবিধানের কোন অনুচ্ছেদে বাক স্বাধীনতার কথা বলা হয়েছে? [বাংলাদেশ পুলিশের দপ্তরী: ২৩]
ক. ৩৯(২)(খ) অনুচ্ছেদ খ. ৩৯(১) অনুচ্ছেদ গ. ৩৯(২)(ক) অনুচ্ছেদ ঘ. ৩৯(১)(ক) অনুচ্ছেদ **উত্তর: গ**

১৯. সংবিধানের কোন অনুচ্ছেদে সংবাদপত্রে স্বাধীনতার নিশ্চয়তা দেওয়া হয়েছে? [ফায়ার সার্ভিসের ষ্টাফ অফিসার: ২৩]
ক. ৩৯(২)(খ) অনুচ্ছেদ খ. ৩৯(১) অনুচ্ছেদ গ. ৩৯(২)(ক) অনুচ্ছেদ ঘ. ৩৯(১)(ক) অনুচ্ছেদ **উত্তর: ক**

২০. সংবিধানের কোন অনুচ্ছেদে পেশা বা বৃত্তির স্বাধীনতা সম্পর্কে বলা আছে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২৩]
ক. ৩৯ খ. ৪০ গ. ৪১ ঘ. ৪২ **উত্তর: খ**

২১. বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে ধর্মীয় স্বাধীনতা নিশ্চিত করা হয়েছে? [৪৪তম বিসিএস]
ক. ৩৮ নং খ. ৩৯ নং গ. ৪১ নং ঘ. ৪৩ নং **উত্তর: গ**

২২. বাংলাদেশের প্রত্যেক নাগরিবের সম্পত্তি অর্জন, ধারণ, হস্তান্তর বা অন্যভাবে বিলি-ব্যবস্থা করার অধিকার থাকবে বলে বলা হয়েছে বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে? [শ্রম অধিদপ্তরের উপ-সহকারী পরিচালক: ০১]
ক. ৪২ নং অনুচ্ছেদ খ. ২৫ নং অনুচ্ছেদ গ. ৩০ নং অনুচ্ছেদ ঘ. ২৭ নং অনুচ্ছেদে **উত্তর: ক**

২৩. বাংলাদেশ সংবিধানের কত ধারায় মৌলিক অধিকার বলবৎকরণ সম্পর্কে বলা আছে? [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৩]
ক. ৩৯ ধারা খ. ৪৩ ধারা গ. ৪৪ ধারা ঘ. ৪৫ ধারা **উত্তর: গ**

২৪. যুদ্ধাপরাধীদের বিচার সংক্রান্ত সংবিধানের অনুচ্ছেদটি কত? [বেবিচকের অ্যারোড্রাম কর্মকর্তা: ২১]
ক. ৪৭ খ. ২৫ গ. ৩১ ঘ. ৭০ **উত্তর: ক**

চতুর্থ ভাগ : নির্বাহী বিভাগ (৪৮ - ৬৪) = মোট ১৭ টি

০১. সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে রাষ্ট্রপতি থাকার কথা বলা হয়েছে? [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]
ক. ৪৫ খ. ৪৮ গ. ৫০ ঘ. ৫২ **উত্তর: খ**

০২. বাংলাদেশের রাষ্ট্রপতি কীভাবে নির্বাচিত হোন? [নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের অফিস সহায়ক: ২৩]
ক. জনগণের সরাসরি ভোটে খ. প্রধান বিচারপতি কর্তৃক গ. প্রধানমন্ত্রী কর্তৃক ঘ. জাতীয় সংসদ সদস্যদের ভোটে **উত্তর: ঘ**

০৩. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি পদে নির্বাচিত হবার ন্যূনতম বয়স - [৩৮তম বিসিএস]
ক. ৩০ বছর খ. ৩৫ বছর গ. ৪০ বছর ঘ. ৪৫ বছর **উত্তর: খ**

০৪. মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রধান বিচারপতি নিয়োগের ক্ষেত্রে কার সুপারিশ আবশ্যক হয়? [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ২১]
ক. মাননীয় প্রধানমন্ত্রী খ. অ্যাটর্নি জেনারেল গ. আইনমন্ত্রী ঘ. কারোরই নয় **উত্তর: ঘ**

০৫. প্রধানমন্ত্রীর নিয়োগের বাইরে রাষ্ট্রপতি প্রধানমন্ত্রীর পরামর্শ ব্যতীত কোন কাজ এককভাবে করতে পারেন? [২১তম বিসিএস]
ক. প্রধান বিচারপতি নিয়োগ খ. সিইসি নিয়োগ গ. অডিটর জেনারেল নিয়োগ ঘ. পিএসসি'র চেয়ারম্যান নিয়োগ **উত্তর: ক**

০৬. রাষ্ট্রপতি কোন ধারার বিধান মতে কারো সাথে কোনো পরামর্শ ছাড়াই প্রধান বিচারপতি নিয়োগ দিতে পারেন? [জবি: ১২-১৩]
ক. ৪৪ ধারা খ. ৭(১) ধারা গ. ৪৮(৩) ধারা ঘ. ৭(২) ধারা **উত্তর: গ**

০৭. বাংলাদেশের সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে রাষ্ট্রপতির সাধারণ ক্ষমা সংক্রান্ত বিধান রয়েছে? [বাংলাদেশ রেলওয়ের বুকিং সহকারী: ১৪]
ক. ২৭ খ. ৪৯ গ. ৫২ ঘ. ১০২ **উত্তর: খ**

০৮. সংবিধানের ৫০(৩) নং অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের রাষ্ট্রপতি কার নিকট পদত্যাগ করেন? [কুবি: ১৫-১৬]
ক. প্রধানমন্ত্রী খ. প্রধান বিচাপতি গ. স্পিকার ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

০৯. রাষ্ট্রপতির দায়মুক্তি বাংলাদেশের সংবিধানের কত নং অনুচ্ছেদে বর্ণিত আছে? [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. ৪৮ খ. ৫১ গ. ৬৭ ঘ. ১২৮ **উত্তর: খ**

১০. কার কর্তৃত্বের উপর আদালতের কোন এখতিয়ার নেই? [বিআরইবি'র সহকারী সচিব: ১৫]
ক. প্রধানমন্ত্রী খ. প্রধান বিচারপতি গ. রাষ্ট্রপতি ঘ. সেনাপ্রধান **উত্তর: গ**

১১. **সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতির অভিশংসন বা ইমপিচমেন্ট সম্ভব?** [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৩]
ক. ৫১ অনুচ্ছেদ খ. ৫২ অনুচ্ছেদ গ. ৫৩ অনুচ্ছেদ ঘ. ৫৪ অনুচ্ছেদ **উত্তর: খ**

১২. **ইমপিচমেন্ট দ্বারা কাকে অভিশংসন করা হয়?** [জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক. রাষ্ট্রপতি খ. প্রধানমন্ত্রী গ. স্পিকার ঘ. প্রধান বিচারপতি **উত্তর: ক**

১৩. **বাংলাদেশের রাষ্ট্রপতি অভিশংসন করেন কে?** [চবি: ০৮-০৯]
ক. সুপ্রিম কোর্ট খ. জাতীয় সংসদ গ. প্রধানমন্ত্রী ঘ. স্পিকার **উত্তর: খ**

১৪. **বাংলাদেশ সংবিধানের কোন ভাগে প্রধানমন্ত্রী এবং মন্ত্রিসভা সংক্রান্ত বিধি প্রণীত আছে?** [জাবি: ১৫-১৬]
ক. দ্বিতীয় খ. তৃতীয় গ. চতুর্থ ঘ. পঞ্চম **উত্তর: গ**

১৫. **'প্রধানমন্ত্রী কর্তৃক বা তাহার কর্তৃত্বে --- নির্বাহী ক্ষমতা প্রযুক্ত হইবে' সংবিধানের ৫৫(২) অনুচ্ছেদ মতে শূন্যস্থানে কী বসবে?** [১১তম বিজেএস]
ক. এই আইন অনুযায়ী রাষ্ট্রের খ. এই আইন অনুযায়ী প্রজাতন্ত্রের গ. এই সংবিধান অনুযায়ী রাষ্ট্রের ঘ. এই সংবিধান অনুযায়ী প্রজাতন্ত্রের **উত্তর: ঘ**

১৬. **প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা কার কর্তৃত্বে প্রযুক্ত হয়?** [৩৯তম বিসিএস]
ক. রাষ্ট্রপ্রতি খ. মন্ত্রী গ. সচিব ঘ. প্রধানমন্ত্রী **উত্তর: ঘ**

১৭. **কে প্রধানমন্ত্রীকে নিয়োগ দেন?** [জীবন বীমা কর্পোরেশনের কম্পিউটার অপারেটর: ২১]
ক. জনগণ খ. জাতীয় সংসদ গ. রাষ্ট্রপতি ঘ. মন্ত্রিসভা **উত্তর: গ**

১৮. **বাংলাদেশে সংবিধান অনুযায়ী প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীকে নিয়োগ দান করেন -** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. রাষ্ট্রপতি খ. জাতীয় সংসদ গ. সুপ্রিম কোর্ট ঘ. সরকারি দল **উত্তর: ক**

১৯. **বাংলাদেশের সংবিধানের কত ধারা মোতাবেক রাষ্ট্রপতি মন্ত্রী ও প্রতিমন্ত্রীর নিযুক্তি দেন?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৯]
ক. ২৫(১) ধারা খ. ৫০ ধারা গ. ৫০(১) ধারা ঘ. ৫৬(২) **উত্তর: ঘ**

২০. **প্রধানমন্ত্রী তার মন্ত্রিসভার সদস্যদের কত অংশ সদস্য সংসদের বাইরে থেকে নিয়োগ করতে পারেন? / সংবিধান অনুযায়ী সর্বাধিক কতজনকে টেকনোক্র্যাট মন্ত্রী নিয়োগ করা যায়?** [কুবি: ১৪-১৫]
ক. এক-পঞ্চমাংশ খ. এক-দশমাংশ গ. এক-তৃতীয়াংশ ঘ. এক-চতুর্থাংশ **উত্তর: খ**

২১. **বাংলাদেশের সংবিধান অনুযায়ী টেকানোক্রেট মন্ত্রী নিয়োগ দেওয়া যায় সর্বোচ্চ -** [বাংলাদেশ রেলওয়ের সহকারী স্টেশন মাস্টার: ২২]
ক. ৫% খ. ৮% গ. ১০% ঘ. ১২% **উত্তর: গ**

২২. **বাংলাদেশের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে কাজ করেন কে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]
ক. প্রধানমন্ত্রী খ. রাষ্ট্রপতি গ. স্পিকার ঘ. মন্ত্রী **উত্তর: ক**

২৩. **বাংলাদেশের বর্তমান সরকার ব্যবস্থায় মন্ত্রীদের দপ্তর বন্টন করেন কে?** [জাবি: ১৮-১৯]
ক. রাজনৈতিক নেতৃবৃন্দ খ. মন্ত্রিপরিষদ সচিব গ. সংসদ ঘ. প্রধানমন্ত্রী **উত্তর: ঘ**

২৪. **বাংলাদেশের মন্ত্রিপরিষদ তাঁদের কাজ-কর্মের জন্য কার কাছে দায়ী?** [আনসার ও ভিডিপি'র উপজেলা প্রশিক্ষক: ১৪]
ক. রাষ্ট্রপতির কাছে খ. জনগণের কাছে গ. জাতীয় সংসদের কাছে ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

২৫. **বাংলাদেশের সংবিধানের কত অনুচ্ছেদ অনুযায়ী মন্ত্রিসভা যৌথভাবে সংসদের নিকট দায়ী থাকবে?** [রাকাব'র ক্যাশিয়ার: ১৬]
ক. ৫৩ খ. ৫৪ গ. ৫৬ ঘ. ৫৫ **উত্তর: ঘ**

২৬. **মন্ত্রিপরিষদ শাসন ব্যবস্থায় প্রধানমন্ত্রী কার কাছে জবাবদিহি করেন?** [জবি: ১৬-১৭]
ক. প্রধান বিচারপতি খ. রাষ্ট্রপতি গ. নির্বাহী বিভাগ ঘ. আইনসভা **উত্তর: ঘ**

২৭. **অনুসৃত নীতি ও কার্যাবলীর জন্য বাংলাদেশের কেবিনেট দায়ী থাকে -** [পিএসসি'র সহকারী সচিব: ০৫]
ক. জনগণের কাছে খ. রাষ্ট্রপতির কাছে গ. জাতীয় সংসদের কাছে ঘ. প্রধানমন্ত্রীর কাছে **উত্তর: গ**

২৮. **বাংলাদেশ সংবিধানের কত অনুচ্ছেদে স্থানীয় সরকারের কথা বলা আছে?** [সমবায় অধিদপ্তরের ক্যাশিয়ার: ২৩]
ক. ৬০, ৬৯ খ. ৫৯, ৬০ গ. ৪৪, ৪৬ ঘ. ৬১, ৬৩ **উত্তর: খ**

২৯. **বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক কে? / বাংলাদেশের সশস্ত্র বাহিনীর প্রধান -** [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. চীফ অব আর্মি স্টাফ খ. প্রধানমন্ত্রী গ. রাষ্ট্রপতি ঘ. চীফ এডভাইজার **উত্তর: গ**

৩০. **সংবিধানের কোন পরিচ্ছেদে প্রতিরক্ষা কর্মবিভাগ সম্পর্কে বলা আছে?** [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২৩]
ক. ৩য় পরিচ্ছদ খ. ৪র্থ পরিচ্ছদ গ. ৫ম পরিচ্ছদ ঘ. ৬ষ্ঠ পরিচ্ছদ **উত্তর: খ**

৩১. **বাংলাদেশের প্রতিরক্ষা কর্মবিভাগসমূহের সর্বাধিনায়কতা সংবিধানের কোন অনুচ্ছেদে বলা আছে?** [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২৩]
ক. ৬১ খ. ৬৫ গ. ৬৩ ঘ. ৬৭ **উত্তর: ক**

৩২. **বাংলাদেশের প্রতিরক্ষা কর্মবিভাগসমূহের সর্বাধিনায়কতা কার উপর ন্যস্ত?** [বেবিচকের অ্যারোড্রাম কর্মকর্তা: ২১]
ক. জাতীয় সংসদ খ. প্রধান বিচারপতি গ. প্রধানমন্ত্রী ঘ. রাষ্ট্রপতি **উত্তর: ঘ**

৩৩. **সংবিধানের ৬৩ নং অনুচ্ছেদ অনুসারে বাংলাদেশ কোনো যুদ্ধে অংশ নিতে চাইলে অনুমতি লাগবে -** [জাবি: ১৫-১৬]
ক. রাষ্ট্রপতির খ. প্রধানমন্ত্রীর গ. তিন বাহিনীর প্রধানদের ঘ. জাতীয় সংসদের **উত্তর: ঘ**

৩৪. **বাংলাদেশের সংবিধান অনুসারে কে যুদ্ধ ঘোষণা করতে পারেন?** [অ্যাডভোকেট নিবন্ধন: ১২]
ক. রাষ্ট্রপতি খ. প্রধানমন্ত্রী গ. জাতীয় সংসদ ঘ. প্রতিরক্ষা মন্ত্রণালয় **উত্তর: গ**

৩৫. বাংলাদেশ সংবিধানের কত অনুচ্ছেদে অ্যাটর্নি জেনারেলের কথা বলা আছে? [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ১৬]
ক. ৫৮ খ. ৬১ গ. ৬২ ঘ. ৬৪ **উত্তর: ঘ**

৩৬. বাংলাদেশে কতজন অ্যাটর্নি জেনারেল আছেন? [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. ৫ খ. ১০ গ. ১ ঘ. ২ **উত্তর: গ**

৩৭. বাংলাদেশের অ্যাটর্নি জেনারেল পদে নিয়োগ দান করেন কে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০২]
ক. রাষ্ট্রপতি খ. প্রধানমন্ত্রী গ. আইনমন্ত্রী ঘ. স্পিকার **উত্তর: ক**

৩৮. বাংলাদেশ সংবিধানের কত অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি অ্যাটর্নি জেনারেল নিয়োগ দেন? [ডাক বিভাগের হিসাবরক্ষক: ২৩]
ক. ৪৮(১) খ. ৫৮(১) গ. ৬২(১) ঘ. ৬৪(১) **উত্তর: খ**

৩৯. সংবিধান ৬৪(৪) অনুচ্ছেদ অনুযায়ী অ্যাটর্নি জেনারেল কত দিন স্বপদে বহাল থাকতে পারেন? [নির্বাচকের নিরাপত্তা কর্মকর্তা: ২১]
ক. ৬৫ বছর পর্যন্ত খ. ৬৭ বছর পর্যন্ত গ. রাষ্ট্রপতির ইচ্ছা অনুযায়ী ঘ. কার্যভার গ্রহণ হতে ৫ বছর **উত্তর: গ**

পঞ্চম ভাগ : আইনসভা (৬৫ - ৯৩) = মোট ২৯ টি

০১. বাংলাদেশ সংবিধানের কোন ভাগে আইনসভা সংক্রান্ত বিধান প্রণীত আছে? [আবি: ১৫-১৬]
ক. দ্বিতীয় খ. তৃতীয় গ. চতুর্থ ঘ. পঞ্চম **উত্তর: ঘ**

০২. বাংলাদেশের আইনসভার নাম - / বাংলাদেশের আইনসভার নাম কী? [মাউশি অধিদপ্তরের হিসাব সহকারী: ২৩]
ক. জাতীয় পরিষদ খ. পার্লামেন্ট গ. জাতীয় সংসদ ঘ. গণপরিষদ **উত্তর: গ**

০৩. বাংলাদেশের সংবিধানে এক কক্ষবিশিষ্ট যে আইনসভার ব্যবস্থা করা হয়েছে, তার নাম কী? [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৭-০৮]
ক. দুর্নীতি দমন কমিশন খ. জাতীয় সংসদ গ. নির্বাচন কমিশন ঘ. সুপ্রিম কোর্ট **উত্তর: খ**

০৪. বাংলাদেশের জাতীয় সংসদ কয় কক্ষ বিশিষ্ট? [৩৬তম বিসিএস]
ক. এক কক্ষ খ. দুই বা দ্বি-কক্ষ গ. তিন কক্ষ ঘ. বহুকক্ষ বিশিষ্ট **উত্তর: ক**

০৫. বাংলাদেশের সংবিধানে কোন অনুচ্ছেদে জাতীয় সংসদ প্রতিষ্ঠার কথা বলা হয়েছে? / জাতীয় সংসদ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদ মোতাবেক কোনো ব্যক্তি বা কর্তৃপক্ষকে আদেশ, বিধি, প্রবিধান, উপ-আইন প্রণয়নের ক্ষমতা প্রদান করতে পারে? [পিটিআই'র ইন্সট্রাক্টর: ১৯]
ক. ৬৫ খ. ৭৮ গ. ৯৬ ঘ. ৬৮ **উত্তর: ক**

০৬. বাংলাদেশের জাতীয় সংসদের ইংরেজি নাম কী? [রাবি: ০৩-০৪]
ক. National Home খ. National Parliament গ. House of the Nation ঘ. Parliament of Bangladesh **উত্তর: গ**

০৭. দেশের সর্বোচ্চ আইন প্রণয়নকারী কর্তৃপক্ষ কে? [রাবি: ০৩-০৪]
ক. আইন বিভাগ খ. শাসন বিভাগ গ. বিচার বিভাগ ঘ. সিএজি **উত্তর: ক**

০৮. কে আইন প্রণয়ন করেন? [বাংলাদেশ বিমানের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্ট: ২৩]
ক. প্রধানমন্ত্রী খ. বিচার বিভাগ গ. আইনসভা ঘ. শাসন বিভাগ **উত্তর: গ**

০৯. আইন প্রণয়নের ক্ষমতা কার হাতে? [৩৮তম বিসিএস]
ক. আইন মন্ত্রণালয়ের খ. রাষ্ট্রপতির গ স্পিকারের ঘ. জাতীয় সংসদের **উত্তর: ঘ**

১০. বাংলাদেশ কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান আইন প্রণয়ন করে থাকে? [সোনালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৪]
ক. প্রধানমন্ত্রী খ. জাতীয় সংসদ গ. বিচার বিভাগ ঘ. প্রশাসন বিভাগ **উত্তর: খ**

১১. সংসদের প্রধান কাজ কী? / সংসদ সদস্যদের প্রধান কাজ কী? / সাংসদের প্রধান কাজ কী? [আবি: ০৯-১০]
ক. যুতসই আইন প্রণয়ন খ. আইনের ব্যাখ্যা দান গ. আইনসমূহের প্রয়োগ ঘ. বিচারিক কার্য সম্পাদন **উত্তর: ক**

১২. জাতীয় সংসদের কাজ নয় কোনটি? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়্যারলেস অপারেটর: ২১]
ক. আইন প্রণয়ন খ. মন্ত্রিসভা গঠন গ. রাষ্ট্রপতি নির্বাচন ঘ. সংবিধান সংশোধন **উত্তর: খ**

১৩. সংসদে সবসময় থাকবে - [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০১]
ক. রাষ্ট্রপতি খ. বিরোধীদলীয় নেতা গ. সংসদ সদস্যগণ ঘ. প্রধানমন্ত্রী **উত্তর: গ**

১৪. বাংলাদেশের জাতীয় সংসদের সদস্য সংখ্যা কত? / বাংলাদেশের জাতীয় সংসদের আসন কতটি? [নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]
ক. ৩০০ খ. ৩১০ গ. ৩৪৫ ঘ. ৩৫০ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: বাংলাদেশের জাতীয় সংসদের সদস্য সংখ্যা বা আসন সংখ্যা ৩৫০। তন্মধ্যে ৩০০ টি আসনে জনগণের প্রত্যক্ষ ভোটে ৩০০ জন সংসদ সদস্য নির্বাচিত হয়ে থাকেন এবং ৫০ টি আসন ৫০ জন নারীর জন্য সংরক্ষিত আসন।

১৫. বাংলাদেশ জাতীয় সংসদে নারীদের জন্য সংরক্ষিত আসন কয়টি? [২০তম বিসিএস]
ক. ২৫ খ. ৩০ গ. ৪৫ গ. ৫০ **উত্তর: ঘ**

১৬. কোন সালে বাংলাদেশের সংবিধানে জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসন প্রথম যুক্ত হয়? [মাউশি অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. ১৯৭২ খ. ১৯৭৭ গ. ১৯৮৫ গ. ১৯৯১ **উত্তর: ক**

১৭. দেশের কোন এলাকাতেই ভোটার হননি এমন ব্যক্তি সংসদ নির্বাচনে - [৩৮তম বিসিএস]
ক. নির্বাচন কমিশনের অনুমতিক্রমে প্রার্থী হতে পারবেন খ. সংশ্লিষ্ট দলীয় কর্তৃপক্ষের অনুমতিক্রমে প্রার্থী হতে পারবেন
গ. আইন মন্ত্রণালয়ের অনুমতিক্রাম প্রার্থী হতে পারবেন ঘ. কোনোক্রমেই প্রার্থী হতে পারবেন না **উত্তর: ঘ**

১৮. সংবিধানের ৬৬ নং অনুচ্ছেদ অনুযায়ী সংসদ সদস্য হওয়ার ন্যূনতম বয়স কত? / কোনো ব্যক্তির জাতীয় সংসদের সদস্য হওয়ার জন্য ন্যূনতম বয়স - / বাংলাদেশের প্রধানমন্ত্রী হওবার ন্যূনতম বয়স কত? / বাংলাদেশের সংবিধান অনুযায়ী মন্ত্রীদের বয়স কমপক্ষে কত হবে? / জাতীয় সংসদের স্পিকার পদে প্রার্থী হওয়ার জন্য প্রার্থীর ন্যূনতম বয়স - [৩৯তম বিসিএস]
ক. ২৫ বছর খ. ২০ বছর গ. ৩০ বছর ঘ. ৩৫ বছর **উত্তর: ক**

১৯. বাংলাদেশে একজন সংসদ সদস্য কত বছরের জন্য নির্বাচিত হোন? [বিআরইবি'র মিটার রিডার: ২৩]
ক. ৪ বছর খ. ৫ বছর গ. ৬ বছর ঘ. ৭ বছর **উত্তর: খ**

২০. একজন সংসদ সদস্য স্পিকারের অনুমতি ছাড়া কত দিন সংসদের বাইরে থাকতে পারবে? [১৫তম প্রভাষক নিবন্ধন]
ক. ৩০ দিন খ. ৪৫ দিন গ. ৬০ দিন ঘ. ৯০ দিন **উত্তর: ঘ**

২১. জাতীয় সংসদে নির্বাচিত কোন সদস্য একটানা কত দিন অনুপস্থিত থাকলে তার সদস্যপদ বাতিল করার বিধান সংবিধানে রাখা হয়েছে? [ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]
ক. ৩০ দিন খ. ৬০ দিন গ. ৯০ দিন ঘ. ১২০ দিন **উত্তর: গ**

২২. যদি কোনো ব্যক্তি সংসদ সদস্য হওয়ার যোগ্য নন বা অযোগ্য হয়েছেন জেনেও সংসদে সদস্যরূপে আসন গ্রহণ করেন, তবে প্রতিদিন সংসদে যোগদানের জন্য তিনি কত টাকার অর্থদন্ডে দণ্ডনীয় হবেন? [৭ম বিজেএস]
ক. পাঁচশত টাকা খ. এক হাজার টাকা গ. দুই হাজার টাকা ঘ. তিন হাজার টাকা **উত্তর: খ**

২৩. সংবিধানের কত অনুচ্ছেদে ফ্লোর ক্রসিং সর্ম্পকে বলা আছে? [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৮]
ক. ২৯ খ. ৩৯ গ. ৭০ ঘ. ৭৭ **উত্তর: গ**

২৪. সংবিধানের কত অনুচ্ছেদের আলোকে প্রথম সংসদের সূচনায় প্রতি বছর রাষ্ট্রপতি সংসদে ভাষণ দেন? [ডিএমএলসি'র সহকারী শিক্ষক: ২৩]
ক. ৪৫ খ. ৫২ গ. ৭৩ ঘ. ৭৫ **উত্তর: গ**

২৫. বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশন আহবান করেন কে? / জাতীয় সংসদের অধিবেশন আহবান, স্থগিত ও ভঙ্গ করেন কে? [৪৫তম বিসিএস]
ক. স্পিকার খ. রাষ্ট্রপতি গ. প্রধানমন্ত্রী ঘ. সংসদ সদস্যগণ **উত্তর: খ**

২৬. সংসদের এক অধিবেশনের সমাপ্তি ও পরবর্তী অধিবেশনের বৈঠকের মধ্যে কতদিনের বেশি বিরতি থাকবে না? [এলজিইডি'র অফিস সহায়ক: ১২]
ক. ৬০ দিন খ. ৭০ দিন গ. ৮০ দিন ঘ. ৯০ দিন **উত্তর: ক**

২৭. সংসদের অধিবেশন সমাপ্ত হওয়ার কত দিন পর আবার অধিবেশন ডাকা বাধ্যতামূলক? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. ৬০ দিন খ. ৭০ দিন গ. ৮০ দিন ঘ. ৯০ দিন **উত্তর: ক**

২৮. সাধারণ নির্বাচনের কতদিনের মধ্যে সংসদ আহ্বান করা হয়? [বাংলাদেশ জরিপ অধদপ্তরের সহকারী সুপরিনটেন্ট অব সার্ভে: ০৫]
ক. ১৫ দিন খ. ৩০ দিন গ. ৬০ দিন ঘ. ৯০ দিন **উত্তর: খ**

২৯. বাংলাদেশ জাতীয় সংসদের সভাপতি কে? [জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৭]
ক. সংসদ বিষয়ক সচিব খ. মাননীয় স্পীকার গ. মাননীয় প্রধানমন্ত্রী ঘ. মহামান্য রাষ্ট্রপতি **উত্তর: খ**

৩০. বাংলাদেশের জাতীয় সংসদে কোরাম হয় কত সদস্যের উপস্থিতিতে? [২৫তম বিসিএস]
ক. ৫৭ খ. ৬০ গ. ৬২ ঘ. ৬৫ **উত্তর: খ**

৩১. What is the meaning of the word Quorum? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. Required number খ. Allowed number গ. Number ঘ. Additional number **উত্তর: ক**

৩২. জাতীয় সংসদে কাস্টিং ভোট কী? [৩৭তম বিসিএস]
ক. সাংসদ নেতার ভোট খ. হুইপের ভোট গ. স্পিকারের ভোট ঘ. রাষ্ট্রপতির ভোট **উত্তর: গ**

৩৩. জাতীয় সংসদে কত ভোটে সাধারণ আইন পাস হয়? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ০৫]
ক. ৫০% + ১ খ. ৫৫% + ১ গ. ৬০% + ১ ঘ. ৭০% + ১ **উত্তর: ক**

৩৪. সংসদের বিশেষ অধিকার কমিটি কোন ধরনের কমিটি? [জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. সাংবিধানিক অস্থায়ী কমিটি খ. সাংবিধানিক স্থায়ী কমিটি
ঘ. স্পিকারের ইচ্ছার মাঝে মধ্যে গঠিত কমিটি ঘ. বিশেষ পরিস্থিতি মোকাবিলা কমিটি **উত্তর: খ**

৩৫. সংবিধানের কত অনুচ্ছেদ ন্যায়পাল নিয়োগের বিধান আছে? [রেলপথ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২১]
ক. ৪১ নং অনুচ্ছেদে খ. ৫১ নং অনুচ্ছেদে গ. ৬৬ নং অনুচ্ছেদে ঘ. ৭৭ নং অনুচ্ছেদে **উত্তর: ঘ**

৩৬. ন্যায়পালের ইংরেজি প্রতিশব্দ - [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. Speaker খ. Procurator গ. Ombudsman ঘ. Commissioner **উত্তর: গ**

৩৭. ন্যায়পাল প্রতিষ্ঠানটির উদ্ভব কোথায়? [ডেসকো'র সুপারভাইজার: ১৯]
ক. ফিনল্যান্ড খ. নেদারল্যান্ড গ. আইসল্যান্ড ঘ. সুইডেন **উত্তর: ঘ**

৩৮. জাতীয় সংসদের স্পিকার কার সাথে পরামর্শক্রমে জাতীয় সংসদ সচিবালয়ের কর্মচারীদের নিয়োগ ও কর্মের শর্তসমূহ নির্ধারণ করবেন? [ষোড়শ বিজেএস]
ক. রাষ্ট্রপতি খ. প্রধানমন্ত্রী গ. সরকারি কর্ম কমিশন ঘ. জনপ্রশাসন মন্ত্রণালয় **উত্তর: ক**

৩৯. আমাদের সংবিধানের পঞ্চম ভাগে আইন প্রণয়ন ও অর্থ সংক্রান্ত পদ্ধতি কোন পরিচ্ছদে লিপিবদ্ধ আছে? [ঢাবি: ০১-০২]
ক. দ্বিতীয় পরিচ্ছদে খ. প্রথম পরিচ্ছদে গ. তৃতীয় পরিচ্ছদে ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

৪০. সংসদ কর্তৃক গৃহীত বিল সম্মতির জন্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলে পেশ করার কত দিনের মধ্যে রাষ্ট্রপতি তাতে সম্মতি দান করবেন? [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অডিটর: ২২]
ক. ৭ দিন খ. ১০ দিন গ. ১৫ দিন ঘ. ৩০ দিন **উত্তর: গ**

৪১. কার সম্মতি ছাড়া কোন বিল পাস করা যাবে না? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. প্রধানমন্ত্রীর খ. স্পিকারের গ. সচিবের ঘ.রাষ্ট্রপতি **উত্তর: ঘ**

৪২. অর্থ বিল সম্পর্কিত বিধানাবলী সংবিধানের কোন আর্টিকেলে উল্লেখ আছে? [পিএসসি'র সহকারী পরিচালক: ০১]
ক. ৮০(১) খ. ৮১(১) গ. ৮২ ঘ. ৮৪(১) **উত্তর: খ**

৪৩. রাষ্ট্রপতির সুপারিশ ব্যতীত নিচের কোন বিল সংসদে উত্থাপন করা যায় না? [৮ম বিজেএস]
ক. আইন প্রণয়ন বিল খ. বেসরকারী বিল গ. অর্থ বিল ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

৪৪. বার্ষিক আর্থিক বিবৃতি বা বাজেট সম্পর্কে সংবিধানের কোন অনুচ্ছেদে বলা আছে? [৪৩তম বিসিএস]
ক. ৮৭ খ. ৮৮ গ. ৮৯ ঘ. ৯০ **উত্তর: ক**

৪৫. সংবিধানের কোন অনুচ্ছেদ বলে রাষ্ট্রপতি অধ্যাদেশ জারি করতে পারেন? [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৭]
ক. ৪৮ খ. ৬৫ গ. ৯৩ ঘ. ১৪১ **উত্তর: গ**

৪৬. রাষ্ট্রপতি জারিকৃত আইনকে কী বলে? [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার: ১৭]
ক. আইন খ. সংবিধান গ. অধ্যাদেশ ঘ. বিল **উত্তর: গ**

৪৭. অধ্যাদেশ প্রণয়ন ও জারি করতে পারেন কে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. প্রধানমন্ত্রী খ. রাষ্ট্রপতি গ. প্রধান বিচারপতি ঘ. স্পিকার **উত্তর: খ**

৪৮. **An Ordinance is** - [১৬তম বিসিএস]
ক. A Book খ. An Arms Factory গ. A News Paper Journal ঘ. A Law **উত্তর: ঘ**

৪৯. সংবিধানের কত ধারা অনুযায়ী দ্রুত বিচার ট্রাইবুন্যাল অধ্যাদেশ-২০০২ করা হয়েছে? [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০৩]
ক. ৫৫(৬) খ. ৯৩(১) গ. ৯৩(২ক) ঘ. ৫৬(৩) **উত্তর: খ**

৫০. রাষ্ট্রপতি কর্তৃক প্রণীত অধ্যাদেশ জারির তারিখ থেকে কত দিনের মধ্যে সংসদের মাধ্যমে অধ্যাদেশটি আইনে পরিণত না করা হলে সেটি বিলুপ্ত হয়ে যাবে? [১০ম বিজেএস]
ক. নব্বই দিন খ. ছয় মাস
গ. প্রথম সংসদের অধিবেশনের প্রথম দিন হতে ত্রিশ দিন ঘ. প্রথম সংসদ অধিবেশনে উত্থাপনের তারিখ হতে ত্রিশ দিন **উত্তর: ঘ**

ষষ্ঠ ভাগ : বিচার বিভাগ (৯৪ - ১১৭) = মোট ২৪ টি

০১. ব্যক্তি স্বাধীনতার অন্যতম রক্ষাকবচ হলো - [আনসার ও ভিডিপি'র উপজেলা প্রশিক্ষক: ১৪]
ক. আইন বিভাগ খ. বিচার বিভাগ গ. শাসন বিভাগ ঘ. গণতন্ত্র **উত্তর: খ**

০২. সংবিধানের কত অনুচ্ছেদে সুপ্রিম কোর্ট নামে বাংলাদেশে একটি সর্বোচ্চ আদালত থাকার কথা বলা হয়েছে? [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১০]
ক. ৯৭ অনুচ্ছেদে খ. ৯৪ অনুচ্ছেদে গ. ৯৫ অনুচ্ছেদে ঘ. ৯৩ অনুচ্ছেদে **উত্তর: খ**

০৩. বাংলাদেশের সর্বোচ্চ আদালত কোনটি? [চবি: ০৬-০৭]
ক. হাইকোর্ট খ. সুপ্রিম কোর্ট গ. জজ কোর্ট ঘ. আপিল কোর্ট **উত্তর: খ**

০৪. বাংলাদেশের সুপ্রিম কোর্টের ডিভিশন কয়টি? / বাংলাদেশের সুপ্রিম কোর্টের ডিভিশন কয়টি? / বাংলাদেশের সুপ্রিম কোর্ট কয়টি বিভাগ নিয়ে গঠিত হয়েছে? [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ২১]
ক. ২ টি খ. ৩ টি গ. ৪ টি ঘ. ৫ টি **উত্তর: ক**

০৫. বাংলাদেশের সুপ্রিম কোর্ট --- নিয়ে গঠিত। শূন্যস্থান পূরণ করুন। [চবি: ০৩-০৪]
ক. সুপ্রিম কোর্ট ও হাইকোর্ট খ. হাইকোর্ট ও জজকোর্ট গ. সুপ্রিম কোর্ট ও হাইকোর্ট বিভাগ ঘ. হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগ **উত্তর: ঘ**

০৬. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে সুস্পষ্টভাবে সুপ্রিম কোর্টের বিভিন্ন অংশ সুন্দরভাবে বর্ণিত আছে। সংবিধান অনুযায়ী ভাষাগুলো হলো - [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৪]
ক. High Court and Supreme Court খ. High Court Division and Appellate Division
গ. High Court and Appellate Court ঘ. Appellate Division and Supreme Judicial Council **উত্তর: খ**

০৭. বাংলাদেশের সংবিধানের কোন ভাগে জজ বা বিচারপতিদের নিয়োগের কথা বলা আছে? [জাবি: ১৫-১৬]
ক. ২য় ভাগে খ. ৪র্থ ভাগে গ. ৬ষ্ঠ ভাগে ঘ. ৭ম ভাগে **উত্তর: গ**

০৮. সংবিধানের ৯৫ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের প্রধান বিচারপতি নিয়োগ দেন কে? / বাংলাদেশের সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতিকে কে নিয়োগ দেন? [৩৯তম বিসিএস]
ক. জাতীয় সংসদ খ. প্রধানমন্ত্রী গ. স্পিকার ঘ. রাষ্ট্রপতি **উত্তর: ঘ**

০৯. বাংলাদেশ সুপ্রিম কোর্টের বিচারপতিদের নিয়োগ দেন কে? [চবি: ০৩-০৪]
ক. প্রধানমন্ত্রী খ. আইনমন্ত্রী গ. স্পিকার ঘ. রাষ্ট্রপতি **উত্তর: ঘ**

১০. কোনো অ্যাডভোকেটকে সুপ্রিম কোর্টের জজ হিসেবে নিযুক্ত করতে হলে অ্যাডভোকেট হিসেবে সুপ্রিম কোর্টে ন্যূনতম কত বৎসরের অভিজ্ঞতা বাঞ্ছনীয়? [হাইকোর্টের রেজিস্ট্রার: ৯৪]
ক. ৮ বৎসর খ. ১০ বৎসর গ. ১২ বৎসর ঘ. ১৫ বৎসর **উত্তর: খ**

১১. সুপ্রিম কোর্টের বিচারপতিদের অবসর গ্রহণের বয়স - / সুপ্রিম কোর্টের বিচারকদের অবসর গ্রহণের বয়স - [এলজিইডি'র অফিস সহায়ক: ২৩]
ক. ৬০ খ. ৬৫ গ. ৬২ ঘ. ৬৭ **উত্তর: ঘ**

১২. বিচারকদের চাকরির বয়স ৬৭ বছরের বিষয়টি সংবিধানের কত অনুচ্ছেদে উল্লেখ রয়েছে? [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ২১]
ক. ৯৬(১) খ. ৯৬(২) গ. ৯৬(৩) ঘ. ৯৬(৪) **উত্তর: ক**

১৩. সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিলের চেয়ারম্যান কে? [বিপিএটিসি'র সহকারী পরিচালক: ১৯]
ক. আইনমন্ত্রী খ. প্রধান বিচারপতি গ. অ্যাটর্নি জেনারেল ঘ. সুপ্রিম কোর্ট আইনজীবী **উত্তর: খ**

১৪. সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিলের সদস্য কতজন? [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৩]
ক. চারজন খ. সাতজন গ. নয়জন ঘ. তিনজন **উত্তর: ঘ**

১৫. সংবিধান নাগরিকদের মৌলিক অধিকার নিশ্চিত করার দায়িত্ব দিয়েছে কাকে? / বাংলাদেশের মৌলিক অধিকারের রক্ষক হচ্ছে - [স্বাস্থ্য মন্ত্রণালয়ের অফিস সহকারী: ১৯]
ক. হাইকোর্ট খ. সুপ্রিম কোর্ট গ. জজ কোর্ট ঘ. আপিল বিভাগ **উত্তর: ক**

১৬. বাংলাদেশ সংবিধানের তৃতীয় ভাগের মৌলিক অধিকারসমূহ বলবৎ করার জন্য কোনো সংক্ষুব্ধ ব্যক্তি কোন অনুচ্ছেদ বলে আদালতে আবেদন করতে পারে? / মৌলিক অধিকার লঙ্ঘন হলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের কোন ধারায় মামলা করার ক্ষমতা দেওয়া আছে? / কোনো নাগরিকের মৌলিক অধিকার লঙ্ঘিত হলে সংবিধানের কোন অনুচ্ছেদের বিধান অনুযায়ী তিনি মামলা করতে পারেন? [৪৪তম বিসিএস]
ক. ৭ খ. ১১ গ. ১০২ ঘ. ৩১ **উত্তর: গ**

১৭. সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী রিট আবেদন করা যায়? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের হিসাবরক্ষক: ১১]
ক. ১০১ খ. ১০০ গ. ১০২ ঘ. ১০৩ **উত্তর: গ**

১৮. জনস্বার্থে রিট মামলার আবেদন কোথায় করা হয়? [আনসার ও ভিডিপি'র উপজেলা প্রশিক্ষক: ১৪]
ক. হাইকোর্ট বিভাগে খ. আপিল বিভাগে গ. মানবাধিকার কমিশনে ঘ. আইন মন্ত্রণালয়ে **উত্তর: ক**

১৯. সংবিধানের কোন অনুচ্ছেদের ক্ষমতাবলে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ কোনো মামলা বা কোনো বিষয়ে সম্পূর্ণ ন্যায় বিচারের জন্য যেকোনো প্রয়োজনীয় আদেশ বা নির্দেশ জারি করতে পারবে? [৭ম বিজেএস]
ক. ১০৩ খ. ১০২ গ. ১০৪ ঘ. ১০৫ **উত্তর: গ**

২০. হাইকোর্ট বিভাগের নিম্নবর্ণিত কোন দন্ডাদেশের বিরুদ্ধে আপিল বিভাগে অধিকার বলে আপিল করা যাবে? [৮ম বিজেএস]
ক. যাবজ্জীবন কারাদণ্ড খ. ১৪ বছর কারাদণ্ড গ. ১০ বছর কারদণ্ড ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

২১. সংবিধানের ১০৮ নং অনুচ্ছেদ অনুসারে কোন কোর্টকে 'কোর্ট অব রেকর্ড' বলা হয়? [৪৫তম বিসিএস]
ক. সুপ্রিম কোর্ট খ. ম্যাজিস্ট্রেট কোর্ট গ. জজ কোর্ট ঘ. হাইকোর্ট **উত্তর: ক**

২২. সাংবিধানিকভাবে আইনের ব্যাখ্যা প্রদান করেন কে? [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১২]
ক. জাতীয় সংসদ খ. সুপ্রিম কোর্ট গ. আইন মন্ত্রণালয় ঘ. আইন কমিশন **উত্তর: খ**

২৩. বাংলাদেশের সংবিধানের অভিভাবক ও ব্যাখ্যাকারক কে? / সংবিধানের রক্ষক কে? [৪৪তম বিসিএস]
ক. গণপরিষদ খ. সুপ্রিম কোর্ট গ. আইন মন্ত্রণালয় ঘ. জাতীয় সংসদ **উত্তর: খ**

২৪. বাংলাদেশের সুপ্রিম কোর্টের রায়ের বাধ্যতামূলক ক্ষমতা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে বর্ণিত আছে? [ষোড়শ বিজেএস]
ক. ১০৯ খ. ১১০ গ. ১১১ ঘ. ১১২ **উত্তর: গ**

২৫. সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রের সকল নির্বাহী ও বিচার বিভাগীয় কর্তৃপক্ষ সুপ্রিম কোর্টকে সহায়তা করতে বাধ্য? [১০ম বিজেএস]
ক. ১০৯ খ. ১১০ গ. ১১১ ঘ. ১১২ **উত্তর: ঘ**

২৬. সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী অধস্তন আদালতসমূহ প্রতিষ্ঠিত? [অ্যাডভোকেট নিবন্ধন: ১৪]
ক. ৯৩ খ. ১০৫ গ. ১০৯ ঘ. ১১৪ **উত্তর: ঘ**

২৭. সংবিধানের ১১৫ নং অনুচ্ছেদ অনুযায়ী অধস্তন আদালতে বিচার বিভাগীয় দায়িত্ব পালনকারী ম্যাজিস্ট্রেট পদে নিয়োগদান করেন - [৯ম বিজেএস]
ক.প্রধানমন্ত্রী খ. রাষ্ট্রপতি গ. প্রধান বিচারপতি ঘ. বিজেএসসি চেয়ারম্যান **উত্তর: খ**

২৮. বাংলাদেশ সংবিধানে প্রশাসনিক ট্রাইব্যুনাল বিষয়টি কোন অনুচ্ছেদে সন্নিবেশিত হয়েছে? [৩৫তম বিসিএস]
ক. ১১০ খ. ১১৫ গ. ১১৭ ঘ. ১২০ **উত্তর: গ**

সপ্তম ভাগ : নির্বাচন (১১৮ - ১২৬) = মোট ০৯ টি

০১. সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে নির্বাচন কমিশন গঠনের কথা বলা হয়েছে? / সংবিধানের কত নম্বর অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশ নির্বাচন কমিশন গঠিত হয়? [নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]
ক. ১১০ নং অনুচ্ছেদে খ. ১১৫ নং অনুচ্ছেদে গ. ১১৮ নং অনুচ্ছেদে ঘ. ১২৫ নং অনুচ্ছেদে **উত্তর: গ**

০২. সংবিধানের ১১৮(১) অনুচ্ছেদ অনুযায়ী প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য কমিশনাদের কে নিয়োগ করেন? [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. রাষ্ট্রপতি খ. প্রধানমন্ত্রী গ. পররাষ্ট্রমন্ত্রী ঘ. প্রধান বিচারপতি **উত্তর: ক**

০৩. সংবিধানের কোন অনুচ্ছেদে নির্বাচন কমিশনের দায়িত্বের কথা বলা হয়েছে? [জাতীয় রাজস্ব বোর্ডের সিপাহী: ২৩]
ক. ১১৯ খ. ১২১ গ. ১১৭ ঘ. ১১৮ **উত্তর: ক**

০৩. বাংলাদেশে নির্বাচন পরিচালনার দায়িত্ব কার উপর ন্যস্ত? [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩]
ক. প্রেসিডেন্ট খ. প্রধান উপদেষ্টা গ. প্রধান নির্বাচন কমিশনার ঘ. পুলিশের আইজি **উত্তর: গ**

০৪. বাংলাদেশের সংবিধান মতে প্রধান নির্বাচন কমিশনারের নিয়োগের মেয়াদকাল - [৩৮তম বিসিএস]
ক. ৩ বছর খ. ৪ বছর গ. ৫ বছর ঘ. ৬ বছর **উত্তর: গ**

০৫. নির্বাচন কমিশনারের মেয়াদকাল কত? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ক. ৩ বছর খ. ৪ বছর গ. ৫ বছর ঘ. ৭ বছর **উত্তর: গ**

০৬. প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনার পদে নিয়োগের বয়সসীমা সর্বোচ্চ কত? [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ২১]
ক. ৫৯ বছর খ. ৬০ বছর গ. ৬৫ বছর ঘ. কোনো বয়সসীমা নেই **উত্তর: ঘ**

০৭. প্রধান নির্বাচন কমিশনারসহ জাতীয় নির্বাচন কমিশনের মোট সদস্য কতজন? [বেবিচকের উচ্চমান সহকারী: ২১]
ক. ৩ খ. ৪ গ. ৫ ঘ. ৭ **উত্তর: গ**

০৮. সংবিধানের কোন অনুচ্ছেদে ভোটার তালিকার বিধান বর্ণিত আছে? [বিটিভি'র বিজ্ঞাপন অধিকারিক: ০৬]
ক. ১২৪ নং অনুচ্ছেদে খ. ১১৯ নং অনুচ্ছেদে গ. ১২১ নং অনুচ্ছেদে ঘ. ১১৮ নং অনুচ্ছেদে **উত্তর: গ**

০৯. সংবিধানের কোন অনুচ্ছেদে ভোটার তালিকায় নামভুক্তির যোগ্যতার কথা বলা আছে? [নির্বাচন কমিশনের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ১২৪ নং অনুচ্ছেদে খ. ১১৯ নং অনুচ্ছেদে গ. ১২১ নং অনুচ্ছেদে ঘ. ১২২ নং অনুচ্ছেদে **উত্তর: ঘ**

১০. বাংলাদেশের কোনো ব্যক্তির ভোটাধিকার প্রাপ্তির ন্যূনতম বয়স কত? / বাংলাদেশে ভোটার হওয়ার সর্বনিম্ন বয়স কত? [৪৩তম বিসিএস]
ক. ১৬ বৎসর খ. ১৮ বৎসর গ. ২০ বৎসর ঘ. ২১ বৎসর **উত্তর: খ**

১১. জাতীয় ভোটার দিবস পালিত হয় - [নির্বাচন কমিশনের অফিস সহায়ক: ২৩]
ক. ২ জানুয়ারি খ. ২ মার্চ গ. ১ এপ্রিল ঘ. ১৭ অক্টোবর **উত্তর: খ**

১২. সংবিধানের কততম অনুচ্ছেদ অনুযায়ী প্রধান নির্বাচন কমিশনার নির্বাচনের তফসিল ঘোষণা করেন? [বেরোবি: ১৩-১৪]
ক. ১২৪ খ. ১২৩ গ. ১২৫ ঘ. ১২১ **উত্তর: খ**

১৩. কোনো কারণে সংসদ ভেঙ্গে গেলে পরবর্তী কত দিনের মধ্যে সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে? [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুট্যান্ট: ১০]
ক. ৩০ দিন খ. ৬০ দিন গ. ৯০ দিন ঘ. ১৮০ দিন **উত্তর: গ**

১৪. সংসদ ভেঙ্গে যাওয়া ব্যতীত অন্য কোনো কারণে সংসদের সদস্য পদ শূন্য হলে পদটি শূন্য হওয়ার কত দিনের মধ্যে নির্বাচন করতে হবে? [৯ম বিজেএস]
ক. ৬০ দিন খ. ৯০ দিন গ. ১২০ দিন ঘ. ১৮০ দিন **উত্তর: খ**

অষ্টম ভাগ : মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (১২৭ - ১৩২) = মোট ০৬ টি

০১. সংবিধানের কোন ভাগে মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কথা বলা হয়েছে? [ভূমি মন্ত্রণালয়ের নিরীক্ষক: ২৩]
ক. দ্বিতীয় খ. তৃতীয় গ. সপ্তম ঘ. অষ্টম **উত্তর: ঘ**

০২. সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কথা বলা হয়েছে? [সিজিএ কার্যালয়ের অডিটর: ০৪]
ক. ১১৮ খ. ১২২ গ. ১২৫ ঘ. ১২৭ **উত্তর: ঘ**

০৩. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রধান হিসাবরক্ষকের পদবি হলো - [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৬]
ক. Controller of Accounts খ. Comptroller and Auditor General
গ. Controller of Finance ঘ. Controller of Accounts and Finance **উত্তর: খ**

০৪. বাংলাদেশের রাষ্ট্রীয় তহবিল ব্যবস্থাপনার জন্য শীর্ষ নিরীক্ষক ও নিয়ন্ত্রক কে? [সিএজি কার্যালয়ের অডিটর: ০২]
ক. ন্যায়পাল খ. অর্থমন্ত্রী গ. রাষ্ট্রপতি ঘ. মহাহিসাব নিয়ন্ত্রক ও নিরীক্ষক **উত্তর: ঘ**

০৫. বাংলাদেশ মহাহিসাব নিয়ন্ত্রক ও নিরীক্ষক পদে নিয়োগ দেন কে? [সিএজি কার্যালয়ের অডিটর: ২১]
ক. প্রধানমন্ত্রী খ. রাষ্ট্রপতি গ. অর্থমন্ত্রী ঘ. ন্যায়পাল **উত্তর: খ**

০৬. মহাহিসাব নিয়ন্ত্রক ও নিরীক্ষকের মেয়াদকাল কত? [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ০২]
ক. ০৩ বছর খ. ০৪ বছর গ. ০৫ বছর ঘ. ০৬ বছর **উত্তর: গ**

০৭. মহাহিসাব নিয়ন্ত্রক ও নিরীক্ষকের অবসরের বয়সসীমা কত? [সিএজি কার্যালয়ের জুনিয়র অডিটর: ৯৮]
ক. ৫৯ বছর খ. ৬২ বছর গ. ৬৫ বছর ঘ. ৬৭ বছর **উত্তর: গ**

নবম ভাগ : বাংলাদেশের কর্মবিভাগ (১৩৩ - ১৪১) = মোট ০৯ টি

০১. 'Doctrine of Pleasure' নীতিটি সংবিধানের কোন অনুচ্ছেদে বর্ণিত হয়েছে ? [ষোড়শ বিজেএস]
ক. ১৩১ খ. ১৩৭ খ. ১৩২ ঘ. ১৩৪ **উত্তর: ঘ**

০২. বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের বিষয়াদি সংবিধানের কোন ভাগে সন্নিবেশিত হয়েছে? [পিএসসি'র সহকারী পরিচালক: ০৪]
ক. নবম ভাগে খ. দ্বিতীয় ভাগে গ. পঞ্চম ভাগে ঘ. অষ্টম ভাগে **উত্তর: ক**

০৩. **What is Public Service Commission in Bangla?** [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. সরকারি কর্ম কমিশন খ. জনসেবা কমিশন গ. সরকারি চাকরি কমিশন ঘ. জনকল্যাণ কমিশন **উত্তর: ক**

০৪. **বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সংবিধানের কত অনুচ্ছেদ অনুযায়ী গঠিত?** [৪০তম বিসিএস]
ক. ১৩৬ খ. ১৩৭ খ. ১৩৮ ঘ. ১৪০ (২) **উত্তর: খ**

০৫. **বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কবে গঠিত হয়?** [৪৫তম বিসিএস]
ক. ৬ এপ্রিল, ১৯৭২ খ. ৭ এপ্রিল, ১৯৭২ খ. ৮ এপ্রিল, ১৯৭২ ঘ. ৯ এপ্রিল, ১৯৭২ **উত্তর: গ**

০৬. **বাংলাদেশের পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান ও সদস্যদের কে মনোনীত করেন? / কর্ম কমিশনের চেয়ারম্যান ও সদস্যদের নিয়োগ দেন কে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. প্রধানমন্ত্রী খ. রাষ্ট্রপতি গ. মন্ত্রিপরিষদ ঘ. জাতীয় সংসদ **উত্তর: খ**

০৭. **কর্ম কমিশনের সদস্য পদ পেতে হলে নূন্যতম কত বছর প্রজাতন্ত্রের সরকারি পদে নিযুক্ত থাকতে হয়?** [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১০]
ক. ১৫ বছর খ. ১৮ বছর গ. ২০ বছর ঘ. ২৫ বছর **উত্তর: গ**

০৮. **কর্ম কমিশনের চেয়ারম্যান ও সদস্যের মেয়াদকাল কত?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ০২]
ক. ০৩ বছর খ. ০৪ বছর গ. ০৫ বছর ঘ. ০৬ বছর **উত্তর: গ**

০৯. **কর্ম কমিশনের চেয়ারম্যান ও সদস্যের বয়সসীমা কত?** [সিএজি কার্যালয়ের জুনিয়র অডিটর: ৯৮]
ক. ৫৯ বছর খ. ৬২ বছর গ. ৬৫ বছর ঘ. ৬৭ বছর **উত্তর: গ**

১০. **জরুরি অবস্থা ঘোষণা সংক্রান্ত বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ হলো -** [চবি: ০৮-০৯]
ক. ১৩৬ খ. ১৩৭ খ. ১৩৮ ঘ. ১৪১ক **উত্তর: ঘ**

১১. **সংবিধানের ১৪১(ক) অনুচ্ছেদের বিষয়বস্তু কী?** [শ্রম অধিদপ্তরের জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা: ০৬]
ক. নির্বাচন কমিশন গঠন খ. জরুরি অবস্থা ঘোষণা গ. সরকারি কর্ম কমিশন গঠন ঘ. ইনডেমনিটি অধ্যাদেশ বাতিল **উত্তর: খ**

১২. **জরুরি অবস্থা ঘোষণার পূর্বেই উক্ত ঘোষণার বৈধতার জন্য কার প্রতিস্বাক্ষর প্রয়োজন?** [ইবি: ১৬-১৭]
ক. রাষ্ট্রপতি খ. প্রধানমন্ত্রী গ. স্পিকার ঘ. প্রধান বিচারপতি **উত্তর: খ**

১৩. **সংবিধানের ১৪১(ক) অনুচ্ছেদ অনুযায়ী জরুরি অবস্থা জারি করা হলে তার সর্বোচ্চ মেয়াদ কত হতে পারে?** [১০ম বিজেএস]
ক. ১৮০ দিন খ. ৩৬৫ দিন গ. ১২০ দিন ঘ. কোনো নির্দিষ্ট মেয়াদ নেই **উত্তর: গ**

১৪. **কোন ঘটনায় মৌলিক অধিকার রহিত হয়?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. হরতাল খ. জরুরি আইন গ. অবরোধ ঘ. লক-আউট **উত্তর: খ**

১৫. **জরুরি অবস্থা জারি হলে নিচের কোনটি স্থগিত থাকে?** [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. সকল সরকারি নিয়োগ খ. সংবিধানের মূলনীতি গ. সকল সাংস্কৃতিক কর্মকান্ড ঘ. নাগরিকদের মৌলিক অধিকার **উত্তর: ঘ**

১৬. **জরুরি অবস্থার সময় সংবিধানের কোন কোন অনুচ্ছেদ স্থগিত হয়?** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১০]
ক. ৩৬, ৩৭, ৩৮, ৪০, ৪১, ৪২ খ. ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১
গ. ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪২ ঘ. ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪১, ৪২ **উত্তর: গ**

দশম ভাগ : সংবিধান সংশোধন (১৪২) = মোট ০১ টি

০১. **সংবিধানের কোন অনুচ্ছেদে সংবিধান সংশোধনের বিধান আছে?** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. ৮০ খ. ৯৩ গ. ১৪২ ঘ. ১৫০ **উত্তর: গ**

০২. **বাংলাদেশের সংবিধান এ পর্যন্ত কতবার সংশোধন করা হয়েছে?** [৩৩তম বিসিএস]
ক. ১৪ খ. ১৫ গ. ১৬ ঘ. ১৭ **উত্তর: ঘ**

০৩. **বাংলাদেশের সংবিধান সংশোধনে মোট সদস্যের কত অংশের সংখ্যাগরিষ্ঠতা প্রয়োজন?** [বিআরইবি'র সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার: ২৩]
ক. এক-তৃতীয়াংশ খ. দুই-তৃতীয়াংশ গ. তিন-চতুর্থাংশ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

০৪. **সংসদের মোট সদস্য সংখ্যার অন্যূন কত ভোটে গৃহীত না হলে সংবিধানের কোনো বিধান সংশোধন করার জন্য রাষ্ট্রপতির নিকট উপস্থাপিত হবে না?** [থানা শিক্ষা অফিসার: ৯৯]
ক. এক-তৃতীয়াংশ খ. দুই-তৃতীয়াংশ গ. তিন-চতুর্থাংশ ঘ. এক-পঞ্চমাংশ **উত্তর: খ**

০৫. **বাংলাদেশের সংবিধানের প্রথম সংশোধনী কবে গৃহীত হয়?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৫]
ক. ১৯৭২ সালে খ. ১৯৭৩ সালে গ. ১৯৭৪ সালে ঘ. ১৯৭৫ সালে **উত্তর: খ**

০৬. **বাংলাদেশের সংবিধানের প্রথম সংশোধনীর উদ্দেশ্য কী ছিল?** [২১তম বিসিএস]
ক. জরুরি অবস্থা ঘোষণা খ. মহিলাদের জন্য সংসদে আসন সংরক্ষণ
গ. সুপ্রিম কোর্ট প্রতিষ্ঠা ঘ. ৯৩ হাজার যুদ্ধবন্দীর বিচার অনুষ্ঠান **উত্তর: ঘ**

০৭. **সংবিধানের কততম সংশোধনীতে যুদ্ধাপরাধীসহ অন্যান্য মানবতাবিরোধী অপরাধীদের বিচার নিশ্চিত করা হয়? / কোন সংশোধনীর মাধ্যমে যুদ্ধাপরাধীদের বিচার নিশ্চিত করা হয়?** [সিজিএ কার্যালয়ের অডিটর: ২১]
১৬. **খ্রিষ্টান জগতের শ্রেষ্ঠ ধর্মগুরু 'পোপ' কোন দেশে বাস করেন?** [আইএফআইসি ব্যাংকের অফিসার: ১৮]
ক. রোম খ. ইউএসএ গ. ভ্যাটিক্যান সিটি ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

১৭. **ভ্যাটিকান কী?** [ঢাবি: ৯৯-১০]
ক. রোম সম্রাটের বাড়ি খ. ইতালির রাজধানী গ. পোপের পীঠস্থান ঘ. রোমে সর্বোচ্চ ভবন **উত্তর: গ**

১৮. **ভ্যাটিকান কোন শহরের পাশে অবস্থিত?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০২]
ক. রিও ডি জেনিরো খ. রোম গ. এথেন্স ঘ. বৈরুত **উত্তর: খ**

১৯. **সুইস গার্ড কার নিরাপত্তা বিধান করে?** [শাবি: ০৫-০৬]
ক. পোপ খ. জাতিসংঘ মহাসচিব গ. সুইস প্রেসিডেন্ট ঘ. সেক্রেটারি জেনারেল **উত্তর: ক**

২০. **মার্টিন লুথার একজন** - [ঢাবি: ০৮-০৯]
ক. ধর্ম সংস্কারক খ. জাদুকর গ. গায়ক ঘ. শিল্পী **উত্তর: ক**

২১. **মার্টিন লুথার কিং এর অনুসারীদের কী বলা হয়?** [রাবি: ১১-১২]
ক. ক্যাথলিক খ. প্রোটস্ট্যান্ট গ. অর্থোডক্স ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

ইহুদি ধর্ম

০১. **ইহুদিদের ধর্মগ্রন্থের নাম** - [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ০৪]
ক. নিউ টেস্টামেন্ট খ. ওল্ড টেস্টামেন্ট গ. হিব্রু কোড ঘ. গীতা **উত্তর: খ**

০২. **'সিনাগগ' কাদের ধর্মীয় উপাসনালয়?** [রবি: ১২-১৩]
ক. ইহুদি খ. শিখ গ. বৌদ্ধ ঘ. জৈন **উত্তর: ক**

০৩. **কোন ধর্মের ধর্মযাজককে 'র‍্যাবাই' বলা হয়?** [ঢাবি: ৯৮-৯৯]
ক. খ্রিস্টান ধর্ম খ. জুরথুস্ত্র ধর্ম গ. জৈন ধর্ম ঘ. ইহুদি ধর্ম **উত্তর: ঘ**

০৪. **পৃথিবীতে সবচেয়ে বেশি ইহুদি বাস করে** - [ইবি: ৯৫-৯৬]
ক. ইসরায়েল খ. যুক্তরাষ্ট্র গ. চীন ঘ. ভূটান **উত্তর: ক**

০৫. **'ওয়েলিং ওয়াল' কোথায় অবস্থিত? / 'Wailing Wall' কোথায় অবস্থিত? / 'কোটেল' কোথায় অবস্থিত? / 'পশ্চিমা প্রাচীর' কোথায় অবস্থিত? / 'ওয়েস্টার্ন ওয়াল' কোথায় অবস্থিত? / 'সলোমনের প্রাচীর' কোথায় অবস্থিত?** [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ২১]
ক. বার্লিনে খ. রোমে গ. জেরুজালেমে ঘ. মাদ্রিদে **উত্তর: গ**

০৬. **কোন শহরকে মুসলমান, খ্রিস্টান, ইহুদি সকলেই পবিত্র জ্ঞান করে?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিরাপত্তা প্রহরী: ২৩]
ক. মক্কা খ. জেদ্দা গ. জেরুজালেম ঘ. প্যালেস্টাইন **উত্তর: গ**

০৭. **ইহুদি, খ্রিস্টান ও মুসলিম সকলের নিকট পবিত্র স্থান হলো** - [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৫]
ক. সেন্ট পিটার্স খ. বায়তুল মোকাদ্দস গ. মক্কা ঘ. মদিনা **উত্তর: খ**

জৈন ধর্ম

০১. **কখন জৈন ধর্মের প্রচলন হয়?** [রবি: ১৬-১৭]
ক. বৈদিক যুগে খ. চতুর্দশ শতকে গ. পঞ্চদশ শতকে ঘ. ত্রয়োদশ শতকে **উত্তর: ক**

০২. **জৈন ধর্মের সর্বমোট প্রচারক** - [জাবি: ১৬-১৭]
ক. ২৪ জন তীর্থঙ্কর খ. ২৬ জন তীর্থঙ্কর গ. ২৮ জন তীর্থঙ্কর ঘ. ২২ জন তীর্থঙ্কর **উত্তর: ক**

০৩. **তীর্থঙ্করের ধারণা কোনটির সঙ্গে সম্পৃক্ত?** [ঢাবি: ০৮-০৯]
ক. বৌদ্ধ ধর্ম খ. চার্বাক ধর্ম গ. জৈন ধর্ম ঘ. শিখ ধর্ম **উত্তর: গ**

০৪. **জৈন ধর্মের প্রবর্তক** - [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. গৌতম বুদ্ধ খ. মহাবীর গ. শ্রীচৈতন্য ঘ. গুরু নানক **উত্তর: খ**

০৫. **জৈন ধর্মের সর্বশেষ প্রচারক** - [জাবি: ১৬-১৭]
ক. মহাবীর খ. গৌতম বুদ্ধ গ. শশাংক ঘ. মহীপাল **উত্তর: ক**

০৬. **জৈন ধর্মের প্রবর্তক বর্ধমান মহাবীর ছিলেন** - [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. বৈশ্য খ. শুদ্র গ. ব্রাহ্মণ ঘ. ক্ষত্রিয় **উত্তর: ঘ**

০৭. **জৈন ধর্মগ্রন্থের নাম** - [জাবি: ১৬-১৭]
ক. আবেস্তা খ. আগামাস গ. ত্রিপিটক ঘ. ঋগ্বেদ **উত্তর: খ**

শিখ ধর্ম

০১. **শিখ ধর্মের প্রবর্তক ছিলেন** - [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. গুরু নানক খ. রণজিৎ সিং গ. সিরওয়ান্দ সিং ঘ. ভগৎ সিং **উত্তর: ক**

০২. **শিখদের ধর্মীয় উপাসনালয়ের নাম কী?** [ঢাবি: ০১-০২]
ক. গুরুদুয়ারা খ. গির্জা গ. সিনাগগ ঘ. মন্দির **উত্তর: ক**

০৩. **'গ্রন্থসাহেব' কাদের গ্রন্থ?** [জবি: ১০-১১]
ক. বৌদ্ধ ধর্মাবলম্বীদের খ. শিখ ধর্মাবলম্বীদের গ. বৈষ্ণব ধর্মালম্বীদের ঘ. জৈন ধর্মাবলম্বীদের **উত্তর: খ**

০৪. **শিখদের ধর্মগ্রন্থের নাম কী?** [চবি: ১৯-২০]
ক. ত্রিপিটক খ. গীতা গ. জেন্দাবেত ঘ. গ্রন্থসাহেব **উত্তর: ঘ**

০৫. **শিখদের বিখ্যাত স্বর্ণমন্দির নিম্নলিখিত শহরে অবস্থিত** - [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ৮৮]
ক. চন্ডীগড় খ. কৈরালা গ. হরিয়ানা ঘ. অমৃতসর **উত্তর: ঘ**

নৃগোষ্ঠী, জাতি ও উপজাতি

০১. **মানব প্রজাতিকে কয়টি নরগোষ্ঠীতে বিভক্ত করা হয়?** [জাবি: ১৯-২০]
ক. ২ টি খ. ৪ টি গ. ৩ টি ঘ. ৫ টি **উত্তর: খ**
ব্যাখ্যা: মানব প্রজাতিকে ৪ টি নরগোষ্ঠীতে বিভক্ত করা হয়। যথা- ককেশীয়, মঙ্গোলীয়, নিগ্রোয়েড ও অস্ট্রালয়েড।

০২. **'ককেশয়েড' কীসের নাম?** [ঢাবি: ৯৮-৯৯]
ক. জাতি খ. ধর্ম গ. শ্রেণি ঘ. নৃ-গোষ্ঠী **উত্তর: ঘ**

০৩. **মধ্যপ্রাচ্যের অধিকাংশ অধিবাসী -** [ঢাবি: ০৫-০৬]
ক. ককেশীয় খ. মঙ্গোলীয় গ. নিগ্রো ঘ. অস্ট্রেলীয় **উত্তর: ক**

০৪. **পৃথিবীর নানা জাতি সৃষ্টির কারণ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৮]
ক. প্রাকৃতিক খ. সামাজিক গ. রাজনৈতিক ঘ. ভৌগোলিক **উত্তর: ঘ**

০৫. **জাতি গঠনের জন্য কোন অপরিহার্য উপাদানটি দরকার?** [প্রিমিয়ার ব্যাংকের অফিসার: ০৯]
ক. ভৌগোলিক অবস্থান খ. ভাষা গ. সংস্কৃতি ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

০৬. **পৃথিবীর সর্বাপেক্ষা খর্বাকার জাতি 'পিগমি'রা কোন দেশের অধিবাসী? / 'পিগমি'রা কোন দেশের অধিবাসী?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. কঙ্গো খ. লামাবিয়া গ. ইথিওপিয়া গ. হাইতি **উত্তর: ক**

০৭. **'আর্য' কীসের নাম?** [জাবি: ১৯-২০]
ক. ভাষার নাম খ. জাতিগোষ্ঠীর নাম গ. গ্রহপুঞ্জের নাম ঘ. স্থানের নাম **উত্তর: খ**

০৮. **আর্যদের আদি বাসস্থান কোথায় ছিল?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মেডিকেল অফিসার: ০৩]
ক. ভাগীরথী নদীর পশ্চিম তীরে খ. হিমালয়ের পাদদেশে নেপালের দক্ষিণে
গ. ইউরাল পর্বতের দক্ষিণে তৃণভূমি অঞ্চলে ঘ. আফগানিস্তানের দক্ষিণ-পূর্ব পাহাড়ি এলাকায় **উত্তর: গ**

০৯. **আর্য জাতি কোন দেশ থেকে এসেছিল?** [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মেডিকেল অফিসার: ০৩]
ক. বাহরাইন খ. ইরাক গ. মেক্সিকো ঘ. ইরান **উত্তর: ঘ**

১০. **আর্যরা ভারতে প্রথম কোথায় বসতি স্থাপন করেছিল?** [জাবি: ১০-১১]
ক. বাংলা খ. দক্ষিণ ভারত গ. বেলুচিস্তান ঘ. উত্তর-পশ্চিম সীমান্ত ও পাঞ্জাব **উত্তর: ঘ**

১১. **দক্ষিণ ভারতের আদি অধিবাসীদের কী নামে অভিহিত করা হয়?** [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা: ১৬]
ক. টোডা খ. দ্রাবিড় গ. সুর ঘ. আফ্রিদি **উত্তর: খ**

১২. **বহুস্বামী বিবাহভিত্তিক পরিবার কোন সমাজে দেখা যায়? / দক্ষিণ ভারতের কোন জাতিতে বহুস্বামী বিবাহভিত্তিক পরিবার দেখা যায়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. মঙ্গোলীয় খ. ভারতীয় গ. গারো ঘ. টোডা উপজাতি **উত্তর: ঘ**

১৩. **'আফ্রিদি' উপজাতি কোথায় বাস করে?** [এসএফডিএফ'র উপজেলা ব্যবস্থাপক: ১৩]
ক. পাকিস্তান খ. ভারত গ. ভূটান ঘ. নেপাল **উত্তর: ক**

১৪. **'গোর্খা' কোন দেশের আদি অধিবাসী?** [পূবালী ব্যাংকের অফিসার: ১২]
ক. ভূটান খ. ভারত গ. নেপাল ঘ. মিয়ানমার **উত্তর: গ**

১৫. **যুক্তরাষ্ট্রের আদিবাসীদের নাম কী?** [পর্যটন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৫]
ক. উপজাতি খ. আদিবাসী গ. রেড ইন্ডিয়ান ঘ. নিগ্রো **উত্তর: গ**

১৬. **'রেড ইন্ডিয়ান' কারা?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৭]
ক. ইন্ডিয়ার আদি অধিবাসী খ. আমেরিকার আদি অধিবাসী গ. আমেরিকায় আগত অধিবাসী ঘ. সবগুলোই **উত্তর: খ**

১৭. **নিউজিল্যান্ডের আদিবাসীদের কী বলা হয়?** [বিআরইবি'র সহকারী মহাব্যবস্থাপক: ১৭]
ক. তাতারু খ. মাউরি গ. রেড ইন্ডিয়ান ঘ. কুর্দি **উত্তর: খ**

১৮. **'মাউরি' শব্দটি কোন দেশের সাথে সম্পর্কিত? / 'মাওরি' জাতি কোন দেশের অধিবাসী?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী প্রসিকিউটর: ২১]
ক. দক্ষিণ আফ্রিকা খ. নিউজিল্যান্ড গ. অস্ট্রেলিয়া ঘ. জিবুতি **উত্তর: খ**

১৯. **দক্ষিণ আফ্রিকার প্রধান অধিবাসীদের নাম কী?** [অগ্রণী ব্যাংকের অফিসার: ১৫]
ক. আফ্রিদি খ. জুলু গ. কুর্দি ঘ. মাসাই **উত্তর: খ**

২০. **'জুলু' উপজাতি কোথায় বাস করে?** [এলজিইডি'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. লাতিন আমেরিকা খ. দক্ষিণ আফ্রিকা গ. ভারতে ঘ. ফ্রান্সে **উত্তর: খ**

২১. **দক্ষিণ ও পশ্চিম আফ্রিকায় বসবাসরত নিগ্রো জাতিদের কী বলে?** [শাবিপ্রবি: ০১-০২]
ক. হটেনটট খ. শেরপা গ. মাউরি ঘ. পশতুন **উত্তর: ক**

২২. **Which ethnic people constitute the world's largest population?** [পিকেবি'র অফিসার (ক্যাশ): ২১]
ক. Han / হান খ. Han / মঙ্গল গ. Han / স্লাভ ঘ. Han / তুর্কি **উত্তর: ক**

২৩. **চীনের বৃহত্তম মুসলিম সম্প্রদায় কোনটি?** [পিকেবি'র অফিসার (ক্যাশ): ২১]
ক. হুই খ. উইঘুর গ. তাজিক ঘ. কাজাখ **উত্তর: ক**

২৪. **চীনের কোন প্রদেশটি মুসলিম অধ্যুষিত?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]
ক. কুমিংটাং খ. জিনজিয়াং গ. সাংহাই ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

২৫. **চীনের জিনজিয়াং প্রদেশে বসবাসকারী প্রধান মুসলিম সম্প্রদায়ের নাম কী?** [৪৩তম বিসিএস]
ক. তুর্কমেন খ. উইঘুর গ. তাজিক ঘ. কাজাখ **উত্তর: খ**

২৬. **উইঘুর হলো -** [৩৫তম বিসিএস]
ক. চীনের একটি শহরের নাম খ. চীনের একটি ধর্মীয় স্থানের নাম
গ. চীনের একটি খাবারের নাম ঘ. চীনের একটি মুসলিম সম্প্রদায়ের নাম **উত্তর: ঘ**

২৭. **আফগানিস্তানের কোন জাতিগোষ্ঠীর সদস্যরা সংখ্যাগরিষ্ঠ?** [রাবি: ২০-২১]
ক. তাজিক খ. উজবেক গ. কুর্দি ঘ. পশতুন **উত্তর: ঘ**

২৮. **বেদে বা যাযাবর জাতির আসল বা আদি নাম কী?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৭]
ক. আরকান খ. মনতং গ. রাজবংশী ঘ. পিগমি **উত্তর: খ**

২৯. **'বুশম্যান' উপজাতি কোথায় বাস করে?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিষ্ট্রার: ১৪]
ক. বতসোয়ানা খ. ভারত গ. যুক্তরাষ্ট্র ঘ. ফ্রান্স **উত্তর: ক**

৩০. **'তাতার' উপজাতি কোথায় বাস করে? / Tartar tribe lives in -** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]
ক. রাশিয়া খ. বেলজিয়াম গ. চীন ঘ. গ্রিস **উত্তর: ক**

৩১. **রুয়ান্ডার ক্ষমতার লড়াইয়ে লিপ্ত দুইটি প্রধান উপজাতির একটি হলো টুটসি। অপরটির নাম কী?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০২]
ক. জুলু খ. হুটু গ. খেয়াররুজ ঘ. তামিল **উত্তর: খ**

৩২. **এস্কিমোরা শিকারের জন্য কুকুর চালিত যে গাড়ি ব্যবহার করে তার নাম -** [ট্রাস্ট ব্যাংকের অফিসার: ০৯]
ক. কার্টেজ খ. স্লেজ গ. বাস ঘ. স্লোকার্ড **উত্তর: খ**

৩৩. **আমাজন রেইন ফরেস্টের গভীরে কোন উপজাতির একজন ব্যক্তি সন্ধান পাওয়া গেছে?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২৩]
ক. পিরিপকুরা খ. ইয়ানোমামি গ. কিরতা লারগা ঘ. চিকুইতানো **উত্তর: ক**
ব্যাখ্যা: সভ্য সমাজের কাছে নতুন একটি উপজাতি হলো পিরিপকুরা। আমাজন অরণ্যে তাঁদের বসবাস। বিলুপ্তির দ্বারপ্রান্তে এমন কিছু জনগোষ্ঠী হলো পিরিপকুড়া (ব্রাজিল), দ্য ম্যান অব দ্য হোর (ব্রাজিল), কোরুবা ও গাদাম (জাভারি ভ্যালি, ব্রাজিল), জো (ব্রাজিল), বাটাক (ফিলিপাইন), রক (ভিয়েতনাম), সেন্টিনেল ও জারওয়া (আন্দামান দ্বীপ, ভারত) প্রভৃতি।

রাষ্ট্র ও জাতিরাষ্ট্র

০১. **রাষ্ট্রবিজ্ঞানের জনক কে?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. প্লেটো খ. বার্জেস গ. এরিস্টটল ঘ. গেটে **উত্তর: গ**

০২. **আধুনিক রাষ্ট্রবিজ্ঞানের জনক কে?** [শাবিপ্রবি: ১৬-১৭]
ক. এরিস্টটল খ. ম্যাকিয়াভেলী গ. হবস ঘ. লক **উত্তর: খ**

০৩. **'The Prince' গ্রন্থের রচয়িতা - / 'দি প্রিন্স' গ্রন্থের রচয়িতা কে?** [বিসিকের প্রমোশন অফিসার: ২৩]
ক. হবস খ. ম্যাকিয়াভেলি গ. এরিস্টটল ঘ. স্টুয়ার্ড মিল **উত্তর: খ**

০৪. **'শক্তি নয় ইচ্ছাই রাষ্ট্রের ভিত্তি' কে বলেছেন?** [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১০]
ক. টি. এইচ. গ্রিন খ. টি. এইচ. ব্রাউন গ. এরিস্টটল ঘ. প্লেটো **উত্তর: ক**

০৫. **'রাষ্ট্র মানব সমাজের ক্রমবিবর্তনে ফল' কে বলেছেন?** [ববি: ১৬-১৭]
ক. সক্রেটিস খ. এরিস্টটল গ. প্লেটো ঘ. অধ্যাপক বার্জেস **উত্তর: ঘ**

০৬. **'রাষ্ট্র হলো আইনানুসারে সংগঠিত নির্দিষ্ট ভূখন্ডের একটি জনসমষ্টি' কে বলেছেন?** [ববি: ১২-১৩]
ক. এরিস্টটল খ. উড্রো উইলসন গ. গার্নার ঘ. আব্রাহাম লিংকন **উত্তর: খ**

০৭. **সেন্ট অগাস্টিন, সেন্ট একুইনাস, ফিলমা এবং ফ্রান্সের রাজা চতুর্দশ লুই রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কিত কোন মতবাদের সমর্থক ছিলেন?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. ঐশ্বরিক মতবাদ খ. পিতৃতান্ত্রিক মতবাদ গ. মাতৃতান্ত্রিক মতবাদ ঘ. বিবর্তনমূলক মতবাদ **উত্তর: ক**

০৮. **সামাজিক চুক্তি মতবাদের প্রবক্তা কে?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ১৫]
ক. প্লেটো খ. এরিস্টটল গ. সক্রেটিস ঘ. রুশো **উত্তর: ঘ**

০৯. **সামাজিক চুক্তি মতবাদের সমর্থক -** [জাবি: ১৬-১৭]
ক. হবস ও ভলতেয়ার খ. রুশো ও ওয়েবার গ. লক ও বেন্থাম ঘ. হবস, লক ও রুশো **উত্তর: ঘ**

১০. **'The Social Contract' গ্রন্থের রচয়িতা কে? / ফরাসি ভাষায় প্রকাশিত 'The Social Contract' গ্রন্থের রচয়িতা -** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৩]
ক. ভলতেয়ার খ. প্লেটো গ. রুশো ঘ. এরিস্টটল **উত্তর: গ**

১১. **'জনসাধারণই সার্বভৌম ক্ষমতার অধিকারী' উক্তিটি কার?** [চবি: ০৬-০৭]
ক. কার্ল মার্কস খ. হিটলার গ. রুশো ঘ. প্লেটো **উত্তর: গ**

১২. **আধুনিক রাষ্ট্রব্যবস্থা উদ্ভবের সময়কাল কোনটি?** [৩৯তম বিসিএস]
ক. ১৬০০ - ১৮০০ সাল খ. প্রাচীন রোম শাসনকাল গ. প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তীকাল ঘ. প্রাচীন গ্রিস সময়কাল **উত্তর: ক**

১৩. **'The Modern State' গ্রন্থটির রচয়িতা কে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৮]
ক. এরিস্টটল খ. আব্রাহাম লিংকন গ. আর. এম. ম্যাকাইভার ঘ. জন এফ. কেনেডি **উত্তর: গ**

১৪. **আন্তর্জাতিক ক্ষেত্রে প্রত্যেক রাষ্ট্রের মান কত?** [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১০]
ক. সমান খ. অসমান গ. মানসম্মত ঘ. উচ্চমান **উত্তর: ক**

১৫. **নৈরাজ্য যে তত্ত্বের মূল উপাদান সেটি হচ্ছে -** [৩৮তম বিসিএস]
ক. নয়া উদারতাবাদ খ. গঠনবাদ গ. বাস্তববাদ ঘ. নব্য মার্কসবাদ **উত্তর: গ**

১৬. **জিরোসাম গেম আন্তর্জাতিক সম্পর্কে কোন তত্ত্বের সঙ্গে সংশ্লিষ্ট?** [৩৯তম বিসিএস]
ক. মার্কবাদ খ. গঠনবাদ গ. উদারতাবাদ ঘ. বাস্তববাদ **উত্তর: ঘ**

১৭. **জাতি রাষ্ট্রের স্বপ্নদ্রষ্টা কে?** [মাভাবিপ্রবি: ১৫-১৬]
ক. ম্যাকিয়াভেলী খ. বিসবার্ক গ. হিটলার ঘ. মুসোলিনী **উত্তর: ক**

১৮. **জাতি রাষ্ট্রের অর্থ হলো -** [শাবিপ্রবি: ১২-১৩]
ক. দ্বন্দ্ব-সংঘাতহীন রাষ্ট্র খ. একটি ভৌগোলিক এলাকার বসবাসরত জনগোষ্ঠী কর্তৃক গঠিত রাষ্ট্র
গ. ধর্মীয় সম্প্রদায়ভিত্তিক রাষ্ট্র ঘ. সংস্কৃতিভিত্তিক জাতীয় চেতনায় উদ্বুদ্ধ রাষ্ট্র **উত্তর: ঘ**

১৯. **জাতি রাষ্ট্রের মূল ভিত্তি কী?** [মাভাবিপ্রবি: ১২-১৩]
ক. জাতীয়তাবাদ খ. জাতীয় ঐক্য গ. রাজনৈতিক ঐক্য ঘ. অর্থনীতি **উত্তর: ক**

২০. **'জাতি হলো রাষ্ট্রের অধীনে সুসংগঠিত একটি জনসমাজ' এই উক্তিটি কে করেন?** [জাককানইবি: ০৮-০৯]
ক. ম্যাকাইভার খ. গিল ক্রাইস্ট গ. স্টালিন ঘ. রামজে ম্যুইর **উত্তর: খ**

২১. **কোন বৈশিষ্ট্য রাষ্ট্র ও জাতির মধ্যে পার্থক্য নির্দেশ করে?** [বিভিন্ন মন্ত্রনালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. জনসংখ্যা খ. এলাকা গ. ঐক্য ঘ. সার্বভৌমত্ব **উত্তর: ঘ**

২২. **নরওয়ের নাগরিক জাতিগতভাবে -** [সমবায় অধিদপ্তরের পরিদর্শক: ৯৭]
ক. নরওয়েইয়ান খ. স্ক্যান্ডিনেভিয়ান গ. নরওয়েইজ ঘ. নরওয়েজিয়ান **উত্তর: ঘ**

২৩. **ইংল্যান্ডের বর্তমান জাতিগোষ্ঠী কোন বংশোদ্ভূত?** [জাবি: ১৬-১৭]
ক. ফরাসি খ. জার্মান গ. আমেরিকান ঘ. রোমান **উত্তর: খ**

২৪. **The modern nation-state system is the result of -** [জাবি: ১৫-১৬]
ক. Maastricht Treaty খ. Treaty of Versilles গ. Treaty of Rome ঘ. Treaty of Westphalia **উত্তর: ঘ**

রাষ্ট্রের উপাদান ও কার্যাবলি

০১. **রাষ্ট্র কয়টি উপাদান নিয়ে গঠিত? / রাষ্ট্রের উপাদান কয়টি?** [জবি: ১২-১৩]
ক. দুইটি খ. তিনটি গ. চারটি ঘ. পাঁচটি **উত্তর: গ**
ব্যাখ্যা: রাষ্ট্রের উপাদান চারটি। যথা- জনসমষ্টি, নির্দিষ্ট ভূখন্ড, সরকার ও সার্বভৌমত্ব।

০২. **রাষ্ট্রের প্রথম ও প্রধান উপাদান কোনটি?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ০৪]
ক. সরকার খ. জনসমষ্টি গ. আইনের শাসন ঘ. নির্দিষ্ট ভূখন্ড **উত্তর: খ**

০৩. **'জনসমষ্টি' রাষ্ট্রের প্রাণ স্বরূপ হলে 'ভূখন্ড' কী?** [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১০]
ক. প্রাণ খ. দেহতুল্য গ. সমাজতুল্য ঘ. অখন্ড ভূমি **উত্তর: খ**

০৪. **'Demos' শব্দটির অর্থ কী? / 'ডিমোস' শব্দটির অর্থ কী?** [মাভাবিপ্রবি: ১৪-১৫]
ক. সরকার খ. ক্ষমতা গ. রাজনীতি ঘ. জনগণ **উত্তর: ঘ**

০৫. **রাষ্ট্র গঠনে কোনটি অপরিহার্য উপাদান?** [বিআরইবি'র সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার: ২৩]
ক. সরকার খ. গণতন্ত্র গ. রাজনৈতিক দল ঘ. একনায়কতন্ত্র **উত্তর: ক**

০৬. **সরকার রাষ্ট্র গঠনের কততম উপাদান?** [বেবিচকের অ্যারোড্রাম কর্মকর্তা: ২১]
ক. প্রথম খ. দ্বিতীয় গ. চতুর্থ ঘ. তৃতীয় **উত্তর: ঘ**

০৭. **রাষ্ট্রের মুখপাত্র কে?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. সরকার খ. প্রধানমন্ত্রী গ. রাষ্ট্রপতি ঘ. সবগুলোই **উত্তর: ক**

০৮. **'সরকার হচ্ছে রাষ্ট্রের মুখপাত্র' উক্তিটি কার?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. এরিস্টটল খ. বার্জেস গ. হ্যারল্ড লাস্কি ঘ. উড্রো উইলসন **উত্তর: গ**

০৯. **'White Paper' কী? / 'শ্বেতপত্র' কী?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. আইন খ. সংবাদপত্র গ. সাদা চিঠি ঘ. সরকার কর্তৃক প্রকাশিত তথ্য বিবরণী **উত্তর: ঘ**

১০. **ক্ষমতার বিভাজন তত্ত্বের প্রবক্তা কে?** [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১০]
ক. মন্টেস্কু খ. ভলতেয়ার গ. জন লক ঘ. রুশো **উত্তর: ক**

১১. **আমলাতন্ত্রের প্রধান প্রবক্তা কে?** [২০তম বিসিএস]
ক. এফ. এম. মার্কস খ. ম্যাক্স ওয়েবার গ. রবার্ট প্রেসথাস ঘ. কার্ল মার্কস **উত্তর: খ**

১২. **ম্যাক্স ওয়েবার কোন দেশের নাগরিক ছিলেন?** [জাককানইবি: ১৯-২০]
ক. স্পেন খ. রাশিয়া গ. জার্মানি ঘ. আমেরিকা **উত্তর: গ**

১৩. **কোন দেশ থেকে আধুনিক মেধাভিত্তিক সিভিল সার্ভিসের উন্মেষ ঘটে?** [৪২তম বিসিএস]
ক. যুক্তরাজ্য খ. চীন গ. ভারত ঘ. যুক্তরাষ্ট্র **উত্তর: খ**

১৪. **'Protestant Ethics and the Spirit of Capitalism' গ্রন্থটির লেখক কে?** [ইবি: ০৬-০৭]
ক. ম্যাক্স ওয়েবার খ. কার্ল মার্কস গ. আবুল ফজল হক ঘ. আর. ভি. রাও **উত্তর: ক**

১৫. **কোন বিভাগ কূটনৈতিক কাজ করে থাকে?** [ইবি: ১৬-১৭]
ক. বিচার বিভাগ খ. শাসন বিভাগ গ. সংবিধান ঘ. আইন সভা **উত্তর: খ**

১৬. **Persona-Non-Grata শব্দ সমষ্টি যে বিশেষ ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য - / Persona-Non-Grata শব্দটি কাদের ক্ষেত্রে প্রয়োগ করা হয়?** [১৭তম বিসিএস]
ক. রাজনীতিবিদ খ. ক্রীড়াবিদ গ. ব্যবসায়ী ঘ. কূটনীতিবিদ **উত্তর: ঘ**

১৭. **রাষ্ট্রীয় প্রতিনিধি বলতে কোন শব্দটি ব্যবহার হয়?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ১৫]
ক. Ambassador খ. Representative গ. Consul ঘ. Cabinet **উত্তর: ক**

১৮. **জাতিসংঘভুক্ত রাষ্ট্রসমূহের সর্বোচ্চ কূটনীতিকদের বলা হয় -** [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ২১]
ক. অ্যাম্বাসেডর খ. হাইকমিশনার গ. অ্যাটাশে ঘ. সেক্রেটারি **উত্তর: ক**

১৯. **হাইকমিশনার ও অ্যাম্বাসেডরের মধ্যে পার্থক্য কী?** [ঢাবি: ১৯-২০]
ক. প্রথমজন কূটনীতিক ও অপরজন রাষ্ট্রের প্রতিনিধি
খ. প্রথমজন কমনওয়েলথভুক্ত রাষ্ট্রের প্রতিনিধি ও অপরজন কমনওয়েলথ বহির্ভূত রাষ্ট্রের প্রতিনিধি
গ. প্রথমজন ইউরোপীয় প্রতিনিধি ও অপরজন এশিয়া ও আফ্রিকার প্রতিনিধি ঘ. কোনো পার্থক্য নেই **উত্তর: খ**

২০. **'নেকড়েযোদ্ধা কূটনীতি' কোন দেশের সাথে সংশ্লিষ্ট?** [৪৪তম বিসিএস]
ক. ভিয়েতনাম খ. উত্তর কোরিয়া গ. চীন ঘ. রাশিয়া **উত্তর: গ**

২১. **'Fifth Column' কী অর্থে ব্যবহার করা হয়?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. পঞ্চম কলাম হিসেবে খ. পঞ্চম ব্যক্তি হিসেবে গ. বিশ্বাসভাজন হিসেবে ঘ. বিশ্বাসঘাতক হিসেবে **উত্তর: ঘ**

২২. **আন্তর্জাতিক রাজনীতিতে 'Modus Vivendi' কী বলতে কী বুঝায়?** [বিসিকের প্রকাশনা কর্মকর্তা: ২৩]
ক. যুদ্ধের দেশ খ. অস্থায়ী চুক্তি গ. শরণার্থী শিবির ঘ. স্বার্থ হাসিল **উত্তর: খ**

২৩. **রাষ্ট্রের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ উপাদান কোনটি?** [ঢাবি: ১৯-২০]
ক. জনসমষ্টি খ. ভূখন্ড গ. সরকার ঘ. সার্বভৌমত্ব **উত্তর: ঘ**

২৪. **সার্বভৌমত্ব কী?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. সরকারের চরম ক্ষমতা খ. রাষ্ট্রের চরম ক্ষমতা গ. রাষ্ট্রপতির চরম ক্ষমতা ঘ. প্রধানমন্ত্রীর চরম ক্ষমতা **উত্তর: খ**

২৫. **রাষ্ট্রের চূড়ান্ত ইচ্ছাই কী?** [মাভাবিপ্রবি: ১১-১২]
ক. স্বাধীনতা খ. সংবিধান গ. আইন ঘ. সার্বভৌমত্ব **উত্তর: ঘ**

২৬. **নিচের কোনটি ছাড়া একটি রাষ্ট্র কল্পনা করা যায় না?** [রাকাব'র সিনিয়র অফিসার: ১১]
ক. সার্বভৌমত্ব খ. গণতন্ত্র গ. সংসদ ঘ. আইনের শাসন **উত্তর: ক**

২৭. **নিম্নের কোনটি সার্বভৌমত্বের বৈশিষ্ট্য নয়?** [জাককানইবি: ০৮-০৯]
ক. স্থায়িত্ব খ. অবিভাজ্যতা গ. অ-হস্তান্তর যোগ্যতা ঘ. সরকার পরিবর্তন **উত্তর: ঘ**

২৮. **পৃথিবীর কোন রাষ্ট্র পূর্ণ সার্বভৌমত্বহীন?** [শ্রম মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক: ০৯]
ক. ফিলিস্তিন খ. ভুটান গ. নেপাল ঘ. আফগানিস্তান **উত্তর: ক**

২৯. **রাষ্ট্রের উপাদান নয় কোনটি?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ১৬]
ক. নির্দিষ্ট ভূখন্ড খ. আইনের শাসন গ. সরকার ঘ. সার্বভৌমত্ব **উত্তর: খ**

৩০. **রাষ্ট্রের কার্যাবলিকে কয় ভাগে ভাগ করা যায়?** [বিআইডব্লিউটিএ'র অফিস সহায়ক: ১০]
ক. দুই খ. তিন গ. চার ঘ. পাঁচ **উত্তর: ক**
ব্যাখ্যা: রাষ্ট্রের কার্যাবলি দুই ভাগে বিভক্ত। যথা- প্রধান বা অপরিহার্য বা মুখ্য কার্যাবলি এবং কল্যাণমূলক বা ঐচ্ছিক বা গৌন কার্যাবলি। প্রধান কার্যাবলি হলো দেশ রক্ষা করা, আইন প্রণয়ন করা, প্রশাসন পরিচালনা করা, জনগণের শান্তি ও নিরাপত্তা বিধান করা, প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তোলা, বিচার কাজ পরিচালনা করা ইত্যাদি। ঐচ্ছিক কার্যাবলি হলো জনহিতকর কাজ করা, জনস্বাস্থ্য সংরক্ষণ করা, সামাজি নিরাপত্তা নিশ্চিত করা, বিদেশের সাথে সম্পর্ক উন্নয়ন করা, কর ও খাজনা আদায় করা, শিক্ষা ও বাসস্থানের ব্যবস্থা করা, শিক্ষা বিস্তার করা ইত্যাদি।

৩১. **রাষ্ট্রের প্রধান দায়িত্ব কোনটি?** [নিপোর্টের কম্পিউটার অপারেটর: ১১]
ক. বিদেশের সাথে সম্পর্ক উন্নয়ন করা খ. কর ও খাজনা আদায় করা
গ. জনগণের শান্তি ও নিরাপত্তা বিধান করা ঘ. শিক্ষা ও বাসস্থানের ব্যবস্থা করা **উত্তর: গ**

৩২. **নিচের কোনটি আধুনিক রাষ্ট্রের অপরিহার্য কাজ?** [জাককানইবি: ০৮-০৯]
ক. শিক্ষা বিস্তার খ. শিল্প বাণিজের প্রসার গ. সামাজিক নিরাপত্তা ঘ. প্রতিরক্ষা ব্যবস্থা গড়ে তোলা **উত্তর: ঘ**

৩৩. **রাষ্ট্রের ঐচ্ছিক কাজ কোনটি?** [জাবি: ১৭-১৮]
ক. দেশ রক্ষা করা খ. আইন প্রণয়ন করা গ. প্রশাসন পরিচালনা করা ঘ. শিক্ষা বিস্তার করা **উত্তর: ঘ**

৩৪. **'The End of History and the Last Man' গ্রন্থটির রচয়িতা কে?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০১]
ক. স্যামুয়েল হান্টিংটন খ. রবার্ট ফ্রোস্ট গ. ফ্রান্সিস ফুকুয়ামা ঘ. ডেভিড রিকার্ডো **উত্তর: গ**

৩৫. **'প্রিজন নোটবুকস' বইটির রচয়িতা কে?** [ঢাবি: ১৬-১৭]
ক. আন্তনিও গ্রামসি খ. ফ্রেডরিক এঙ্গেলস গ. নেলসন ম্যান্ডেলা ঘ. মাও সে তুং **উত্তর: ক**

রাষ্ট্রের শ্রেণিবিভাগ

০১. **'Civitas' শব্দটি কোন কোন ল্যাটিন শব্দ হতে এসেছে?** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ০৪]
ক. Cavis এবং Cavits খ. Cevis এবং Cevitas গ. Civis এবং Civitas ঘ. Civis এবং Civities **উত্তর: গ**

০২. **ল্যাটিন শব্দ 'সিভিস' এর অর্থ - / ল্যাটিন শব্দ 'Civis' এর অর্থ -** [ঢাবি: ১৮-১৯]
ক. নগর খ. নগররাষ্ট্র গ. নাগরিক ঘ. রাষ্ট্র **উত্তর: গ**

০৩. **ল্যাটিন 'সিভিটাস' শব্দের অর্থ কী? / ল্যাটিন 'Civitas' শব্দের অর্থ কী?** [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১০]
ক. নাগরিক খ. নগর গ. নগররাষ্ট্র ঘ. পৌর **উত্তর: গ**

০৪. **নিচের কোন গ্রিক শব্দটি ল্যাটিন 'Civitas' শব্দের সমার্থক?** [মাভাবিপ্রবি: ১২-১৩]
ক. Polites খ. Polish গ. Politus ঘ. Polis **উত্তর: ঘ**

০৫. **গ্রিক 'Polis' শব্দটির অর্থ -** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ৯৯]
ক. রাষ্ট্র খ. সমাজ গ. নগররাষ্ট্র ঘ. জাতিরাষ্ট্র **উত্তর: গ**
ব্যাখ্যা: প্রাচীন গ্রিসের ক্ষুদ্র ক্ষুদ্র অঞ্চলগুলোকে বলা হতো নগর রাষ্ট্র। যেমন- এথেন্স ও স্পার্টা। আধুনিককালেও নগর রাষ্ট্রের অস্তিত্ব বিদ্যমান। যেমন- এশিয়ায় সিঙ্গাপুরকে নগর রাষ্ট্র হিসেবে বিবেচনা করা হয়।

০৬. **নিচের দেশগুলোর মধ্যে কোনটি নগররাষ্ট্র?** [বিটাক'র মেকানিক্যাল ইঞ্জিনিয়ার: ৯৯]
ক. জায়ারে খ. ইথিওপিয়া গ. সিঙ্গাপুর ঘ. আলাস্কা **উত্তর: গ**

০৭. **এশিয়ার নগর রাষ্ট্র কোনটি?** [বেপজা'র উপ-সহকারী প্রকৌশলী: ২৩]
ক. সিঙ্গাপুর খ. হংকং গ. মালদ্বীপ ঘ. ভুটান **উত্তর: ক**

০৮. **কল্যাণমূলক রাষ্ট্রের জনক কে?** [মাভাবিপ্রবি: ১৮-১৯]
ক. জেরোমি বেন্থাম খ. উইলিয়াম বেভারিজ গ. স্টুয়ার্ট মিল ঘ. টি. এইচ. গ্রিন **উত্তর: খ**
ব্যাখ্যা: যে রাষ্ট্র জনগণের মৌলিক অধিকার ও মানবাধিকার নিশ্চিত করার পাশাপাশি মানবিক চিত্ত বিকাশের জন্য কল্যাণমূলক কাজ করে তাকে কল্যাণমূলক রাষ্ট্র বলে। বিশ্বের প্রথম কল্যাণমূলক রাষ্ট্র হলো সুইডেন। অন্যান্য কল্যাণমূলক রাষ্ট্রগুলো হলো ফিনল্যান্ড, আইসল্যান্ড, কানাডা, নরওয়ে, যুক্তরাজ্য ইত্যাদি।

০৯. **A state where all religions are respected is --- in nature.** [রাবি: ১৪-১৫]
ক. Democratic খ. Secular গ. Holy State ঘ. Socialist **উত্তর: খ**

১০. **State in which the few govern the many -** [বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক: ১১]
ক. Monarchy খ. Plutocracy গ. Oligarchy ঘ. Autocracy **উত্তর: গ**

১১. **দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বী বৃহৎ শক্তিসমূহের মাঝখানে অবস্থিত দেশকে বলা হয় -** [৩৮তম বিসিএস]
ক. স্থলবেষ্টিত রাষ্ট্র খ. নিরপেক্ষ রাষ্ট্র গ. বাফার রাষ্ট্র ঘ. জিরোসাম রাষ্ট্র **উত্তর: গ**
ব্যাখ্যা: দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বী বৃহৎ শক্তিসমূহের মাঝখানে অবস্থিত দেশকে বাফার স্টেট বলে। যেমন- ভারত ও চীনের মধ্যবর্তী বাফার রাষ্ট্র নেপাল ও ভুটান। আবার প্রথম বিশ্বযুদ্ধের পূর্বে ফ্রান্স, জার্মানি, নেদারল্যান্ড ও ব্রিটিশ সাম্রাজ্যের মাঝে বাফার রাষ্ট্র ছিল বেলজিয়াম।

১২. **বাফার স্টেট কোনটি?** [স্বাস্থ্য অধিদপ্তরের ড্রাফটম্যান: ২২]
ক. পাকিস্তান খ. আফগানিস্তান গ. বেলজিয়াম ঘ. ফ্রান্স **উত্তর: গ**

১৩. **A Vassal State is the one which is -** [বাংলাদেশ বিমানের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্ট: ২৩]
ক. An independent state খ. Under the suzerainty of another state
গ. Situated on the sea shore ঘ. None of these **উত্তর: খ**
ব্যাখ্যা: যে সব রাষ্ট্র অন্য কোনো রাষ্ট্রের কর্তৃত্বাধীন অবস্থায় থাকে তাকে নিয়ন্ত্রণাধীন রাষ্ট্র বা করদ রাষ্ট্র (Vassal State) বলে।

১৪. **'স্যাটেলাইট স্টেট' কোনটি?** [সিজিএ কার্যালয়ের কম্পিউটার অপারেটর: ২২]
ক. নেপাল খ. ভারত গ. শ্রীলংকা ঘ. বাংলাদেশ **উত্তর: ক**
ব্যাখ্যা: প্রতিবেশি বৃহৎ ও শক্তিশালী দেশের রাজনৈতিক ও অর্থনৈতিক প্রভাবাধীন অপেক্ষাকৃত দুর্বল ও ক্ষুদ্র দেশকে স্যাটেলাইট স্টেট বলে। যেমন- ভারতের কাছে ভুটান ও নেপাল এবং সৌদি আরবের কাছে বাহরাইন উপগ্রহ রাষ্ট্র।

১৫. **কোন ধরনের সরকার ব্যবস্থায় রাষ্ট্রের প্রধান নিযুক্ত হোন বংশানুক্রমে?** [জাবি: ০৯-১০]
ক. গণতান্ত্রিক খ. সাংবিধানিক রাজতন্ত্র গ. একনায়কতন্ত্র ঘ. কেন্দ্রীয় শাসন ব্যবস্থায় **উত্তর: খ**
ব্যাখ্যা: যে সরকার ব্যবস্থায় রাষ্ট্র প্রধান উত্তরাধিকারসূত্রে বা বংশানুক্রমে ক্ষমতা লাভ করেন তাকে রাজতন্ত্র বলে। রাজতন্ত্র দুই প্রকার। যথা- নিরঙ্কুশ রাজতন্ত্র ও নিয়মতান্ত্রিক বা সাংবিধানিক রাজতন্ত্র। নিরঙ্কুশ রাজতন্ত্রের উদাহরণ হলো সৌদি আরব, ওমান, ব্রুনাই, কাতার, ভ্যাটিকান ইত্যাদি। নিয়মতান্ত্রিক বা সাংবিধানিক রাজতন্ত্রের উদাহরণ হলো কানাডা, যুক্তরাজ্য, ডেনমার্ক, বেলজিয়াম, লুক্সেমবার্গ, স্পেন, মরক্কো, বাহরাইন, জর্ডান, কুয়েত, ভূটান, কম্বোডিয়া, থাইল্যান্ড, মালয়েশিয়া, জাপান ইত্যাদি।

১৬. **কোন দেশে সাংবিধানিক রাজতন্ত্র চালু আছে?** [কুবি: ০৮-০৯]
ক. ভারত খ. নেপাল গ. যুক্তরাজ্য ঘ. মিশর **উত্তর: গ**

১৭. **নিচের কোন দেশে নিয়মতান্ত্রিক রাজতন্ত্র নেই?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. ডেনমার্ক খ. গ্রেট ব্রিটেন গ. জাপান ঘ. সৌদি আরব **উত্তর: ঘ**

১৮. **কোন দেশে রাজতন্ত্র নেই?** [ঢাবি: ০৫-০৬]
ক. যুক্তরাজ্য খ. নেপাল গ. জাপান ঘ. যুক্তরাষ্ট্র **উত্তর: খ, ঘ**

নাগরিক ও নাগরিকত্ব

০১. **জন্মসূত্রে নাগরিকতা অর্জনের পদ্ধতি কোনটি?** [শাবিপ্রবি: ০০-১১]
ক. জন্মনীতি খ. জন্মস্থান গ. ক ও খ উভয়ই ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**
ব্যাখ্যা: নাগরিকতা হলো রাষ্ট্রের সদস্য হিসেবে ব্যক্তির মর্যাদা। নাগরিকতা অর্জনের পদ্ধতি দুইটি। যথা- জন্মসূত্রে নাগরিক ও অনুমোদনসূত্রে নাগরিক। যারা জন্মগতভাবে কোনো রাষ্ট্রের নাগরিকতা অর্জন করেন তাঁরা জন্মসূত্রে নাগরিক, আর যারা কতকগুলো শর্ত পূরণ করে শর্ত আরোপকারী রাষ্ট্রের নাগরিকতা অর্জন করেন তাঁরা অনুমোদনসূত্রে নাগরিক। জন্মসুত্রে নাগরিকতা অর্জনের পদ্ধতি দুইটি। যথা- জন্মনীতি ও জন্মস্থান নীতি। জন্মনীতি অনুসারে পিতা-মাতার নাগরিকতা অনুযায়ী সন্তানের নাগরিকতা নির্ধারিত হয়। যেমন- বাংলাদেশ, ভারত, ফ্রান্স, জাপান, ইতালিসহ বিশ্বের অধিকাংশ দেশ জন্মনীতি অনুসরণ করে। জন্মস্থান নীতি অনুসারে শিশু যে রাষ্ট্রে ভূমিষ্ট হয় সে রাষ্ট্রের নাগরিকতা অর্জন করে। যেমন- আমেরিকা, যুক্তরাষ্ট্র, কানাডা, অস্ট্রেলিয়া ইত্যাদি।

০২. **কোন নীতি অনুসারে পিতা মাতার নাগরিকত্বের ভিত্তিতে সন্তানের নাগরিকতা নির্ধারিত হয়?** [জাবি: ০৭-০৮]
ক. জন্মনীতি খ. জন্মস্থান গ. অনুমোদন নীতি ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

০৩. **কোন দেশে নাগরিকত্ব অর্জনে জন্মস্থান নীতি অনুসৃত হয়?** [জাককানইবি: ০৮-০৯]
ক. বাংলাদেশ খ. ভারত গ. আমেরিকা ঘ. ফ্রান্স **উত্তর: গ**

০৪. **নাগরিক ও বিদেশির মধ্যে পার্থক্যের ক্ষেত্রে কোনটি সঠিক?** [মাভাবিপ্রবি: ১৪-১৫]
ক. সামাজিক অধিকার খ. ব্যক্তিক অধিকার গ. রাজনৈতিক অধিকার ঘ. সাংস্কৃতিক অধিকার **উত্তর: গ**

০৫. **রাষ্টের প্রতি নাগরিকদের প্রধান কর্তব্য –** [ঢাবি: ০৬-০৭]
ক. আইন মান্য করা খ. ভোট দেওয়া গ. আনুগত্য প্রকাশ করা ঘ. কর প্রদান করা **উত্তর: গ**

০৬. **একজন নাগরিকের সবচেয়ে বড় কর্তব্য কোনটি?** [মাভাবিপ্রবি: ১৪-১৫]
ক. আইন মান্য করা খ. কর প্রদান করা গ. সন্তানদের শিক্ষা দেয়া ঘ. রাষ্ট্রের সেবা করা **উত্তর: ক**

০৭. **নিচের কোনটি নাগরিকের দায়িত্ব?** [৩৮তম বিসিএস]
ক. দক্ষ জনশক্তি তৈরি করা খ. রাজনৈতিক সংগঠনে অন্তর্ভুক্ত হওয়া
গ. রাস্তায় ট্রাফিক আইন মেনে চলা ঘ. শিল্প কারখানায় অধিক শ্রমিক নিয়োগ দেওয়া **উত্তর: গ**

০৮. **বিদেশে নিরাপত্তা লাভ করা নাগরিকের কোন ধরণের অধিকার?** [ঢাবো: ১৭]
ক. আইনগত অধিকার খ. রাজনৈতিক অধিকার গ. সামাজিক অধিকার ঘ. রাষ্ট্রীয় অধিকার **উত্তর: খ**

০৯. **ভোটদানের অধিকার কোন ধরনের অধিকার?** [জাককানইবি: ০৮-০৯]
ক. রাষ্ট্রীয় অধিকার খ. রাজনৈতিক অধিকার গ. সামাজিক অধিকার ঘ. আইনগত অধিকার **উত্তর: খ**

১০. **বিশ্বের কোন দেশে ভোট দেওয়া বাধ্যতামূলক?** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নিম্নমান হিসাব সহকারী: ২৩]
ক. সুইডেন খ. অস্ট্রেলিয়া গ. নিউজিল্যান্ড ঘ. ইংল্যান্ড **উত্তর: খ**

১১. **রাজনৈতিক অধিকার নাগরিকের কোন শ্রেণির অধিকার?** [বেবিচকের অ্যারোড্রাম কর্মকর্তা: ২১]
ক. সামাজিক খ. নৈতিক গ. আইনগত ঘ. অর্থনৈতিক **উত্তর: গ**

সরকার কাঠামো

০১. **কোনটি এককেন্দ্রিক সরকারের বৈশিষ্ট্য নয়?** [জাশাবি: ১১-১২]
ক. বিচার বিভাগের প্রাধান্য সুরক্ষিত খ. সংবিধান সুপরিবর্তনীয়
গ. সকল ক্ষমতা কেন্দ্রের হাতে ন্যস্ত ঘ. দ্বি-নাগরিকত্বের অবকাশ নেই **উত্তর: ঘ**
ব্যাখ্যা: ক্ষমতা বণ্টন নীতির ভিত্তিতে রাষ্ট্র দুই প্রকার। যথা- এককেন্দ্রিক রাষ্ট্র ও যুক্তরাষ্ট্র। যে রাষ্ট্র ব্যবস্থায় সকল ক্ষমতা কেন্দ্র থেকে প্রয়োগ করা হয় তাকে এককেন্দ্রিক রাষ্ট্র বলে। যেমন- বাংলাদেশ, শ্রীলংকা, সিঙ্গাপুর ইত্যাদি। যে রাষ্ট্র ব্যবস্থায় সাংবিধানিকভাবে রাষ্ট্রীয় ক্ষমতা কেন্দ্র ও প্রদেশের মাঝে নির্দিষ্টভাবে ভাগ করে দেওয়া হয় তাকে যুক্তরাষ্ট্র বলে। যেমন- আমেরিকা, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, জার্মানি, ভারত ইত্যাদি।

০২. **যুক্তরাষ্ট্রীয় সরকারের ক্ষমতা কিভাবে বণ্টন করা হয়?** [ইবি: ০১-১১]
ক. কেন্দ্রের ইচ্ছায় খ. প্রদেশের ইচ্ছায় গ. সরকারের ইচ্ছায় ঘ. সংবিধানের মাধ্যমে **উত্তর: ঘ**

০৩. **সংসদীয় গণতন্ত্রে শাসন বিভাগের সকল ক্ষমতা কার কাছে ন্যস্ত থাকে?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৮]
ক. রাষ্ট্রপতির কাছে খ. প্রধানমন্ত্রীর কাছে গ. প্রধান বিচারপতির কাছে ঘ. আইনমন্ত্রীর কাছে **উত্তর: খ**
ব্যাখ্যা: আইন ও শাসন বিভাগের সম্পর্কের ভিত্তিতে সরকার দুই প্রকার। যথা- সংসদীয় সরকার ও রাষ্ট্রপতি শাসিত সরকার। যে সরকার ব্যবস্থায় শাসন বিভাগ ও আইন বিভাগের মধ্যে সম্পর্ক অত্যন্ত ঘনিষ্ঠ এবং শাসন বিভাগের কার্যকারিতা আইন বিভাগের উপর নির্ভরশীল তাকে সংসদীয় সরকার বা মন্ত্রিপরিষদ শাসিত সরকার বলে। যে সরকার ব্যবস্থায় রাষ্ট্রের শাসন পরিচালনার ক্ষমতা রাষ্ট্রপতির হাতে ন্যস্ত থাকে এবং রাষ্ট্রপতি সাধারণত আইনসভার কাছে দায়ী না থেকে জনগণের কাছে দায়ী থাকেন তাকে রাষ্ট্রপতি শাসিত সরকার বলে।

০৪. **সংসদীয় বা মন্ত্রিপরিষদ শাসিত সরকার ব্যবস্থায় মন্ত্রীগণ ব্যক্তিগত ও যৌথভাবে জবাবদিহি করেন** - [জাককানইবি: ০৮-০৯]
ক. স্পিকারের নিকট খ. প্রধানমন্ত্রীর নিকট গ. রাষ্ট্রপতির নিকট ঘ. সংসদের নিকট **উত্তর: ঘ**

০৫. **A person who rules without consulting other** - [শ্রম মন্ত্রণালয়ের সহকারী প্রধান পরিদর্শক: ০৯]
ক. Democrat খ. Bureaucrat গ. Autocrat ঘ. Fanatic **উত্তর: গ**
ব্যাখ্যা: ক্ষমতার উৎসের ভিত্তিতে রাষ্ট্রকে দুই ভাগে ভাগ করা যায়। যথা- একনায়কতান্ত্রিক ও গণতান্ত্রিক রাষ্ট্র। যে রাষ্ট্রের যাবতীয় ক্ষমতা একজন ব্যক্তি বা শাসকের হাতে অর্পিত থাকে তাকে একনায়কতান্ত্রিক রাষ্ট্র বলে। যে রাষ্ট্র জনগণের দ্বারা এবং জনগণের জন্য পরিচালিত হয় তাকে গণতান্ত্রিক রাষ্ট্র বলে।

০৬. **গণতন্ত্র : বহুদল : : একনায়কতন্ত্র : ?** [জাককানইবি: ০৮-০৯]
ক. দুশাসন খ. বল প্রয়োগ গ. একদল ঘ. একক আদর্শবাদ **উত্তর: গ**

০৭. **গণতন্ত্রের জনক কে?** [শাবিপ্রবি: ০১-০২]
ক. রুশো খ. ক্লিস্টেনস গ. মাক্স ওয়েরার ঘ. জন লক **উত্তর: খ**
ব্যাখ্যা: যে শাসন ব্যবস্থায় শাসন ক্ষমতা কোনো বিশেষ শ্রেণির হাতে ন্যস্ত না থেকে সমাজের সকল সদস্যের হাতে ন্যস্ত থাকে তাকে গণতন্ত্র বলে। গণতন্ত্রের জনক হলেন ক্লিস্টেনস। তবে আধুনিক গণতন্ত্রের জনক জন লক।

০৮. **'গণতন্ত্রই সর্বোৎকৃষ্ট শাসন ব্যবস্থা' কার উক্তি?** [জবি: ১৫-১৬]
ক. অগাস্ট কোঁৎ খ. রুশো গ. লর্ড ব্রাইড ঘ. ম্যাকাইভার **উত্তর: গ**

০৯. **'গণতন্ত্র শ্রেষ্ঠ ও উৎকৃষ্ঠ শাসন ব্যবস্থা' উক্তিটি কার?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]
ক. মিল খ. প্লেটো গ. এরিস্টটল ঘ. লর্ড ব্রাইস **উত্তর: ক**

১০. **'If there is no opposition, there is on democracy' উক্তিটি কে করেছিলেন?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. আইভর জেনিংস খ. অধ্যাপক লাস্কি গ. জন লক ঘ. আব্রাহাম লিংকন **উত্তর: ক**

১১. **'গণতন্ত্র হচ্ছে আলাপ-আলোচনার মাধ্যমে পরিচালিত সরকার' উক্তিটি কার?** [মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসের স্টোরম্যান: ১০]
ক. হেরোডটাস গ. প্লেটো গ. বার্কার ঘ. সীলি **উত্তর: গ**

১২. **'Democracy is a government of the people, by the people, for the people' উক্তিটি কে করেছিলেন? / 'জনসাধারণের জন্য, জনসাধারণের দ্বারা পরিচালিত এবং জনসাধারণের সরকারই হলো গণতন্ত্র' এটা কার উক্তি?** [চবি: ০২-০৩]
ক. রুশো খ. মন্টেস্কু গ. ভলতেয়ার ঘ. আব্রাহাম লিংকন **উত্তর: ঘ**

১৩. **গণতন্ত্রের প্রাণ হলো** - [ইবি: ০৬-০৭]
ক. সরকার খ. রাষ্ট্র গ. সংবিধান ঘ. জনগণ **উত্তর: ঘ**

১৪. **গণতন্ত্রের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ উপাদান কোনটি?** [শ্রম পরিদপ্তরের শ্রম অফিসার: ৯৬]
ক. নির্বাচন খ. আইনের শাসন গ. বহুদলীয় ব্যবস্থা ঘ. সরকারের জবাবদিহিতা **উত্তর: ক**

১৫. **প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক শাসন ব্যবস্থার মূলভিত্তি কোনটি?** [মাভাবিপ্রবি: ১১-১২]
ক. সরকার খ. মন্ত্রিপরিষদ গ. সার্বভৌত্ব ঘ. রাজনৈতিক দল **উত্তর: ঘ**

১৬. **প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক শাসনব্যবস্থায় বিকল্প সরকার বলতে কী বুঝায়?** [৪৩তম বিসিএস]
ক. ক্যাবিনেট খ. বিরোধী দল গ. সুশীল সমাজ ঘ. লোকপ্রশাসন বিভাগ **উত্তর: খ**

১৭. **এরিস্টটল গণতন্ত্রকে সরকার ব্যবস্থার কোন প্রকারের রূপ হিসেবে গণ্য করেছেন?** [শাবিপ্রবি: ১০-১১]
ক. স্বাভাবিক রূপ খ. পরিমার্জিত রূপ গ. বিকৃত রূপ ঘ. ঐশ্বরিক রূপ **উত্তর: গ**

১৮. **কোন দেশকে গণতন্ত্রের সূতিকাগার বলা হয়? / Birth Place of Democracy is - / কোন দেশে প্রথম গণতন্ত্রের ধারণা উৎসারিত হয়?** [৪৪তম বিসিএস]
ক. ইতালি খ. গ্রিস গ. যুক্তরাজ্য ঘ. যুক্তরাষ্ট্র **উত্তর: খ**

১৯. **কোন দেশে সর্বপ্রথম সরাসরি গণতন্ত্র চালু হয়েছিল?** [আবহাওয়া অধিদপ্তরের সরকারী আবহাওয়াবিদ: ৯৫]
ক. ভারত খ. রাশিয়া গ. সুইজারল্যান্ড ঘ. ফ্রান্স **উত্তর: গ**

২০. **কোন দেশে প্রাচীনতম গণতন্ত্র প্রচলিত আছে?** [নির্বাচন কমিশনের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ফ্রান্স খ. ব্রিটেন / যুক্তরাজ্য গ. যুক্তরাষ্ট্র ঘ. জার্মানি **উত্তর: খ**

২১. **আধুনিক গণতন্ত্রের জনক কে?** [শাবিপ্রবি: ১০-১১]
ক. মাক্স ওয়েরার খ. জন লক গ. হ্যান্ড লাস্কি ঘ. রুশো **উত্তর: খ**

২২. **কোন দেশকে আধুনিক গণতন্ত্রের সূতিকাগার বলা হয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৩]
ক. জার্মানি খ. ফ্রান্স গ. ব্রিটেন / যুক্তরাজ্য ঘ. যুক্তরাষ্ট্র **উত্তর: গ**

২৩. **কোন দেশে সংসদীয় গণতন্ত্রের উৎপত্তি?** [চবি: ১৬-১৭]
ক. মার্কিন যুক্তরাষ্ট্র খ. ব্রিটেন / যুক্তরাজ্য গ. ফ্রান্স ঘ. জার্মানি **উত্তর: খ**

২৪. **কোন দেশকে পৃথিবীর সর্ববৃহৎ গণতান্ত্রিক রাষ্ট্র বলা হয়?** [বিআরডিবি'র মাঠ সংগঠক: ১৩]
ক. যুক্তরাষ্ট্র খ. যুক্তরাজ্য গ. ভারত ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

২৫ **নিচের কোন দেশটি গণতান্ত্রিক রাষ্ট্র নয় এবং দেশটিতে কোন রাজনৈতিক দল নেই?** [ডাচ-বাংলা ব্যাংকের প্রবেশনারী অফিসার: ১৯]
ক. উগান্ডা খ. কাতার গ. তিউনিসিয়া ঘ. রুয়ান্ডা **উত্তর: খ**

২৬. **'ভোটাধিকারের মাধ্যমে মানুষ ব্যক্তিত্ব মর্যাদাসম্পন্ন হয়' কে বলেছেন?** [আনসার ও ভিডিপি'র উপজেলা প্রশিক্ষক: ১৪]
ক. লর্ড ব্রাইস খ. জন মেইন ঘ. স্টুয়ার্ড মিল ঘ. জন লক **উত্তর: ক**

২৭. **নির্বাচনে প্রতিনিধি বাছাইয়ের ক্ষেত্রে ভোটাদাতাগণ নিজের পছন্দ প্রকাশের জন্য যে পত্র ব্যবহার করে তাকে কী বলে? / নির্বাচনের সময় ভোটাদাতাগণ নিজের পছন্দ প্রকাশের জন্য যে পত্র ব্যবহার করে তাকে কী বলে?** [জাককানইবি: ০৮-০৯]
ক. নির্বাচনী পত্র খ. ব্যালট পেপার গ. ক ও খ উভয়ই ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

২৮. **'বুলেটের চাইতে ব্যালট শক্তিশালী' উক্তিটি কার?** [চবি: ০৬-০৭]
ক. আব্রাহাম লিংকন খ. চার্চিল গ. হিটলার ঘ. মুসোলিনি **উত্তর: ক**

২৯. **কোন দেশের মহিলারা সর্বপ্রথম ভোটাধিকার লাভ করে?** [২৭তম বিসিএস]
ক. মার্কিন যুক্তরাষ্ট্র খ. নিউজিল্যান্ড গ. বাহামা ঘ. সুইজারল্যান্ড **উত্তর: খ**

৩০. **মার্কিন যুক্তরাষ্ট্রের মেয়েরা কোন সালে ভোটাধিকার পান?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]
ক. ১৯২০ খ. ১৯২১ গ. ১৯২২ ঘ. ১৯২৩ **উত্তর: ক**

৩১. **কোন সালে আমেরিকার কৃষ্ণাঙ্গরা ভোটাধিকার পান?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের জুনিয়র শিক্ষক: ২১]
ক. ১৯৫৬ খ. ১৯৬০ গ. ১৯৬৫ ঘ. ১৯৮১ **উত্তর: গ**

৩২. **২০০২ সালে মধ্যপ্রাচ্যের কোন দেশের মহিলারা প্রথমবারের মতো ভোটাধিকার লাভ করে?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ক. সৌদি আরব খ. বাহরাইন গ. কুয়েত ঘ. সংযুক্ত আবর আমিরাত **উত্তর: খ**

৩৩. **EVM বলতে কী বোঝায়?** [ঢাবি: ১৭-১৮]
ক. ইলেকট্রিক ভোটিং মেশিন খ. ইলেকট্রনিক ভোটিং মেশিন গ. ইলাস্টিক ভোটিং মেশিন ঘ. এফিসিয়েন্ট ভোটিং মেশিন **উত্তর: খ**

৩৪. **ইভিএম পদ্ধতি কোন প্রক্রিয়ার সাথে সম্পর্কিত?** [রাবি: ১১-১২]
ক. চাকুরি খ. মেধা যাচাই গ. নির্বাচন ঘ. শেয়ার বাজার **উত্তর: গ**

৩৫. **সর্বপ্রথম কোন দেশ নির্বাচনে ই-ভোটিং ব্যবহার করে?** [পুবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১২]
ক. আমেরিকা খ. বাংলাদেশ গ. এস্তোনিয়া ঘ. ইরান **উত্তর: গ**

৩৬. **'ম্যানিফেস্টো' কী?** [জাবি: ১২-১৩]
ক. নির্বাচনী প্রচারকার্য খ. রাজনৈতিক দলের লক্ষ্য ও উদ্দেশ্য
গ. রাজনৈতিক দলের অঙ্গীকার ঘ. রাজনৈতিক দলের নীতিমালা ও কর্মসূচির কার্যবিবরণী **উত্তর: খ**

৩৭. **'Kleptocracy' কী বলতে কী বুঝায়?** [বিসিকের প্রকাশনা কর্মকর্তা: ২৩]
ক. ধনিক গোষ্ঠীর শাসন খ. অদক্ষ লোকের শাসন গ. দুর্নীতিগ্রস্ত সরকার ঘ. রাজনীতিতে সেনাবাহিনীর হস্তক্ষেপ **উত্তর: গ**

মহাদেশ

০১. **পৃথিবীতে কতটি মহাদেশ আছে?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. ৪ খ. ৫ গ. ৬ ঘ. ৭ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: পৃথিবীতে ৭ টি মহাদেশ আছে। যথা- এশিয়া, ইউরোপ, আফ্রিকা, উত্তর আমেরিকা, দক্ষিণ আমেরিকা, ওশেনিয়া ও এন্টার্কটিকা।

০২. **পৃথিবীর বৃহত্তম মহাদেশ কোনটি?** [২২তম বিসিএস]
ক. আফ্রিকা খ. ইউরেশিয়া গ. এশিয়া ঘ. উত্তর আমেরিকা **উত্তর: গ**

০৩. **এশিয়া মহাদেশের আয়তন কত?** [বিআরটিএ'র কম্পিউটার অপারেটর: ০২]
ক. ২ কোটি ৬৪ বর্গ কি.মি. খ. ১ কোটি ৮৪ বর্গ কি.মি.
গ. ১০ কোটি ৭৪ বর্গ কি.মি. ঘ. ৪ কোটি ৪৫ লক্ষ ৭৯ হাজার বর্গ কি.মি. **উত্তর: ঘ**

০৪. **এশিয়া মহাদেশের আয়তন ইউরোপের কতগুণ?** [এলজিইডি'র অফিস সহায়ক: ২৩]
ক. চারগুণ খ. সাড়ে চারগুণ গ. দেড়গুণ ঘ. ছয়গুণ **উত্তর: খ**

০৫. **এশিয়া মহাদেশে দেশের সংখ্যা কয়টি?** [বিআরইবি'র সহকারী মহাব্যবস্থাপক: ১৭]
ক. ৩৩ টি খ. ৩৫ টি গ. ৫৩ টি ঘ. ৪৪ টি (এটা নিয়ে মতভেদ আছে) **উত্তর: ঘ**

০৬. **আয়তনে এশিয়ার বৃহত্তম দেশ কোনটি?** [জীবন বীমা কর্পোরেশনের অফিস সহকারী: ২১]
ক. চীন খ. ভারত গ. আফগানিস্তান ঘ. পাকিস্তান **উত্তর: ক**

০৭. **আয়তন অনুসারে এশিয়ার সবচেয়ে ছোট দেশ কোনটি?** [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যার সহকারী: ১৬]
ক. নেপাল খ. ভূটান গ. মালদ্বীপ ঘ. থাইল্যান্ড **উত্তর: গ**

০৮. **এশিয়ার সর্বউত্তরের বিন্দু নিচের কোথায়?** [প্রতিরক্ষা মন্ত্রনালয়ের সহকারী পরিচালক: ২৩]
ক. ইন্দোচীন খ. চেলিউস্কিনের অগ্রভাগ গ. বেবা অন্তরীপ ঘ. কোনটি নয় **উত্তর: খ**

০৯. **পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মহাদেশ কোনটি?** [ডাক অধিদপ্তরের পোস্টাল অপারেটর: ২৩]
ক. এশিয়া খ. আফ্রিকা গ. উত্তর আমেরিকা ঘ. দক্ষিণ আমেরিকা **উত্তর: খ**

১০. **ইউরোপ মহাদেশের দক্ষিণে কোন মহাদেশ অবস্থিত?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. উত্তর আমেরিকা খ. আমেরিকা গ. আফ্রিকা ঘ. এশিয়া **উত্তর: গ**

১১. **আয়তনের দিক থেকে ইউক্রেন ইউরোপ মহাদেশের কততম দেশ?** [এলজিইডি'র অফিস সহায়ক: ২৩]
ক. ১ম খ. ২য় গ. ৩য় ঘ. ৪র্থ **উত্তর: খ**

১২. **কোন মহাদেশে দেশের সংখ্যা সবচেয়ে বেশি?** [উত্তরা ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২১]
ক. আফ্রিকা (৫৪ টি দেশ) খ. ইউরেশিয়া গ. এশিয়া ঘ. উত্তর আমেরিকা **উত্তর: ক**

১৩. **আফ্রিকা মহাদেশের সবচেয়ে বড় দেশ কোনটি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. আলজেরিয়া খ. সুদান গ. মিশর ঘ. লিবিয়া **উত্তর: ক**

১৪. **আয়তনের দিক থেকে আফ্রিকার ক্ষুদ্রতম দেশ-** [পরিবেশ মন্ত্রণালয়ের রিসার্চ অফিসার: ০৬]
ক. সিচেলিস খ. বতসোয়ানা গ. তিউনিসিয়া ঘ. বেনিন **উত্তর: ক**

১৫. **পৃথিবীর তৃতীয় বৃহত্তম মহাদেশ কোনটি?** [জাককানইবি: ১৯-২০]
ক. আফ্রিকা খ. এশিয়া গ. দক্ষিণ আমেরিকা ঘ. উত্তর আমেরিকা **উত্তর: ঘ**

১৬. **আয়তনের দিক থেকে বিশ্বের ক্ষুদ্রতম মহাদেশ কোনটি? / Which continent is known as the 'Land Down Under'?** [৪৫তম বিসিএস]
ক. ইউরোপ খ. অস্ট্রেলিয়া / ওশেনিয়া গ. দক্ষিণ আমেরিকা ঘ. আফ্রিকা **উত্তর: খ**

১৭. **পৃথিবীর কোন দেশটি একটি মহাদেশও বটে?** [পূবালী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. জাপান খ. নিউজিল্যান্ড গ. আলাস্কা ঘ. অস্ট্রেলিয়া **উত্তর: ঘ**

১৮. **বর্তমান বিশ্বে স্বাধীন দেশের সংখ্যা কত?** [পেট্রোবাংলার উচ্চমান সহকারী: ১৭]
ক. ১৯২ টি খ. ১৯৩ টি গ. ১৯৪ টি ঘ. ১৯৫ টি **উত্তর: ঘ**

১৯. **নিচের কোনটি একটি স্বাধীন দেশ?** [কর্মসংস্থান ব্যাংকের অফিসার: ১২]
ক. ওয়াশিংটন খ. হংকং গ. রিয়াদ ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

২০. **সোভিয়েত ইউনিয়ন ভেঙে যাওয়ার পর আয়তনে পৃথিবীর বৃহত্তম দেশ কোনটি?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]
ক. চীন খ. কানাডা গ. রাশিয়া ঘ. যুক্তরাষ্ট্র **উত্তর: গ**

২১. **আয়তনের দিক থেকে পৃথিবীর বৃহত্তম রাষ্ট্র কোনটি?** [গ্রামীণ ব্যাংকের শিক্ষানবীস অফিসার: ২৩]
ক. রাশিয়া খ. যুক্তরাষ্ট্র গ. চীন ঘ. কানাডা **উত্তর: ক**

২২. **নিচের কোনটি আয়তনে সবচেয়ে বড় দেশ?** [সংস্কৃতি মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৯]
ক. অস্ট্রেলিয়া খ. কানাডা গ. চীন ঘ. যুক্তরাষ্ট্র **উত্তর: খ**

২৩. **আয়তনের দিক দিয়ে পৃথিবীর তৃতীয় বৃহত্তম দেশ** - [আইসিটি বিভাগের সহকারী প্রোগ্রামার: ১৭]
ক. চীন খ. যুক্তরাষ্ট্র গ. অস্ট্রেলিয়া ঘ. ব্রাজিল **উত্তর: খ**

২৪. **পৃথিবীর ক্ষুদ্রতম দেশ - / আয়তনে পৃথিবীর ক্ষুদ্রতম দেশ কোনটি?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. মনাকো খ. মালদ্বিপ গ. ভ্যাটিকান সিটি ঘ. সোমায়া **উত্তর: গ**

২৫. **আয়তনে পৃথিবীর সবচেয়ে বড় মুসলিম দেশ কোনটি?** [ঢাবি: ১৬-১৭]
ক. ইন্দোনেশিয়া খ. কাজাকিস্তান গ. সৌদি আরব ঘ. ইরান **উত্তর: খ**

২৬. **ইউরোপের একমাত্র মুসলমান দেশ** - [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]
ক. আলবেনিয়া খ. তুরস্ক গ. মাল্টা ঘ. বুলগেরিয়া **উত্তর: ক**

২৭. **আফ্রিকান মুসলিম রাষ্ট্র কোনটি?** [তথ্য মন্ত্রণালয়ের টেলিভিশন প্রকৌশলী: ০৪]
ক. সুদান খ. নামিবিয়া গ. ইথিওপিয়া ঘ. কেনিয়া **উত্তর: ক**

২৮. **বিশ্বের একমাত্র হিন্দু রাষ্ট্র ছিল কোনটি? / কোনটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র?** [জবি: ০৯-১০]
ক. নেপাল খ. শ্রীলংকা গ. মালদ্বীপ ঘ. ভুটান **উত্তর: ক**

২৯. **সাংবিধানিকভাবে এশিয়ার একমাত্র বৌদ্ধ রাষ্ট্র কোনটি?** [জবি: ১১-১২]
ক. থাইল্যান্ড খ. শ্রীলংকা গ. ফিলিপাইন ঘ. চীন **উত্তর: খ**

৩০. **পৃথিবীর কোন দেশ দুইটি মহাদেশে পড়েছে?** [বিআরডিবি'র মাঠ সংগঠক: ১৩]
ক. মিশর খ. তুরস্ক গ. হন্ডুরাস ঘ. আলজেরিয়া **উত্তর: ক, খ**

ব্যাখ্যা: যে সকল রাষ্ট্র বা রাষ্ট্রের অঞ্চলগুলো একাধিক মহাদেশে অবস্থিত তাদেরকে আন্তঃমহাদেশীয় দেশ (Transcontinental Countries) বলে। আন্তঃমহাদেশীয় রাষ্ট্র দুই প্রকার। যথা- সংলগ্ন ও অসংলগ্ন আন্তঃমহাদেশীয় রাষ্ট্র। যে সকল রাষ্ট্রের মূল ভূখন্ডের দুই অংশ দুই মহাদেশে অবস্থিত সেগুলো সংলগ্ন আন্তঃমহাদেশীয় রাষ্ট্র। যেমন- রাশিয়া, তুরস্ক, কাজাকাস্তান, মিশর, আজারবাইজান, জর্জিয়া, পানামা, আর্মেনিয়া প্রভৃতি। যে সকল রাষ্ট্রের মূল ভূখন্ড একটি মহাদেশেই অবস্থিত কিন্তু এর অন্তর্গত দ্বীপ বা অঞ্চলসমূহ দুই বা ততোধিক মহাদেশে অবস্থিত সেগুলো অসংলগ্ন আন্তঃমহাদেশীয় রাষ্ট্র। যেমন- যুক্তরাষ্ট্র, ইয়েমেন, আইসল্যান্ড, ইন্দোনেশিয়া, পাপুয়া নিউগিনি, ডেনমার্ক, স্পেন, ফ্রান্স, গ্রীস, জাপান, চিলি, ভেনেজুয়েলা, কলম্বিয়া, নেদারল্যান্ড প্রভৃতি।

৩১. কোন দেশ একই সাথে এশিয়া ও ইউরোপ মহাদেশে অবস্থিত? [ঢাবি: ১৮-১৯]
ক. আজারবাইজান খ. ইরান গ. সৌদি আরব ঘ. তুরস্ক **উত্তর: ক, ঘ**

৩২. কোন দেশটি দুইটি মহাদেশে পড়েছে? [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৩]
ক. মেক্সিকো খ. সুদান গ. জর্ডান ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

৩৩. কোনটিকে ইউরোশিয়ান রাষ্ট্র হিসেবে বিবেনা করা হয়? / কোন দেশকে এশিয়া মাইনর বলা হয়? [বিআরটিএ'র পরিদর্শক: ২৩]
ক. মিয়ানমার খ. ভিয়েতনাম গ. তুরস্ক ঘ. সিঙ্গাপুর **উত্তর: গ**

৩৪. 'ইস্তাম্বুল' কোন দেশে? [বেবিচকের স্টোরম্যান: ২১]
ক. বাংলাদেশে ক. ইরানে গ. তুরস্কে ঘ. কুয়েতে **উত্তর: গ**

কোন নগর দুইটি মহাদেশে অবস্থিত? / কোন শহরটি দুইটি মহাদেশ জুড়ে অবস্থিত? [সাধারণ বীমা কর্পোরেশনের উচ্চমান সহকারী: ২৩]
ক. কায়রো খ. কাসাব্লাংকা গ. প্যারিস ঘ. ইস্তাম্বুল **উত্তর: ঘ**

৩৫. 'ইস্তাম্বুল' শহরটি কোন দুই মহাদেশ জুড়ে অবস্থিত? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০১]
ক. এশিয়া ও আফ্রিকা খ. ইউরোপ ও আফ্রিকা গ. এশিয়া ও ইউরোপ ঘ. উত্তর আমেরিকা ও এশিয়া **উত্তর: গ**

দক্ষিণ এশিয়া

০১. কোন দেশটি দক্ষিণ এশিয়ার অন্তর্ভুক্ত? [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]
ক. ইরাক খ. শ্রীলংকা গ. রাশিয়া ঘ. চীন **উত্তর: খ**
ব্যাখ্যা: দক্ষিণ এশিয়ার দেশগুলো হলো বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলংকা, নেপাল, ভুটান, মালদ্বীপ ও আফগানিস্তান।

০২. কোনটি দক্ষিণ এশীয় দেশ নয়? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী ইন্সট্রাক্টর: ১২]
ক. আফগানিস্তান খ. বাহরাইন গ. নেপাল ঘ. শ্রীলংকা **উত্তর: খ**

০৩. ভারতের স্বাধীনতা দিবস - [জনতা ব্যাংকের সিনিয়র অফিসার: ১৬]
ক. ১৪ আগস্ট, ১৯৪৭ খ. ১৫ আগস্ট, ১৯৪৭ গ. ১৪ আগস্ট, ১৯৪৮ ঘ. ১৫ আগস্ট, ১৯৪৮ **উত্তর: খ**

০৪. কবে ভারত প্রজাতন্ত্রে পরিণত হয়? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ১৫ আগস্ট, ১৯৪৭ খ. ২৫ জানুয়ারি, ১৯৪৯ গ. ২৬ জানুয়ারি, ১৯৫০ ঘ. ২৬ জানুয়ারি, ১৯৫১ **উত্তর: গ**

০৫. ভারতের প্রজাতন্ত্র দিবস কোনটি? [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. ২৬ জানুয়ারি খ. ১৪ আগস্ট গ. ১৫ আগস্ট ঘ. ১৬ ডিসেম্বর **উত্তর: ক**

০৬. ভারতের মোট অঙ্গরাজ্য সংখ্যা - [রেলপথ মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৭]
ক. ২৫টি খ. ২৭টি গ. ২৮টি ঘ. ২৯টি **উত্তর: গ**

০৭. ভারতের নতুন রাজ্যের নাম কী? [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. ঝাড়খন্ড খ. তেলেঙ্গানা গ. ছত্রিশগড় ঘ.কর্ণাটক **উত্তর: খ**

০৮. ভারতের কনিষ্ঠতম রাজ্য 'তেলেঙ্গানা' কোন রাজ্যের অংশ ছিল? / ভারতের নতুন রাজ্য 'তেলেঙ্গানা' কোন রাজ্যের অংশ ছিল? [ঢাবি: ১৪-১৫]
ক. তামিলনাড়ু খ. অন্ধ্র প্রদেশ গ. কর্ণাটক ঘ. উড়িষ্যা **উত্তর: খ**

০৯. সেভেন সিস্টার্স কী? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. সাত বোন খ. ভারতের সাতটি অঙ্গরাজ্য গ. সার্কভুক্ত দেশ ঘ. সাতটি নদী **উত্তর: খ**
ব্যাখ্যা: ভারতের উত্তর-পূর্বাঞ্চলের সাতটি অঙ্গরাজ্যকে একত্রে সেভেন সিস্টার্স বলে। সাতটি অঙ্গরাজ্য ও এর রাজধানীর নাম হলো আসাম (গুয়াহাটি), মিজোরাম (আইজল), মেঘালয় (শিলং), মনিপুর (ইম্ফল), অরুণাচল (ইটানগর), ত্রিপুরা (আগরতলা), নাগাল্যান্ড (কোহিমা)।

১০. সেভেন সিস্টার্স কোন দেশে অবস্থিত? [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর: ১৮]
ক. মিয়ানমার খ. শ্রীলংকা গ. ভারত ঘ. সাতটি নদী **উত্তর: গ**

১১. ভারতের কোন অঞ্চলের সাতটি প্রদেশকে একত্রে সেভেন সিস্টার্স বলা হয়? [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ২১]
ক. উত্তরাঞ্চল খ. উত্তর - পশ্চিমাঞ্চল গ. উত্তর - পূর্বাঞ্চল ঘ. দক্ষিণাঞ্চল **উত্তর: গ**

১২. ভারতের সেভেন সিস্টার্স রাজ্যসমূহের অন্তর্ভুক্ত নয় - [২৬তম বিসিএস]
ক. কেরালা খ. মনিপুর গ. ত্রিপুরা ঘ. মিজোরাম **উত্তর: ক**

১৩. 'চিকেন নেক' কোনটি? [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪
ক. শিলিগুড়ি করিডোর খ. কোলিল করিডোর ঘ. দুই জার্মানির সংযোগস্থল ঘ. তিনবিঘা করিডোর **উত্তর: ক**

১৪. 'দেরাদুন' কোন দেশে অবস্থিত? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট: ১৯]
ক. মিয়ানমার খ. ভারত গ. আফগানিস্তার ঘ. থাইল্যান্ড **উত্তর: খ**

১৫. **কোন স্থানে পৃথিবীতে বেশি বৃষ্টিপাত হয়?** [বেবিচকের স্টোরম্যান: ২১]
ক. কোয়েটা, ভারত খ. কটক, ভারত গ. মৌসিনরাম, ভারত ঘ. সিলেট, বাংলাদেশ **উত্তর: গ**

১৬. **বিশ্বে এমন দুইটি দেশ আছে যাদের মধ্যে একটি দেশের ম্যাপ আঁকলে অন্য দেশটি ম্যাপ স্বয়ংক্রিয়ভাবে আঁকা হয়ে যাবে, সেই দেশ দুইটির নাম হলো -** [বিআরইবি'র সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার: ২৩]
ক. ভারত - পাকিস্তান খ. ইরাক - ইরান গ. ভারত - বাংলাদেশ ঘ. ভারত - চীন **উত্তর: গ**

১৭. **কখন সিকিম ভারতের সাতে একীভূত হয়? / ভারত কর্তৃক সিকিম যুক্ত হয় -** [৪৫তম বিসিএস]
ক. ১৯৭২ খ. ১৯৭৫ গ. ১৯৭৩ ঘ. ১৯৭৪ **উত্তর: খ**

১৮. **ভারতের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন?** [চবি: ১৮-১৯]
ক. রাজেন্দ্র প্রাসাদ খ. এস. রাধাকৃষ্ণান গ. রাজা গোপালচারিয়া ঘ. ভি. ভি. গিরি **উত্তর: ক**

১৯. **নিচের কোন বিজ্ঞানী পরবর্তীতে ভারতের রাষ্ট্রপতি হোন?** [চবি: ১৭-১৮]
ক. সি. ভি. রমন খ. হোমী ভাসা গ. সত্যেন্দ্র নাথ বোস ঘ. এ. পি. জে. আবদুল কালাম **উত্তর: ঘ**

২০. **এ. পি. জে. আবদুল কালাম কোন সালে ভারতের রাষ্ট্রপতি নির্বাচিত হন?** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার: ১৭]
ক. ১৯৯৯ খ. ২০০০ গ. ২০০১ ঘ. ২০০২ **উত্তর: ঘ**

২১. **এ. পি. জে. আবদুল কালাম ভারতের কততম রাষ্ট্রপতি ছিলেন?** [বন অধিদপ্তরের বন প্রহরী: ১৫]
ক. ১০তম খ. ১১তম গ. ১২তম ঘ. ১৩তম **উত্তর: খ**

২২. **ভারতের প্রেসিডেন্ট আবুল পাকির জয়নুল আবেদীন আবদুল কালাম কী নামে পরিচিত?** [সমবায় অধিদপ্তরের ক্যাশিয়ার: ২৩]
ক. গোল্ডেন ম্যান খ. মিসাইল ম্যান গ. হিরু অফ ইন্ডিয়া গ. প্রতিভা পাতিল **উত্তর: খ**

২৩. **'Wings of Fire' গ্রন্থের রচয়িতা কে?** [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম অফিসার: ০৩]
ক. নেলসন ম্যান্ডেলা খ. মাদার তেরেসা গ. অ্যালফ্রেড মার্শাল ঘ. এ. পি. জে. আবদুল কালাম **উত্তর: ঘ**

২৪. **'Memories Never Die' কার জীবনীভিত্তিক গ্রন্থ?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২৩]
ক. অটল বিহারী বাজপেয়ী খ. বঙ্গবন্ধু শেখ মুজিব গ. অ্যালফ্রেড মার্শাল ঘ. এ. পি. জে. আবদুল কালাম **উত্তর: ঘ**

২৫. **ভারতের প্রথম নারী রাষ্ট্রপতির নাম কী?** [জাবি: ০৯-১০]
ক. ইন্দিরা গান্ধী খ. মমতা বন্দ্যোপাধ্যায় গ. সোনিয়া গান্ধী ঘ. প্রতিভা পাতিল **উত্তর: ঘ**

২৬. **ভারতের প্রথম মুসলমান রাষ্ট্রপতির নাম কী?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের হিসাবরক্ষক: ০৩]
ক. জাকির হোসেন খ. রেহমান সোবহান গ. সোনিয়া বেগম ঘ. প্রতিভা পাতিল **উত্তর: ক**

২৭. **ভারতের কোন বাঙালি রাষ্ট্রপতিকে 'ভারতরত্ন' উপাধি দেয়া হয়েছে?** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর: ১৯]
ক. প্রণব মুখার্জি খ. ড. জাকির হোসেন গ. লাল বাহাদুর শাস্ত্রী ঘ. এ. পি. জে. আব্দুল কালাম **উত্তর: ক**

২৮. **'The Coalition Years : 1996 - 2012' গ্রন্থের লেখক কে?** [বিডিবিএল'র সিনিয়র অফিসার: ১৭]
ক. অমর্ত্য সেন খ. জ্যোতি বসু গ. রেহমান সোবহান ঘ. প্রণব মুখার্জি **উত্তর: ঘ**

২৯. **ভারতের বর্তমান রাষ্ট্রপতি -** [সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৯]
ক. নরেন্দ্র মোদি খ. প্রণব মুখার্জী গ. প্রতিভা পাতিল ঘ. দ্রৌপদী মুর্মু **উত্তর: ঘ**

৩০. **দ্রৌপদী মুর্মু ভারতের কততম রাষ্ট্রপতি?** [জনতা ব্যাংকের অফিসার: ১৭]
ক. ১২তম খ. ১৩তম গ. ১৪তম ঘ. ১৫তম **উত্তর: ঘ**

৩১. **ভারতের বর্তমান উপরাষ্ট্রপতি -** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ১৬]
ক. আবুল কালাম খ. হামিদ আনসারী গ. জগদীপ ধনকড় ঘ. জাকির হোসনে **উত্তর: গ**

৩২. **ভারতের প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. জওহরলাল নেহেরু খ. এস. রাধাকৃষ্ণান গ. মহাত্মা গান্ধী ঘ. ভি. ভি. গিরি **উত্তর: ক**

৩৩. **'দেশ ভাল হয় যদি দেশের বিশ্ববিদ্যালয়গুলো ভাল হয়' কে বলেছিলেন?** [ঢাবি: ১০-১১]
ক. আব্রহাম লিংকন খ. আইজ্যাক নিউটন গ. বার্ট্রান্ড রাসেল ঘ. পন্ডিত নেহেরু **উত্তর: ঘ**

৩৪. **'Glimpses of World History' বইটি কে লিখেছেন?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৫]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. ইন্দিরা গান্ধী গ. জওহরলাল নেহেরু ঘ. কার্ল মার্কস **উত্তর: গ**

৩৫. **'Discovery of India' গ্রন্থের লেখক কে?** [চবি: ১৬-১৭]
ক. মহাত্মা গান্ধী খ. আবুল কালাম আজাদ গ. ইন্দিরা গান্ধী ঘ. জওহরলাল নেহেরু **উত্তর: ঘ**

৩৬. **'A Bunch of Old Letters' গ্রন্থের লেখক কে?** [জাবি: ১৫-১৬]
ক. জওহরলাল নেহেরু খ. মহাত্মা গান্ধী গ. ইন্দিরা গান্ধী ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর: ক**

৩৭. **লাল বাহাদুর শাস্ত্রী ভারতের কততম প্রধানমন্ত্রী ছিলেন?** [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুটেন্ট: ১৫]
ক. ২য় খ. ৪র্থ গ. ৫ম ঘ. ৬ষ্ঠ **উত্তর: ক**

৩৮. **ভারতের প্রথম নারী প্রধানমন্ত্রী কে?** [চবি: ১৫-১৬]
ক. ইন্দিরা গান্ধী খ. সোনিয়া গান্ধী গ. জয়ললিতা ঘ. মমতা ব্যানার্জী **উত্তর: ক**

৩৯. **ভারতের সাবেক প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী কবে প্রথম প্রধানমন্ত্রীত্ব লাভ করেন?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. ১৯৬৪ খ. ১৯৬৫ গ. ১৯৬৬ ঘ. ১৯৬৭ **উত্তর: গ**

৪০. **ইন্দিরা গান্ধীকে হত্যা করার জন্য নিচের কোন দুইজনকে ফাঁসি দেওয়া হয়?** [আইএফআইসি ব্যাংকের প্রবেশনারী অফিসার: ৯২]
ক. কেহার সিং ও সাতওয়ান্ত সিং খ. বালবীর সিং ও কেহার সিং গ. সাতওয়ান্ত সিং ও বিআন্ট সিং ঘ. সাতওয়ান্ত সিং ও বালবীর সিং **উত্তর: গ**

৪১. **বেফোর্স কেলেঙ্কারি কোন দেশের সাথে জড়িত?** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ০৫]
ক. যুক্তরাষ্ট্র খ. সুইডেন গ. জাপান ঘ. ভারত **উত্তর: ঘ**

৪২. **ভারতের কোন প্রধানমন্ত্রী বোফর্স অস্ত্র কেলেঙ্কারির সাথে জড়িত ছিলেন?** [বিসিকের প্রমোশন অফিসার: ২১]
ক. রাজীব গান্ধী খ. ইন্দিরা গান্ধী গ. নরসীমা রাও ঘ. অটল বিহারী বাজপেয়ী **উত্তর: ক**

৪৩. **রাজীব গান্ধীকে হত্যার জন্য বোমা বহনকারী আত্মঘাতী মহিলার নাম কী?** [১৪তম বিসিএস]
ক. নলিনী খ. নাথু গ. ধানু ঘ. আনু **উত্তর: গ**

৪৪. **রাজীব গান্ধীর মৃত্যুর পর কে কংগ্রেস সভাপতি নিযুক্ত হোন?** [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৭]
ক. সোনিয়া গান্ধী খ. প্রিয়াংকা গান্ধী গ. মনমোহন সিংহ ঘ. নরসীমা রাও **উত্তর: ঘ**

৪৫. **নিম্নের কাদের মধ্যে কোনো রক্তের সম্পর্ক নেই?** [ঢাবি: ৯৮-৯৯]
ক. ইন্দিরা গান্ধী ও সোনিয়া গান্ধী খ. সুকর্ণ ও মেঘবর্তী সুকর্ণপুত্র
গ. নুসরাত ভুট্টো ও বেনজির ভুট্টো ঘ. শ্রীমাভো বন্দরনায়েক ও চন্দ্রিকা কুমারাতুঙ্গা **উত্তর: ক**

৪৬. **কাকে ভারতের অর্থনীতি সংস্কারের স্থপতি বলা হয়?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৪]
ক. জ্যোতি বসু খ. জওহরলাল নেহেরু গ. অটল বিহারী বাজপেয়ী ঘ. মনমোহন সিংহ **উত্তর: ঘ**

৪৭. **'ইন্ডিয়াজ এক্সপোর্ট ট্রেন্ডস অ্যান্ড প্রসপেক্টস ফর সেলফ সাসটেইন্ড গ্রোথ' গ্রন্থের লেখক -** [ঢাবি: ০৭-০৮]
ক. পি চিদম্বরম খ. যশোবন্ত সিং গ. মনমোহন সিং ঘ. অমর্ত্য সেন **উত্তর: গ**

৪৮. **ভারতের বর্তমান প্রধানমন্ত্রীর নাম কী? / ভারতের ১৫তম প্রধানমন্ত্রীর নাম কী?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৭]
ক. প্রণব মুখার্জী খ. নরেন্দ্র মোদি গ. রাহুল গান্ধী ঘ. মমতা ব্যানার্জি **উত্তর: খ**

৪৯. **প্রধানমন্ত্রী হওয়ার পূর্বে নরেন্দ্র মোদি কোন রাজ্যের মুখ্যমন্ত্রী ছিলেন?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]
ক. অন্ধ্র প্রদেশ খ. দিল্লি গ. গুজরাট ঘ. উত্তর প্রদেশ **উত্তর: গ**

৫০. **কবে নরেন্দ্র মোদি ভারতের গুজরাটের মুখ্যমন্ত্রী হয়েছিলেন?** [আইসিবি'র সিনিয়র অফিসার: ১৪]
ক. অক্টোবর, ২০০১ খ. এপ্রিল, ২০০৩ গ. মার্চ, ২০০৫ ঘ. মার্চ, ২০০০ **উত্তর: ক**

৫১. **ভারতের বর্তমান জোট সরকারের প্রাতিষ্ঠানিক নাম -** [ঢাবি: ০৫-০৬]
ক. ভারতীয় জাতীয় কংগ্রেস খ. ভারতীয় গণতান্ত্রিক গ. ভারতীয় জনতা পার্টি ঘ. ঐক্যবদ্ধ প্রগতিশীল জোট **উত্তর: গ**

৫২. **কখনো ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন না -** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ৯৯]
ক. দেবগৌড়া খ. জ্যোতি বসু গ. মোরারজী দেশাই ঘ. লাল বাহাদুর শাস্ত্রী **উত্তর: খ**

৫৩. **ভারতের বর্তমান অর্থমন্ত্রীর নাম কী? / ভারতের প্রথম নারী অর্থমন্ত্রীর নাম কী?** [এক্সিম ব্যাংকের অফিসার: ০৪]
ক. পি. চিদাম্বরাম খ. অরুন জেটলি গ. পিয়ুস গয়াল ঘ. নির্মলা সিতারমন **উত্তর: ঘ**

৫৪. **ভারতের পররাষ্ট্রমন্ত্রীর নাম কী?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০৯]
ক. সুষমা স্বরাজ খ. সুব্রহ্মণ্যম জয়শঙ্কর গ. উমা ভারতী ঘ. নিতিন গাদকারী **উত্তর: খ**

৫৫. **বছরের কোন দিনটি ভারতে সিভিল সার্ভিস দিবস হিসেবে পালিত হয়?** [৪২তম বিসিএস]
ক. ২১ এপ্রিল খ. ২ অক্টোবর গ. ২৬ জানুয়ারি ঘ. ১০ মে **উত্তর: ক**

ক. আর্মেনিয়া খ. তাজাকিস্তান গ. উজবেকিস্তান ঘ. আফগানিস্তান **উত্তর: ঘ**

৪২. **কোনটি বিলুপ্ত হয়েছে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৬]
ক. ওয়ারশ প্যাক্ট খ. ন্যাটো গ. নাফটা ঘ. অ্যাপেক **উত্তর: ক**

আরব-ইসরায়েল ও উপসাগরীয় যুদ্ধ

০১. **কত বার আবর ইসরায়েল যুদ্ধ হয়?** [বিআরটিএ'র সহকারী পরিচালক: ০৫]
ক. ৩ বার খ. ৪ বার গ. ৫ বার ঘ. ৬ বার **উত্তর: খ**

০২. **মিশর ও সিরিয়া কত সালে একত্রিত হয়ে ইউনাইটেড আরব রিপাবলিক গঠন করেছিল?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্তকর্তা: ০৬]
ক. ১৯৪৭ খ. ১৯৫২ গ. ১৯৫৩ ঘ. ১৯৫৮ **উত্তর: ঘ**

০৩. **UAR এর পূর্ণরূপ কী?** [ইবি: ১৬-১৭]
ক. United Arab Reion খ. Union Arab Republic গ. United Arab Range ঘ. United Arab Republic **উত্তর: ঘ**

০৪. **১৯৬৭ সালের আরব-ইসরায়েল যুদ্ধের স্থায়িত্ব ছিল কতদিন?** [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]
ক. ৩ দিন খ. ৪ দিন গ. ৫ দিন ঘ. ৬ দিন **উত্তর: ঘ**

০৫. **কত সালে 'ছয় দিনের যুদ্ধ' সংঘটিত হয়?** [বিআইডব্লিউটিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. ১৯৫৬ খ. ১৯৬৭ গ. ১৯৭৩ ঘ. ১৯৮২ **উত্তর: খ**

০৬. **ইয়ম কিপুর যুদ্ধ কত সালে অনুষ্ঠিত হয়? / মধ্যপ্রাচ্যে কখন প্রথম তেল অস্ত্র ব্যবহার করা হয়েছিল? / কত সালে আরব দেশসমূহ পাশ্চাত্যের উপর প্রথম তেল অবরোধ করেছিল?** [২৫তম বিসিএস]
ক. ১৯৭৩ সালে খ. ১৯৮১ সালে গ. ১৯৯১ সালে ঘ. ২০০৩ সালে **উত্তর: ক**

০৭. **ক্যাম্প ডেভিড চুক্তি কবে স্বাক্ষরিত হয়? / কোন সালে মিশর-ইসরায়েলের মধ্যে ক্যাম্প ডেভিড চুক্তি হয়?** [বেবিচক'র হিসাব নিরীক্ষক: ১৭]
ক. ১৯৭৮ খ. ১৯৭৯ গ. ১৯৭৩ ঘ. ১৯৮১ **উত্তর: ক**

০৮. **ক্যাম্প ডেভিড মার্কিন যুক্তরাষ্ট্রের কোন অঙ্গরাজ্যে অবস্থিত?** [ঢাবি: ০৭-০৮]
ক. মেরিল্যান্ড খ. ভার্জিনিয়া গ. কেন্টাকি ঘ. ওহাইও **উত্তর: ক**

০৯. **মিশর ও ইরায়েলের মধ্যে ১৯৭৮ সালে কোন চুক্তিটি সম্পাদিত হয়?** [বিদ্যুৎ মন্ত্রণালয়ের বিস্ফোরক পরিদর্শক: ০৩]
ক. জেনেভা চুক্তি খ. প্যারিস চক্তি গ. ক্যাম্প ডেভিড চুক্তি ঘ. তাসখন্দ চুক্তি **উত্তর: গ**

১০. **কোন দুইটি দেশের মধ্যে ক্যাম্প ডেভিড চুক্তি স্বাক্ষরিত হয়?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. মিশর ও ইসরায়েল খ. ভারত ও পাকিস্তান গ. সৌদি আরব ও ইরান ঘ. যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র **উত্তর: ক**

১১. **কোন দুইটি আরব রাষ্ট্র ক্যাম্প ডেভিড চুক্তি স্বাক্ষরের ফলশ্রুতিতে ইসরাইলের সঙ্গে পূর্ণ কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে?** [৪৪তম বিসিএস]
ক. জর্ডান ও মিশর খ. কুয়েত ও বাহরাইন গ. লিবিয়া ও ওমান ঘ. তিউনিসিয়া ও আলজেরিয়া **উত্তর: ক**

১২. **কত সালে ইরান-ইরাক যুদ্ধ শুরু হয়?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ৮৮]
ক. ১৯৭৯ খ. ১৯৮১ গ. ১৯৮২ ঘ. ১৯৮০ **উত্তর: ঘ**

১৩. **অপারেশন সার্চ সোর্ড কোন দুইটি দেশের যুদ্ধের সাথে সম্পর্কিত?** [বিসিকের প্রকাশনা কর্মকর্তা: ২৩]
ক. ইরান-ইরাক খ. রাশিয়া-ইউক্রেন গ. চীন-জাপান ঘ. ইসরায়েল-ফিলিস্তিন **উত্তর: ক**

১৪. **কত সালে ইরাক কুয়েত দখল করেছিল?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. ১৯৮৯ ক. ১৯৯০ গ. ১৯৯১ ঘ. ১৯৯২ **উত্তর: খ**

১৫. **কবে আমেরিকা প্রথম ইরাক আক্রমণ করে?** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মর্কতা: ১২]
ক. ১৯৮০ খ. ১৯৯০ গ. ১৯৯১ ঘ. ১৯৯১ **উত্তর: গ**

১৬. **সৌদি আরবে আমেরিকান সৈন্য মোতায়েনের উদ্দেশ্য** - [দুদকের পরিদর্শক: ৯২]
ক. ইরাকের কুয়েত দখল অবসান করা খ. ইরাকের আক্রমণ থেকে সৌদি আরবকে রক্ষা করা
গ. স্বল্পমূল্যে জ্বালানি তেলের সরবরাহ নিশ্চিত করা ঘ. ওপরের সবগুলোই **উত্তর: ঘ**

১৭. **অপারেশন ডেজার্ট স্টর্ম হলো - / Operation Desert Storm হলো** - [জাবি: ১৫-১৬]
ক. সাইক্লোন খ. মৌসুমী ঝড় গ. সামরিক আক্রমণ ঘ. শান্তিরক্ষা মিশন **উত্তর: গ**

১৮. **Operation Desert Storm বলতে কোন যুদ্ধকে বুঝায়?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক: ০১]
ক. ইরান - ইরাক যুদ্ধ খ. ভিয়েতনাম যুদ্ধ গ. পাক-ভারত যুদ্ধ ঘ. ১৯৯১ সালের উপসাগরীয় যুদ্ধ **উত্তর: ঘ**

১৯. **কোন দেশের বিরুদ্ধে Operation Desert Storm পরিচালিত হয়?** [জবি: ০৬-০৭]
ক. ইরাক খ. ফিলিস্তিন গ. আফগানিস্তান ঘ. ইরান **উত্তর: ক**

২০. **যুদ্ধে অংশগ্রহণের জন্য কোন দেশে বাংলাদেশি সৈন্যদের পাঠানো হয়েছিল?** [জবি: ০৬-০৭]
ক. কুয়েত খ. সৌদি আরব গ. কাতার ঘ. আফগানিস্তান **উত্তর: ক**

২১. **১৯৯১ সালের প্রথম উপসাগরীয় যুদ্ধে কয়টি দেশ নিয়ে বহুজাতিক বাহিনী গঠিত হয়েছিল?** [অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ক. ১০টি খ. ১৫টি গ. ২৮টি ঘ. ৩৫টি **উত্তর: ঘ**

২২. **কখন থেকে অপারেশন ইরাকি ফ্রিডম যুদ্ধ শুরু হয়েছিল? / কখন থেকে Operation Iraqi Freedom যুদ্ধ শুরু হয়েছিল?** [জাতীয় সংসদ সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. ২০০১ সালে ৫ মার্চ খ. ২০০২ সালের ১০ মার্চ গ. ২০০৩ সালের ২০ মার্চ ঘ. ২০০৪ সালের ২৫ মার্চ **উত্তর: গ**

২৩. **সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধের অংশ হিসেবে মার্কিন যুক্তরাষ্ট্র কখন ইরাক আক্রমণ করে?** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক: ০৭]
ক. ফেব্রুয়ারি, ২০০৩ খ. মার্চ, ২০০৩ গ. এপ্রিল, ২০০৩ ঘ. মে, ২০০৩ **উত্তর: খ**

২৪. **ইরাক আক্রমণে আমেরিকার সমর্থনকারী দেশ ছিল না** - [ঢাবি: ০৩-০৪]
ক. যুক্তরাজ্য খ. ফ্রান্স গ. জাপান ঘ. অস্ট্রেলিয়া **উত্তর: খ**

২৫. **ইরাক আক্রমণে যৌথ বাহিনীর নেতৃত্ব দেন কে?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০৩]
ক. পিটার হ্যারি টমাস খ. টমি ফ্রাংক গ. জেনারেল গার্নার ঘ. পলব্রেমার **উত্তর: খ**

২৬. **'No Fly Zone' কোন দেশে অবস্থিত?** [২৩তম বিসিএস]
ক. ইরাক খ. কুয়েত গ. আফগানিস্তান ঘ. ইসরাসের **উত্তর: ক**

২৭. **কোন যুদ্ধটি সম্প্রতি ইরাকে অনুষ্ঠিত হয়নি?** [উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা: ০৪]
ক. ডেজার্ট শীল্ড খ. ক্রুসেড গ. ডেজার্ট স্টর্ম ঘ. ইনফাইনাইট জাস্টিস **উত্তর: খ**

নিরস্ত্রীকরণ ও অস্ত্র নিয়ন্ত্রণ

০১. **নিরস্ত্রীকরণ ও অস্ত্র নিয়ন্ত্রণের পার্থক্য** - [গণপূর্ত মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ৯৯]
ক. অস্ত্র কমাবার প্রক্রিয়া ও আলোচনা খ. সামরিক বাহিনীগুলোর অস্ত্র সংকোচ
গ. সব অস্ত্র ধ্বংস ও প্রতিযোগিতার মাত্রা নিয়ন্ত্রণ ঘ. আণবিক যুদ্ধ পরিহার ও ধাপে ধাপে যে পথে অগ্রসর হওয়া **উত্তর: গ**

০২. **WMD এর পূর্ণ অভিব্যক্তি** - [জিটিসিএল'র সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. War of Mass Destruction খ. Water Management Department
গ. Weapon of Mass Destruction ঘ. Weather and Meteorological Division **উত্তর: গ**

০৩. **নিচের কোন চুক্তিটি পারমাণবিক পরীক্ষা সম্পর্কিত?** [বেবিচকের মেডিকেল অফিসার: ২১]
ক. CEDAW খ. CTBT গ. GATT ঘ. DPT **উত্তর: খ**

০৪. **CTBT দ্বারা কী বোঝায়?** [মাউশি অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. Chemical Test Ban Treaty খ. Chlorinc Test Ban Treaty
গ. Complete Test Ban Treaty ঘ. Comprehensive Nuclear Test Ban Treaty **উত্তর: ঘ**

০৫. **সিটিবিটি কী উদ্দেশ্যে স্বাক্ষরিত হয়েছিল? / সিটিবিটি কোন ধরনের চুক্তি?** [সিজিএ কার্যালয়ের কম্পিউটার অপারেটর: ২২]
ক. মুক্ত রাণিজ্য খ. শিশু পাচার রোধ গ. পরিবেশ সংরক্ষণ ঘ. পারমাণবিক অস্ত্র পরীক্ষা নিষিদ্ধকরণ **উত্তর: ঘ**

০৬. **কোন চুক্তিতে পারমাণবিক পরীক্ষা বন্ধ হওয়ার কথা বলা হয়েছে?** [২১তম বিসিএস]
ক. ন্যাটো খ. সিটিবিটি গ. এনপিটি গ. সল্ট **উত্তর: খ**

০৭. **কত সালে পারমাণবিক অস্ত্র সম্প্রসারণ বিরোধী চুক্তি স্বাক্ষরিত হয়? / কবে Treaty on Non-Proliferation of Nuclear Weapons (NPT) স্বাক্ষরিত হয়?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ০৮]
ক. ১৯৬৩ খ. ১৯৬৭ গ. ১৯৬৮ ঘ. ১৯৭০ **উত্তর: গ**

০৮. **কত সালে Nuclear Non-Proliferation Treaty (NPT) কার্যকর হয়?** [পিকেবি'র সিনিয়র অফিসার: ২১]
ক. ১৯৬৩ খ. ১৯৬৭ গ. ১৯৬৮ ঘ. ১৯৭০ **উত্তর: ঘ**

০৯. **কোন দেশটি পারমানবিক অস্ত্র প্রসার রোধ সংক্রান্ত চুক্তি (এনপিটি) এর স্বাক্ষরকারী নয়?** [ঢাবি: ১১-১২]
ক. চীন খ. বাংলাদেশ গ. ভারত ঘ. ফ্রান্স **উত্তর: গ**

১০. **কোন চুক্তিটি ভারত ও পাকিস্তান স্বাক্ষর করেনি?** [জবি: ০৯-১০]
ক. এনপিটি খ. রিও চুক্তি গ. স্টার্ট-১ ঘ. স্টার্ট-২ **উত্তর: ক**

১১. **কোন আন্তর্জাতিক চুক্তি থেকে উত্তর কোরিয়া নিজেকে প্রত্যাহার করেছে?** [সঞ্চয় অধিদপ্তরের অফিস সহায়ক: ০৩]
ক. ডব্লিউটিও খ. এনপিটি গ. সিটিবিটি ঘ. আইসিসি **উত্তর: খ**

১২. **রাসায়নিক অস্ত্র সংক্রান্ত কনভেনশন গৃহীত হয়** - [এসআইবিএল'র অফিসার: ১০]
ক. ৩ সেপ্টেম্বর, ১৯৯২ খ. ২৩ জানুয়ারি, ১৯৯৫ গ. ১২ ফেব্রুয়ারি, ১৯৭৬ ঘ. ৯ জানুয়ারি, ২০০১ **উত্তর: ক**

১৩. **কোন সালে রাসায়নিক অস্ত্র চুক্তি স্বাক্ষরিত হয়? / কোন সালে Chemical Weapons Convention স্বাক্ষরিত হয়?** [২৭তম বিসিএস]
ক. ১৯৯০ খ. ১৯৯৩ গ. ১৯৯৬ ঘ. ১৯৯৯ **উত্তর: খ**

১৪. **START-2 কী?** [২৭তম বিসিএস]
ক. বাণিজ্য সংক্রান্ত একটি চুক্তি খ. টিভিতে সম্প্রচারিত একটি সিরিয়াল
গ. কৌশলগত অস্ত্র হ্রাস সংক্রান্ত চুক্তি গ. কোনোটিই নয় **উত্তর: গ**

১৫. **স্টার্ট-২ চুক্তি কোন দুইটি দেশের মধ্যে স্বাক্ষরিত হয়?** [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৪]
ক. যুক্তরাষ্ট্র - জার্মানি খ. যুক্তরাষ্ট্র - রাশিয়া গ. রাশিয়া - চীন ঘ. যুক্তরাষ্ট্র - ফ্রান্স **উত্তর: খ**

১৬. **ভূমি মাইন নিষিদ্ধ করার জন্য স্বাক্ষরিত চুক্তি** - [ইসলামী ব্যাংকের অফিসার: ০৬]
ক. সিটিবিটি খ. কিয়োটো চুক্তি গ. রোম চুক্তি ঘ. অটোয়া চুক্তি **উত্তর: ঘ**

১৭. **ভূমি মাইন চুক্তি কোথায় স্বাক্ষরিত হয়েছিল?** [আইন মন্ত্রণালয়ের সহকারী সচিব: ০৬]
ক. লন্ডন, যুক্তরাজ্য খ. নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র গ. অটোয়া, কানাডা ঘ. রোম, ইতালি **উত্তর: গ**

১৮. **নিচের কোন রাষ্ট্রটি ল্যান্ডমাইন নিষেধ সংক্রান্ত চুক্তি সই করেনি?** [বিসিকের প্রমোশন অফিসার: ২৩]
ক. যুক্তরাজ্য খ. যুক্তরাষ্ট্র গ. বাংলাদেশ গ. দক্ষিণ আফ্রিকা **উত্তর: খ**

১৯. **ইরানের কোন পারমাণবিক প্লান্টকে প্রথম পারমাণবিক অস্ত্র উপযোগী Highly Enriched Uranium প্রস্তুতির জন্য সন্দেহ করা হয়?** [ঢাবি: ০৫-০৬]
ক. নাতানজ পারমাণবিক প্লান্টখ. ইস্ফাহান পারমাণবিক প্লান্ট গ. আরাক পারমাণবিক প্লান্ট গ. বুশেহর পারমাণবিক প্লান্ট **উত্তর: ক**

২০. **ইরানের সঙ্গে পারমাণবিক চুক্তি যা Joint Comprechensive Plan of Action নামে পরিচিত তা সই হয়** - [৩৭তম বিসিএস]
ক. ২ এপ্রিল, ২০১৫ খ. ১৪ জুলাই, ২০১৫ গ. ২৪ সেপ্টেম্বর, ২০১৪ ঘ. ১০ ডিসেম্বর, ২০১৩ **উত্তর: খ**

২১. **২০১৫ সালে ইরানে সাথে মোট কয়টি দেশের পারমাণবিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে?** [স্থানীয় সরকার বিভাগের জনস্বাস্থ্য প্রকৌশলী: ১৮]
ক. ৪ টি খ. ৫ টি গ. ৬ টি ঘ. ৭ টি **উত্তর: গ**

২২. **কোন পক্ষের সঙ্গে ইরান পরমাণু চুক্তি স্বাক্ষর করেছে?** [ঢাবি: ১৫-১৬]
ক. পি৫ + ১ খ. পি৫ + ২ গ. পি৫ + ৩ ঘ. পি৫ **উত্তর: ক**

২৩. **P5+1 গ্রুপের সদস্য দেশ কোনটি?** [ইসলামী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ১৭]
ক. অস্ট্রেলিয়া খ. সুইজারল্যান্ড গ. জার্মানি ঘ. জাপান **উত্তর: গ**

২৪. **'Global Zero Campaign' কোনটির সাথে সম্পর্কিত?** [খুবি: ১৬-১৭]
ক. দারিদ্র্য দূরীকরণ খ. কার্বন নিঃসরণ দূরীকরণ গ. অর্থনৈতিক বৈষম্য দূরীকরণ ঘ. পারমানবিক অস্ত্র দূরীকরণ **উত্তর: ঘ**

২৫. **আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তি প্রয়োগ নিষিদ্ধকারী 'প্যারিস প্যাক্ট' স্বাক্ষরিত হয়** - [২৪তম বিসিএস]
ক. ১২ আগস্ট, ১৯২৭ খ. ২৭ আগস্ট, ১৯২৮ গ. ৩ নভেম্বর, ১৯২৮ ঘ. ৫ জানুয়ারি, ১৯২৯ **উত্তর: খ**

২৬. **২০২১ সালের ২৭ মার্চ কোন দুইটি দেশ ২৫ বছর মেয়াদি কৌশলগত অংশীদারিত্ব চুক্তিতে স্বাক্ষর করে?** [এনএসআই'র ফিল্ড স্টাফ: ২১]
ক. ইরান ও চীন খ. পাকিস্তান ও চীন গ. বাংলাদেশ ও চীন ঘ. রাশিয়া ও চীন **উত্তর: ক**

২৭. **What is the role of OPCW?** [৩৭তম বিসিএস]
ক. Peace Keeping খ. Destruction of Chemical Weapons
গ. Trial of War Crimes ঘ. Proliferation of Chemical Weapons **উত্তর: খ**

২৮. **Organisation for the Prohibition of Chemical Weapons (OPCW) এর সদর দপ্তর কোথায়?** [রাবি: ১১-১২]
ক. লন্ডন, যুক্তরাজ্য খ. নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র গ. অটোয়া, কানাডা ঘ. হেগ, নেদারল্যান্ড **উত্তর: ঘ**

২৯. **কোনটি নিরস্ত্রীকরণের সাথে সম্পর্কিত নয়?** [৩৭তম বিসিএস]
ক. NATO খ. SALT গ. NPT ঘ. CTBT **উত্তর: ক**

গণমাধ্যম

০১. **পৃথিবীতে প্রথম সংবাদপত্র চালু হয় কোন দেশে?** [ডিএই উপ-সহকারী প্রকৌশলী: ২১]
ক. যুক্তরাষ্ট্র খ. ভারত গ. জাপান ঘ. চীন **উত্তর: ঘ**

০২. **কে প্রথম সংবাদপত্রকে 'ফোর্থ এস্টেট' হিসেবে আখ্যায়িত করেন?** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩]
ক. উইনস্টন চার্চিল খ. উইলিয়াম পিট গ. অ্যাডমান্ড বার্ক ঘ. আব্রাহাম লিংকন **উত্তর: গ**

০৩. **কোন বিশ্ববিদ্যালয় সাংবাদিকতা বিষয়ে সর্বপ্রথম আনুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থা চালু করে?** [বাংলাদেশ বেতারের সহকারী সম্পাদক: ১৯]
ক. কলাম্বিয়া খ. মিশৌরি গ. হার্ভার্ড ঘ. অক্সফোর্ড **উত্তর: খ**

০৪. **When was the English word 'News' developed?** [বাংলাদেশ বেতারের সহকারী সম্পাদক: ১৭]
ক. 14th Century খ. 15th Century গ. 16th Centruy ঘ. 17th Century **উত্তর: ক**

০৫. **বিশ্ব ইতিহাসের প্রথম পত্রিকা কোনটি? / বিশ্ব ইতিহাসের প্রথম প্রাত্যহিক দিনলিপি কোনটি?** [জবি: ১৫-১৬]
ক. অ্যাকটা ডুরনা খ. খুফিয়া নবিস গ. হরকরা ঘ. ওয়াকিয়া নবিস **উত্তর: ক**

০৬. **কোন দেশে সংবাদপত্র সবচেয়ে বেশি বিক্রি হয়?** [ইসলামী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ১০]
ক. যুক্তরাষ্ট্র খ. যুক্তরাজ্য গ. জাপান ঘ. ভারত **উত্তর: গ**

০৭. **বিশ্বের সর্বাধিক বিক্রিত দৈনিক সংবাদপত্র কোনটি? / বিশ্বের সর্বাধিক প্রচারিত দৈনিক পত্রিকা কোনটি?** [জবি: ০৯-১০]
ক. ইয়োমুরি শিম্বুন খ. টাইমস গ. হেরাল্ড ট্রিবিউন ঘ. ডেইলি ডন **উত্তর: ক**

০৮. **বিশ্বের সর্বাধিক বিক্রিত ইংরেজি দৈনিক পত্রিকা কোনটি?** [খুবি: ০৩-০৪]
ক. ডেইলি ডন খ. টাইমস অব ইন্ডিয়া গ. হেরাল্ড ট্রিবিউন ঘ. ইওমুরি শিম্বুন **উত্তর: খ**

০৯. **'The Economist' কোন দেশের পত্রিকা? / 'দ্য ইকনোমিস্ট' পত্রিকাটি কোন দেশ থেকে প্রকাশিত হয়?** [রাকাব'র অফিসার: ১৫]
ক. জাপান খ. আলজেরিয়া গ. যুক্তরাজ্য ঘ. যুক্তরাষ্ট্র **উত্তর: গ**

১০. **বিশ্ব বিখ্যাত 'দ্য গার্ডিয়ান' কোন দেশের পত্রিকা? / 'দ্য গার্ডিয়ান' পত্রিকা কোন শহর থেকে প্রকাশিত হয়?** [এলজিইডি'র অফিস সহায়ক: ২৩]
ক. নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র খ. লন্ডন, যুক্তরাজ্য গ. আলজিয়ার্স, আলজেরিয়া ঘ. টোকিও, জাপান **উত্তর: খ**

১১. **কোথায় থেকে 'হেরাল্ড ট্রিবিউন' পত্রিকা প্রকাশিত হয়?** [ববিপ্রবি: ১৯-২০]
ক. লন্ডন খ. নিউইয়র্ক গ. প্যারিস ঘ. ওয়াশিংটন **উত্তর: খ**

১২. **'ডেইলি মিরর' পত্রিকা কোথায় থেকে প্রকাশিত হয়?** [পল্লী উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৪]
ক. ওয়াশিংটন খ. মস্কো গ. লন্ডন ঘ. সিঙ্গাপুর **উত্তর: গ**

১৩. **'টাইমস' একটি -** [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার: ৯৩]
ক. সাময়িকী খ. গ্রন্থ গ. সংবাদপত্র ঘ. টিভি অনুষ্ঠান **উত্তর: গ**

১৪. **'টাইমস' কোন দেশের সংবাদপত্র?** [জবি: ০৮-০৯]
ক. যুক্তরাষ্ট্র খ. যুক্তরাজ্য গ. অস্ট্রেলিয়া ঘ. কানাডা **উত্তর: খ**

১৫. **'All The News That's Fit to Print' এই শ্লোগানটি কোন খবরের কাগজের সাথে যুক্ত?** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩]
ক. দি ওয়াশিংটন পোস্ট খ. দি টাইমস গ. দি নিউইয়র্ক টাইমস ঘ. দি ইন্ডিপেন্ডেন্ট **উত্তর: গ**

১৬. **কোন দেশ থেকে 'ডেইলি ডন' পত্রিকা প্রকাশিত হয়?** [চবি: ০২-৩০]
ক. ভারত খ. লন্ডন গ. পাকিস্তান ঘ. যুক্তরাষ্ট্র **উত্তর: গ**

১৭. **'আল আহরাম' কোন দেশের পত্রিকা? / 'আল-আহরাম' পত্রিকা কোথায় থেকে প্রকাশিত হয়?** [এনসিসি ব্যাংকের এমটিও: ১১]
ক. মিশর খ. লিবিয়া গ. তিউনিসিয়া ঘ. মরক্কো **উত্তর: ক**

১৮. **'আকবর' কোন দেশের পত্রিকা?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. ইরাক খ. মিশর গ. পাকিস্তান গ. সৌদি আবর **উত্তর: খ**

১৯. **'পারসন অব দ্য ইয়ার' নির্বাচন করে - / কোন ম্যাগাজিন বিশ্বের ক্ষমতাশালী ব্যক্তিদের তালিকা প্রকাশ করে? / কোন ম্যাগাজিন 'পারসন অব দ্য ইয়ার' নির্বাচন করে** [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. টাইম ম্যাগাজিন খ. ইকোনমিস্ট গ. এএফপি গ. গার্ডিয়ান **উত্তর: ক**

২০. **সংবাদ ম্যাগাজিন 'এশিয়া উইক' কোথায় থেকে প্রকাশিত হয়?** [রাবি: ১০-১১]
ক. ইন্দোনেশিয়া খ. হংকং গ. ভারত ঘ. ইরান **উত্তর: খ**

২১. **অর্থনীতি বিষয়ক ম্যাগাজিন 'Far Eastern Economic Review' জার্নালটি কোন দেশে থেকে বের হয়? / 'ফার ইস্টার্ন ইকনোমিক রিভিউ' কোন দেশের পত্রিকা?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ইন্সট্রাক্টর: ০৫]
ক. হংকং খ. সিঙ্গাপুর গ. মালয়েশিয়া ঘ. কোরিয়া **উত্তর: ক**

২২. **যুক্তরাষ্ট্রভিত্তিক 'Reader's Digest' হলো -** [জাবি: ১৬-১৭]
ক. বিখ্যাত সংবাদপত্র খ. সাহিত্য জার্নাল গ. বিখ্যাত ম্যাগাজিন ঘ. সংবাদপত্রের অতিরিক্ত সংখ্যা **উত্তর: গ**

২৩. **'দ্য হাফিংটন পোস্ট' কোন দেশের সংবাদমাধ্যম?** [জাবি: ১৫-১৬]
ক. আমেরিকা খ. ব্রিটেন গ. কানাডা ঘ. অস্ট্রেলিয়া **উত্তর: ক**

২৪. **যুক্তরাষ্ট্রভিত্তিক 'প্লেবয়' কোন ধরণের ম্যাগাজিন?** [জাবি: ১৫-১৬]
ক. লাইফস্টাইল খ. প্রযুক্তি বিষয়ক গ. রোবট বিষয়ক ঘ. খেলাধুলা বিষয়ক **উত্তর: ক**

২৫. **'কায়হান' সংবাদপত্রটির প্রকাশনা স্থান কোনটি?** [খুবি: ১৮-১৯]
ক. ইরান খ. থাইল্যান্ড গ. সুইডেন ঘ. জাপান **উত্তর: ক**

২৬. **সংবাদপত্র প্রকাশনার জন্য বিখ্যাত -** [রাবি: ১৩-১৪
ক. ওয়াল স্ট্রীট খ. ফ্লীট স্ট্রীট গ. ডাউনিং স্ট্রীট ঘ. ব্রডওয়ে **উত্তর: খ**

২৭. **লন্ডনের ফ্লীট স্ট্রীট কিসের জন্য সর্বাধিক পরিচিত?** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩]
ক. ব্রিটিশ প্রধানমন্ত্রীর অফিস খ. ব্রিটিশ পার্লামেন্ট ভবন
গ. ব্রিটেনের প্রধান প্রধান সংবাদপত্রের অফিস ঘ. মাদাম তুসোর মোমের মিউজিয়াম **উত্তর: গ**

২৮. **ওয়াল স্ট্রীট জার্নাল কী?** [জবি: ০৯-১০]
ক. রাস্তা সংক্রান্ত দৈনিক পত্রিকা খ. বিখ্যাত দেয়াল পত্রিকা
গ. লন্ডনভিত্তিক অর্থনৈতিক গবেষণা পত্রিকা ঘ. নিউইয়র্ক থেকে প্রকাশিত আন্তর্জাতিক দৈনিক পত্রিকা **উত্তর: খ**

২৯. **সবচেয়ে পুরাতন সংবাদ সংস্থা কোনটি?** [গণপূর্ত মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৮]
ক. CNN খ. BBC গ. Reuters ঘ. AFP (Agency France Press) **উত্তর: ঘ**

৩০. **'AFP' কোন দেশের সংবাদ সংস্থা?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. ফ্রান্স খ. জার্মানি গ. ইংল্যান্ড ঘ. যুক্তরাষ্ট্র **উত্তর: ক**

৩১. **'রয়টার্স' কী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. ক্লাব খ. টিভি কেন্দ্র গ. পত্রিকা ঘ. সংবাদ সংস্থা **উত্তর: ঘ**

৩২. **পৃথিবীর সবচেয়ে বড় সংবাদ সংস্থার নাম কী? / বিশ্বের বৃহত্তম সংবাদ সংস্থা কোনটি?** [ইবি: ০৫-০৬]
ক. সিনগুনা খ. সানা গ. রয়টার্স ঘ. তাস **উত্তর: গ**

৩৩. **'রয়টার্স' কোন দেশের সংবাদ সংস্থা?** [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ১৬]
ক. যুক্তরাষ্ট্র খ. যুক্তরাজ্য গ. বাংলাদেশ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৩৪. **সংবাদ সংস্থা 'রয়টার্স' এর প্রতিষ্ঠাতা কে?** [নৌবাহিনীর ক্যাশিয়ার: ২৩]
ক. পল জুলিয়াস রয়টার খ. স্ট্যালোন রয়টার গ. আলবার্তো রয়টার ঘ. এম. রয়টার **উত্তর: ক**

৩৫. **'রয়টার্স' ও 'এনা' কী?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ৯৫]
ক. গোপন সংস্থা খ. রাজনৈতিক দল গ. খবরের কাগজ ঘ. সংবাদ সংস্থা **উত্তর: ঘ**

৩৬. **'AP' কোন দেশের সংবাদ সংস্থা? / 'Associated Press' কোন দেশের সংবাদ সংস্থা?** [খুবি: ১৬-১৭]
ক. অস্ট্রেলিয়া খ. যুক্তরাষ্ট্র গ. কানাডা ঘ. যুক্তরাজ্য **উত্তর: খ**

৩৭. **তাস হলো - / TASS হলো -** [জাবি: ১৬-১৭]
ক. সংবাদ সংস্থা খ. রেডিও স্টেশন গ. এফএম রেডিও স্টেশন ঘ. টিভি চ্যানেল **উত্তর: ক**

৩৮. **'তাস' কোন দেশের সংবাদ সংস্থা? / 'ITAR TASS' কোন দেশের সংবাদ সংস্থা?** [৩২তম বিসিএস]
ক. ফিলিপাইন খ. চীন গ. রাশিয়া ঘ. ইসরাইল **উত্তর: গ**

৩৯. **'ইন্টারফ্যাক্স' হলো -** [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ১৯]
ক. কোরিয়ার বার্তা সংস্থা খ. রাশিয়ার বার্তা সংস্থা গ. চীনের বার্তা সংস্থা ঘ. জাপানের বাতা সংস্থা **উত্তর: খ**

৪০. **নিচের কোনটি চীনের অফিসিয়াল সংবাদ সংস্থা?** [জাবি: ১৫-১৬]
ক. তাস খ. এএফপি গ. সিনহুয়া ঘ. আনতারা **উত্তর: গ**

৪১. **'MENA' কোন দেশের সংবাদ সংস্থা? / 'মিডিল ইস্ট নিউজ এজেন্সি' কোন দেশের সংবাদ সংস্থা?** [সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড সুপারভাইজার: ১৮]
ক. সিরিয়া খ. কুয়েত গ. মিশর ঘ. ইরাক **উত্তর: গ**

৪২. **'সানা' কোন দেশের সংবাদ সংস্থা? / 'SANA' কোন দেশের সংবাদ সংস্থা?** [রাবি: ১৮-১৯]
ক. ইয়েমেন খ. সিরিয়া গ. সৌদি আবর ঘ. ইরাক **উত্তর: খ**

৪৩. **'জানা' কোন দেশের সংবাদ সংস্থা? / 'JANA' কোন দেশের সংবাদ সংস্থা?** [বিএসসি'র অফিসার: ২৩]
ক. লিবিয়া খ. সিরিয়া গ. সৌদি আবর ঘ. ফিলিপাইন **উত্তর: ক**

৪৪. **'এসপিএ' কোন দেশের সংবাদ সংস্থা? / 'SPA' কোন দেশের সংবাদ সংস্থা?** [ঢাবি: ০৫-০৬]
ক. দক্ষিণ আফিকা খ. সৌদি আরব গ. স্পেন ঘ. সিঙ্গাপুর **উত্তর: খ**

৪৫. **'আনতারা' কী?** [তথ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. বার্তা সংস্থা খ. দৈনিক পত্রিকা গ. সংগঠন ঘ. কাব্যগ্রন্থ **উত্তর: ক**

৪৬. **'আনতারা' কোন দেশের সংবাদ সংস্থা? / 'ANTARA' কোন দেশের সংবাদ সংস্থা?** [জাবি: ১৫-১৬]
ক. ইরান খ. ইরাক গ. ইন্দোনেশিয়া ঘ. ইতালি **উত্তর: গ**

৪৭. **'ওয়াফা' কোন দেশের সংবাদ সংস্থা? / 'Wafa' কোন দেশের সংবাদ সংস্থা?** [বিকেবি'র অফিসার: ১১]
ক. ভারত খ. ইরান গ. ইসরায়েল ঘ. ফিলিস্তিন **উত্তর: গ**

৪৮. **'এফপিএস' কোন দেশের সংবাদ সংস্থা? / 'FPS' কোন দেশের সংবাদ সংস্থা?** [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]
ক. জাপান খ. ভারত গ. কোরিয়া ঘ. ইরাক **উত্তর: ক**

৪৯. **'বার্নামা' কোন দেশের সংবাদ সংস্থা?** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩]
ক. ইন্দোনেশিয়া খ. মালয়েশিয়া গ. ব্রনাই ঘ. সিঙ্গাপুর **উত্তর: খ**

৫০. **'আনদিনা' কোন দেশের সংবাদ সংস্থা? / 'ANDINA' কোন দেশের সংবাদ সংস্থা?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২১]
ক. পেরু খ. ওমান গ. আলজেরিয়া ঘ. বেলারুশ **উত্তর: ক**

৫১. **নিম্নের কোনটি কোনো সংবাদ সংস্থা নয়?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের অফিস সহায়ক: ১৪]
ক. ইওনহাপ খ. সিনহুয়া গ. স্মিথসোনিয়ান ঘ. ইতার তাস **উত্তর: গ**

৫২. **পৃথিবীর প্রথম জাতীয় সম্প্রচার মাধ্যম কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ০৬]
ক. বিবিসি খ. আল জাজিরা গ. সিএনএন ঘ. রয়টার্স **উত্তর: ক**

৫৩. **'BBC' এর পূর্ণরূপ কী?** [মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. British Broadcasting Council খ. British Broadcasting Certre
গ. British Broadcasting Corporation ঘ. British Broadcasting Co-operation **উত্তর: গ**

৫৪. **বিবিসি'র সদর দপ্তর কোথায় অবস্থিত?** [বিসিআইসি'র সহকারী ব্যবস্থাপক: ১১]
ক. লন্ডন, যুক্তরাজ্য খ. প্যারিস, ফ্রান্স গ. নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র ঘ. এডিনবার্গ, স্কটল্যান্ড **উত্তর: ক**

৫৫. **লন্ডনে বিবিসি'র প্রধান কার্যালয়ের নাম -** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৭]
ক. মার্লবরো হাউস খ. গ্রিন হাউস গ. হোয়াইজ হাউজ ঘ. বুশ হাউস **উত্তর: ঘ**

৫৬. **বিখ্যাত 'বুশ হাউজ' কোন শহরে অবস্থিত?** [আইন মন্ত্রণালয়ের সহকারী সচিব: ০৬]
ক. ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র খ. মন্ট্রিল, কানাডা গ. নয়াদিল্লী, ভারত ঘ. লন্ডন, যুক্তরাজ্য **উত্তর: ঘ**

৫৭. **কবে বিবিসি বাংলার রেডিও সম্প্রচার বন্ধ হয়?** [মার্কেন্টাইল ব্যাংকের অফিসার: ২২]
ক. ৩১ ডিসেম্বর, ২০২২ খ. ৩০ জুন, ২০২১ গ. ৩০ জুন, ২০২২ ঘ. ৩০ ডিসেম্বর, ২০২২ **উত্তর: ক**

৫৮. **'CNN' এর পূর্ণরূপ কী?** [দাদশ প্রভাষক নিবন্ধন]
ক. Cable News Network খ. Cable Network News
গ. Commerical News Network ঘ. Central News Netwrok **উত্তর: ক**

৫৯. **'সিএনএন' কোন দেশের সংবাদ সংস্থা?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৭]
ক. যুক্তরাষ্ট্র খ. জাপান গ. যুক্তরাজ্য ঘ. জার্মানি **উত্তর: ক**

৬০. **'আল-জাজিরা' কী?** [ডিএই'র কম্পিউটার অপারেটর: ০২]
ক. সন্ত্রাসী সংগঠন খ. জীবাণু অস্ত্র গ. টিভি নেটওয়ার্ক ঘ. বিরোধপূর্ণ ভূখন্ড **উত্তর: গ**

৬১. **কোন দেশে আল-জাজিরা স্যাটেলাইট টেলিভিশনের প্রধান সম্প্রচার কেন্দ্র অবস্থিত? / আল-জাজিরা কোন দেশের টেলিভিশন চ্যানেল? / আল জাজিরা টিভি চ্যানেলের মূল কেন্দ্র কোথায়?** [সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ে উপ-সহকারী প্রকৌশলী: ১৯]
ক. কুয়েত সিটি, কুয়েত খ. মাস্কট, ওমান গ. দোহা, কাতার ঘ. মানামা, বাহরাইন **উত্তর: গ**

৬২. **ইংরেজি ভাষার টেলিভিশন নেটওয়ার্ক 'Arirang TV' কোন দেশের?** [সাউথইস্ট ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২১]
ক. কুয়েত খ. দক্ষিণ কোরিয়া গ. জাপান ঘ. চীন **উত্তর: খ**

৬৩. **'আল-হুররা' নামের আরবি টিভি চ্যানেলটি** - [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. যুক্তরাষ্ট্রের খ. ইসরাইলের গ. ফিলিস্তিনের ঘ. ইরাকের **উত্তর: ক**

৬৪. **নিচের কোনটি সঠিক নয়?** [বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষের কম্পিউটার অপারেটর: ০৮]
ক. AFP - ফ্রান্স খ. আল-জাজিরা - দুবাই গ. RM - মস্কো ঘ. VOA - যুক্তরাষ্ট্র **উত্তর: খ**

৬৫. **'এবিসি' ও 'ফক্স নিউজ' কোন দেশের চ্যানেল?** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০১]
ক. যুক্তরাজ্য খ. হল্যান্ড গ. যুক্তরাষ্ট্র ঘ. অস্ট্রেলিয়া **উত্তর: গ**

৬৬. **রেডিও 'ডয়চে ভেলে' কোন দেশের সম্প্রচার মাধ্যম? / 'Deutsche Welle (DW)' কোন দেশের সম্প্রচার মাধ্যম?** [ঢাবি: ৯৮-৯৯]
ক. অস্ট্রেলিয়া খ. জার্মানি গ. নেদারল্যান্ড ঘ. যুক্তরাজ্য **উত্তর: খ**

৬৭. **সম্প্রচার মাধ্যমে 'প্রাইম টাইম' বলতে কী বোঝায়?** [বিআরইবি'র মিটার রিডার: ২৩]
ক. যে সময় নারীরা বেশি টিভি দেখে খ. যে সময় শুধু সংবাদ প্রচারিত হয়
গ. যে সময় বিজ্ঞাপন প্রচারিত হয় না ঘ. যে সময় অধিক সংখ্যক দর্শক টিভি দেখে **উত্তর: ঘ**

৬৮. **কত সালে UN Radio প্রতিষ্ঠিত হয়?** [বাংলাদেশ বেতারের সহকারী সম্পাদক: ১৯]
ক. ১৯৪৫ খ. ১৯৪৬ গ. ১৯৪৭ ঘ. ১৯৪৮ **উত্তর: খ**

৬৯. **'www.espnstar.com' একটি** - [রাবি: ০৪-০৫]
ক. ওয়েবসাইট খ. ই-মেইল অ্যাড্রেস গ. ক্রীড়া বিষয়ক ম্যাগাজিন ঘ. স্যাটেলাইট ক্রীড়া নেটওয়ার্ক **উত্তর: ঘ**

৭০. **এমবেডেড জার্নালিজম কোন বিষয়ের সঙ্গে যুক্ত?** [স্ট্যান্ডার্ড ব্যাংকের অফিসার: ১৮]
ক. প্রাকৃতির দুর্যোগ খ. যুদ্ধক্ষেত্র গ. শান্তিরক্ষা ঘ. জলবায়ু **উত্তর: খ**

৭১. **এমবেডেড জার্নালিজম কোন অপারেশনের সাথে যুক্ত?** [শিল্প মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ০৪]
ক. অপারেশন ইরাকি ফ্রিডম খ. অপারেশন ডেজার্ট স্টর্ম ঘ. অপারেশন রেড ডন ঘ. অপারেশন লিপ ফরওয়ার্ড **উত্তর: ক**

৭২. **বহুল আলোচিত ব্যক্তি জামাল খাসোগী কে ছিলেন?** [পিটিআই ইন্সট্রাক্টর: ১৯]
ক. বিজ্ঞানী খ. সাংবাদিক গ. সাহিত্যিক ঘ. রাজনীতিবিদ **উত্তর: খ**

৭৩. **সাংবাদিক জামাল খাসোগীকে কোথায় হত্যা করা হয়?** [আইএফআইসি ব্যাংকের অফিসার: ১৯]
ক. ইস্তাম্বুল, তুরস্ক খ. কাবুল, আফগানিস্তান গ. ইসলামাবাদ, পাকিস্তান ঘ. রিয়াদ, সৌদি আরব **উত্তর: ক**

চলচ্চিত্র ও চলচ্চিত্র পুরস্কার

০১. **কত সালে সর্বপ্রথম চলচ্চিত্র নির্মিত হয়?** [আইন মন্ত্রণালয়ের সহকারী সচিব: ১৪]
ক. ১৭৫০ সালে খ. ১৮৫০ সালে গ. ১৮৭৫ সালে ঘ. ১৮৯৫ সালে **উত্তর: ঘ**

০২. **চলচ্চিত্রের আদি আবিষ্কারক হিসেবে খ্যাত** - [বিএফডিসি'র কম্পিউটার অপারেটর: ১২]
ক. রিচার্ড ব্রাদার্স খ. ল্যুমিয়ের ব্রাদার্স গ. উইলিয়াম ব্রাদার্স ঘ. মাইকেল ব্রাদার্স **উত্তর: খ**

০৩. **উপমহাদেশের প্রথম সবাক চলচ্চিত্র কোনটি?** [বিসিকের প্রমোশন অফিসার: ২৩]
ক. জামাই ষষ্ঠী খ. ধ্রুব গ. মুখ ও মুখোশ ঘ. সংগম **উত্তর: ক**

০৪. **সিনেমা শিল্পে পৃথিবীর সর্ববৃহৎ দেশ** - [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০১]
ক. জাপান খ. ভারত গ. যুক্তরাষ্ট্র ঘ. ফ্রান্স **উত্তর: গ**

০৫. **সিনেমা শিল্পের জন্য বিখ্যাত 'হলিউড' কোথায় অবস্থিত?** [বিএসসি'র অফিসার: ২৩]
ক. নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র খ. শিকাগো, যুক্তরাষ্ট্র গ. পেনসিলভেনিয়া, যুক্তরাষ্ট্র ঘ. লস অ্যাঞ্জেলেস, যুক্তরাষ্ট্র **উত্তর: ঘ**

০৬. **বর্তমানে সবচেয়ে বেশি চলচ্চিত্র তৈরি হচ্ছে** - [ঢাবি: ১৩-১৪]
ক. চীনে খ. জাপানে গ. ভারতে ঘ. যুক্তরাষ্ট্রে **উত্তর: গ**

০৭. **সিনেমা শিল্পের জন্য বিখ্যাত 'বলিউড' কোথায় অবস্থিত?** [জাককনইবি: ১৮-১৯]
ক. মুম্বাই, ভারত খ. সিউল, দক্ষিণ কোরিয়া গ. মস্কো, রাশিয়া ঘ. লস অ্যাঞ্জেলেস, যুক্তরাষ্ট্র **উত্তর: ক**

০৮. **'নলিউড' কী? / 'Nollywood' বলতে কী বুঝায়?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. নাইজেরিয়ান ফিল্ম ইন্ডাস্ট্রি খ. নেপালিজ ফিল্ম ইন্ডাস্ট্রি গ. নামিবিয়ান ফিল্ম ইন্ডাস্ট্রি ঘ. নওজেরিয়ান ফিল্ম ইন্ডাস্ট্রি **উত্তর: ক**

০৯. **'ঢালিউড' কোথায় অবস্থিত?** [বিএফডিসি'র কম্পিউটার অপারেটর: ০৩]
ক. মস্কো, রাশিয়া খ. বেইজিং, চীন গ. মুম্বাই, ভারত ঘ. ঢাকা, বাংলাদেশ **উত্তর: ঘ**

১০. **অস্কার বা OSCAR পুরস্কার কী?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. শিশু সাহিত্য পুরস্কার খ. সাহিত্য পুরস্কার গ. চলচ্চিত্র পুরস্কার ঘ. নাট্যকার পুরস্কার **উত্তর: গ**

১১. **Academy of Motion Pictures Arts and Sciences (AMPAS) প্রবর্তিত পুরস্কারের নাম কী?** [ইবি: ৯৮-৯৯]
ক. অস্কার পুরস্কার খ. বুকার পুরস্কার গ. সাহিত্য পুরস্কার ঘ. নোবেল পুরস্কার **উত্তর: ক**

১২. **অস্কার পুরস্কারের অন্য নাম - / অস্কার পুরস্কার কী নামে পরিচিত?** [ঢাবি: ১১-১২]
ক. গ্র্যামি খ. এমি গ. একাডেমি ঘ. টনি **উত্তর: গ**

১৩. **কোন সাল থেকে অস্কার পুরস্কার দেওয়া হয়?** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩]
ক. ১৯২৯ খ. ১৯৩০ গ. ১৯৩৫ ঘ. ১৯৫০ **উত্তর: ক**

১৪. **ভারতীয় উপমহাদেশের প্রথম অস্কার বিজয়ী -** [জাবি: ১৪-১৫]
ক. ড. ইউনূস খ. সত্যজিৎ রায় গ. বানু আথাইয়া ঘ. বালকৃষ্ণ খেচার **উত্তর: গ**

১৫. **এখন পর্যন্ত কোন দুইজন অভিনেতা মরণোত্তর অস্কার পুরস্কার লাভ করেন?** [সাউথইস্ট ব্যাংকের অফিসার: ০৯]
ক. James Dean & Gregory Peck খ. Peter Finch & Heath Ledger
গ. Gregory Peck & Peter Finch ঘ. Marilyn Monroe & Heath Ledger **উত্তর: খ**

১৬. **প্রথম অস্কারজয়ী বাংলাদেশি কে? / বাংলাদেশি কোন সফটওয়্যার প্রকৌশলী যৌথভাবে ২০০৭ সালে বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগে অস্কার পুরস্কার লাভ করেছেন?** [জবি: ০৭-০৮]
ক. নোরা আলী খ.আবেদ আলী গ. নাফিস বিন জাফর ঘ. আনোয়ার হোসেন **উত্তর: গ**

১৭. **অস্কার বিজয়ী চলচ্চিত্র 'টাইটানিক' এর পরিচালক কে?** [খুবি: ১০-১১]
ক. জেমস ক্যামেরুন খ. ড্যানি বোয়েল গ. রোমান পোলানস্কি ঘ. আমির খান **উত্তর: ক**

১৮. **টাইটানিক মুভিটি কিসের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে?** [রাবি: ১৩-১৪]
ক. টাইটানিকের যাত্রা খ. ১৯১২ সালের দুর্যোগ গ. প্রথম বিশ্বযুদ্ধ ঘ. দ্বিতীয় বিশ্বযুদ্ধ **উত্তর: ক**

১৯. **কত সালে টাইটানিক জাহাজ আটলান্টিক মহাসাগরে নিমজ্জিত হয়?** [গ্রামীণ জন উন্নয়ন সংস্থার প্রবেশনারী অফিসার: ২৩]
ক. ১৯১০ খ. ১৯১১ গ. ১৯১২ ঘ. ১৯৭২ **উত্তর: গ**

২০. **টাইটানিক মুভিটি কতটি বিভাগে অস্কার পুরস্কার লাভ করে?** [জনতা ব্যাংকের অফিসার: ১৭]
ক. ১০টি খ. ১১টি গ. ১২টি ঘ. ১৩টি **উত্তর: খ**

২১. **অস্কার বিজয়ী চলচ্চিত্র 'স্লামডগ মিলিওনিয়ার' এর পরিচালক কে?** [এলজিইডি'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. জেমস ক্যামেরুন খ. ড্যানি বোয়েল গ. রোমান পোলানস্কি ঘ. আমির খান **উত্তর: খ**

২২. **'Slumdog Millonaire' চলচ্চিত্রটির সঙ্গীত পরিচালক -** [ঢাবি: ০৯-১০]
ক. আর. ডি. বর্মন খ. এ. আর. রহমান গ. বিকাশ স্বরূপ ঘ. অনু মালিক **উত্তর: খ**

২৩. **২০২৩ সালে কোন ছবিটি অস্কার পুরস্কারের সেরা ছবির পুরস্কার জিতেছে? / The best picture winning in the 95th Academy Award is -** [বেজা'র সহকারী ব্যবস্থাপক: ২০]
ক. কোডা খ. জুডাস গ. কোলেট ঘ. এভ্রিথিং এভ্রিহোয়ার অল অ্যাট ওয়ান্স **উত্তর: ঘ**

২৪. **২০২৩ সালে কোন ছবিটি সেরা চলচ্চিত্র সম্পাদনা ক্যাটাগরিতে অস্কার পুরস্কার লাভ করে? / Which film won Oscar is Film Editing category in 2022? -** [জাবি: ১৬-১৭]
ক. কোডা খ. জুডাস গ. ডুন ঘ. এভ্রিথিং এভ্রিহোয়ার অল অ্যাট ওয়ান্স **উত্তর: ঘ**

২৫. **২০২৩ সালে শ্রেষ্ঠ অভিনেতা হিসেবে ৯৫তম অস্কার পুরস্কার পায় -** [রাবি: ৯৭-৯৮]
ক. অ্যান্থনি হপকিন্স খ. ব্রেন্ডন ফ্রেজার গ. জোয়াকিন ফিনিক্স ঘ. টম হ্যাংকস **উত্তর: খ**

২৬. **Take the odd one out.** [JU: 15-16]
ক. Man Booker Prize খ. Nobel Prize গ. Academy Awards ঘ. Sahitya Academy Award **উত্তর: গ**

২৭. **কান চলচ্চিত্র উৎসব অনুষ্ঠিত হয় -** [পিকেবি'র অফিসার (ক্যাশ): ১৪]
ক. জার্মানি খ. ফ্রান্স গ. স্পেন ঘ. ইংল্যান্ড **উত্তর: খ**

২৮. **'স্বর্ণ পাম' কোন চলচ্চিত্র উৎসবের মুখ্য পুরস্কার? / কোন চলচ্চিত্র উৎসবে পাম ডি'অর পুরস্কার দেওয়া হয়?** [পিকেবি'র অফিসার: ২১]
ক. ভেনিস খ. বার্লিন গ. কান ঘ. শিকাগো **উত্তর: গ**

২৯. **২০২৩ সালের কান চলচ্চিত্র উৎসবটি কততম আসর ছিল?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ১৮]
ক. ৭২তম খ. ৭৩তম গ. ৭৪তম ঘ. ৭৬তম **উত্তর: ঘ**

৩০. **২০২৩ সালের কান চলচ্চিত্র উৎসবের শীর্ষ পুরস্কার জিতেছে কোন চলচ্চিত্র? / ২০২৩ সালের কান চলচ্চিত্র উৎসবে পাম ডি'অর জিতেছে কোন চলচ্চিত্র?** [স্ট্যান্ডার্ড ব্যাংকের অফিসার: ১১]
ক. ট্রায়াঙ্গেল অব স্যাডনেস খ. ইনসাইড গ. বোহেমিয়ান ঘ. অ্যানাটমি অব আ ফল **উত্তর: ঘ**

৩১. **২০২৩ সালে ফ্রান্সের কান চলচ্চিত্র উৎসবে শ্রেষ্ঠ অভিনেতার সম্মান লাভ করেন** - [সোনালী ব্যাংকের অফিসার: ১৮]
ক. কোজি ইয়াকুশো খ. জার আমির গ. উইল স্মিথ ঘ. জেসিকা চ্যাস্টেইন **উত্তর: ক**

৩২. **এশিয়ার সবচেয়ে বড় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব কোথায় অনুষ্ঠিত হয়?** [ঢাবি: ২০-২১]
ক. বুসান, দক্ষিণ কোরিয়া খ. কান, জার্মানি গ. চেন্নাই, ভারত ঘ. সিঙ্গাপুর সিটি, সিঙ্গাপুর **উত্তর: ক**

৩৩. **বিখ্যাত 'জেমস বন্ড' সিরিজের রচয়িতা কে?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ০৩]
ক. ইয়ান ফ্লেমিং খ. চার্লস ডিকেন্স গ. ডেনিয়েল ক্রেগ ঘ. রজার মুর **উত্তর: ক**

৩৪. **একাডেমি অ্যাওয়ার্ড জয়ী 'ফারেনহাইট ৯/১১' ছবিটির পরিচালক** - [ঢাবি: ০৫-০৬]
ক. ক্লিন্ট ইস্টউড খ. মাইকেল মুর গ. আর্থার মিলার ঘ. জেমস ক্যামেরুন **উত্তর: খ**

৩৫. **বিশ্বখ্যাত চলচ্চিত্র 'রশোমন' এর নির্মাতা কে?** [জবি: ১৫-১৬]
ক. ওয়াংকার উই খ. ইউসুজিরো ওজু গ. আকিরা কুরোসাওয়া ঘ. নাগিসা ওশিমা **উত্তর: গ**

৩৬. **'ইনোসেন্স অব মুসলিম' চলচ্চিত্রের পরিচালক কে?** [জবি: ১২-১৩]
ক. স্যাম বাসিল খ. স্যাম নিয়ন গ. ক্যালিস বাসিল ঘ. বাসিল পেট্রো **উত্তর: ক**

৩৭. **'সিটি অব জয়' চলচ্চিত্রে কোন নগরীর দীনতা প্রকাশ পেয়েছে?** [পিএসসি'র সহকরী পরিচালক: ০৬]
ক. ঢাকা খ. করাচি গ. দিল্লি ঘ. কলকাতা **উত্তর: ঘ**

৩৮. **'বাইসাইকেল থিফ' চলচ্চিত্রটি কোন দেশে নির্মিত হয়েছে?** [চবি: ১৫-১৬]
ক. ফ্রান্স খ. স্পেট গ. জার্মানি ঘ. ইতালি **উত্তর: ঘ**

৩৯. **টম টাইকওয়ের 'রান লোলা রান' হলো** - [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. উপন্যাস খ. চলচ্চিত্র গ. নাটক ঘ. টিভি সিরিজ **উত্তর: খ**

৪০. **ব্যাটলশিপ পটেমকিন** - [ঢাবি: ০৭-০৮]
ক. রুশ চলচ্চিত্র খ. জার্মান চলচ্চিত্র গ. চেক চলচ্চিত্র ঘ. হাঙ্গেরীয় চলচ্চিত্র **উত্তর: ক**

৪১. **'আকিরা কুরুসাওয়া' কোন ক্ষেত্রে বিখ্যাত?** [ঢাবি: ৯৮-৯৯]
ক. নাটক খ. চলচ্চিত্র গ. সংগীত ঘ. চিত্রশিল্প **উত্তর: খ**

৪২. **রুপার্ট মারডক কে?** [জবি: ১৫-১৬]
ক. চলচ্চিত্রা নির্মাতা খ. পত্রিকা সম্পাদক গ. মিডিয়া মোগল ঘ. বিশ্বখ্যাত ফটোগ্রাফার **উত্তর: গ**

৪৩. **মিডিয়া মোগল হিসেবে পরিচিত** - [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০১]
ক. বিল গেটস খ. টাটা গ. রুপার্ট মারডক ঘ. রকফেলার **উত্তর: গ**

৪৪. **টম ক্রুজ হলেন** - [ইস্টার্ন ব্যাংকের অফিসার: ০৫]
ক. গায়ক খ. লেখক গ. অভিনেতা ঘ. রাজনীতিবিদ **উত্তর: গ**

৪৫. **লুই বুনুয়েল একজন** - [জবি: ১৬-১৭]
ক. কবি খ. চলচ্চিত্রকার গ. ক্রীড়াবিদ ঘ. সঙ্গীতশিল্পী **উত্তর: খ**

৪৬. **ল্যারি কিং হলেন** - [বিকেবি'র অফিসার: ১১]
ক. অভিনেতা খ. বেসবল খেলোয়াড় গ. সাংবাদিক ঘ. রাজনীতিবিদ **উত্তর: গ**

৪৭. **ল্যারি কিং লাইভ অনুষ্ঠানটি কোন টেলিভিশন চ্যানেলে প্রচারিত হতো?** [জাবি: ২০-২১]
ক. সিএনএন খ. ডয়চে ভেলে গ. বিবিসি ঘ. এনবিসি **উত্তর: ক**

৪৮. **'বিলিয়ন ডলার হেইস্ট' তথ্য চিত্রের নির্মাতা কে?** [বিআরইবি'র মিটার রিডার: ২৩]
ক. গাই রিচি খ. ড্যানিয়েল গর্ডন গ. টমাস লুই ঘ. জ্যাক স্ট্র **উত্তর: খ**

তৃতীয় অধ্যায় | আন্তর্জাতিক পরিবেশগত ইস্যু ও কূটনীতি | ০৪ মার্কস

সাগর, উপসাগর, মহাসাগর

০১. **পৃথিবীতে মহাসাগর কয়টি?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ১১]
ক. ৫ টি খ. ৬ টি গ. ৭ টি ঘ. ৮ টি **উত্তর: ক**
ব্যাখ্যা: বারিমন্ডলের উন্মুক্ত বিস্তীর্ণ বিশাল লবণাক্ত জলরাশিকে মহাসাগর (Ocean) বলে। পৃথিবীতে মহাসাগর পাঁচটি। যথা- প্রশান্ত মহাসাগর, আটলান্টিক মহাসাগর, ভারত মহাসাগর, দক্ষিণ বা এন্টার্কটিকা মহাসাগর, উত্তর বা আর্কটিক মহাসাগর। বিশ্বের বৃহত্তম ও গভীরতম মহাসাগর প্রশান্ত মহাসাগর। বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মহাসাগর আটলান্টিক মহাসাগর। বিশ্বের ক্ষুদ্রতম মহাসাগর উত্তর বা আর্কটিক মহাসাগর।

০২. **পৃথিবীর বৃহত্তম ও গভীরতম মহাসাগরের নাম কী? / পৃথিবীর বৃহত্তম মহাসাগর - / আয়তনে পৃথিবীর বৃহত্তম মহাসাগর কোনটি? / পৃথিবীর গভীরতম মহাসাগরের নাম কী?** [গণপূর্ত অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. আটলান্টিক মহাসাগর খ. দক্ষিণ মহাসাগর গ. ভারত মহাসাগর ঘ. প্রশান্ত মহাসাগর **উত্তর: ঘ**

০৩. **প্রশান্ত মহাসাগরের গভীরতম খাত - / পৃথিবীর গভীরতম স্থান -** [৪৫তম বিসিএস]
ক. মারিয়ানা ট্রেঞ্চ খ. পোয়েটেরিকা ট্রেঞ্চ গ. সুন্দা ট্রেঞ্চ ঘ. ম্যাতপান ট্রেঞ্চ **উত্তর: ক**

০৪. **ভূ-পৃষ্ঠের সর্বনিম্ন স্থান কোথায় ও তার গভীরতা কত -** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০০]
ক. প্রশান্ত মহাসাগরে এবং গভীরতা প্রায় ৩৬১৯৯ ফুট খ. উত্তর মহাসাগরে এবং গভীরতা প্রায় ৩৫১২০ ফুট
গ. ভারত মহাসাগরে এবং গভীরতা প্রায় ৩৭০০০ ফুট ঘ. আটলান্টিক মহাসাগরে এবং গভীরতা প্রায় ৪০১৩৭ ফুট **উত্তর: ক**

০৫. **পৃথিবীর গভীরতম স্থান মারিয়ানা ট্রেঞ্চের গভীরতা -** [আবাআখা প্রকল্পের ফিল্ড সুপারভাইজার: ১৮]
ক. ১০০০৩৩ মিটার খ. ১১০৩৩ মিটার গ. ১১১৩৩ মিটার ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

০৬. **মারিয়ানা ট্রেঞ্চ অবস্থিত -** [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২৩]
ক. পৃথিবীর উত্তর গোলার্ধে খ. ইউরোপ ও আফ্রিকার মধ্যবর্তী স্থানে
গ. ভারত ও অস্ট্রেলিয়ার মধ্যবর্তী স্থানে ঘ. আমেরিকা ও এশিয়ার মধ্যবর্তী স্থানে **উত্তর: ক, ঘ**

০৭. **বৃহদাকার ত্রিভুজের মতো আকৃতি -** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. প্রশান্ত মহাসাগর ঘ. আটলান্টিক মহাসাগর গ. ভারত মহাসাগর ঘ. দক্ষিণ মহাসাগর **উত্তর: ক**

০৮. **পৃথিবীর বৃহত্তম সাগর 'দক্ষিণ চীন সাগর' নিয়ে কোন দুইটি দেশের মধ্যে বিরোধ রয়েছে?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের এস্টিমেটর: ২০]
ক. চীন ও ভারত খ. চীন ও মার্কিন যুক্তরাষ্ট্র গ. চীন ও ভিয়েতনাম ঘ. চীন ও জাপান **উত্তর: গ**
ব্যাখ্যা: মহাসাগর অপেক্ষা স্বল্প আয়তনবিশিষ্ট জলরাশিকে সাগর (Sea) বলে। বিশ্বের বৃহত্তম সাগর দক্ষিণ চীন সাগর। বিশ্বের গভীরতম সাগর ক্যারিবিয়ান সাগর। বিশ্বের ক্ষুদ্রতম সাগর বাল্টিক সাগর।

০৯. **কোন রাষ্ট্রটি বিরোধপূর্ণ দক্ষিণ চীন সাগরের জলসীমার দাবিদার নয়?** [৪৩তম বিসিএস]
ক. মালয়েশিয়া খ. ফিলিপাইন গ. ভিয়েতনাম ঘ. কম্বোডিয়া **উত্তর: ঘ**

১০. **কোন বিখ্যাত সামুদ্রিক বিশ্ব ঐতিহ্য ৪০০ প্রজাতির কোরাল এবং ১৫০০ প্রজাতির মাছের আবাসস্থল?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১২]
ক. Galapagos Islands, Ecuador খ. Ha Long Bay, Vietnam
গ. Great Barrier Reef, Australia ঘ. Belize Barries Reef Reserve System, Belize **উত্তর: গ**

১১. **পৃথিবীর সর্ববৃহৎ প্রবাল প্রাচীর 'গ্রেট ব্যারিয়ার রীফ' কোথায় অবস্থিত?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৯]
ক. ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জ খ. অস্ট্রেলিয়া গ. ইন্দোনেশিয়া ঘ. জাপান **উত্তর: খ**

১২. **গ্রেট বেরিয়ার রীফ কোথায় অবস্থিত?** [সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৯]
ক. প্রশান্ত মহাসাগরে খ. আটলান্টিক মহাসাগরে গ. ভারত মহাসাগরে ঘ. পারস্য উপসাগরে **উত্তর: ক**

১৩. **গ্রেট বেরিয়ার রীফ কোন সাগরে অবস্থিত?** [বিএসসি'র সহকারী প্রোগ্রামার: ২১]
ক. কোরাল সাগর খ. মৃত সাগর গ. কালো সাগর ঘ. জাভা সাগর **উত্তর: ক**

১৪. **North Amreica shares boundary with Pacific Ocean from -** [বিএইচবিএফসি'র সিনিয়র অফিসার: ১৭]
ক. South খ. West গ. North ঘ. East **উত্তর: খ**

১৫. **'পীত সাগর' কোথায়? / 'হলুদ সাগর' কোথায় অবস্থিত?** [শাবিপ্রবি: ৯৮-৯৯]
ক. ভারত মহাসাগর খ. পারস্য উপসাগর গ. প্রশান্ত মহাসাগর ঘ. আটলান্টিক মহাসাগর **উত্তর: গ**
ব্যাখ্যা: প্রশান্ত মহাসাগরের অন্তর্ভুক্ত সাগরগুলো হলো বেরিং সাগর, প্রবাল সাগর (Coral Sea), জাভা সাগর, ফিলিপাইন সাগর, দক্ষিণ চীন সাগর, পীত সাগর (Yellow Sea) ইত্যাদি।

১৬. **কানাডার পশ্চিমে কোন মহাসাগর অবস্থিত?** [জাবি: ১৬-১৭]
ক. প্রশান্ত মহাসাগর খ. আটলান্টিক মহাসাগর গ. ভারত মহাসাগর ঘ. উপরের কোনটিই নয় **উত্তর: ক**

১৭. **কোনটি প্রশান্ত মহাসাগরীয় দেশ নয়?** [ঢাবি: ০৭-০৮]
ক. ফিজি খ. ভানুয়াতু গ. মালদ্বীপ ঘ. পালাউ **উত্তর: গ**

১৮. **পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম মহাসাগর -** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. ভারত মহাসাগর খ. দক্ষিণ মহাসাগর গ. আরব সাগর ঘ. আটলান্টিক মহাসাগর **উত্তর: ঘ**
ব্যাখ্যা: আটলান্টিক মহাসাগরের অন্তর্ভুক্ত সাগর ও উপসাগরগুলো হলো Sargasso Sea, বাল্টিক সাগর, ভূমধ্যসাগর, উত্তর সাগর, ক্যারিবিয়ান সাগর, মর্মর সাগর, কৃষ্ণ সাগর, মেক্সিকো উপসাগর ইত্যাদি।

১৯. **'পোয়ের্তো রিকো' খাতটি কোন মহাসাগরে? / 'পোয়ের্তো রিকো' কোন মহাসাগরের গভীরতম স্থান?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৯]
ক. আটলান্টিক মহাসাগর খ. প্রশান্ত মহাসাগর গ. ভারত মহাসাগর ঘ. সুমেরু মহাসাগর **উত্তর: ক**

২০. **Sargasso Sea কোথায় অবস্থিত?** [বিআরইবি'র হিসাবরক্ষক: ১৫]
ক. প্রশান্ত মহাসাগরে খ. আটলান্টিক মহাসাগরে গ. ভারত মহাসাগরে ঘ. এন্টার্কটিকা মহাসাগরে **উত্তর: খ**

২১. **বিশ্বের ক্ষুদ্রতম সাগর কোনটি?** [রূপালী ব্যাংক সিনিয়র অফিসার: ১৯]
ক. বাল্টিক সাগর খ. মৃত সাগর গ. লোহিত সাগর ঘ. আরব সাগর **উত্তর: ক**

২২. **রাশিয়া থেকে জার্মানিতে গ্যাস সরবরাহের পাইপলাইন প্রকল্প 'নর্ড স্ট্রিম-২' কোন সাগরের তলদেশে অবস্থিত?** [এনএসআই'র ফিল্ড অফিসার: ২৩]
ক. আরব সাগর খ. মৃত সাগর গ. দক্ষিণ চীন সাগর ঘ. বাল্টিক সাগর **উত্তর: ঘ**

২৩. **বিশ্বের বৃহত্তম উপসাগর কোনটি?** [ফার্স সিকিউরিটি ইসলামী ব্যাংকের অফিসার: ১৪]
ক. পারস্য উপসাগর খ. দক্ষিণ চীন সাগর গ. এডেন উপসাগর ঘ. মেক্সিকো উপসাগর (Gulf) **উত্তর: ঘ**
ব্যাখ্যা: Bay এবং Gulf উভয়ের বাংলা উপসাগর হলে এদের মধ্যে সামান্য পার্থক্য রয়েছে। তিনদিকে স্থলভাগ দ্বারা পরিবেষ্টিত এবং একদিকে জল এমন পানিরাশিকে তাকে উপসাগর (Bay) বলে। বিশ্বের বৃহত্তম উপসাগর (Bay) বঙ্গোপসার। প্রায় চারদিক স্থল দ্বারা পরিবেষ্টিত পানিরাশিকে উপসাগর (Gulf) বলে। বিশ্বের বৃহত্তম উপসাগর (Gulf) মেক্সিকো উপসাগর।

২৪. **আমেরিকা এবং ইউরোপকে পৃথককারী মহাসাগর কোনটি?** [বাংলাদেশ ব্যাংক কর্মকর্তা: ১৩]
ক. প্রশান্ত (Pacific) খ. উত্তর (Arctic) গ. আটলান্টিক (Atlantic) ঘ. দক্ষিণ (Antarctic) **উত্তর: গ**

২৫. **আটলান্টিক মহাসাগরের পশ্চিম তীরে কোনটি অবস্থিত?** [রাবি: ১৭-১৮]
ক. এশিয়া খ. ইউরোপ গ. আমেরিকা ঘ. আফ্রিকা **উত্তর: গ**

২৬. **কিউবা কোন সমুদ্রে অবস্থিত?** [টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক: ৯৫]
ক. প্রশান্ত মহাসাগার খ. আটলান্টিক মহাসাগর গ. ভূমধ্যসাগর ঘ. উত্তর সাগর **উত্তর: খ**

২৭. **ভূমধ্যসাগরীয় দেশ কোনটি?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী লাইব্রেরিয়ান: ১৮]
ক. আলজেরিয়া খ. সুদান গ. ইরান ঘ. ওমান **উত্তর: ক**

২৮. **নিম্নের কোন দেশটি ভূমধ্যসাগরের তীরে অবস্থিত?** [বাংলাদেশ রেলওয়ের বুকিং সহকারী: ১৪]
ক. রোমানিয়া খ. মিশর গ. চেক প্রজাতন্ত্র ঘ. পোলান্ড **উত্তর: খ**

২৯. **কোন দেশ ভারত ও আটলান্টিক উভয় মহাসাগরের উপকূলে অবস্থিত?**
ক. দক্ষিণ আফ্রিকা খ. ভারত গ. জাপান ঘ. চীন **উত্তর: ক**

৩০. **কোন দেশটি ভারত মহাসাগরের পাড়ে অবস্থিত নয়?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৫]
ক. ইরান খ. শ্রীলঙ্কা গ. থাইল্যান্ড ঘ. দক্ষিণ আফ্রিকা **উত্তর: ক**

৩১. **নিচের কোনটি ভারতীয় মহাসাগরে নয়?** [শ্রম পরিদপ্তরের শ্রম কর্মকর্তা: ০৩]
ক. মালদ্বীপ খ. মাদাগাস্কার গ. মরিশাস ঘ. মাল্টা **উত্তর: ঘ**

৩২. **আন্দামান সাগর কোন মহাসাগরে অবস্থিত?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১২]
ক. ভারত মহাসাগর খ. আটলান্টিক মহাসাগর গ. উত্তর মহাসাগর ঘ. প্রশান্ত মহাসাগর **উত্তর: ক**
ব্যাখ্যা: ভারত মহাসাগরের অন্তর্ভুক্ত সাগর ও উপসাগরগুলো হলো আন্দামান সাগর, আরব সাগর, লোহিত সাগর, বঙ্গোপসাগর, পারস্য উপসাগর, এডেন উপসাগর ইত্যাদি।

৩৩. **আন্দামান সাগরের উপকূলবর্তী রাষ্ট্র কোনটি?** [ইস্টার্ন ব্যাংকের অফিসার: ০৫]
ক. টোঙ্গো খ. তিব্বত গ. থাইল্যান্ড ঘ. তাসমানিয়া **উত্তর: গ**

৩৪. **কুয়েত কোন সাগরের তীরে অবস্থিত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. বঙ্গোপসাগর খ. ভারত মহাসাগর গ. পারস্য উপসাগর ঘ. আরব সাগর **উত্তর: গ**

৩৫. **কোনটি পারস্য উপসাগরীয় রাষ্ট্র?** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১২]
ক. সৌদি আরব খ. তুরস্ক গ. জর্দান ঘ. ইসরায়েল **উত্তর: ক**

৩৬. **জিবুতি দেশটি কোথায় অবস্থিত?** [৪৩তম বিসিএস]
ক. এডেন উপসাগরের পাশে খ. প্রশান্ত মহাসাগরে গ. দক্ষিণ আমেরিকায় ঘ. দক্ষিণ চীন সাগরে **উত্তর: ক**

৩৭. **লোহিত সাগরের তীরবর্তী দেশ কোনটি?** [বিসিকের প্রমোশন অফিসার: ২৩]
ক. সৌদি আরব খ. ইরান গ. সিরিয়া ঘ. ইরাক **উত্তর: ক**

৩৮. **লোহিত সাগর কোন দুইটি মহাদেশকে পৃথক করেছে?** [আবাআখা প্রকল্পের উপজেলা সমন্বয়কারী: ১৭]
ক. ইউরোপ ও আফ্রিকা খ. এশিয়া ও ইউরোপ গ. এশিয়া ও অস্ট্রেলিয়া ঘ. আফ্রিকা ও এশিয়া **উত্তর: ঘ**

৩৯. **মিশর ও সৌদি আরবকে বিভাজনকারী সাগর কোনটি?** [ঢাবি: ১৭-১৮]
ক. আরব সাগর খ. লোহিত সাগর গ. বাল্টিক সাগর ঘ. কৃষ্ণ সাগর **উত্তর: খ**

৪০. **লোহিত সাগর ও সুয়েজ খাল এশিয়াকে কোন মহাদেশ থেকে বিচ্ছিন্ন করেছে?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৬]
ক. আফ্রিকা খ. ইউরোপ গ. অস্ট্রেলিয়া ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

৪১. **বঙ্গোপসাগর হলো বিশ্বের বৃহত্তম -** [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২১]
ক. মহাসাগর খ. সাগর গ. উপসাগর (Bay) ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

৪২. **বঙ্গোপসাগর গড় গভীরতা কত ফুট?** [বিটিভি'র ক্যাশিয়ার: ২১]
ক. ২,৬০০ খ. ৮,৫০০ গ. ৩,৬৭০ ঘ. ৫,৫৩০ **উত্তর: খ**

৪৩. **'সোয়াচ অব নো গ্রাউন্ড' কী?** [১৭তম বিসিএস]
ক. একটি খেলার মাঠ খ. বঙ্গোপসাগেরর একটি খাদের নাম
গ. একটি প্লাবন ভূমির নাম ঘ. ঢাকা সেনানিবাসের পোলো গ্রাউন্ডের নাম **উত্তর: খ**

৪৪. **'সোয়াচ অব নো গ্রাউন্ড' কোথায় অবস্থিত?** [৩৫তম বিসিএস]
ক. যমুনা নদীতে খ. বঙ্গোপসাগরে গ. মেঘনার মোহনায় ঘ. সন্দ্বীপ চ্যানেল **উত্তর: খ**

৪৫. **Ninety East Ridge বাংলাদেশের কোন অংশের সাথে সম্পর্কিত?** [সিজিএ কার্যালয়ের জুনিয়র অডিটর: ২২]
ক. মধুপুর - বরেন্দ্র অঞ্চল খ. জয়ন্তিকা পাহাড় গ. বঙ্গোপসাগর ঘ. তিন বিঘা করিডোর **উত্তর: গ**

৪৬. **'বেঙ্গল ফ্যান' ভূমিরূপটি কোথায় অবস্থিত?** [৪১তম বিসিএস]
ক. মধুপুর গড়ে খ. বঙ্গোপসাগরে গ. হাওরে ঘ. টারশিয়ারী পাহাড়ে **উত্তর: খ**

৪৭. **বিশ্বের ক্ষুদ্রতম মহাসাগর কোনটি? / আয়তনে সবচেয়ে ছোট মহাসাগর কোনটি?** [সোনালী ব্যাংকের অফিসার: ১৭]
ক. উত্তর মহাসাগর (Arctic) খ. এন্টার্কটিকা মহাসাগর গ. মারিয়ানা মহাসাগর ঘ. ভারত মহাসাগর **উত্তর: ক**

৪৮. **সাগর ও মহাসাগর কোন ধরনের সম্পদ?** [বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]
ক. ব্যক্তিগত খ. সমষ্টিগত গ. আন্তর্জাতিক ঘ. জাতীয় **উত্তর: গ**

হ্রদ ও জলপ্রপাত

০১. **নিচের কোনটি হ্রদ?** [স্ট্যান্ডার্ড ব্যাংকের অফিসার: ১৬]
ক. ক্যারিবিয়ান সাগর খ. কাস্পিয়ান সাগর গ. লোহিত সাগর ঘ. হলুদ সাগর **উত্তর: খ**
ব্যাখ্যা: চারিদিকে সম্পূর্ণভাবে স্থলবেষ্টিত প্রাকৃতিক পানিরাশিকে হ্রদ বলে। যেমন- কাস্পিয়ান সাগর (রাশিয়া, কাজাকাস্তান, আজারবাইজান, ইরান ও তুর্কিমেনিস্তান), বৈকাল (রাশিয়া), মৃত সাগর (জর্ডান ও ইসরায়েল), ভিক্টোরিয়া (কেনিয়া, তাঞ্জানিয়া ও উগান্ডা), মিশিগান (যুক্তরাষ্ট্র), গ্রেট স্লেভ (কানাডা), সুপিরিয়র (যুক্তরাষ্ট্র ও কানাডা), হুরন (যুক্তরাষ্ট্র ও কানাডা), অসাল (জিবুতি) ইত্যাদি।

০২. **বিশ্বের বৃহত্তম হ্রদ কোনটি? / আয়তনে বিশ্বের বৃহত্তম হ্রদ কোনটি?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইন্সট্রাক্টর: ১৮]
ক. কাস্পিয়ান সাগর খ. ভিক্টোরিয়া গ. বৈকাল ঘ. সুপিরিয়র **উত্তর: ক**

০৩. **পৃথিবীর বৃহত্তম লবণাক্ত পানির হ্রদের নাম কী?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ১১]
ক. ভিক্টোরিয়া লেক খ. সুপিরিয়র লেক গ. কাস্পিয়ান সাগর ঘ. বৈকাল লেক **উত্তর: গ**

০৪. **পৃথিবীর বৃহত্তম হ্রদ 'কাস্পিয়ান সাগর' কোন মহাদেশে অবস্থিত?** [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক: ০০]
ক. এশিয়া খ. উত্তর আমেরিকা গ. আফ্রিকা ঘ. অস্ট্রেলিয়া **উত্তর: ক**

০৫. **কোনটি ভূ-বেষ্টিত সাগর?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. মর্মর সাগর খ. কৃষ্ণসাগর গ. কাস্পিয়ান সাগর ঘ. ভূমধ্যসাগর **উত্তর: গ**

০৬. **আফ্রিকার বৃহত্তম হ্রদ কোনটি?** [থানা শিক্ষা অফিসার: ৯৬]
ক. তাঞ্জানিয়া খ. রুডলক গ. আলবার্টন ঘ. ভিক্টোরিয়া **উত্তর: ঘ**

০৭. **নিম্নে উল্লেখিত কোন হ্রদটি তাঞ্জানিয়া ও উগান্ডার মধ্যে আন্তর্জাতিক সীমানা হিসেবে বিবেচিত?** [ঢাবি: ১০-১১]
ক. চাদ খ. মালওয়ি গ. ভিক্টোরিয়া ঘ. জামবেজি **উত্তর: গ**

০৮. **বিশ্বের সুপেয় পানির হ্রদ কোনটি?** [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক: ১১]
ক. কাস্পিয়ান খ. ভিক্টোরিয়া গ. বৈকাল ঘ. সুপিরিয়র **উত্তর: ঘ**

০৯. **পৃথিবীর গভীরতম হ্রদ কোনটি?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২৩]
ক. সুপিরিয়র লেক খ. বৈকাল হ্রদ গ. হুরন হ্রদ ঘ. ইরি লেক **উত্তর: খ**

১০. **যুক্তরাষ্ট্রের গ্রেট লেকস বলতে কয়টি হ্রদ বোঝানো হয়?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ৯৯]
ক. ৩ টি খ. ৪ টি গ. ৫ টি ঘ. ৬ টি **উত্তর: গ**

১১. **'সুপিরিয়ন', 'মিসিগান', 'হুরন', 'ইরি', 'অন্টারিও' এই পাঁচটি হ্রদকে একত্রে কী বলে?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ৯৯]
ক. ফাইভ লেসক খ. গ্রেট লেকস গ. স্ল্যাভ লেকস ঘ. ইউনিপেগ **উত্তর: খ**

১২. **'ডেড সী' কী? / 'মৃত সাগর' কী?** [এনএসআই'র সহকারী পরিচালক: ২১]
ক. একটি নদী খ. একটি সাগর গ. একটি হ্রদ ঘ. মৃত সাগর **উত্তর: গ**

১৩. **কোন সাগরকে 'লবন সাগর' বলা হয়?** [ট্রাস্ট ব্যাংকের অফিসার: ১০]
ক. বঙ্গোপসাগর খ. পারস্য উপসাগর গ. কাস্পিয়ান সাগর ঘ. ডেড সী **উত্তর: ঘ**

১৪. **পৃথিবীর কোন সাগরে মানুষ অনায়াসে গা ভাসিয়ে থাকতে পারে?** [মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৭]
ক. বাল্টিক খ. লোহিত গ. মৃত ঘ. আড্রিয়াটিক **উত্তর: গ**

১৫. **মৃত সাগর অবস্থিত যে দেশে - / 'মৃত সাগর' কোথায় অবস্থিত? / 'ডেড সী' কোথায় অবস্থিত?** [বিবি: ১৪-১৫]
ক. ইরান খ. জর্ডান গ. সিরিয়া ঘ. ইসরায়েল **উত্তর: খ, ঘ**

১৬. **Dead Sea Scrolls are -** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের অফিসার: ২১]
ক. Cuneiform Tablets খ. Political Statements গ. Business Record ঘ. Religious Manuscripts **উত্তর: ঘ**

১৭. **পৃথিবীর সর্বোচ্চ জলপ্রপাত কোনটি? / বিশ্বের উচ্চতম জলপ্রপাত কোনটি?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. নায়াগ্রা খ. অ্যাঞ্জেলস গ. তুগেলা ঘ. ক্রিক **উত্তর: খ**
ব্যাখ্যা: নদীর দৈর্ঘ্য বরাবর হঠাৎ ঢালের পরিবর্তন হলে জলস্রোত খাড়া ঢালের উপর প্রবল বেগে উপর থেকে নিচে আছড়ে পড়ে একে জলপ্রপাত (Waterfall) বলে। আবার পাহাড়ের উপর থেকে নিচে সমতল ভূমিতে বিশাল পরিধি নিয়ে জল পড়াকেও জলপ্রপাত বলে। যেমন- অ্যাঞ্জেল (ভেনেজুয়েলা), নায়াগ্রা (যুক্তরাষ্ট্র ও কানাডা), ভিক্টোরিয়া (জিম্বাবুয়ে ও জাম্বিয়া), স্টবাক (সুইজারল্যান্ড), স্ট্যানলি, লিভিংস্টোন ও বোয়োমা (গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্র), গুয়ারিয়া (ব্রাজিল ও প্যারাগুয়ে), ব্রাউনি (নিউজিল্যান্ড) ইত্যাদি।

১৮. **বিশ্বের সর্বোচ্চ জলপ্রপাত 'অ্যাঞ্জেল ফলস' কোথায় অবস্থিত?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০৩]
ক. ভেনিজুয়েলা খ. যুক্তরাষ্ট্র গ. গায়ানা ঘ. অস্ট্রেলিয়া **উত্তর: ক**

১৯. **বিশের বৃহত্তম জলপ্রপাত 'নায়াগ্রা' কোথায় অবস্থিত?** [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৮]
ক. ইউএসএ খ. নাইজেরিয়া গ. অস্ট্রেলিয়া ঘ. ইংল্যান্ড **উত্তর: ক**

২০. **নায়াগ্রা জলপ্রপাত কোথায় অবস্থিত?** [আইইআর'র উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর: ২০]
ক. যুক্তরাষ্ট্র - কানাডা খ. যুক্তরাষ্ট্র - মেক্সিকো গ. কানাডা - অস্ট্রেলিয়া ঘ. যুক্তরাষ্ট্র - ব্রাজিল **উত্তর: ক**

২১. **নায়াগ্রা জলপ্রপাত কোথায় অবস্থিত?** [মৎস্য অধিদপ্তরের হিসাবরক্ষক: ২৮]
ক. এশিয়া খ. আফ্রিকার গ. অস্ট্রেলিয়া ঘ. উত্তর আমেরিকা **উত্তর: ঘ**

২২. **কোন নদী থেকে ভিক্টোরিয়া জলপ্রপাতের উৎপত্তি?** [তিতাস গ্যাসের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. নীল নদ খ. জাম্বেসি নদী গ. আমাজন নদী ঘ. সিন্ধু নদ **উত্তর: খ**

২৩. **স্ট্যানলি ও লিভিংস্টোন দুইটি** - [দুদকের পরিদর্শক: ০৩]
ক. বিখ্যাত নদী খ. বিখ্যাত জলপ্রপাত গ. বিখ্যাত গিরিপথ ঘ. বিখ্যাত শহর **উত্তর: খ**

২৪. **ইবাক জলপ্রপাত কোথায় অবস্থিত?** [বাংলাদেশ পুলিশের সহকারী রসায়নবিদ: ০২]
ক. ক্যালিফোর্নিয়া খ. ভেনিজুয়েলা গ. সুইজারল্যান্ড ঘ. ভারত **উত্তর: গ**

২৫. **ব্রাউনি জলপ্রপাত কোথায় অবস্থিত?** [বেসিক ব্যাংকের সহকারী ব্যবস্থাপক: ১৮]
ক. অস্ট্রেলিয়া খ. নিউজিল্যান্ড গ. কানাডা ঘ. সুইজারল্যান্ড **উত্তর: খ**

নদ-নদী

০১. **পৃথিবীর দীর্ঘতম নদী কোনটি? / আফ্রিকার দীর্ঘতম নদী কোনটি? / আফ্রিকা মহাদেশের দীর্ঘতম নদী** - [পূবালী ব্যাংকের প্রবেশনারী অফিসার: ২৩]
ক. কঙ্গো খ. নীল গ. নাইজার ঘ. আমাজান **উত্তর: খ**

০২. **নীল নদের উৎপত্তি হয়েছে** - [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. ককেসাস পর্বতমালা থেকে খ. পামির মালভূমি থেকে গ. ভিক্টোরিয়া হ্রদ থেকে ঘ. ইথিওপিয়া পর্বতমালা থেকে **উত্তর: গ**

০৩. **পৃথিবীর দীর্ঘতম নদী 'নীল নদ' কয়টি দেশের মধ্যে গিয়ে প্রবাহিত হয়েছে?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. ৭টি খ. ৮টি গ. ৯টি ঘ. ১১টি **উত্তর: ঘ**

০৪. **নীল নদ কোন মহাদেশ দিয়ে প্রবাহিত?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. দক্ষিণ আমেরিকা খ. উত্তর আমেরিকা গ. এশিয়া ঘ. আফ্রিকা **উত্তর: ঘ**

০৫. **নীল নদ প্রবাহিত** - [সিজিএ কার্যালয়ের জুনিয়র অডিটর: ২২]
ক. উত্তর থেকে দক্ষিণে খ. দক্ষিণ থেকে উত্তরে গ. পূর্ব থেকে পশ্চিমে ঘ. পশ্চিম থেকে পূবে **উত্তর: খ**

০৬. **নীল নদ কোন দুইটি দেশের মধ্য দিয়ে প্রবাহিত?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪:]
ক. মিসর - লিবিয়া খ. মিসর - সুদান গ. লিবিয়া - মরক্কো ঘ. মিসর - ঘানা **উত্তর: খ**

০৭. **নীল নদ কোন সাগরে পতিত হয়েছে?** [সমবায় অধিদপ্তরের প্রশাসনিক কর্মকর্তা: ৯৭]
ক. লোহিত সাগরে খ. ভূমধ্যসাগরে গ. এডেন সাগরে ঘ. আরব সাগরে **উত্তর: খ**

০৮. **কায়রো কোন নদীর তীরে অবস্থিত?** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার: ১৭]
ক. টাইগ্রীস খ. ইউফ্রেটিস গ. নীল ঘ. সিন্ধু **উত্তর: গ**

০৯. **আসওয়ান বাঁধ অবস্থিত** - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ সহকারী: ০৩]
ক. তুরস্কে খ. মিশরে গ. ইরানে ঘ. পাকিস্তানে **উত্তর: খ**

১০. **পৃথিবীর প্রশস্ততম নদী কোনটি? / পৃথিবীর বৃহত্তম নদী কোনটি? / পৃথিবীর দ্বিতীয় দীর্ঘতম নদী কোনটি? / কোন নদী দিয়ে বিশ্বের সবচেয়ে বেশি পানি প্রবাহিত হয়? / দক্ষিণ আমেরিকার দীর্ঘতম নদী কোনটি?** [মাউশি অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]
ক. আমাজান খ. মেঘনা গ. মিসিসিপি ঘ. নীলনদ **উত্তর: ক**

১১. **পৃথিবীর কোন নদীর উপর কোনো সেতু নির্মিত হয়নি?** [বিএসসি'র অফিসার: ২৩]
ক. আমাজান খ. মেঘনা গ. মিসিসিপি ঘ. নীলনদ **উত্তর: ক**

১২. **আমাজান নদী কোন মহাদেশে অবস্থিত?** [পরিবেশ অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২০]
ক. আফ্রিকা খ. উত্তর আমেরিকা গ. দক্ষিণ আমেরিকা ঘ. এশিয়া **উত্তর: গ**

১৩. **যুক্তরাষ্ট্রের দীর্ঘতম নদী কোনটি? / উত্তর আমেরিকার দীর্ঘতম নদী কোনটি?** [ইবি: ০৫-০৬]
ক. হোয়াংহো খ. মিসিসিপি-মিসৌরি গ. আমাজন ঘ. নীলনদ **উত্তর: খ**

১৪. **মিসিসিপি নদী কোন মহাদেশে অবস্থিত?** [খাদ্য অধিদপ্তরের পরিদর্শক: ০০]
ক. আফ্রিকা খ. এশিয়া গ. আমেরিকা ঘ. ইউরোপ **উত্তর: গ**

১৫. **মিসিসিপি-মিসৌরি নদীর একত্রে দৈর্ঘ্য প্রায়** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ৯৫০৮ কি.মি খ. ৫০৯৮ কি.মি গ. ৬০৯৫ কি.মি ঘ. ৮০৯৫. কি.মি **উত্তর: ঘ**

১৬. **মিসিসিপি নদীর তীরে অবস্থিত শহর কোনটি?** [এসএফডিএফ'র মাঠ সংগঠক: ২৩]
ক. অটোয়া খ. কুইবেক গ. নিউ অরলিন্স ঘ. ক্যালিফোর্নিয়া **উত্তর: গ**

১৭. **ইউরোপের দীর্ঘতম নদী কোনটি?** [মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসের স্টোরম্যান: ১৮]
ক. দানিয়ুব খ. রাইন গ. ভলগা ঘ. টেমস **উত্তর: গ**

১৮. **ভলগা নদী কোন দেশে অবস্থিত?** [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুটেন্ট: ১৫]
ক. যুক্তরাষ্ট্র খ. চীন গ. রাশিয়া ঘ. জার্মানী **উত্তর: গ**

১৯. **ভলগা নদী কোন সাগরে পতিত হয়েছে?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. কাস্পিয়ান সাগর খ. কৃষ্ণ সাগর গ. বাল্টিক সাগর ঘ. আরব সাগর **উত্তর: ক**

২০. **ইউরোপের দ্বিতীয় দীর্ঘতম নদী কোনটি?** [মাউশি অধিদপ্তরের উচ্চমান সহকারী: ২১]
ক. দানিয়ুব খ. রাইন গ. ভলগা ঘ. টেমস **উত্তর: ক**

২১. **কোন নদীর তীরে চারটি দেশের রাজধানী শহর অবস্থিত?** [রেলপথ মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২১]
ক. আমাজন খ. টেমস গ. ভলগা ঘ. দানিয়ুব **উত্তর: ঘ**

২২. **টেমস নদীর তীরে কোন শহর অবস্থিত** - [আইইআর'র উপজেলা প্রোগ্রাম কো-অর্ডিনেটর: ২০]
ক. অটোয়া খ. সিউল গ. প্যারিস ঘ. লন্ডন **উত্তর: ঘ**

২৩. **প্যারিস শহরটি কোন নদীর তীরে অবস্থিত?** [রাকাব'র সিনিয়র অফিসার: ১৪]
ক. ভলগা খ. হাডসন গ. হোয়াংহো ঘ. সীন **উত্তর: ঘ**

২৪. **রোম শহর কোন নদীর তীরে অবস্থিত?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের পার্সোনার অফিসার: ০৪]
ক. টাইবার খ. টেমস গ.ডালিং ঘ. দানিয়ুব **উত্তর: ক**

২৫. **পোল্যান্ডের রাজধানী ওয়ারস কোন নদীর তীরে অবস্থিত?** [শাবিপ্রবি: ০৮-০৯]
ক. দানিয়ুব খ. রাইন গ. ভিশ্চুলা ঘ. সীন **উত্তর: গ**

২৬. **এশিয়ার দীর্ঘতম নদী কোনটি?** [২০তম বিসিএস]
ক. হোয়াংহো খ. ইয়াংসিকিয়াং গ. গঙ্গা ঘ. সিন্ধু **উত্তর: খ**

২৭. **ইয়াঙ্গুন কোন নদীর তীরে অবস্থিত?** [বাংলাদেশ রেলওয়ের সহকারী কমান্ড্যান্ট: ০৭]
ক. কিজিল খ. ইরাবতি গ. চাংকিং ঘ. ইয়াং সিকিয়াং **উত্তর: খ**

২৮. **দিল্লি কোন নদীর তীরে অবস্থিত?** [পূবালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১১]
ক. পানামা খ. যমুনা গ. ইরাবতি ঘ. মেঘনা **উত্তর: খ**

২৯. **চীনের দুঃখ বলে পরিচিত** - [কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ১১]
ক. ইয়াংসিকিয়াং নদী খ. হোয়াংহো নদী গ. মেনাম নদী ঘ. মেকং নদী **উত্তর: খ**

৩০. **হোয়াংহো নদী কোথায় অবস্থিত? / পীত বা হলুদ নদী কোথায় অবস্থিত?** [স্বাস্থ্য অধিদপ্তরের কম্পাউন্ডার: ২২]
ক. জাপান খ. চীন গ. ভিয়েতনাম ঘ. কোরিয়া **উত্তর: খ**

৩১. **হোয়াংহো নদীর উৎপত্তিস্থল কোথায়?** [২৮তম বিসিএস]
ক. কুনলুন পর্বত খ. হিমালয় পর্বতমালা গ. ব্ল্যাক ফরেস্ট ঘ. আল্পস পর্বতমালা **উত্তর: ক**

৩২. **টাইগ্রিস নদী কোথায় অবস্থিত?** [জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী রাজস্ব কর্মকর্তা: ১২]
ক. মিশর খ. আফগানিস্তান গ. সৌদি আরব খ. ইরাক **উত্তর: ঘ**

৩৩. **টাইগ্রিস নদীর অপর নাম কী?** [বিআরইবি'র মিটার রিডার: ২৩]
ক. ফোরাত খ. ইউফ্রেটিস গ. দজলা ঘ. সিন্ধু **উত্তর: গ**

৩৪. **টাইগ্রিস নদী পতিত হয়েছে** - [দুদকের সহকারী পরিদর্শক: ০৪]
গ. জিংক ক্লোরাইড ও কার্বন পাউডার ঘ. অ্যামোনিয়াম ক্লোরাইড ও কার্বন পাউডার **উত্তর: খ**

০৮. **ব্যাটারি থেকে কোন ধরণের বিদ্যুৎ উৎপন্ন হয়?** [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী সচিব: ৯৬]
ক. DC খ. AC গ. EC ঘ. TC **উত্তর: ক**

০৯. **ড্রাই সেল ব্যাটারির তড়িচ্চলক বল কত?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০৪]
ক. ১.৫ ভোল্ট খ. ১.১ ভোল্ট গ. ২ ভোল্ট ঘ. ৫ ভোল্ট **উত্তর: ক**

১০. **সাধারণ স্টোরেজ ব্যাটারীতে সীসার ইলেক্ট্রোডের সঙ্গে যে তরলটি ব্যবহৃত হয় তা হলো -** [১৩তম বিসিএস]
ক. নাইট্রিক এসিড খ. সালফিউরিক এসিড গ. অ্যামোনিয়াম ক্লোরাইড ঘ. হাইড্রোক্লোরিক এসিড **উত্তর: খ**

১১. **গাড়ির স্টোরেজ ব্যাটারীতে ব্যবহৃত এসিড - / গাড়ির ব্যাটারীতে কোন এসিড ব্যবহৃত হয়?** [৩৪তম বিসিএস]
ক. HNO_3 খ. HCl গ. H_3PO_4 ঘ. H_2SO_4 (সালফিউরিক এসিড) **উত্তর: ঘ**

১২. **ব্যাটারি প্যারালাল সংযোগ করলে কী হয়?** [বেপজা'র উপ-সহকারী প্রকৌশলী: ২৩]
ক. ভোল্টেজ কমে যায় খ. মোটর চলতে থাকে গ. ভোল্টেজ একই থাকে ঘ. কোনো ভোল্টেজ থাকে না **উত্তর: গ**

জৈব যৌগ

০১. **জৈব রসায়নের জনক কে?** [বিসিআইসি'র সহকারী কর্মকর্তা: ০২]
ক. ফ্রেডারিক উহলার খ. জাবির ইবনে হাইয়ান গ. জন ডাল্টন ঘ. প্রিস্টলি **উত্তর: ক**

০২. **হাইড্রোকার্বন ও হাইড্রোকার্বন থেকে উদ্ভূত যৌগসমূহকে বলে -** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা: ০৩]
ক. ধাতু খ. জৈব যৌগ গ. অজৈব যৌগ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

০৩. **কোন কোন স্থানে সলিড ফিনাইল ব্যবহার করা হয়?** [২৯তম বিসিএস]
ক. নালায় খ. গোসলখানায় গ. পুকুরে ঘ. পায়খানা ও প্রসাবখানায় **উত্তর: ঘ**

০৪. **চিনির চাইতে মিষ্টি স্যাকারিন প্রস্তুত করা হয়?** [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক: ০৬]
ক. বেনজিন হতে খ. কয়লা হতে গ. ফেনল হতে ঘ. টলুইন হতে **উত্তর: ঘ**

০৫. **কোনো জৈব বস্তুর অসম্পূর্ণ দহনের ফলে কোন গ্যাস উৎপন্ন হয়?** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা: ০৩]
ক. কার্বন ডাই অক্সাইড খ. কার্বন মনোক্সাইড গ. নাইট্রোজেন ডাই অক্সইড ঘ. সালফার ডাই অক্সাইড **উত্তর: খ**

০৬. **নিচের কোনটি অ্যারোমেটিক যৌগের ফর্মুলা?** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী রসায়নবিদ: ৯৮]
ক. C_nH_{2n-2} খ. C_nH_{2n+2} গ. C_nH_{2n-6} ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

০৭. **অক্সিঅ্যাসিটিলিন শিখার তাপমাত্রা কত ডিগ্রি সেলসিয়াস?** [বিদ্যুৎ মন্ত্রণালয়ের সহকারী বিস্ফোরক পরিশর্দক: ০৩]
ক. ১০০০° - ১৫০০° খ. ২০০০° - ২৫০০° গ. ২৫০০° - ৩০০০° ঘ. ৩০০০° - ৩৫০০° **উত্তর: ঘ**

০৮. **কোন শিখা লোহা গলিয়ে জোড়া লাগাতে সাহায্য করে?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. অক্সিঅ্যাসিটিলিন শিখা খ.অক্সিঅ্যামোনিয়াম শিখা গ. অক্সিহাইড্রোজেন শিখা ঘ. অক্সিনাইট্রোজেন শিখা **উত্তর: ক**

০৯. **রেক্টিফাইড স্পিরিট হলো -** [২৩তম বিসিএস]
ক. ৯৫% ইথাইল অ্যালকোহল + ৫% পানি খ. ৯৮% ইথাইল অ্যালকোহল + ২% পানি
গ. ৯০% ইথাইল অ্যালকোহল + ১০% পানি ঘ. ৮০% ইথাইল অ্যালকোহল + ২০% পানি **উত্তর: ক**

১০. **রেক্টিফাইড স্পিরিটে কী পরিমান পানি থাকে?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্রাফট ইন্সট্রাক্টর: ২১]
ক. ৪.৪% খ. ৮.৪% গ. ২০% ঘ. ৯৫.৬% **উত্তর: ক**

১১. **ইথানলের সাথে মিথানল মিশিয়ে বাজারে বিক্রি করার নিয়মের প্রয়োজন কেন?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০০]
ক. এতে সহজে আগুন লাগে না খ. পেট্রোল হিসেবে ব্যবহার প্রতিরোধের জন্য
গ. নিরাপদে সংরক্ষণ করা যায় ঘ. পানীয় হিসেবে ব্যবহারের অযোগ্য করার জন্য **উত্তর: ঘ**

১২. **CI_3CNO_2 হচ্ছে -** [বিদ্যুৎ মন্ত্রনালয়ের সহকারী বিস্ফোরক পরিদর্শক: ০৩]
ক. ফসজিন গ্যাস খ. মাস্টার্ড গ্যাস গ. লাফিং গ্যাস ঘ. টিয়ার গ্যাস / কাঁদুনে গ্যাস **উত্তর: ঘ**

১৩. **কাঁদুনে গ্যাসের অপর নাম কী?** [৪১তম বিসিএস]
ক. ক্লোরোপিক্রিন খ. ফসজিন গ্যাস গ. নাইট্রোজেন গ্যাস ঘ. মিথেন **উত্তর: ক**

১৪. **নিচের কোনটি কাঁদুনে গ্যাস হিসাবে ব্যবহৃত হয়?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ০৫]
ক. ক্লোরোপিক্রিন খ. ব্রোমিন গ. বেনজিন ঘ. নাইট্রোগ্লিসারিন **উত্তর: ক**

১৫. **কাঁদুনে গ্যাস উৎপন্ন হয় ক্লোরোফর্মের সাথে কোন এসিডের বিক্রিয়ায়? / ক্লোরোফর্মের সাথে কোন এসিডের বিক্রিয়ায় কাঁদুনে গ্যাস উৎপন্ন হয়?** [সহকারী উপজেলা শিক্ষা অফিসার: ০৫]
ক. গাঢ় সাইট্রিক এসিড খ. গাঢ় অ্যাসিটিক এসিড গ. গাঢ় নাইট্রিক এসিড ঘ. গাঢ় হাইড্রোক্লোরিক এসিড **উত্তর: গ**

১৬. **ক্লোরোফরম ব্যবহৃত হয়** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. জীবাণুনাশক হিসাবে খ. ক্যান্সার রোগের চিকিৎসায় গ. চেতনা লোপ করার কাজে ঘ. অত্যাধুনিক ইলেকট্রনিক প্রযুক্তিতে **উত্তর: গ**

১৭. **কোনটি খাদ্য সংরক্ষক?** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের: ০৮]
ক. ভিনেগার খ. চিনি গ. লবন ঘ. সবগুলোই **উত্তর: ক**

১৮. **ভিনেগার বলতে কী বুঝায়?** [মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৭]
ক. ৫ - ১০% সাইট্রিক এসিডের জলীয় দ্রবণ খ. ৬ - ১০% এসিটিক এসিডের জলীয় দ্রবণ
গ. ১০ - ১৫% এসিটিক এসিডের জলীয় দ্রবণ ঘ. ১০ - ১৫% সাইট্রিক এসিডের জলীয় দ্রবণ **উত্তর: খ**

১৯. **ভিনেগারে কোন এসিড থাকে?** [শ্রম পরিদপ্তরের শ্রম কর্মকর্তা: ০৩]
ক. এসিটিক খ. সালফিউরিক গ. সাইট্রিক ঘ. টারটারিক **উত্তর: ক**

২০. **ভিনেগার বা সিরকা তৈরিতে কোন এসিড ব্যবহৃত হয়?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-বিভাগীয় প্রকৌশলী: ০৩]
ক. অ্যাসকরবিক এসিড খ. সাইট্রিক এসিড গ. ল্যাকটিক এসিড ঘ. এসিটিক এসিড **উত্তর: ঘ**

২১. **রোদে পোড়া, ত্বকে র‍্যাস বের হওয়া, পোকা মাকড়ের কামড়ে দরকার** - [দুদকের উপ-সহকারী পরিচালক: ৯৪]
ক. লবনাক্ত পানিতে গোসল করা খ. স্যাভলনযুক্ত পানিতে গোসল করা
গ. সিরকাযুক্ত পানিতে গোসল করা ঘ. বেকিং সোডাযুক্ত গরম পানিতে সমস্ত শরীর ভেজানো **উত্তর: গ**

২২. **ফরমালিন হলো ফরমালডিহাইডের** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক:১০]
ক. ১০% জলীয় দ্রবণ খ. ২০% জলীয় দ্রবণ গ. ৩০% জলীয় দ্রবণ ঘ. ৪০% জলীয় দ্রবণ **উত্তর: ঘ**

২৩. **জীব সংরক্ষণ ও পঁচন নিবারণের জন্য ব্যবহৃত হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. ফরমালিন খ. সাবান গ. গ্লিসারিন ঘ. ভিনেগার **উত্তর: ক**

২৪. **কোনটি আয়োডোফর্ম পরীক্ষা দেয় না?** [বিদ্যুৎ মন্ত্রণালয়ের সহকারী বিস্ফোরক পরিদর্শক: ০৩]
ক. ফরমালডিহাইড খ. অ্যাসিটালডিহাইড গ. কিটোন ঘ. মিথাইল অ্যালকোহল **উত্তর: ক, ঘ**

২৫. **পিঁপড়ার কামড়ে জ্বালা করে নিচের কোন রাসায়নিক পর্দাথের কারণে?** [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১]
ক. ফরমিক এসিড খ. হাইড্রোক্লোরিক এসিড গ. এসিটিক এসিড ঘ. ফরমালডিহাইড **উত্তর: ক**

২৬. **তেল বা চর্বি হচ্ছে এক ধরণের** - [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক: ১৩]
ক. অ্যালকোহল খ. অ্যালডিহাউড গ. ডিটারজেন্ট ঘ. এস্টার **উত্তর: ঘ**

২৭. **ফলের মিষ্টি গন্ধের জন্য কী দায়ী?** [দুদকের সহকারী পরিচালক: ১৩]
ক. এস্টার খ. ইথার গ. অ্যালকোহল ঘ. গ্লুকোজ **উত্তর: ক**

২৮. **পাকা কলার উপাদান কোনটি?** [অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ক. অ্যামাইল অ্যাসিটেট খ. ইথাইল অ্যালকোহল গ. মিথাইল ইথানয়েট ঘ. ইথার **উত্তর: ক**

২৯. **কোনটি জৈব অম্ল?** [৩২তম বিসিএস]
ক. নাইট্রিক এসিড খ. হাইড্রোক্লোরিক এসিড গ. এসিটিক এসিড ঘ. ফরমালডিহাইড **উত্তর: গ**

৩০. **সোডিয়াম অ্যাসিটেটের সংকেত কোনটি?** [৪০তম বিসিএস]
ক. CH_2COONa খ. CH_3COOSi গ. CH_3COONa ঘ. CH_2COONa_2 **উত্তর: গ**

৩১. **কঁচু খেলে হলা চুলকায়, কারণ কঁচুতে আছে** - [দুদকের সহকারী পরিচালক: ১৩]
ক. ক্যালসিয়াম অক্সালেট খ. ক্যালনিয়াস কার্বনেট গ. ক্যালসিয়াম ফসফেট ঘ. ক্যালসিয়াম সালফেট **উত্তর: ক**

৩২. **আমলকিতে কোন এসিড থাকে?** [সহকারী উপজেলা বা থানা শিক্ষা অফিসার: ১২]
ক. অ্যাসকবরিক এসিড খ. টারটারিক এসিড গ. অ্যামাইনো এসিড ঘ. নাইট্রিক এনিড **উত্তর: ক**

৩৩. **আপেলে কোন এসিড থাকে?** [১১তম বিসিএস]
ক. টারটারিক এসিড খ. সাইট্রিক এসিড গ. ম্যালিক এসিড ঘ. সালফিউরিক এসিড **উত্তর: গ**

৩৪. **ম্যালিক এসিড পাওয়া যায়** - [২৬তম বিসিএস]
ক. আমলকিতে খ. আঙ্গুরে গ. টমেটোতে ঘ. কমলালেবুতে **উত্তর: গ**

৩৫. **আঙ্গুর ফলে কোন এসিড বর্তমান থাকে?** [বেবিচকের সহকারী প্রকৌশলী: ২৩]
ক. সাইট্রিক এসিড খ. টারটারিক এসিড গ. এসকরবিক ঘ. ফরমিক এসিড **উত্তর: খ**

৩৬. **তেঁতুলে কোন এসিড বর্তমান থাকে?** [১১তম বিসিএস]
ক. টারটারিক এসিড খ. সাইট্রিক এসিড গ. অক্সালিক এসিড ঘ. ফরমিক এসিড **উত্তর: ক**

৩৭. **দুধে কোন ধরণের এসিড থাকে?** [৩২তম বিসিএস]
ক. সাইট্রিক এসিড খ. ল্যাকটিক এসিড গ. ফরমিক এসিড ঘ. কোনো এসিড নেই **উত্তর: খ**

৩৮. **লেবুর রসে কোন এসিড থাকে? / লেবুতে কোন এসিড থাকে?** [ফায়ার সার্ভিসের ষ্টাফ অফিসার: ২৩]
ক. হাইড্রোক্লোরিক এসিড খ. সাইট্রিক এসিড গ. সালফিউরিক এসিড ঘ. নাইট্রিক এসিড **উত্তর: খ**

৩৯. **কাপড়ের কালির দাগ লাগলে সহজেই উঠানো যায়** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]
ক. তৎক্ষণাত দুধে ভেজালে খ. সঙ্গে সঙ্গে সাবান দিয়ে ধুয়ে ফেললে
গ. দাগের উপর লেবুর রস দিয়ে ঘষা দিলে ঘ. দাগের উপর কাপড় ধোয়ার সাবন ব্যবহার করে **উত্তর: গ**

৪০. **HPLC এর পূর্ণরূপ কী?** [৪৫তম বিসিএস]
ক. High Plant Liquid Chromatography খ. High Power Liquid Chromatography
গ. High Pressure Liquid Chromatography ঘ. High Performance Liquid Chromatography **উত্তর: ঘ**

সাবানের কাজ

০১. **সাবানের রাসায়নিক নাম কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০২]
ক. সোডিয়াম এসিটেট খ. সোডিয়াম স্টিয়ারেট গ. ইথাইল স্টিয়ারেট ঘ. গ্লিসারিন স্টিয়ারেট **উত্তর: খ**

০২. **সাবানের আয়নিক গ্রুপ হলো** - [৪৪তম বিসিএস]
ক. R3NH+ খ. SO4-Na গ. R2NH2 ঘ. COO-Na **উত্তর: ঘ**

০৩. **সাবান তৈরির প্রধান কাঁচামাল** - [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩]
ক. গ্রিজ খ. চর্বি গ. নারিকেল ঘ. পামতেল **উত্তর: খ**

০৪. **সেভিং সাবানের উপাদান কোনটি?** [গৃহয়ণ মন্ত্রণালয়ের থানা প্রকৌশলী: ৯৯]
ক. সিলিকেট খ. কস্টিক পটাশ গ. কস্টিক সোডা ঘ. সোপ মোটান পাউডার **উত্তর: খ**

০৫. **সাবান কোন উচ্চতর ফ্যাটি এসিডের লবণ?** [অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ক. পটাসিয়াম খ. সোডিয়াম গ. ক্যালসিয়াম ঘ. পটাসিয়াম বা সোডিয়াম **উত্তর: ঘ**

০৬. **কোনটি সাবানকে শক্ত করে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. সোডিয়াম কার্বনেট খ. সোডিয়াম সিলিকেট গ. সোডিয়াম ক্লোরাইড ঘ. সোডিয়াম সালফেট **উত্তর: খ**

০৭. **সোডিয়াম সিলিকেট সাবানকে** - [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]
ক. রঙ্গিন করে খ. সুগন্ধি করে গ. শক্ত করে ঘ. নরম করে **উত্তর: গ**

০৮. **সাবান তৈরির সময় উপজাত হিসাবে পাওয়া যায়** - [১১তম বিসিএস]
ক. গ্লিসারল খ. সিলিকন গ. ইথানল ঘ. সোডিয়াম স্টিয়ারেট **উত্তর: ক**

০৯. **পানি কলয়েড তৈরি করবে কোনটি?** [বিসিকের প্রমোশন অফিসার: ২৩]
ক. চিনি খ. লবণ গ. সাবান ঘ. অ্যালকোহল **উত্তর: গ**
ব্যাখ্যা: যে সকল তরল পদার্থের মধ্যে অদ্রবণীয় পদার্থের ক্ষুদ্র কণাসমূহ প্রায় সর্বত্র বিরাজ করে সেই দ্রবনকে কলয়েড দ্রবণ বলে। যেমন- সাবানের ফেনা, দুধ, পাতলা ভাতের মাঁড়, কুয়াশা, মেঘ, চা, কফি ইত্যাদি।

১০. **টুথপেস্টের প্রধান উপাদান** - [১৭তম বিসিএস]
ক. জেলী ও মশলা খ. ভোজ্য তেল ও সোডা গ. সাবান ও পাউডার ঘ. ফ্লোরাইড ও ক্লোরোফিল **উত্তর: গ**

১১. **টুথপেস্টে ফ্লোরাইড ব্যবহার করা হয় কেন?** [১৭তম বিসিএস]
ক. দাঁতের রক্ত পড়া বন্ধ করার কাজে খ. এটা দাঁতের ক্ষয়রোধ করে
গ. এটা দাঁতের গোড়া ফুলা বন্ধ করে ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

১২. **হার্ড ওয়াটার বা খর পানি বলতে কী বুঝায়?** [উপজেলা / থানা শিক্ষা অফিসার: ৯৬]
ক. যে পানি বিষাদ খ. যে পানিতে সাবানের ফেনা হয় না
গ. যে পানি ঘোলা ও লবণাক্ত ঘ. যে পানিতে চিনির শরবত তৈরি করা যায় না **উত্তর: খ**

১৩. **পানির খরতার কারণ** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ক্যালসিয়াম বা ম্যাগনেশিয়াম বাইকার্বনেট লবণ খ. ক্যালসিয়াম বা ম্যাগনেশিয়াম ক্লোরাইড লবণ
গ. ক্যালসিয়াম বা ম্যাগনেশিয়াম সালফেট লবণ ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

১৪. **কিসের উপস্থিতির কারণে পানি খর হয়?** [সিএজি কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]
ক. লোহা খ. অ্যালুমিনিয়াম নাইট্রেট গ. ম্যাঙ্গানিজ ঘ. ক্যালসিয়াম ও ম্যাগনেশিয়াম লবণ **উত্তর: ঘ**

১৫. **পানিতে কী দ্রবীভূত থাকলে পানি খর হয়?** [সংস্কৃতি মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৯]
ক. ক্যালসিয়াম সালফেট / $CaSO_4$ খ. ক্যালসিয়াম বাইকার্বনেট / $Ca(HCO_3)_2$
গ. ম্যাগনেশিয়া ক্লোরাইড / $MgCl_2$ ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

১৬. **পানির খরতার জন্য নিচের উপাদানগুলোর মধ্যে কোনটি প্রয়োজন?** [গণপূর্ত মন্ত্রণালয়ের থানা প্রকৌশলী: ৯৯]
ক. OH^- খ. HCO_3^- গ. CO_3^{--} ঘ. SO_4^{--} **উত্তর: খ, ঘ**

১৭. **খর পানি বা হার্ড ওয়াটারকে সফট করতে লাগে** - [দুদকের সহকারী পরিচালক: ৯৪]
ক. কাপড় ধোয়ার সোডা খ. ম্যাগনেসিয়াম কার্বনেট গ. ক্যালসিয়াম অক্সাইড ঘ. সোডিয়াম বাই কার্বনেট **উত্তর: ক**

১৮. **কোনটি খর পানিতে উত্তম ফেনা দেয়?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. টয়লেট সাবান খ. ডিটারজেন্ট গ. লন্ড্রি সাবান ঘ. তরল সাবান **উত্তর: খ**

১৯. **পানিতে দ্রবীভূত অক্সিজেন কোথায় অবস্থান করে?** [৪৫তম বিসিএস]
ক. পানির উপরিভাগে খ. পানির মধ্যভাগে গ. পানির তলদেশে ঘ. পানির আন্তঃআনবিক স্থানে **উত্তর: ঘ**

২০. **নিচের কোনটি পানিতে দ্রবীভূত হয় না?** [২৮তম বিসিএস]
ক. ক্যালসিয়াম কার্বনেট খ. সোডিয়াম ক্লোরাইড গ. চিনি ঘ. সালসিয়াম কার্বনেট **উত্তর: ক**

২১. **পানি ফুটানোর জন্য ব্যবহৃত বয়লার বা কেটলীর অভ্যন্তরে কিসের স্তর পড়ে?** [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৮]
ক. ক্যালসিয়াম সিলিকেট খ. ক্যালসিয়াম সালফেট গ. ক্যালসিয়াম অক্সাইড ঘ. ক্যালসিয়াম কার্বনেট **উত্তর: ঘ**

দৈনন্দিন জীবনে রসায়ন

০১. **নিচের কোন পদার্থটি প্রকৃতিতে পাওয়া যায়?** [শ্রম পরিদপ্তরের শ্রম কর্মকর্তা: ০৩]
ক. প্লাস্টিক খ. রাবার গ. গ্লিসারিন ঘ. কাগজ **উত্তর: খ**

০২. **কোনগুলো দিয়ে লিপস্টিক তৈরি করা হয়?** [গণপূর্ত অধিদপ্তরের সহকারী প্রকৌশলী: ৯৯]
ক. গ্রীজ এবং গ্লিসারিন খ. গ্রীজ এবং দ্রাবক গ. গ্লিসারিন ও রঞ্জক ঘ. গ্রীজ, রঞ্জক এবং দ্রাবক **উত্তর: ঘ**

০৩. **Paint এবং Thinner হিসাবে সাধারণত ব্যবহার করা যায়** - [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০৭]
ক. অ্যালকোহল খ. পেট্রোল গ. পানি ঘ. তারপিন **উত্তর: ঘ**

০৪. **Disinfactant হিসাবে ব্যবহৃত হয় না নিচের কোনটি? / নিচের কোনটি জীবাণু ধ্বংসকারক হিসেবে ব্যবহৃত হয় না?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২১]
ক. স্যাভলন খ. লাইজল গ. ফেনল ঘ. ইথাইল অ্যালকোহল **উত্তর: ঘ**

০৫. **ডি.ডি.টি এক ধরণের** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. কীটনাশক ঔষধ খ. বিস্ফোরক গ. রোগ প্রতিষেধক ঘ. পানি বিশোধক **উত্তর: ক**

০৬. **একটি কীটনাশক ঔষধ** - [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ৯৬]
ক. প্যালুড্রিন খ. কুইনিন গ. পেনিসিলিন ঘ. গ্যামেক্সিন বা লিনডেন **উত্তর: ঘ**

০৭. **গ্যামেক্সিন কী?** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী ড্রিলিং প্রকৌশলী: ৯৮]
ক. শক্তিশালী জীবাণুনাশক খ. রঞ্জক পদার্থ গ. ইথিলিনের পলিমার ঘ. বিষাক্ত কাঁদুনে গ্যাস **উত্তর: ক**

০৮. **কোনটি বিস্ফোরক পদার্থ?** [বিদ্যুৎ মন্ত্রণালয়ের সহকারী বিস্ফোরক পরিদর্শক: ০৩]
ক. ডি.ডি.টি খ. টি.এন.টি গ. সি.এফ.সি ঘ. আয়োডেক্স **উত্তর: খ**

০৯. **সারিন কী?** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৫]
ক. সিরীয় বিদ্রোহী দল খ. রাসায়নিক অস্ত্র গ. ফ্লু ঘ. ভাইরাস **উত্তর: খ**

১০. **কাগজের প্রধান রাসায়নিক উপাদান** - [এনএসআই'র ফিল্ড অফিসার: ২৩]
ক. লিগনিন খ. কুইনিন গ. রেজিন ঘ. সেলুলোজ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: কাগজের রাসায়নিক উপাদানের মধ্যে প্রায় ৪০ - ৪৫% সেলুলোজ, ৩০ - ৩৫% হেমি সেলুলোজ ও ২০ - ৩০% লিগনিন থাকে।

১১. **কাগজের মোড়ক হিসাবে ব্যবহৃত সেলোফেনের প্রধান কাঁচামাল কোথা থেকে পাওয়া যায়?** [শ্রম পরিদপ্তরের শ্রম কর্মকর্তা: ০৩]
ক. বালি খ. চুনাপাথর গ. কয়লা ঘ. গাছ **উত্তর: ঘ**

১২. **উন্নতমানের বালু কখনই --- থেকে আহরিত হয় না।** [পায়রা বন্দর কর্তৃপক্ষের অফিস সহকারী: ২০]
ক. নদী খ. নালা গ. সাগর ঘ. চর **উত্তর: খ**

১৩. **কাঁচ কী দিয়ে তৈরি? / নিচের কোনটি সিরামিক উপাদানের প্রধান কাঁচামাল?** [৪৫তম বিসিএস]
ক. MnO_2 খ. SiO_2 গ. BaO ঘ. Ba_2O_3 **উত্তর: খ**

১৪. **কাঁচ তৈরির প্রধান কাঁচামাল হলো** - [২৬তম বিসিএস]
ক. সাজিমাটি খ. চুনাপাথর গ. জিপসাম ঘ. বালি **উত্তর: ঘ**

১৫. **নিচের কোন জাতীয় বস্তু বহুদিন রোদে বা পানিতে থাকলে নষ্ট, ক্ষয় বা বৃদ্ধি হয় না?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৭]
ক. কাঁচ খ. প্লাস্টিক গ. কাঠ ঘ. লোহা **উত্তর: ক**

১৬. **ইটের প্রধান দুইটি উপাদান হচ্ছে** - [সওজ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ০৩]
ক. সোডিয়াম ও আয়রন খ. আয়রন ও সিলিকা গ. সিলিকা ও অ্যালুমিনা ঘ. সোডিয়াম ও ম্যাগনেসিয়াম **উত্তর: গ**

১৭. **ইটের মৌলিক উপাদানগুলোর মধ্যে কোন উপাদানটি বেশি পাওয়া যায়?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ০৪]
ক. চুন খ. সিলিকা গ. অ্যালুমিনা ঘ. আয়রন অক্সাইড **উত্তর: খ**

১৮. **কোয়ার্টস ঘড়িতে ব্যাপকভাবে ব্যবহৃত হয় কোনটি?** [বিদ্যুৎ মন্ত্রণালয়ের সহকারী বিস্ফোরক পরিদর্শক: ০৩]
ক. সিলিকা খ. সিলিকন গ. সিলিকেট ঘ. কার্বন **উত্তর: ক**

১৯. **সিমেন্ট তৈরিতে প্রধান কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়?** [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ক. বালু খ. চুনাপাথর গ. চিনামাটি ঘ. প্রাকৃতিক গ্যাস **উত্তর: খ**

২০. **সিমেন্টের মৌলিক উপাদানগুলোর মধ্যে কোন উপাদানটি বেশি পাওয়া যায়?** [গণপূর্ত মন্ত্রণালয়ের থানা প্রকৌশলী: ৯৯]
ক. চুন খ. সিলিকা গ. অ্যালুমিনা ঘ. SO_3 **উত্তর: ক**

২১. **কোনটি সিমেন্ট তৈরির অন্যতম কাঁচামাল?** [৩৩তম বিসিএস]
ক. সালফার খ. জিপসাম গ. খনিজ লবণ ঘ. সোডিয়াম **উত্তর: খ**

২২. **সিমেন্টে জিপসাম যোগ করা হয় কেন?** [গণপূর্ত মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ৯৯]
ক. ঘনত্ব বাড়ানোর জন্য খ. দ্রুত জমাট রোধ করার জন্য গ. ওজন বাড়ানোর জন্য ঘ. দ্রুত জমাট বৃদ্ধি করার জন্য **উত্তর: খ**

২৩. **পোর্টল্যান্ড সিমেন্টের প্রধান কাঁচামাল কী?** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী রসায়নবিদ: ৯৮]
ক. লাইমস্টোন ও জিপসাম খ. লাইমস্টোন ও গ্লাস স্যান্ড গ. লাইমস্টোন ও ক্লে ঘ. ডলোমাইট ও লাইমস্টোন **উত্তর: ক**

২৪. **একটি মর্টারের মধ্যে বাঁধাইয়ের উপাদান কোনটি?** [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক: ১৭]
ক. বালি খ. সুরকী গ. সিমেন্ট ঘ. সবগুলোই **উত্তর: গ**

২৫. **কংক্রিট কাস্টিংয়ের পর ময়েস্ট রাখার প্রক্রিয়াকে কী বলে?** [সংস্কৃতি মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৯]
ক. কমপ্যাক্টিং খ. ফিনিশিং গ. প্লেসিং ঘ. কিউরিং **উত্তর: ঘ**

২৬. **সানস্ক্রিন লোশন তৈরিতে কোন ন্যানো পার্টিকেল ব্যবহৃত হয়?** [৪৫তম বিসিএস]
ক. Na_2O খ. ZnO গ. Al_2O_3 ঘ. CuO **উত্তর: খ**

২৭. **নিচের কোনটি সবচেয়ে নরম খনিজ? / কোনটি ট্যালকম পাউটার তৈরিতে ব্যবহৃত হয়?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের জুনিয়র শিক্ষক: ২১]
ক. ট্যালক খ. হীরা গ. চুনাপাথর ঘ. সিলিকা **উত্তর: ক**

ভৌত রাশির পরিমাপ

০১. **বলবিদ্যার বিভিন্ন মৌলিক ভৌত রাশিসমূহ হলো -** [সমাজসেবা অধিদপ্তরের উপ-তত্ত্বাবধায়ক: ০৫]
ক. ভর, বল ও সময় খ. ভর, দৈর্ঘ্য ও সময় গ. বল, শক্তি ও সময় ঘ. বল, ভর ও সময় **উত্তর: খ**
ব্যাখ্যা: কোনো কিছুর পরিমাণ নির্ণয় করাকে পরিমাপ বলে। আবার যা কিছু পরিমাপ করা যায় তাকে রাশি বলে। রাশি দুই প্রকার। মৌলিক রাশি ও লব্ধ রাশি। মৌলিক রাশি ৭ টি। যথা- দৈর্ঘ্য, ভর সময়, তাপমাত্রা, তড়িৎ প্রবাহ, দীপন ক্ষমতা ও পদার্থের পরিমাণ।

০২. **কত সালে আন্তর্জাতিক একক পদ্ধতি চালু হয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক: ০৮]
ক. ১৯৭০ সালে খ. ১৯৫৮ সালে গ. ১৯৬০ সালে ঘ. ১৯৬৩ সালে **উত্তর: গ**

০৩. **কত সালে বাংলাদেশে আন্তর্জাতিক একক পদ্ধতি চালু হয়? / বাংলাদেশে মেট্রিক পদ্ধতি চালু হয়েছে - / কবে বাংলাদেশে M.K.S পদ্ধতি চালু হয়েছে?** [শ্রম পরিদপ্তরের মেডিকেল অফিসার: ০৩]
ক. ১৯৮১ সালে খ. ১৯৮২ সালে গ. ১৯৮৩ সালে ঘ. ১৯৮৪ সালে **উত্তর: খ**

০৪. **C.G.S পদ্ধতিতে দৈর্ঘ্যের একক - / দৈর্ঘ্য পরিমাপের সিজিএস একক কোনটি?** [সিজিএ কার্যালয়ের অডিটর: ২১]
ক. ডেকামিটার খ. মিটার গ. ডেসিমিটার ঘ. সেন্টিমিটার **উত্তর: ঘ**

০৫. **C.G.S পদ্ধতিতে ভরের একক -** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল অফিসার: ৯৪]
ক. পাউন্ড খ. গ্রাম গ. কিলোগ্রাম ঘ. আউন্স **উত্তর: খ**

০৬. **M.K.S পদ্ধতিতে ভরের একক কোনটি? / মেট্রিক পদ্ধতিতে ভরের একক - / পদার্থের ভর পরিমাপের আন্তর্জাতিক একক - / ভরের আন্তর্জাতিক একক কোনটি?** [৩৩তম বিসিএস]
ক. পাউন্ড খ. গ্রাম গ. কিলোগ্রাম ঘ. মিলিগ্রাম **উত্তর: গ**

০৭. **নিচের কোনটি মৌলিক একক?** [৬ষ্ঠ বিজেএস]
ক. কুলম্ব খ. অ্যাম্পিয়ার গ. ভোল্ট ঘ. ওহম **উত্তর: খ**

০৮. **নিচের কোনটি স্কেলার রাশি?** [বিআরটিএ'র সহকারী পরিচালক: ০৫]
ক. বেগ খ. বল গ. মুহূর্ত ঘ. ভর / মাস **উত্তর: ঘ**
ব্যাখ্যা: দিক বিবেচনায় রাশি দুই ভাগে বিভক্ত। যথা- স্কেলার ও ভেক্টর রাশি। স্কেলার রাশির উদাহরণ হলো দৈর্ঘ্য, ভর, দ্রুতি, কাজ, ক্ষমতা, শক্তি, সময়, তাপমাত্রা ইত্যাদি। ভেক্টর রাশির উদাহরণ হলো সরণ, ওজন, বেগ, ভরবেগ, ত্বরণ, বল, তড়িৎ তীব্রতা, চৌম্বক তীব্রতা ইত্যাদি।

০৯. **কোনটি ভেক্টর রাশি?** [বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী: ০৬]
ক. শক্তি খ. ভরবেগ গ. কোণ ঘ. দ্রুতি **উত্তর: খ**

১০. **কোনটি ভেক্টর রাশি নয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৪]
ক. ত্বরণ খ. বেগ গ. সরণ ঘ. দ্রুতি **উত্তর: ঘ**

১১. **সময়ের সাথে সরণের পরিবর্তনের হারকে কী বলে?** [বিসিকের প্রমোশন অফিসার: ২৩]
ক. গতি খ. সরণ গ. দ্রুতি ঘ. বেগ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: সময়ের সাথে কোনো বস্তুর সরণের পরিবর্তনের হারকে বেগ বলে। কোনো বস্তু একক সময়ে যে দুরত্ব অতিক্রম করে তাকে দ্রুতি বলে। সময়ের সাথে অসম বেগের পরিবর্তনের হারকে ত্বরণ বলে। সময়ের সাথে কোনো বস্তু যখন তার নিজ অবস্থানের পরিবর্তন ঘটায় তখন তাকে গতি বলে।

১২. **সময়ের সাথে অসম বেগের পরিবর্তনের হারকে বলা হয় -** [তুলা উন্নয়ন বোর্ডের তুলা উন্নয়ন কর্মকর্তা: ০৬]
ক. ত্বরণ খ. সরণ গ. দ্রুতি ঘ. বেগ **উত্তর: ক**

১৩. **নিচের কোনটি কৌণিক ত্বরণের একক?** [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ০৪]
ক. রেডিয়ান / সে^{2} খ. ডিগ্রি / সে^{2} গ. গ্রেড / সে ঘ. রেডিয়ান / সে **উত্তর: ক**

১৪. তারের ব্যাসার্ধ, ছোট দৈর্ঘ্য ইত্যাদি পরিমাপ করার যন্ত্রের নাম - [সিএজি কার্যালয়ের জুনিয়র অডিটর: ১১]
ক. মিটার খ. স্ক্রু গজ গ. স্ফেরোমিটার ঘ. ফিতা **উত্তর: খ**

১৫. দুইটি বল (P > Q) পরস্পর ১৮০° কোণে কাজ করে তাদের লব্ধির মান - [কৃষি প্রশিক্ষণ একাডেমির নার্স: ১৯]
ক. $\sqrt{P^2+Q^2}$ খ. $\sqrt{P^2-Q^2}$ গ. P + Q ঘ. P - Q **উত্তর: ক**

১৬. দুইটি ভেক্টর রাশির প্রত্যেকটির মান ৫ একক। এরা একই বিন্দুতে পরস্পর ১২০০ কোণে ক্রিয়া করে। তাদের লব্ধির মান কত? [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ০৪]
ক. ৫ একক খ. ৪ একক গ. ৬ একক ঘ. ২ একক **উত্তর: ক**

১৭. 3N এবং 4N মানের দুইটি বল পরস্পর লম্বভাবে ক্রিয়া করে। তাদের লব্ধির মান কত? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপ-সহকারী পরিচালক: ২১]
ক. 3N খ. 4N গ. 5N ঘ. 6N **উত্তর: গ**

১৮. 3N এবং 5N মানের দুইটি বল পরস্পর লম্ব দিকে এক বিন্দুতে ক্রিয়া করে। তাদের লব্ধির মান কত? [বিটিআরসি'র উপ-সহকারী পরিচালক: ২১]
ক. 5N খ. 6N গ. $\sqrt{34}$N ঘ. $\sqrt{41}$N **উত্তর: ক**

১৯. 120^0 কোণে একটি বৃত্তকণার উপর ক্রিয়াশীল 5N ও 7N মানের দুটি বলের লব্ধির মান - [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৬]
ক. $\sqrt{39}$N খ. $\sqrt{79}$N গ. $\sqrt{29}$N ঘ. $\sqrt{109}$N **উত্তর: ক**

২০. দুইটি লম্বালম্বি শক্তির পরিমাণ 5N এবং 4N, তাদের রেজালট্যান্ট বা সংহত শক্তির পরিমাণ কত? [১৭তম বিসিএস]
ক. 3N খ. 1N গ. $\sqrt{41}$N ঘ. $\sqrt{11}$N **উত্তর: গ**

২১. P এবং Q দুইটি বল একটি নির্দিষ্ট কোণে থেকে কাজ করে। তাদের রেজাল্ট্যান্ট - [গণপূর্ত মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ৯৯]
ক. $\sqrt{P^2+Q^2+2PQ\cos\theta}$ খ. $\sqrt{P^2+Q^2+2PQ\sin\theta}$ গ. $\sqrt{P^2+Q^2}$ ঘ. $P^2+Q^2+2PQ\sin\theta$ **উত্তর: ক**

বলবিদ্যা

০১. স্যার আইজ্যাক নিউটন একজন - [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ০১]
ক. বিজ্ঞানী খ. দার্শনিক গ. পর্যটক ঘ. চিকিৎসক **উত্তর: ক**

০২. স্যার আইজ্যাক নিউটন কোন দেশের অধিবাসী ছিলেন? [মৎস্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. জার্মানি খ. ফ্রান্স গ. যুক্তরাজ্য ঘ. যুক্তরাষ্ট্র **উত্তর: গ**

০৩. 'প্রিন্সিপিয়া ম্যাথমেটিকা' গ্রন্থটির লেখক কে? / 'Principia Mathematica' গ্রন্থটির লেখক কে? [বেপজা'র সহকারী পরিচালক: ২০]
ক. নিউটন খ. আইনস্টাইন গ. গ্যালিলিও ঘ. কোপার্নিকাস **উত্তর: ক**

০৪. আলো, গতি ও মহাকাশ সূত্রের আবিষ্কারক কে? [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৫]
ক. নিউটন খ. আর্কিমিডিস গ. ডারউইন ঘ. আইনস্টাইন **উত্তর: ক**

০৫. কোন বিজ্ঞানী গতির গাণিতিক সূত্র আবিষ্কার করেন? [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার: ৯৩]
ক. নিউটন খ. আর্কিমিডিস গ. গ্যালিলিও ঘ. আইনস্টাইন **উত্তর: ক**

০৬. নিউটনের গতিসূত্র কয়টি? [শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক: ০৬]
ক. ২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ১টি **উত্তর: খ**

০৭. A body will remain at rest unless an external acts on the body - কে বলেছেন? [স্ট্যান্ডার্ড ব্যাংকের অফিসার: ০৮]
ক. গ্যালিলিও খ. আইনস্টাইন গ. নিউটন ঘ. আর্কিমিডিস **উত্তর: গ**

০৮. একটি গতিসম্পন্ন বস্তুর ত্বরণকে প্রকাশ করা হয় - [তথ্য মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ০৩]
ক. F = M / a খ. F = Ma গ. A = Fa ঘ. কোনোটিই সত্য নয় **উত্তর: খ**

০৯. 'To every action there is an equal and opposite reaction' কে বলেছেন? / সমান ও বিপরীত প্রতিক্রিয়ার ধারণা প্রদান করেন - [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ০৮]
ক. কোপার্নিকাস খ. আইনস্টাইন গ. নিউটন ঘ. আর্কিমিডিস **উত্তর: গ**

১০. একজন মাঝি নৌকা চালানোর সময় প্রয়োগ করে - [বিটিভি'র রিসার্চ অফিসার: ০৬]
ক. নিউটনের প্রথম সূত্র খ. নিউটনের দ্বিতীয় সূত্র গ. নিউটনের তৃতীয় সূত্র ঘ. নিউটনের মহাকর্ষীয় সূত্র **উত্তর: গ**

১১. আধুনিক জেট বিমান কোন সূত্র ব্যবহার করে চালানো হয়? [পায়রা বন্দর কর্তৃপক্ষের সহকারী সাব-ইন্সপেক্টর: ২০]
ক. অভিকর্ষ সূত্র খ. নিউটনের গতিসূত্র গ. ভরবেগের নিত্যতা সূত্র ঘ. ফ্যারেলের সূত্র **উত্তর: খ**

১২. জেট ইঞ্জিন কোন ধরনের ইঞ্জিন? [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডজুট্যান্ট: ০৫]
ক. টারবাইন খ. রোটারী গ. মোটর ঘ. রি-অ্যাকশন / প্রতিক্রিয়া **উত্তর: ঘ**

১৩. মহাকাশ যানকে উৎক্ষেপণ করার জন্য যে নীতির উপর ভিত্তি করে রকেট নির্মিত হয়, তা - [বিএমইটি'র উপ-সহকারী পরিচালক: ০১]
ক. গতির প্রথম সূত্র খ. গতির দ্বিতীয় সূত্র গ. গতির তৃতীয় সূত্র ঘ. ভরবেগের নিত্যতার সূত্র **উত্তর: গ**

১৪. ফুলানো বেলুনের মুখ ছেড়ে দিলে বাতাস বেরিয়ে যাবার সঙ্গে সঙ্গে বেলুনটি ছুটে যায়। কোন ইঞ্জিনের নীতির সাথে এর মিল আছে? [১২তম বিসিএস]
ক. বাষ্পীয় ইঞ্জিন খ. অর্ন্তদহ ইঞ্জিন গ. স্টারলিং ইঞ্জিন ঘ. রকেট ইঞ্জিন **উত্তর: ঘ**

১৫. **চন্দ্রগামী কোনো রকেটের কোন পাখার প্রয়োজন হয় না কারণ** - [২৮তম বিসিএস]
ক. এটার কোনো ইঞ্জিন নেই খ. স্থানটি বায়ুশূন্য গ. এটার কোনো জ্বালানি নেই ঘ. বাতাসে ব্যাপক ধূলিকণা থাকে **উত্তর: খ**

১৬. **বিমান ও রকেট চলার মধ্যে মূল পার্থক্য কী?** [কর্ণফুলী গ্যাস কোম্পানির সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. কোনো পার্থক্য নেই খ. রকেট চলার জন্য বাতাসের দরকার হয় না কিন্তু বিমান সম্পূর্ণভাবে বাতাস নির্ভর
গ. রকেট পিছনের দিকে গ্যাস ছুঁড়ে সামনে এগিয়ে যায় ঘ. উভয়ই বাতাসে ভর করে উড়ে **উত্তর: খ**

১৭. **চলন্ত বাস ব্রেক করলে যাত্রীরা সামনে দিকে ঝুকে পড়েন কী কারণে?** [সওজ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১০]
ক. স্থিতি জড়তা খ. গতি জড়তা গ. যাত্রীর ভারসাম্যহীনতা ঘ. প্রতিক্রিয়া বল **উত্তর: খ**

১৮. **সুষম বেগে চলন্ত রেলগাড়ির কামরার বসে একটি ছেলে উপরের দিকে একটি বল ছুড়লে বলটি পড়বে** - [শ্রম পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৫]
ক. ছেলেটির পেছনে খ. ছেলেটির সামনে গ. ছেলেটির হাতে ঘ. রেলের ওপরে **উত্তর: গ**

১৯. **বলের আন্তর্জাতিক একক - / এস.আই পদ্ধতিতে বলের একক কোনটি?** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১]
ক. ক্যালরি খ. নিউটন গ. অ্যাম্পিয়ার ঘ. মাইক্রোন **উত্তর: খ**

২০. **সিজিএস পদ্ধতিতে বলের একক** - [শ্রম পরিদপ্তরের মেডিকেল অফিসার: ০৩]
ক. কিলোগ্রাম খ. মিটার গ. ডাইন ঘ. ইঞ্চি **উত্তর: গ**

২১. **ডাইন কিসের একক?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৬]
ক. বল খ. দ্রুতি গ. ত্বরণ ঘ. ভরবেগ **উত্তর: ক**

২২. **এক নিউটন সমান** - [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ০৫]
ক. $১০^{৩}$ ডাইন খ. $১০^{৪}$ ডাইন গ. $১০^{৫}$ ডাইন ঘ. $১০^{৬}$ ডাইন **উত্তর: গ**

২৩. **এক কেজি বল সমান** - [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৬]
ক. ১.০২ নিউটন খ. ৮.৯ নিউটন গ. ৯.৮ নিউটন ঘ. ১২ নিউটন **উত্তর: গ**

২৪. **১০০ কেজি ভরের উপর কত বল প্রয়োগ করলে ৫ মিটার/সেকেন্ড ত্বরণ সৃষ্টি করবে?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের উপ-সহকারী প্রকৌশলী: ১৯]
ক. ২০ নিউটন খ. ১০০ নিউটন গ. ৫০০ নিউটন ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

২৫. **সহসা দরজা খুলতে চাইলে দরজার কোথায় বল প্রায়োগ করা উচিত?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. কব্জার বিপরীত প্রান্তে খ. মাঝখানে গ. কব্জার কাছে ঘ. উপরের প্রান্তে **উত্তর: ক**

২৬. **একটি ধ্রুব বল ০.০২ কিলোগ্রাম ভরের উপর ১০ সেকেন্ড ক্রিয়া করে ভরটিকে স্থিরাবস্থা হতে ৫ মিটার দূরে টেনে নিয়ে যায়। বলের মান** - [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ০৪]
ক. ০.০০১ নিউটন খ. ০.০০২ নিউটন গ. ০.০২০ নিউটন ঘ. ০.২০০ নিউটন **উত্তর: খ**

২৭. **পালতোলা নৌকা সম্পূর্ণ অন্য দিকের বাতাসকেও এর সম্মুখ গতিতে ব্যবহার করতে পারে কারণ** - [১২তম বিসিএস]
ক. ক্রিয়ার বদলে প্রতিক্রিয়াটি ব্যবহৃত হয় খ. পালের দড়িতে টানের নিয়ন্ত্রণ বিশেষ দিকে বাতাসকে কার্যকর রাখে
গ. সম্মুখ অভিমুখে বলের উপাংশটিকে কার্যকর রাখা হয় ঘ. পালের আকৃতিকে সুকৌশলে ব্যবহার করা যায় **উত্তর: গ**

২৮. **নদীর একপাশ থেকে গুন টেনে নৌকাকে মাঝ নদীতে রেখেই সামনের দিকে নেওয়া সম্ভব হয় কীভাবে?** [১৫তম বিসিএস]
ক. যথাযথভাবে হাল ঘুরিয়ে খ. নদী স্রোতের সুকৌশল ব্যবহারে
গ. পাল ব্যবহার করে ঘ. গুন টানার সময় টানটি সামনের দিকে রেখে **উত্তর: ক**

২৯. **বাঁকা পথে অতি দ্রুত গতিশীল গাড়ী উল্টে যায় কেন?** [মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০০]
ক. কেন্দ্রবিমুখী বলের অভাবে খ. কেন্দ্রবিমুখী বলের আধিক্য গ. কেন্দ্রমুখী বলের আধিক্য ঘ. কেন্দ্রমুখী বলের অভাবে **উত্তর: ঘ**

৩০. **ভরবেগের মাত্রা সমীকরণ কোনটি?** [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ০৪]
ক. MLT^2 খ. MLT^{-1} গ. MLT^{-2} ঘ. $MLT^{-2}T$ **উত্তর: খ**

৩১. **যখন বন্দুক থেকে গুলি ছোড়া হয়, তখন** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. বন্দুক লাফিয়ে উঠে খ. বন্দুক আদৌ নড়ে না
গ. বন্দুক সামনে এগিয়ে যায় ঘ. বন্দুক একই ভরবেগে পিছিয়ে আসে **উত্তর: ঘ**

৩২. **বল এবং সরনের দিক যখন একই হয়, তখন একটি বস্তুর গতিশক্তি** - [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্রাফট ইন্সট্রাক্টর: ২১]
ক. বৃদ্ধি পায় খ. হ্রাস পায় গ. একই থাকে ঘ. শূন্য হয়ে যায় **উত্তর: ক**

৩৩. **একটি হালকা ও ভারী বস্তুর ভরবেগ সমান। এদের মধ্যে কোনটির গতিশক্তি বেশি হবে?** [শ্রম পরিদপ্তরের সহকারি পরিচালক: ০৫]
ক. ভারীটির খ. হালকাটির গ. গতিবেগ সমান ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৩৪. **বস্তুর বেগ দ্বিগুণ হলে উহার** - [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ৯৫]
ক. স্থিতিশক্তি দ্বিগুণ খ. ভরবেগ দ্বিগুণ গ. ত্বরণ দ্বিগুণ ঘ. শক্তি দ্বিগুণ **উত্তর: খ**

৩৫. **কোন ক্ষেত্রের Movement of Interia বা জড়তার ভ্রামকের একক হলো** - [জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিন্টেন্ট অব সার্ভে: ০৫]
ক. Kgm / sec খ. Kgm / sec^2 গ. Kg / m^2 ঘ. $Kg.m^2$ **উত্তর: ঘ**

৩৬. **কোনটি বেশি স্থিতিস্থাপক?** [২৪তম বিসিএস]
ক. ইস্পাত খ. রাবার গ. কাঁচ ঘ. পানি **উত্তর: ক**

৩৭. **কোন বস্তুটির স্থিতিস্থাপকতা বেশি?** [২০তম বিসিএস]
ক. রাবার খ. অ্যালুমিনিয়াম গ. লৌহ ঘ. তামা **উত্তর: গ**

৩৮. **কোন বস্তুটির স্থিতিস্থাপকতা কম?** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপ-সহকারী পরিচালক: ০১]
ক. লোহা খ. তামা গ. রাবার ঘ. অ্যালুমিনিয়াম **উত্তর: গ**

৩৯. **রাবারের কোন বৈশিষ্ট্যটি উল্লেখযোগ্য?** [২৮তম বিসিএস]
ক. উজ্জ্বলতা খ. কাঠিন্য গ. স্থিতিস্থাপকতা ঘ. অস্থিতিস্থাপকতা **উত্তর: গ**

৪০. **গাড়ীর টায়ার রাবারের তৈরি কারণ** - [বিটিভি'র বিজ্ঞাপন আধিকারিক: ০৬]
ক. রাবার শক্ত ও স্থিতিস্থাপক খ. রাস্তা ও টায়ারের মধ্যে ঘর্ষণ কম হয়
গ. রাবার সহজে ক্ষয়প্রাপ্ত হয় না ঘ. রাবার স্থিতিস্থাপক ও রাস্তাকে আকড়ে ধরে রাখতে পারে **উত্তর: ক**

৪১. **MKS পদ্ধতিতে পীড়ন বা Stress এর একক কোনটি?** [দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের সহকারী প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা: ৯৯]
ক. Kg.com খ. Kg / cm গ. Kg / cm^2 ঘ. N / m^2 **উত্তর: ঘ**

৪২. **ইয়ং এর গুণাঙ্ক নিচের কোন পদার্থের সবচেয়ে বেশি?** [পায়রা বন্দর কর্তৃপক্ষের অফিস সহকারী: ২০]
ক. রাবার খ. তামা গ. ইস্পাত ঘ. সোনা **উত্তর: গ**

৪৩. **লুব্রিকেশন সিস্টেমের কাজ সাধারণত** - [গণপূর্ত অধিদপ্তরের সহকারী প্রকৌশলী: ৯৯]
ক. যন্ত্রাংশে ঘর্ষণজনিত যে উত্তাপ সৃষ্টি হয় তাকে হ্রাস করে খ. ইহা ইঞ্জিনের যন্ত্রাংশকে পরিস্কার রাখে
গ. ইহা পিস্টন ও সিলিন্ডার লাইনারের মধ্যস্থানে একটি আবরণ সৃষ্টি করে প্রজ্জ্বলিত গ্যাসকে লিকেজ হতে দেয় না **উত্তর: ক**

৪৪. **টেবিল টেনিস খেলায় বলের সুইংয়ের কারণ কী?** [সহকারী থানা পরিবার পরিবার পরিকল্পনা অফিসার: ৯৮]
ক. বায়ুর ঘর্ষণজনিত বাধা খ. খোলোয়াড়ের হাতের কব্জির ক্রিয়া
গ. বায়ুতে বলটির ঘূর্ণন গতি ঘ. বলের উপরে ও নিচে অসম চাপ সৃষ্টি **উত্তর: ঘ**

মহাকর্ষ ও অভিকর্ষ

০১. **মহাবিশ্বের যেকোনো দুইটি বস্তুর মধ্যে যে আকর্ষণ তাকে বলা হয়** - [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো উপ-সহকারী পরিচালক: ০১]
ক. গতি খ. মহাকর্ষ গ. অভিকর্ষ / মাধ্যাকর্ষণ ঘ. বেগ **উত্তর: খ**

০২. **গাছ থেকে আমটি মাটিতে পড়ল। এটি কোন ধরনের বলের উদাহরণ?** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. মহাকর্ষ বল খ. চৌম্বক বল গ. নিউক্লীয় বল ঘ. তড়িৎ চৌম্বক বল **উত্তর: ক**

০৩. **দুর্বলতম বল কোনটি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্রাফট ইন্সট্রাক্টর: ২১]
ক. মহাকর্ষ বল খ. তড়িৎ চৌম্বক বল গ. সবল নিউক্লিয়ার বল ঘ. দুর্বল নিউক্লিয়ার বল **উত্তর: ক**

০৪. **নিচের কোনটি মৌলিক বল নয়?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্রাফট ইন্সট্রাক্টর: ২১]
ক. মহাকর্ষ খ. তড়িৎ চৌম্বক বল গ. সবল নিউক্লিয়ার বল ঘ. ঘর্ষণ **উত্তর: ঘ**

০৫. **পৃথিবী এবং তার নিকটস্থ বস্তুর মধ্যে যে টান তাকে বলে - / পৃথিবী এবং অন্য যেকোনো বস্তুর মধ্যে যে আকর্ষণ তাকে বলা হয়** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. গতি খ. মহাকর্ষ গ. অভিকর্ষ / মাধ্যাকর্ষণ ঘ. বেগ **উত্তর: গ**

০৬. **অভিকর্ষ হলো বস্তুর উপর** - [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০৩]
ক. উর্ধ্বমুখী বল খ. কেন্দ্রমুখী বল গ. নিম্নমুখী বল ঘ. সবগুলোই **উত্তর: খ**

০৭. **বায়ুমন্ডল পৃথিবীর সঙ্গে আবর্তিত হচ্ছে কীভাবে?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ক. বার্ষিক গতির জন্য খ. আহ্নিক গতির জন্য
গ. অক্সিজেনের আধিক্যের জন্য ঘ. পৃথিবীর কেন্দ্রীয় আকর্ষণে আকৃষ্ট হয়ে **উত্তর: ঘ**

০৮. **পৃথিবীর ঘূর্ণনের ফলে আমরা ছিটকিয়ে পড়ি না কেন?** [১০ম বিসিএস]
ক. পৃথিবীর আবতর্নের জন্য খ. মহাকর্ষণ বলের জন্য গ. স্থির থাকার জন্য ঘ. মাধ্যকর্ষণ বলের জন্য **উত্তর: ঘ**

০৯. **মাধ্যকর্ষণ শক্তি আবিষ্কার করেন** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. নিউটন খ. গ্যালিলিও গ. আইনস্টাইন ঘ. মার্কনি **উত্তর: ক**

১০. **মাধ্যকর্ষণজনিত ত্বরণ সর্বোচ্চ কোথায়?** [২১তম বিসিএস]
ক. ভূ-কেন্দ্র খ. ভূ-পৃষ্ঠে গ. ভূ-পৃষ্ঠ থেকে ১০০ ফুট নিচে ঘ. ভূ-পৃষ্ঠ থেকে ১০০ ফুট উচুতে **উত্তর: খ**

১১. **পৃথিবী পৃষ্ঠ থেকে উপরে উঠলে মাধ্যকর্ষণ বল - / পৃথিবী পৃষ্ঠ থেকে ভিতরে গেলে মাধ্যকর্ষণ শক্তি** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. কমে যাবে খ. বেড়ে যাবে গ. অপরিবর্তিত থাকবে ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

১২. **পৃথিবী পৃষ্ঠ থেকে ভিতরে গেলে মাধ্যকর্ষণ শক্তি** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. কমে যাবে খ. বেড়ে যাবে গ. অপরর্বিততি থাকবে ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

১৩. **পৃথিবীর মাধ্যাকর্ষণ শক্তি কোথায় শূন্য মানের হয়?** [৩৫তম বিসিএস]
ক. উত্তর মেরুতে খ. দক্ষিণ মেরুতে গ. কেন্দ্রে ঘ. কোথাও নয় **উত্তর: গ**

১৪. **পৃথিবীর কেন্দ্রে g এর মান কত?** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ১৩]
ক. ৯.৮ মি. / সে. খ. ৯.৬ মি. / সে. গ. ০ মি. / সে. ঘ. ৮.৯ মি. / সে. **উত্তর: গ**

১৫. **অভিকর্ষজ ত্বরণ g এর পরিবর্তন ঘটে** - [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ০৪]
ক. উচ্চতর ক্রিয়ার খ. অক্ষাংশ ক্রিয়ায় গ. পৃথিবীর ঘূর্ণন ক্রিয়ায় ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

১৬. **g এর মান কোথায় সবচেয়ে বেশি?** [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক: ১৭]
ক. ভূ-কেন্দ্রে খ. পাহাড়ের চূড়ায় গ. বিষুব অঞ্চলে ঘ. মেরু অঞ্চলে **উত্তর: ঘ**

১৭. **পৃথিবীর উপর মুক্তভাবে পতনকালে কোনো বস্তুর ত্বরণ কত?** [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী সচিব: ৯৬]
ক. $9.8\ m/sec^2$ খ. $98\ m/sec^2$ গ. $0.98\ m/sec^2$ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

১৮. **পড়ন্ত বস্তুর সূত্র কোন বিজ্ঞান প্রদান করেন?** [বাংলাদেশ পুলিশের সহকারী রসায়নবিদ: ০২]
ক. নীলস বোর খ. গ্যালিলিও গ. সিভি রমন ঘ. ডারউইন **উত্তর: খ**

১৯. **একটি বায়ু শূন্য স্থানে একটি পালক ও একটি লোহার বল একত্রে ছেড়ে দিলে** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. উভয়টিই একসাথে পড়বে খ. লোহার বলটি আগে পড়বে গ. পালকটি আগে পড়বে ঘ. আদৌও পড়বে না **উত্তর: ক**

২০. **একটি ধাতব মুদ্রা ও একটি পালক বায়ুশূন্য স্থানে উপর এক সঙ্গে পতিত হলে কোনটি প্রথম নিচে পড়বে?** [৯ম বিজেএস]
ক. ধাতব মুদ্রা খ. পালক খ. দুটোই একসাথে ঘ. কোনোটিই পড়বে না **উত্তর: গ**

২১. **শূণ্য মাধ্যমে নিচের তিনটি বস্তুকে একসাথে ছেড়ে দিলে কোনটি আগে মাটিতে পড়বে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. পালক খ. পাথর গ. কাঠ ঘ. সবগুলোই একসাথে **উত্তর: ঘ**

২২. **গ্রহের গতি সংক্রান্ত কেপলারের সূত্র কয়টি?** [জেলা সহকারী শিক্ষা অফিসার: ০৩]
ক. একটি খ. দুইটি গ. তিনটি ঘ. চারটি **উত্তর: গ**

২৩. **'গ্রহগুলোর গতিপথ উপবৃত্তাকার' এই সূত্রটি কোন বিজ্ঞানীর?** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ০৫]
ক. টমেলি খ. কেপলার গ. পিথাগোরাস ঘ. গ্যালিলিও **উত্তর: খ**

২৪. **ভূমির সাথে আলতোভাবে ঢিল ছুঁড়লে যে পথে পুনরায় ভূমি স্পর্শ করে তা** - [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৭]
ক. অধিবৃত্তাকার খ. উপবৃত্তাকার গ. সরলরৈখিক ঘ. পরাবৃত্তাকার **উত্তর: ক**

২৫. **বস্তুর মধ্যে পদার্থের মোট পরিমাপকে বলে** - [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ১৩]
ক. ভর খ. সরণ গ. ত্বরণ ঘ. ওজন **উত্তর: ক**

২৬. **বস্তুর ভর ভূ-পৃষ্টে বা ভূ-পৃষ্টের উপরে অবস্থানের পরিবর্তনের সাথে** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. পরিবর্তিত হয় না খ. পরিবর্তিত হয় গ. হ্রাস পায় ঘ. ৬ গুন বৃদ্ধি পায় **উত্তর: ক**

২৭. **ভূপৃষ্ঠে কোনো ব্যক্তির ভর ৪২ কেজি হলে চন্দ্রপৃষ্ঠে ঐ ব্যক্তির ভর কত?** [প্রিমিয়ার ব্যাংকের অফিসার: ০৯]
ক. ৪২ নিউটন খ. ৪২ কেজি গ. ৭ নিউটন ঘ. ৭ কেজি **উত্তর: খ**

২৮. **পৃথিবী পৃষ্ঠে কোনো বস্তুর ভর ৪৯ কিলোগ্রাম হলে চন্দ্রপৃষ্ঠে ঐ বস্তুটির ভর কত?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক: ০৩]
ক. ৫ কিলোগ্রাম খ. ৮ কিলোগ্রাম গ. ৪৯ কিলোগ্রাম ঘ. কোনো ভার থাকবে না **উত্তর: গ**

২৯. **পৃথিবী পৃষ্ঠে কোনো বস্তুর ভর ৫০ কিলোগ্রাম হলে ভূ-কেন্দ্রে ঐ বস্তুটির ভর কত?** [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা: ১২]
ক. ০ কেজি খ. ১০ কেজি গ. ৫০ কেজি ঘ. ৫ কেজি **উত্তর: গ**

৩০. **পৃথিবীতে কোন বস্তুর ভর ৬০ কেজি হলে চাঁদে ঐ বস্তুর ভর কত?** [বিআরইবি'র উপ-সহকারী প্রকৌশলী: ২০]
ক. ০ খ. ১ গ. ৬০ ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

৩১. **কোন বস্তু যে পরিমান বল নিয়ে পৃথিবীর কেন্দ্রের আকর্ষিত হয়, তাকে বলে বস্তুটির** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯২]
ক. ভর খ. শক্তি গ. মাধ্যাকর্ষণ বল ঘ. ওজন **উত্তর: ঘ**

৩২. **ওজনের একক কোনটি?** [শ্রম পরিদপ্তরের প্রভাষক: ০৫]
ক. গ্রাম খ. কিলোগ্রাম গ. পাউন্ড ঘ. নিউটন **উত্তর: ঘ**

৩৩. **কোন বস্তুর ওজন কোথায় সবচেয়ে বেশি হয়?** [৩৭তম বিসিএস]
ক. খনির ভেতর খ. পাহাড়ের উপর গ. মেরু অঞ্চলে ঘ. বিষুব অঞ্চলে **উত্তর: গ**

৩৪. **যখন কোন বস্তুকে বিষুব রেখা থেকে মেরুতে নেয়া হয় তখন তার ওজন** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]
ক. বাড়ে খ. কমে গ. অর্ধেক হয় ঘ. একই থাকে **উত্তর: ক**

৩৫. **পৃথিবীর কোথায় কোন বস্তুর ওজন সবচেয়ে কম হয়?** [সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. ভূ-পৃষ্ঠে খ. মেরু অঞ্চলে গ. নিরক্ষীয় অঞ্চলে ঘ. পৃথিবীর কেন্দ্রে **উত্তর: গ**

৩৬. **পৃথিবীর কেন্দ্রে বস্তুর ওজন** - [তিতাস গ্যাস ফিল্ডের টেকনিশিয়ান: ২৩]
ক. ৯.৮ নিউটন খ. ৯৮ নিউটন গ. ৯৮০ নিউটন ঘ. শূন্য / ০ নিউটন **উত্তর: ঘ**

৩৭. **ভূ-পৃষ্ঠ থেকে উপরে উঠলে বস্তুর ওজন কী হয়?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৬]
ক. বাড়ে খ. কমে গ. একই থাকে ঘ. শূন্য হয়ে যায় **উত্তর: খ**

৩৮. **চাঁদে নিয়ে গেলে কোনো বস্তুর ওজন** - [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. কমবে খ. বাড়বে গ. শূন্য হবে ঘ. একই থাকবে **উত্তর: ক**

৩৯. **চন্দ্রে কোনো বস্তুর ওজন পৃথিবীতে ঐ বস্তু ওজনের কত অংশ?** [৩৭তম বিসিএস]
ক. ১/৩ খ. ১/৪ গ. ১/৬ ঘ. ১/১০ **উত্তর: গ**

৪০. চাঁদে বা অন্য কোন গ্রহে নিলে বস্তুর কী পরিবর্তন ঘটবে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. বস্তুর ওজন ও ভর দুইটিই বদলাবে খ. বস্তুর ওজন একই থাকবে কিন্তু ভর বদলাবে
গ. বস্তুর ভর ও ওজন কোনটিই বদলাবে না ঘ. বস্তুর ভর একই থাকবে কিন্তু ওজন বদলাবে **উত্তর: ঘ**

৪১. ভূ-পৃষ্ঠে কোন বস্তুর ভর M এবং ওজন W. তাহলে চন্দ্রপৃষ্ঠে নেওয়া হলে ঐ ব্যক্তির - [শাহজালাল ইসলামী ব্যাংকের এমটিও: ১১]
ক. ভর ও ওজন একই থাকবে খ. দুইটিই পরিবর্তিত হবে
গ. ওজন কমে যাবে কিন্তু ভর একই থাকবে ঘ. ভর কমে যাবে কিন্তু ওজন একই থাকবে **উত্তর: গ**

৪২. কোন বস্তুর ভর ১০ কিলোগ্রাম হলে বস্তু ওজন - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. ৯.৮ নিউটন খ. ৯৮ নিউটন গ. ১০ নিউটন ঘ. ১০০ নিউটন **উত্তর: খ**

৪৩. কোনো স্থানে অভিকর্ষজ ত্বরণ / Gravitational Acceleration দ্বিগুণ করা হলে সেখানে বস্তুর ওজন - [ইবি: ০৫-০৬]
ক. g/২ গুণ বৃদ্ধি পাবে খ. g গুণ বৃদ্ধি পাবে গ. ২g গুণ কমবে ঘ. ২g গুণ বৃদ্ধি পাবে **উত্তর: ঘ**

৪৪. লিফটে নিচের দিকে নামার সময় লিফটে দাঁড়ানো লোকের ওজন - [সওজ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ০৩]
ক. কমে যায় খ. বেড়ে যায় গ. স্বাভাবিক থাকে ঘ. শূন্য হয়ে যায় **উত্তর: ক**

৪৫. লিফটের কোন অবস্থার জন্য কোনো ব্যক্তি ওজনহীনতা অনুভব করতে পারেন? [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০১]
ক. লিফট যখন সমবেগে উপরের দিকে উঠে খ. লিফটটি যখন সমবেগে নিচের দিকে নামে
গ. লিফটটি যখন g ত্বরণে উপরের দিকে উঠে ঘ. লিফটটি যখন g ত্বরণে নিচের দিকে নামে **উত্তর: ঘ**

৪৬. মহাশূণ্যচারী মহাশূণ্যযানে পৃথিবী প্রদক্ষিণরত থাকার সময় নিজেকে ওজনহীন মনে করেন কেন? [পিএসসি'র সহকারী পরিচালক: ৯৪]
ক. ঐ দুরত্বে পৃথিবীর কোনো মহাকর্ষীয় বল নেই খ. মহাশূণ্যচারীর বেগ অপরিবর্তিত থাকে
গ. মহাশূণ্যচারী মহাশূণ্যযানের চেয়ে ধীর গতিতে চলে ঘ. মহাশূণ্যচারীর g এর মানের সমান ত্বরিত হয় **উত্তর: ঘ**

৪৭. এক ব্যক্তি দালানের দশ তলায় একটি লিফটে দাঁড়িয়ে আছে। তার হাতে কোনো স্প্রিং নিক্তি থেকে ঝুলানো একটি বস্তু ১০ নিউটন ওজন নির্দেশ করছে। হঠাৎ লিফটের তার ছিঁড়ে লিফটি মুক্তভাবে নিচে পড়তে থাকলে স্প্রিং নিক্তিতে বস্তুটির ওজন কত নির্দেশ করবে? [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০০]
ক. ০ নিউটন খ. ০.৯৮ নিউটন গ. ১০ নিউটন ঘ. ৯৮ নিউটন **উত্তর: ক**

৪৮. কৃত্রিম উপগ্রহে বস্তুর ওজন পৃথিবীতে এর ওজনের তুলনায় - [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. সমান খ. দ্বিগুণ গ. তিনগুণ ঘ. শূণ্য **উত্তর: ঘ**

৪৯. দোলকের দোলনকার কিসের উপর নির্ভর করে? [বিআরটিএ'র সহকারী পরিচালক: ০৫]
ক. মাধ্যাকর্ষণজনিত ত্বরণ খ. দোলকপিন্ডের ভর গ. দোলকের দৈর্ঘ্য ঘ. দোলকের দৈর্ঘ্য ও মাধ্যাকর্ষণজনিত ত্বরণ **উত্তর: ঘ**

৫০. সরল দোলকের সুতার দৈর্ঘ্য বাড়ালে, দোলনকাল - [পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা প্রসেসিং অপারেটর: ০২]
ক. বাড়বে খ. কমবে গ. কোনো পরিবর্তন হবে না ঘ. দোলক স্থির হয়ে যাবে **উত্তর: ক**

৫১. একটি সরল দোলককে পৃথিবীর কেন্দ্রে নিলে তার দোলনকাল কত হবে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. শূন্য খ. অসীম গ. ভূ-পৃষ্টের সমান ঘ. ভূ-পৃষ্ঠ থেকে কম **উত্তর: খ**

৫২. একটি বালিকা দোলনায় বসে দোল খাচ্ছে। সে উঠে দাঁড়ালে তার দোলনকালের কী পরিবর্তন ঘটবে? [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. শূণ্য হবে খ. কমবে গ. বাড়বে ঘ. পরিবর্তন হবে না **উত্তর: খ**

৫৩. কোনো স্থানে মাধ্যাকর্ষণজনিত ত্বরণ ৯ গুণ বাড়লে সেখানে একটি সরল দোলকের দোলনকাল কতগুণ বাড়বে বা কমবে? [১৩তম বিসিএস]
ক. ৯ গুণ বাড়বে খ. ৯ গুণ কমবে গ. ৩ গুণ বাড়বে ঘ. ৩ গুণ কমবে **উত্তর: ঘ**

৫৪. একটি পেন্ডুলাম ঘড়ি বিষুবরেখা থেকে মেরুতে নিলে ঘড়িটি - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. ধীর হবে খ. অপরিবর্তিত থাকবে গ. ঠিক সময় দেবে ঘ. দ্রুত চলবে **উত্তর: ঘ**

৫৫. দোলক ঘড়ি দ্রুত চলে - [পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০১]
ক. গ্রীষ্মকালে খ. শরৎকালে গ. হেমন্তকালে ঘ. শীতকালে **উত্তর: ঘ**

৫৬. ঘড়ির কাঁটার গতি কী ধরনের গতি? / বৈদ্যুতিক পাখা ও সাইকেলের চাকার গতি কী ধরনের গতি? [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. রৈখিক গতি খ. পর্যায়বৃত্ত গতি গ. স্পন্দন গতি ঘ. উপবৃত্তাকার গতি **উত্তর: খ**

৫৭. দোলকের গতি নিয়ন্ত্রিত হয় নিচের কোন সমীকরণের দ্বারা? [তথ্য মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ০৩]
ক. $T = 2\pi\sqrt{\frac{L}{g}}$ খ. $T = 2\pi\sqrt{\frac{g}{L}}$ গ. $T = \frac{\pi}{2}\sqrt{\frac{L}{g}}$ ঘ. $T = \frac{2}{\pi}\sqrt{\frac{L}{g}}$ **উত্তর: ক**

কাজ ও ক্ষমতা

০১. জুল কী? [গণপূর্ত মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ৯৯]
ক. কাজের একক খ. বলের একক গ. ক্ষমতার একক ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

০২. আন্তর্জাতিক পদ্ধতিতে কাজের একক কী / এস.আই. ইউনিটে কাজের একক - [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের উপ-সহকারী প্রকৌশলী: ১৯]
ক. নিউটন খ. আর্গ গ. জুল ঘ. ওয়াট **উত্তর: গ**

০৩. সিজিএস পদ্ধতিতে কাজের একক - [তথ্য মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ০৩]
ক. নিউটন খ. আর্গ গ. জুল ঘ. ওয়াট **উত্তর: খ**

০৪. **কাজ ও বলের একক যথাক্রমে** - [৩১তম বিসিএস]
ক. নিউটন ও মিটার খ. জুল ও ডাইন গ. ওয়াট ও পাউন্ড ঘ. প্যাসকেল ও কিলোগ্রাম **উত্তর: খ**

০৫. **২ নিউটন বল কোনো নিদিষ্ট বস্তুর উপরে প্রয়োগ করায় বস্তুটি ৫ মিটার দূরে সরে গেলে। সম্পন্ন কাজের পরিমাণ হলো** - [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. ২০ জুল খ. ২০ ওয়াট গ. ১০ জুন ঘ. ৩০ ওয়াট **উত্তর: গ**

০৬. **পাহাড়ে উঠার সময় আমাদের সামনের দিকে ঝুঁকতে হয় কারণ** - [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়ক: ০৬]
ক. বেগ বাড়ানোর জন্য খ. ক্লান্তি এড়ানোর জন্য
গ. শরীরকে স্থির রাখার জন্য ঘ. পেছনের দিকে হেলে পড়া রোধের জন্য **উত্তর: গ**

০৭. **পাহাড়ে উঠায় বা সিড়ি ভাঙ্গায় পরিশ্রম বেশি হয় কারণ** - [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৩]
ক. আনুভূমিক সরণ কম হওয়ায় খ. অভিকর্ষ বলের বিপরীতে কাজ করতে হয় বলে
গ. পাহাড়ি ভূমি ও সিড়ি শক্ত বলে ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

০৮. **ক্ষমতার একক** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ক্যালরি খ. আর্গ গ. ওয়াট ঘ. জুল **উত্তর: গ**

০৯. **হর্স পাওয়ার কী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. কাজ পরিমাপের একক খ. শক্তি পরিমাপের একক গ. চাপ পরিমাপের একক ঘ. ক্ষমতা পরিমাপের একক **উত্তর: ঘ**

১০. **ইঞ্জিনের ক্ষমতা প্রকাশ করার জন্য কোন একক ব্যবহার করা হয়?** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০১]
ক. জুল খ. ক্যালভিন গ. অশ্ব ক্ষমতা ঘ. ক্যালরি **উত্তর: গ**

১১. **এক অশ্ব শক্তি = কত?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ২৩]
ক. ১০০০ ওয়াট খ. ৭৬৪ ওয়াট গ. ৭৪৬ ওয়াট ঘ. ৬৭৪ ওয়াট **উত্তর: গ**

১২. **এক অশ্ব শক্তি বা হর্স পাওয়ার নিচের প্রায় সমতুল্য?** [সুন্দরবন গ্যাস ফিল্ডের টেকনিশিয়ান: ২৩]
ক. ১.৪৩১ কিলোওয়াট খ. ১.৫ কিলোওয়াট গ. ০.৭৪৬ কিলোওয়াট ঘ. ১.৭৪৬ কিলোওয়াট **উত্তর: গ**

১৩. **এক মেট্রিক অশ্ব শক্তি হলো** - [বিআরটিএ'র পরিদর্শক: ২৩]
ক. ৭৩৬ ওয়াট খ. ৭৬৪ ওয়াট গ. ৭৪৬ ওয়াট ঘ. ৬৭৪ ওয়াট **উত্তর: ক**

শক্তি ও শক্তির রূপান্তর

০১. **কাজ করার সামর্থ্যকে বলে** - [১১তম বিসিএস]
ক. ক্ষমতা খ. কাজ গ. শক্তি ঘ. বল **উত্তর: গ**

০২. **শক্তির একক কোনটি?** [বিআরটিএ'র সহকারী পরিচালক: ০৫]
ক. জুল খ. নিউটন গ. কেজি ঘ. ওয়াট **উত্তর: ক**

০৩. **জুল কিসের একক?** [স্ট্যান্ডার্ড ব্যাংকের অফিসার: ১২]
ক. তাপ খ. ক্ষমতা গ. শক্তি ঘ. ক ও গ উভয়ই **উত্তর: ঘ**

০৪. **এক ক্যালরি সমান কত জুল?** [সুন্দরবন গ্যাস ফিল্ডের টেকনিশিয়ান: ২৩]
ক. ০.৪১৮ খ. ৪.১৮ গ. ৪১.৮ ঘ. ৪১৮ **উত্তর: খ**

০৫. **যন্ত্র থেকে প্রাপ্ত শক্তিকে কী বলে?** [গৃহায়ন মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী: ৯৯]
ক. তড়িৎ শক্তি খ. আলোক শক্তি গ. যান্ত্রিক শক্তি ঘ. শব্দ শক্তি **উত্তর: গ**

০৬. **ব্যাটারিতে সঞ্চিত শক্তি হলো** - [প্রাণিসম্পদ অধিদপ্তরের ভিএফএ: ২০]
ক. তাপশক্তি খ. যান্ত্রিক শক্তি গ. রাসায়নিক শক্তি ঘ. আলোক শক্তি **উত্তর: গ**

০৭. **নিচের কোন যন্ত্রে রাসায়নিক শক্তি বৈদ্যুতিক শক্তিতে রূপান্তরিত হয়?** [ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার: ১৮]
ক. বৈদ্যুতিক মোটর খ. ব্যাটারি গ. জেনারেটর ঘ. কয়েল মিটার **উত্তর: খ**

০৮. **যে ডিভাইস এক ধরনের শক্তিকে অন্য শক্তিতে রূপান্তর করতে পারে তাকে কী বলে?** [বাপেক্সের সহকারী ব্যবস্থাপক: ২৩]
ক. ট্রান্সডিউসার খ. অ্যামপ্লিফায়ার গ. ক্লিপার ঘ. ডায়োড **উত্তর: ক**

০৯. **শব্দ তরঙ্গকে বৈদ্যুতিক তরঙ্গে রূপান্তরিত করার যন্ত্রের নাম কী?** [নিপোর্টের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. মাইক্রোফোন খ. লাউড স্পিকার গ. জেনারেটর ঘ. অ্যামপ্লিফায়ার **উত্তর: ক**

১০. **কোন যন্ত্রের মাধ্যমে তড়িৎ শক্তিকে শব্দ শক্তিতে রূপান্তরিত করা হয়? / বিদ্যুৎ শক্তিকে শব্দ শক্তিতে রূপান্তরিত করে** - [৪০তম বিসিএস]
ক. লাউড স্পিকার খ. অ্যামপ্লিফায়ার গ. জেনারেটর ঘ. মাল্টিমিটার **উত্তর: ক**

১১. **বৈদ্যুতিক ঘন্টায় বিদ্যুৎ শক্তি কোন প্রকার শক্তিতে রূপান্তরিত হয়?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৬]
ক. তাপ শক্তিতে খ. রাসায়নিক শক্তিতে গ. শব্দ শক্তিতে ঘ. আলোক শক্তিতে **উত্তর: গ**

১২. **কোনটিতে তড়িৎ শক্তি তাপ শক্তিতে রূপান্তরিত হয়? / তারের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহিত হওয়ার সময় তাপ ছেড়ে দেয়। নিচের কোন বৈদ্যুতিক যন্ত্রটিতে উপরের ব্যবস্থার উত্তম প্রয়োগ হয়েছে?** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. মিক্সার খ. ঘড়ি গ. টোস্টার ঘ. ফ্যান **উত্তর: গ**

১৩. **মোবাইল ও টেলিফোন লাইনে মধ্য দিয়ে প্রবাহিত হয় -** [৩৬তম বিসিএস]
ক. তড়িৎ শক্তি খ. চৌম্বক শক্তি গ. শব্দ শক্তি ঘ. আলোক শক্তি **উত্তর: ক**

১৪. **ফটো ডিটেক্টরের কাজ কী?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৫]
ক. বিদ্যুৎ শক্তিকে আলোক শক্তিতে রূপান্তরিত করা খ. ডিজিটাল সিগন্যালকে এনালগ সিগন্যালে রূপান্তরিত করা
গ. আলোক শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত করা ঘ. এনালগ সিগন্যালকে ডিজিটাল সিগন্যালে রূপান্তরিত করা **উত্তর: গ**

১৫. **একটি ঘড়ি চালানোর জন্য স্প্রিংয়ে কোন ধরণের শক্তি প্রদান করা হয়?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সহকারী পরিচালক: ০১]
ক. তড়িৎ শক্তি খ. আলোক শক্তি গ. গতি শক্তি ঘ. বিভব শক্তি বা স্থিতি শক্তি **উত্তর: ঘ**

১৬. **হাইড্রোইলেকট্রিসিটি বা জলবিদ্যুৎ তৈরি করতে দরকার হয় -** [গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসর: ০৫]
ক. পানি খ. জ্বালানি গ. তাপ ঘ. বাতাস **উত্তর: ক**

১৭. **কাপ্তাই পানি বিদ্যুৎ শক্তির মূল উৎস কী?** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা: ০৯]
ক. পানির গতিশক্তি খ. পানির রাসায়নিক শক্তি গ. পানির বিভব শক্তি ঘ. যান্ত্রিক শক্তি **উত্তর: গ**

১৮. **নদীতে বাঁধ দিয়ে জলবিদ্যুৎ উৎপাদনের সময় সঞ্চিত জলরাশিতে কোন শক্তি জমা করা হয়?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. ঘর্ষণ শক্তি খ. গতি শক্তি গ. স্থিতি শক্তি ঘ. যান্ত্রিক শক্তি **উত্তর: গ**

১৯. **জলবিদ্যুৎ কেন্দ্রে টারবাইন ঘুরানোর জন্য কী করা হয়?** [৭ম বিজেএস]
ক. মোটর ব্যবহার করার হয় খ. পানির গতিশক্তিকে কাজে লাগানো হয়
গ. জেনারেটর ব্যবহার করা হয় ঘ. পানির বিভব শক্তিকে কাজে লাগানো হয় **উত্তর: ঘ**

২০. **যে যন্ত্রের সাহায্যে পানির গতি শক্তিকে কাজে লাগিয়ে যান্ত্রিক শক্তি উৎপন্ন করা হয় তাকে বলে -** [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক: ২৩]
ক. ওয়াটার গেট খ. ফ্লো-টারবাইন গ. ওয়াটার টারবাইন ঘ. ওয়াটার পাম্প **উত্তর: গ**

২১. **গ্যাস টারবাইন টেকনোলজির ভিত্তি হলো -** [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক: ২৩]
ক. র‍্যাঙ্কিন সাইকেল খ. অটো সাইকেল গ. পাওয়ার সাইকেল ঘ. ব্রেটন সাইকেল **উত্তর: ঘ**

২২. **উইন্ডমিলের সাহয্যে কী উৎপাদন করা যায়?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. বায়ু খ. বিদ্যুৎ গ. তেল ঘ. প্রাকৃতিক গ্যাস **উত্তর: খ**

২৩. **শক্তির রূপান্তর সংক্রান্ত নিম্নোক্ত কোন উক্তিটি ত্রুটিপূর্ণ?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০৩]
ক. টারবাইন দ্বারা তাপশক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত করা হয়
খ. মোটরের সাহায্যে বিদ্যুৎ শক্তিকে যন্ত্র শক্তিতে রূপান্তরিত করা হয়
গ. জেনারেটরের সাহায্যে যন্ত্র শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত করা হয়
ঘ. বৈদ্যুতিক বাল্ব দ্বারা বিদ্যুৎ শক্তিকে আলোক শক্তিতে রূপান্তরিত করা হয় **উত্তর: ক**

শক্তির উৎস ও প্রয়োগ

০১. **কোনটি অনবায়নযোগ্য শক্তির উৎস?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট: ১৯]
ক. কয়লা খ. পানির স্রোত গ. সৌরশক্তি ঘ. বায়ু **উত্তর: ক**
ব্যাখ্যা: যে শক্তি বারবার ব্যবহার করা যায় না এবং ব্যবহারের পর নিঃশেষ হয়ে যায় তাকে অনবায়নযোগ্য শক্তি বলে। যেমন- কয়লা, তেল, ইউরেনিয়াম, গ্যাস ইত্যাদি।

০২. **কোনটি অনবায়নযোগ্য শক্তির উৎস?** [শ্রম পরিদপ্তরের শ্রম অফিসার: ৯৬]
ক. তেল খ. ইউরেনিয়াম গ. গ্যাস ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

০৩. **কাঠ ও কয়লা প্রধানত কী?** [৪র্থ বিজেএস]
ক. অক্সিজেন খ. হাইড্রোজেন গ. কার্বন ঘ. ক্লোরিন **উত্তর: গ**

০৪. **কয়লার মূল উপাদান কোনটি?** [৬ষ্ঠ বিজেএস]
ক. অক্সিজেন খ. হাইড্রোজেন গ. কার্বন ঘ. ক্লোরিন **উত্তর: গ**

০৫. **কোন মৌলটির উপস্থিতি কয়লার মান নষ্ট করে?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৪]
ক. সালফার খ. নাইট্রোজেন গ. ফসফরাস ঘ. অক্সিজেন **উত্তর: ক**

০৬. **কিসের উপর ভিত্তি করে কয়লার প্রকারভেদ করা হয়?** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী রাসায়নবিদ: ৯৮]
ক. সালফার খ. কার্বন গ. জিংক ঘ. তামা **উত্তর: খ**

০৭. **কোন কয়লায় কার্বন সবচেয়ে বেশি আছে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. লিগনাইট খ. বিটুমিনাস গ. অ্যানথ্যাসাইট ঘ. পিট **উত্তর: গ**

০৮. **আইভরি ব্ল্যাক কী?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরে জুনিয়র ইন্সট্রাক্টর: ০৫]
ক. রক্ত কয়লা খ. সক্রিয় কয়লা গ. কালো রং ঘ. অস্থিজ কয়লা **উত্তর: ঘ**

০৯. **পিট কয়লার বৈশিষ্ট্য হলো -** [১৬ তম বিসিএস]
ক. মাটির অনেক গভীরে থাকে খ. পাহাড়ী এলাকায় পাওয়া যায় গ. ভিজা ও নরম ঘ. দহন ক্ষমতা কয়লার তুলনায় অধিক **উত্তর: গ**

১০. **নিচের কোনটি সবুজ জ্বালানি? / কাকে সবুজ জ্বালানি বলা হয়? / নিচের কোনটি সবচেয়ে সবুজ জ্বালানি?** [জনতা ব্যাংকের অফিসার: ০৯]
ক. পেট্রোল খ. অকটেন গ. ডিজেল ঘ. সিএনজি **উত্তর: ক**

১১. **কোনটি পেট্রোলিয়াম থেকে পাওয়া যায়?** [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক. ক্লোরিন খ. প্যারাফিন গ. রেনিয়াম ঘ. আয়োডিন **উত্তর: খ**

১২. **রাস্তা বা ছাদের আবরণ হিসাবে ব্যবহৃত পিচ কোনটি থেকে তৈরি হয়? / কোনটি থেকে রাস্তার আবরণ হিসাবে ব্যবহৃত পিচ তৈরি করা হয়?** [শ্রম পরিদপ্তরের শ্রম অফিসার: ০৩]
ক. বালি খ. চুনাপাথর গ. পেট্রোলিয়ামের অবশেষ ঘ. অ্যামোনিয়ার কালো লিকার **উত্তর: গ**

১৩. **পেট্রোলের আগুন পানি দ্বারা নিভানো যায় না কারণ -** [২৩তম বিসিএস]
ক. পেট্রোল পানির চেয়ে হালকা খ. পেট্রোল পানির সাথে মিশে না
গ. পেট্রোলের সাথে পানি মিশে যায় ঘ. খ ও গ উভয়ই **উত্তর: ক**

১৪. **যে বিজ্ঞান জীবাশ্ম সম্বন্ধে আলোচনা করে - / Fossil সম্বন্ধে আলোচনা করে -** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. প্যালিয়েন্টোলজি খ. মরফোলজি গ. ফাইটোজেনি ঘ. ফসিওলজি **উত্তর: ক**
ব্যাখ্যা: বহু প্রাচীনকালের উদ্ভিদ এবং প্রাণীর মৃতদেহের যে ধ্বংসাবশেষ মাটির নিচে পাওয়া যায় তাকে জীবাশ্ম বলে। যে জ্বালানি জীবাশ্ম থেকে পাওয়া যায় তাকে জীবাশ্ম জ্বালানি বলে। যেমন- প্রাকৃতিক গ্যাস, কয়লা, তেল, পেট্রোলিয়াম, মিথেন ইত্যাদি।

১৫. **নিচের কোনটি জীবাশ্ম জ্বালানি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৪]
ক. কয়লা খ. তৈল গ. প্রাকৃতিক গ্যাস ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

১৬. **নিচের কোনটি জীবাশ্ম বা Fossil থেকে উৎপন্ন হয়?** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী রাসায়নবিদ: ৯৮]
ক. মিথেন খ. ইথেন গ. ইথিলিন ঘ. সিলিকন **উত্তর: ক**

১৭. **নিচের কোনটি জীবাশ্ম জ্বালানি নয়?** [১০ম বিসিএস]
ক. পেট্রোলিয়াম খ. কয়লা গ. প্রাকৃতিক গ্যাস ঘ. বায়োগ্যাস **উত্তর: ঘ**

১৮. **নিচের কোনটি জীবাশ্ম জ্বালানি বা Fossil Fuel নয়?** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী রাসায়নবিদ: ৯৮]
ক. পেট্রোলিয়াম খ. কয়লা গ. প্রাকৃতিক গ্যাস ঘ. ইউরেনিয়াম-২৩৭ **উত্তর: ঘ**

১৯. **বাংলাদেশের একটি জীবন্ত জীবাশ্মের নাম -** [১৭তম বিসিএস]
ক. রাজ কাঁকড়া খ. গন্ডার গ. পিপীলিকাভুক্ত ম্যানিস ঘ. স্লো লোরিস **উত্তর: ক**
ব্যাখ্যা: যে সকল জীব সুদূর অতীতে উৎপত্তি লাভ করেও কোনো রকম পরিবর্তন ছাড়াই এখনও পৃথিবীতে টিকে আছে অথচ তাদের সমসাময়িক জীবদের অবলুপ্তি ঘটেছে সেই সকল জীবদের জীবন্ত জীবাশ্ম বলে। যেমন- লিমুলাস বা রাজকাঁকড়া, প্লাটিপাস, স্ফেনোডন, সাইকাস, ইকুইজিটাম, নিটাম, গিঙ্কো বাইলোবা প্রভৃতি।

২০. **কোনটি জীবন্ত জীবাশ্ম? / কোন উদ্ভিদকে জীবন্ত ফসিল বলা হয়?** [সুপ্রিম কোর্টের প্রটোকল অফিসার: ২৩]
০১. **বিজ্ঞানী থিওফ্রাস্টাস উদ্ভিদের কান্ডের প্রকৃতি, বিস্তৃতি ও কাষ্ঠলতার উপর ভিত্তি করে উদ্ভিদকে ভাগ করেছেন -** [প্রিমিয়ার ব্যাংকের অফিসার: ০৯]
ক. ২ ভাগে খ. ৩ ভাগে গ. ৪ ভাগে ঘ. ৫ ভাগে **উত্তর: গ**
ব্যাখ্যা: বিজ্ঞানী থিওফ্রাস্টাস উদ্ভিদের কান্ডের প্রকৃতি, বিস্তৃতি ও কাষ্ঠলতার উপর ভিত্তি করে উদ্ভিদকে ৪ ভাগে ভাগ করেছেন। যথা- বৃক্ষ, গুল্ম, উপগুল্ম ও বীরুৎ। বৃক্ষ জাতীয় উদ্ভিদের উদাহরণ হলো আম, জাম, কাঠাল ইত্যাদি। গুল্ম জাতীয় উদ্ভিদের উদাহরণ হলো জবা, গন্ধরাজ, রঙ্গন, গোলাপ, লেবু ইত্যাদি। উপগুল্ম জাতীয় উদ্ভিদের উদাহরণ হলো কাল্কাসুন্দা, আঁশশেওড়া ইত্যাদি। বীরুৎ জাতীয় উদ্ভিদের উদাহরণ হলো ধান, গম, সরিষা, ঘাস, কচু, কচুরিপানা, নরম লতা জাতীয় গাছ ইত্যাদি। আয়ুষ্কালের উপর ভিত্তি করে বীরুৎ জাতীয় উদ্ভিদ তিন প্রকার। যথা- একবর্ষজীবী, দ্বিবর্ষজীবী ও বহুবর্ষজীবী উদ্ভিদ। একবর্ষজীবী উদ্ভিদের উদাহরণ হলো ধান, গম, ভুট্টা, সরিষা, ছোলা ইত্যাদি। দ্বিবর্ষজীবী উদ্ভিদের উদাহরণ হলো মুলা, ফুলকপি, বাধাকপি, গাজর ইত্যাদি। বহুবর্ষজীবী উদ্ভিদের উদাহরণ হলো আদা, হলুদ, শটি, কলাবতী, দুর্বা ঘাস ইত্যাদি।

০২. **কোনটি বীরুৎ বা হার্ব জাতীয় উদ্ভিদ?** [প্রিমিয়ার ব্যাংকের অফিসার: ০৯]
ক. ধান খ. গোলাপ গ. জবা ঘ. লেবু **উত্তর: ক**

০৩. **ধান গাছ কোন জাতীয় উদ্ভিদ?** [এলজিইডি'র হিসাব সহকারী: ২১]
ক. ছত্রাক খ. ঘাস গ. মস ঘ. শৈবাল **উত্তর: খ**

০৪. **সবচেয়ে বড় ঘাস -** [জাতীয় সংসদ সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. শিম গাছ খ. লাউ গাছ গ. বট গাছ ঘ. বাশঁ **উত্তর: ঘ**

০৫. **একবর্ষী উদ্ভিদের উদাহরণ কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. ছোলা খ. সরিষা গ. ধান ঘ. হলুদ **উত্তর: গ**

০৬. **কোনটি গুল্ম জাতীয় উদ্ভিদ?** [প্রিমিয়ার ব্যাংকের অফিসার: ০৯]
ক. আম খ. ধান গ. গম ঘ. গোলাপ **উত্তর: ঘ**

০৭. **লেবু গাছ কোন জাতীয় উদ্ভিদ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. বৃক্ষ খ. গুল্ম গ. বিরুৎ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

০৮. **দ্রুত বৃদ্ধি সম্পন্ন গাছ কোনটি?** [সিএজি কার্যালয়ের সহকারী পরিসংখ্যান কর্মকর্তা: ৯৮]
ক. ইপিল ইপিল খ. ইউক্যালিপটাস গ. রেডউড ঘ. ওয়েলিংটনিয়া **উত্তর: খ**

০৯. **নিচের কোন গাছকে সূর্যকন্যা বলা হয়?** [জবি: ১৪-১৫]
ক. তুলা গাছ খ. দেবদারু গাছ গ. তাল গাছ ঘ. আম গাছ **উত্তর: ক**

১০. **সকল সপুষ্পক উদ্ভিদ হচ্ছে -** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. পরজীবী খ. স্বভোজী গ. পরভোজী ঘ. মিথোজীবী **উত্তর: খ**
ব্যাখ্যা: ফুলের উপর ভিত্তি করে উদ্ভিদকে দুই ভাগে ভাগ করা হয়েছে। যথা- সপুষ্পক উদ্ভিদ ও অপুষ্পক উদ্ভিদ। সকল সপুষ্পক উদ্ভিদ স্বভোজী। যে সব উদ্ভিদের ফুল হয় সেগুলোকে সপুষ্পক উদ্ভিদ বলে। যেমন- আম, শিমুল, পেয়ারা, সুপারি, মরিচ, গম, পাইন, ধান, শিম ইত্যাদি। যে উদ্ভিদে কখনও ফুল হয় না তাকে অপুষ্পক উদ্ভিদ বলে। যেমন- মস, ফার্ণ, ঢেঁকি শাক, ছত্রাক, ব্যাঙের ছাতা, অ্যাগারিকাস, শৈবাল, স্পাইরোগাইরা, ক্লোরেলা, নস্টক ইত্যাদি।

১১. **কোনটি সপুষ্পক উদ্ভিদ নয়?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. আম খ. অ্যাগারিকাস গ. শিমুল ঘ. পেয়ারা **উত্তর: খ**

১২. **যে উদ্ভিদে কখনও ফুল হয় না তাকে কী বলে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. অপুষ্পক উদ্ভিদ খ. সপুষ্পক উদ্ভিদ গ. মিথোজীবী উদ্ভিদ ঘ. স্বভোজী উদ্ভিদ **উত্তর: ক**

১৩. **কোনটি অপুষ্পক উদ্ভিদ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. ব্যাঙের ছাতা খ. সুপারি গ. মরিচ ঘ. গম **উত্তর: ক**

১৪. **কোনটি অপুষ্পক উদ্ভিদ?** [টেলিফোন বোর্ডে সহকারী পরিচালক: ৮১]
ক. মস খ. পাতাবাহার গ. ঘাস ঘ. ঝাউগাছ **উত্তর: ক**

১৫. **কোনটি অপুষ্পক উদ্ভিদ নয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ক্লোরেলা খ. শিমুল গ. নস্টক ঘ. ব্যাঙের ছাতা **উত্তর: খ**

১৬. **মূল নেই কোনটির?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৪]
ক. মস খ. ফার্ন গ. আম ঘ. কাঠাল **উত্তর: ক**

১৭. **মূল নেই কোন উদ্ভিদের?** [২৪তম বিসিএস]
ক. ফণিমনসা খ. বীরুৎ গ. গুল্ম ঘ. রিসিয়া **উত্তর: ঘ**

১৮. **কোন উদ্ভিদে অণুজীবের মাধ্যমে প্রজনন হয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. সরিষা খ. পাট গ. ফার্ন ঘ. গম **উত্তর: গ**

১৯. **ফার্ন উদ্ভিদের জন্য কোনটি প্রযোজ্য?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৪]
ক. কান্ড ও পাতাবিশিষ্ট সপুষ্পক উদ্ভিদ খ. মূল, কান্ড ও পাতায় বিভক্ত অপুষ্পক উদ্ভিদ
গ. কান্ড ও পাতাবিশিষ্ট অপুষ্পক উদ্ভিদ ঘ. মূল, কান্ড ও পাতায় বিভক্ত সপুষ্পক উদ্ভিদ **উত্তর: খ**

২০. **ব্যাঙের ছাতা কোন শ্রেণির উদ্ভিদ?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. ব্যাকটেরিয়া খ. শৈবাল গ. ছত্রাক ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**
ব্যাখ্যা: যে সব উদ্ভিদকে মূল কাণ্ড পাতা বা শাখা প্রশাখায় ভাগ করা যায় না তাদেরকে সমাঙ্গদেহী উদ্ভিদ বলে। ক্লোরোফিলবিহীন অসবুজ সমাঙ্গদেহী উদ্ভিদই ছত্রাক। যেমন- এগারিকাস, মিউকর, মাশরুম, বাঙের ছাতা, পেনিসিলিয়াম, ইস্ট ইত্যাদি। ক্লোরোফিল সমন্বিত স্বভোজী সমাঙ্গদেহী উদ্ভিদই শৈবাল। যেমন- স্পাইরোগাইরা, ক্লামাইডোমোনাস, সারগাসম, ভলভক্স, ক্লোরেলা ইত্যাদি।

২১. **মাশরুম কী জাতীয় উদ্ভিদ? / মাশরুম এক ধরণের -** [৩২তম বিসিএস]
ক. অপুষ্পক উদ্ভিদ খ. পরজীবী উদ্ভিদ গ. ছত্রাক উদ্ভিদ / ফাঙ্গাস ঘ. অর্কিড জাতীয় উদ্ভিদ **উত্তর: গ**

২২. **ক্লোরোফিলবিহীন উদ্ভিদ হলো -** [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ০৮]
ক. ব্যাঙের ছাতা খ. ইউগ্লিনা গ. ক্রাইসিমিবা ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

২৩. **কোন শ্রেণির উদ্ভিদের ক্লোরোফিল নেই?** [চবি: ০৩-০৪]
ক. শৈবাল খ. ছত্রাক গ. মস ঘ. ফার্ন **উত্তর: খ**

২৪. **অসবুজ উদ্ভিদ কোনটি?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০০]
ক. শৈবাল খ. ফান গ. ছত্রাক ঘ. স্পাইরোগাইরা **উত্তর: গ**

২৫. **প্লাস্টিডবিহীন উদ্ভিদ কোনটি?** [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৪]
ক. সাইকাস খ. এগারিকাস গ. পাইনাস ঘ. স্পাইরোগাইরা **উত্তর: খ**

২৬. **কোনটি অটোফাইট বা স্বভোজী নয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. জাম খ. কাঠাল গ. ব্যাঙের ছাতা বা ছত্রাক ঘ. লিচু **উত্তর: গ**

২৭. **মিউকর কী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. একটি শৈবাল খ. একটি ছত্রাক গ. একটি ব্যাকটেরিয়া ঘ. একটি ফার্ন **উত্তর: খ**

২৮. **ঈস্ট কী?** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১]
ক. একটি ভাইরাস খ. একটি ছত্রাক গ. একটি ব্যাকটেরিয়া ঘ. একটি প্রটোজোয়া **উত্তর: খ**

২৯. **পাউরুটি ফোলানোর জন্য কোন ছত্রাক জাতীয় উদ্ভিদ ব্যবহৃত হয়?** [ডাক বিভাগের উপজেলা পোস্টমাস্টার: ১০]
ক. মস খ. ঈস্ট গ. ব্যাক্টেরিওফাজ ঘ. এগারিকাস **উত্তর: খ**

৩০. **কোন শিল্পে ঈস্টের সংশ্লিষ্টতা নেই?** [৩৭তম বিসিএস]
ক. মদ্য শিল্পে খ. রুটি শিল্পে গ. সাইট্রিক এসিড উৎপাদনে ঘ. এককোষীয় প্রোটিন তৈরিতে **উত্তর: গ**

৩১. **শৈবাল কোন জাতীয় উদ্ভিদ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. স্বভোজী খ. পরভোজী গ. পরাশ্রয়ী ঘ. মৃতজীবী **উত্তর: ক**

৩২. **শৈবালের বৈশিষ্ট্য কী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক:১৪]
ক. স্বভোজী খ. পরজীবী গ. এককোষী ঘ. দেহে ক্লোরোফিল থাকে না **উত্তর: ক**

৩৩. **কোন উদ্ভিদের মূল, কান্ড ও পাতা নেই কিন্তু ক্লোরোফিল আছে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৪]
ক. ব্রায়োফাইটা খ. টেরিডোফাইটা গ. শৈবাল ঘ. ছত্রাক **উত্তর: গ**

৩৪. **মহাকাশ গবেষণায় খাদ্য ও অক্সিজেন উৎপাদনের উৎস হিসাবে ব্যবহৃত হয় -** [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ০৪]
ক. ক্লোরোলা উদ্ভিদ খ. ফাংগাস গ. শৈবাল ঘ. সবগুলোই **উত্তর: ক**

৩৫. **কোনটি একবীজপত্রী উদ্ভিদ?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. আম খ. ধান গ. জাম ঘ. কাঁঠাল **উত্তর: খ**
ব্যাখ্যা: বীজের উপর ভিত্তি করে আবৃতজীবী উদ্ভিদ দুই প্রকার। যথা- একবীজপত্রী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ। যে সকল উদ্ভিদের বীজে একটিমাত্র বীজপত্র থাকে তাদেরকে একবীজপত্রী উদ্ভিদ বলে। যেমন- ধান, গম, ভুট্টা, ইক্ষু, নারিকেল, তাল, সুপারি, খেজুর ইত্যাদি। যে সকল উদ্ভিদের বীজে দুইটি বীজপত্র থাকে তাদেরকে দ্বিবীজপত্রী উদ্ভিদ বলে। যেমন- আম, জাম, কাঠাল, বড়ই, ছোলা, মটর, শিম, লিচু, মেহগনি, সুন্দরী ইত্যাদি।

৩৬. **নিচের কোনটি একবীজপত্রী?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০০]
ক. ছোলা খ. ভুট্টা গ. মটর ঘ. শিম **উত্তর: খ**

৩৭. **কোনটি একবীজপত্রী উদ্ভিদ?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-বিভাগীয় অফিসার: ০৩]
ক. জামরুল খ. গোলাপজাম গ. সেগুন ঘ. খেজুর **উত্তর: ঘ**

৩৮. **কোনটি একবীজপত্রী উদ্ভিদ?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯২]
ক. ইক্ষু খ. আম গ. ছোলা ঘ. কাঠাল **উত্তর: ক**

৩৯. **কোনটি একবীজপত্রী উদ্ভিদ নয়?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৫]
ক. ভুট্টা খ. নারিকেল গ. গম ঘ. কাঠাল **উত্তর: ঘ**

৪০. **সয়াবিন কী জাতীয় শস্য?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০০]
ক. তৈল খ. তৈল ও ডাল গ. দানা ঘ. ডাল **উত্তর: ক**
ব্যাখ্যা: ব্যবহারের উপর ভিত্তি করে ফসল বিভিন্ন ধরনের হয়। যেমন- ডাল জাতীয়, দানা জাতীয়, তেলবীজ, আশ জাতীয়, নেশা জাতীয় প্রভৃতি। যে ফসল তেল উৎপাদনের জন্য চাষাবাদ করা হয় তাকে তেলবীজ ফসল বলে। যেমন- সয়াবিন, তিসি, সরিষা, তিল ইত্যাদি।

৪১. **কোনটি তৈল জাতীয় বীজ নয়?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০০]
ক. তিসি খ. সরিষা গ. অড়হর ঘ. তিল **উত্তর: গ**

৪২. **অর্কিড কী ধরনের উদ্ভিদ?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. মৃতজীবী খ. মিথোজীবী গ. পরাশ্রয়ী ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

৪৩. **The planting and care of woody plants, especially trees, is known as -** [ঢাবি: ১৩-১৪]
ক. Arboniculture খ. Husbandry গ. Pisciculture ঘ. Aquaculture **উত্তর: ক**

৪৪. **An Aquaculture is the art of growing plants and animals in -** [চবি ১০-১১]
ক. Soil খ. Ponds গ. Laboratory ঘ. Water **উত্তর: ঘ**

৪৫. **The art of growing artificially dwarfed varieties of trees and shrubs in pots is called - / শক্ত কান্ডবিশিষ্ট গাছকে নান্দনিকভাবে খর্বাকৃতি করে ট্রের মধ্যে ফলানোকে কী বলে?** [বাংলাদেশ গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ১১]
ক. টোপিয়ারি খ. ফ্যাব্রিকেশন গ. গার্ডেনিং ঘ. বনসাই **উত্তর: ঘ**

প্লান্ট ডাইভারসিটি

০১. **উদ্ভিদ বিজ্ঞানের সংজ্ঞায় গোল আলুকে কী বলে?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-বিভাগীয় অফিসার: ০৩]
ক. ফল খ. ফুল গ. কান্ড ঘ. মূল **উত্তর: গ**
ব্যাখ্যা: পরিবর্তিত বা রূপান্তরিত কান্ডের উদাহরণ হলো আদা, হলুদ, সটি, গোল আলু, ওলকচু, পেঁয়াজ, রসুন, লিলি, টিউলিপ, থানকুনি, দুর্বাঘাস, আমরুলী, ওলকপি, কচু, কচুরিপানা, টোপাপানা, পুদিনা, চন্দ্রমল্লিকা, বাঁশ, ফণিমনসা, শতমূলী, বেল, ময়না কাঁটা, মেহেদী, হাড়জোড়া, ঝুমকলতা, বুলবিল ইত্যাদি। পরিবর্তিত বা রূপান্তরিত মূলের উদাহরণ হলো মূলা, শালগম, গাজর, সন্ধ্যামালতি, মিষ্টি আলু, ভালিয়া, শতমূলী, বট, কেয়া, পান, স্বর্ণলতা, সুন্দরী, গরান, রাস্না ইত্যাদি। পরিবর্তিত বা রূপান্তরিত পাতার উদাহরণ হলো আকর্ষী, কলসি, ঝাঁঝি, সূর্যশিশির, পাথরকুচি, পেঁয়াজ, রসুন, ঘৃতকুমারী ইত্যাদি।

০২. **নিচের কোন সবজিটি আলাদা জাতের?** [রাবি: ০৫-০১]
ক. আলু খ. পটল গ. শিম ঘ. বেগুন **উত্তর: ক**

০৩. **রূপান্তরিত কান্ড কোনটি?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ১২]
ক. আলু খ. পেঁয়াজ গ. মুলা ঘ. গাজর **উত্তর: ক, খ**

০৪. **নিচের কোনটি গাজর, পেঁয়াজ ও মুলার মতো?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৩]
ক. বেগুন খ. সিম গ. লেবু ঘ. আলু **উত্তর: ঘ**

০৫. **'প্রতিটি চোখ থেকে একটি স্বাধীন উদ্ভিদের জন্ম হয়' সেই উদ্ভিদ নিচের কোনটি?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের ভিএফএ: ২০]
ক. আলু খ. পুদিনা গ. আদা ঘ. রসুন **উত্তর: ক**

০৬. **নিচের কোনটি ভূ-গর্ভস্থ কান্ড?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. শালগম খ. গাজর গ. আদা ঘ. মূল **উত্তর: গ**

০৭. **রূপান্তরিত মূল কোনটি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ইন্সট্রাক্টর: ০৫]
ক. ওলকপি খ. মিষ্টি আলু গ. কচু ঘ. আদা **উত্তর: খ**

০৮. **নিচের কোনটি মুল?** [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]
ক. কচু খ. গোল আলু গ. শালগম ঘ. আদা **উত্তর: গ**

০৯. **শালগম কোন প্রকার রূপান্তরিত মূল?** ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৪]
ক. কন্দাকৃতি মূল খ. রূপান্তরিত প্রধান মূল গ. অস্থানিক মূল ঘ. শাখা মূল **উত্তর: খ**

১০. **রূপান্তরিত পাতা কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. নারিকেল পাতা খ. জবা পাতা গ. আকর্ষী ঘ. গোলপাতা **উত্তর: গ**

১১. **পৃথিবীর ক্ষুদ্রতম জলজ উদ্ভিদ কোনটি? / কোনটি ক্ষুদ্রতম জলজ উদ্ভিদ?** [এনএসআই'র ফিল্ড স্টাফ: ২৩]
ক. Pistia Stratiotes খ. Azolla Pinnat গ. Salvinia Natans ঘ. Wolffia Arrhiza (গুড়িপানা) **উত্তর: ঘ**

১২. **কচুরিপানা কোন দেশ থেকে বাংলাদেশে এসেছে?** [সিএজি কার্যালয়ের গবেষণা কর্মকর্তা: ০৮]
ক. মার্কিন যুক্তরাষ্ট্র খ. মেক্সিকো গ. ব্রাজিল ঘ. ভেনিজুয়েলা **উত্তর: খ**

১৩. **কচুরিপানা পানিতে ভাসে -** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০০]
ক. শিকড় লম্বা বলে খ. কান্ড ফাঁপা বলে গ. পাতাগুলো ছড়ানো বলে ঘ. সবগুলোই ঠিক **উত্তর: খ**

১৪. **জলজ উদ্ভিদ সহজে ভাসতে পারে কারণ** - [১০ম বিসিএস]
ক. এরা অনেক ছোট হয় খ. এরা পানিতে জন্মে
গ. এদের পাতা অনেক থাকে ঘ. এদের কান্ডে অনেক বায়ু বা কুঠুরী থাকে **উত্তর: ঘ**

১৫. **কোন উদ্ভিদের কান্ড রূপান্তরিত হয়ে পাতার কাজ করে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. ফার্ণ খ. ফণিমনসা গ. আদা ঘ. পাথরকুচি **উত্তর: খ**

১৬. **কোন গাছের পাতা থেকে গাছ জন্মায়? / পাতার কিনারায় মুকুল সৃষ্টি হয়ে নতুন উদ্ভিদের জন্ম হয় কোনটিতে?** [শ্রম পরিদপ্তরের সহকারী প্রধান পরিদর্শক: ০৯]
ক. পাতাবাহার খ. পাথরকুচি গ. কেওড়া ঘ. ফণিমনসা **উত্তর: খ**
ব্যাখ্যা: পাতার মাধ্যেম প্রজনন করে পাথরকুচি। মূলের সাহায্যে প্রজনন করে মিষ্টি আলু, ডালিয়া, কাঁকরোল, পটল ইত্যাদি। কান্ডের মাধ্যমে প্রজনন করে আলু, আদা, হলুদ, সটি, পেঁয়াজ, রসু, কচু, পুদিনা, কচুরিপানা, কলা, আনারস ইত্যাদি।

১৭. **পাথরকুচির চারা কিসের সাহায্যে উৎপন্ন হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০২]
ক. জোড় কলমের সাহায্যে খ. প্রকন্দের সাহায্যে গ. পাতার সাহায্যে ঘ. মৌল কান্ডের সাহায্যে **উত্তর: গ**

১৮. **মূলের সাহায্যে প্রজনন করে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. আদা খ. আলু গ. ডালিয়া ঘ. পিঁয়াজ **উত্তর: গ**

১৯. **কোনো গাছের শিকড়, ডাল বা পাতা কেটে যে নতুন চারা গজায় তাকে বলে** - [মাউশি অধিদপ্তরের পরিদর্শক: ১৩]
ক. দাবা কলম খ. খন্ড কলম গ. জোড় কলম ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

২০. **শাখা কলমের মাধ্যমে প্রজনন করে কোনটি** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ১৫]
ক. আখ / ইক্ষু খ. ভুট্টা গ. হলুদ ঘ. কলা **উত্তর: ক**

২১. **কোনটি ছোট দিনের উদ্ভিদ?** [সুপ্রিম কোর্টের প্রটোকল অফিসার: ২৩]
ক. পাট খ. মুলা গ. গম ঘ. যব **উত্তর: ক**
ব্যাখ্যা: দিন ও রাত্রিকালের তুলনামুলক দৈর্ঘ্যের প্রতি কোনো উদ্ভিদের সাড়া দেওয়ার প্রবণতাকে ফটোপিরিয়ডিজম বলে। ফটোপিরিয়ডিজমের প্রবর্তন ও নামকরণ করেন। ফটোপিরিয়ডিজমের উপর ভিত্তি করে উদ্ভিদকে তিন ভাগে ভাগ করা হয়। যথা- ছোট দিনের উদ্ভিদ বা বড় রাত্রির উদ্ভিদ, বড় দিনের উদ্ভিদ বা ছোট রাত্রির উদ্ভিদ ও নিরপেক্ষ দিনের উদ্ভিদ। ছোট দিনের উদ্ভিদগুলো হলো আলু, সয়াবিন, ইক্ষু, চন্দ্রমল্লিকা, অ্যাস্টার, ডালিয়া, তামাক, শিম, পাট, রোপা আমন, কসমস, সরিষা ইত্যাদি। বড় দিনের উদ্ভিদগুলো হলো পালংশাক, লেটুস, আফিম, ভূট্টা, যব, ঝিঙা ইত্যাদি। নিরপেক্ষ দিনের উদ্ভিদগুলো হলো টমেটো, শশা, কার্পাস, সূর্যমুখী, আউশ ধান ইত্যাদি।

২২. **নিরপেক্ষ দিনের উদ্ভিদ?** [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ০৪]
ক. শশা খ. সূর্যমূখী গ. আউশ ধান ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

২৩. **কোনটি নিরপেক্ষ দিনের উদ্ভিদ?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. পালং শাক খ. সূর্যমূখী গ. শিম ঘ. রোপা **উত্তর: খ**

২৪. **নিরপেক্ষ দিনের ফসল** - [গণপূর্ত অধিদপ্তরের উপ-বিভাগীয় অফিসার: ০৩]
ক. আমন ধান খ. আখ গ. আউশ ধান ঘ. তামাক **উত্তর: গ**

২৫. **নিচের কোনটি ভেষজ উদ্ভিদ নয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. গর্জন খ. বানরলাঠি গ. অর্জুন ঘ. দুর্বা **উত্তর: ক**

২৬. **উদ্ভিদের বৃদ্ধি নির্ণায়ক যন্ত্র** - [৩২তম বিসিএস]
ক. ওডোমিটার খ. ক্রনোমিটার গ. ট্যাকোমিটার ঘ. ক্রেসকোগ্রাফি **উত্তর: ঘ**

২৭. **গাছের বয়স নির্ণয় করা হয় কীভাবে?** [এসআইবিএল'র অফিসার: ১১]
ক. Counting the number of leaves খ. Counting the number of rings in the stem
গ. Counting the numbers of branches ঘ. Measuring the size of the tree **উত্তর: খ**

ফুল ও ফল

০১. **কোনটি পুষ্পায়নে সহায়তা করে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. জিবেরেলিন খ. অক্সিন গ. ফ্লোরিজেন ঘ. ফাইটোক্রম **উত্তর: গ**

০২. **পুষ্পপত্র বিন্যাস কত প্রকার?** [সিএজি কার্যালয়ের সহকারী পরিসংখ্যান কর্মকর্তা: ৯৮]
ক. তিন প্রকার খ. চার প্রকার গ. পাঁচ প্রকার ঘ. ছয় প্রকার **উত্তর: গ**
ব্যাখ্যা: একটি সম্পুর্ণ ফুলের ৫ টি অংশ থাকে। যথা- পুষ্পাক্ষ, বৃতি, দল, পুংস্তবক ও স্ত্রীস্তবক। বৃত্তি, দল, পুংস্তবক ও স্ত্রীস্তবকের সদস্যগুলোকে পুষ্পপত্র বলে। ফুলের পুষ্পাক্ষের উপর পুষ্পপত্রের বিন্যাস পদ্ধতিকে পুষ্পপত্র বিন্যাস বলে। পুষ্পপত্র বিন্যাস পাঁচ প্রকার। যথা- কুইনকানশিয়াল, ভালভেট, টুইস্টেড, ইমব্রিকেট ও ভ্যাক্সিলারি।

০৩. **ডিম্বাণু সৃষ্টি হয় স্ত্রী স্তবকের** - [পরিবার পরিকল্পনা অধিদপ্তর পরিবার পরিকল্পনা পরিদর্শক: ১৩]
ক. গর্ভদন্ডে খ. গর্ভমুন্ডে গ. ডিম্বাশয়ে ঘ. ডিম্বকে **উত্তর: ঘ**

০৪. **অন্ধকারে অঙ্কুরিত হয় কোন ফুল?** [সিএজি কার্যালয়ের সহকারী পরিসংখ্যান কর্মকর্তা: ৯৮]
ক. বেলি খ. গাঁদা গ. জুঁই ঘ. জবা **উত্তর: খ**

০৫. **বহুপ্রতিসম ফুল কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. মটর খ. কলাবতী গ. শিম ঘ. সরিষা **উত্তর: ঘ**

০৬. **পৃথিবীর বৃহত্তম ফুলের নাম কী?** [অগ্রণী ব্যাংকের অফিসার: ১১]
ক. রক্তজবা খ. র‍্যাফেলেশিয়া গ. ফণিমনসা ঘ. লরেন্স **উত্তর: খ**

০৭. **সাধারণত ফলের অংশ কয়টি?** [সিএজি কার্যালয়ের সহকারী পরিসংখ্যান কর্মকর্তা: ৯৮]
ক. ২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৫টি **উত্তর: খ**

০৮. **একটি আদর্শ ফলে পাওয়া যায়** - [পরিবেশ অধিদপ্তরের রিসার্চ অফিসার: ০৬]
ক. বীজপত্র ও ফলত্বক খ. বীজ ও বীজপত্র গ. বহিঃত্বক ও অন্তঃত্বক ঘ. বহিঃত্বক, মধ্যত্বক ও অন্তঃত্বক **উত্তর: ঘ**

০৯. **আনারস কোন জাতীয় ফল?** [প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১২]
ক. সরল ফল খ. গুচ্ছ ফল গ. যৌগিক ফল ঘ. রসালো ফল **উত্তর: গ**

১০. **পৃথিবীর সবচেয়ে সুস্বাদু ফল কোনটি?** [থানা শিক্ষা অফিসার: ৯৯]
ক. আম খ. কাঠাঁল গ. ডুরিয়ান ঘ. রোজবেরি **উত্তর: ক**

১১. **৪০ প্রজাতির ফল এক গাছে'র আবিষ্কারক কে?** [নার্সিং অধিদপ্তরের মিডওয়াইফ: ১৭]
ক. স্যামস হিউ খ. আর্থার লুইস গ. এল. এন. নারায়না ঘ. স্যাম ভন অ্যাকেন **উত্তর: ঘ**

১২. **ফল পাকানোর জন্য দায়ী কে?** [বিসিকের প্রমোশন অফিসার: ২৩]
ক. ইথিলিন খ. লাইকোপেন গ. প্রপিন ঘ. মিথিলিন **উত্তর: ক**

১৩. **কাঁচা কলা, টমোটো ও পেঁপে পাকানোর জন্য কী কেমিক্যাল ব্যবহার করা হয়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৩]
ক. ইথিলিন খ. লাইকোপেন গ. কার্বাইড ঘ. মিথিলিন **উত্তর: ক**

পরাগায়ন ও অঙ্কুরোদগম

০১. **পরাগায়ন কত প্রকার?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৪]
ক. দুই খ. তিন গ. চার ঘ. পাঁচ **উত্তর: ক**
ব্যাখ্যা: পরাগধানী হতে পরাগরেনু স্থানান্তরিত হয়ে ফুলের গর্ভমুন্ডে পতিত হওয়াকে পরাগায়ন বলে। পরাগায়ন দুই প্রকার। যথা- স্বপরাগায়ন ও পরপরাগায়ন। স্বপরাগী উদ্ভিদগুলো হলো শিম, টমেটো, কানশিরা, তুলা ইত্যাদি। পরপরাগী উদ্ভিদের পরাগায়ন বায়ু, পতঙ্গ, প্রাণী ও পানির মাধ্যমে হয়ে থাকে। বায়ুপরাগী উদ্ভিদগুলো হলো ধান, গম, ভুট্টা, ইক্ষু ইত্যাদি। পতঙ্গ পরাগী উদ্ভিদগুলো হলো সূর্যমুখী, জুঁই, সরিষা, গোলাপ, পদ্ম, শালুক, জবা, কুমড়া, ডুমুর ইত্যাদি। প্রাণী পরাগী উদ্ভিদগুলো হলো কদম, কলা, কচু, শিমুল, পলাশ ইত্যাদি। পানিপরাগী উদ্ভিদগুলো হলো পাতা শ্যাওলা, কাঁটা শ্যাওলা ইত্যাদি।

০২. **কোনটি স্বপরাগী উদ্ভিদ?** [তুলা উন্নয়ন বোর্ডের তুলা উন্নয়ন কর্মকর্তা: ০৬]
ক. শিম খ. টমেটো গ. তুলা ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

০৩. **কোন উদ্ভিদে স্ব-পরাগায়ন ঘটে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. ধান খ. আম গ. সরিষা ঘ. শিম **উত্তর: ঘ**

০৪. **যে সব ফুল পতঙ্গপরাগী এবং রাতে ফোটে সেসব ফুলে কোনটি থাকে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৮]
ক. গন্ধ ও পাপড়িহীন খ. তীব্র গন্ধ এবং সাদা পাপড়ি গ. তীব্র গন্ধ পাপড়িহীন ঘ. গন্ধহীন কিন্তু অনেক মধু **উত্তর: খ**

০৫. **ধানের পরাগায়ন কীভাবে হয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]
ক. বৃষ্টির সাহায্যে খ. বাতাসের সাহায্যে গ. কীট-পতঙ্গের সাহায্যে ঘ. মৌমাছির সাহায্যে **উত্তর: খ**

০৬. **ধানের ফুলে পরাগ সংযোগ ঘটে** - [১১তম বিসিএস]
ক. ফুলে ফুলে সংস্পর্শে খ. পাতা দ্বারা স্থানান্তরিত হয়ে গ. কীট পতঙ্গের সাহায্যে ঘ. বাতাসের সাথে পরাগ ঝড়ে পড়ে **উত্তর: ঘ**

০৭. **বাদুড় কোন ফুলের পরাগায়ন ঘটায়?** [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ০৪]
ক. পাতা ঝাঁঝি খ. জংলীকলা গ. মঞ্জুরীপত্র ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

০৮. **পাখির দ্বারা পুষ্পরেণু বহন করাকে বলে** - [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর: ১৮]
ক. Ornithophily খ. Entomophily গ. Autogamy ঘ. Anemophily **উত্তর: ক**

০৯. **পরাগরেণু বিশ্লেষণ বিদ্যাকে বলা হয়** - [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৩]
ক. অস্টিওলজি খ. সাইটোলজি গ. প্যালিনলজি ঘ. এ্যামব্রায়োলজি **উত্তর: গ**

১০. **ডুমুরের পুংরেণুর সাথে স্ত্রী রেণুর সংযোগ স্থাপনের মাধ্যম** - [উপজেলা / থানা শিক্ষা অফিসার: ৯৯]
ক. কালো পিপঁড়া খ. মৌমাছি গ. প্রজাপতি ঘ. লাল পিপঁড়া **উত্তর: ক**

১১. **নিম্নের কোনটি পরাগায়ানের সঠিক বর্ণনা?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৮]
ক. একই ফুলের পরাগধানী থেকে পরাগ স্থান্তরিত হয় খ. একই ফুলের পরাগধানী থেকে পরাগ অন্য ফুলের গর্ভমুন্ডে যায়
গ. একই ফুলের পরাগধানী থেকে ঐ ফুলের গর্ভমুন্ডে যায় ঘ. পরাগধানী থেকে পরাগ স্থানান্তরিত হয়ে অন্য ফুলে যায় **উত্তর: খ, গ**

১২. **বীজের অঙ্কুরোদগমের জন্য দরকার হয়** - [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ০৪]
ক. তাপ পানি খ. পানি ও অক্সিজেন গ. অক্সিজেন ও কার্বন ঘ. তাপ, পানি ও অক্সিজেন **উত্তর: ঘ**

ব্যাখ্যা: বীজ থেকে শিশু উদ্ভিদ উৎপন্ন হয়ার প্রক্রিয়াকে অঙ্কুরোদগম বলে। অঙ্কুরোদগম প্রধানত তিন প্রকার। যথা- মৃৎগত, মৃৎভেদী ও জরায়ুজ অঙ্কুরোদগম। আম, ছোলা, ধান, গম, মটরশুটি ইত্যাদি উদ্ভিদে মৃৎগত অঙ্কুরোদগম হয়। পেঁয়াজ, শিম, লাউ, কুমড়া, তেঁতুল, রেড়ী ইত্যাদি উদ্ভিদে মৃৎভেদী অঙ্কুরোদগম হয়। গরান, সুন্দরী, কেওড়া ইত্যাদি উদ্ভিদে জরায়ুজ অঙ্কুরোদগম হয়।

১৩. **বীজের অঙ্কুরোদগমের জন্য অত্যাবশ্যকীয় উপাদান কোনটি?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-বিভাগীয় অফিসার: ০৩]
ক. পানি-তাপ-বাতাস খ. মাটি-সার-পানি গ. মাটি-তাপ-আলো ঘ. মাটি-আলো-বায়ু **উত্তর: ক**

১৪. **নিচের কোনটি বীজে মৃৎগত অঙ্কুরোদগম হয়?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৪]
ক. রেড়ি খ. মিষ্টি কুমড়া গ. আম ঘ. শিম **উত্তর: গ**

১৫. **কিসের সাহায্যে বটের বীজের বিস্তার ঘটে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. পাখি খ. পানি গ. বাতাস ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

উদ্ভিদের শরীরবৃত্তীয় কার্যাবলি

০১. **'অসমোসিস' শব্দের অর্থ কী? / 'Osmosis' শব্দের অর্থ কী?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের ভিএফএ: ২০]
ক. ব্যাপন খ. অভিস্রবন গ. প্রস্বেদন ঘ. পানি শোষণ **উত্তর: খ**

০২. **উদ্ভিদ মূলরোমের সাহায্যে পানি শোষণ করে কোন প্রক্রিয়ায়?** [দুদকের সহকারী পরিচালক: ২০]
ক. ব্যাপন খ. অভিস্রবণ গ. প্রস্বেদন ঘ. ইমবাইবিশন **উত্তর: খ**

০৩. **পানিতে কিসমিস ডুবিয়ে রাখলে কিছুক্ষণের মধ্যে ফুলে উঠে কোন প্রক্রিয়ায়?** [পিএসসি'র সহকারী সচিব: ০৫]
ক. ব্যাপন খ. অভিস্রবণ গ. বিপাক ঘ. শ্বসন **উত্তর: খ**

০৪. **লবণের দ্রবণে আঙ্গুর রাখলে তা চুপসে যায় কোন প্রক্রিয়ায়? / লবণের দ্রবণে আঙ্গুর রাখলে তা চুপসে যাওয়ার কারণ কী?** [দুদকের উপ-সহকারী পরিচালক: ২০]
ক. ব্যাপন খ. অন্তঃঅভিস্রবণ গ. বহিঃঅভিস্রবণ ঘ. ইমবাইবিশন **উত্তর: গ**

০৫. **যে প্রকিয়ার মাধ্যমে কোনো দ্রব্যের অণু বেশি ঘনত্বের এলাকা থেকে কম ঘনত্বের এলাকায় ছড়িয়ে পড়ে তাকে বলা হয়** - [পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পরিচালক: ২১]
ক. ব্যাপন খ. শ্বসন গ. অভিস্রবন ঘ. ইমবাইভিশন **উত্তর: ক**

০৬. **উদ্ভিদ কোষ থেকে বাষ্পাকারে পানি বের হয়ে যাওয়ার প্রণালীকে বলে** - [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. প্রস্বেদন খ. শ্বসন গ. ব্যাপন ঘ. বাষ্পীভবন **উত্তর: ক**

০৭. **প্রস্বেদন পাতার একটি** - [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৪]
ক. বিশেষ কাজ খ. স্বাভাবিক কাজ গ. আদৌ পাতার কাজ নয় ঘ. কোনটিই নয় **উত্তর: খ**

০৮. **সূর্যের প্রখর উত্তাপে গরম হয় না কোনটি?** [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]
ক. গাছের পাতা খ. বায়ুমন্ডল গ. গাছের ফল ঘ. মাটি **উত্তর: ক**

০৯. **শীত বা গ্রীষ্মের পূর্বে গাছের পাতা ঝড়ে যায় কেন?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. খাদ্যের অভাবে খ. শ্বসনের হার কমাতে গ. অভিস্রবণ কমাতে ঘ. প্রস্বেদন কমাতে **উত্তর: ঘ**

১০. **শীত কালে প্রস্বেদন কম হয় কারণ** - [থানা / উপজেলা নির্বাচন অফিসার: ০৪]
ক. আর্দ্রতা কম থাকে খ. পত্ররন্ধ্র বন্ধ থাকে গ. পাতা ঝরে যায় ঘ. সবগুলোই **উত্তর: গ**

১১. **কলার চারা লাগানোর সময় পাতা কেটে ফেলা হয় কেন?** [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৫]
ক. প্রস্বেদন রোধ করার জন্য খ. শ্বসন বন্ধ করার জন্য
গ. অভিস্রবণ ত্বরান্বিত করার জন্য ঘ. সালোকসংশ্লেষণের উপযোগী করে তোলার জন্য **উত্তর: ক**

১২. **লেন্টিকুলার প্রস্বেদন উদ্ভিদের কোন অংশে হয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. মূল খ. পাতা গ. কান্ড ঘ. ফুল **উত্তর: গ**

১৩. **উদ্ভিদের বায়বীয় অংশ হতে পানি হারানোর জন্য দায়ী কে?** [মাউশি অধিদপ্তরের উচ্চমান সহকারী: ১৩]
ক. শ্বসন খ. ব্যাপন গ. নিষেক ঘ. শোষণ **উত্তর: খ**

১৪. **কোনটি মিথ্যা?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. তাপমাত্রা বাড়ালে ব্যাপনের হার বাড়ে খ. মাধ্যমের ঘনত্ব বেশি হলে ব্যাপনের হার কমে
গ. মাধ্যমের ঘনত্ব বেশি হলে ব্যাপনের হার বাড়ে ঘ. পদার্থের অণুর ঘনত্ব বেশি হলে ব্যাপনের হার বেশি হবে **উত্তর: গ**

১৫. **কোনটি প্রাথমিক খাদ্য উৎপাদক?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. মানুষ খ. উদ্ভিদ গ. সবুজ উদ্ভিদ ঘ. প্রাণী **উত্তর: গ**

১৬. **উদ্ভিদের খাদ্য তৈরি হয়** - [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৮]
ক. কচিকান্ডে খ. বীজপত্রে গ. পাতায় ঘ. কচিকান্ডে, বীজপত্রে ও পাতায় **উত্তর: ঘ**

১৭. **কোন প্রক্রিয়ার সাহায্যে উদ্ভিদে খাদ্য তৈরি হয়? / উদ্ভিদ কোন প্রক্রিয়ায় শর্করা উৎপন্ন করে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. শ্বসন খ. প্রস্বেদন গ. ব্যাপন ঘ. সালোকসংশ্লেষণ **উত্তর: ঘ**

১৮. **উদ্ভিদ সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় কোন জাতীয় খাদ্য উৎপন্ন করে? / সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় কোনটি তৈরি হয়?** [বিএডিসি'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ২১]
ক. শর্করা খ. আমিষ গ. স্নেহ ঘ. ভিটামিন **উত্তর: ক**

১৯. **কোনটি উদ্ভিদের সালোকসংশ্লেষনে কাজ করে?** [ডাক বিভাগের উপজেলা পোস্টমাস্টার: ১০]
ক. জ্যাছোফিল খ. জাইলেম গ. ক্রোমোপ্লাস্ট ঘ. ক্লোরোফিল **উত্তর: ঘ**

২০. **ক্লোরোফিল ছাড়া সম্পন্ন হয় না** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. শ্বসন খ. সালোকসংশ্লেষণ গ. রেচন ঘ. অভিস্রবণ **উত্তর: খ**

২১. **সালোকসংশ্লেষণ সংগঠিত হয় যেখানে** - [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. মাইটোকন্ড্রিয়া আছে খ. নিউক্লিয়াস আছে গ. ক্লোরোফিল আছে ঘ. এন্ডোপ্লাজমিক রেটিকুলাম আছে **উত্তর: গ**

২২. **সালোকসংশ্লেষণের মাধ্যমে খাদ্য প্রস্তুত করে কোষের কোন অঙ্গ?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৪]
ক. সাইটোপ্লাজম খ. নিউক্লিয়াস গ. ক্লোরোপ্লাস্ট ঘ. গলজি বস্তু **উত্তর: গ**

২৩. **Photostynthesis takes place in** - [৩৪তম বিসিএস]
ক. Roots of the plants খ. Stems of the plants গ. Green parts of the plants ঘ. All of the plants **উত্তর: গ**

২৪. **সালোকসংশ্লেষণ সংঘটিত হয় কোথায়?** [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ০৪]
ক. প্লাস্টিড খ. ক্রোমোজম গ. রাইবোজম ঘ. মাইটোকন্ড্রিয়া **উত্তর: ক**

২৫. **কোথায় সালোকসংশ্লেষণ সংঘটিত হয়?** [পল্লী উন্নয়ন একাডেমির সহকারী পরিচালক: ২১]
ক. ক্রোমোপ্লাস্ট খ. ক্রোমোজম গ. রাইবোজম ঘ. মাইটোকন্ড্রিয়া **উত্তর: ক**

২৬. **পাতার যে কোষে সালোকসংশ্লেষণ ঘটে** - [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. প্যারেনকাইমা খ. কোলেনকাইমা গ. প্যালিসেড প্যারেনকাইমা ঘ. কোনটিই নয় **উত্তর: গ**

২৭. **পাতার ক্লোরোফিল সহায়তা করে** - [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী: ১৩]
ক. খাদ্য তৈরিতে খ. শ্বসন প্রক্রিয়ায় গ. পরাগায়নে ঘ. বংশ বৃদ্ধিতে **উত্তর: ক**

২৮. **কোন কান্ড খাদ্য তৈরি করে?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১৪]
ক. হলুদের কান্ড খ. রূপান্তরিত কান্ড গ. বায়বীয় কান্ড ঘ. সবুজ কান্ড **উত্তর: ঘ**

২৯. **সালোকসংশ্লেষণ ঘটে না** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. পাতায় খ. শাখা-প্রশাখায় গ. সবুজ কান্ড ঘ. মূলে **উত্তর: ঘ**

৩০. **উদ্ভিদের খাদ্য প্রস্তুত প্রক্রিয়ায় প্রয়োজনীয় শক্তির উৎস কোনটি?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-বিভাগীয় কর্মকর্তা: ০৩]
ক. পানি খ. আলো গ. বায়ু ঘ. মাটি **উত্তর: খ**

৩১. **সালোকসংশ্লেষণ সবচেয়ে বেশি পরিমাণে হয়** - [২৬তম বিসিএস]
ক. সবুজ আলোতে খ. নীল আলোতে গ. লাল আলোতে ঘ. বেগুনি আলোতে **উত্তর: গ**

৩২. **কোন আলোতে সালোকসংশ্লেষণ হয় না?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ২৩]
ক. সবুজ আলোতে খ. নীল আলোতে গ. লাল আলোতে ঘ. বেগুনি আলোতে **উত্তর: ক**

৩৩. **খাদ্য তৈরির জন্য উদ্ভিদ বায়ু গ্রহণ করে** - [৪০তম বিসিএস]
ক. অক্সিজেন খ. কার্বন ডাই অক্সাইড গ. নাইট্রোজেন ঘ. জলীয় বাষ্প **উত্তর: খ**

৩৪. **গাছপালা বায়ুমন্ডলে কী ত্যাগ করে?** [খাদ্য অধিদপ্তরের উপ- সহকারী খাদ্য পরিদর্শক: ০৯]
ক. অক্সিজেন খ. হিলিয়াম গ. নাইট্রোজেন ঘ. কার্বন-ডাই-অক্সাইড **উত্তর: ক**

৩৫. **আমাদের দেশে বনায়নের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ হওয়ার কারণ** - [২২তম বিসিএস]
ক. গাছপালা পরিবেশের ভারসাম্য নষ্ট্য করে খ. গাছপালা অক্সিজেন ত্যাগ করে পরিবেশকে নির্মল রাখে ও জীব জগতে বাচাঁয়
গ. দেশের অর্থনৈতিক উন্নয়নে কোন অবদান নেই ঘ. ঝড় ও বন্যার আশঙ্কা বাড়িয়ে দেয় **উত্তর: খ**

৩৬. **সালোকসংশ্লেষণের অন্ধকার বিক্রিয়া কী নামে পরিচিত?** [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ০৪]
ক. টমসন খ. কেলভিন বিক্রিয়া গ. কার্লো বিক্রিয়া ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৩৭. **সালোকসংশ্লেষণে কার্বন ডাই অক্সাইড পানির সাথে বিক্রিয়া করে উৎপন্ন করে** - [মাউশি অধিদপ্তরে অফিস সহায়ক: ৯৮]
ক. কার্বনিক এসিড খ. শুধু গ্লুকোজ গ. শক্তি ঘ. গ্লুকোজ ও অক্সিজেন **উত্তর: ঘ**

৩৮. **সালোকসংশ্লেষণ একটি রাসায়নিক প্রক্রিয়া। সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় তৈরি হয়** - [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. O_2 খ. CO_2 গ. SO_2 ঘ. DNA **উত্তর: ক**

৩৯. **সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় নির্গত অক্সিজেনের উৎস কোনটি?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-বিভাগীয় কর্মকর্তা: ০৩]
ক. ক্লোরোফিল খ. কার্বন ডাই অক্সাইড গ. পানি ঘ. পানি ও কার্বন ডাই অক্সাইড **উত্তর: গ**

৪০. **সালোকসংশ্লেষণে সূর্যের আলোর রাসায়নিক শক্তিতে পরিণত করার কর্মদক্ষতা হলো** - [৪৩তম বিসিএস]
ক. ০ % খ. ৩ - ৬ % গ. ১০ - ১৫ % ঘ. ১০০ % **উত্তর: খ**

৪১. **শ্বসন প্রক্রিয়ায় উদ্ভিদ ত্যাগ করে** - [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ক. অক্সিজেন খ. কার্বন ডাই অক্সাইড গ. নাইট্রোজেন ঘ. অক্সিজেন ও কার্বন ডাই অক্সাইড **উত্তর: খ**

৪২. **ঘন পাতা বিশিষ্ট বৃক্ষের নিচে রাতে ঘুমানো স্বাস্থ্যসম্মত নয়। কারণ গাছ হইতে -** [২৪তম বিসিএস]
ক. অধিক পরিমাণে অক্সিজেন নির্গত হয় খ. বিষাক্ত সায়ানাইড নির্গত হয়
গ. অধিক পরিমাণে কার্বন ডাই অক্সাইড নির্গত হয় ঘ. অধিক পরিমাণে কার্বন মনোক্সাইড নির্গত হয় **উত্তর: গ**

প্লান্ট নিউট্রেশন

০১. **সবুজ বিপ্লব বলতে কী বুঝায়?** [৫ম বিজেএস]
ক. ফলন বৃদ্ধির প্রচেষ্টা খ. সবুজ সারের মাধ্যমে ফসল উৎপাদন
গ. পতিত জমির সবুজায়ন ঘ. হাইব্রিডের মাধ্যমে উচ্চ ফসল উৎপাদন **উত্তর: ক**

০২. **সবুজ বিপ্লবের জনক বলা হয় কাকে?** [পূবালী ব্যাংকের অফিসার: ১১]
ক. নরম্যান বোরলাউগ খ. নরম্যান জ্যাক গ. নরম্যান পিট ঘ. নরম্যান জ্যাকলাইন **উত্তর: ক**

০৩. **উদ্ভিদের বৃদ্ধি হয় নিচের কোনটির মাধ্যমে?** [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক: ১৭]
ক. পানির প্রভাবে খ. ইউরিয়া সারের প্রভাবে গ. টিএসপি সারের প্রভাবে ঘ. এমওপি সারের প্রভাবে **উত্তর: ক**

০৪. **উদ্ভিদের প্রয়োজনীয় পুষ্টি উপাদান সংখ্যা - / উদ্ভিদের অত্যাবশ্যকীয় খাদ্যোপাদান কয়টি?** [পল্লী উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ২১]
ক. ১৩ টি খ. ১৫ টি গ. ১৬ টি ঘ. ১৮ টি **উত্তর: গ**
ব্যাখ্যা: উদ্ভিদের প্রয়োজনীয় পুষ্টি উপাদান ১৬ টি। পুষ্টির উপাদান দুই ভাগে বিভক্ত। মুখ্য পুষ্টি বা ম্যাক্রোমৌল এবং গৌণ পুষ্টি বা মাইক্রোমৌল। মুখ্য পুষ্টি উপাদান ১০ টি হলো হলো নাইট্রোজেন (N), পটাশিয়াম (K), ক্যালসিয়াম (Ca), লৌহ (Fe), ম্যাগনেশিয়াম (Mg), কার্বন (C), হাইড্রোজেন (H), অক্সিজেন (O), ফসফরাস (P) ও সালফার (S)। গৌণ পুষ্টি উপাদান ৬ টি হলো জিঙ্ক (Zn), ম্যাঙ্গানিজ (Mn), মলিবডেনাম (Mo), বোরন (B), তামা (Cu) ও ক্লোরিন (Cl)।

০৫. **গাছের খাদ্য তালিকায় আছে -** [২৭তম বিসিএস]
ক. N, P, K, S & Zn খ. Na, P, K, S & Zn গ. N, B, K, S & Al ঘ. N, P, K, S & Al **উত্তর: ক**

০৬. **উদ্ভিদের মুখ্য পুষ্টি উপাদান সংখ্যা কত? / উদ্ভিদের ম্যাক্রোমৌল কতটি?** [থানা শিক্ষা অফিসার: ০৫]
ক. ৩ টি খ. ৬ টি গ. ১০ টি ঘ. ১৬ টি **উত্তর: গ**

০৭. **উদ্ভিদের ম্যাক্রো খাদ্যোপাদান কোনটি?** [পল্লী উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ২১]
ক. পটাশিয়াম খ. কপার গ. ফ্লোরিন ঘ. জিংক **উত্তর: ক**

০৮. **উদ্ভিদের মুখ্য পুষ্টি উপাদানগুলোর মধ্যে প্রাথমিক উপাদানগুলো কী কী?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ২১]
ক. Fe, Mn, Zn খ. Mo, B, Na গ. N, P, K ঘ. Ca, Mg, S **উত্তর: গ**

০৯. **উদ্ভিদের গৌণ পুষ্টি উপাদান সংখ্যা কত? / উদ্ভিদের মাইক্রোমৌল কতটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৭]
ক. ৩ টি খ. ৪ টি গ. ৫ টি ঘ. ৬ টি **উত্তর: ঘ**

১০. **উদ্ভিদের পুষ্টির প্রক্রিয়ায় প্রয়োজনীয় মাইক্রোমৌল কোনগুলো?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. Cu, F, Mn খ. Zn, Fe, O, গ. Cu, Cl, Zn ঘ. S, Zn, Mg **উত্তর: গ**

১১. **নিচের কোন পুষ্টি উপাদান উদ্ভিদ মাটি থেকে পেয়ে থাকে?** [ডিএই'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ১১]
ক. কার্বন খ. সালফার গ. হাইড্রোজেন ঘ. অক্সিজেন **উত্তর: খ, গ**

১২. **উদ্ভিদ কোন উপাদান মাটি থেকে বেশি পরিমাণ গ্রহণ করে?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-বিভাগীয় কর্মকর্তা: ০৩]
ক. ম্যাগনেসিয়াম খ. ফসফরাস গ. নাইট্রোজেন ঘ. পটাসিয়াম **উত্তর: গ**

১৩. **উদ্ভিদ কোন উপাদান মাটি থেকে নেয় না?** [নৌবাহিনীর ক্যাশিয়ার: ২৩]
ক. জিংক খ. কার্বন গ. ক্যালসিয়াম ঘ. পটাসিয়াম **উত্তর: খ**

১৪. **মাটিতে নাইট্রোজেন আবদ্ধ করতে কোন মৌল সাহায্যে করে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ক্যালসিয়াম খ. অক্সিজেন গ. জিংক ঘ. সোডিয়াম **উত্তর: ক**

১৫. **মাটির উর্বরতা বৃদ্ধিতে সাহায্যে করে বায়ুর - / মাটির উর্বরতা বৃদ্ধিতে সাহায্য করে নিচের কোনটি?** [মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. অক্সিজেন খ. কার্বন ডাই অক্সাইড গ. নাইট্রোজেন ঘ. হাইড্রোজেন **উত্তর: গ**

১৬. **বাতাসের নাইট্রোজেন কীভাবে মাটির উর্বরতা বৃদ্ধি করে?** [১৫তম বিসিএস]
ক. সরাসরি মাটিতে মিশ্রিত হয়ে জৈব বস্তু প্রস্তুত করে খ. ব্যাকটেরিয়ার সাহায্যে উদ্ভিদের গ্রহণ উপযোগী বস্তু প্রস্তুত করে
গ. পানিতে মিশে মাটিতে শোষিত হওয়ার ফলে ঘ. মাটির অজৈব লবণকে পরিবর্তিত করে **উত্তর: গ**

১৭. **বজ্রবৃষ্টির ফলে মাটিতে উদ্ভিদের কোন খাদ্য উপাদান বৃদ্ধি পায়?** [৪৪তম বিসিএস]
ক. ফসফরাস খ. নাইট্রোজেন গ. পটাসিয়াম ঘ. অক্সিজেন **উত্তর: খ**

১৮. **নাইট্রোজেন সমৃদ্ধ জৈব সার কোনটি?** [থানা শিক্ষা অফিসার: ১০]
ক. হাড়ের গুড়া খ. সরিষার খৈল গ. গৃহস্থলির ছাই ঘ. মাছের কাঁটা **উত্তর: খ**

১৯. **কোন রাসায়নিক যৌগে উদ্ভিদ সাধারণত মাটি থেকে নাইট্রোজেন সংগ্রহ করে?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-বিভাগীয় অফিসার: ০৩]
ক. N_2 খ. NO_2 গ. NH_3 ঘ. NO_3 **উত্তর: ঘ**

২০. **নাইট্রোজেন গ্যাস থেকে কোন সার প্রস্তুত করা হয়?** [২৬তম বিসিএস]
ক. টিএসপি খ. ইউরিয়া গ. সবুজ সার ঘ. মিউরেট অব পটাশ **উত্তর: খ**

২১. **ইউরিয়া সারে কত ভাগ নাইট্রোজেন থাকে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. ৪০% খ. ৪৬% গ. ৫০% ঘ. ৫৫% **উত্তর: খ**

২২. **ইউরিয়া সারে নাইট্রোজেনের পরিমাণ কত?** [মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৭]
ক. ২০ - ৩০ শতাংশ খ. ৩০ - ৪২ শতাংশ গ. ৪৪ - ৪৬ শতাংশ ঘ. ৬০ - ৭০ শতাংশ **উত্তর: গ**

২৩. **ইউরিয়া সারের প্রধান কাজ কী?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০৭]
ক. গাছের কান্ডকে শক্ত করা খ. শাকসবজির স্বাদ বৃদ্ধি করা গ. গাছকে সবুজ ও সতেজ করা ঘ. গাছের পোকামাকড় রোধ করা **উত্তর: গ**

২৪. **ইউরিয়া সার থেকে উদ্ভিদ কোন খাদ্য উপাদানটি লাভ করে?** [৩৪তম বিসিএস]
ক. ফসফরাস খ. নাইট্রোজেন গ. পটাসিয়াম ঘ. সালফার **উত্তর: খ**

২৫. **উদ্ভিদ মূলের সাহায্যে ইউরিয়া সার কী অবস্থায় শোষণ করে?** [শ্রম মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৫]
ক. H_2NCONH_2 খ. NH_4OH গ. NO_3 Salt ঘ. NO_2 Salt **উত্তর: গ**

২৬. **উদ্ভিদের পাতা হলদে হয়ে যায় কিসের অভাবে?** [২৮তম বিসিএস]
ক. নাইট্রোজেনের খ. ফসফরাসের গ. ইউরিয়ার ঘ. পটাসিয়ামের **উত্তর: ক**

২৭. **মাটিতে নাইট্রোজেন ঘাটতি থাকলে ধানগাছ কেমন দেখায়?** [সিএজি কার্যালয়ের অধীক্ষক: ৯৮]
ক. পাতা গাঢ় হয় খ. পাতা সাদা দেখায় গ. পাতা হলুদ দেখায় ঘ. পাতা লাল রং দেখায় **উত্তর: গ**

২৮. **কীসের অভাবে পাতা পীত বর্ণ ধারণ করে? / কীসের অভাবে গাছের পাতা হলুদ বর্ণ ধারণ করে? / কোন উপাদানের অভাবে গাছের পাতা হলুদ হয়ে উঠে?** [ডিএমএলসি'র জুনিয়র শিক্ষক: ২৩]
ক. পটাশিয়াম খ. ম্যাগনেশিয়াম গ. নাইট্রোজেন ঘ. আয়রণ **উত্তর: গ**

২৯. **কোন খনিজ লবণের অভাবে গাছের বর্ধনশীল অংশে গজানো কচি পাতাগুলো হলদে রঙের হয়? / কিসের অভাবে গাছের বর্ধনশীল অংশে গজানো কচি পাতাগুলো হলদে রঙের হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. লৌহ ও আয়োডিন খ. ম্যাঙ্গানিজ ও ক্যালসিয়াম গ. ফসফরাস ও ক্লোরিন ঘ. ম্যাগনেসিয়াম ও নাইট্রোজেন **উত্তর: ঘ**

৩০. **কোন খনিজ লবণের অভাবে গাছের পাতা ও ফুল ঝরে পড়ে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. ম্যাগনেসিয়াম খ. ফসফরাস গ. লৌহ ঘ. পটাসিয়াম **উত্তর: খ**

৩১. **পানিতে কোন রাসায়নিক উপাদানের আধিক্যে শ্যাওলা জন্মে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. সালফেট ও নাইট্রেট খ. ফসফেট ও নাইট্রোজেন গ. পটাশিয়াম ও ক্যালসি ঘ. ম্যাগনেশিয়াম ও ফসফরাস **উত্তর: ঘ**

৩২. **নিচের কোনটির অভাবে একটি পাতা ফ্যাকাশে রঙের হয়ে পড়ে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৮]
ক. ফসফেট ও লৌহ খ. ম্যাগনেসিয়াম ও লৌহ গ. ফসফেট এবং পটাসিয়াম ঘ. ম্যাগনেসিয়াম ও পটাসিয়াম **উত্তর: খ**

৩৩. **গাছের পাতা বেগুনি রং ধারণ করে কোন কারণে?** [৮ম প্রভাষক নিবন্ধন]
ক. লৌহের অভাবে খ. ফসফরাসের অভাবে গ. গ্লুকোজের অভাবে ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৩৪. **কোন মৌল গাছে সরবরাহের জন্য মাটিতে 'মিউরেট অব পটাশ' দেওয়া হয়?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ০৪]
ক. নাইট্রোজেন খ. ফসফরাস গ. সালফার ঘ. পটাশিয়াম **উত্তর: ঘ**

৩৫. **নিচের কোন পদার্থ জমিতে সার হিসেবে ব্যবহার করা হয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক: ০৩]
ক. ক্যালসিয়াম সালফেট খ. কপার সালফেট গ. অ্যামোনিয়াম সালফেট ঘ. ম্যাগনেশিয়াম **উত্তর: গ**

৩৬. **ট্রিপল সুপার ফসফেট হলো –** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ৯৮]
ক. কীটনাশক খ. সার গ. ঔষধ ঘ. পশু খাদ্য **উত্তর: খ**

৩৭. **জমির লবণাক্ততা নিয়ন্ত্রণ করে কোনটি?** [৩৪তম বিসিএস]
ক. কৃত্রিম সার প্রয়োগ খ. পানি সেচ গ. প্রাকৃতিক গ্যাস প্রয়োগ ঘ. মাটিতে নাইট্রোজেন ধরে রাখা **উত্তর: খ**

৩৮. **কৃষি জমিতে কিসের জন্য চুন ব্যবহার করা হয়?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-বিভাগীয় কর্মকর্তা: ০৩]
ক. মাটির ক্ষয়রোধ করার জন্য খ. মাটির অম্লতা বৃদ্ধির জন্য গ. মাটির অম্লতা হ্রাসের জন্য ঘ. জৈব পদার্থ বৃদ্ধির জন্য **উত্তর: গ**

৩৯. **এসিড বা অম্ল মাটি কেমন?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৭]
ক. উর্বর খ. জৈব গ. অনুর্বর ঘ. প্রচুর ক্যালসিয়াম **উত্তর: গ**

৪০. **নিম্নোক্ত কোনটি অম্লধর্মী সার?** [থানা / উপজেলা শিক্ষা অফিসার: ০৫]
ক. ইউরিয়া খ. অ্যামোনিয়াম সালফেট গ. অ্যামোনিয়াম নাইট্রেট ঘ. সবগুলোই **উত্তর: খ**

৪১. **কোনটি জৈব সার নয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. সবুজ সার খ. গোবর সার গ. কম্পোস্ট সার ঘ. ইউরিয়া সার **উত্তর: ঘ**

প্রাণিজগতের শ্রেণিবিন্যাস

০১. **অ্যানিম্যালিয়া বা প্রাণিজগতের প্রাণীদের কয়টি পর্বে ভাগ করা হয়েছে?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৫]
ক. ৮ খ. ১০ গ. ১২ ঘ. ১৪ **উত্তর: খ**

ব্যাখ্যা: প্রাণিজগতের প্রাণীদের ১০ টি পর্বে ভাগ করা হয়েছে। পর্বগুলো হলো প্রোটোজোয়া, পরিফেরা, নিডেরিয়া, প্লাটিহেলমিনথেস, নেমাটোডা, অ্যানিলিডা, আর্থ্রোপোডা, মলাস্কা, একাইনোডার্মাটা ও কর্ডাটা।

০২. **প্রোটোজোয়া পর্বের প্রাণী কোনটি?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-বিভাগীয় অফিসার: ০৩]
ক. অ্যামিবা | খ. ম্যালেরিয়ার জীবাণু | গ. জোঁক | ঘ. ক ও খ উভয়ই | **উত্তর: ঘ**

০৩. **পরিফেরা পর্বের প্রাণী কোনটি? / সরলতম বহুকোষী প্রাণী কোনটি?** [জাককানইবি: ১৪-১৫]
ক. স্কাইফা | খ. স্পনজিলা | গ. শামুক | ঘ. ক ও খ উভয়ই | **উত্তর: ঘ**

০৪. **সিলেন্টারেট পর্বের প্রাণী 'হাইড্রা' এর দ্রুত চলন প্রক্রিয়ার নাম কী?** [ঢাবি: ১৫-১৬]
ক. হামাগুড়ি | খ. ডিগবাজি / সমারসল্টিং | গ. অ্যামিবয়েড | ঘ. ভাসা | **উত্তর: খ**

০৫. **কোনটি 'হাইড্রা'তে থাকে না?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. মেসোগ্লিয়া | খ. সিলেন্টেরন | গ. মেসোডার্ম | ঘ. নিডোসাইট | **উত্তর: গ**

০৬. **সিলেন্টারেট পর্বের কোন সামুদ্রিক প্রাণী সামনের দিকে সাতার কাটতে পারে না?** [জবি: ১০-১১]
ক. পেঙ্গুইন | খ. সীল | গ. অক্টোপাস | ঘ. জেলী ফিস | **উত্তর: ঘ**

০৭. **প্লাটিহেলমিনথেস পর্বের প্রাণী 'ফিতা কৃমি' কী ধরণের প্রাণী?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. মৃতজীবী | খ. আংশিক পরজীবী | গ. বহিঃপরজীবী | ঘ. অন্তঃপরজীবী | **উত্তর: ঘ**

০৮. **কোনটি অ্যানিলিডা পর্বের প্রাণীর উদাহরণ?** [বিসিকের প্রকাশনা কর্মকর্তা: ২৩]
ক. প্রজাপতি | খ. কেঁচো | গ. চিংড়ি | ঘ. আরশোলা | **উত্তর: খ**

০৯. **অ্যানিলিডা পর্বের প্রাণী 'কেঁচো' শ্বাস কার্য চালায় -** [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার: ০৫]
ক. শ্বসনতন্ত্রের সাহায্যে | খ. ত্বকের সাহায্যে | গ. ফুসফুসের সাহায্যে | ঘ. ফুলকার সাহায্যে | **উত্তর: খ**

১০. **ত্বকের সাহায্যে শ্বাসকার্য চালায় কে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৭]
ক. মাছ | খ. পাখি | গ. কেঁচো | ঘ. সাপ | **উত্তর: গ**

১১. **প্রকৃতির লাঙ্গল বা কৃষকের বন্ধু কাকে বলে?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৫]
ক. ইঁদুর | খ. শজারু | গ. কেঁচো | ঘ. খরগোশ | **উত্তর: গ**

১২. **কোনটি অমেরুদন্ডী প্রাণী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৮]
ক. কেঁচো | খ. বাঘ | গ. বানর | ঘ. কুমির | **উত্তর: ক**

১৩. **প্রাণিজগতের বৃহত্তম পর্ব কোনটি? / কোন পর্বের প্রাণীর দেহে হিমোসিল দেখা যায়?** [ঢাবি: ১৫-১৬]
ক. প্রোটোজোয়া | খ. সিলেন্টারেটা | গ. নেমাটোডা | ঘ. আর্থোপোডা | **উত্তর: ঘ**

১৪. **হিমোসিল কোন প্রাণীতে দেখা যায়?** [ঢাবি: ১৫-১৬]
ক. ঘাসফড়িং | খ. টিকটিকি | গ. পাখি | ঘ. মানুষ | **উত্তর: ক**

১৫. **মাকড়সার পা কয়টি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ৮ টি | খ. ১০ টি | গ. ১২ টি | ঘ. ১৪ টি | **উত্তর: ক**

১৬. **মাছির পা কয়টি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. ২ টি | খ. ৪ টি | গ. ৬ টি | ঘ. ৮ টি | **উত্তর: গ**

১৭. **প্রজাপতির কতটি পা থাকে?** [সাধারণ বীমা কর্পোরেশনের জুনিয়র অফিসার: ০৯]
ক. ৪ টি | খ. ৬ টি | গ. ৮ টি | ঘ. ১০ টি | **উত্তর: খ**

১৮. **কোন পতঙ্গ নিজের উপর ৫০ গুণের বেশি ভারি ওজন বহন করতে পারে?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৯]
ক. প্রজাপতি | খ. পিঁপড়া | গ. মশা | ঘ. মাকড়সা | **উত্তর: খ**

১৯. **মৌমাছি মধু ঋতু কোনটি?** [রাবি: ০৫-০৬]
ক. গ্রীষ্মকাল | খ. শরৎকাল | গ. হেমন্তকাল | ঘ. বসন্তকাল | **উত্তর: ঘ**

২০. **একটি রানী মৌমাছি কত বার ডিম পাড়ে?** [বিবিএস'র সহকারী পরিসংখ্যান কর্মকর্তা: ৯৮]
ক. ৪০০ বার | খ. ৬০০ বার | গ. ৮০০ বার | ঘ. ১০০০ বার | **উত্তর: ঘ**

২১. **প্রাণীজাত তন্তু -** [রাবি: ০১-০২]
ক. তুলা | খ. পাট | গ. রেশম | ঘ. কোনোটিই নয় | **উত্তর: গ**

২২. **উপকারী পতঙ্গ কোনটি?** [সিএজি কার্যালয়ের অধীক্ষক: ৯৮]
ক. ফড়িং | খ. শুয়াপোকা | গ. পঙ্গপাল | ঘ. রেশম পোকা / Silkworm | **উত্তর: ঘ**

২৩. **মলাস্কা পর্বের প্রাণী 'অক্টোপাস' এর বাহু কয়টি?** [ষ্ট্যান্ডার্ড ব্যাংকের অফিসার: ০৬]
ক. ৪ টি | খ. ৬ টি | গ. ৮ টি | ঘ. ১০ টি | **উত্তর: গ**

২৪. **অক্টোপাসের হৃদপিন্ড কয়টি?** [সমবায় অধিদপ্তরের মাঠ সহকারী: ১৮]
ক. ১ টি | খ. ২ টি | গ. ৩ টি | ঘ. ৪ টি | **উত্তর: গ**

২৫. **অক্টোপাসের রক্তের রঙ কী?** [বেবিচকের সহকারী প্রকৌশলী: ২৩]
ক. লাল | খ. নীল | গ. সবুজ | ঘ. কালো | **উত্তর: খ**

২৬. **কোন প্রাণীকে ডেভিল মাছ বলে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. তিমি খ. অক্টোপাস গ. হাঙ্গর ঘ. ডলফিন **উত্তর: খ**

২৭. **মুক্তা হলো ঝিনুকের -** [১৭ তম বিসিএস]
ক. খোলসের টুকরা খ. চোখের মণি গ. প্রদাহের ফল ঘ. জমাট হরমোন **উত্তর: গ**

২৮. **জলজ শামুক, ঝিনুকের খোলস কী দিয়ে গঠিত?** [দুদকের সহকারী পরিচালক: ১৩]
ক. কার্বনেট খ. সালফেট গ. ফসফেট ঘ. নাইট্রেট **উত্তর: ক**

২৯. **কর্ডাটা পর্বের প্রাণী কোনটি? / কোনটি মেরুদন্ডী প্রাণী?** [খাদ্য অধিদপ্তরের উপ-সহকারী খাদ্য পরিদর্শক: ১২]
ক. অ্যামিবা খ. বেজি গ. স্পঞ্জ ঘ. মাছি **উত্তর: খ**

৩০. **মানুষ কোন পর্বের অর্ন্তভূক্ত?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. মলাস্কা খ. কর্ডাটা গ. পরিফেরা ঘ. অ্যামফিবিয়া **উত্তর: খ**

৩১. **স্তন্যপায়ী প্রাণী হলো - / Mammal means -** [স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারী: ০৪]
ক. যেসব প্রাণী সন্তান প্রসব করে খ. যেসব প্রাণীর শিশুরা মাতৃদুগ্ধ পান করে
গ. যেসব প্রাণীর দেহ লোমে আবৃত থাকে ঘ. সবগুলোই **উত্তর: ঘ**
ব্যাখ্যা: যে সকল প্রাণী সন্তান প্রসব করে, দেহ লোমে আবৃত থাকে এবং মাতৃদুগ্ধ পান করে জীবন ধারন করে তাকে স্তন্যপায়ী প্রাণী বলে। যেমন- নীল তিমি, ডলফিন, শুশুক, হাতি, বানর, বাদুর, ভোঁদর, কাঠবিড়ালী, বেজী, গরু, ছাগল, কুকুর, বিড়াল, বাঘ, কোয়ালা প্রভৃতি।

৩২. **সবচেয়ে বড় স্তন্যপায়ী কোনটি?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী ইন্সট্রাক্টর: ১২]
ক. রাইনোডন খ. হাতি গ. নীল তিমি ঘ. গন্ডার **উত্তর: গ**

৩৩. **নীল তিমি কোন শ্রেণির প্রাণী?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৩]
ক. স্তন্যপায়ী খ. পক্ষীকুল গ. মৎস্যকুল ঘ. সরীসৃপ **উত্তর: ক**

৩৪. **কোনটি স্তন্যপায়ী প্রাণী?** [ফায়ার সার্ভিসের স্টাফ অফিসার: ২৩]
ক. ডলফিন খ. হাঙ্গর গ. ব্যাঙ ঘ. ঈগল **উত্তর: ক**

৩৫. **কোন স্তন্যপায়ী জীব ডিম দেয়?** [সিএজি কার্যালয়ের অডিটর: ১৪]
ক. বাদুড় খ. র‍্যাটল স্নেক গ. প্লাটিপাস ঘ. কোয়ালা **উত্তর: গ**

৩৬. **কোন প্রাণী জীবনে একবারও পানি প্রাণ করে না?** [উপজেলা/ থানা শিক্ষা অফিসার:৯৯]
ক. ময়াল সাপ খ. ক্যাঙ্গারু র‍্যাট গ. বাদুড় ঘ. কাঠবিড়ালী **উত্তর: খ**

৩৭. **কোন জলজ জীবটি বাতাসে নিশ্বাস নেয়?** [৩৪তম বিসিএস]
ক. শুশুক খ. তিমি গ. ইলিশ ঘ. হাঙ্গর **উত্তর: ক**

৩৮. **কোন প্রাণী দাড়িয়ে ঘুমায়?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]
ক. হাতি খ. ঘোড়া গ. ক্যাঙ্গারু ঘ. উট **উত্তর: খ**

৩৯. **কোন পশু শব্দ করতে পারে না? / আফ্রিকার বোবা প্রাণী কোনটি?** [সহকারী থানা শিক্ষা অফিসার: ৯৫]
ক. গন্ডার খ. ক্যাঙ্গারু গ. জিরাফ ঘ. নীল গাই **উত্তর: গ**

৪০. **আফ্রিকার নিরক্ষীয় নিবিড় অরণ্যে কোন প্রাণী বাস করে?** [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৪]
ক. সিংহ ও চিতাবাঘ খ. গরিলা ও শিম্পাঞ্জী গ. জিরাফ ও হরিণ ঘ. হায়েনা ও জেব্রা **উত্তর: খ**

৪১. **কোন প্রাণীর হৃদপিন্ড চার প্রকোষ্ট বিশিষ্ট?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের ভিএফএ: ২০]
ক. হাঙ্গর খ. হাঁস গ. উট ঘ. কুমির **উত্তর: গ**

৪২. **বানরের পা কয়টি?** [সিএজি কার্যালয়ের সহকারী পরিসংখ্যান কর্মকর্তা: ৯৮]
ক. শূন্য খ. দুইটি গ. চারটি ঘ. একটি **উত্তর: গ**

৪৩. **বনরুই কী?** [ইবি: ০৫-০৬]
ক. এক ধরনের রুই মাছ খ. এক ধরনের বিড়াল গ. এক ধরনের হাঙ্গর ঘ. পিপীলিকাভূক চতুস্পদ প্রাণী **উত্তর: ঘ**

৪৪. **কোন জীবটি ম্যামাল নয়? / কোনটি স্তন্যপায়ী প্রাণী নয়?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার: ৯৯]
ক. তিমি খ. হাঙ্গর গ. খরগোস ঘ. ডলফিন **উত্তর: খ**

৪৫. **কোনটি স্তন্যপায়ী প্রাণী নয়? / কোন জীবটি ম্যামাল নয়?** [১৮তম বিসিএস]
ক. হাতি খ. কুমির গ. বাদুড় ঘ. তিমি **উত্তর: খ**

৪৬. **বিশ্বের দীর্ঘজীবী প্রাণী-** [বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অফিস সহকারী: ১২]
ক. কচ্ছপ খ. ক্যাংগারু গ. গিরগিটি ঘ. গিনিপিগ **উত্তর: ক**

৪৭. **কোন প্রাণী গায়ের রং পরিবর্তন করে আত্মরক্ষা করতে পারে? / কোন প্রাণী গায়ের রং পরিবর্তন করে করতে পারে?** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক. সাপ খ. সজারু গ. গিরগিটি ঘ. গিনিপিগ **উত্তর: গ**

৪৮. **কে জিহবার সাহায্যে শুনে?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অফিস সহকারী: ১৩]
ক. টিকটিকি খ. গিনিপিগ গ. ব্যাঙ ঘ. সাপ **উত্তর: ঘ**

৪৯. **বিষধর সাপের কয়টি বিষ দাঁত থাকে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ৪টি খ. ৩টি গ. ২টি ঘ. ১টি **উত্তর: গ**

৫০. **বিষধর সাপের কামড়ালে ক্ষতস্থানে থাকে -** [২৩তম বিসিএস]
ক. পাশাপাশি দুটো দাঁতের দাগ খ. অনেকগুলো ছোট ছোট দাঁতের দাগ
গ. ক্ষতস্থানে প্রচুর বিষ লেগে থাকে ঘ. ক্ষতস্থানে থেকে প্রচুর রক্তপাত হতে থাকে **উত্তর: ক**

৫১. **সরিসৃপ শ্রেণির প্রাণী 'কোমাডো ড্রাগন' কোথায় দেখা যায়? / 'কোমাডো ড্রাগন' কোথায় দেখা যায়?** [বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. ইন্দোনেশিয়া খ. মালদ্বীপ গ. দক্ষিণ আফ্রিকা ঘ. ভূটান **উত্তর: ক**

৫২. **ডায়নোসর কোন মহাযুগের অধিবাসী ছিল?** [তুলা উন্নয়ন বোর্ডের তুলা উন্নয়ন কর্মকর্তা: ৯৭]
ক. সিনোজোয়িক খ. মেসোজোয়িক গ. পেলিওজোয়িক ঘ. আর্কিওজোয়িক **উত্তর: খ**

৫৩. **পৃথিবী থেকে ডাইনোসর বিলুপ্ত হয়েছিল -** [পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা প্রসেসিং অপারেটর: ০৪]
ক. এক হাজার বছর পূর্বে খ. এক লক্ষ বছর পূর্বে গ. এক কোটি বছর পূর্বে ঘ. ছয় কোটি বছর পূর্বে **উত্তর: ঘ**

৫৪. **ডায়নোসরদের বংশ নিধন হবার পেছনে সম্ভাব্য মতবাদ কী?** [থানা সহকারী শিক্ষা অফিসার: ৯৯]
ক. আণবিক তেজস্ক্রিয়তা খ. কোনো উপগ্রহ দ্বারা পৃথিবী আক্রান্ত হওয়ার পরে প্রকৃতির নিধন
গ. কোনো ধূমকেতু পৃথিবীর নিজস্ব কক্ষপথে প্রবেশ করে আর্কষণ ঘ. বরফযুগ বা দীর্ঘকাল হিমায়িতকরণ **উত্তর: ঘ**

৫৫. **সবচেয়ে বড় পাখির নাম কী?** [ইস্টার্ন ব্যাংকের অফিসার: ০৫]
ক. আলবাট্রস খ. সোয়ালো গ. পেঙ্গুইন ঘ. উট পাখি **উত্তর: ঘ**

৫৬. **সবচেয়ে ছোট পাখি কোনটি?** [শ্রম পরিদপ্তরের রেজিস্ট্রার: ০০]
ক. চুড়ই খ. বাবুই গ. রাতচোরা ঘ. হামিং বার্ড **উত্তর: ঘ**

৫৭. **কোন পাখিটি উড়তে পারে?** [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৮]
ক. কিউই খ. সোয়ালো গ. পেঙ্গুইন ঘ. উট পাখি **উত্তর: খ**

৫৮. **কোন পাখি সবচেয়ে দ্রুত উড়তে পারে?** [সমবায় অধিদপ্তরের মাঠ সহকারী: ১৮]
ক. উট পাখি খ. হার্মিং বার্ড গ. ঈগল ঘ. ফ্যালকন **উত্তর: ঘ**

৫৯. **কোন পাখির ডানার বিস্তার সবচেয়ে বড়?** [সোনালী ব্যাংকের অফিসার: ১৩]
ক. উট পাখি খ. আলবাট্রস গ. ঈগল ঘ. ফ্যালকন **উত্তর: খ**

৬০. **কোন পাখি দীর্ঘতম পথ পাড়ি দিতে পারে?** [মাউশি অধিদপ্তরের উচ্চমান সহকারী: ৯৯]
ক. গাঙচিল খ. শকুন গ. মাছরাঙা ঘ. শঙ্খচিল **উত্তর: ক**

৬১. **কোন পাখির জিভ কন্টকময়?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ৯৫]
ক. পেঙ্গুইন খ. কাঠঠোকরা গ. কালপেঁচা ঘ. সারস **উত্তর: খ**

৬২. **বাজপাখি হলো একটি - / A Hawk is a / an -** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা: ০৬]
ক. Insect / পতঙ্গ খ. Bird / পাখি গ. Animal / প্রাণী ঘ. Reptile / সরিসৃপ **উত্তর: খ**

৬৩. **কিউই পাখির দেশ কোনটি?** [স্ট্যান্ডার্ড ব্যাংকের অফিসার: ০৬]
ক. জাপান খ. যুক্তরাষ্ট্র গ. চীন ঘ. নিউজিল্যান্ড **উত্তর: ঘ**

৬৪. **'শামখোলা' হলো এক ধরণের -** [বিএসসি'র অফিসার: ১৮]
ক. মাছ খ. পাখি গ. পতঙ্গ ঘ. জলজ উদ্ভিদ **উত্তর: খ**

৬৫. **নিচের কোনটি একটি মাছ?** [প্রিমিয়ার ব্যাংকের জুনিয়র অফিসার: ০৯]
ক. তিমি খ. ডলফিন গ. হাঙ্গর ঘ. সীল **উত্তর: গ**

৬৬. **বিশ্বের দ্রুততম মাছ কোনটি?** [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১৩]
ক. পোনামাছ খ. টুনামাছ গ. ইলিশ মাছ ঘ. স্যালমন **উত্তর: খ**

৬৭. **যে প্রাণীর তিনটি হৃদপিন্ড আছে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. হাঙ্গর খ. কবুতর গ. কাটল ফিস ঘ. বানর **উত্তর: গ**

৬৮. **পিরানহা কী?** [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২১]
ক. রাক্ষুসে মাছ খ. হিংস্র পাখি গ. বিষাক্ত পতঙ্গ ঘ. গ্রামীণ পোশাক **উত্তর: ক**

৬৯. **লাংফিস পাওয়া যায় কোথায়?** [রাবি: ১০-১১]
ক. অস্ট্রেলিয়া অঞ্চলে খ. ওরিয়েন্টাল অঞ্চলে গ. উভয় অঞ্চলে ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

৭০. **মাছ কোনটির সাহায্যে শ্বাসকার্য চালায়?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. ত্বকের সাহায্যে খ. ফুসফুসের সাহায্যে গ. ফুলকার সাহায্যে ঘ. গিলের সাহায্যে **উত্তর: গ**

৭১. **কোন প্রাণী ফুলকার সাহায্যে শ্বাস নেয়?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]
ক. হাতি খ. সাপ গ. মাছ ঘ. মানুষ **উত্তর: গ**

৭২. **মাছ অক্সিজেন নেয় -** [১০তম বিসিএস]
ক. মাঝে মাঝে পানির উপর নাক তুলে
খ. পানির মধ্যে দ্রবীভূত বাতাস হতে
গ. পটকার মধ্যে জমানো বাতাস হতে
ঘ. পানিতে অক্সিজেন ও হাইড্রোজেন বিশিষ্ট করে
উত্তর: খ

৭৩. **উভচর প্রাণী কোনটি? / অ্যামফিবিয়া শ্রেণির প্রাণী কোনটি?** [শ্রম পরিদপ্তরের রেজিস্ট্রার: ০০]
ক. ব্যাঙ খ. কেঁচো গ. গিরগিটি ঘ. কোনোটিই নয়
উত্তর: ক

৭৪. **ব্যাঙাচির ফুলকা কয়টি?** [মাউশি অধিদপ্তরের অফিস সহায়ক: ০৪]
ক. ৩ জোড়া খ. ৫ জোড়া গ. ৭ জোড়া ঘ. ৯ জোড়া
উত্তর: ক

৭৫. **কিসের সাহায্যে পূর্ণাঙ্গ ব্যাঙ শ্বাসকার্য চালায়?** [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. ফুসফুসের সাহায্যে খ. ত্বকের সাহায্যে গ. ক ও খ উভয়ই ঘ. ফুলকার সাহায্যে
উত্তর: ক

৭৬. **ব্যাঙের হৃদপিন্ডে কয়টি প্রকোষ্ঠ আছে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. একটি খ. দুইটি গ. তিনটি ঘ. চারটি
উত্তর: গ

৭৭. **শীতল রক্তবিশিষ্ট একটি প্রাণী?** [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]
ক. হাঙ্গর খ. পেঙ্গুইন গ. কবুতর ঘ. ব্যাঙ
উত্তর: ঘ

৭৮. **কোন প্রাণী শীতকালে শীতনিদ্রা যাপন করে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. সাপ খ. কেঁচো গ. ব্যাঙ ঘ. আরশোলা
উত্তর: গ

৭৯. **কোনটি বেমানান?** [আইএফআইসি ব্যাংকের অফিসার: ১২]
ক. বাদুড় খ. ডলফিন গ. ক্যাঙ্গারু ঘ. সাপ
উত্তর: ঘ

মানবদেহ

০১. **মানবদেহের সর্ববৃহৎ অঙ্গ কোনটি?** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ক. যকৃৎ খ. স্নায়ু গ. ত্বক ঘ. কিডনি
উত্তর: গ

০২. **মানুষের গায়ের রং কোন উপাদানের উপর নির্ভর করে?** [২৭তম বিসিএস]
ক. ক্যারোটিন খ. হিমোগ্লোবিন গ. মেলানিন ঘ. থায়ামিন
উত্তর: গ

০৩. **একজন সাধারণ মানুষের শরীরে মোট কত টুকরা হাড় থাকে? / একজন মানুষের দেহে হাড়ের সংখ্যা কত?** [১৩তম বিসিএস]
ক. ১০৬ খ. ১৫৬ গ. ২০৬ ঘ. ২৬০
উত্তর: গ

০৪. **বুকের মাঝখানের হাড়ের নাম হলো -** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৮]
ক. Humerous খ. Cranium গ. Ileum ঘ. Sternum
উত্তর: ঘ

০৫. **হাটুর হাড়ের অংশ কোনটি?** [শ্রম পরিদপ্তরের শ্রম কর্মকর্তা: ০৩]
ক. প্যাটেলা খ. ফিমার গ. স্ক্যাপুলা ঘ. টিবিয়া
উত্তর: ক

০৬. **মানবদেহে মোট কশেরুকার সংখ্যা কতটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৭]
ক. ৩১টি খ. ৩২টি গ. ৩৩টি ঘ. ৩৪টি
উত্তর: গ

০৭. **করোটিতে কতগুলো অস্থি থাকে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. ২৭ খ. ২৮ গ. ২৯ ঘ. ৩০
উত্তর: গ

০৮. **মানবদেহে অস্থিসন্ধি থাকে কয় প্রকার?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]
ক. ৩ খ. ৪ গ. ২ ঘ. ৫
উত্তর: ক

০৯. **মানবদেহে সবচেয়ে লম্বা অস্থির নাম কী? / মানবদেহের সবচেয়ে বড় অস্থি কোনটি?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. কার্পাল খ. আলনা গ. টিবিয়া ঘ. ফিমার
উত্তর: ঘ

১০. **কোনটি উর্ধ্ববাহু / Uppper Limb এর হাড় নয়?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]
ক. ফিমার খ. আলনা গ. রেডিয়াস ঘ. হিউমেরাস
উত্তর: ক

১১. **কোনটির মাধ্যমে পেশিগুলো অস্থির সাথে সংযুক্ত হয়?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৭]
ক. টেনডন খ. স্নায়ু গ. ফিমার ঘ. লিগামেন্ট
উত্তর: ক

১২. **কোন অস্থিতে গ্লেনয়েড গহবর থাকে?** [ঢাবি: ১৫-১৬]
ক. হিউমেরাস খ. রেডিও আলনা গ. স্ক্যাপুলা ঘ. পেলভিক গার্ডেল
উত্তর: গ

১৩. **নিচের কোনটি মানুষের শরীরের একটি হাড় কে অন্য হাড়ের সঙ্গে যুক্ত করে?** [সমবায় অধিদপ্তরের মাঠ সহকারী: ১৮]
ক. লিগামেন্ট খ. টেনডন গ. ফিরোব্লাস্ট ঘ. কোনোটিই নয়
উত্তর: ক

১৪. **অর্থোপেডিক্স কিসের সাথে সম্পর্কিত? / Orthopedics is related to -** [ষ্ট্যান্ডার্ড ব্যাংকের অফিসার: ১২]
ক. Tumar / টিউমার খ. Eye / চোখ গ. Bones / হাড় ঘ. Nerve / স্নায়ু
উত্তর: গ

১৫. **Osteology এর অর্থ -** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক: ০১]
ক. হাড় বিষয়ক চিকিৎসা বিজ্ঞান
খ. দন্ত বিষয়ক চিকিৎসা শাস্ত্র
গ. সূর্য রশ্মির সাহায্যে রোগের চিকিৎসা
ঘ. তেজস্ক্রিয়তা সম্পর্কীয় বিজ্ঞান
উত্তর: ক

১৬. **পঞ্চ ইন্দ্রিয়ের একটি হলো** - [হাইকোর্টের রেজিস্ট্রার: ৯৪]
ক. দাঁত খ. জিহবা গ. মগজ ঘ. নখ **উত্তর: খ**

১৭. **মানুষের চোখের অংশ নয় কোনটি?** [স্ট্যান্ডার্ড ব্যাংকের অফিসার: ০৬]
ক. রেটিনা খ. কর্ণিয়া গ. আইরিস ঘ. রেডিয়াস **উত্তর: ঘ**

১৮. **মানুষের মুখে কর্তন দন্ত কয়টি?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]
ক. ০৪ খ. ০৬ গ. ০৮ ঘ. ১০ **উত্তর: গ**

১৯. **শ্রবণ ছাড়া কানের অন্যতম কাজ হলো** - [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৭]
ক. দেহ সতেজ রাখা খ. দেহের ভারসাম্য রক্ষা করা গ. দেহের কার্যক্ষামতা বাড়ানো ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

২০. **দেহের ভারসাম্য রক্ষাকারী অঙ্গ কোনটি?** [মাধমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. স্যাকুলাস খ. ইউট্রিকুলাস গ. অর্গান অব কর্টি ঘ. মেমব্রেনাস ল্যাবিরিন্থ **উত্তর: খ**

২১. **কানে শব্দ তরঙ্গ প্রবেশ করলে প্রথম যে অংশটি কেঁপে উঠে তা হলো** - [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৮]
ক. শ্রুতিহাড় খ. ককলিয়া গ. কানপর্দা ঘ. ডিম্বাকৃতি ফুটো **উত্তর: গ**

২২. **'অর্গান অব কর্টি' যে অঙ্গে থাকে** - [দুদকের সহকারী পরিচালক: ১৩]
ক. মধ্যকর্ণ খ. ককলিয়া গ. অর্ধবৃত্তাকার নালি ঘ. ইউট্রিকুলাস **উত্তর: খ**

২৩. **মানব দেহের ভারসাম্য রক্ষায় কর্ণের কোন অংশটি সম্পৃক্ত?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৭]
ক. মেমব্রেনাস ল্যাবিরিন্থ খ. অর্গান অব কর্টি গ. টিমপেনিক পর্দা ঘ. ম্যালিয়াস **উত্তর: ক**

২৪. **BMI এর পূর্ণরূপ** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. Bill Measurement Index খ. Body Mass Index
গ. Ballistic Missile Initiative ঘ. Best Medicine of Integration **উত্তর: খ**

ব্যাখ্যা: দেহের ওজন এবং দৈর্ঘ্য বা উচ্চতার বর্গের অনুপাতকে Body Mass Index (BMI) বলে। বিএমআই মানের মাধ্যমে দেহের ওজন স্বাভাবিক, কম নাকি বেশি ইত্যাদি জানা যায়। বিএমআই নির্ণয়ের সূত্র হলো $BMI = \frac{\text{দেহের ওজন (কেজি)}}{\text{দেহের উচ্চতা (মিটার)}^2}$। বিএমআই ১৮.৫০ হলে সেটা ওজনহীনতা বুঝায়, ১৮.৫০-২৪.৯০ হলে স্বাভাবিক ওজন বুঝায়, ২৫-২৯.৯০ হলে অতিরিক্ত ওজন বুঝায় এবং ৩০-৩৪.৯০ হলে স্থূলতা বুঝায়। পূর্ণ বিশ্রামরত অবস্থায় মানব শরীরে ব্যবহৃত শক্তির পরিমাণ নির্দেশককে Basal Metabolic Rate (BMR) বলে। বিএমআর মানের সাথে ব্যক্তির কাজের ধরন অনুযায়ী বিভিন্ন সূচক গুণ করে তার দৈনিক ক্যালরি চাহিদা বের করা যায়।

২৫. **একজন মানুষের স্বাভাবিক BMI কত থাকতে হবে? / একজন সুস্থ ও প্রাপ্ত বয়স্ক পুরুষের BMI কত হওয়া উচিত?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. ১৮-৩০ kg/m^2 খ. ১৯-২৫ kg/m^2 গ. ২০-২৭ kg/m^2 ঘ. ১৮.৫০-২৪.৯০ kg/m^2 **উত্তর: ঘ**

২৬. **BMI কত হলে মোটা বা Obese বলা হয়?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৮]
ক. > ৩০ খ. > ১৫ গ. > ২৪ ঘ. > ২০ **উত্তর: ক**

২৭. **বুদ্ধাঙ্ক (IQ) এর পরিমাপ অনুযায়ী প্রতিভাবানদের বুদ্ধাঙ্ক মাত্রা** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. IQ > 90 খ. IQ > 100 গ. IQ > 130 ঘ. IQ > 150 **উত্তর: গ**

ব্যাখ্যা: মানসিক বয়স ও প্রকৃত বয়সের অনুপাতকে বুদ্ধাঙ্ক বলে। ১৯১৬ সালে এল. এম. টারম্যান সর্বপ্রথম বুদ্ধি পরিমাপের গাণিতিক পদ্ধতি উদ্ভাবন করেন এবং বুদ্ধাঙ্ক বা Intelligence Quotient (IQ) শব্দটি ব্যবহার করেন। বুদ্ধাঙ্ক নির্ণয়ের সূত্র হলো বুদ্ধাঙ্ক (IQ) = $\frac{\text{মানসিক বয়স (MA)}}{\text{প্রকৃত বয়স (CA)}} \times ১০০$। যাদের বুদ্ধাঙ্কের মান ৭০ এর কম তাদের বলা হয় মানসিক প্রতিবন্ধী, যাদের বুদ্ধাঙ্কের মান ৭০-৭৯ এর মধ্যে তাদের বলা হয় সীমান্তবর্তী, যাদের বুদ্ধাঙ্কের মান ৮০-৮৯ এর মধ্যে তাদের বলা হয় নিম্ন স্বাভাবিক, যাদের বুদ্ধাঙ্কের মান ৯০-১০৯ এর মধ্যে তাদের বলা হয় স্বাভাবিক বুদ্ধিসম্পন্ন, যাদের বুদ্ধাঙ্কের মান ১১০-১১৯ এর মধ্যে তাদের বলা হয় উন্নত স্বাভাবিক, যাদের বুদ্ধাঙ্কের মান ১২০-১২৯ এর মধ্যে তাদের বলা হয় প্রভাবশালী, যাদের বুদ্ধাঙ্কের মান ১৩০ বা তার উর্ধ্বে তাদের বলা হয় অতিশয় প্রভাবশালী।

২৮. **বুদ্ধাঙ্ক (IQ) এর পরিমাপ অনুযায়ী যাদের বুদ্ধাঙ্ক ১৪০ বা তার উর্ধ্বে তাঁদের বলা হয়** - [৪৫তম বিসিএস]
ক. অতিশয় প্রতিভাশালী খ. প্রতিভাশালী গ. মানসিক প্রতিবন্ধী ঘ. সাধারণ **উত্তর: ক**

রক্ত

০১. **রক্তের তরল অংশের নাম** - [নার্সিং অধিদপ্তরের মিডওয়াইফ: ১৭]
ক. কোলেস্টেরল খ. প্রোটিন গ. লোহিত কণিকা ঘ. প্লাজমা **উত্তর: ঘ**

ব্যাখ্যা: রক্ত এক ধরনের ক্ষারীয়, লবণাক্ত এবং লাল বর্ণের তরল যোজক টিস্যু। রক্ত একটি প্রোটিন সমৃদ্ধ তরল দিয়ে গঠিত যা প্লাজমা বা রক্তরস নামে পরিচিত।

০২. **কোনটি রক্তের উপাদান নয়?** [সিএজি কার্যালয়ের অডিটর: ১৪]
ক. লোহিতকণিকা খ. শ্বেতকণিকা গ. লিউকোপ্লাস্ট ঘ. বেসোফিল **উত্তর: গ**

০৩. **রক্তে রক্তরসের হার কত?** [বিবিএস'র পরিসংখ্যান কর্মকর্তা: ১৪]
ক. ৫৫% খ. ৪৪% গ. ৬৬% ঘ. ৪৬% **উত্তর: ক**

০৪. **রক্তরসে থাকে না কোনটি?** [আনসার ও ভিডিপি'র সার্কেল অ্যাডেজুট্যান্ট: ১৫]
ক. শর্করা খ. হিমোগ্লোবিন গ. লবণ ঘ. ইউরিক এসিড **উত্তর: খ**

০৫. **পূর্ণবয়স্ক পুরুষের মোট রক্তের গড় পরিমাণ** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. ৫ লিটার খ. ৭ লিটার গ. ৮ লিটার ঘ. ১০ লিটার **উত্তর: ক**

০৬. **একজন মানুষের শরীরে কী পরিমাণ রক্ত থাকে? / মানুষের দেহে সাধারণত ওজনের কত শতাংশ রক্ত থাকে?** [ডিএমএলসি'র সহকারী শিক্ষক: ২৩]
ক. ১০০০ লিটার খ. শরীরের ওজনের ৮% গ. ২০০০ লিটার ঘ. শরীরে জলীয় অংশের ১০ ভাগ **উত্তর: খ**

০৭. **মানুষের রক্তের P^H কত?** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনিশিয়ান: ২৩]
ক. ৭.০ খ. ৭.২ গ. ৭.৪ ঘ. ৭.৬ **উত্তর: গ**

০৮. **মানুষের রক্তের P^H কত?** [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৪]
ক. ৭.৩৫ - ৭.৪৫ খ. ৫.৫৫ - ৫.৬৫ গ. ৬.৫০ - ৬.৭০ ঘ. ৪.৭৯ - ৫.০০ **উত্তর: ক**

০৯. **মানবদেহে রক্তে সোডিয়াম আয়নের নরমাল ভ্যালু কত? / মানবদেহে রক্তে সোডিয়াম আয়নের সাধারণ মাত্রা কত?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২১]
ক. 120 - 130 mmol/L খ. 135 - 155 mmol/L গ. 160 - 174 mmol/L ঘ. . 130 - 145 mmol/L **উত্তর: ঘ**

১০. **মানুষের শরীরে রক্তের গ্রুপ কয়টি?** [৪৫তম বিসিএস]
ক. তিনটি খ. চারটি (A, B, O, AB) গ. পাচঁটি ঘ. দুইটি **উত্তর: খ**

১১. **গ্রুপ এবি দ্বারা বুঝায়** - [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ১৩]
ক. রক্তের গ্রুপ খ. রক্তের উপাদান গ. রক্তের কণিকা ঘ. রক্তের রস **উত্তর: ক**

১২. **কোন রক্তের গ্রুপকে সার্বজনীন গ্রহীতা বলা হয়?** [১০তম শিক্ষক নিবন্ধন]
ক. গ্রুপ এ খ. গ্রুপ বি গ. গ্রুপ ও ঘ. গ্রুপ এবি **উত্তর: ঘ**

১৩. **কোন রক্ত গ্রুপকে সর্বজনীন দাতা বলা হয়?** [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা: ১১]
ক. গ্রুপ এ খ. গ্রুপ বি গ. গ্রুপ ও ঘ. গ্রুপ এবি **উত্তর: গ**

১৪. **'ও' গ্রুপের রক্তের বৈশিষ্ট্য কোনটি?** [নার্সিং অধিদপ্তরের মিডওয়াইফ: ১৭]
ক. A অ্যান্টিজেন উপস্থিত খ. B অ্যান্টিজেন উপস্থিত
গ. A এবং B অ্যান্টিজেন উপস্থিত ঘ. A এবং B অ্যান্টিজেন অনুপস্থিত **উত্তর: ঘ**

১৫. **ব্লাড গ্রুপ আছে** - [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ৯০]
ক. মানুষ খ. ইঁদুর গ. বিড়াল ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

১৬. **সাদা বা বর্ণহীন রক্ত বিশিষ্ট প্রাণী?** [বিটিভি'র বিজ্ঞাপন আধিকারিক: ০৬]
ক. শ্বেত ভল্লুক খ. মাছি গ. আফ্রিকার কৃষ্ণায় মৃগ ঘ. তেলাপোকা **উত্তর: ঘ**

১৭. **তেলাপোকার রক্তের রঙ কী?** [সওজ অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১০]
ক. লাল খ. সাদা গ. সবুজ ঘ. বর্ণহীন **উত্তর: ঘ**

১৮. **একজন পূর্ণ বয়স্কলোক কতদিন পর রক্ত দান করতে পারেন?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]
ক. ১১ মাস খ. ৭ মাস গ. ৩ মাস ঘ. ৬ মাস **উত্তর: গ**

১৯. **রক্তদানের বয়সসীমা কত?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২১]
ক. ১০ - ৬০ বছর খ. ১৫ - ৪৫ বছর গ. ১৮ - ৫৭ বছর ঘ. ১৮ - ৭০ বছর **উত্তর: গ**

২০. **একটি রক্তদান শিবিরে আপনি যদি ২৫০ মিলি. রক্ত দান করেন, তাহলে আপনার শরীরের মোট রক্তের শতকরা কত ভাগ রক্ত নেওয়া হবে?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১২]
ক. ৫% খ. ৮% গ. ৭% ঘ. ৪% **উত্তর: ক**

রক্তের কাজ

০১. **মানবদেহে অক্সিজেন পরিবহণ হয় কোন অঙ্গের মাধ্যমে?** [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৫]
ক. মস্তিষ্ক খ. রক্ত গ. হৃদপিন্ড ঘ. ফুসফুস **উত্তর: খ**

০২. **আমাদের দেহ কোষ রক্ত হতে গ্রহণ করে** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক.অক্সিজেন ও গ্লুকোজ খ. অক্সিজেন ও আমিষ গ. ইউরিয়া ও গ্লুকোজ ঘ. অ্যামাইনো এসিড ও কার্বন **উত্তর: ক**

০৩. **মানুষের শরীরে কত ধরনের রক্ত কণিকা থাকে? / মানবদেশে রক্তে মূলত কত ধরনের কোষ থাকে?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. ২ প্রকার খ. ৩ প্রকার গ. ৪ প্রকার ঘ. ৫ প্রকার **উত্তর: খ**
ব্যাখ্যা: রক্তরসের মধ্যে ছড়ানো বিভিন্ন রকমের কোষকে রক্তকণিকা বলে। মানুষের শরীতে তিন ধরনের রক্তকণিকা আছে। যথা- লোহিত রক্তকণিকা, শ্বেত রক্তকণিকা ও অণুচক্রিকা।

০৪. **রক্তের লোহিত কণিকা তৈরি হয়** - [বিটিভি'র বিজ্ঞাপন আধিকারিক: ০৬]
ক. তরুনাস্থিতে খ. হরিদ্রা অস্থিমজ্জায় গ. লোহিত অস্থিমজ্জায় ঘ. যকৃতে **উত্তর: গ**

০৫. **মানুষের রক্তের লোহিত কণিকা কোথায় সঞ্চিত থাকে?** [৩৬তম বিসিএস]
ক. হৃদযন্ত্রে খ. বৃক্কে গ. ফুসফুসে ঘ. প্লীহাতে **উত্তর: ঘ**

০৬. **মানবদেহে লোহিত কণিকার আয়ুষ্কাল কতদিন?** [৪১তম বিসিএস]
ক. ৭দিন খ. ৩০দিন গ. ১২০দিন ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

০৭. **রক্তের লোহিত কণিকার কাজ কী?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৭]
ক. অক্সিজেন বহন করা খ. নাইট্রোজেন বহন করা গ. কার্বন বহন করা ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

০৮. **লোহিত কণিকার পূর্ণতা প্রাপ্তিতে সহায়তা করে কোন ভিটামিন?** [দুদকের সহকারী পরিদর্শক: ০৪]
ক. ভিটামিন সি খ. ভিটামিন বি গ. ভিটামিন এ ঘ. ভিটামিন $বি_{১২}$ **উত্তর: ঘ**

০৯. **রক্তে হিমোগ্লোবিন থাকে** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. লোহিত রক্তকণিকায় খ. শ্বেত রক্তকণিকায় গ. অনুচক্রিকায় ঘ. প্লাজমায় **উত্তর: ক**

১০. **হিমোগ্লোবিন কোন জাতীয় পদার্থ? / রক্তের হিমোগ্লোবিন হলো একটি** - [৩৫তম বিসিএস]
ক. আমিষ খ. আয়োডিন গ. স্নেহ ঘ. লৌহ **উত্তর: ক**

১১. **জন্মের সময় হিমোগ্লোবিনের মাত্রা** - [বাংলাদেশ রেলওয়ের সহকারী সার্জন: ০৫]
ক. ১৪ mg % খ. ১৬ mg % গ. ১৮ mg % ঘ. ২০ mg % **উত্তর: খ**

১২. **একটি রক্তের রিপোর্টে কোনটি বেশি থাকা ভাল?** [শ্রম পরিদপ্তরের শ্রম কর্মকর্তা: ০৩]
ক. ইউরিক এসিড খ. হিমোগ্লোবিন গ. শর্করা ঘ. কোলেস্টেরল **উত্তর: খ**

১৩. **হিমোগ্লোবিনের কাজ কী?** [এক্সিম ব্যাংকের এমটিও: ১১]
ক. O_2 পরিবহণ করা খ. খাদ্য সংশ্লেষ করা গ. জীবাণু ধ্বংস করা ঘ. হরমোন বহন করা **উত্তর: ক**

১৪. **রক্তে হিমোগ্লোবিনের কাজ কী?** [৩৪তম বিসিএস]
ক. O_2 ও CO_2 পরিবহণ করা খ. রোগ প্রতিরোধ করা গ. রক্ত জমাট বাঁধায় ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

১৫. **কোন উপাদানটি রক্তের হিমোগ্লোবিন তৈরি করে? / কীসের সমন্বয়ে রক্তের হিমোগ্লোবিন গঠিত হয়?** [বিসিকের শিল্প কর্মকর্তা: ২৩]
ক. ক্যালসিয়াম ও জিংক খ. ম্যাঙ্গানিজ ও প্রোটিন গ. কপার ও লিপিড ঘ. প্রোটিন ও লৌহ **উত্তর: ঘ**

১৬. **খাদ্যের কোন উপাদান রক্তের হিমোগ্লোবিন তৈরিতে সাহায্য করে?** [দুদকের সহকারী পরিদর্শক: ০৪]
ক. আমিষ খ. শর্করা গ. স্নেহ ঘ. ভিটামিন **উত্তর: ক**

১৭. **কেঁচোর রক্তে হিমোগ্লোবিন থাকে** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৭]
ক. শ্বেতকণিকা খ. লোহিত কণিকা গ. রক্তরসে ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

১৮. **শ্বেত রক্ত কণিকা / White Blood Cell (WBC) এর জীবন কতদিন?** [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক: ১৭]
ক. ১ দিন খ. ৩০ দিন গ. ৬০ দিন ঘ. ৯০ দিন **উত্তর: ক**

১৯. **শ্বেত কণিকার কাজ কী?** [রাকাব'র সিনিয়র অফিসার: ১৪]
ক. পুষ্টি বহন করে খ. জীবানু ধ্বংস করে গ. অক্সিজেন পরিবহণ করে ঘ. শক্তি প্রদান করে **উত্তর: খ**

২০. **দেহের প্রতিরক্ষণ ও আত্মরক্ষায় সাহায্য করে** - [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মককর্তা: ১৭]
ক. রক্তরস খ. শ্বেত রক্তকণিকা গ. অনুচক্রিকা ঘ. লোহিত কণিকা **উত্তর: খ**

২১. **কোন রক্তকণিকা দেহে অ্যান্টিবডি তৈরি করে?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২১]
ক. নিউট্রোফিল খ. বেসোফিল গ. ইওসিনোফিল ঘ. লিম্ফোসাইট **উত্তর: ঘ**

২২. **নিম্নের কোনটি মানব দেহে পুলিশ ম্যান হিসেবে কাজ করে?** [নার্সিং অধিদপ্তরের মিডওয়াইফ: ১৭]
ক. শ্বেত কণিকা খ. লোহিত কণিকা গ. অনুচক্রিকা ঘ. প্লাজমা **উত্তর: ক**

২৩. **শ্বেত রক্তকণিকার পরিমাণ প্রতি ঘন মিলিমিটার রক্তে কত হলে Thrombocytopenia বলে?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২১]
ক. ৪০০০ এর নিচে খ. ৮০০০ এর নিচে গ. ১২০০০ এর নিচে ঘ. ১৮০০০ এর নিচে **উত্তর: ক**

২৪. **রক্তে শ্বেত কণিকা বেড়ে যাওয়াকে কী বলে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৪]
ক. সিনসিটিয়াম খ. লিউকোপোয়েসিস গ. লিউকেমিয়া ঘ. লিউকোপেনিয়া **উত্তর: গ**

২৫. **রক্তের কোন কণিকা বৃদ্ধি পেলে ব্লাড ক্যান্সার হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. লোহিত কণিকা খ. শ্বেত কণিকা গ. শ্বেত ও লোহিত কণিকা ঘ. কোনো কণিকাই নয় **উত্তর: খ**

২৬. **মানুষের রক্তে শ্বেত কণিকা ও লোহিত কণিকার অনুপাত কত?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. ১ : ৭০০ খ. ১ : ১০০ গ. ১ : ৫০০ ঘ. ১ : ১২০ **উত্তর: ক**

২৭. **রক্তে প্লাটেলেট বা অনুচক্রিকার কাজ কী?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৮]
ক. অক্সিজেন পরিবহণ খ. রক্ত জমাট বাঁধানো গ. সংক্রমণ প্রতিরোধ ঘ. রক্তের P^H এর পরিমাণ নির্ধারণ **উত্তর: খ**

২৮. **দেহের কোন স্থানে কেটে গেলে রক্তের কোন উপাদানটি রক্ত জমাট বাঁধতে সাহায্যে করে?** [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. শ্বেত কণিকা খ. লোহিত কণিকা গ. রক্তরস ঘ. অনুচক্রিকা বা প্লাটেলেটস **উত্তর: ঘ**

২৯. **আমাদের শরীরে কোনো স্থানে কেটে গেলে রক্তের কোন উপাদানটি রক্ত জমাট বাঁধতে সাহায্য করে?** [কারা অধিদপ্তরের কারা তত্ত্বাবধায়াক:১৩]
ক. এলবোমিন খ. ফাইব্রিনোজেন গ. অক্সিহিমোগ্লোবিন ঘ. হরমোন **উত্তর: খ**

৩০. **রক্ত জমাট বাঁধায় কোন ধাতুর আয়ন সাহায্যে করে?** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা: ০৩]
ক. আয়রন খ. সোডিয়াম গ. ক্যালসিয়াম ঘ. ম্যাগনেসিয়াম **উত্তর: গ**

৩১. **রক্ত জমাট বাঁধার জন্য কোনটি প্রয়োজন নেই?** [৮ম শিক্ষক নিবন্ধন]
ক. অনুচক্রিকা খ. হরমোন গ. ফিব্রিনোজেন ঘ. প্রোথ্রোম্বিন **উত্তর: খ**

৩২. **রক্তনালীতে রক্ত জমাট না বাধার জন্য দায়ী কোনটি? / রক্ত জমাট বাধতে দেয় না কোনটি?** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. হেপারিন খ. হিস্টামিন গ. হিমোগ্লোবিন ঘ. লিস্ফোসাইট **উত্তর: ক**

৩৩. **কোনটি রক্তে স্নেহের বাহক হিসেবে কাজ করে?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের অ্যাডমিন অ্যাসিস্ট্যান্ট: ২৩]
ক. কোলেস্টেরল খ. অ্যামাইনো এসিড গ. ফ্যাটি এসিড ঘ. গ্লুকোজ **উত্তর: ক**

৩৪. **কোনটি রক্তের কাজ নয়?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. হরেমোন বিতরণ করা খ. কলা হতে ফুসফুসে বর্জ্য পদার্থ বহন করা
গ. জারক রস বিতরণ করা ঘ. ক্ষুদ্রান্ত্র হতে কলাতে খাদ্যের সারবস্তু বহন করা **উত্তর: গ**

৩৫. **লসিকার বৈশিষ্ট্য কোনগুলো?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০০]
ক. ক্ষারীয় খ. লোহিত রক্তকণিকা অনুপস্থিত গ. শ্বেত রক্তকণিকা অনুপস্থিত ঘ. ক ও খ উভয়ই **উত্তর: ঘ**

৩৬. **লসিকা রক্ততন্ত্রে প্রত্যাবর্তন করে -** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৮]
ক. ধমনীর মাধ্যমে খ. শিরার মাধ্যমে গ. লসিকা নালীর মাধ্যমে ঘ. কৈশিক নালিকার মাধ্যমে **উত্তর: গ**

রক্ত সঞ্চালন ও চাপ

০১. **শারীরবিদ্যার জনক কে?** [নার্সিং অধিদপ্তরের মিডওয়াইফ: ১৭]
ক. লুই পাস্তুর খ. উইলিয়াম হার্ভে গ. হিপোক্রাটাস ঘ. এরিস্টটল **উত্তর: খ**

০২. **মানব দেহে রক্ত সঞ্চালন প্রক্রিয়ার আবিষ্কারক - / মানবদেশে রক্ত সঞ্চালন প্রক্রিয়া আবিষ্কার করেন কে? / রেচন প্রক্রিয়ার সুস্পষ্ট ধারণা প্রদান করেন - / Who discovered blood circulation process of human body?** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২১]
ক. এরিস্টটল খ. গেলেন গ. উইলিয়াম হার্ভে ঘ. গ্যালিলিও **উত্তর: গ**

০৩. **মানুষের মৃত্যু হয় যদি রক্ত সঞ্চালন -** [প্রাক- প্রথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. ৩ মিনিট বন্ধ থাকলে খ. ৪ মিনিট বন্ধ থাকলে গ. ৫ মিনিট বন্ধ থাকলে ঘ. ৬ মিনিট বন্ধ থাকলে **উত্তর: গ**

০৪. **'হার্ট বা হৃদপিন্ড থেকে রক্ত বাইরে নিয়ে যায় যে রক্তনালী - / হার্ট থেকে সারা দেহে রক্ত বাহিত হয়ে যে নালীর মাধ্যমে -** [৪১তম বিসিএস]
ক. ভেইন খ. আর্টারি / ধমনী গ. ক্যাপিলারি ঘ. নার্ভ **উত্তর: খ**

০৫. **নাড়ীর স্পন্দন প্রবাহিত হয় -** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. ধমনির ভিতর দিয়ে খ. শিরার ভিতর দিয়ে গ. স্নায়ুর ভিতর দিয়ে ঘ. ল্যাকটিয়ালের ভিতর দিয়ে **উত্তর: ক**

০৬. **ডাক্তার রোগীর নাড়ী দেখার সময় প্রকৃতপক্ষে কী দেখেন?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৪]
ক. শিরার স্পন্দন খ. ধমনীর স্পন্দন গ. স্নায়ুর গতি ঘ. হৃদপিন্ডের স্পন্দন **উত্তর: খ**

০৭. **সাধারণ রোগীর পালস দেখা হয় কোথায়?** [নার্সিং অধিদপ্তরের মিডওয়াইফ: ১৭]
ক. আলনার ধমনী খ. রেডিয়াল ধমনী গ. ফেমোরাল ধমনী ঘ. ব্রাসিয়াল ধমনী **উত্তর: খ**

০৮. **একজন পূর্ণবয়স্ক ব্যক্তির সাধারণত পালস রেট বা নাড়ীর স্পন্দন কত?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. ১০০ খ. ৭২ গ. ৮০ ঘ. ৬০ **উত্তর: খ**

০৯. **কত'র নিচে হৃদস্পন্দন হলে তাকে ব্রাডিকার্ডিয়া বা Bradycardia বলে?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]
ক. ৬০ / মিনিট খ. ৭০ / মিনিট গ. ৮০ / মিনিট ঘ. ১০০ / মিনিট **উত্তর: ক**

১০. **হৃদস্পন্দন কত বেশি হলে তাকে টাকাইকার্ডিয়া বা Tachycardia বলে?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]
ক. ৬০ / মিনিট খ. ৭০ / মিনিট গ. ৮০ / মিনিট ঘ. ৯০ / মিনিট **উত্তর: ঘ**

১১. **নিচের কোনটি বিভিন্ন অঙ্গ থেকে রক্ত সংগ্রহ করে?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৮]
ক. শিরা / Veins খ. ধমনী / Arteries গ. স্নায়ু / Nerves ঘ. ফুসফুস / Lungs **উত্তর: ক**

১২. **সাধারণত কোন শিরা থেকে রক্ত সংগ্রহ করা হয়?** [নার্সিং অধিদপ্তরের মিডওয়াইফ: ১৭]
ক. সেফালিক খ. র‍্যাসিলিক গ. ফিমোরাল ঘ. মিডিয়ান কিউবিটাল **উত্তর: ঘ**

১৩. **কোনটি শিরার বৈশিষ্ট্য নয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. পালমোনারী শিরাতে কপাটিকা থাকে না খ. কম চাপে রক্ত পরিবহণ করে
গ. পালমোনারী ধমনীতে কপাটিকা থাকে না ঘ. দেহ থেকে হৃদপিন্ডের দিকে পরিবহণ করে **উত্তর: গ**

১৪. **পূর্ণবয়স্ক সুস্থ স্বাভাবিক মানুষের রক্তচাপ কোনটি?** [নার্সিং অধিদপ্তরের মিডওয়াইফ: ১৭]
ক. ১৬০ / ৯০ খ. ১২০ / ৮০ গ. ১৮০ / ১০০ ঘ.৯০ / ৬০ **উত্তর: খ**

১৫. **রক্তের চাপ বেশি হওয়া নিচের কোনটিকে নির্দেশ করে?** [ইসলামী ব্যাংকের অফিসার: ১১]
ক. ডায়াস্টোলিক চাপ খ. সিস্টোলিক চাপ গ. ট্রান্সিয়েন্ট চাপ ঘ. অপটিমাম চাপ **উত্তর: খ**

১৬. **উচ্চ রক্তচাপ কী? / What is high blood pressure?** [ইসলামী ব্যাংকের অফিসার: ১১]
ক. Pressure exerted by air on blood খ. Excess of pressure exerted by blood against blood vessels
গ. Pressure exerted by liquid on blood ঘ. 150/100 **উত্তর: খ**

১৭. **মানবদেহে রক্তচাপ নির্ণায়ক যন্ত্র - / রক্তচাপ মাপার যন্ত্রের নাম কী?** [২৩তম বিসিএস]
ক. স্ফিগমোম্যানোমিটার খ. স্টেথস্কোপ গ. কার্ডিওগ্রাফ ঘ. ইকো-কার্ডিওগ্রাফ **উত্তর: ক**

১৮. **মানবদেহে রক্তচাপ নির্ণায়ক যন্ত্রটির নাম শুদ্ধ বানান কোনটি?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৮]
ক. Sphygmeter খ. Sphygmometer গ. Sphygmanometer ঘ. Sphygmomanometer **উত্তর: ঘ**

হৃদপিন্ড ও হৃদরোগ

০১. **পূর্ণ বয়স্ক ব্যক্তির হৃদপিন্ডের ওজন কত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ১ কিলোগ্রাম খ. ৫০০ গ্রাম গ. ৩০০ গ্রাম ঘ. ২০০ গ্রাম **উত্তর: গ**

০২. **মানুষের হৃদপিন্ডের কতটি প্রকোষ্ট থাকে?** [২৭তম বিসিএস]
ক. দুইটি খ. চারটি গ. ছয়টি ঘ. আটটি **উত্তর: খ**

০৩. **হৃদপিন্ডের আবরণকারী পদার্থের নাম কী? / হৃদপিন্ডের বাইরের আবরণকে বলে -** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৮]
ক. পেরিটোনিয়াম খ. পেরিকার্ডিয়াম গ. প্লুরা ঘ. যকৃত **উত্তর: খ**

০৪. **কোনটি হৃদপিন্ডের স্তর নয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. এন্ডোকার্ডিয়াম খ. মায়োকার্ডিয়াম গ. এপিকার্ডিয়াম ঘ. পেরিকার্ডিয়াম **উত্তর: ঘ**

০৫. **ডায়াস্টোল বলতে কী বুঝায়?** [৭ম বিজেএস]
ক. হৃদপিন্ডের প্রসারণ খ. হৃদপিন্ডের সংকোচন গ. হৃদপিন্ডে রক্ত প্রবেশ করা ঘ. হৃদপিন্ডের সংকোচন ও প্রসারণ **উত্তর: ক**

০৬. **হৃদপিন্ডের প্রকোষ্ঠের প্রসারণকে বলা হয় -** [বিসিকের প্রমোশন অফিসার: ২৩]
ক. সিস্টোল খ. ডায়াস্টোল গ. উভয়টিই সত্য ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

০৭. **হৃদপিন্ডের প্রকোষ্ঠের সংকোচনকে বলা হয় - / হৃদযন্ত্রের সংকোচন হওয়াকে বলা হয় -** [৪৩তম বিসিএস]
ক. সিস্টোল খ. ডায়াস্টোল গ. উভয়টিই সত্য ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

০৮. **সিস্টোলিক চাপ বলতে বোঝায় -** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ক. হৃদপিন্ডের সংকোচন চাপ খ. হৃদপিন্ডের প্রসারণ চাপ গ. হৃদপিন্ডের প্রসারণ ও সংকোচন ঘ. কোনটিই নয় **উত্তর: ক**

০৯. **কোন বাক্যটি সঠিক?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক: ০৩]
ক. হৃদপিন্ডের অলিন্দের অবস্থান উপরে খ. হৃদপিন্ডের নিলয়ের অবস্থান নিচে
গ. হৃদপিন্ডের ২টি করে অলিন্দ ও নিলয় আছে ঘ. উপরের সবগুলো সঠিক **উত্তর: ঘ**

১০. **হার্ট সাউন্ড কত ধরণের?** [সিএজি কার্যালয়ের সহকারী পরিসংখ্যান কর্মকর্তা: ৯৮]
ক. এক খ. দুই গ. তিন ঘ. চার **উত্তর: ঘ**

১১. **হৃদস্পন্দন শোনার জন্য চিকিৎসকগণ কোন যন্ত্র ব্যবহার করেন?** [বিবিএস'র পরিসংখ্যান কর্মকর্তা: ০১]
ক. স্ফিগমোম্যানোমিটার খ. স্টেথস্কোপ গ. কার্ডিওগ্রাফ ঘ. ইকো-কার্ডিওগ্রাফ **উত্তর: খ**

১২. **কার্ডিওগ্রাফ কী? / What is Cardiograph?** [ইসলামী ব্যাংকের অফিসার: ০৩]
ক. To measure blood খ. To measure uraine গ. To measure stool ঘ. To recorded movement of heart **উত্তর: ঘ**

১৩. **হৃদপিন্ডের গতি নির্ণায়ক যন্ত্র কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০০]
ক. কম্পাস খ. স্টেথস্কোপ গ. গ্যালভানোমিটার ঘ. কার্ডিওগ্রাফ **উত্তর: ঘ**

১৪. **হৃদপিন্ডের জন্মগত ত্রুটি কোনটি?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]
ক. Acromegaly খ. Hepatities গ. Appendictis ঘ. Ventricular Spetal Defect **উত্তর: ঘ**

১৫. **Cardio-vascular disease affect -** [এসআইবিএল'র অফিসার: ০৪]
ক. Lungs খ. Liver গ. Stomach ঘ. Heart **উত্তর: ঘ**

১৬. **কোনটি হৃদ রোগের কারণ?** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক: ০৭]
ক. পরিমিত ঘুম খ. ধূমপান গ. সুষম খাদ্য গ্রহণ ঘ. রক্তপাত **উত্তর: খ**

১৭. **কখন কৃত্রিমভাবে শ্বাস-প্রশ্বাস দেওয়া হয়?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]
ক. Renal Failure খ. Liver Failure গ. Cardiac Arrest ঘ. Respiratory Failure **উত্তর: গ**

১৮. **Electrocardiogram (ECG) ইসিজির মাধ্যমে কোন রোগ নির্ণয় করা হয়?** [নার্সিং অধিদপ্তরের মিডওয়াইফ: ১৭]
ক. ফুসফুসের খ. চর্মের গ. হার্টের ঘ. মস্তিষ্কের **উত্তর: গ**

১৯. **এনজিওপ্লাস্টি হচ্ছে -** [৩০তম বিসিএস]
ক. হৃদপিন্ডের মৃত টিস্যু কেটে ফেলে দেওয়া খ. হৃদপিন্ডের নতুন শিরা সংযোজন
গ. হৃদপিন্ডের টিস্যুতে নতুন টিস্যু সংযোজন ঘ. হৃদপিন্ডের বন্ধ শিরা বেলুনের সাহায্যে ফুলানো **উত্তর: ঘ**

২০. **চিকিৎসাবিজ্ঞান বিষয়ক কোন উক্তিটি সঠিক?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০০]
ক. Coronary Angiography হৃদরোগের চিকিৎসা খ. শব্দ তরঙ্গ ব্যবহার করে হৃদপিন্ড পরীক্ষার পদ্ধতিতে ইকো-কার্ডিওগ্রাফ বলা হয়
গ. Coronary Bypass হৃদরোগের চিকিৎসা ঘ. ETT দ্বারা হৃদপিন্ডের কর্মক্ষমতা পরিমাপ করা হয় **উত্তর: ক**

২১. **One who is a specialist in heart and its disease is a / an** - [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা: ১৬]
ক. Pharmacologist খ. Ophthamologist গ. Cardiologist ঘ. Neurologist **উত্তর: গ**

২২. **একজন কার্ডিওলজিস্ট কোন ধরণের রোগীর বা রোগের চিকিৎসা করেন? / 'কার্ডিওলজি' কোন রোগের সাথে সম্পৃক্ত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. Heart খ. Liver গ. Stomach ঘ. Lungs **উত্তর: ক**

২৩. **কার্ডিওলজিস্টের বিকল্প হলেন একজন** - [মাউশি অধিদপ্তরের উচ্চমান সহকারী: ০৮]
ক. Nerve Specialist খ. Eye Specialist গ. Heart Specialist ঘ. Bone Specialist **উত্তর: গ**

শ্বসনতন্ত্র ও রেচনতন্ত্র

০১. **মানবদেহে শক্তি উৎপাদনের প্রধান উৎস** - [৩৪তম বিসিএস]
ক. পরিপাক খ. খাদ্য গ্রহণ গ. শ্বসন ঘ. রক্ত সংবহন **উত্তর: গ**

০২. **Larynx বা স্বরযন্ত্র কোন তন্ত্রের অংশ?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৮]
ক. পরিপাকতন্ত্র খ. শ্বাসতন্ত্র গ. স্নায়ুতন্ত্র ঘ. রেচনতন্ত্র **উত্তর: খ**

০৩. **কোনটিতে শ্বসন ঘটে?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. নিউক্লিয়াস খ. মাইটোকন্ড্রিয়া গ. সাইটোপ্লাজম ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

০৪. **শ্বসনে নির্গত হয়** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. অক্সিজেন খ. নাইট্রোজেন গ. কার্বন ডাই অক্সাইড ঘ. সবগুলোই **উত্তর: গ**

০৫. **প্রাণী কোন প্রক্রিয়ায় কার্বন-ডাই অক্সাইড তৈরি করে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. ব্যাপন খ. রেচন গ. শ্বসন ঘ. অভিস্রবণ **উত্তর: গ**

০৬. **মানুষ নিঃশ্বাসের সাথে কী ত্যাগ করে?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী পরিচালক: ১১]
ক. অক্সিজেন খ. নাইট্রোজেন গ. কার্বন ডাই অক্সাইড ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

০৭. **অক্সিজেনের অনুপস্থিতিতে যে শ্বসন হয় তাকে বলা হয়** - [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. অবাত শ্বসন খ. শ্বসন গ. ক ও খ উভয় ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

০৮. **সবাত শ্বসনে ১ অণু গ্লুকোজ থেকে কয় অণু পানি পাওয়া যায়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. ৩৮ অণু খ. ১২ অণু গ. ২ অণু ঘ. ৬ অণু **উত্তর: ঘ**

০৯. **ফুসফুস আবৃত থাকে যে পর্দা দ্বারা তাকে বলা হয়** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. পেরিকার্ডিয়াম খ. পেরিঅস্টিয়াম গ. প্লিউরা ঘ. পেরিকন্ড্রিয়াম **উত্তর: গ**

১০. **ফুসফুসে বায়ুর প্রবেশকে কী বলে?** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ১১]
ক. নিঃশ্বাস খ. প্রশ্বাস গ. শ্বাস ত্যাগ ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

১১. **পূর্ণাঙ্গ ব্যক্তির ফুসফুসের বায়ু ধারণ ক্ষমতা কত?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. ৩ লিটার খ. ৫ লিটার গ. ৬ লিটার ঘ. ৮ লিটার **উত্তর: গ**

১২. **একজন মানুষের জন্য কী পরিমাণ মুক্ত বাতাসের প্রয়োজন?** [ইসলামী ব্যাংকের অফিসার: ০৩]
ক. ২০০০ লিটার / ঘণ্টা খ. ১০০০ লিটার / ঘণ্টা গ. ১০০০ ঘনফুট / ঘণ্টা ঘ. ২০ মিনিটে ১০০০ ঘনফুট **উত্তর: ঘ**

১৩. **ফুসফুসের ক্ষেত্রে কোনটি সঠিক?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. ডান ফুসফুসে ৫ টি ও বাম ফুসফুসে ৫ টি সেগমেন্ট থাকে খ. ডান ফুসফুসে ১০ টি ও বাম ফুসফুসে ১০ টি সেগমেন্ট থাকে
গ. ডান ফুসফুসে ১০ টি ও বাম ফুসফুসে ৮ টি সেগমেন্ট থাকে ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

১৪. **নিচের কোনটি শ্বাসতন্ত্রের অন্তর্ভুক্ত নয়?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৮]
ক. গলবিল / Pharynx খ. ট্রাকিয়া / Trachea গ. ব্রঙ্কাস / Bronchus ঘ. ম্যাক্সিলা / Maxilla **উত্তর: ঘ**

১৫. **বিপাকীয় ক্ষতিকর বর্জ্য পদার্থ অপসারণ প্রক্রিয়াকে কী বলে?** [পিএসসি'র সহকারী পরিচালক: ০৬]
ক. রেচন খ. শোধন গ. বিপাক ঘ. নিঃসরণ **উত্তর: ক**

১৬. **রেচনতন্ত্র দেহের যে কাজ করে** - [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ১৩]
ক. শ্বাসগ্রহণ খ. প্রজনন গ. বর্জ্য ত্যাগ ঘ. খাদ্য পরিপাক **উত্তর: গ**

১৭. **শরীর থেকে বর্জ্য পদার্থ ইউরিয়া বের করে দেয়** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. যকৃত খ. হৃদপিন্ড গ. ফুসফুস ঘ. কিডনি / বৃক্ক **উত্তর: ঘ**

১৮. **দেহের রেচনতন্ত্রে সহায়তা করে কোন অঙ্গটি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের চীফ ইন্সট্রাক্টর: ০৫]
ক. যকৃত খ. পাকস্থলী গ. বৃক্ক / কিডনি ঘ. ফুসফুস **উত্তর: গ**

১৯. **মানবদেহের কোন অঙ্গের মাধ্যমে অসমোরেগুলেশান হয়ে থাকে?** [দুদকের উপ-সহকারী পরিদর্শক: ০৪]
ক. বৃক্ক / কিডনি খ. অগ্ন্যাশয় গ. যকৃত ঘ. ফুসফুস **উত্তর: ক**

২০. **পূর্ণবয়স্ক মানুষের কিডনির ওজন** - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল অফিসার: ৮৪]
ক. ৫০ গ্রাম খ. ৭৫ গ্রাম গ. ১৫০ গ্রাম ঘ. ২৫০ গ্রাম **উত্তর: গ**

২১. **নিচের কোনটিকে বৃক্ক বা কিডনির কার্যকরী একক বলা হয়? / বৃক্কের একক** - [নার্সিং অধিদপ্তরের সিনিয়র ষ্টাফ নার্স: ২৩]
ক. নেফ্রন খ. গ্লোমেরুলাস গ. নিউরন ঘ. মেজর ক্যালিস **উত্তর: ক**

২২. **প্রতিটি বৃক্কে নেফ্রন থাকে** - [শ্রম পরিদপ্তরের মেডিকেল অফিসার: ০৩]
ক. প্রায় ৮ - ৯ লক্ষ খ. প্রায় ১০ - ১২ লক্ষ গ. প্রায় ১২ - ১৪ লক্ষ ঘ. প্রায় ১৩ - ১৪ লক্ষ **উত্তর: খ**

২৩. **কোন অঙ্গে মূত্র তৈরি হয়?** [জাতীয় সংসদ সচিবালয়ের গবেষণা কর্মকর্তা: ০৬]
ক. যকৃত খ. প্লীহা গ. বৃক্ক / কিডনি ঘ. মূত্রনালী **উত্তর: গ**

২৪. **The length of female urethra is - / নারীদের মূত্রনালীর দৈর্ঘ্য কত?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র ষ্টাফ নার্স: ১৭]
ক. ৪ সে.মি. খ. ৬ সে.মি. গ. ৮ সে.মি. ঘ. ১২ সে.মি. **উত্তর: ক**

২৫. **প্রস্টেট গ্রন্থি** - [নার্সিং অধিদপ্তরের মিডওয়াইফ: ১৭]
ক. খাদ্যনালীর অংশ খ. শ্বাসনালীর অংশ গ. মূত্রতন্ত্রের অংশ ঘ. রক্তনালীর অংশ **উত্তর: গ**

২৬. **কোনটি মূত্রতন্ত্রের অংশ নয়? / কোনটি রেচনতন্ত্রের অংশ নয়?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র ষ্টাফ নার্স: ১৮]
ক. ইউরেটার / Ureter খ. বৃক্ক / Kidney গ. অ্যাপেনডিক্স / Appendix ঘ. মূত্রনালী / Urethra **উত্তর: গ**

২৭. **যে ডাক্তার কিডনি রোগের চিকিৎসা করেন তাকে কী বলা হয়?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র ষ্টাফ নার্স: ২৩]
ক. Pathologist খ. Nephrologist গ. Cardiologist ঘ. Neurologist **উত্তর: খ**

স্নায়ু ও স্নায়ুরোগ

০১. **নারভাস সিস্টেমের স্ট্রাকচারাল এবং ফাংশন ইউনিটকে কী বলে? / স্নায়ুতন্ত্রের গঠন ও কার্যগত এককে বলে** - [২৫তম বিসিএস]
ক. নেফ্রন খ. নিউরন / স্নায়ুকোষ গ. থাইমাস ঘ. মাস্ট সেল **উত্তর: খ**

০২. **একটি পূর্ণাঙ্গ স্নায়ু কোষকে বলা হয়** - [কারা অধিদপ্তরের কারা তত্ত্বধায়ক: ০৫]
ক. নিউরন খ. নেফরন গ. মলিকুলার সেল ঘ. ম্যাক্রোফেস **উত্তর: ক**

০৩. **প্রাণীর দেহের দীর্ঘতম কোষটির নাম** - [জাতীয় সংসদ সচিবালয়ের গবেষণা কর্মকর্তা: ০৫]
ক. RBC খ. নিউরন / স্নায়ুকোষ গ. গবলেট ঘ. WBC **উত্তর: খ**

০৪. **মানুষের করোটিক স্নায়ু সংখ্যা কয়টি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. ১০ টি খ. ১২ টি গ. ২০ টি ঘ. ২৪ টি **উত্তর: ঘ**

০৫. **মানুষের স্পাইনাল নার্ভ বা সুষুম্না স্নায়ুসংখ্যা কয়টি?** [ডিএমএলসি'র সহকারী শিক্ষক: ২৩]
ক. ২০ জোড়া খ. ২৪ জোড়া গ. ৩১ জোড়া ঘ. ৩৩ জোড়া **উত্তর: গ**

০৬. **মানুষের স্পাইনাল কর্ডের দৈর্ঘ্য কত? / ছেলেদের স্পাইনাল কর্ড বা সুষুম্না কান্ডের দৈর্ঘ্য কত?** [২৮তম বিসিএস]
ক. ১৫ ইঞ্চি (প্রায়) খ. ১৭ ইঞ্চি (প্রায়) গ. ১৮ ইঞ্চি (প্রায়) ঘ. ২০ ইঞ্চি (প্রায়) **উত্তর: গ**

০৭. **মস্তিষ্ক কোন তন্ত্রের অংশ? / মস্তিষ্ক কোন তন্ত্রের সবচেয়ে বড় ও জটিল অংশ?** [৩৬তম বিসিএস]
ক. স্নায়ুতন্ত্র খ. পারিপাক তন্ত্র গ. রেচনতন্ত্র ঘ. শ্বসনতন্ত্র **উত্তর: ক**

০৮. **মানুষের মস্তিষ্কের ওজন কত?** [সিএজি কার্যালয়ের সহকারী পরিসংখ্যান কর্মকর্তা: ৯৮]
ক. ১.৫০ কেজি খ. ১.৪০ কেজি গ. ১.৩৬ কেজি ঘ. ১.২৫ কেজি **উত্তর: গ**

০৯. **মস্তিষ্কের সবচেয়ে বড় অংশ কোনটি? / কোনটি মস্তিষ্কের সমস্ত ক্রিয়াকলাপের কেন্দ্রস্থল?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]
ক. থ্যালামাস খ. সেরিব্রাম গ. ক্যালোসাম ঘ. কারপাস **উত্তর: খ**

১০. **চিন্তার সঙ্গে মস্তিষ্কের যে অংশের সম্পর্ক তাকে বলা হয়** - [উপজেলা বা থানা শিক্ষা অফিসার: ০৫]
ক. সেরিব্রাম খ. সেরিবেলাম গ. মেডুলা ঘ. স্পাইনাল কর্ড **উত্তর: ক**

১১ **শীত, গ্রীষ্ম, লজ্জা, ক্রোধ প্রভৃতি অনুভূতিবোধ থাকে** - [সিএজি কার্যালয়ের অডিটর: ১১]
ক. চোখে খ. অস্থিতে গ. মনে ঘ. সেরিব্রাল কর্টেক্সে / সেলিব্রাম **উত্তর: ঘ**

১২. **মস্তিস্কের ক্ষমতা ক্ষয় পেতে থাকে স্নায়ু কোষের** - [২৪তম বিসিএস]
ক. অর্ধেক ধ্বংস হয়ে গেলে খ. এক-চতুর্থাংশ বেড়ে গেলে
গ. এক-তৃতীয়াংশ ধ্বংস হয়ে গেলে ঘ. এক-চতুর্থাংশ ধ্বংস হয়ে গেলে **উত্তর: ঘ**

১৩. **মস্তিষ্ক বাইরের আঘাত থেকে রক্ষা করার জন্য যে হাড় আবরণ তৈরি করে তার নাম কী?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র ষ্টাফ নার্স: ১৮]
ক. Pelvis খ. Cranium গ. Sternum ঘ. Clavicle **উত্তর: খ**

১৪. **মানবদেহের তাপমাত্রা নিয়ন্ত্রণ করে নিচের কোনটি?** [মাউশি অধিদপ্তরের উচ্চমান সহকারী: ০৪]
ক. হাইপোথ্যালামাস খ. মস্তিষ্ক গ. পিটুইটারী ঘ. ত্বক **উত্তর: ক**

১৫. **নিচের কোনটি হাইপোথ্যালামাসের কাজ?** [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৩]
ক. দেহতাপ নিয়ন্ত্রণ করা খ. ঐচ্ছিক চলাফেরা নিয়ন্ত্রণ করা গ. দেহের ভারসাম্য রক্ষা করা ঘ. অম্ল ও ক্ষারের সাম্যতা রক্ষা করা **উত্তর: ক**

১৬. **'নখ বা চুল কাটলে আমরা ব্যাথা পাই না' কারণ** - [জাতীয় সংসদ সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৬]
ক. এরা শরীরের কোনো অংশ নয় খ. এদের মধ্যে কোনো স্নায়ু নেই
গ. এদের মধ্যে লসিকা নালী আছে ঘ. সবগুলোই ঠিক **উত্তর: খ**

১৭. **স্নায়ুবিকাশজনিত সমস্যার একটি বিস্তৃত রূপকে বলে** - [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ১৩
ক. স্নায়ুরোগ খ. থ্যারাসেমিয়া গ. ব্রেন স্ট্রোক ঘ. অটিজম **উত্তর: ঘ**

১৮. **মস্তিষ্কে ডোপামিন তৈরির কোষগুলো নষ্ট হলে কী রোগ হয়? / ডোপামিন হরমোনের স্বল্পতা হলে কোন রোগ হয়?** [৩৮তম বিসিএস]
ক. এপিলেপসি খ. পারকিনসন গ. প্যারালাইসিস ঘ. থ্রম্বোসন **উত্তর: খ**

১৯. **ইনসোমনিয়া কী?** [৯ম প্রভাষক নিবন্ধন]
ক. নিদ্রাহীনতাজনিত রোগ খ. স্নায়ুরোগ গ. চোখের রোগ ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

২০. **স্ট্রোক শরীরের কোন অংশের রোগ** - [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭
ক. মস্তিষ্ক খ. হৃদপিন্ড গ. হার্ট অ্যাটাক ঘ. মেরুদন্ড **উত্তর: ক**

২১. **মস্তিষ্কের ধমনীতে ছিড়ে রক্তপাত হওয়াকে বলে** - [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১২]
ক. কার্ডিয়াক অ্যারেস্ট খ. কার্ডিয়াক ফেইলিউর গ. হার্ট অ্যাটাক ঘ. স্ট্রোক **উত্তর: ঘ**

২২. **'স্টোক আকস্মিক অজ্ঞান বা মৃত্যুর কারণ হতে পারে' এটি কী?** [১৫তম বিসিএস]
ক. ফুসফুস হঠাৎ বিকল হয়ে যাওয়া খ. মস্তিষ্কে রক্ত ক্ষরণ বা রক্ত প্রবাহ বাধা
গ. হৃদপিন্ডের অংশ বিশেষের অসারতা ঘ. হৃদপিন্ডের সজোরে সংকোচন বা বন্ধ হয়ে যাওয়া **উত্তর: খ**

২৩. **স্ট্রোকের লক্ষণসমূহ** - [৯ম বিজিএস]
ক. চোখে ঝাপসা দেখা ও কথা বলতে সমস্যা অনুভব করা খ. হঠাৎ দুর্বলতা অনুভব করা বা শরীরের কোনো অংশ অবশ হয়ে যাওয়া
গ. হঠাৎ তন্দ্রাচ্ছন্নতা হওয়া বা চলতে ফিরতে সমস্যা অনুভব করা ঘ. উপরের সবগুলো বা যেকোনো একটি **উত্তর: ঘ**

২৪. **Which of the following is not correct about heart attack and stroke? / হার্ট এ্যাটাক ও স্ট্রোক সম্পর্কে কোন উক্তিটি সঠিক নয়?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০০]
ক. হার্ট অ্যাটাক হলে হৃদপিন্ডের কিছু টিস্যু মরে যায় খ. মস্তিষ্কে রক্ত সঞ্চালন বাধাঁপ্রাপ্ত স্ট্রোক হতে পারে
গ. স্ট্রোকের মূল কারণ হার্ট অ্যাটাক ঘ. স্ট্রোকের ফলে মানুষ পক্ষাঘাতগ্রস্থ হতে পারে **উত্তর: গ**

২৫. **A neurologist is a** - [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের এস্টিমেটর: ১৮]
ক. Nerve Specialist খ. Skin Specialist গ. Bone Specialist ঘ. Psycchiatrist **উত্তর: ক**

২৬. **The doctor who treats diseases of the brain is known as a / an** - [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের এস্টিমেটর: ১৯]
ক. Radiologist খ. Orthodontist গ. Ophthalmologist ঘ. Neurologist **উত্তর: ঘ**

পরিপাক ও পরিপাকতন্ত্র

০১. **Enzyems help in** - [ইউসিবিএল'র অফিসার: ১৪]
ক. Respiration খ. Digestion of Food গ. Immune System ঘ. Repeoduction **উত্তর: খ**

০২. **এনজাইম কী? / এনজাইম কী দিয়ে তৈরি হয়? / এনজাইম, অ্যান্টিবডি এবং হরমোনের মৌলিক উপাদান** - [৪৪তম বিসিএস]
ক. আমিষ / প্রোটিন খ. শর্করা গ. চর্বি ঘ. ভিটামিন **উত্তর: ক**

০৩. **মানুষের লালারসে বর্তমান এনজাইমটির নাম** - [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. এমাইলেজ খ. ট্রিপসিন গ. টায়ালিন ঘ. মিউসিন **উত্তর: গ**

০৪ **একটি রস যা শর্করা ও আমিষ উভয়কে পরিপাক করে** - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল অফিসার: ৯৪]
ক. টায়ালিন খ. পেপসিন গ. গ্যাস্ট্রিক রস ঘ. অগ্ন্যাশয় রস **উত্তর: ঘ**

০৫. **নিচের কোনটি আমিষ জাতীয় খাদ্য হজমে সাহায্য করে?** [৩৬তম বিসিএস]
ক. ট্রিপসিন খ. লাইপেজ গ. টয়ালিন ঘ. অ্যামাইলেজ **উত্তর: ক**

০৬. **মানবদেহে অত্যাবশ্যকীয় ফ্যাটি এসিড কতটি?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২১]
ক. ৩ খ. ৮ গ. ১০ ঘ. ১২ **উত্তর: ক**
ব্যাখ্যা: যে সব ফ্যাটি এসিড আমাদের দেহে তৈরি হতে পারে না অথচ দেহের জন্য গুরুত্বপূর্ণ সেগুলোকে অত্যাবশ্যকীয় ফ্যাটি এসিড বলে। অত্যাবশ্যকীয় ফ্যাটি এসিড ৩ টি । যথা- লিনোলেইক এসিড, লিনোলিনিক এসিড ও অ্যারাকিডনিক এসিড।

০৭. **অ্যামাইলেজ এনজাইম শ্বেতসার ভেঙ্গে কী তৈরি করে?** [পল্লী উন্নয়ন একাডেমির সহকারী পরিচালক: ২১]
ক. অ্যামাইনো এসিড খ. ফ্যাটি এসিড গ. গ্লুকোজ ঘ. হেপাটাইড **উত্তর: গ**

০৮. **আমিষ পরিপাক হয়ে কী হয়?** [পিএসসি'র সহকারী পরিচালক: ৯৪]
ক. ল্যাকটিক এসিড খ. অ্যামাইনো এসিড গ. ফ্যাটি এসিড ঘ. কার্বোহাইড্রেড **উত্তর: খ**

০৯. **যে তন্ত্রের মাধ্যমে পরিপাক ক্রিয়া সম্পন্ন হয় তাকে বলে** - [জাবি: ০৩-০৪]
ক. স্নায়ুতন্ত্র খ. শ্বসনতন্ত্র গ. রেচনতন্ত্র ঘ. পরিপাকতন্ত্র বা পৌষ্টিকতন্ত্র **উত্তর: ঘ**

১০. **মানুষের পৌষ্টিক নালীর দৈর্ঘ্য কত?** [মাউশি অধিদপ্তরের হিসাব সহকারী: ১১]
ক. ২ মিটার খ. ৩ - ৪ মিটার গ. ৬ মিটার ঘ. ৮ - ১০ মিটার **উত্তর: ঘ**

১১. **মানুষের দুধের দাঁতের সংখ্যা কতটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. ১৬ টি খ. ২০ টি গ. ২৮ টি ঘ. ৩২ টি **উত্তর: খ**

১২. **কুকুরের মুখে দাঁতের সংখ্যা কত?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. ২৮ টি খ. ৩২ টি গ. ৪০ টি ঘ. ৪৪ টি **উত্তর: ঘ**

১৩. **দেহের সবচেয়ে কঠিন অংশের নাম কী?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৮]
ক. হিউমেরাস খ. ফিমার গ. দাঁতের এনামেল ঘ. রেডিও আলনা **উত্তর: গ**

১৪. **মুখ গহ্বরে কোন খাদ্যটির আংশিক পরিপাক শুরু ঘটে?** [ঢাবি: ১৫-১৬]
ক. ভিটামিন খ. শর্করা গ. ফ্যাটি এসিড ঘ. আমিষ **উত্তর: খ**

১৫. **পাকস্থলীতে কোন এসিড থাকে?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৮]
ক. ফরমিক এসিদ খ. অ্যাসিটিক এসিড গ. সালফিউরিক এসিড ঘ. হাইড্রোক্লোরিক এসিড **উত্তর: ঘ**

১৬. **পাকস্থলীতে খাদ্য পরিপাক করে কোন এসিড?** [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৪]
ক. হাইড্রোক্লোরিক এসিড খ. সাইট্রিক এসিড গ. পারক্লোরিক এসিড ঘ. কার্বনিক এসিড **উত্তর: ক**

১৭. **পাকস্থলী প্রাচীরের কোন কোষ থেকে হাইড্রোক্লোরিক এসিড নিঃসৃত হয়? / পাকস্থলী প্রাচীরের কোন কোষ থেকে HCL নিঃসৃত হয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৫]
ক. মিউকাস নেক কোষ খ. গবলেট কোষ গ. প্যারাইটাল কোষ ঘ. চিফ কোষ **উত্তর: গ**

১৮. **পাকস্থলীতে কোন আকারে ঔষধ তাড়াতাড়ি শোষন করে?** [গৃহায়ন মন্ত্রণালয়ের থানা প্রকৌশলী: ৯৯]
ক. তরল খ. ক্যাপসুল গ. ট্যাবলেট ঘ. পাউডার **উত্তর: ক**

১৯. **কোন জাতীয় খাদ্য পাকস্থলীতে অনেকক্ষণ থাকে?** [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক: ১৭]
ক. আমিষ খ. শর্করা গ. স্নেহ ঘ. ভিটামিন **উত্তর: গ**

২০. **প্রোটিন পরিপাক শুরু হয়** - [কারা অধিদপ্তরেরর কারা তত্ত্বাবধায়ক: ০৫]
ক. মুখে খ. পাকস্থলীতে গ. ডিওডেনামে ঘ. ক্ষুদ্রান্ত্রে **উত্তর: খ**

২১. **জারক রস বলতে কী বুঝায়?** [ডিএমএলসি'র সহকারী শিক্ষক: ২৩]
ক. অম্ল খ. প্রোটিন গ. অনুঘটক ঘ. নিউক্লিয় প্রোটিন **উত্তর: গ**

২২. **কোন জারক রস পাকস্থলীতে দুগ্ধ জমাট বাধাঁয়?** [১৯তম বিসিএস]
ক. পেপসিন খ. এমাইলেজ গ. রেনিন ঘ. ট্রিপসিন **উত্তর: গ**

২৩. **রেনিন কোথায় তৈরি হয়?** [ঢাবি: ১৬-১৭]
ক. অন্ত্রে খ. পাকস্থলীতে গ. বৃক্কে ঘ. অ্যাড্রিনাল গ্রন্থিতে **উত্তর: খ**

২৪. **ক্ষুদ্রান্ত্র এর দৈর্ঘ্য কত? / Small Intestine এর দৈর্ঘ্য কত?** [শ্রম অধিদপ্তরের মেডিকেল অফিসার: ০৫]
ক. ৫.৫ মিটার খ. ৬ মিটার গ. ১৮ ফুট ঘ. ২০ ফুট **উত্তর: খ**

২৫. **অ্যাপেনডিক্স পেটের কোথায় অবস্থিত?** [জনতা ব্যাংকের অফিসার: ০৯]
ক. Lower-Left খ. Upper-Left গ. Lower-Right ঘ. Upper-Right **উত্তর: গ**

২৬. **মানুষের শরীরের সর্ববৃহৎ গ্রন্থি** - [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৬]
ক. এন্ডোক্রাইন খ. যকৃত / লিভার গ. অগ্ন্যাশয় ঘ. প্লীহা **উত্তর: খ**

২৭. **মানবদেহে কোন অঙ্গটির সাথে পোর্টাল শিরা যুক্ত আছে?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২১]
ক. চোখ খ. যকৃত গ. মস্তিস্ক ঘ. কিডনী **উত্তর: খ**

২৮. **বিলিরুবিন তৈরি হয় - / বিলিরুবিন জমা হয়** - [২৭তম বিসিএস]
ক. পিত্তথলিতে খ. কিডনিতে গ. প্লীহায় ঘ. যকৃতে **উত্তর: গ**

২৯. **বিলিরুবিন তৈরি হয়** - [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. যকৃতে খ. কিডনিতে গ. পিত্তথলিতে ঘ. হৃদযন্ত্রে **উত্তর: ক**

৩০. **পিত্তের বর্ণের জন্য দায়ী** - [নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন অফিসার: ০৪]
ক. বিলিরুবিন খ. জারক রস গ. ভিটামিন সি ঘ. পিত্তরস **উত্তর: ক**

৩১. **মানবদেহে কত গ্রাম শর্করা জমা থাকে?** [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২৩]
ক. ২৫০-৩০০ খ. ৩০০-৪০০ গ. ৩৫৫-৪৫০ ঘ. ১২০০-১৬০০ **উত্তর: খ**

৩২. **গ্লাইকোজেন একটি** - [পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পরিচালক: ২১]
ক. ডাই-স্যাকারাইড খ. পলি-স্যাকারাইড গ. ডাই-পেপ্টাইড ঘ. পলি-পেপ্টাইড **উত্তর: গ**

৩৩. **অতিরিক্ত শর্করা দেহে জমা থাকে** - [তুলা উন্নয়ন বোর্ডের তুলা উন্নয়ন কর্মকর্তা: ৯৭]
ক. গ্লাইকোজেন রূপে খ. গ্লুকোজ রূপে গ. ফ্রুক্টোজ রূপে ঘ. চর্বি রূপে **উত্তর: ক**

৩৪. **অতিরিক্ত খাদ্য থেকে লিভারে সঞ্চিত সুগার হলো** - [৩৪তম বিসিএস]
ক. গ্লাইকোজন খ. গ্লুকোজ গ. ফ্রুক্টোজ ঘ. সুক্রোজ **উত্তর: ক**

৩৫. **অতিরিক্ত গ্লুকোজ গ্লাইকোজেন নামে দেহের কোন অংশে জমা থাকে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. প্লীহা খ. যকৃত / লিভার গ. অগ্ন্যাশয় ঘ. পিত্তথলি **উত্তর: খ**

৩৬. **লিভারের গ্লাইকোজেনকে ভেঙে রক্তে গ্লুকোজের পরিমাণ বৃদ্ধি করে** - [তথ্য মন্ত্রণালয়ের তথ্য অফিসার: ০৫]
ক. গ্লুকাগন খ. ইনসুলিন গ. রেনিন অ্যানজিওটেনসিন ঘ. থাইরয়েড স্টিমুলেটিং হরমোন **উত্তর: ক**

৩৭. **খাদ্য পরিপাকের সময় দেহে কোথায় থেকে ট্রিপসিনোজেন নিঃসৃত হয়?** [আইন মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার: ০৩]
ক. পিত্তথলি খ. অগ্ন্যাশয় গ. যকৃত ঘ. ডিওডেনাম **উত্তর: খ**

গ্রন্থি ও হরমোন

০১. **কোনটি অন্তঃক্ষরা গ্রন্থি নয়?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. পিটুইটারি খ. লিভার গ. থাইরয়েড ঘ. অ্যাড্রিনালিন **উত্তর: খ**
ব্যাখ্যা: যে গ্রন্থিগুলো হরমোন নিঃসরণ করে তাদের অন্তঃক্ষরা গ্রন্থি (Endocrine Gland) বলে। যেমন- পিটুইটারি, থাইরয়েড, অ্যাড্রিনালিন, আইটেল অব ল্যাঙ্গারহান্স, হাইপোথ্যালামাস প্রভৃতি। অন্তঃক্ষরা গ্রন্থিতে কোন নালী থাকে না বিধায় এদের অনালী বা নালীবিহীন গ্রন্থিও বলা হয়। যে সব গ্রন্থির নালী থাকে ও নিঃসারক রস নালীর মাধ্যমে রক্তে, লসিকায় বা বিভিন্ন অঙ্গে নিঃসৃত হয় তাদের বহিঃক্ষরা গ্রন্থি (Exocrine Gland) বলে। যেমন- লালা গ্রন্থি, পেপটিক গ্রন্থি, যকৃৎ, আন্ত্রিক গ্রন্থি, অগ্ন্যাশয় গ্রন্থি, ল্যাক্রিমাল গ্রন্থি ইত্যাদি। এই গ্রন্থি থেকে বিভিন্ন ধরনের উৎসেচক ক্ষরিত হয়। বহিঃক্ষরা গ্রন্থিতে নালীর উপস্থিতির কারণে এদেরকে সনাল গ্রন্থি বা নালীযুক্ত গ্রন্থিও বলা হয়।

০২. **কোনটি অন্তঃক্ষরা গ্রন্থি নয়?** [সিকৃবি: ০৭-০৮]
ক. থাইরয়েট গ্রন্থি খ. ল্যাক্রিমাল গ্রন্থি গ. পিটুইটারি গ্রন্থি ঘ. অ্যাড্রিনাল গ্রন্থি **উত্তর: খ**

০৩. **কোন গ্রন্থিকে গ্রন্থিরাজ বলা হয়?** [বিআরইবি'র সহকারী সচিব: ১৫]
ক. পিটুইটারি খ. থাইরয়েড গ. যৃকত ঘ. অ্যাড্রিনাল **উত্তর: ক**

০৪. **উচ্চ রক্ত চাপের জন্য দায়ী কোনটি?** [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৭]
ক. থাইরয়েড গ্রন্থি খ. পিটুইটারি গ্রন্থি গ. অ্যাড্রিনালিন গ্রন্থি ঘ. অগ্ন্যাশয় **উত্তর: গ**

০৫. **আইলেটস অব লেঙ্গারহ্যান্স কার কলাস্থানিক বৈশিষ্ট্য?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ক্ষুদ্রান্ত্র খ. যকৃত গ. অগ্ন্যাশয় ঘ. বৃক্ক **উত্তর: গ**

০৬. **কোনটি অন্তঃক্ষরা গ্রন্থি থেকে নিঃসৃত হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. লালা খ. পেপসিন গ. পিত্তরস ঘ. হরমোন **উত্তর: ঘ**

০৭. **মানবদেহে রাসায়নিক দূত হিসেবে কাজ করে** - [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ০৪]
ক. স্নায়ুতন্ত্র খ. হরমোন গ. পেশী ঘ. উৎসেচক **উত্তর: খ**

০৮. **কোনটি শরীরের ভেতর স্বাভাবিক শারীরিক প্রক্রিয়ায় তৈরি হয়?** [বাংলাদেশ বিমানের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্ট: ২৩]
ক. ইস্ট্রোজেন খ. ইনসুলিন গ. টেস্টোস্ট্রেরন ঘ. হরমোন **উত্তর: ঘ**

০৯. **কোন হরমোনের জন্য দাড়িগোঁফ গজায়?** [সহকারী উপজেলা / থানা শিক্ষা অফিসার: ০৫]
ক. টেস্টোস্টেরণ খ. প্রোজেস্টেরন গ. এস্ট্রোজেন ঘ. ইনসুলিন **উত্তর: ক**

১০. **কোন হরমোনের জন্য ভয় পেলে গায়ের লোম খাড়া হয়? / সংকটকালীন হরমোন কোনটি? / আপদকালীন হরমোন কোনটি?** [বিআরডিবি'র ইউআরডিও: ১২]
ক. অ্যাডরিনালিন খ. থাইরক্সিন গ. গ্লুকাগন ঘ. ইনসুলিন **উত্তর: ক**

১১. **কোন হরমোন রক্তে ক্যালসিয়াম নিয়ন্ত্রণ করে?** [উপজেলা / থানা শিক্ষা অফিসার: ০৩]
ক. ইনসুলিন খ. গ্লুকাগন গ. থাইরক্সিন ঘ. থাইরোক্যালসিটোননিন **উত্তর: ঘ**

১২. **কোন হরমোনটি মানুষের ডিম্বাশয় থেকে নিঃসৃত হয়? / কোন হরমোন মহিলাদের রজঃচক্র নিয়ন্ত্রণ করে?** [ঢাবি: ১৫-১৬]
ক. প্রোজেস্টেরন ও ইস্ট্রোজেন খ. অক্সিটোসিন গ. প্রোলেকটিন ঘ. গোনাডোট্রপিন **উত্তর: ক**

১৩. **মানুষের অস্থির সাথে যে হরমোন জড়িত তা হলো** - [ঢাবি: ১৬-১৭]
ক. ইনসুলিন খ. অ্যাড্রিনালিন গ. প্যারাথরমোন ঘ. সোমাটোট্রপিন **উত্তর: গ**

১৪. **ইনসুলিন কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. হরমোন খ. কৃত্রিম অঙ্গ গ. এনজাইম ঘ. অন্ত্র **উত্তর: ক**

১৫. **ইনসুলিন হচ্ছে একটি** - [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১৩]
ক. নিউক্লিক এসিড খ. প্রোটিন গ. অ্যামাইনো এসিড ঘ. গ্লুকোজ **উত্তর: গ**

১৬. **ইনসুলিন কে আবিষ্কার করেন?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. ফেডেরিক হপকিল খ. আলেকজান্ডার ফ্লেমিং গ. গেরহার্ড ডোমাক ঘ. ফ্রেডরিক গ্র্যান্ট ব্যানটিং **উত্তর: ঘ**

১৭. **ইনসুলিন প্রথম কত সালে কোন দেশে আবিষ্কৃত হয়?** [পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৭]
ক. ১৯২০ সালে ইংল্যান্ডে খ. ১৯২১ সালে কানাডায় গ. ১৯২২ সালে জার্মানিতে ঘ. ১৯২৩ সালে আমেরিকায় **উত্তর: খ**

১৮. **কোন গ্রন্থি থেকে ইনসুলিন নিঃসৃত হয়?** [৩৪তম বিসিএস]
ক. যকৃত খ. থাইরয়েড গ্রন্থি গ. অগ্ন্যাশয় ঘ. পিটুইটারি গ্রন্থি **উত্তর: গ**

১৯. **অগ্ন্যাশয় থেকে নির্গত চিনির বিপাক নিয়ন্ত্রণকারী হরমোন কোনটি?** [২৩তম বিসিএস]
ক. পেনিসিলিন খ. ইনসুলিন গ. ফলিক এসিড ঘ. অ্যামাইনো এসিড **উত্তর: খ**

২০. **চোখের পানির উৎস কোথায়?** [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা: ১০]
ক. কর্ণিয়া খ. ল্যাক্রিমাল গ্রন্থি গ. পিউপিল ঘ. ফোবিয়া সেন্ট্রালিস **উত্তর: খ**

খাদ্য ও পুষ্টি

০১. **শরীরের শক্তি যোগাতে দরকার** - [গুপ্ত সংকেত পরিদপ্তরের সাইফার অফিসার: ০৫]
ক. ভিটামিন খ. সঠিক ঔষুধ গ. খাদ্য ঘ. পানি **উত্তর: গ**
ব্যাখ্যা: যে সব আহার্য সামগ্রী গ্রহন করলে জীবদেহের বৃদ্ধি, পুষ্টি, শক্তি উৎপাদন ও ক্ষয়পূরণ হয় তাকে খাদ্য বলে। খাদ্যের উপাদান ৬ টি। যথা- শর্করা, আমিষ, স্নেহ, ভিটামিন, খনিজ লবণ ও পানি।

০২. **নিচের কোনটি গ্যাসোলিন ও অটোমোবাইলের সম্পর্কের ন্যায় বুঝায়?** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ০৮]
ক. খাবার ও শরীর খ. ভিটামিন ও দুর্বলতা গ. পানি ও নদী ঘ. শক্তি ও শরীর **উত্তর: ক**

০৩. **আমাদের দেশে একজন পূর্ণ বয়স্ক ব্যক্তির প্রায় গড় ক্যালরি শক্তির প্রয়োজন** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. ১৬০০ ক্যালরি খ. ২০০০ ক্যালরি গ. ২৫০০ ক্যালরি ঘ. ২৮০০ ক্যালরি **উত্তর: গ**

০৪. **খাদ্যের প্রধান উপাদান নয় কোনটি?** [কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার: ১৮]
ক. শর্করা খ. আমিষ গ. চর্বি ঘ. আয়রণ **উত্তর: ঘ**

০৫. **কোন জাতীয় খাদ্য উপাদান থেকে জীব শক্তি পায়?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ১২]
ক. আমিষ খ. শর্করা গ. লবণ ঘ. ভিটামিন **উত্তর: খ**

০৬. **The body obtains its energy from consumption of** - [আইএফআইসি ব্যাংকের অফিসার: ৯৬]
ক. Proteins খ. Carbohydrates গ. Vitamins ঘ. Minerals **উত্তর: খ**

০৭. **কার্বোহাইড্রেটে C, H, O এর অনুপাত কত?** [বাংলাদেশ পুলিশের সহকারী রসায়নবিদ: ০২]
ক. ১ : ১ : ২ খ. ১ : ২ : ১ গ. ১ : ৩ : ২ ঘ. ১ : ৩ : ১ **উত্তর: খ**

০৮. **চাল কোন জাতীয় খাদ্য বলে বিবেচিত?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০০]
ক. কার্বোহাইড্রেট জাতীয় খ. স্নেহ জাতীয় গ. ধাতব লবণ জাতীয় ঘ. ভিটামিন জাতীয় **উত্তর: ক**

০৯. **মিষ্টি আলু কোন ধরণের খাদ্য?** [খাদ্য অধিদপ্তরের খাদ্য পরিদর্শক: ০০]
ক. আমিষ খ. শ্বেতসার / শর্করা গ. স্নেহ জাতীয় ঘ. ভিটামিন **উত্তর: খ**

১০. **কোন খাদ্যে পচন ধরে না?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. ফল খ. মধু গ. দুধ ঘ. চাল **উত্তর: খ**

১১. **ইক্ষুচিনি বা বিটচিনি বলা হয় কোনটিকে?** [মাউশি অধিদপ্তরের উচ্চমান সহকারী: ০৪]
ক. ফ্রুক্টোজ খ. গ্লুকোজ গ. সুক্রোজ ঘ. রাইবুলোজ **উত্তর: গ**

১২. **সুক্রোজ গঠিত হয়** - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল অফিসার: ৯৪]
ক. ১ অণু গ্লুকোজ এবং ১ অণু ফ্রুক্টোজ দ্বারা খ. ২ অণু গ্লুকোজ দ্বারা
গ. ১ অণু গ্লুকোজ এবং ১ অণু গ্যালাকটোজ দ্বারা ঘ. ২ অণু ফ্রুক্টোজ দ্বারা **উত্তর: ক**

১৩. **নিচের কোনগুলো মনোস্যাকারাইড?** [বিদ্যুৎ মন্ত্রণালয়ের সহকারী বিস্ফোরক পরিদর্শক: ০৩]
ক. গ্লুকোজ খ. সুক্রোজ গ. মালটোজ ঘ. ফ্রুক্টোজ **উত্তর: ক, ঘ**

১৪. **Cellulose which is the indugestible component of** - [বাংলাদেশ রেলওয়ের সহকারী সার্জন: ০৫]
ক. Protein খ. Carbohydrate গ. Fat ঘ. Vitamin **উত্তর: খ**

১৫. **আমিষ জাতীয় খাদ্য কোনটি?** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]
ক. ভাত খ. সবজি গ. মাংস ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

১৬. **শিমের বিচি কোন ধরনের খাদ্য?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. আমিষ খ. শ্বেতসার গ. স্নেহ জাতীয় ঘ. ভিটামিন **উত্তর: ক**

১৭. **ডালে কোন খাদ্য উপাদান বেশি থাকে?** [বিবিএস'র পরিসংখ্যান কর্মকর্তা: ১৭]
ক. আমিষ খ. শ্বেতসার গ. তেল ঘ. খনিজ লবণ **উত্তর: ক**

১৮. **আমিষের সহজলভ্য উৎস হলো** - [সহকারী উপজেলা / থানা শিক্ষা অফিসার: ০৯]
ক. কলা খ. চাল গ. সামুদ্রিক মাছ ঘ. চীনাবাদাম **উত্তর: গ**

১৯. **কোনটিতে আমিষের পরিমাণ সবচেয়ে বেশি থাকে?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. তাজা ছোট মাছ খ. শুটকী মাছ গ. মাংস ঘ. ডিম **উত্তর: খ**

২০. **প্রোটিন বেশি থাকে** - [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]
ক. ছোলার ডাল খ. অড়হর ডাল গ. মসুর ডাল ঘ. মাসকলাই ডাল **উত্তর: গ**

২১. **কোন খাদ্যে প্রোটিন বেশি?** [৩৪তম বিসিএস]
ক. ভাত খ. গরুর গোস্ত গ. মসুর ডাল ঘ. ময়দা **উত্তর: গ**

২২. **কোন ফলটি বেশি আমিষ সমৃদ্ধ -** [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৫]
ক. কলা খ. লিচু গ. জাম ঘ. কাঁঠাল **উত্তর: ঘ**

২৩. **Arrange the following in the ascending order of protein content per 100 grams?** [প্রাইম ব্যাংকের এমটিও: ০৪]
1. Soyabean 2. Milk 3. Egg 4. Banana
ক. 1, 3, 2, 4 খ. 3, 1, 4, 2 গ. 3, 1, 2, 4 ঘ. 1, 3, 4, 2 **উত্তর: ক**

২৪. **গোল আলুগুলোতে প্রোটিনের ভাগ কত?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার: ০০]
ক. ৭.৪ খ. ২.২ গ. ১.০ ঘ. ৬.৩ **উত্তর: খ**

২৫. **কোলাজোন কী?** [দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা: ০৬]
ক. কার্বোহাইড্রেড খ. প্রোটিন গ. লিপিড ঘ. নিউক্লিক এসিড **উত্তর: খ**

২৬. **প্রোটিনের মূল উপাদান কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. অক্সিজেন খ. নাইট্রোজেন গ. হাইড্রোজেন ঘ. কার্বন **উত্তর: খ**

২৭. **প্রোটিনের মৌলিক ইউনিট কী?** [নার্সিং অধিদপ্তরের মিডওয়াইফ: ১৭]
ক. Fatty Acid খ. Amino Acid গ. Cholesterol ঘ. Glucose **উত্তর: খ**

২৮. **প্রোটিন তৈরিতে ব্যবহৃত হয় - / কী দিয়ে প্রোটিন তৈরি হয়?** [৪৩তম বিসিএস]
ক. লিপিড খ. সাইট্রিক এসিড গ. অ্যামাইনো এসিড ঘ. নিউক্লিক এসিড **উত্তর: গ**

২৯. **মানবদেহে অত্যাবশকীয় অ্যামাইনো এসিড কোনটি?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. মিসটিন খ. টাইরোসিন গ. ফিনাইল এলানিন ঘ. এলানিন **উত্তর: গ**

৩০. **নিচের কোনটি ছাড়া বাকি সবাই Essential Amino Acid?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল অফিসার: ৯৪]
ক. Lysine খ. Valine গ. Tryptrophan ঘ. Linolenic Acid **উত্তর: ঘ**

৩১. **ডিমের সাদা অংশে কোন শ্রেণির প্রোটিন থাকে?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৯]
ক. নিম্ন শ্রেনির খ. অ্যালবুমিন গ. কেসিয়িন ঘ. বায়োটিন **উত্তর: খ**

৩২. **দেহ গঠনে কোন উপাদানের প্রয়োজনীয়তা সবচেয়ে বেশি?** [সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার: ১৩]
ক. আমিষ খ. শ্বেতসার গ. পানি ঘ. ভিটামিন **উত্তর: ক**

৩৩. **দেহে আমিষের কাজ কী?** [আবহাওয়া অধিদপ্তরে সহকারী আবহাওয়াবিদ: ০৭]
ক. অ্যান্টিবডি উৎপাদন হ্রাস করা খ. দেহে কোষ গঠনে সহায়তা করা
গ. দেহে কোষগুলোর বিপাক ক্রিয়া বৃদ্ধি করা ঘ. দেহে কোষগুলোর কার্যক্ষমতা হ্রাস করা **উত্তর: খ**

৩৪. **মানবদেহের বৃদ্ধির জন্য প্রয়োজনীয় উপাদান কোনটি?** [শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা: ০৯]
ক. আমিষ খ. স্নেহ পদার্থ গ. ভিটামিন ঘ. শর্করা **উত্তর: ক**

৩৫. **দেহের ক্ষয়পূরণ ও বৃদ্ধিসাধনের জন্য উপাদানটি দরকার?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. শ্বেতসার খ. আমিষ গ. স্নেহ ঘ. খনিজ লবণ **উত্তর: খ**

৩৬. **দেহকোষ পুনরুজ্জীবন ঘটানোর জন্য প্রয়োজন -** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. কার্বোহাইড্রেট খ. প্রোটিন / আমিষ গ. স্নেহদ্রব্য ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৩৭. **আমাদের খাদ্য তালিকায় কমপক্ষে কত ভাগ প্রাণিজ আমিষ থাকা দরকার? / আমাদের খাদ্য তালিকায় কমপক্ষে কত ভাগ প্রাণিজ আমিষ থাকা প্রয়োজন?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার: ১৭]
ক. ২৫ ভাগ খ. ২০ ভাগ গ. ১৫ ভাগ ঘ. ১০ ভাগ **উত্তর: খ**

৩৮. **ইউরিয়া মিশ্রিত খড় খাওয়া গরু মোটা তাজা হয় কেন?** [যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৮]
ক. ইউরিয়া মিশ্রিত খড় তাড়াতাড়ি হজম হয় খ. ইউরিয়া মিশ্রিত খড়ে আমিষ উৎপাদনকারী নাইট্রোজেন পর্যাপ্ত থাকে
গ. ইউরিয়া মিশ্রিত খড়ে প্রচুর ভিটামিন থাকে ঘ. ইউরিয়া মিশ্রিত খড়ে প্রচুর ফসফরাস থাকে **উত্তর: খ**

৩৯. **কোনটিতে প্রোটিন নেই?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার: ৮৬]
ক. মাখন খ. ঘি গ. দুধ ঘ. পানি **উত্তর: ঘ**

৪০. **কোন খাদ্য পর্যাপ্ত পরিমাণ আমিষ নেই?** [বাংলাদেশ টেলিভিশনের রিসার্চ অফিসার: ০৬]
ক. মাছ খ. আনারস গ. দুধ ঘ. ডাল **উত্তর: খ**

৪১. **নিচের কোন খাদ্য আমিষের ভাল উৎস নয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯৪]
ক. মসুর ডাল খ. ময়দা গ. মুগ ডাল ঘ. শিম **উত্তর: খ**

৪২. **কোন খাবারে সবচেয়ে বেশি ক্যালরি পাওয়া যায়?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ২৩]
ক. স্নেহ খ. শর্করা গ. ভিটামিন ঘ. প্রোটিন **উত্তর: ক**

৪৩. **মানবদেহে তাপ ও শক্তি উৎপাদন করে কোনটি?** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. স্নেহ পদার্থ খ. ভিটামিন গ. পানি ঘ. খনিজ লবন **উত্তর: ক**

৪৪. **সর্বাধিক স্নেহ জাতীয় খাদ্য** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. চিনি খ. আলু গ. দুধ ঘ. ভাত **উত্তর: গ**

৪৫. **জাঙ্ক ফুডে নিচের কোন দ্রব্যের আধিক্য থাকে?** [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক: ১৭]
ক. চর্বি খ. ভিটামিন গ. শর্করা ঘ. আমিষ **উত্তর: ক**

৪৬. **কোলেস্টেরল হলো এক ধরণের** - [বিআরডিবি'র সহকারী সচিব: ১৭]
ক. অসম্পৃক্ত অ্যালকোহল খ. জৈব এসিড গ. পলিমার ঘ. স্বাদ বর্ণহীন অ্যামাইনো এসিড **উত্তর: ক**

৪৭. **মানবদেহে দৈনিক গড়ে কত মিলিগ্রাম কোলেস্টেরল দরকার?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]
ক. ১০০ খ. ১০০০ গ. ১২০০ ঘ. ২০০০ **উত্তর: খ**

৪৮. **কোনটি মানবদেহের জন্য ভালো কোলেস্টেরল?** [নার্সিং অধিদপ্তরের মিডওয়াইফ: ১৭]
ক. Low Density Lipoprotein (LDL) খ. Triglycerides (TG)
গ. High Density Lipoprotein (HDL) ঘ. Very Low Density Lipoprotein (VLDL) **উত্তর: গ**

৪৯. **শরীরের জন্য ক্ষতিকর কোনটি? / মানবদেহের জন্য ক্ষতিকর কোলেস্টেরল কোনটি?** [বাংলাদেশ বিমানের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্ট: ২৩]
ক. Low Density Lipoprotein (LDL) খ. CO_2
গ. High Density Lipoprotein (HDL) ঘ. Fiber Density Lipoprotein (FDL) **উত্তর: ক**

৫০. **রক্তে কোলেস্টেরলের পরিমাণ বেড়ে গেলে কোনটি খাওয়া উচিত নয়?** [২৪তম বিসিএস]
ক. বেলে মাছ খ. পালং শাক গ. খাসির মাংস ঘ. মুরগীর মাংস **উত্তর: গ**

৫১. **স্নেহ পদার্থ নিম্নের কোনটিতে দ্রবণীয়?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৯]
